RECORDS IN ORIENTAL LANGUAGES

VOL. I

BENGALI LETTERS

General Editor :

S. N. SEN, M.A., B.LITT, PH.D.

Keeper of the Records of the Govt. of India

ডাঃ সেনের অন্যান্য গ্রন্থ

ইতিহাস—

১। Administrative System of the Marathas
২। পেশবাদিগের রাষ্ট্রশাসন পদ্ধতি
৩। Military System of the Marathas
৪। Studies in Indian History
৫। Early Career of Kanhoji Angria and Other Papers
৬। অশোক
৭। হিন্দু গৌরবের শেষ অধ্যায়

জীবন-চরিত—

৮। Siva Chhatrapati
৯। Foreign Biographies of Shivaji
১০। অশ্বিনীকুমার দত্ত

বিজ্ঞান—

১১। পাখীর কথা

সাহিত্য—

১২। বঙ্গবীণা (হিন্দী)

শিশু-সাহিত্য—

১৩। জীবজন্তুর অ, আ, ক, খ
১৪। মেনির কুটুম

স্কুল-পাঠ্য ইতিহাস—

১৫। স্বদেশ ও সাম্রাজ্য
১৬। ঐতিহাসিক কথা
১৭। দেশের কথা
১৮। সেকালের কাহিনী
১৯। ইংলণ্ডের ইতিহাস (মাননীয় প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়ের সহযোগিতায়)
২০। ভারতবর্ষের ইতিহাস } অধ্যাপক হেমচন্দ্র
২১। Groundwork of Indian History } রায় চৌধুরীর সহযোগিতায়

প্রাচীন বাঙ্গালা পত্র সঙ্কলন

ডাক্তার সুরেন্দ্রনাথ সেন,
এম. এ., বি. লিট., পি-এইচ. ডি.-
সম্পাদিত

কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক প্রকাশিত
১৯৪২

বিষয়-তালিকা

প্রথম ভাগ

Part II

প্রথম ভাগ

CENTRAL LIBRARY

সম্পাদকের নিবেদন

ভারত সরকারের মহাফেজখানায় বিভিন্ন প্রাচ্য ভাষায় লিখিত অনেকগুলি চিঠি পত্র আছে। ইহার মধ্যে পারশী পত্রই সংখ্যায় বেশী। এক সময় পারশী এদেশের রাজভাষা ছিল, সরকারী চিঠিপত্র পারশীতে লেখা হইত। পরলোকগত স্যার ডেনিসন রসের উদ্যোগে পারশী পত্রগুলির ইংরাজী ভাষায় মর্ম্মানুবাদ প্রকাশের ব্যবস্থা হয়। এ পর্য্যন্ত প্রায় ১৩,৩০১ পারশী পত্রের ইংরাজী মর্ম্মানুবাদ সাত খণ্ডে প্রকাশিত হইয়াছে; অষ্টম খণ্ড শীঘ্রই যন্ত্রস্থ হইবে। সম্প্রতি অন্যান্য প্রাচ্য ভাষায় লিখিত চিঠিপত্রের সংখ্যা নির্দ্ধারণ করিবার চেষ্টা করা হইয়াছে। এ পর্য্যন্ত যে সকল পত্র পাওয়া গিয়াছে, তাহার মধ্যে—১০ আরবী, ১ আরাকানী, ২ ভুটানী, ৭ বর্মী, ১৭৫ বাঙ্গালা, ১ চীনা, ৩৫৪ হিন্দী, ২ কানাড়ী, ২২৭ মারাঠী, ১২ ওড়িয়া, ১৮ সংস্কৃত এবং ২ খানা তিব্বতী।

অনুসন্ধান করিলে হয়ত এই সকল ভাষায় লিখিত আরও দুই এক খানি পত্র পাওয়া যাইতে পারে। গুরুমুখীতে লিখিত চিঠি-পত্রের সংখ্যা এখনও স্থির করা যায় নাই। পারশী পত্রের তুলনায় সংখ্যায় অল্প হইলেও এই সকল দেশীয় ভাষায় লিখিত পত্রের ঐতিহাসিক মূল্য নিতান্ত কম নহে। আজ কাল আমাদের দেশে ঐতিহাসিক চিঠিপত্র দলিল দস্তাবেজের আলোচনা ক্রমশঃই বৃদ্ধি পাইতেছে। ইতিহাস চর্চ্চার সুবিধার নিমিত্ত ভারত সরকার এই সকল চিঠিপত্র প্রকাশের অনুমতি দিয়াছেন। তদনুসারে বর্ত্তমান পত্র-সঙ্কলন প্রকাশিত হইল। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ এই গ্রন্থ প্রকাশের ভার গ্রহণ না করিলে এই দুঃসময়ে এত শীঘ্র এই পুস্তক ভারতীয় ঐতিহাসিক-দিগের নিকট উপস্থিত করিতে পারিতাম কি না সন্দেহ।

যাঁহারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের ইতিহাস সম্বন্ধে গবেষণা করেন তাঁহারা সকলে বাঙ্গালী অথবা বাঙ্গালা ভাষায় অভিজ্ঞ নহেন। অবাঙ্গালী পাঠকের সুবিধার জন্য বাঙ্গালা পত্রগুলির ইংরাজী মর্ম্মানুবাদ এবং একটি ইংরাজী ভূমিকা স্বতন্ত্রভাবে মুদ্রিত হইল। বলা বাহুল্য যে অনুবাদ কখনও মূলের স্থান অধিকার করিতে পারে না এবং মর্ম্মানুবাদে অপ্রয়োজনীয় বোধে মূলপত্রের কোন না কোন অংশ পরিত্যক্ত হইয়াছেই। এই জন্যই ইংরাজী ভূমিকা ও বাঙ্গালা ভূমিকার তুলনায় অনেক সংক্ষিপ্ত হইয়াছে। বাঙ্গালা ভূমিকায় ও টীকায় যেমন প্রত্যেক প্রশ্নের বিভিন্ন দিক হইতে আলোচনা করা হইয়াছে ইংরাজী ভূমিকায় তাহা করা হয় নাই। বাঙ্গালা গদ্য সাহিত্যের ইতিহাসের উপাদান হিসাবে হয়ত বাঙ্গালী পাঠকের নিকট এই প্রাচীন পত্রগুলির কিছু মূল্য হইবে। সাহিত্য বা ভাষার দিক দিয়া এই সকল পত্রের বিশেষত্ব আলোচনা করিবার যোগ্যতা আমার নাই, আশা করি কোন যোগ্য ব্যক্তি অচিরে সেই কার্য্যের ভার গ্রহণ

CENTRAL LIBRARY

করিবেন। এই প্রসঙ্গে কেবল একটা কথা বলিতে চাই। ভারত সরকারের হেফাজতে মাত্র এই কয়খানি বাঙ্গালা পত্র থাকিলেও অন্যত্র সন্ধান করিলে হয়ত আরও প্রাচীন চিঠি—পত্র বাহির হইতে পারে। নরম্যান ম্যাকলিয়ড যখন কুচবিহারের কমিশনর নিযুক্ত হন তখন তাঁহার দপ্তরেই ৬০০র বেশী বাঙ্গালা কাগজপত্র ছিল। রঙ্গপুর ও দিনাজপুরের মহাফেজখানায় সেই সকল কাগজপত্রের মূল না হউক নকল থাকিতে পারে। বর্ত্তমান সংগ্রহেও কতকগুলি চিঠির কেবল নকলই আছে, মূল পত্র হারাইয়া গিয়াছে। রঙ্গপুরের মহাফেজখানায় কৃষ্ণকান্ত বসুর মূল ভুটানবিবরণ আছে কি না খোঁজ লওয়া প্রয়োজন।

চিঠিগুলির অক্ষর প্রাচীন। কোন কোন পত্রের "ক" অশোক লিপির "ক" এর অনুরূপ। অনেক পারশী শব্দের অপভ্রংশও একবারে পড়া সম্ভব হয় নাই। সুতরাং বিশেষ চেষ্টা সত্বেও কখনও কখনও অশুদ্ধ পাঠ রহিয়া গিয়াছে। শুদ্ধিপত্রে এই সকল ভ্রম যথাসাধ্য নির্দ্দেশ করিবার চেষ্টা করা হইয়াছে।

ভূমিকা ও টীকা লিখিবার জন্য মুদ্রিত পুস্তক ব্যতীত অপ্রকাশিত সরকারী কাগজ পত্রের সাহায্য গ্রহণ করিয়াছি। তথাপি সকল সংশয়ের নিরসন করা সম্ভব হয় নাই। কুচবিহারের সরকারী ইতিহাসে আমরা কাশিকান্ত লাহিড়ী খাসনবীশের নাম পাই। মারসার ও সোতেটের রিপোর্টে তাহাকে বরাবর কাশিনাথ লাহিড়ী বলা হইয়াছে। দুই একটি তারিখ সম্বন্ধেও কুচবিহারের সরকারী ইতিহাসের সহিত ভারত সরকারের অপ্রকাশিত কাগজপত্রের অনৈক্য আছে। বাঙ্গালা সরকারের মহাফেজখানার অধ্যক্ষ শ্রীযুক্ত বিনোদবিহারী চক্রবর্ত্তী এম. এ. বি. এল. মহাশয় আমাকে কয়েকখানি দুষ্প্রাপ্য পত্রের নকল পাঠাইয়াছেন। শ্রীকাইল কলেজের অধ্যক্ষ কল্যাণীয় অনিলচন্দ্র বন্দোপাধ্যায়, এম্ এ, এই পুস্তকের প্রুফ সংশোধনের জন্য বিশেষ পরিশ্রম স্বীকার করিয়াছেন। এই জন্য তাঁহাদিগের নিকট কৃতজ্ঞতা স্বীকার করিতেছি। সরকারী কাগজপত্রের সাহায্যে ৩৪নং পত্রে উল্লিখিত বিজনীর উত্তরাধিকার সংক্রান্ত তথ্য নির্ণয় করা সম্ভব হয় নাই। শ্রীযুক্ত যতীন্দ্রনাথ তালুকদার আই, সি, এস মহাশয় আমার অনুরোধে স্থানীয় লোকের নিকট এই বিষয়ে সংবাদ সংগ্রহের চেষ্টা করিয়াছিলেন। এই জন্য তিনি আমার ধন্যবাদের পাত্র। কিন্তু দুঃখের বিষয় এত দিন পরে স্থানীয় লোকেরাও বুধনারায়ণের সংবাদ দিতে পারে নাই।

ভূমিকার ৫০ পৃষ্ঠায় বোগলের তিব্বত ভ্রমণবৃত্তান্ত সম্বন্ধে যাহা লেখা হইয়াছে তাহাতে পাঠকের মনে ধারণা হইতে পারে যে বোগল তাঁহার তিব্বতভ্রমণ সম্বন্ধীয় কোন বিবরণই লেখেন নাই। প্রকৃত পক্ষে সরকারী দপ্তরে তাঁহার ভ্রমণবৃত্তান্ত ছিল না। স্যার এস্‌লি ইডেন যখন ভুটানে যান তখনও তিনি বোগল বা ম্যানিংএর ভ্রমণবৃত্তান্তের অস্তিত্বের কথা অবগত ছিলেন না। মারখাম সাহেব বোগলের ভ্রমণবৃত্তান্তের পাণ্ডুলিপি তাঁহার আত্মীয়দিগের নিকট হইতে উদ্ধার করিয়া ১৮৭৫ সালে গ্রন্থাকারে প্রকাশ করেন। ১৮৭৯ সালে এই পুস্তকের দ্বিতীয় সংস্করণ বাহির হয়। সঙ্কলনের সর্ব্বপ্রথম (১নং) একরারনামা প্রকৃত পক্ষে বোগলের ইংরাজী মুসাবিদার বাঙ্গালা অনুবাদ। মারখাম

সাহেবের সম্পাদিত গ্রন্থের ১৮৪—১৮৫ পৃষ্ঠার মূল ইংরাজী খসড়া মুদ্রিত হইয়াছে। ১১০, ১২০ ও ১২২নং চিঠিতে কাছাড়ের রাজা গোবিন্দচন্দ্রের মুদ্রায় মাত্র বাঙ্গালা অক্ষরে তাঁহার নাম ছাপা হইয়াছে। মূল চিঠির মোহরে বাঙ্গালা, ইংরাজী ও পারশী অক্ষরে গোবিন্দচন্দ্রের নাম আছে। অন্যত্র এই মোহরের ফোটো চিত্র দেওয়া হইয়াছে, কিন্তু ছাপিবার অসুবিধার জন্য পত্র তিনখানির সঙ্গে কেবল বাঙ্গালা নাম দিয়া মোহরের স্থান নির্দ্দেশ করা হইয়াছে।

শব্দকোষে ও টীকায় অপ্রচলিত শব্দের অর্থ নির্ণয় করিতে যথাশক্তি চেষ্টা করিয়াছি। কিন্তু পত্রলেখকেরা বিভিন্ন শব্দের ভিন্ন ভিন্ন বানান ব্যবহার করিয়াছেন। কোথাও কোথাও শব্দের বর্ণবিন্যাসে স্থানীয় উচ্চারণের হুবহু অনুসরণ করা হইয়াছে। এই জন্য কয়েকটি শব্দের অর্থ স্থির করিতে পারি নাই। কোথাও কোথাও কেবল অনুমানের উপর নির্ভর করিয়া অর্থ লেখা হইয়াছে। কোথাও হয়ত পাঠোদ্ধারেও ভ্রম হইয়া থাকিবে। আশা করি সহৃদয় পাঠক এই সকল ত্রুটি মার্জ্জনা করিবেন। ইতি—

Imperial Record Department
নয়া দিল্লী
১৪ই জ্যৈষ্ঠ ১৩৪২

শ্রীসুরেন্দ্রনাথ সেন

CENTRAL LIBRARY

ভূমিকা

উত্তর-পূর্ব্ব সীমান্তের মাৎস্যন্যায়, ১৭৭২—১৮২০

অষ্টাদশ শতাব্দীর শেষভাগে পূর্ব্ব-ভারতের স্বাধীন রাজ্যগুলির অবস্থা—

যখনকার কথা আলোচনা করিতেছি তখন বঙ্গদেশে বৃটিশ অধিকার সুপ্রতিষ্ঠিত হইয়াছে, কিন্তু দেশের সর্ব্বত্র শান্তি স্থাপিত হয় নাই। ভারতের উত্তর-পূর্ব্ব সীমান্ত তখনও দেশীয় রাজাদিগের অধিকারে। কুচবিহার ভুটানের ভয়ে কেবলমাত্র ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আনুগত্য স্বীকার করিয়াছে; আসাম, কাছাড়, মণিপুর প্রভৃতি রাজ্য তখনও সম্পূর্ণ স্বাধীন। স্বাধীন রাজাদিগের না ছিল নিজের সিংহাসন রক্ষা করিবার যোগ্যতা, না ছিল প্রজাসাধারণের ধন, মান, জীবন রক্ষা করিবার ক্ষমতা। পূর্ব্ব-ভারতের স্বাধীন রাজ্যগুলির সর্ব্বত্রই ছিল অরাজকতা। আসামের প্রবল রাজবংশ তখন আসন্ন পতনের ভয়ে বিভ্রান্ত; স্বর্গদেব গৌরীনাথ সিংহের রাজ্য একদিকে "বাঙ্গালার বরকন্দাজদিগের" উপদ্রবে বিধ্বস্ত, অন্য দিকে "মোয়ামারিয়া" বিদ্রোহে অবসন্ন। বিপন্ন রাজা অনন্যোপায় হইয়া ইংরাজের সাহায্য ভিক্ষা করিলেন। ইংরাজ সরকার আসামে শান্তি স্থাপনের জন্য ফৌজ পাঠাইলেন কিন্তু রাজ্য শাসনের দায়িত্ব গ্রহণ করিলেন না। যে পরাক্রান্ত রাজবংশ একদিন অকুতোভয়ে মোগলদিগের সহিত শক্তি পরীক্ষায় অগ্রসর হইয়াছিল গৃহবিবাদে ও অন্তর্বিপ্লবে তাহা তখন এমন দুর্ব্বল হইয়া পড়িয়াছে যে ব্রহ্মের আক্রমণে তাহার স্বর্ণ সিংহাসন নিমেষে ধূলিসাৎ হইল। তারপর কেমন করিয়া প্রথম ব্রহ্মযুদ্ধ আরম্ভ হয়, কেমন করিয়া ভারতের উত্তর-পূর্ব্ব সীমান্তে ব্রিটিশ আধিপত্য বিস্তার লাভ করে, তাহা বর্ত্তমান আলোচনার বিষয় নহে। ইংরাজী ১৭৭২ সাল হইতে ১৮২০ সাল পর্য্যন্ত অর্দ্ধ শতাব্দী কাল ভারতের পূর্ব্ব প্রান্তে যে "মাৎস্যন্যায়ের" প্রাদুর্ভাব হইয়াছিল, এই গ্রন্থে সঙ্কলিত সমসাময়িক চিঠি পত্রে তাহারই চিত্র পরিস্ফুট হইয়াছে।

কুচবিহার রাজ্যের প্রাচীন ইতিহাস—

১৭৭২ সালে বিপন্ন কুচবিহার সন্ধিসূত্রে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর প্রভুত্ব স্বীকার করে। কিন্তু তাহাতে ভুটানের ভয় আপাততঃ তিরোহিত হইলেও গৃহবিবাদের বিরাম হয় নাই। এই পারিবারিক কলহের মূল কারণ অনুধাবন করিতে হইলে পূর্ব্ব ইতিহাস আলোচনা করিতে হয়।

CENTRAL LIBRARY

ইতিহাস যেখানে মূক কিংবদন্তী সেখানে মুখর। কুচবিহারের রাজবংশের উৎপত্তির কোন বিশ্বাসযোগ্য বিবরণ পাওয়া যায় নাই। ইতিহাসের অভাব দূর করিয়াছে কিংবদন্তী। খৃষ্টীয় পঞ্চদশ শতাব্দীর শেষ ভাগকে ঐতিহাসিক হিসাবে অজ্ঞাত যুগ বলা চলে না। কিন্তু হিমালয়ের সানুদেশে নিবিড় অরণ্যে যে অনার্য্য কোচ ও মেচ তরুণ-তরুণীরা বাস করিত তাহাদের ইতিহাস কেহ লিখিয়া রাখে নাই। উত্তর কালে যখন তাহাদের বীর পুত্রেরা এক বিশাল রাজ্যখণ্ডের অধিপতি হইয়াছিল তখন ব্রাহ্মণ ঐতিহাসিকেরা তাহাদের যে বংশ বিবরণ রচনা করিয়াছেন তাহাতে স্বভাবতঃই অজ্ঞতার ত্রুটি কল্পনার সাহায্যে সংশোধন করিবার চেষ্টা করা হইয়াছে। কোচ নায়ক হাজোর দুইটি রূপসী কন্যা ছিল, জিরা ও হীরা। দুই ভগ্নীরই হরিদাস বা হরিয়া নামক মেচ যুবকের সহিত বিবাহ হইয়াছিল। জ্যেষ্ঠা জিরার দুই পুত্র, চন্দন ও মদন। কনিষ্ঠা হীরার রূপে হউক বা ভক্তিতেই হউক আকৃষ্ট হইলেন স্বয়ং মহাদেব। শিবের ঔরসে হীরার দুই পুত্র হইল, শিশু ও বিশু। শিবের সন্তানেরা যে একদিন রাজ্যেশ্বর হইবে তাহাতে আর বিচিত্র কি? কিন্তু প্রথম মেচ-পুত্র চন্দনই চিকনার রাজা হইলেন। খৃষ্টীয় ১৫১০, বাঙ্গালা ৯১৪ সালে, চন্দনের সিংহাসনারোহণের সময় হইতে কুচবিহারের রাজশকের আরম্ভ। আমাদের সঙ্কলিত চিঠি পত্রে এই শকের বহুল ব্যবহার দেখা যাইবে। চন্দন ও মদন, শিশু ও বিশুর জন্মকথা কাল্পনিক হইতে পারে, কিন্তু রাজশক কাল্পনিক নহে। কুচবিহারের বাহিরে ভুটান, আসাম, কাছাড়, মণিপুর প্রভৃতি রাজ্যেও এই শকের প্রচলন হইয়াছিল।

চন্দনের মৃত্যুর পর কনিষ্ঠ বিশু তাঁহার পরিত্যক্ত সিংহাসনের অধিকারী হইলেন, জ্যেষ্ঠ শিশু হইলেন তাঁহার মন্ত্রী। মদন ইতিপূর্ব্বেই পরলোকগমন করিয়াছিলেন। অভিষেকের কালে শিশু বিশুর রাজছত্র ধরিয়াছিলেন। বৈকুণ্ঠপুরের রায়কতেরা শিশুর বংশধর। রায়কত শব্দের অর্থ কুলপতি ও বংশানুক্রমিক প্রধান মন্ত্রী। শিশুর বংশধরেরা বহুদিন পর্য্যন্ত কুচবিহারের মন্ত্রিত্ব করিয়াছিলেন। রাজা হইবার পর বিশুর নাম হইল বিশ্বসিংহ। অনার্য্য নরপতির রাজ্য বিস্তারের সঙ্গে সঙ্গে তাঁহার দরবারে আর্য্য সভ্যতার বাহন ব্রাহ্মণদিগের সমাগম হইতে লাগিল। কোচ বীরদিগের পরাক্রমে ভুটানের দেব ও ধর্ম্মরাজ বিশ্বসিংহের আধিপত্য স্বীকার করিলেন, বাঙ্গালার মুসলমান শাসনকর্ত্তা নূতন বিপদের সম্ভাবনায় শঙ্কিত হইলেন। ৩১ বৎসর রাজত্বের পর যোগীশ্বর শিবের পুত্র রাজ্য ত্যাগ করিয়া তপস্যা করিতে চলিয়া গেলেন। প্রচলিত প্রবাদ অনুসারে অদ্যাপি তাঁহার মৃত্যু হয় নাই। যোগিনীতন্ত্রে স্বয়ং মহাদেব বলিয়াছেন—

মৎসুতঃ স বিশ্বসিংহো যোগমাশ্রিত্য বিহ্বলে।
তিষ্ঠত্যব্যক্তরূপেণ দেবি আকল্পমম্বিকে ॥

বিশ্বসিংহের পর তাঁহার দ্বিতীয় পুত্র নরনারায়ণ রাজা হইলেন। মল্ল বিদ্যায় নিপুণ ছিলেন বলিয়া তিনি মল্লনারায়ণ নামেও পরিচিত। তাঁহার ভ্রাতা শুক্লধ্বজ অদ্বিতীয় বীর ছিলেন। তাঁহার পরাক্রমে উত্তর-বঙ্গ হইতে মণিপুর পর্য্যন্ত কুচবিহারের প্রভুত্ব বিস্তৃত হইয়াছিল।

আহোম রাজ সুখাম্পা তাঁহার নিকট পরাজয় স্বীকার করিয়াছিলেন। কাছাড়, মণিপুর, ত্রিপুরা ও জৈন্তিয়ার রাজগণ কুচবিহারের রাজাকে কর দিতে বাধ্য হইয়াছিলেন। এই শুক্লধ্বজই দরঙ্গের রাজা বিষ্ণুনারায়ণের পত্রে (৩৯ নং) উল্লিখিত "ছিলা রায়"। চিলের মত ক্ষিপ্র গতিতে ও অতর্কিতে শত্রুসেনার উপর আপতিত হইতেন বলিয়া তিনি "চিলা রায়" নামে প্রসিদ্ধি লাভ করিয়াছিলেন। দরঙ্গ, বিজনি ও বেলতলার রাজগণ শুক্লধ্বজের সন্তান।

ভ্রাতার বাহুবলে যেমন নরনারায়ণের রাজ্য বিস্তৃতি লাভ করিয়াছিল তেমনই তাঁহার আশ্রিত-পুরুষোত্তম বিদ্যাবাগীশ ও রাম সরস্বতীর পাণ্ডিত্যে সেই রাজ্যের খ্যাতি বৃদ্ধি পাইয়াছিল। আর এই রাজ্যের সমৃদ্ধির প্রমাণ স্বরূপ নরনারায়ণের প্রবর্ত্তিত নারায়ণী টাকা বহুদিন পর্য্যন্ত দেশ বিদেশে প্রচলিত ছিল। উত্তর-বঙ্গ, আসাম, মণিপুর প্রভৃতি রাজ্যের ত কথাই নাই; ঊনবিংশ শতাব্দীর প্রারম্ভে তিব্বত ও ভুটানের বাজারেও কুচবিহারের নারায়ণী টাকার আদান প্রদান হইত। খৃষ্টীয় ১৮০০ সালে সার্ব্বভৌম ব্রিটিশ শক্তির নির্দ্দেশে পরাধীন কুচবিহারের টাকশাল বন্ধ হইয়া যায়, কিন্তু তাহার পরও প্রায় চল্লিশ বৎসর কুচবিহারে এই টাকার প্রচলন ছিল।

চতুর্থ রাজা লক্ষ্মীনারায়ণের সময়ে এক ব্রাহ্মণ নাজির দেও বা সেনাপতির পদে অধিষ্ঠিত ছিলেন। কোন কারণে ব্রাহ্মণ সেনাপতি পদচ্যুত হন ও তাঁহার পরিবর্ত্তে রাজপুত্র মহীনারায়ণ নাজির দেওর পদে নিযুক্ত হন। এই মহীনারায়ণই কুচবিহারের বর্ত্তমান রাজবংশ, বলরামপুরের নাজির দেও ও অধুনা বিলুপ্ত দেওয়ান দেও পরিবারের পূর্ব্বপুরুষ।

মহীনারায়ণের সময় হইতেই রাজার সহিত সেনাপতির বিরোধের আরম্ভ। নাজির দেওর পদ লাভ করিয়া মহীনারায়ণের উচ্চাকাঙ্ক্ষা পরিতৃপ্ত হয় নাই, তাঁহার দৃষ্টি ছিল কুচবিহারের সিংহাসনের দিকে। উত্তরকালে তাঁহার পৌত্র প্রপৌত্রেরাই রাজা, নাজির দেও ও দেওয়ান দেওর পদে অধিষ্ঠিত হইয়াছিলেন, কিন্তু তাহাতে জ্ঞাতিকলহের অবসান হয় নাই।

ষষ্ঠ রাজা প্রাণনারায়ণের অভিষেক উৎসবে বৈকুণ্ঠপুরের রায়কত উপস্থিত থাকেন নাই। প্রচলিত প্রথা অনুসারে তাঁহারই রাজার মাথায় ছত্র ধারণের কথা। তাঁহার অনুপস্থিতিতে নাজির দেও মহীনারায়ণ ছত্রধারীর কর্ত্তব্য সম্পাদন করিলেন। এইরূপে কুচবিহারের একটি গৌরবজনক অধিকার রায়কত পরিবার হইতে নাজির দেও পরিবারে চলিয়া গেল। নাজির দেও ছত্রধারণ ও দেওয়ান দেও দণ্ড বহন না করিলে অভিষেক অনুষ্ঠান সাধারণের মতে অঙ্গহীন ও অসম্পূর্ণ বলিয়া বিবেচিত হইত।

প্রাণনারায়ণের মৃত্যুর পূর্ব্বেই মহীনারায়ণ বলপূর্ব্বক সিংহাসন অধিকার করিতে উদ্যত হইয়াছিলেন। সপ্তম রাজা মোদনারায়ণ ও অষ্টম রাজা বাসুদেবনারায়ণের রাজত্বকালেও মহীনারায়ণের পুত্রগণ রাজা হইবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু বৈকুণ্ঠপুরের রায়কতদিগের বিরোধিতায় তাহা সফল হয় নাই। নবম রাজা মহীন্দ্রনারায়ণের সময়

নাজির বংশের বিদ্রোহের ফলে রাজ্য এরূপ দুর্ব্বল হইয়া পড়িয়াছিল যে মোগলেরা অনায়াসে ঘোড়াঘাট দখল করিয়া লইল। রাণী মরিচমতী তাঁহার ২রা পৌষ (রাজশক ২১১, ৬নং পত্র) তারিখের পত্রে এই ঘটনার কথাই উল্লেখ করিয়াছেন।

অল্প বয়সে অপুত্রক অবস্থায় মহীন্দ্রনারায়ণের মৃত্যু হয়। তখন মহীনারায়ণের পৌত্র সন্তনারায়ণ ছত্র নাজির দেও। মহীনারায়ণ ও তাঁহার বিদ্রোহী পুত্রেরা প্রয়োজন হইলেই ভুটানে আশ্রয় গ্রহণ করিতেন। মহীন্দ্রনারায়ণের মৃত্যুর পর ভুটিয়ারা কুচবিহার আক্রমণ করিল। এই সময় বৈকুণ্ঠপুরের রায়কতেরাও কুচবিহারের সিংহাসনের প্রতি লোলুপ দৃষ্টিপাত করিয়াছিলেন। সন্তনারায়ণ বাহুবলে ভুটিয়া আক্রমণ নিরস্ত করিয়া রাজ্যে নূতন ব্যবস্থার প্রবর্ত্তন করিলেন। এই ব্যবস্থা অনুসারে তাঁহার ভ্রাত' সত্যনারায়ণ দেওয়ান দেওর পদ লাভ করিলেন এবং তাঁহার পিতৃব্য জগৎনারায়ণের পুত্র রূপনারায়ণ কুচবিহারের রাজা হইলেন। রাজ্যের সমগ্র রাজস্ব তিন অংশে বিভক্ত হইল। নাজির দেও তখন রাজ্যের মধ্যে সর্ব্বেসর্ব্বা। তিনি সৈন্য বিভাগের ব্যয় নির্ব্বাহের জন্য এবং আপনার বেতন স্বরূপ রাজস্বের ৷৵২৷ পরিমাণ নিজের ভাগে রাখিলেন। দেওয়ান দেও পাইলেন ৵০ অংশ, বাকী ।৵১৭৷ রাজার অংশে রহিল। এক কথায় রাজস্বের অর্দ্ধেকের বেশী নাজির দেওর হস্তগত হইল। রাণী মরিচমতীর পত্রে এই ব্যবস্থার কথাই বলা হইয়াছে। সন্তনারায়ণ নিজে কেন সিংহাসন অধিকার করিলেন না, ভ্রাতা সত্যনারায়ণকে কেন রাজা করিলেন না, জগৎনারায়ণের পুত্রকে কেন সিংহাসনে বসাইলেন, তাহা নিশ্চিত বলা যায় না। কুচবিহারের সরকারী ইতিহাস অনুসারে সৈন্যদলের বিরোধিতায়ই সন্তনারায়ণ সিংহাসন অধিকারের চেষ্টা হইতে নিবৃত্ত হইয়াছিলেন। সৈন্যদল তাহার প্রতিকূল হইলে রাজস্বের ৷৵০ অংশ আত্মসাৎ করা তাঁহার পক্ষে সম্ভব হইত কি না সন্দেহ। ত্রয়োদশ রাজা দেবেন্দ্রনারায়ণের হত্যার পর তাঁহার পিতৃব্য খর্গনারায়ণের জ্যেষ্ঠ পুত্র দেওয়ান দেও রামনারায়ণ সিংহাসন লাভ করিতে পারেন নাই, তাঁহার তৃতীয় ভ্রাতা ধৈর্য্যেন্দ্রনারায়ণ রাজা হইয়াছিলেন। তখন রামনারায়ণের বিপক্ষে যে আপত্তি উত্থাপিত হইয়াছিল সন্তনারায়ণের ক্ষেত্রেও তাহা অপ্রযোজ্য নহে। রামনারায়ণ পূর্ব্বেই রাজ ভৃত্যের কর্ত্তব্য স্বীকার করিয়াছিলেন বলিয়া রাজপদের অনুপযুক্ত বিবেচিত হইয়াছিলেন। সন্তনারায়ণও বোধ হয় মহীন্দ্রনারায়ণের সেনাপতি ছিলেন বলিয়া সিংহাসনের উত্তরাধিকার হইতে বঞ্চিত হইয়া থাকিবেন।

রূপনারায়ণের রাজত্বকালে মুসলমানেরা চাকলা বোদা, পাটগ্রাম ও পূর্ব্বভাগ জয় করে কিন্তু এই তিনটি চাকলা তাহারা আপনাদের দখলে রাখে নাই। রাজা রূপনারায়ণ বাদশাহের সরকারে বার্ষিক কর দিবার চুক্তিতে বিজিত চাকলা তিনটির জমিদারী পাইলেন। কিন্তু স্বাধীন রাজার পক্ষে অন্য রাজার অধীনে জমিদারী গ্রহণ সম্মানজনক নহে, এই জন্য নাজির দেও সন্তনারায়ণের নামে এই জমিদারীর ইজারা লওয়া হয়। উত্তর কালে এই তিনটি চাকলার স্বত্ব স্বামিত্ব লইয়া রাজার সহিত নাজির

দেওর বিরোধ হইয়াছিল। (রাণী মরিচমতীর পত্র, নং ২৩, এবং রাজমাতা কমতেশ্বরীর পত্র, নং ২৮)।

কুচবিহার রাজ্যে ভুটিয়াদের প্রতিপত্তি—

একাদশ রাজা উপেন্দ্রনারায়ণের সময় দেওয়ান দেও সত্যনারায়ণের পুত্র দীন-নারায়ণের প্ররোচনায় রঙ্গপুরের মুসলমান ফৌজদার কুচবিহার আক্রমণ করেন। রাজা উপেন্দ্রনারায়ণ ভুটিয়াদিগের সাহায্যে মুসলমান আক্রমণ প্রতিহত করিলেন বটে কিন্তু এই সময় হইতে কুচবিহারে ক্রমশঃ ভুটিয়াদিগের প্রতিপত্তি বৃদ্ধি পাইতে লাগিল। শেষে ভুটান সরকারের একজন প্রতিনিধি একদল সৈন্য লইয়া কুচবিহারের রাজধানীতে বাস করিতে লাগিলেন। তাঁহার বিনা অনুমোদনে রাজ্যের কোন গুরুতর কার্য্যই নিষ্পন্ন হইতে পারিত না। ষোড়শ শতাব্দীর প্রারম্ভে ভুটানের দেবরাজা বিশ্বসিংহের প্রাধান্য স্বীকার করিয়াছিলেন, রাজা বাসুদেব নারায়ণের আমলে কুচবিহারের গৃহবিবাদের সুযোগে ভুটিয়ারা রাজধানী আক্রমণ করিয়া বিশ্বসিংহের ছত্র, দণ্ড, সিংহাসন ও তরবারি লইয়া গিয়াছিল। অষ্টাদশ শতাব্দীতে মহারাজা উপেন্দ্রনারায়ণের দুর্ব্বলতায় তাহারা কার্য্যতঃ কুচবিহারের ভাগ্যবিধাতা হইয়া বসিল। উপেন্দ্রনারায়ণের শিশু পুত্র দেবেন্দ্রনারায়ণ যখন রাজগুরু রামানন্দের ষড়যন্ত্রে ব্রাহ্মণ রতিশর্ম্মার হস্তে নিহত হইলেন তখন ভুটানের দেবরাজাই তাঁহার দণ্ডের ব্যবস্থা করিয়াছিলেন।

মহেন্দ্রনারায়ণের মৃত্যুতে বিশ্বসিংহের বংশের মূল শাখা বিনষ্ট হইয়াছিল, দেবেন্দ্র-নারায়ণের হত্যায় রূপনারায়ণের বংশের মূল শাখা নিঃশেষ হইল। এই সময় ষষ্ঠ নাজির দেও রুদ্রনারায়ণ তাঁহার ভ্রাতুষ্পুত্র খগেন্দ্রনারায়ণকে রাজা করিবার চেষ্টা করিয়াছিলেন; কিন্তু দেওয়ান দেও রামনারায়ণ তাহাতে আপত্তি করিলেন। তিনি নিহত রাজার পিতৃব্য খর্গনারায়ণের পুত্র, সুতরাং কুচবিহারের সিংহাসনে তাঁহার দাবীই ছিল সমধিক প্রবল। কিন্তু তিনি পূর্ব্বে দেওয়ান দেওর পদ লাভ করিয়াছিলেন বলিয়া সিংহাসন পাইলেন না, তাঁহার তৃতীয় ভ্রাতা ধৈর্য্যেন্দ্রনারায়ণ রাজা হইলেন। রাজা ধৈর্য্যেন্দ্রনারায়ণ ও নাজির দেও খগেন্দ্রনারায়ণকে লইয়াই আমাদের আলোচ্য যুগের আরম্ভ।

ধৈর্য্যেন্দ্রনারায়ণ যদি সিংহাসন লইয়াই সন্তুষ্ট থাকিতেন তাহা হইলে বোধ হয় তিনি ভুটিয়াদিগের হস্তে লাঞ্ছিত হইতেন না, কুচবিহারের প্রজাগণও বহু নির্য্যাতন হইতে অব্যাহতি পাইত। কিন্তু তিনি নিরুদ্বেগে রাজত্ব করিতে পারিলেন না, তাঁহার কেবলই সন্দেহ হইতে লাগিল যে জ্যেষ্ঠ ভ্রাতা রামনারায়ণ তাঁহার সিংহাসনের কণ্টক। রাজা রামনারায়ণকে পদচ্যুত করিলেন। কিন্তু রামনারায়ণ ভুটিয়াদিগের বিশ্বাসভাজন ছিলেন, সুতরাং তিনি দেবরাজার সাহায্যে অচিরে আপনার পূর্ব্বপদ ও সম্পত্তি পুনরধিকার করিলেন। তখন দুর্ব্বলচিত্ত ধৈর্য্যেন্দ্র বিশ্বাসঘাতকতাপূর্ব্বক জ্যেষ্ঠ ভ্রাতাকে হত্যা করিয়া কনিষ্ঠ সুরেন্দ্রনারায়ণকে দেওয়ান দেওর শূন্য পদে নিযুক্ত করিলেন। ভুটিয়ারা আশ্রিত রাম-

CENTRAL LIBRARY

নারায়ণের হত্যার প্রতিশোধ লইতে বিলম্ব করে নাই। দেবেন্দ্রনারায়ণের রাজত্বকাল হইতেই প্রত্যেক বৎসর বক্সা দুয়ারের সুবা প্রভৃতি ভুটানের অভিজাতবর্গ কুচবিহারের রাজার সহিত সাক্ষাৎ করিতে আসিতেন। এই উপলক্ষে চামর, ভুটিয়া চাউল, ভুটিয়া ঘি, রেশমী কাপড় প্রভৃতি যে সকল উপঢৌকন ভুটান হইতে আসিত কুচবিহারের রাজা তাহার উচিত মূল্যের দ্বিগুণ দাম দিয়া অভ্যাগতদিগকে আপ্যায়িত করিতেন এবং আপনার পারিষদবর্গকে লইয়া চেচাখাতায় মহাসমারোহে তাঁহাদের সম্বর্দ্ধনা করিতেন। মদ্য, মাংস, মধু প্রভৃতি খাদ্য ও পেয় দিয়া কুচবিহারের ভূপতি ভুটিয়া প্রধানদিগের তুষ্টি সম্পাদন করিতেন। ১৭৭০ খৃষ্টাব্দে রাজা ধৈর্য্যেন্দ্রনারায়ণ ও দেওয়ান দেও সুরেন্দ্র-নারায়ণ এই বার্ষিক উৎসবের দিনে ভুটিয়াদিগের হস্তে বন্দী হইলেন। নাজির দেও খগেন্দ্রনারায়ণ পলায়ন করিয়া প্রাণ রক্ষা করিলেন। ভুটিয়ারা বন্দী রাজার মধ্যম ভ্রাতা রাজেন্দ্রনারায়ণকে সিংহাসনে বসাইয়া ধৈর্য্যেন্দ্র ও সুরেন্দ্রনারায়ণকে ভুটানে লইয়া গেল। তাঁহারা চারি বৎসর কাল ভুটানের কারাগারে নানা দুঃখ ও লাঞ্ছনা ভোগ করিয়াছিলেন।

এইখানে নাজির বংশের ইতিহাস সংক্ষেপে আলোচনা করা প্রয়োজন। নাজির পরিবারের মতে প্রথম নাজির দেও মহীনারায়ণের পর তাঁহার জ্যেষ্ঠ পুত্র দর্পনারায়ণ পিতার পদ অধিকার করেন। রাজা হরেন্দ্রনারায়ণের পক্ষের লোকেরা বলেন পিতার জীবিত কালেই দর্পনারায়ণের মৃত্যু হইয়াছিল, সুতরাং মহীনারায়ণ পরলোক গমন করিলে তাঁহার তৃতীয় পুত্র যজ্ঞনারায়ণ পিতার পদে নিযুক্ত হন। যজ্ঞনারায়ণের পর দর্পনারায়ণের পুত্র সন্তনারায়ণ নাজির দেওর পদ লাভ করেন। তাঁহার বীরত্ব ও বুদ্ধিমত্তায়ই নাজির পদের মাহাত্ম্য সমধিক বৃদ্ধি পাইয়াছিল। সন্তনারায়ণের পুত্রসন্তান ছিল না। তিনি পিতৃব্য জগৎনারায়ণের পৌত্র (রাজা রূপনারায়ণের ভ্রাতা বিশ্বনারায়ণের পুত্র) ললিত-নারায়ণকে দত্তক গ্রহণ করেন। ললিতনারায়ণ ও তাঁহার দুই ভ্রাতুষ্পুত্র অভয়নারায়ণ ও রুদ্রনারায়ণ এবং তাঁহাদের পরে অভয়নারায়ণের পুত্র খগেন্দ্রনারায়ণ পর পর উত্তরাধিকার সূত্রে নাজির দেওর পদ প্রাপ্ত হন। মহীনারায়ণের বংশে খগেন্দ্রনারায়ণ সপ্তম নাজির দেও। লক্ষ্য করিতে হইবে যে রাজার সহিত মনোমালিন্য বা বিরোধের জন্য নাজির দেওর পদ কখনও এই পরিবারের হস্তচ্যুত হয় নাই, ক্রমাগত পাঁচ পুরুষ পর্য্যন্ত এই পদ সন্তনারায়ণের বংশে অব্যাহত রহিয়াছে।

কুচবিহারের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করিবার কোন বিধিসঙ্গত অধিকার ভুটিয়াদিগের ছিল বলিয়া মনে হয় না। দুর্ব্বলের উপর প্রভুত্ব করিবার সময় প্রবল কখনও ন্যায়ের বিধান মানিয়া চলে না। ভুটিয়ারা যখন দেবেন্দ্রনারায়ণের হত্যার পর রামানন্দের প্রাণদণ্ড করিয়াছিল তখনও তাহারা আপনাদের ন্যায্য অধিকারের সীমা লঙ্ঘন করিয়াছিল সন্দেহ নাই। রামানন্দ দোষী হইলেও তাঁহার অপরাধের বিচার করিবার কোন অধিকার ভুটানের দেবরাজার ছিল না। রামনারায়ণের হত্যা হইয়া-ছিল রাজার আদেশে। তাঁহাকে দণ্ড দিবার অধিকারও ভুটানের শাসনকর্ত্তার ছিল

না। কিন্তু আইনের দৃষ্টিতে দীর্ঘকালের অব্যবহারে ন্যায্য অধিকারও লোপ পায় আর বিনা প্রতিবাদে অনবরত অনধিকার প্রবেশ স্বীকার করিয়া লইলে, নৈতিক হিসাবে না হউক, কালক্রমে সাধারণের নিকট তাহা বিধিসঙ্গত বলিয়া প্রতীয়মান হয়। কুচ-বিহারে ভুটিয়াদিগের প্রতিপত্তি খুব দীর্ঘকাল স্থায়ী হয় নাই। উপেন্দ্রনারায়ণের রাজত্বের শেষ ভাগ হইতে ভুটিয়া প্রাধান্যের আরম্ভ ধরিয়া লইলে বিশ বৎসরের বেশী তাহারা কুচবিহারের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করিবার সুযোগ পায় নাই। কিন্তু কুচবিহারের মন্ত্রিবর্গ এতকাল তাহাদের অনধিকার চর্চ্চায় কোন প্রতিবাদ করেন নাই। রামানন্দকে ধরিয়া লইয়া যাইবার সময় কুচবিহারের পক্ষ হইতে কোন বাধা দেওয়া হয় নাই। ধৈর্য্যেন্দ্রনারায়ণ যখন বন্দী হইলেন, কুচবিহারের মন্ত্রিগণের মতামতের অপেক্ষা না রাখিয়াই ভুটিয়ারা যখন রাজেন্দ্রনারায়ণকে রাজা করিল, তখনও কুচবিহারের কর্ম্মচারিগণ ভুটিয়াদের নির্দ্দেশ অবনত মস্তকে স্বীকার করিয়া লইয়াছেন। কিন্তু দুই বৎসর পরে রাজেন্দ্রনারায়ণের যখন মৃত্যু হইল তখন নাজির দেও খগেন্দ্রনারায়ণ ভুটানের সম্মতির অপেক্ষা না রাখিয়াই বন্দী রাজার পুত্র বালক ধরেন্দ্রনারায়ণকে সিংহাসনে স্থাপন করিলেন। মহেন্দ্রনারায়ণের মৃত্যুর পর রূপনারায়ণকে যখন রাজ্য দেওয়া হয় তখন নাজির দেও সন্তনারায়ণই তাহাতে অগ্রণী হইয়াছিলেন। দেবেন্দ্রনারায়ণের হত্যায় যখন ধৈর্য্যেন্দ্রনারায়ণ সিংহাসন পাইলেন তখন নাজির দেও খগেন্দ্রনারায়ণের সম্মতি ছিল। উভয় ক্ষেত্রেই উত্তরাধিকারের নিয়মের অল্প বিস্তর ব্যত্যয় হইয়াছিল। বিশেষতঃ নাজির দেও ছত্র ধারণ না করিলে অভিষেক অঙ্গহীন হইত বলিয়া তাঁহার ধারণা হইয়াছিল যে প্রকৃতপক্ষে রাজা নির্ব্বাচন করিবার অধিকারই তাঁহার আছে এবং ধরেন্দ্রকে সিংহাসনে স্থাপন করিবার সময় তিনি সেই অধিকারের ব্যবহার করিয়াছেন। ভুটিয়ারা তাঁহার কার্য্য অনুমোদন করিল না। বন্দী রাজার প্রতি তাহারা বিরূপ ছিল, তাঁহার পুত্রকে রাজা করা যেন দেবরাজকেই ব্যক্তিগত ভাবে অসম্মান করা। সুতরাং তাহারা নাজির দেওর কার্য্যের প্রতিবাদ করিল এবং খগেন্দ্রনারায়ণ যখন সে প্রতিবাদে কর্ণপাত করিলেন না তখন কুচবিহারের নগরে জনপদে আবার ভুটিয়াদিগের আক্রমণে বিভীষিকার সঞ্চার হইল। শিশু রাজা ও রাজমাতা একবার ভুটিয়াদিগের হস্তে বন্দী হইয়াছিলেন, কিন্তু নাজির দেও তাঁহাদিগকে উদ্ধার করিয়া বলরামপুরে পলায়ন করিলেন। ভুটিয়ারা রামনারায়ণের পুত্র বিজেন্দ্রনারায়ণকে রাজা করিল। ভুটিয়াদিগের নির্দ্দেশ মানিতে অসম্মত হইলেও তাহাদের আক্রমণ প্রতিরোধ করিবার ক্ষমতা খগেন্দ্রনারায়ণের ছিল না। এই বিপদে তিনি ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর শরণ লইলেন। বোদা, পাটগ্রাম ও পূর্ব্বভাগের জমিদার হিসাবে খগেন্দ্রনারায়ণ সুবে বাঙ্গালার প্রকৃত শাসনকর্ত্তা কোম্পানী বাহাদুরের প্রজা ছিলেন। ভুটিয়া বিদ্রোহে নিরুপায় হইয়া তিনি কুচবিহারের রক্ষণাবেক্ষণের দায়িত্ব ইংরাজ সরকারের হস্তে সমর্পণ করিলেন। (রাণী মরিচমতীর পত্র, নং ৬)

CENTRAL LIBRARY

কুচবিহার রাজ্যের সহিত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সম্বন্ধ—

তখন ওয়ারেন হেষ্টিংস কলিকাতার বড় কর্ত্তা, চার্লস পারলিং (সমসাময়িক বাঙ্গালা পত্রের পালঙ্গ সাহেব) রঙ্গপুরের কালেক্টর। নাবালক ধরেন্দ্রের পক্ষ হইতে নাজির দেও খগেন্দ্রনারায়ণ পারলিং সাহেবের সহিত সন্ধির কথাবার্ত্তা চালাইয়াছিলেন। প্রকৃতপক্ষে ১৭৭২ সালে তাঁহারই সহিত ইংরাজ সরকারের সন্ধি হইয়াছিল, যদিও সন্ধিপত্র রাজার নামেই লিখিত হইয়াছে। সন্ধির কার্য্যকারিত্ব ডিরেক্টরদিগের অনুমোদনসাপেক্ষ ছিল বলিয়া স্থির হইয়াছিল যে প্রথমতঃ দুই বৎসরকাল অথবা ডিরেক্টরদিগের অভিপ্রায় জানা পর্য্যন্ত এই সন্ধি বলবৎ থাকিবে, পরে ডিরেক্টরদিগের সম্মতি পাইলে চিরকালের জন্য বহাল হইবে। ১৭৭২ সালের সন্ধি অনুসারেই কুচবিহার ইংরাজ সরকারের অধীনতা স্বীকার করে। কুচবিহারের ইতিহাসে এবং রাজা ও নাজির দেওর ব্যক্তিগত দ্বন্দ্ব সম্পর্কে এই সন্ধি বিশেষ স্মরণীয়। অতএব নিম্নে সন্ধির সর্ত্তগুলি উদ্ধৃত হইল।

"কুচবিহারের রাজা ধরেন্দ্রনারায়ণ কলিকাতাস্থ মাননীয় কাউন্সিল ও প্রেসিডেন্ট মহোদয়ের নিকট তাঁহাকে সিংহাসনচ্যুত করিবার অভিপ্রায়ে সঙ্ঘবদ্ধ স্বাধীন রাজাদিগের উপদ্রবে তাঁহার রাজ্যের বর্ত্তমান দুরবস্থার কথা নিবেদন করায় মাননীয় প্রেসিডেন্ট ও কাউন্সিল ন্যায়ানুরাগ ও বিপন্নকে সাহায্য করিবার অভিপ্রায়ের বশবর্ত্তী হইয়া উক্ত রাজাকে তাঁহার রাজ্য রক্ষাকল্পে উভয় পক্ষের সম্মতিক্রমে নিম্নলিখিত সর্ত্তে চারিদল সিপাহী ও একটি কামান সম্বলিত ফৌজ তাঁহার শত্রুদিগের বিরুদ্ধে পাঠাইতে সম্মত হইয়াছেন।

১। উক্ত রাজা তাঁহার সাহায্যার্থে প্রেরিত সৈন্যদলের ব্যয় নির্ব্বাহার্থে অবিলম্বে রঙ্গপুরের কালেক্টরের হস্তে ৫০,০০০৲ টাকা দিবেন।

২। যদি ৫০,০০০৲ টাকার অতিরিক্ত কিছু খরচ হয় তবে রাজা তাহা মাননীয় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে দিবেন কিন্তু যদি ঐ টাকার কিছু উদ্বৃত্ত থাকে তবে তাহা ফেরৎ দেওয়া হইবে।

৩। তাঁহার রাজ্য হইতে শত্রুগণ দূর হইলে রাজা ইংলিশ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অধীনতা স্বীকার করিবেন এবং তাঁহার রাজ্য সুবে বাঙ্গালার সামিল করিতে দিবেন।

৪। রাজা আরও অঙ্গীকার করিতেছেন যে তিনি চিরকাল ইংলিশ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে কুচবিহারের বার্ষিক রাজস্বের অর্দ্ধেক দিবেন।

৫। যদি রাজা মাননীয় যুক্ত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর প্রতি বিশ্বস্ত থাকেন তবে রাজস্বের অপরার্দ্ধ চিরকাল তাঁহার ও তাঁহার উত্তরাধিকারিগণের থাকিবে।

৬। কুচবিহার রাজ্যের আয় স্থির করিবার জন্য কলিকাতাস্থ মাননীয় প্রেসিডেন্ট ও কাউন্সিল কর্ত্তৃক মনোনীত লোকের নিকট রাজা একখানি "হস্তবুদ" দিবেন এবং তদনুসারে রাজার দেয় বার্ষিক "মালগুজারীর" পরিমাণ নির্দ্দিষ্ট হইবে।

৭। মাননীয় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর নিয়োজিত ব্যক্তি কর্ত্তৃক নির্দ্দিষ্ট মাল গুজারীর পরিমাণ চিরস্থায়ী হইবে (চিরকালের জন্য অব্যাহত থাকিবে)।

৮। রাজ্য রক্ষার জন্য প্রয়োজন হইলে মাননীয় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী রাজাকে ফৌজ দিতে বাধ্য থাকিবেন, রাজা উক্ত ফৌজের ব্যয় বহন করিবেন।

৯। এই সন্ধি দুই বৎসর অথবা কোর্ট অব ডিরেক্টর কর্ত্তৃক প্রেসিডেন্ট ও কাউন্সিলকে এই সন্ধি চিরকালের জন্য বহাল করিবার ক্ষমতা প্রদানের সংবাদ পাইবার সময় পর্য্যন্ত বলবৎ থাকিবে।

এক পক্ষে ফোর্ট উইলিয়মের মাননীয় প্রেসিডেন্ট ও কাউন্সিল কর্ত্তৃক ১৭৭৩ খৃষ্টাব্দের ৫ই এপ্রিল্ এবং অপর পক্ষে বিহার দুর্গে কুচবিহারের রাজা ধরেন্দ্রনারায়ণ কর্ত্তৃক বাঙ্গালা ১১৭৯ সালের ৬ই মাঘ এই সন্ধিপত্র সহি মোহর ও সম্পাদিত হইল।"

নাজির দেও আপনাকে কুচবিহারের অবিভক্ত রাজ্যের সরিক বা অংশীদার বলিয়া মনে করিতেন। তাঁহার পিতৃব্য-পত্নী মরিচমতী বলিতেছেন যে ভুটিয়ারা ধরেন্দ্রনারায়ণের পরিবর্ত্তে তাঁহাকে রাজ্য দিতে চাহিয়াছিল। এ কথা সত্য না হইলেও বোধ হয় ইহা অনুমান করা অসঙ্গত হইবে না যে নিজের স্বার্থ সম্বন্ধে সচেতন থাকিলে হয়ত খগেন্দ্রনারায়ণ এই সময় আপনার অধিকার অক্ষুণ্ণ রাখিয়া ভুটিয়াদিগের সহিত বিবাদ মীমাংসা করিতে পারিতেন অথবা ১৭৭২ সালের সন্ধিপত্রে আপনার স্বার্থ রক্ষার ব্যবস্থা করিতে পারিতেন। আপত্তি হইতে পারে যে নাবালক ধরেন্দ্রনারায়ণের অন্তরালে থাকিয়া রাজ্য শাসন করিবার লোভেই তিনি ভুটিয়াদিগের সহিত আপোষ করেন নাই অথবা ইংরাজ সরকারের দ্বারা আপনার অধিকার মঞ্জুর করান প্রয়োজন বোধ করেন নাই। এই আপত্তি সহজেই খণ্ডন করা যায়। কুচবিহারের রাজবংশে নাবালকের অভাব ছিল না এবং আমরা পূর্ব্বেই দেখিয়াছি যে রাজা নির্ব্বাচনের সময়ে সর্ব্বদা অগ্রজের অধিকার সম্মানিত হয় নাই। ভুটিয়াদিগের সহযোগিতায় নাজির দেওর পক্ষে অন্য কোন নাবালককে অথবা আপনার কনিষ্ঠ ভ্রাতাকে রাজা করাও অসম্ভব ছিল না। খগেন্দ্রনারায়ণ ক্ষমতাপ্রিয় ও দুঃসাহসী হইলেও দূরদর্শী ছিলেন না। তিনি প্রায়ই পরের বুদ্ধিতে চলিতেন। পীটার মূর, ডগলাস প্রভৃতি ইংরাজ কর্ম্মচারীরা তাঁহার বুদ্ধির প্রশংসা করিতে পারেন নাই।

যাহা হউক, খগেন্দ্রনারায়ণের ব্যবস্থায় কুচবিহার ভুটিয়ার উৎপাত হইতে রক্ষা পাইল। ভুটিয়ারা কাপ্তেন জোন্সের ফৌজের সম্মুখে দাঁড়াইতে পারিল না। কিন্তু কুচবিহার পরিত্যাগ করিয়াও তাহারা নিষ্কৃতি পাইল না। কাপ্তেন জোন্স সসৈন্যে ভুটানে প্রবেশ করিয়া ডালিমকোট দখল করিলেন। ভুটিয়াদের নির্ব্বাচিত রাজার ইতিপূর্ব্বেই মৃত্যু হইয়াছিল। ধরেন্দ্রনারায়ণ পূর্ব্বপুরুষের সিংহাসনে সুপ্রতিষ্ঠিত হইলেন। তিব্বতের টাসি লামার অনুরোধে ১৭৭৪ সালে ভুটানের সহিত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সন্ধি হইল। এই সন্ধির বিষয় যথাস্থানে আলোচিত হইবে। এখানে এইটুকু বলিলেই যথেষ্ট হইবে যে এই সন্ধি অনুসারে রাজা ধৈর্য্যেন্দ্রনারায়ণ ও দেওয়ান দেও সুরেন্দ্রনারায়ণ ভুটান হইতে মুক্তি পাইয়া দেশে ফিরিয়া আসিলেন। বাঙ্গালা ১১৮০ (১৭৭৬-৭৭ খৃঃ) সালে পারলিং

CENTRAL LIBRARY

সাহেব কুচবিহারের হস্তবুদ দেখিয়া ১,০০০০০ নারায়ণী টাকা বা ৬৭,৭০০৮৵৫ সিক্কা টাকা বার্ষিক কর ধার্য্য করিয়া দিলেন। কিন্তু দুর্ভাগ্য কুচবিহারে শান্তি বা শৃঙ্খলা স্থাপিত হইল না।

কুচবিহারে রাণী কমতেশ্বরীর প্রাধান্য—

ভুটিয়া বিগ্রহ শান্ত হইবার অল্পকাল পরেই ১৭৭৫ খৃষ্টাব্দে রাজা ধরেন্দ্রনারায়ণ পরলোক গমন করিলেন। তখন তাঁহার পিতা ধৈর্য্যেন্দ্র দ্বিতীয়বার সিংহাসন লাভ করিলেন। এই সময় ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর পক্ষ হইতে তাঁহাকে জমিদারী সনন্দ দেওয়া হইয়াছিল। দুর্ব্বলচিত্ত ধৈর্য্যেন্দ্র নামে মাত্র রাজা ছিলেন। দেশে ফিরিবার পরই তাঁহার মস্তিষ্ক-বিকৃতি ঘটিয়াছিল। তাঁহার নামে রাণী কমতেশ্বরী ও তাঁহার অনুগ্রহভাজন রাজগুরু সর্ব্বানন্দ রাজ্য শাসন করিতেন। জেঙ্কিন্স সাহেব বলিয়াছেন যে কুচবিহারের লোকের ধারণা ছিল যে রাণী ও রাজগুরুর চক্রান্তেই রাজার বাতুলতা বৃদ্ধি পাইয়াছিল। ("Long before his death he was reduced to such a state of imbecility, as was currently believed, by the machinations of the Ranee and Gossein, that he was quite incapable of performing any of the duties of his rank." Major Francis Jenkins, *Sketch of the connection of the British Government with Kooch Behar, p.* 33) সর্ব্বানন্দ কেন, কেমন করিয়া রাণীর বিশ্বাসভাজন হইলেন তাহা অনুমান করা কঠিন। (সর্ব্বানন্দ গোস্বামীর পত্র, নং ৮, এবং হরেন্দ্রনারায়ণের পত্র, নং ২৬) রাজগুরু হইলেও তাঁহার ভ্রাতা রামানন্দের চক্রান্তে শিশু রাজা দেবেন্দ্র-নারায়ণ নিহত হইয়াছিলেন। যে খগেন্দ্রনারায়ণের উদ্যোগে কুচবিহারের সহিত ইংরাজ সরকারের সন্ধি হইয়াছিল তাঁহার কোনই ক্ষমতা ও প্রতিপত্তি রহিল না। তখন রঙ্গপুরের কালেক্টর ইংরাজ সরকারের পক্ষে কুচবিহারের তত্ত্বাবধান করিতেন। নাজির দেও ও রাণী দুই পক্ষেরই কলিকাতায় ও রঙ্গপুরে উকিল ছিল। এই উকিলেরা নিজ নিজ পক্ষের স্বার্থ সিদ্ধির জন্য কালেক্টরদিগের নিকট নানারূপ মিথ্যা কথা বলিত। নিতান্ত দুঃখের বিষয় যে কালেক্টরেরাও সর্ব্বদা নিরপেক্ষভাবে এই বিরোধের বিচার করিতে পারেন নাই। এক কালেক্টর নাজির দেওর পক্ষ অবলম্বন করিলে পরবর্ত্তী কালেক্টর রাজগুরু ও রাণীর পক্ষ সমর্থন করিতেন। ফলে কুচবিহারে অশান্তি ও অনাচারের অবধি ছিল না। (Jenkins, p. 35) ১৭৮৩ সালে বাতুল রাজার মৃত্যুর পরে দেখা গেল যে এক চরম পত্র দ্বারা তিনি রাণী কমতেশ্বরীকেই শিশুপুত্র হরেন্দ্রনারায়ণের অভিভাবিকা নিযুক্ত করিয়া তাঁহাকে রাজ্যশাসনের সম্পূর্ণ ক্ষমতা দিয়াছেন। কমতেশ্বরী হরেন্দ্রনারায়ণের বিমাতা ছিলেন, মাতা ছিলেন না।

রাণী কমতেশ্বরীর সহিত নাজির দেও খগেন্দ্রনারায়ণের বিবাদ—

পিতার মৃত্যুকালে হরেন্দ্রনারায়ণের বয়স ছিল মাত্র তিন বৎসর নয় মাস। নাজির দেও ও রাণী উভয়েই রাজ্যের মঙ্গল সাধন অপেক্ষা পরস্পরের প্রতি বৈর নির্য্যাতনে অধিকতর উদ্যোগী ছিলেন। ১৭৮০ খৃষ্টাব্দে নাজির দেওর অভিযোগে রঙ্গপুরের কালেক্টর রিচার্ড গুডল্যাড সর্ব্বানন্দ গোসাঞি ও দেওয়ান কাশিকান্ত লাহিড়ীকে কয়েদ করিয়াছিলেন। সুতরাং ধৈর্য্যেন্দ্রনারায়ণের মৃত্যু সময়ে নাজির দেওর পক্ষই ক্ষমতাশালী হইয়া উঠিয়াছিল। গুডল্যাড সাহেব কুচবিহারে আসিয়া নাজির দেওর হস্তেই রাজ্য শাসনের ভার দিয়া গেলেন। সকল দিক দিয়া বিবেচনা করিলে রাজার নিকট জ্ঞাতি ও রাজ্যের সর্ব্বপ্রধান কর্ম্মচারীর হস্তে শাসনভার দেওয়া যে খুব অন্যায় হইয়াছিল এমন কথা বলা চলে না। নাজির দেও যদি এই সময় ধীর ভাবে কাজ করিতেন তাহা হইলে হয়ত ভবিষ্যতে তাঁহাকে বিপন্ন হইতে হইত না। তিনি যে এই সময় রাজা হইবার চেষ্টা করিয়াছিলেন (১৪ নং পত্র) এ কথা বিশ্বাস হয় না, কারণ পীটার মূরের রিপোর্টে তাঁহার বিরুদ্ধে এরূপ কোন অভিযোগ নাই। পীটার মূর নাজির দেওর প্রতি অনুকূল ভাব পোষণ করিতেন না, সুতরাং নাজির দেও রাজোপাধি ধারণ করিয়া থাকিলে তিনি নিশ্চয়ই তাঁহার রিপোর্টে সে কথা গোপন করিতেন না। কিন্তু খগেন্দ্রনারায়ণ এই সময়ে যে তাঁহার বালক পুত্র বীরেন্দ্রনারায়ণকে যুবরাজ বলিয়া ঘোষণা করিয়াছিলেন তাহাতে সন্দেহ নাই। কেবল যে পীটার মূরের রিপোর্টে এই কথা আছে তাহা নহে, খগেন্দ্র-নারায়ণের পিতৃব্য-পত্নী মরিচমতীও তাঁহার একখানি পত্রে বীরেন্দ্রনারায়ণের নামের সঙ্গে যুবরাজ উপাধি যোগ করিয়াছেন। (রাণী মরিচমতীর পত্র, নং ২৩)। বীরেন্দ্রনারায়ণ উত্তরাধিকারের সাধারণ নিয়ম অনুসারে যুবরাজ ছিলেন না। হরেন্দ্রনারায়ণের অপুত্রক অবস্থায় মৃত্যু হইলে তাঁহার পিতৃব্য বৈকুণ্ঠনারায়ণ অথবা সুরেন্দ্রনারায়ণ রাজত্ব পাইতেন। সুতরাং নাজির দেওর কার্য্য যে কেবল অসঙ্গত হইয়াছিল তাহা নহে, অশোভনও হইয়াছিল।

এদিকে সর্ব্বানন্দ গোসাঞি ও কাশিকান্ত লাহিড়ী রঙ্গপুরে চুপ করিয়া বসিয়া ছিলেন না। রাজার অযত্ন হইতেছে, রাজমাতার অমর্য্যাদা হইতেছে, রাজার চাকর নাজির দেও নিমক-হারামী করিয়া রাজত্ব আত্মসাৎ করিবার চেষ্টা করিতেছে—রাজার হিতাকাঙ্ক্ষী গুরু ও রাজভক্ত দেওয়ান কি এ অবস্থায় নিশ্চেষ্ট থাকিতে পারেন? তাঁহারা কালেক্টর সাহেবকে "প্রকৃত অবস্থা" বুঝাইতে ত্রুটি করিলেন না। ১৭৮৪ খৃষ্টাব্দে সর্ব্বানন্দ ও কাশিকান্ত রঙ্গপুর হইতে মুক্তি পাইয়া কুচবিহারে আসিলেন। নাজির দেও প্রভুত্ব হারাইলেন ও কিছুদিন পরে তিনি ও তাঁহার বিশ্বস্ত কর্ম্মচারী শ্যামচন্দ্র গ্রেপ্তার হইলেন। কুচবিহারের লোকের দৃষ্টিতে তাঁহাদিগকে খাটো করিবার জন্য এক গুদাম ঘরে তাঁহাদিগকে আটক করা হইল। একদিকে কাশিকান্ত, অপর দিকে শ্যামচন্দ্র ; কুচবিহারের গৃহবিবাদে বাঙ্গালীর মস্তিষ্কের সম্পূর্ণ সুব্যবহার হইয়াছিল। রাণী কমতেশ্বরী খগেন্দ্র-

নারায়ণকে নাজির দেওর পদ হইতে বরখাস্ত করিয়া তাহার ভূসম্পত্তি বাজেয়াপ্ত করিলেন (১৭৮৫)। দেওয়ান দেও সুরেন্দ্রনারায়ণের পুত্র জীবেন্দ্রনারায়ণ সেনাপতি (নাজির দেও) নিযুক্ত হইলেন। (রাজমাতা কমতেশ্বরীর পত্র, নং ১৪।)

রঙ্গপুরের নূতন কালেক্টর পীটার মূর তাঁহার রিপোর্টে বলিয়াছেন যে নাজির দেও রাজার ভৃত্য (হরেন্দ্র নারায়ণের পত্র নং ২০), অন্য কর্ম্মচারীদের মত তাঁহাকেও রাজা যখন খুসী বহাল বরতরফ করিতে পারেন। তাঁহার নির্দ্দেশেই নাজির দেও ও তাঁহার গোমস্তার হাতে বেড়ী পড়িয়াছিল, তাঁহার অভিমত অনুসারেই তাঁহাদের সম্পত্তি বাজেয়াপ্ত হইয়াছিল। রাণী মরিচমতী লিখিয়াছেন, সর্ব্বানন্দ গোসাঞি মূর সাহেবের সহিত ষড়যন্ত্র করিয়া নাজির দেওকে সমস্ত সম্পত্তি হইতে বঞ্চিত এবং গোমস্তা শ্যামচন্দ্রকে কয়েদ করিয়াছেন। (৬ নং পত্র)। কুচবিহারের সরকারী ইতিহাসের গ্রন্থকার লিখিয়াছেন,—"By this time Mr. Peter Moore succeeded Mr. Goodlad as Collector of Rangpur. He came with an unprejudiced mind and took in the situation at once." মূর সাহেব বাস্তবিকই নিরপেক্ষ ভাবে কুচবিহারের বিবাদের তদন্ত করিয়াছিলেন, না সর্ব্বানন্দ ও কাশিকান্তের প্রভাবে ভ্রান্ত সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন, তাহা এতদিন পরে স্থির করা কঠিন। বলাবাহুল্য যে তিনি নাজির দেওর পদ ও অধিকার সম্বন্ধে পূর্ব্ববর্ত্তী কালেক্টরের সহিত একমত হইতে পারেন নাই। তিনি রাজা নাবালক থাকা পর্য্যন্ত সর্ব্বানন্দ, কাশিকান্ত ও সুরেন্দ্রনারায়ণের সাহায্যে রাণীকে রাজ্য শাসন করিবার ক্ষমতা দিবার সুপারিশ করেন।

পীটার মূর বিশ্বসিংহের বংশলতিকা দৃষ্টে স্থির করেন যে নাজির দেও বা দেওয়ান দেও কাহারও পদই পুরুষানুক্রমিক নহে, রাজা ইচ্ছা করিলে যে কেহকে এই পদে নিযুক্ত করিতে পারেন। কুচবিহারের রাজস্বের তিন বিভাগের কথা তিনি অস্বীকার করিতে পারেন নাই, কিন্তু তাঁহার বিবেচনায় এই বিভাগের কোনই মূল্য ছিল না। সমস্ত রাজস্ব এক সঙ্গে আদায় হইয়াছে, রাজ্যের শাসন সংক্রান্ত বিভিন্ন বিষয়ের জন্য ব্যয় হইয়াছে, কেবল রাজার অংশের ।৵০ রাজস্ব তাঁহার ব্যক্তিগত খরচের জন্য পৃথক রাখা হইত। নাজির দেও সেনাপতি। কিন্তু কুচবিহার ইংরাজ সরকারের অধীনতা গ্রহণের পর এই পদের আর কোন দায়িত্ব নাই, কেননা রাজ্যে যখনই গোলমাল উপস্থিত হইয়াছে তখনই তাহার ব্যবস্থা করিবার জন্য ইংরাজ সরকারের সাহায্য প্রার্থনা করা হইয়াছে। রাজার আত্মীয়গণের মধ্যে ধৈর্য্যেন্দ্রনারায়ণের বৈমাত্রেয় ভ্রাতা সুরেন্দ্রনারায়ণ রাজমাতা কর্তৃক দেওয়ান দেওর পদে বহাল হইয়াছেন। পরলোকগত রাজার আমলেও তিনি এই পদে অধিষ্ঠিত ছিলেন। অপর বৈমাত্রেয় ভ্রাতা বৈকুণ্ঠনারায়ণ অকর্ম্মণ্য ও চরিত্রহীন, নাজির দেও খগেন্দ্রনারায়ণ ষড়যন্ত্রপ্রবণ। মূর সাহেব যতদূর শুনিয়াছিলেন তাহাতে খগেন্দ্রনারায়ণের রাজ্য শাসন করা অপেক্ষা দস্যুদলের সর্দ্দারী করিবার যোগ্যতা বেশী ছিল। বাকী রহিলেন সর্ব্বানন্দ ও কাশিকান্ত। ইহারা দুইজনেই রাজা ধৈর্য্যেন্দ্রনারায়ণের সময় হইতে রাজ্যের সেবা

করিয়া আসিতেছেন। সর্ব্বানন্দ স্বর্গীয় রাজার মুক্তিয়ার ও কাশিকান্ত তাঁহার দেওয়ান ছিলেন। ইঁহারা দুই জনেই সচ্চরিত্র এবং কুচবিহার অঞ্চলের সকলের শ্রদ্ধা ও প্রীতির পাত্র। দুই জনেরই বয়স ষাট বৎসরের কাছাকাছি। ("They are both near sixty years of age, and from every information I have been able to obtain, are men of unexceptional characters and both revered and beloved throughout the neighbourhood of Beyhar.") অতএব নাবালক রাজা বয়ঃপ্রাপ্ত না হওয়া পর্য্যন্ত মূর সাহেবের মতে সুরেন্দ্রনারায়ণ, সর্ব্বানন্দ ও কাশিকান্তের পরামর্শেই রাণীর রাজ্য শাসন করা সঙ্গত। নিরাপত্তার নিমিত্ত সর্ব্বানন্দ ও কাশিকান্তের বিশেষ অনুরোধে মূর সাহেব ইঁহাদের সঙ্গে একজন কর্ম্মচারী ও কয়েকজন সিপাহী ("an escort of sepoys for their protection and an officer") দিয়াছিলেন।

মূর সাহেব কুচবিহারে না গিয়াই রঙ্গপুরে বসিয়া তাঁহার তদন্ত সমাধা করিয়াছিলেন। এরূপ তদন্তের ফল একেবারে নির্ভুল হইলেই বিস্ময়ের বিষয় হইত। এতদ্ব্যতীত তাঁহার বিচার প্রণালীতেও ত্রুটি ছিল। যেহেতু মহীনারায়ণের পূর্ব্বে এক ব্রাহ্মণ সেনাপতি ছিল এবং যেহেতু তদন্তের সময় পর্য্যন্ত ঐ ব্রাহ্মণের বংশ বিদ্যমান ছিল, যেহেতু মহীনারায়ণের বংশে নিঃসন্তান পিতৃব্যের পদে ভ্রাতুষ্পুত্রের নিয়োগ দেখা যায় এবং রাজা মধ্যে মধ্যে এক দেওয়ান দেওকে পদচ্যুত করিয়া অপর দেওয়ান দেও নিযুক্ত করিয়াছিলেন, অতএব মূর সাহেব বলিতেছেন যে নাজির দেও ও দেওয়ান দেওর পদ বংশানুক্রমিক (hereditary) বলিয়া বিবেচিত হইতে পারে না। এই কথাটি তিনি স্পষ্ট করিয়া বলেন নাই, বংশলতিকার টীকা টিপ্পনীতে ইঙ্গিত করিয়াছেন মাত্র। কিন্তু এরূপ যুক্তির আশ্রয় গ্রহণ করিলে রাজা রূপনারায়ণ ও ধৈর্য্যেন্দ্রনারায়ণের দৃষ্টান্তের সাহায্যে সহজেই প্রমাণ করা যায় যে অবস্থা বিশেষে নাজির দেওর রাজা নির্ব্বাচন করিবার অধিকার ছিল এবং মহীনারায়ণের বংশে সর্ব্বদা যখন অগ্রজের অধিকার অব্যাহত থাকে নাই তখন নাজির দেও রাজবংশ হইতে যাঁহাকে ইচ্ছা সিংহাসনে বসাইতে পারিতেন। নাজির দেও সন্তনারায়ণ রাজ্যের বিশৃঙ্খলার সুযোগ লইয়া নিজের বলবৃদ্ধি করিয়াছিলেন ইহা সত্য, এবং রাজা অপেক্ষা প্রবল হইয়াছিলেন বলিয়া তিনি রাজস্ব বিভাগের সময়ে নিজের অংশে ।৵০-রও অধিক রাখিতে পারিয়াছিলেন। এই বিভাগ যতই অন্যায় হউক না কেন রূপনারায়ণ হইতে ধৈর্য্যেন্দ্রনারায়ণ পর্য্যন্ত সকল রাজাই ইহা মানিয়া লইয়াছিলেন এবং সৈন্য বিভাগের ব্যয় এ পর্য্যন্ত নাজির দেও ও তাঁহার কর্ম্মচারিগণের হস্তেই হইয়াছে। আসল কথা, ইংলণ্ডের ন্যায় ভারতীয় কোন রাজ্যেই শাসনতন্ত্রের (Constitution) কোন নির্দ্দিষ্ট নিয়ম ছিল না। সুতরাং দীর্ঘকালের অব্যবহারে রাজার কোন অধিকার লোপ পাইয়াছিল, আর দীর্ঘকালের ব্যবহারে নাজির দেওর কোন অধিকার আইনের মর্য্যাদা লাভ করিয়াছিল তাহা স্থির করিবার চেষ্টা পণ্ডশ্রম মাত্র। রাজার পক্ষে বলা যাইতে পারে যে, একজন কর্ম্মচারীকে

অতখানি ক্ষমতা দিলে রাজা চলিতে পারে কিন্তু রাজাকে তাঁহার হাতের পুতুল হইয়া থাকিতে হয়। পরবর্ত্তী কালে কুচবিহারের ইংরাজ কমিশনারেরা ঠিক এই কথাই বলিয়াছিলেন, কিন্তু নাজির দেওর পদ বংশানুক্রমিক নহে, একথা তাঁহারা বলিতে পারেন নাই।

রাণী কমতেশ্বরী ও রাজগুরু সর্ব্বানন্দের প্রভুত্বে কুচবিহার রাজ্যের ক্ষতি—

নাবালক হরেন্দ্রনারায়ণের রাজ্যের শাসন সংরক্ষণের জন্য যে ব্যবস্থা মূর সাহেব করিয়াছিলেন কুচবিহারের পক্ষে তাহাও কল্যাণকর হয় নাই। সুরেন্দ্রনারায়ণ নামে মন্ত্রী হইলেও কখনও কোন বিষয়ে তাঁহার পরামর্শ লওয়া হইয়াছে বলিয়া মনে হয় না। সকল বিষয়ের প্রকৃত কর্ত্তৃত্ব সর্ব্বানন্দ গোসাঞি ও কাশিকান্ত লাহিড়ীর হস্তগত হইয়াছিল। ১৭৯০ খৃষ্টাব্দের ১৯শে মে কুচবিহারের কমিশনার ডগলাস সাহেব বড়লাট লর্ড কর্ণওয়ালিসের নিকট যে রিপোর্ট দিয়াছিলেন তাহাতে প্রকাশ যে এই দুইটি সচ্চরিত্র, সহৃদয় কর্ম্মচারীর সুশাসনে কুচবিহারের অনেক প্রজা পূর্ব্ব পুরুষের ভিটা ছাড়িয়া দেশান্তরী হইয়াছিল এবং রাজস্বের পরিমাণ ক্রমাগতই হ্রাস পাইতেছিল। পারলিং সাহেবের হিসাব মত কুচবিহারের বার্ষিক আয় ছিল প্রায় দুই লক্ষ নারায়ণী টাকা (১,৯৯, ১২০।৴৫)। নাজির দেওর সমস্ত ভূসম্পত্তি এবং দেওয়ান দেওর ভূসম্পত্তির কিয়দংশ সরকারে বাজেয়াপ্ত হইবার পরও বাঙ্গালা ১১৯৫ সালে ১,৪১,২৩০ ৶৩ পাইর অধিক আদায় হয় নাই। পর বৎসর রাজস্বের পরিমাণ আরও কমিয়া গিয়া ১,১৯,৯৪৬৸৶১৬৴০ ক্রান্তিতে দাড়াইয়াছিল। ("Thus harassed and oppressed, numbers of the ryots were obliged to leave their native country and the revenues falling short in consequence of this and from the alienation of lands the remaining inhabitants were obliged to make good the deficiency. ····Upon learning all these particulars, your Lordship will not be surprised that in the Year 1195, the clear revenue of Behar, including the whole of the Nazir Deo's and part of the Dewan Deo's private lands which had been confiscated, only amounted to Narainy Rupees 1,41,230-3-3, and in 1196, it was reduced to Narainy Rupees 1,19,946-11-16-1"). রাজ্যের আয় কমিয়াছিল বলিয়া রাজগুরু ও দেওয়ানের আয়ও হ্রাস পাইয়াছিল মনে করিলে ভুল হইবে। এই দুইটি নির্লোভ ব্রাহ্মণ বোধ হয় কোচ রাজবংশের কল্যাণ কামনায়ই এই সময় মহারাণীর নিকট হইতে রাজার নামে ভূমি দান গ্রহণ করিয়াছিলেন। ম্লেচ্ছ ডগলাস সাহেব তাঁহাদের উদ্দেশ্য বুঝিতে পারেন নাই বলিয়া এই দান তাঁহার বিচারে অসিদ্ধ বলিয়া বিবেচিত হইয়াছিল। ("As very considerable grants of *Jagheer*, *Birhmotter* lands etc. have been made, the possessors of them

should be called on to produce their *Sununds* and, where the grants appear to be illegal, it should be resumed. If I may credit the information I have received, the Gossain Sarbananda is in the possession of the greater part of these lands......on the Nazir Deo's losing his power, the Gossain Sarbananda immediately possessed himself of the greater part of the *Pate Buttah* (or private lands) of that person in the chaklahs Bodah, Patgong and Poorubbaug ; a very small part was given up to the Rajah and the remainder was divided between himself and the Rajah's Dewan Cashikant Lahowry. It is true that they obtained a *Sunund* from the Maharani under the seal of the infant Rajah ; but, I presume, it will be thought that she could have no right to give away lands, which ought in the common justice to have devolved to the Rajah, and that, the grant being illegal and invalid, the lands ought immediately to be resumed"). শিশু রাজার সকল ক্ষমতা অব্যাহত রাখিবার জন্য সর্ব্বানন্দের এত আগ্রহ ছিল কেন অনুমান করা কঠিন নহে। ১৭৮৮ সালে লরেন্স মারসার ও জন লুই সোভেট কুচবিহারের বিশৃঙ্খলার তদন্ত করিয়া মন্তব্য করিয়াছিলেন যে, আপনাদের স্বার্থরক্ষার জন্যই রাজার পার্শ্বচরেরা তাঁহার স্বাধীন ক্ষমতার সমর্থন করে। (Jenkins, p. 38).

সর্ব্বানন্দের সর্ব্বগ্রাসী বুভুক্ষাই কুচবিহারের রাজস্বহানির একমাত্র কারণ নহে। রাণী কমতেশ্বরীও সপত্নী-পুত্রের সম্পত্তির প্রতি লোভ সম্বরণ করিতে পারেন নাই। বড়লাটের নিকট লিখিত পত্রে তিনি "বাবা মহারাজের" মঙ্গলের জন্য যতই উৎকণ্ঠা প্রকাশ করুন না কেন, তাঁহার সম্পত্তি রক্ষার দিকে "মাতা মহারাণীর" খুব প্রখর দৃষ্টি ছিল বলিয়া মনে হয় না। ডগলাস সাহেবের রিপোর্টে প্রকাশ যে কুচবিহারে বালক মহারাজার যে নিজস্ব ভূসম্পত্তি ছিল তাহা সমস্তই রাণী কমতেশ্বরী অবৈধভাবে আত্মসাৎ করিয়াছিলেন। ("The Maharani has, without the smallest right, possessed herself of the whole of the Rajah's private lands in Behar, the amount of which, agreeably to the accounts delivered unto me, appears to be Narainy Rupees 15, 883 per annum, but which I believe very short of the real produce of them").

রাজমাতা কমতেশ্বরী, রাজগুরু সর্ব্বানন্দ ও দেওয়ান কাশিকান্তের শাসনে "নমকহারাম" নাজির দেওর হয়ত নির্য্যাতনের সুষ্ঠু ব্যবস্থাই হইয়াছিল, সঙ্গে সঙ্গে কুচবিহার

উদ্ধার হইবার উপক্রমও হইয়াছিল। সুতরাং চারি বৎসরের মধ্যেই কুচবিহারে আবার বিদ্রোহ আরম্ভ হইল।

কুচবিহারে বিদ্রোহ—

নাজির দেওর পেটভাতা জমিতে রাজমন্ত্রিগণের পেট ভরে নাই। তাঁহারা রাজবংশীয় অন্যান্য প্রধান কর্ম্মচারী ও "রাজগণে"র জায়গীর বাজেয়াপ্ত করিতে লাগিলেন। নিরীহ বা নির্ব্বিরোধী বলিয়া দেওয়ান দেও-ও তাঁহাদের ভূমিলিপ্সা হইতে অব্যাহতি পাইলেন না। খগেন্দ্রনারায়ণ তখন কারাগার হইতে মুক্তি পাইয়া প্রাণের ভয়ে আসামে পলায়ন করিয়াছেন। কুচবিহার হইতে দূরে থাকিলেও বিদ্রোহের ষড়যন্ত্রের কথা যে তাঁহার অজ্ঞাত ছিল এরূপ মনে হয় না। তাঁহার পিতৃব্য-পত্নী মরিচমতী, পুত্র বীরেন্দ্র নারায়ণ, ভ্রাতা ভগবন্তনারায়ণ এবং রাজার পিতৃব্য বৈকুণ্ঠনারায়ণ ১৭৮৭ খৃষ্টাব্দের বিদ্রোহে প্রত্যক্ষ ভাবে লিপ্ত হইয়াছিলেন। অন্ততঃ রাজা ও রাজমাতার পত্রে (১২ ও ১৩ নং পত্র) তাঁহাদিগের বিরুদ্ধে এইরূপ অভিযোগই করা হইয়াছে। রাণী মরিচমতী এই ঘটনার যে বিবরণ দিয়াছেন (১১ নং পত্র) তাহার সহিত রাজা ও রাজমাতার প্রদত্ত বিবরণের স্বভাবতঃই ঐক্য নাই। কুচবিহারের সরকারী ইতিহাসে দেখা যায় যে খগেন্দ্রনারায়ণের শ্বশুর রাঙ্গামাটির বুলচন্দ্র বড়ুয়া ও তাঁহার পুত্র বীরচন্দ্রও এই বিদ্রোহে সাহায্য করিয়াছিলেন। কিন্তু রাজা বা রাজমাতার পত্রে তাঁহাদের বিরুদ্ধে কোন স্পষ্ট অভিযোগ নাই। বুলচন্দ্রও মহারাজা বিশ্বসিংহের বংশধর ছিলেন (ছিলা রায়ের পৌত্র পরীক্ষিতনারায়ণের বংশধর)। নাজির দেওর নিকট আত্মীয় হিসাবে কুচবিহারের আভ্যন্তরীণ ব্যাপার সম্বন্ধে তাঁহার একেবারে উদাসীন থাকিবার কথা নহে। কারাদণ্ড ভোগ করিলেও তাঁহারা প্রত্যক্ষ ভাবে বিদ্রোহে লিপ্ত হন নাই। বিদ্রোহী নায়কেরা গোপনে এক দল সৈন্য সংগ্রহ করেন। এই সৈন্য দলের নেতা ছিল গণেশগীর নামক একজন সন্ন্যাসী। এক দিন নিশাযোগে বিদ্রোহারা রাজবাড়ী আক্রমণ করিয়া রাজা ও রাজমাতাকে বন্দী করিয়া বলরামপুরে নাজির দেওর বাড়ীতে লইয়া আসিল। প্রাসাদরক্ষী সিপাহারা তাহাদিগকে কোন বাধা দেয় নাই, সুতরাং দুই জনের অধিক লোক হতাহত হয় নাই। এই সময় যে রাজবাড়ী লুন্ঠিত হইয়াছিল এবং বিদ্রোহীরা রাজা ও রাজমাতার প্রতি তাঁহাদের পদের যোগ্য ব্যবহার করে নাই বলিয়া অভিযোগ হইয়াছিল, ইহা অবিশ্বাস করিবার কারণ নাই। সর্ব্বানন্দ ও কাশিকান্ত বন্দী রাজাকে উদ্ধার করিতে অসমর্থ হইয়া রঙ্গপুরের কালেক্টর ডে. হার্ট ম্যাক্‌ডাওয়েলের (বাঙ্গালা পত্রের মেথডোর) শরণাপন্ন হইলেন। তিনি কাপ্তেন রটনকে ফৌজ সহ বলরামপুরে পাঠাইয়া রাজা ও রাজমাতাকে উদ্ধার করিলেন। মরিচমতী, ভগবন্তনারায়ণ, বৈকুণ্ঠনারায়ণ ও গণেশগীরকে গ্রেপ্তার করিয়া রঙ্গপুরে পাঠান হইল। এই সময় নাজির দেওর ঘর বাড়ী ও সম্পত্তি লুন্ঠিত হইয়াছিল বলিয়া মরিচমতী যে অভিযোগ করিয়াছেন তাহা সত্য হওয়াই সম্ভব।

রঙ্গপুরের পথে বন্দীদিগের প্রতি দুর্ব্যবহার হওয়াও অসম্ভব নহে। নাজির দেওর পক্ষ রাজার প্রতি কিছুদিন পূর্ব্বে যে অসদ্ব্যবহার করিয়াছিল সর্ব্বানন্দের অনুচরেরা এই সুযোগে তাহার প্রতিশোধ লইয়া থাকিবে।

কোম্পানীর নিযুক্ত তদন্ত কমিশন—

১৭৮৭ সালের বিদ্রোহের পরিণাম ফল রাজ্যের পক্ষে মঙ্গলজনক হইলেও রাজ-গুরু ও রাণী মাতার পক্ষে শুভ হয় নাই। এই বিদ্রোহের পর কলিকাতার কর্ত্তৃপক্ষ আর কুচবিহার সম্পর্কে উদাসীন থাকিতে পারিলেন না। তাঁহারা আর রঙ্গপুরের কালেক্টরের রিপোর্টের উপর নির্ভর না করিয়া পাটনার দেওয়ানী আদালতের জজ লরেন্স মারসার (Lawrence Mercer, বাঙ্গালা পত্রের মেস্তর মেরসর) ও বাঙ্গালা ও পারশী ভাষায় অভিজ্ঞ জন লুই সোভেটের (J. L. Chauvet, বাঙ্গালা পত্রের শুবিট—ইনি কুচবিহার হইতে ফিরিবার পর রাজস্ব বিভাগের বাঙ্গলা ও পারশী অনুবাদক নিযুক্ত হইয়াছিলেন) উপর স্বাধীনভাবে কুচবিহারের বিষয় তদন্ত করিবার ভার দিলেন। পলাতক খগেন্দ্রনারায়ণ এই কমিশনের সম্মুখে তাঁহার দাবীর সমর্থনে দলিলপত্র উপস্থিত করিতে আহুত হইলেন। ইংরাজ সরকার তাঁহাকে আশ্বাস দিলেন যে ছয় মাসের মধ্যে কমিশনের সম্মুখে অথবা রঙ্গপুরের কালেক্টরের নিকট উপস্থিত হইলে তাঁহার পূর্ব্ব অপরাধ ক্ষমা করা হইবে। বলা বাহুল্য যে রাণীর পক্ষ এই সংবাদে সন্তুষ্ট হইতে পারে নাই। রাজা ও নাজির দেওর দাবীর সামঞ্জস্য করা কমিশনের পক্ষে সম্ভব ছিল না। রাজার পক্ষের কথা— নাজির-দেও তাঁহার ভৃত্য। তিনি অপরাধ করিয়াছেন, সুতরাং দণ্ড স্বরূপ তাঁহার সম্পত্তি কাড়িয়া লওয়া হইয়াছে, তাঁহাকে বরখাস্ত করিয়া তাঁহার স্থলে অন্য লোক নিযুক্ত করা হইয়াছে। ইহাতে রাজা তাঁহার ন্যায্য ক্ষমতার সীমা অতিক্রম করেন নাই। নাজির দেওর পদ পুরুষানুক্রমিক নহে, তিনি রাজস্বের অংশীদার নহেন। নাজির দেওর দাবী— তাঁহাকে তাঁহার পুরুষানুক্রমিক পদ হইতে বিচ্যুত করিবার অধিকার রাজার নাই। তিনি রাজস্বের ॥৴২॥ অংশের অধিকারী। চাকলা বোদা, পাটগ্রাম ও পূর্ব্বভাগ তাঁহার নিজস্ব জমিদারী, এই সকল সম্পত্তি হইতে তিনি অন্যায় ভাবে বঞ্চিত হইয়াছেন। তাঁহার সম্পত্তি আবার তাঁহাকে ফিরাইয়া দেওয়া হউক। নাজির দেও হিসাবে তাঁহার রাজা নির্ব্বাচন করিবার অধিকার আছে। ইংরাজ সরকার নাজির দেওর দাবীর চূড়ান্ত মীমাংসা কখনও করেন নাই। সরকারী কাগজপত্রে মধ্যে মধ্যে তাহাকে ভূতপূর্ব্ব নাজির দেও বলিয়া অভিহিত করা হইয়াছে সত্য, কিন্তু তিনি, তাঁহার পুত্র এবং পৌত্র নাজির দেও উপাধি ব্যবহার করিয়াছেন এবং সরকারী চিঠিপত্রেও তাঁহাদের নাজির দেও বলিয়া পরিচয় দেওয়া হইয়াছে এবং সম্বোধন করা হইয়াছে। ১৮২৫ সালে খগেন্দ্রনারায়ণের পৌত্র ভবনারায়ণের মৃত্যুর পর তাঁহার উত্তরাধিকারী এই সম্মান হইতে বঞ্চিত হন। কিন্তু খগেন্দ্রনারায়ণের পদচ্যুতির পর রাজমাতা যাঁহাকে সেনাপতি নিযুক্ত করিয়াছিলেন সরকারী কাগজ-

CENTRAL LIBRARY

পত্রে তাঁহাকে কখনও নাজির দেও বলিয়া স্বীকার করা হয় নাই। চাকলা বোদা, পাটগ্রাম ও পূর্ব্বভাগ সম্বন্ধে ইংরাজ সরকার সিদ্ধান্ত করিয়াছিলেন যে নাজির দেও এই তিনটি চাকলার জমিদার নহেন, রাজার পক্ষের বেনামদার। কিন্তু রাজস্বের ॥৵২॥ অংশে তাঁহার দাবী ন্যায্য কিনা সে সম্বন্ধে গভর্ণমেণ্ট কোন স্পষ্ট মত প্রকাশ করা সমীচীন বোধ করেন নাই। যে ব্যবস্থায় রাজা অপেক্ষা সেনাপতির অধিক প্রতিপত্তিশালী ও ক্ষমতাশালী হওয়ার সম্ভাবনা সে ব্যবস্থা রাজ্যের পক্ষে কল্যাণকর হইতে পারে না। কিন্তু পূর্ব্ব প্রথা নাজির দেওর অনুকূল ছিল বলিয়াই বোধ হয় ইংরাজ সরকার এ সম্বন্ধে কোন স্পষ্ট মত প্রকাশ করেন নাই।

কমিশনের সম্মুখে সাক্ষ্যদান কালে কাশিকান্ত লাহিড়ী স্পষ্টই স্বীকার করিয়াছিলেন যে রাজা, নাজির ও দেওয়ান তিন জনের কর্ম্মচারী হিসাবেই তিনি রাজস্ব আদায় করিতেন এবং নাজির দেও রাজস্বের ॥৵২॥ অংশের হিস্সাদার ছিলেন। পরবর্ত্তীকালে কুচবিহারের কমিশনার রাজ্যের তিন হিস্সার কথা কখনও কখনও স্বীকার করিয়াছেন। ১৭৯৯ খৃষ্টাব্দে মাত্র তের বৎসর বয়সে দেওয়ান দেও নগেন্দ্রনারায়ণের মৃত্যু হয়। তখন কমিশনার রিচার্ড আমটি রাজস্ব বিভাগের সেক্রেটারী টাকার সাহেবকে যে চিঠি লিখিয়াছিলেন তাহাতে কুচবিহারের তিন হিস্সার উল্লেখ আছে।

To

H. L. G. Tucker, Esq.,

Secretary to the Revenue Department,

Fort William.

Sir,

I have to request you will be pleased to report to the Hon'ble the Vice-President in Council that Nagendra Narain, Dewan Deo, proprietor of a share of two annas, of Thanna Behar, died this morning at 9 a.m. after a lingering illness of twelve days, aged thirteen years and 6 months.

2. You will further be pleased to furnish me with the orders of Government whether the lands possessed by the deceased are to revert to the Rajah, or to be granted to his lawful heir (his brother) Jebinder Narayan, agreeably to the tripartite division of the country.

Cooch Behar, I have etc.

The 12th April, 1799. Sd. R. Ahmuty,

Commissioner.

অস্তার্থ :—"মহাশয়, আমার অনুরোধ আপনি অনুগ্রহ করিয়া সকাউন্সিল মাননীয় ভাইস প্রেসিডেন্ট মহাশয়কে জানাইবেন যে অদ্য প্রাতে ৯টার সময় থানা বিহারের ছুই আনার মালিক নগেন্দ্রনারায়ণ দেওয়ান দেওর বারো দিন রোগ ভোগের পর তের বৎসর ছয় মাস বয়সে মৃত্যু হইয়াছে।

মৃতের ভূসম্পত্তি এখন রাজার সম্পত্তিভুক্ত হইবে, না রাজ্যের তিন হিস্তার বিভাগ অনুসারে তাহার বৈধ উত্তরাধিকারী ও ভ্রাতা জীবেন্দ্রনারায়ণ পাইবেন, এতৎসম্বন্ধে সরকারের সিদ্ধান্ত আমাকে অনুগ্রহ করিয়া জানাইবেন।"

এই প্রসঙ্গে বলা প্রয়োজন যে জীবেন্দ্রনারায়ণ ভ্রাতার পরিত্যক্ত পদ ও সম্পত্তি লাভ করিয়াছিলেন। নাজির দেওর অধিকার সম্বন্ধে কমিশনার ডগলাস সাহেব ১৭৯১ খৃষ্টাব্দের ১৫ই মার্চ্চ বড় লাট লর্ড কর্ণওয়ালিসকে যে পত্র লিখিয়াছিলেন তাহাও দ্রষ্টব্য (Cooch Bihar Select Records, Vol. I, pp. 40-41)। ১৮০৪ সালের ২রা মার্চ্চ বড়লাট রাজা হরেন্দ্রনারায়ণকে যে চিঠি লিখিয়াছেন তাহাতেও নাজির দেও ও দেওয়ান দেওর দাবীর বিচার ভবিষ্যতে করা হইবে এইরূপ কথা আছে। ("That gentleman has probably informed you, that it was the intention of Government to take the claims of those officers into consideration at a future period of time"). কুচবিহারের সরকারী ইতিহাসের মতে মারসার ও সোভেটের রিপোর্ট পাইয়াই ইংরাজ সরকার নাজির দেওর দাবী অগ্রাহ্য করিয়াছিলেন। এই উক্তির সমর্থনে কি প্রমাণ আছে জানি না। ১৮০৩ সালের ২০শে জানুয়ারী তারিখের পত্রে স্পষ্টই লেখা হইয়াছে যে এই সম্বন্ধে গভর্ণমেণ্ট তখন পর্য্যন্ত কোন অভিমত প্রকাশ করেন নাই ......("of this nature, are the claims of the Nazir Deo and Dewan Deo upon which, owing to the intricate nature of the claims and the difficulties attending the investigation, no decision has yet been passed"). সরকারী কাগজ-পত্র পড়িয়া মনে হয় যে এই জটিল বিষয়ের কোন চূড়ান্ত মীমাংসা না করিয়া যতদিন সম্ভব কালক্ষেপ করাই কলিকাতার কর্ত্তৃপক্ষের অভিপ্রায় ছিল। তাঁহারা স্থির করিয়াছিলেন যে নাজির দেওর গ্রাসাচ্ছাদনের ও নিরাপত্তার একটা উপযুক্ত ব্যবস্থা করিতে হইবে।

মারসার ও সোভেট কেবল রাজা ও নাজির দেওর বিরোধের বিষয় তদন্ত করিতে যান নাই, কুচবিহারের শাসন ব্যবস্থা সম্বন্ধেও তাঁহাদিগকে অভিমত প্রকাশ করিতে হইয়াছিল। তাঁহারা স্পষ্টই বলিলেন, এতদিন যে ব্যবস্থা চলিয়াছে তাহা রাজ্যের পক্ষে কল্যাণকর নহে। রাজ্যের মধ্যে ছুইটি পরস্পর-বিরোধী পক্ষ থাকায় ভয়ানক অরাজকতা হইয়াছে। কোন পক্ষই রাজ্যের মঙ্গলের দিকে দৃষ্টিপাত করেন নাই, কেমন করিয়া বিপক্ষের সর্ব্বনাশ করিবেন ইহাই ছিল তাঁহাদের একমাত্র লক্ষ্য। ইহাতে যে অশান্তি ও উপদ্রবের সৃষ্টি হইয়াছে তাহাতে উর্দ্ধতন রাজশক্তির প্রতিনিধি হিসাবে রঙ্গপুরের

CENTRAL LIBRARY

কালেক্টরেরা বারবার কুচবিহারের শাসন ব্যাপারে হস্তক্ষেপ করিয়াছেন। কিন্তু তাঁহারা কোন নির্দ্দিষ্ট নীতি অনুসরণ না করায় রাজ্যের হিত অপেক্ষা অহিত হইয়াছে বেশী। ("An interference which, being directed in its operations by no fixed principle, is far from composing these disorders, has served merely to give to one or other of the parties in which the country is divided, a temporary triumph over its opponents, and a sanction to its vengeance"). বাস্তবিকই একবার এক কালেক্টরের সাহায্যে এক পক্ষের নির্য্যাতন, বারান্তরে আর এক কালেক্টরের অনুমোদনে অপর পক্ষের নিগ্রহের জন্যই কুচবিহারের অশান্তির আর শেষ হইতেছিল না। অতএব কমিশনারেরা সিদ্ধান্ত করিলেন এই দুই দলের কাহারও হাতে অপ্রতিহত ক্ষমতা দেওয়া চলিবে না, রঙ্গপুরের কালেক্টরের তত্ত্বাবধানও বাঞ্ছনীয় নহে। ("The sole uncontrolled management to any of the late adherents of either party would be attended with no good consequence whatever, but would have a direct tendency to perpetuate the disorder of the country.") কোম্পানীর একজন কর্ম্মচারীকে কুচবিহারের কমিশনার নিযুক্ত করা উচিত। তিনি কুচবিহারে থাকিয়া রাজা ও রাজ্যের মঙ্গল বিধান করিবেন। তদন্ত শেষ হইবা মাত্র রাজা বা নাজির দেও কোন পক্ষই কমিশনারদিগের মন্তব্য জানিতে পারেন নাই। দুই পক্ষের উদ্বেগ শ্যামচন্দ্র রায়, নাজির দেও, রাজা হরেন্দ্রনারায়ণ ও রাজমাতা কমতেশ্বরীর (২ নং, ২২ নং, ২৬নং ও ২৭ নং পত্র) চিঠিতে প্রকাশ পাইয়াছে। সর্ব্বানন্দের ভবিষ্যৎ সম্বন্ধে বোধ হয় এই সময় রাজমাতার মনে বিশেষ আশঙ্কা হইয়াছিল; সেই জন্যই রাজা ও তাঁহার অভিভাবিকা বড়লাটকে সর্ব্বানন্দের অনুকূলে একখানি পরোয়ানা দিতে এমন সনির্ব্বন্ধ অনুরোধ করিয়াছিলেন। কিন্তু মূর সাহেবের প্রশংসা পত্র তখন পুরাতন হইয়া গিয়াছে, সর্ব্বানন্দের সচ্চরিত্র ও জনপ্রিয়তার খ্যাতিও তখন মলিন হইয়া গিয়াছে। ইহার কয়েক বৎসর পরে সর্ব্বানন্দ রাজগুরুর প্রাপ্য দৈনিক প্রণামী ও নিয়মিত বৃত্তি পাইবার জন্য আবেদন করিয়াছিলেন, রাজা সেই আবেদনের সমর্থন করিয়াছিলেন, কিন্তু বড়লাট রাজা ও রাজগুরুর মিলিত প্রার্থনায় কর্ণপাত করেন নাই।

রাণী কমতেশ্বরীর প্রভুত্বের বিলোপ—

ইহার কিছুদিন পরে রাণী কমতেশ্বরী শুনিলেন যে সর্ট সাহেব (২৮ নং পত্রের মেস্তর সার্ট সাহেব; T. V. Short; *Abstracts of General Letters to and from Court of Directors*, Vol. I হইতে দেখা যায় ১৭৮৯ সালের ১০ই মার্চ্চ ও ১০ই আগষ্টের মধ্যে কোন সময় টি. ভি. সর্ট কুচবিহারের শৃঙ্খলা স্থাপনের ভার পাইয়াছিলেন) কুচবিহারের কর্ত্তা হইয়া আসিতেছেন, স্বামী-পুত্রের রাজ্যে তাঁহার আর কোন কর্তৃত্ব

BCU 1476

CENTRAL LIBRARY

থাকিবে না। মূর সাহেবের ভাষায় যিনি স্বামীর জীবিত কালেও রাজ্যের "মালিক" বলিয়া পরিচিত ছিলেন, তাঁহার এতদপেক্ষা অধিক অপমান আর কি হইতে পারে? কমতেশ্বরী মর্ট সাহেবকে জানাইলেন যে রঙ্গপুর অঞ্চলের জমিদারদিগের মধ্যে কোন মহিলার এমন অসম্মান হয় নাই। কিন্তু কিছুতেই কিছু হইল না; ডগলাস সাহেব কুচবিহারের কমিশনার নিযুক্ত হইলেন। রাজার খাস জমিদারী তাঁহার হস্তচ্যুত হইল, বিনিময়ে তিনি মাসিক ৬০০৲ টাকা মাত্র বৃত্তি পাইলেন। রাণীর কর্ম্মচারীদিগের ধারণা ছিল যে ডগলাস সাহেব অল্প দিনের জন্য কুচবিহারে আসিয়াছেন, কিছুদিন পরেই আবার চলিয়া যাইবেন। সুতরাং তাঁহারা তাহাকে সরকারী কাগজ পত্র দিয়াও সাহায্য করেন নাই, রাজস্ব সংক্রান্ত বহু তথ্য গোপন করিয়া তাঁহার কার্য্যের অসুবিধা ঘটাইয়াছেন। কুচবিহারের রাজস্বের বন্দোবস্ত আমাদের আলোচনার বহির্ভূত। ডগলাস সাহেবের আমলে স্থির হইল যে, যে পর্য্যন্ত নাজির দেওর দাবীর চূড়ান্ত নিষ্পত্তি না হইবে সে পর্য্যন্ত কুচবিহারের রাজ সরকার হইতে তিনি মাসিক ৫০০৲ টাকা বৃত্তি পাইবেন এবং যাহাতে ভবিষ্যতে কুচবিহারের রাজকর্ম্মচারী-দিগের সহিত তাঁহার বিরোধ না হইতে পারে সেই জন্য তাঁহাকে তাঁহার বাসগ্রাম বলরামপুরের চতুর্দ্দিকে দুই ক্রোশ করিয়া জায়গা জায়গীর দেওয়া হইবে। (খগেন্দ্র-নারায়ণের পত্র, নং ৯৬) ইংরাজ সরকার ভাবিয়াছিলেন যে এই সীমানার মধ্যে রাজা বা রাজকর্ম্মচারীরা কোন প্রকারের ক্ষমতা পরিচালনা করিতে যাইবেন না, নাজির দেও তাঁহার লোকজন লইয়া নিরুপদ্রবে ও নিরুদ্বেগে বলরামপুরে বাস করিবেন।

বলরামপুরের জায়গীরের আয় বেশী ছিল না। চারি ক্রোশ সীমানার মধ্যে দেওয়ান দেওর কিছু জায়গীর ছিল, রাজবংশের অন্যান্য লোকেরও লাখেরাজ ছিল এবং নাজির দেওর পূর্ব্বপুরুষেরাও কিছু নিষ্কর জমি দান করিয়াছিলেন। জায়গীরের প্রায় অর্দ্ধেক জায়গা ছিল নলবনে আচ্ছন্ন, তাহাও আবার বর্ষার সময়ে ডুবিয়া যাইত। অথচ নাজির দেওর পরিজনের সংখ্যা নিতান্ত কম ছিল না। তাঁহার নিজেরই প্রায় পাঁচ শত অন্তঃপুরিকা ছিল। কিন্তু যতদিন কুচবিহারের শাসনভার ইংরাজ কমিশনারের হাতে ছিল ততদিন বৃত্তির টাকায় কোন রকমে চলিয়া যাইত।

হরেন্দ্রনারায়ণের কুশাসন—

১৮০১ সালে রাজা হরেন্দ্রনারায়ণ সাবালক হইয়া স্বাধীন ভাবে রাজ্য শাসনের ভার পাইলেন। রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট হইলেন কুচবিহারের কমিশনার। বড়লাটের অভিপ্রায় ছিল যে সাধ্যপক্ষে কমিশনার কুচবিহারের শাসনকার্য্যে হস্তক্ষেপ করিবেন না, প্রয়োজন বোধ করিলে শাসনসংক্রান্ত বিষয়ে রাজাকে উপদেশ দিবেন মাত্র। সুতরাং কুচবিহারে আবার কুচক্রীদিগের প্রাধান্য হইল। একাধিক কমিশনার লিখিয়া গিয়াছেন যে হরেন্দ্র নারায়ণ রাজকার্য্যে শৈথিল্য প্রদর্শন করিতেন, অধিকাংশ সময় অন্তঃপুরে অতিবাহিত করিতেন এবং কূটবুদ্ধি পার্শ্বচরদিগের কুপরামর্শে পরিচালিত হইতেন।

GS 3658

CENTRAL LIBRARY

নাজির দেও খগেন্দ্রনারায়ণের শেষ জীবন ও তাঁহার বংশধরগণ—

শাসনভার হাতে পাইয়াই হরেন্দ্রনারায়ণ নাজির দেওর প্রতি বৈর নির্যাতনে বদ্ধপরিকর হইলেন। তাঁহাকে হাতে এবং ভাতে উভয় প্রকারে মারিবার ব্যবস্থা হইল। নাজির দেওর মাসিক বৃত্তি বন্ধ হইয়া গেল। তাঁহার জায়গীরের মধ্যে রাজার কর্ম্মচারীরা নানাপ্রকার অনাচার অত্যাচার আরম্ভ করিল। নাজির দেও ইংরাজ সরকারের নিকট প্রতিকার প্রার্থনা করিলেন। কমিশনার মণ্টগোমারী স্বয়ং বলরামপুর গিয়া তাঁহার অভিযোগের সত্যাসত্য অনুসন্ধান করিয়া আসিলেন। তিনি দেখিলেন যে নাজির দেওর প্রাপ্য বৃত্তির মধ্যে ৩২০০০৲ টাকা বাকী পড়িয়াছে, অর্থাৎ শেষ কমিশনার আমটি চলিয়া যাইবার পর রাজা আর নাজির দেওকে একটি পয়সা দেওয়াও প্রয়োজন বোধ করেন নাই। নাজির দেও তাঁহার জায়গীরের জমিতেও দখল পান নাই। বলরামপুরের চতুর্দ্দিকস্থ গ্রাম রাজা অধিকার করিয়া লইয়াছেন। নাজির দেওর বাড়ীর নিকটেই কুচবিহারের পুলিশের থানা বসিয়াছে। কেহ তাহার চাকরী করিতে গেলে পুলিশ তাহাকে ধরিয়া লইয়া গিয়া জুলুম করে। সুতরাং নাজির দেওর অসম্মান ও দুরবস্থার চূড়ান্ত হইয়াছে। ("On my return from Cooch Behar to this place, I went to Bulrampore, the residence of the Nazir Deo, to ascertain if what he had stated in his letters to Government, was actually the case, and I have now to acquaint you,. for the information of the Governor-General in Council, that the Rajah has taken possession of all the villages round his house, established a thanah near his *relection*, the police officers of which, I understand, are instructed to take up any people, who may wish to take into the Nazir Deo's service Consequently, he is rendered of no respectibility, is living in a most miserable manner, has no attendants, and it is with difficulty, he can procure the necessaries of life, all of which I myself have witnessed".)

বৃত্তি সম্বন্ধীয় অভিযোগের প্রতিকার করা তেমন কঠিন হয় নাই। রাজা প্রকাশ্য ভাবে বৃত্তির টাকা দিবার অসামর্থ্য প্রকাশ করিতে সাহস করেন নাই, বাকী টাকা পরিশোধের প্রতিশ্রুতি দিয়াছিলেন; সুতরাং বড়লাট আদেশ করিলেন যে অতপরঃ কমিশনারের নিকট কিস্তিতে কিস্তিতে কুচবিহারের খাজানার সহিত নাজির দেওর বৃত্তির টাকা (বাকী সমেত) দিতে হইবে এবং কমিশনার ইংরাজ সরকারের তহবিল হইতে নিয়মিতভাবে নাজির দেওর প্রাপ্য টাকা দিবার ব্যবস্থা করিবেন (২৯শে মে, ১৮০৬)। এইবার লাট সাহেব হুকুম করিলেন যে, নাজির দেওকে ১৭৮৮-৮৯ সালে প্রদত্ত জায়গীরের গ্রামগুলিতে

CENTRAL LIBRARY

দখল দিতে হইবে। (হরেন্দ্রনারায়ণের পত্র, নং ১৫৬)। এই জন্য প্রয়োজন হইলে রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট কমিশনারকে সাহায্য করিবেন ("The Nazir Deo ought to be maintained in full and quiet possession of the lands, assigned for his support in the year 1788-89. You are accordingly desired to take the necessary measures for enforcing those orders, applying to the Magistrate of Rungpore, should you require any assistance from him in the performance of that duty.") কিন্তু এই আদেশ প্রতিপালন করিতে গিয়া কমিশনার আর এক সমস্যায় পড়িলেন। ১৭৮৮-৮৯ সালের জায়গীর সম্বন্ধীয় কাগজপত্র তাঁহার দপ্তরে ছিল না। পূর্ব্ববর্ত্তী কমিশনার আমটি একখানি পত্রে বলরামপুরের চতুর্দ্দিকে দুই ক্রোশ পরিমিত ভূমির কথা লিখিয়াছিলেন, নাজির দেও দাবীও দুই ক্রোশ পর্য্যন্ত, কিন্তু রাজার কর্ম্মচারীরা আপত্তি করিল যে জায়গীরের সীমানা বলরামপুর হইতে অর্দ্ধক্রোশের বেশী নহে। অগত্যা প্রথম কমিশনার ডগলাস সাহেবের নিকট পত্র লেখা হইল। তিনি উত্তর দিলেন যে এতদিনের কথা তাঁহার ভাল করিয়া স্মরণ নাই, তবে জায়গীরের সীমানা দুই ক্রোশের পরিবর্ত্তে এক ক্রোশ স্থির করিলেও বর্ত্তমান অবস্থায় মূল উদ্দেশ্যের ব্যত্যয় হইবেনা। অবশেষে বড়লাটের নির্দ্দেশে নাজির দেও বলরামপুরের এক ক্রোশের মধ্যে অবস্থিত দেওয়ান দেও ও তাঁহার অন্যান্য আত্মীয়ের লাখেরাজ ব্যতীত সমস্ত জমির দখল পাইলেন। রাজা হরেন্দ্রনারায়ণও ইচ্ছায় হউক অনিচ্ছায় হউক এই ব্যবস্থা মানিয়া লইলেন।

১৮০৮ সালের ২৯শে মে দীর্ঘকাল রোগভোগের পর নাজির দেও খগেন্দ্রনারায়ণ পরলোকগমন করিলেন। এই বৎসরই তাঁহার পিতৃব্য-পত্নী মরিচমতীরও মৃত্যু হইল। কুচবিহারের রাজা ইংরাজ সরকারের নিকট নিবেদন করিলেন যে খগেন্দ্রনারায়ণের মৃত্যুর সঙ্গে সঙ্গেই জায়গীর ও বৃত্তি প্রদানের প্রয়োজন শেষ হইয়াছে। কিন্তু ইংরাজ সরকার তাঁহার প্রস্তাব অনুমোদন করেন নাই। খগেন্দ্রনারায়ণের জ্যেষ্ঠ পুত্র বীরেন্দ্রনারায়ণ পিতার জায়গীর ও বৃত্তি পাইলেন। কিন্তু এই সম্পত্তি তিনি নিরুপদ্রবে ভোগ করিতে পারেন নাই। নাজির দেওর ।/২॥০-র অংশের মামলার তখনও নিষ্পত্তি হয় নাই, সুতরাং বীরেন্দ্রনারায়ণ নাজির পরিবারের পূর্ব্ব সম্পদ ও প্রতিপত্তি পুনরুদ্ধারের স্বপ্ন দেখিতেন। রাজাও পূর্ব্ব বৈর বিস্মৃত হইতে পারেন নাই; তিনি বিচারের অভিনয়ে বীরেন্দ্রনারায়ণের অনুচরদিগকে কয়েদ করিয়া বুঝাইয়া দিতেন যে বলরামপুর কুচবিহারের বাহিরে নহে, রঙ্গপুর ও কলিকাতা অনেকদূরে, কমিশনার ও বড়লাট প্রত্যহ তাঁহার অত্যাচার হইতে নাজির দেওর পরিজনদিগকে রক্ষা করিতে পারিবেন না। (১০২ নং পত্র)। বীরেন্দ্রনারায়ণ কেবল ইহাতেই অব্যাহতি পান নাই। বলরামপুরের জায়গীরের সীমানার বাহিরে নাজির দেওর যে লাখেরাজ সর্ব্বানন্দের গ্রাস হইতে রক্ষা পাইয়াছিল এখন রাজার আদেশে তাহা সরকারে বাজেয়াপ্ত হইল। বড়লাট কমিশনারকে জানাইলেন যে

CENTRAL LIBRARY

বলরামপুরের জায়গীর দিবার সময় ইংরাজ সরকারের অভিপ্রায় ছিল না যে কুচবিহার রাজ্যের মধ্যে অন্যত্র নাজির দেওর কোন ভূসম্পত্তি থাকিবে না, কিন্তু বলরামপুরের জায়গীর ও মাসিক বৃত্তি ব্যতীত অন্য কোন বিষয়ে রাজার সহিত বীরেন্দ্রনারায়ণের বিরোধ হইলে ইংরাজ সরকার তাহাতে হস্তক্ষেপ করিতে ইচ্ছা করেন না।

বীরেন্দ্রনারায়ণের মৃত্যুর পর বলরামপুরেই গৃহবিবাদ বাধিল। মৃত্যুকালে তাঁহার একটি শিশু পুত্র ও তিন ভ্রাতা বর্ত্তমান ছিল। কিন্তু গজেন্দ্রনারায়ণ, শম্ভুনারায়ণ এবং যোগেন্দ্রনারায়ণ পরলোকগত নাজির দেও খগেন্দ্রনারায়ণের বিবাহিতা পত্নীর গর্ভে জন্ম-গ্রহণ করেন নাই। এই সময় তাঁহারা খগেন্দ্রনারায়ণের ত্যক্ত সম্পত্তির অংশ দাবী করিলেন। নরম্যান ম্যাকলিয়ড তখন কুচবিহারের কমিশনার। তিনি তদন্ত করিয়া দেখিলেন যে ১৮০৮ সালে বীরেন্দ্রনারায়ণই পিতার একমাত্র উত্তরাধিকারী বলিয়া সাব্যস্ত হইয়াছিলেন। বিশেষতঃ কুচবিহারের রাজ পরিবারের তিন শাখার ("three ruling families") প্রচলিত প্রথা অনুসারে পিতার সমস্ত সম্পত্তি একমাত্র জ্যেষ্ঠ পুত্রই পাইয়া থাকেন। সুতরাং বীরেন্দ্রনারায়ণের ভ্রাতাদিগের দাবী গ্রাহ্য হইতে পারে না। বিশেষতঃ তাঁহারা পিতার বৈধ সন্তান নহেন। কিন্তু শিশু নাজির দেওর সহিত তাঁহাদের নিকট সম্পর্কের জন্য তাঁহার সম্পত্তি হইতে তাঁহাদের গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা হওয়া উচিত। অতএব তিন ভ্রাতার প্রত্যেককে ৪০৲ টাকা করিয়া মাসহারা দেওয়া হউক। বড়লাট কমিশনারের সিদ্ধান্ত অনুমোদন করিবার পর জ্যেষ্ঠ গজেন্দ্রনারায়ণ এই ব্যবস্থা মানিয়া লইলেন, কিন্তু অপর দুই ভ্রাতা তাঁহাদের দাবীর স্বপক্ষে বীরেন্দ্রনারায়ণের সম্পাদিত একখানি একরার-নামা দাখিল করেন। (১৫৭নং পত্র)। সমস্ত অবস্থা বিবেচনা করিয়া কমিশনার এই একরারনামা প্রকৃত বলিয়া বিশ্বাস করিতে পারেন নাই, লাট সাহেবও আর পূর্ব্ব সিদ্ধান্তের পরিবর্ত্তন করেন নাই।

বীরেন্দ্রনারায়ণের পুত্র তত্ত্বনারায়ণের সহিতও কুচবিহারের রাজ সরকারের সদ্ভাব ছিল না। এই সময়ও নাজির দেওর জায়গীরের মধ্যে রাজার দেওয়ানী ও ফৌজদারী আদালতের এলাকা নিয়া নানাবিধ গোলযোগের সৃষ্টি হয়। (জেমস মরগানের পত্র, নং ১০২)। শেষে ১৮২০ সালে কমিশনার স্কট সাহেব প্রস্তাব করেন: (১) নাজির দেওর জায়গীরের ভিতর তাঁহার আত্মীয়স্বজন, চাষী প্রজা ও অনুচরদিগের মধ্যে যে সকল দেওয়ানী মামলা হইবে তিনি বা তাঁহার কর্ম্মচারী তাহার বিচার করিবেন, কিন্তু রাজার দেওয়ানের নিকট এই সকল মামলার আপীল চলিবে। (২) অন্য সকল দেওয়ানী মামলার বিচার রাজার আদালতে হইবে, কিন্তু নাজির দেওর কর্ম্মচারী বা প্রতিনিধির মারফতে মামলার ইস্তাহার জারি হইবে এবং ঐ কর্ম্মচারী মামলার পক্ষ বা পক্ষগণকে একদিনের মধ্যে রাজার আদালতে হাজির করিতে বাধ্য থাকিবেন, অন্যথায় রাজার কর্ম্ম-চারীরা তাহাদের বিরুদ্ধে সাধারণ নিয়মে চলিতে পারিবেন। (৩) ছোট ছোট ফৌজদারী মামলায় উভয় পক্ষ নাজির দেওর আত্মীয়স্বজন, চাষী প্রজা বা ভৃত্য হইলে তাহার বিচার

নাজির দেওর কর্ম্মচারী করিতে পারিবেন, দণ্ডের পরিমাণ ৫০৲ টাকা জরিমানা বা একমাস কয়েদের অতিরিক্ত হইবে না। জরিমানার টাকা রাজার তহবিলে যাইবে এবং দণ্ডিত ব্যক্তি রাজার কয়েদখানায় দণ্ডভোগ করিবে। দণ্ডাদেশের বিরুদ্ধে রাজার দেওয়ানের নিকট আপীল চলিবে। (৪) সমস্ত গুরুতর অপরাধের বিচার রাজার আদালতে হইবে, কিন্তু নাজির দেওর কর্ম্মচারীর মারফতে সমন জারি হইবে। যদি তিনি এক দিনের মধ্যে পক্ষগণকে আদালতে উপস্থিত না করিতে পারেন তবে রাজার কর্ম্মচারিগণ তাহাদের বিরুদ্ধে সাধারণ বিধি অবলম্বন করিবেন। (৫) জায়গীরের বাসিন্দা মহাজন, সওদাগর ও দোকানদার এবং খাসকোষ নামে পরিচিত (যাহারা বাড়ীর জমির জন্য খাজানা দেয়) প্রজাদিগের বিচার নাজির দেও করিতে পারিবেন না। (৬) নাজির দেওর প্রতিনিধি রাজার প্রদত্ত শাসনের অনুবলে উপরি লিখিত ক্ষমতা পরিচালনা করিবেন। তত্ত্বনারায়ণ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে এই প্রস্তাবে সম্মতি প্রকাশ করেন নাই, সুতরাং তাঁহার জায়গীরের প্রজাগণ সম্পূর্ণ ভাবে রাজার আদালতের অধীন হইল। স্কট সাহেব দুঃখ করিয়া বলিয়াছেন, হরেন্দ্রনারায়ণের কুশাসনে তত্ত্বনারায়ণের প্রজাদিগের প্রতি অবিচার হইতে পারে, কিন্তু কুচবিহারের অপর অধিবাসীদিগেরও ত সেই অবস্থা। ("I would, however, by no means wish to insinuate that, with all precautions on his part, Tat Narain will not have frequent cause to complain that his ryots suffer from the injustice or rapacity of the Rajah's judicial officers, but to this I apprehend they must, in common with the rest of the inhabitants of the country, be considered as doomed to submit during the reign of a person, naturally so incompetent to govern as Rajah Harrender Narain, and whose inattention to these affairs and total disregard for the welfare of his people may be so fully indulged without any danger of those consequences, which under other circumstances would be the natural result of such a system of misrule").

১৮২৫ সালের ২৩শে সেপ্টেম্বর নামশেষ নাজির দেও তত্ত্বনারায়ণের মৃত্যু হইল। এই সময় ইংরাজ সরকার স্থির করিলেন যে তাঁহার উত্তরাধিকারী আর "নাজির দেও" উপাধি ধারণ করিতে পারিবেন না। কুচবিহারের রাজা ইচ্ছা করিলে অপর কাহাকেও নাজির দেওর পদে নিযুক্ত করিতে পারিবেন, কিন্তু বলরামপুরের জায়গীর এবং নাজির দেওর মাসিক বৃত্তি হইতে তত্ত্বনারায়ণের বংশধরদিগকে বঞ্চিত করিতে পারিবেন না। এইরূপে কুচবিহারের আধুনিক ইতিহাসে বলরামপুর পর্ব্বের উপসংহার হইল। ভূটান বিগ্রহে যে গৃহবিবাদের সূত্রপাত, ইংরাজের সার্ব্বভৌম সাম্রাজ্যের ছায়ায় তাহার নিবৃত্তি হইল। বলরামপুরের

একক্রোশী তালুক এখনও সেই বিগত যুগের ব্যর্থ বিবাদের বিষাদময় স্মৃতি বহন করিতেছে।

রাজা হরেন্দ্রনারায়ণ ও দেওয়ান দেও জীবেন্দ্রনারায়ণের বিরোধ—

দেওয়ান দেও জীবেন্দ্রনারায়ণ ও রাজা হরেন্দ্রনারায়ণ একই পিতামহের পৌত্র, সুতরাং অত্যন্ত নিকট জ্ঞাতি। মহীনারায়ণের বংশের প্রথম দেওয়ান দেও সত্যনারায়ণকে রাজদ্রোহের সন্দেহে পদচ্যুত করিয়া রাজা উপেন্দ্রনারায়ণ আপনার ভ্রাতা খর্গনারায়ণকে ঐ পদে নিযুক্ত করেন। সুতরাং দেওয়ান দেওকে বরখাস্ত করিবার অনতিপ্রাচীন নজীর ছিল। রাজা ধৈর্য্যেন্দ্র ও দেওয়ান দেও সুরেন্দ্রনারায়ণ উভয়েই খর্গনারায়ণের পুত্র। তৃতীয় দেওয়ান দেও রামনারায়ণও রাজা ধৈর্য্যেন্দ্র কর্তৃক একবার পদচ্যুত হইয়াছিলেন। চতুর্থ দেওয়ান দেও সুরেন্দ্রনারায়ণ ধৈর্য্যেন্দ্রের অনুগত ছিলেন বলিয়া মনে হয়। ভুটানের বন্দীশালায় তিনি রাজার সহচর ছিলেন। রাণী কমতেশ্বরী সুরেন্দ্রনারায়ণ ও তাঁহার সন্তানদিগের প্রতি বিরূপ ছিলেন বলিয়া বোধ হয় না। তিনি খগেন্দ্রনারায়ণকে বরখাস্ত করিয়া তাঁহার স্থলে সুরেন্দ্রনারায়ণের শিশু পুত্র জীবেন্দ্রকে নাজির দেও নিযুক্ত করিয়াছিলেন। কুচবিহারের সরকারী ইতিহাসে জীবেন্দ্রকে অষ্টম নাজির দেও বলিয়া পরিচয় দেওয়া হইয়াছে, কিন্তু ইংরাজ সরকার কখনও এই নিয়োগ স্বীকার করেন নাই; সুতরাং ১৭৯৯ সালে পঞ্চম দেওয়ান দেও নগেন্দ্রনারায়ণের মৃত্যুর পর জীবেন্দ্র ভ্রাতার ত্যক্ত সম্পত্তি ও পদমর্য্যাদার অধিকারী হইয়াছিলেন। রাজার পক্ষ হইতে এই সময় দেওয়ান দেওর পদ তুলিয়া দিয়া তাঁহার পুরুষানুক্রমিক সম্পত্তি খাস করিবার প্রস্তাব করা হইয়াছিল।

১৮০১ সালে বয়োপ্রাপ্ত হরেন্দ্রনারায়ণ রাজ্য শাসনের ভার পাইবার পরই দেওয়ান দেওর সহিত তাঁহার মনোমালিন্যের সূত্রপাত হয়। ১৮০৬ সালে কলিকাতার কর্তৃপক্ষ এই বিবাদে হস্তক্ষেপ করিতে অসম্মতি প্রকাশ করেন। কিন্তু এই সময় সকাউন্সিল বড়লাট বাহাদুর মন্তব্য করেন যে দেওয়ান দেওর দাবী সম্বন্ধে রাজার বিবেচনা করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য এবং তাঁহার ভরণ পোষণের যথাযোগ্য ব্যবস্থা করা উচিত। ("The Governor General in Council is of opinion that it is, on every principle, *incumbent upon the Rajah to enquire into the claims of the Dewan, and, in any case, to make a suitable provision of his support*".) আমাদের উপলব্ধ কাগজপত্র হইতে ১৮০৬ সালের অভিযোগের বিষয় জানা যায় না। ইংরাজ সরকারের প্রশ্নের উত্তরে হরেন্দ্রনারায়ণ লিখিয়াছিলেন যে দেওয়ান দেওর অভিযোগের বিষয় তিনি কিছুই জানেন না। দেওয়ান দেও নূতন নূতন হাট বসাইয়া তাঁহারই আর্থিক ক্ষতি করিয়াছেন। দেওয়ান দেওর সকল অধিকারই অব্যাহত রহিয়াছে; রাজা তাঁহার কর্ম্মচারীদিগকে সতর্ক করিয়া দিয়াছেন, দেওয়ান দেওর কোন অধিকারে যেন হস্তক্ষেপ করা না হয়।

১৮০৮ সালে এবং ১৮১২ সালে দেওয়ান দেও ইংরাজ সরকারের নিকট যে আবেদন করেন তাহা হইতে তাঁহার অভিযোগগুলি তিন শ্রেণীতে ভাগ করা যায়।

জীবেন্দ্রনারায়ণ রাজবংশের সন্তান, রাজার পিতৃব্য-পুত্র। কুচবিহারের প্রচলিত প্রথা অনুসারে নাজির দেওর ন্যায় তিনিও রাজ্যের অংশীদার। বাঙ্গালা ১১৮০ সালে (১৭৭৩-৭৪) পারলিং সাহেব যখন কুচবিহারের নালবন্দীর পরিমাণ স্থির করিয়াছেন তখন দেওয়ান দেওর নিজস্ব জমিদারী গিদ পাটছারার রাজস্বের হিসাব পৃথকভাবে হইয়াছিল। তাঁহার পিতা প্রথম প্রথম তাঁহার দেয় কর ইংরাজ সরকারেই দাখিল করিতেন। কিন্তু খাজানার টাকা তখন দিনাজপুরে পাঠাইতে হইত। কুচবিহার হইতে দিনাজপুর অনেক দূর বলিয়া তিনি অতঃপর রাজার মারফতেই তাঁহার দেয় খাজানা পাঠাইতে আরম্ভ করেন। এই কারণে তিনি সাধারণ জমিদারের পর্য্যায়ভুক্ত হইতে পারেন না। অথচ কুচবিহারের কাগজপত্রে তাঁহার সম্পত্তির কথা সাধারণ জমিদারীর মত লেখা হইতেছে। পূর্ব্বে রাজা দেওয়ান দেওর নিকট কোন বিষয় জানিতে হইলে তাঁহাকে পত্র লিখিতেন এবং তাঁহার কর্ম্মচারিগণের নিকট পরোয়ানা পাঠাইতেন। কিন্তু হরেন্দ্রনারায়ণের আমলে এই প্রাচীন সৌজন্যের অন্যথা করিয়া সাধারণ প্রজার মত দেওয়ান দেওর নিকটও "তলব চিঠি" পাঠান হইয়াছে। রাজা কখনও দেওয়ান দেওর নির্দ্দিষ্ট করের অতিরিক্ত কিছু দাবী করিতে পারেন না। কিন্তু হরেন্দ্রনারায়ণ তাঁহার বিবাহের ব্যয়ের জন্য দেওয়ান দেওর নিকট খাজানার প্রতি টাকায় ৵৫ হিসাবে বাটা চাহিয়াছেন এবং দেওয়ান গুরুপ্রসাদ তাঁহাকে সাধারণ রায়তের মত নিজের নামে তলব দিয়া রাজার জন্য ছাগল, মহিষ প্রভৃতি পার্ব্বণী দাবী করিয়াছেন। তাঁহার বংশে পূর্ব্বে আর কাহারও এরূপ অসম্ভ্রম হয় নাই। দেওয়ান দেও দুঃখ করিয়া বলিয়াছেন যে রাজা একবার ভাবিয়া দেখেন না যে আমার মর্য্যাদার লাঘব হইলে তাঁহারও সম্ভ্রমের হানি হয়। প্রথম অভিযোগ—অসৌজন্য।

পূর্ব্বে দেওয়ান দেও নিজের এলাকার মধ্যে ফৌজদারী ও দেওয়ানী মামলার বিচার করিতেন। রাজা যে কেবল তাঁহাকে এই অধিকার হইতে বঞ্চিত করিয়াছেন তাহা নহে, বিচারের ছলে তাহার প্রজা ও ভৃত্যদিগের প্রতি অন্যায় অত্যাচার করিতেছেন। রাজার চাপরাশী, ছোটাবরদার ও খিদমতগারেরা দেওয়ান দেওর গৃহে অনধিকার প্রবেশ করিয়া তাঁহার দুইজন বরকন্দাজকে ধরিয়া লইয়া গিয়া কয়েদ করিয়াছে। রাজার আমলারা দেওয়ান দেওর গোলাম ও নফরদিগকে নিজেদের কাজে লাগাইতেছেন, সুতরাং দেওয়ান দেও নিজের প্রয়োজনের সময় নফরদিগকে পান না। দ্বিতীয় অভিযোগ —অত্যাচার।

রাজা তাঁহার আদালতের অপপ্রয়োগ করিয়া বার্ষিক তিন হাজার টাকা আয়ের সম্পত্তি আত্মসাৎ করিয়াছেন এবং বাকী সম্পত্তিও কাড়িয়া লইবার চেষ্টায় আছেন। কুচবিহারে কাহারও সুবিচার পাইবার আশা নাই। তৃতীয় অভিযোগ—অবিচার।

উপসংহারে দেওয়ান দেও বলিয়াছেন যে ফৌজদারী ও দেওয়ানী বিচারের অধিকার

পাইয়া রাজা এমন স্বেচ্ছাচারী হইয়াছেন যে তাঁহার পক্ষে দেওয়ান দেওকে হত্যা করিবার জন্য আততায়ী নিয়োগ করাও বিচিত্র নহে। পরিশেষে দেওয়ান দেও প্রার্থনা করিতেছেন যে তাঁহাকে তাঁহার এলাকার ফৌজদারী ও দেওয়ানী আদালতের অধিকার দেওয়া হউক, যদি তাহা সম্ভব না হয় তবে কুচবিহারের কমিশনারের হস্তে বিচারের ভার অর্পণ করা হউক; যদি তাহাও সম্ভব না হয় তাহা হইলে তাঁহাকে যেন অবিলম্বে জানান হয়, তিনি কুচবিহার ছাড়িয়া গিয়া ইংরাজ রাজত্বে শান্তিতে নিরুপদ্রবে বাস করিবেন। রাজা তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা, সম্মানের পাত্র, সুতরাং দেওয়ান দেও তাঁহার সকল অনাচারের কথা প্রকাশ করিতে পারিতেছেন না।

এই অভিযোগের পর দেওয়ান দেওর উপর যে সকল ছোটখাট অত্যাচার হইয়াছিল ইংরাজ সরকার তাহাতে দৃকপাত করিতেন কিনা সন্দেহ। কিন্তু হরিশ চক্রবর্ত্তীর হত্যার পর (হরেন্দ্রনারায়ণের পত্র, নং ১২৫, এবং নরম্যান ম্যাকলিয়ডের পত্র, নং ১২৯) আর তাঁহারা কুচবিহারের ব্যাপারে উদাসীন থাকিতে পারিলেন না।

কুচবিহারের সরকারী ইতিহাস অনুসারে হরিশ চক্রবর্ত্তী একজন নগণ্য পুজারী ব্রাহ্মণ। দেওয়ান দেও তাহাকে আপনার "মুখতিয়ার" বা প্রধান কর্ম্মচারী বলিয়া পরিচয় দিয়াছেন। যে কারণেই হউক, নগণ্য হরিশ কুচবিহারের মহামান্য রাজার বিষ দৃষ্টিতে পতিত হইয়াছিল। ইহার পূর্ব্বেও হরিশ একবার কারাদণ্ড ভোগ করিয়াছিল। সেবার দেওয়ান দেওর দরখাস্ত পাইয়া রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট আর্চিবল্ড মণ্টগোমারি অভিযোগের বিষয় তদন্ত করিয়া হরিশকে মুক্তি দেন। ১৮১২ সালে একজন ভুটিয়ার (?) অভিযোগে আবার হরিশকে গ্রেপ্তার করা হইল, তাঁহার মনিবের জামীন গ্রাহ্য হইল না। দেওয়ান দেও লিখিয়াছেন—হরিশের বিরুদ্ধে কোন সাক্ষ্য প্রমাণ ছিল না। সাধারণে জনরব প্রচারিত হইয়াছিল যে প্রচলিত আইন অনুসারে তাহার বিচার হইবে না। প্রাচীন হিন্দু শাস্ত্রের দিব্যের বিধানে তাহার পরীক্ষা হইবে। সুতরাং তাহার মৃত্যু সুনিশ্চিত। ("It is now, therefore, reported that the Raja wants to examine him by means of a *Pureekha*, which is putting his hand into the fire or into the mouth of a snake, and which must occasion his death.") দেওয়ান দেও কমিশনার ডিগ্‌বি সাহেবকে জানাইলেন যে ইংরাজ সরকার ইহার কোন বিহিত না করিলে হতভাগ্য হরিশের প্রাণ রক্ষা হইবার উপায় নাই। ডিগ্‌বি সাহেব কুচবিহারের রাজাকে সতর্ক করিয়া দিলেন যে গবর্নমেণ্টের হুকুম না আসা পর্য্যন্ত যেন দেওয়ান দেওর কর্ম্মচারী হরিশকে কোন দৈহিক শাস্তি না দেওয়া হয়। কিন্তু ডিগবি হরিশের প্রাণ রক্ষা করিতে পারিলেন না।

বাঙ্গালা ১২১৯ সালের ২৮শে আশ্বিন হরিশ চক্রবর্ত্তীকে তাহার পুরাতন কারাগৃহ হইতে সহরের বাহিরে বহুদূরে একটি বাংলোয় স্থানান্তরিত করা হইল। প্রথমে রূপন সিংহ, ফকির সিংহ সুবাদার, নহর সিংহ সুবাদার প্রভৃতি ইংরাজের প্রজার হস্তে হরিশের পাহারার

তার ছিল। ২৯শে কার্ত্তিক প্রহরী পরিবর্ত্তন হইল। এবার আসিল খাস কুচবিহারের অধিবাসী খোটা জমাদার ও তাহারই মত ইংরাজের সংশ্রবশূন্য ষোল জন সিপাহী। পর দিন ১লা অগ্রহায়ণ হরিশের কারা-বাংলোয় আগুন লাগিল। দেওয়ান দেও ও হরিশের পুত্র অভিযোগ করিলেন, হরিশকে হত্যা করিয়া তাহার শব দগ্ধ করিয়া ফেলা হইয়াছে। রাজার পক্ষের কথা—দৈবাৎ বাংলোয় আগুন লাগিয়াছিল, দেওয়ান দেওর বরকন্দাজেরা সেই সুযোগে হরিশকে লইয়া গিয়াছে, তদবধি হরিশ অদৃশ্য। দেওয়ান দেও প্রাণের ভয়ে ডিগ্‌বি সাহেবের নিকট ইংরাজ সরকারের সিপাহী চাহিয়া পাঠাইলেন। ডিগ্‌বি কুচবিহারে আটজন পিয়াদা পাঠাইয়া দিয়া রাজার কাছে প্রকৃত ঘটনা জানিতে চাহিয়া চিঠি লিখিলেন, কোন উত্তর আসিল না। কমিশনার তাঁহার কর্ত্তব্য সম্বন্ধে উৰ্দ্ধতন কর্তৃপক্ষের অভিমত জানিতে চাহিলেন। কলিকাতা হইতে আদেশ আসিল—হরিশ চক্রবর্ত্তীর মৃত্যু সম্বন্ধে তদন্ত করিতে হইবে, দেওয়ান দেওর ধন প্রাণ রক্ষার ব্যবস্থা করিতে হইবে, হরেন্দ্রনারায়ণের অনাচার আর উপেক্ষা করা চলে না।

১৮১৩ সালের ফেব্রুয়ারী মাসে জন ডিগ্‌বি বড়লাটের আদেশে হরিশ চক্রবর্ত্তীর তথাকথিত তিরোধানের তদন্ত করিবার জন্য কুচবিহার গেলেন। এই সময় রাজা অত্যন্ত অবিমৃষ্যকারিতার পরিচয় দিয়াছিলেন। তিনি ডিগ্‌বি সাহেবকে জানাইলেন যে হরিশকে কারাগার হইতে বার্ড সাহেবের বাংলোয় নেওয়া হইয়াছিল সত্য, কিন্তু নিকটস্থ বারুদখানায় আগুন ধরিয়া যায়। প্রহরীরা যখন আগুন নিভাইতে ব্যস্ত ছিল তখন দেওয়ান দেওর অনুচরেরা হরিশকে লইয়া গিয়াছে। এই সঙ্গে তিনি হরিশের পুত্র দেবনাথের স্বাক্ষরিত একখানি পত্র দাখিল করিলেন। তাহাতে লেখা ছিল যে তাহার পিতা নেপালে চলিয়া গিয়াছে। রাজা বলিলেন যে ইহার পর আর তদন্তের কোন দরকার নাই। ডিগ্‌বি সাহেব এই উত্তরে সন্তুষ্ট না হইয়া কয়েকজন সিপাহী ও সুবাদারের নামে সমন বাহির করিয়া রাজাকে তাহাদিগকে উপস্থিত করিতে অনুরোধ করিলেন। রাজা কোন সাক্ষীকে হাজির করিলেন না। সুতরাং বড়লাটের আদেশ প্রতিপালনে অসমর্থ হইয়া ডিগ্‌বি সাহেব রঙ্গপুরে ফিরিয়া গেলেন। যাইবার সময় দেওয়ান দেওর প্রহরী স্বরূপ আটজন সিপাহী ও একজন নায়ক রাখিয়া গেলেন। ইহার পরই তিনি খবর পাইলেন যে রাজার হুকুমে দেওয়ান দেওর আর একজন কর্ম্মচারী গ্রেপ্তার হইয়াছে, দেওয়ান দেওর এক খানি জমি বলপূর্ব্বক দখল করিয়া রাজার দেওয়ান গুরুপ্রসাদ তথায় বাড়ী নির্ম্মাণ করিতেছে, রাজার লোকেরা দেওয়ান দেওর বাড়ীতে অবৈধ প্রবেশ করিয়া ডিগ্‌বি সাহেবের একজন পিয়াদাকে ভয়ানক প্রহার করিয়াছে, পিয়াদার অপরাধ যে সে পূর্ব্বে একবার রাজার লোকদের অন্যায় আচরণের প্রতিবাদ করিয়াছিল। রাজার ভয়ে দেওয়ান দেওর কয়েকজন কর্ম্মচারী রঙ্গপুরে আশ্রয় গ্রহণ করিয়াছিল; তাহারা মনে করিয়াছিল যে কুচবিহারে থাকিলে রাজার আমলারা মিথ্যা অভিযোগে তাহাদিগকে কয়েদ করিবে। ডিগ্‌বি সাহেব এই সকল কথা বড়লাটকে লিখিয়া পাঠাইলেন। কলিকাতা হইতে হুকুম আসিল—রাজার

অত্যাচার হইতে দেওয়ান দেওকে রক্ষা করিতেই হইবে, কুচবিহারে ব্রিটিশ প্রতিপত্তি অক্ষুণ্ণ রাখিতে হইবে। প্রয়োজন বোধ করিলে ডিগ্‌বি সাহেব ফৌজ লইয়া যাইয়া দেওয়ান দেওকে কুচবিহার হইতে লইয়া আসিতে পারেন। দেওয়ান দেও নিবেদন করিলেন যে কোম্পানীর সিপাহীরা যতদিন তাঁহার প্রহরী থাকিবে ততদিন তাঁহার ভয় নাই। কিন্তু তিনি কুচবিহার হইতে চলিয়া গেলে প্রহরীরা সঙ্গে যাইবে। রাজার কোপে তাঁহার স্থাবর অস্থাবর সম্পত্তি কিছুই রক্ষা পাইবে না।

ডিগ্‌বি সাহেব এই আশঙ্কা অমূলক মনে করেন নাই। দেওয়ান দেও কুচবিহারে রহিলেন কিন্তু কলিকাতার কর্তৃপক্ষ এইবার হরেন্দ্রনারায়ণের চৈতন্য সম্পাদনের জন্য কঠোর ব্যবস্থা অবলম্বনে বদ্ধপরিকর হইলেন: কুচবিহারে আবার ইংরাজ কমিশনারের কাছারি বসিল।

নূতন কমিশনার নরম্যান ম্যাকলিয়ড (বাঙ্গালা পত্রের নুরমান ম্যাকলোড). কুচবিহারে আসিবার পূর্ব্বে ঢাকার ম্যাজিষ্ট্রেট ছিলেন। তিনি কেবল দেওয়ান দেওর অভিযোগ এবং হরিশ চক্রবর্ত্তীর হত্যার তদন্ত করিতে যান নাই, সুতরাং অচিরে তাঁহার সহিত রাজা হরেন্দ্রনারায়ণের প্রকাশ্য মনোমালিন্য আরম্ভ হইল। কিন্তু সেই বিরোধের কথা আলোচনা করিবার পূর্ব্বে দেওয়ান দেওর প্রসঙ্গ শেষ করা যাউক।

১৮১৬ সালে আবার দেওয়ান দেও বড়লাটের নিকট তাহার দুরবস্থার কাহিনী নিবেদন করিলেন। রাজার লোকেরা তাঁহাকে গীর্দ্ধ পাটছারার অন্তর্গত আঠারকোটার সম্পত্তি হইতে বেদখল করিয়াছে। এই জমি বহুদিন অবধি তাঁহার অধিকারে ছিল। পূর্ব্বের মত এবারও দেওয়ান দেও প্রার্থনা করিলেন যে তাঁহার ও তাঁহার ভৃত্য, পরিজন এবং প্রজাদিগের উপর যেন রাজার ফৌজদারী ও দেওয়ানী আদালতের এলাকা না থাকে। এ প্রার্থনা মঞ্জুর করা অসম্ভব হইলে তাঁহাকে কোম্পানীর রাজ্যে বাস করিতে দেওয়া হউক এবং তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণের ভার কমিশনারের হস্তে অর্পিত হউক। কমিশনার দেওয়ান দেওর প্রস্তাব সম্পূর্ণরূপে অনুমোদন করিতে পারেন নাই। সাধারণ ভাবে অনুসন্ধান করিয়া তাঁহার প্রতীতি জন্মিয়াছিল যে দেওয়ান দেও প্রকৃত পক্ষে বিবাদীয় জমির মালিক হইলেও তাঁহার অভিযোগ অতিরঞ্জনের দোষ হইতে মুক্ত নহে। কুচ-বিহারের সীমানার মধ্যে কোথাও রাজার আদালতের অধিকার রহিত করাও চলে না। সুতরাং তিনি প্রস্তাব করিলেন যে নাজির দেওর মত দেওয়ান দেওকেও কোন এক জায়গায় জায়গীর দেওয়া হউক। দেওয়ান দেওর ভৃত্য ও পরিজনদিগের উপর সমন জারি করিতে হইলে কমিশনারকে পূর্ব্বাহ্নে তাহার কারণ জানাইতে হইবে। এই প্রস্তাব বড়-লাটেরও মনঃপুত হইয়াছিল, পরবর্ত্তী কমিশনারও এ বিষয়ে বিবেচনা করিতেছিলেন। কিন্তু ১৮১৯ সালে দেওয়ান দেও জীবেন্দ্রনারায়ণ পরলোক গমন করিলেন। ইহার পর কমিশনার ডেভিড স্কট দেওয়ান পরিবারকে তাঁহাদের বাসস্থানের নিকট এক ক্রোশ পরিমিত জায়গীর ও মাসিক তিন চারি শত টাকা বৃত্তি দিবার জন্য সুপারিশ করিয়াছিলেন। কিন্তু

দুই বৎসর পরে যখন শেষ দেওয়ান দেওর শিশু পুত্রেরও মৃত্যু হইল তখন সরকারের পক্ষে আর কিছু করিবার প্রয়োজন রহিল না। জীবেন্দ্রনারায়ণের বিধবা পত্নী রাজার সহিত বিবাদ মিটাইয়া ফেলিলেন। দেওয়ান বংশে আর পুরুষ ছিল না, সাধারণ আইনের হিসাবেও রাজা হরেন্দ্রনারায়ণই তখন জীবেন্দ্রনারায়ণের পরিত্যক্ত সম্পত্তির উত্তরাধিকারী। কালক্রমে শেষ দেওয়ান দেওর বিধবা পত্নীও ইহলোক ত্যাগ করিলেন। চতুর্থ দেওয়ান দেও সুরেন্দ্রনারায়ণ নির্ব্বংশ হইলেন, রাজার সহিত বিবাদ করিবার আর কেহ অবশিষ্ট রহিল না। দেওয়ান দেওর ভূসম্পত্তি রাজার অধিকারভুক্ত হইল।

রাজা হরেন্দ্রনারায়ণ ও ম্যাকলিয়ড সাহেবের তদন্ত—

রাজা হরেন্দ্রনারায়ণ মনে করিতেন যে ১৭৭২ সালের সন্ধি অনুসারে ইংরাজ সরকার তাঁহার নিকট কেবল নিদ্দিষ্ট কর পাইতে পারেন কিন্তু তাঁহার রাজ্যের আভ্যন্তরীণ ব্যাপারে কোন প্রকারে হস্তক্ষেপ করিবার অধিকার তাঁহাদের নাই। নূতন করিয়া কমিশনার নিয়োগ করা তাঁহাদের পক্ষে একান্তই অনধিকারচর্চ্চা। এই জন্য তিনি ম্যাকলিয়ড সাহেবের নিয়োগের প্রতিবাদ করিয়াছেন এবং বড়লাট তাঁহার আপত্তি বিবেচনা না করা পর্য্যন্ত ম্যাকলিয়ড সাহেবকে কুচবিহার না আসিয়া রঙ্গপুরে অপেক্ষা করিতে অনুরোধ করিয়াছেন। হরেন্দ্রনারায়ণের ধারণা ছিল যে করদ হইলেও তিনি স্বাধীন রাজা, ইংরাজের আশ্রিত হইলেও তিনি আপনার রাজ্যের অপ্রতিহত প্রভু। ১৭৭২ সালের সন্ধি অনুসারে তিনি স্বাধীন ও অপ্রতিহত শাসন-ক্ষমতা পাইয়াছিলেন কিনা বিচার করা যাউক।

১৭৭২ সালের সন্ধি রাজার স্বাধীনতার অনুকূল ছিল না। ঐ সন্ধির তৃতীয় ধারা অনুসারে রাজা, তাঁহার রাজ্য শত্রুর হস্ত হইতে মুক্ত হইলেই, ইংলিশ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর অধীনতা স্বীকার করিতে এবং থানা কুচবিহার সুবে বাঙ্গালার সামিল করিয়া দিতে অঙ্গীকার করিয়াছিলেন। ("That the Raja will acknowledge subjection to the will of the East India Company upon his country being cleared of his enemies and will allow the Cooch Behar country to be annexed to the Province of Bengal.")। ম্যাকলিয়ড সাহেবও তাঁহার চিঠিপত্রে রাজাকে বারংবার স্মরণ করাইয়া দিয়াছেন যে ইংরাজ সরকার ইচ্ছা করিলে এই ধারা অনুসারে কুচবিহার বাঙ্গালা প্রদেশের অন্তর্ভুক্ত করিয়া লইতে পারিতেন কিন্তু রাজার প্রতি অনুগ্রহ প্রযুক্ত তাহা করেন নাই। ধরেন্দ্রনারায়ণের মৃত্যুর পর ধৈর্য্যেন্দ্রনারায়ণ যখন দ্বিতীয় বার কুচবিহারের রাজা হন তখন তিনি থানা কুচবিহারের জমিদারী সনন্দ পাইয়াছিলেন। এই সনন্দে কুত্রাপি তাঁহাকে রাজা বলা হয় নাই, সনন্দে তাঁহার যে সকল কর্ত্তব্য নিদ্দিষ্ট হইয়াছিল তাহাতে বঙ্গদেশের সাধারণ জমিদারদিগের সহিত তাঁহার কোনই প্রভেদ করা হয় নাই। সুতরাং সন্ধির সর্ত্ত অক্ষরশঃ

অনুসরণ করিলে ইংরাজ সরকার অনায়াসে কুচবিহার আপনাদের দখলে আনিয়া রাজাকে সাধারণ জমিদারের পর্য্যায়ে নামাইয়া দিতে পারিতেন। কিন্তু তাঁহারা তাহা করেন নাই। পরন্তু হরেন্দ্রনারায়ণের বয়ঃপ্রাপ্তির পূর্ব্বে কুচবিহারে শান্তি ও শৃঙ্খলা স্থাপনের জন্য যখন কমিশনার নিয়োগ করা হইয়াছিল তখনও রাজার অধিকার বা পদমর্য্যাদার হানি হয় নাই। ডগলাস, ক্রস ও আমটি তিন কমিশনারই রাজস্ব আদায় হইতে বিচার বিভাগের তত্ত্বাবধান পর্য্যন্ত যাবতীয় কার্য্য রাজার নামে রাজার অভিভাবক হিসাবে করিয়াছেন। এমন কি, ১৭৭২ সালের সন্ধির পরও বহু দিন কুচবিহারের টাঁকশাল বন্ধ হয় নাই। ডগলাস সাহেব যখন কমিশনার নিযুক্ত হন তখন লর্ড কর্ণওয়ালিস স্পষ্টই বলিয়াছেন যে ইংরাজ সরকার কোন প্রকারে রাজার স্বাধীন ক্ষমতার সঙ্কোচ করিতে চাহেন না, পরন্তু রাজা বয়ঃপ্রাপ্ত হইলেই রাজ্য শাসনের সম্পূর্ণ অধিকার পাইবেন। এই প্রতিশ্রুতি অনুসারে ১৮০১ সালে রাজা হরেন্দ্রনারায়ণের বয়ঃপ্রাপ্তির সঙ্গে সঙ্গে কুচবিহারের কমিশনারের পৃথক পদ তুলিয়া দিয়া রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেটকে কমিশনারের কাজ দেওয়া হয়। দুই বৎসর পরে বড়লাট ওয়েলেস্লি রাজস্ব ও বিচার বিভাগের সংস্কারের জন্য বাঙ্গালা দেশে প্রচলিত কয়েকটি নিয়ম কুচবিহারে প্রবর্ত্তন করিতে চাহিয়াছিলেন। ঐ বৎসর ফ্রান্সিস পীরার্ড (Francis Pierard) প্রস্তাবিত সংস্কার সম্বন্ধে আলোচনা করিবার জন্য কমিশনার নিযুক্ত হন। নামে কমিশনার হইলেও ডগলাস সাহেবের ন্যায় শাসনকার্য্যের তত্ত্বাবধান করিবার ক্ষমতা তাঁহার ছিল না। তিনি বড়লাটের প্রতিনিধি স্বরূপ রাজাকে প্রস্তাবিত সংস্কারের প্রয়োজনীয়তা বুঝাইতে গিয়াছিলেন। বড়লাট তখন স্পষ্ট ভাষায় বলিয়াছেন যে সন্ধির সর্ত্ত যাহাই হউক কুচবিহারের রাজা এত দিন স্বাধীন রাজার সমস্ত ক্ষমতা পরিচালনা করিয়াছেন। কুচবিহারের রাজস্ব বিধি ও বিচার বিধির সংস্কার রাজা ও রাজ্যের হিতের জন্য যতই বাঞ্ছনীয় হউক না কেন রাজার সম্মতি ব্যতিরেকে কিছুই করা হইবে না। পীরার্ড সাহেবের দৌত্য ব্যর্থ হইয়াছিল। রাজা ইংরাজ সরকারের প্রস্তাবে সম্মত হইলেন না। লর্ড ওয়েলেস্লির ন্যায় জবরদস্ত বড়লাটও জোর করিয়া কুচবিহারের শাসন সংস্কারের চেষ্টা করেন নাই। কিন্তু ইংরাজ সরকার তাঁহাদের সংস্কার-নীতি একেবারে পরিত্যাগ করেন নাই। দুই বৎসর পরে ১৮০৫ সালে আবার তাঁহারা রাজাকে সংস্কারের প্রয়োজনীয়তা বুঝাইবার জন্য ফ্রেঞ্চ সাহেবকে (John French) কুচবিহারে পাঠান। এবারও নূতন কমিশনারের নিয়োগপত্রে কুচবিহারের রাজার সহিত ইংরাজ সরকারের রাজনৈতিক সম্বন্ধের প্রসঙ্গে লেখা হইয়াছিল—রাজা এত দিন স্বাধীন নৃপতির সমস্ত অধিকারই পরিচালনা করিয়াছেন, ইংরাজ সরকারকে নির্দ্দিষ্ট বার্ষিক কর দিয়াছেন মাত্র। ("By the third Article of the Treaty it is stipulated, that the Rajah shall acknowledge subjection to the English East India Company, upon his country being cleared of his enemies, and shall allow the Cooch Behar country to be annexed to the Province

of Bengal. It does not, however, appear that the British Government in India has ever acted upon the letter of that clause of the treaty. On the contrary, in the different arrangements, adopted for the administration of the country, since the above mentioned period of time, the Rajahs of Cooch Behar have been considered as independent princes, subject only to the payment of the tribute, established by the 4th Article of the above mentioned Treaty".) পীরার্ডের মত ফ্রেঞ্চকেও কমিশনার না বলিয়া দূত বলাই অধিক সঙ্গত। নিয়োগপত্রের নবম প্যারায় বলা হইয়াছে যে রাজস্ব ও বিচার বিধির সংস্কারের প্রস্তাবে রাজার সম্মতি লাভই তাঁহার দৌত্যের প্রধান উদ্দেশ্য। দুই বৎসরে রাজার মতের কিছুই পরিবর্ত্তন হয় নাই। পীরার্ডের মত ফ্রেঞ্চও কুচবিহার হইতে বিফল-মনোরথ হইয়া ফিরিয়া আসিলেন। কুচবিহারের সন্ধির দীর্ঘ ত্রিশ বৎসর পরে ইংরাজ সরকার রাজার ক্ষমতায় হস্তক্ষেপ করিতে চাহিলেন না। লর্ড কর্ণওয়ালিসের প্রতিশ্রুতি ও লর্ড ওয়েলেস্‌লির সংযম পরিণামে রাজার পক্ষে মঙ্গলকর হয় নাই। হরেন্দ্রনারায়ণের মনে এই ধারণা বদ্ধমূল হইয়াছিল যে সন্ধির সর্ত্ত অনুসারে ইংরাজ সরকার তাঁহার কোন কার্য্যেই হস্তক্ষেপ করিতে পারিবেন না। জন ডিগ্‌বি হরিশ চক্রবর্ত্তীর হত্যার তদন্ত করিতে যাইয়া কুচবিহারের প্রজাগণের উপর সমন জারি করিয়া নিজের ক্ষমতার সীমা অতিক্রম করিয়াছিলেন সন্দেহ নাই, কিন্তু যদি হরেন্দ্রনারায়ণ বুঝিতেন যে প্রয়োজন হইলে ইংরাজ সরকার তাঁহাদের সার্ব্বভৌম শক্তির প্রয়োগ করিতে কুণ্ঠিত হইবেন না তাহা হইলে তিনি ডিগ্‌বির নিষেধ সত্ত্বেও হরিশের প্রাণদণ্ড করিতে সাহসী হইতেন কিনা সন্দেহ। এই বিশ্বাসের বশবর্ত্তী হইয়াই তিনি ডিগ্‌বির নিকট কোন সাক্ষীকে উপস্থিত করেন নাই, ভাষায় ও ব্যবহারে ডিগ্‌বির অসম্মান করিয়াছেন এবং নরম্যান ম্যাকলিয়ড্‌কে তাঁহার রাজ্যের বাহিরে থাকিতে অনুরোধ করিয়াছেন। কিন্তু ১৮০৩ ও ১৮০৫ সালে সদ্য বয়ঃপ্রাপ্ত রাজকার্য্যে অনভিজ্ঞ হরেন্দ্রনারায়ণের অবিবেচনা উপেক্ষা করিয়াছিলেন বলিয়া ১৮১৩ সালে তেত্রিশ বৎসর বয়স্ক অনাচারী রাজার ঔদ্ধত্য ইংরাজ সরকার ক্ষমা করিলেন না।

কুচবিহারে পৌঁছিবার পর ম্যাকলিয়ড রাজাকে যে সকল চিঠি পত্র লিখিয়াছিলেন তাহার ভাষা অযথা রূঢ় বলিয়া মনে হইতে পারে। কিন্তু মনে রাখিতে হইবে যে ম্যাকলিয়ডের ভাষায় উর্দ্ধতন কর্ত্তৃপক্ষের বিরাগই প্রতিধ্বনিত হইয়াছে। লর্ড ওয়েলেস্‌লি পীরার্ডকে স্মরণ রাখিতে বলিয়াছিলেন যে কুচবিহারের রাজা স্বাধীন নরপতি, তাঁহার মঙ্গলের জন্যও রাজার অনভিপ্রেত কোন সংস্কার করা চলিবে না। আর লর্ড মিণ্টো ম্যাকলিয়ডকে বলিয়াছিলেন যে এতকাল কুচবিহারের শাসন কার্য্যে হস্তক্ষেপ করি নাই বলিয়া আমরা সার্ব্বভৌম শক্তির বৈধ অধিকার আদৌ প্রত্যাহার করি নাই; পরন্তু ১৭৮৯

সালে রাজার অভিভাকত্ব স্বীকার করিয়া, তাঁহার বয়ঃপ্রাপ্তির পূর্ব্বে রাজ্য শাসনের ব্যবস্থা করিয়া, নাজির দেও ও দেওয়ান দেওর গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করিয়া আমরা সেই অধিকারের সম্যক ব্যবহার করিয়াছি। প্রয়োজন বোধ করিলে আমরা রাজ্যের মঙ্গলার্থে এখনও সেই অধিকারের প্রয়োগ করিতে পারি এবং করিব। তুমি কুচবিহারে পৌছিয়াই হরিশ চক্রবর্ত্তীর হত্যা সম্বন্ধে তদন্ত করিবে এবং তদন্তের ফল সরকারে জানাইবে। রাজার অন্যায় আচরণ এবং অযোগ্য মন্ত্রিগণের কুপরামর্শ গ্রহণের ফলে ভবিষ্যতে তাঁহার যে বিপদ হইতে পারে তাহা ভাল করিয়া বুঝাইয়া দিবে। রাজা দুষ্ট কর্ম্মচারীদিগকে দূর করিতে অসম্মত হইলে সরকারে জানাইবে। রাজার আচরণের প্রতি প্রখর দৃষ্টি রাখিবে, এবং প্রথম তাঁহাকে সদুপদেশ দ্বারা অসঙ্গত কার্য্য হইতে নিবৃত্ত করিতে চেষ্টা করিবে। যদি তাহাতে ফল না হয় তবে তাঁহার অত্যাচার ও অনাচারের প্রতিকারার্থ তোমার ক্ষমতার প্রয়োগ করিতে হইবে। অনেক দিন হইতে কুচবিহারের রাজস্ব ও বিচার বিধির সংস্কারের প্রস্তাব চলিতেছে। তুমি এখন এই সম্বন্ধে রাজার সহিত আলোচনা করিবে না, কোম্পানীর রাজ্যের কোন কোন বিধান কুচবিহারে প্রয়োগ করা যায় তৎসম্বন্ধে সম্যক বিবেচনা করিয়া সরকারে জানাইবে, পরে সরকার হইতে কমিশনার ও রাজার নিকট পত্র যাইবে। রাজা যদি কমিশনারের কার্য্য এবং সরকারের নূতন নীতিতে উষ্মা প্রকাশ করেন তবে তাঁহাকে স্মরণ করাইয়া দিবে যে ১৭৭২ সালের সন্ধি অনুসারে ইংরাজ সরকার কুচবিহার অধিকার করিতে পারিতেন, তাঁহারা স্বেচ্ছায় সেই অধিকার প্রত্যাখান করিয়াছিলেন, কিন্তু রাজ্যের শুভাশুভের দায়িত্ব প্রত্যাহার করেন নাই। সম্প্রতি রাজার অনাচারে কুচবিহারের যে অমঙ্গল হইতেছে তাহার প্রতিকারের নিমিত্ত তাঁহাদের বৈধ ক্ষমতার প্রয়োগ করা প্রয়োজন হইয়াছে।

কুচবিহারে পৌছিয়া ম্যাকলিয়ড দেখিলেন রাজার সাক্ষাৎ পাওয়া অত্যন্ত কঠিন। তিনি সর্ব্বদা অন্তঃপুরে থাকেন। দেওয়ান গুরুপ্রসাদ ও মুন্সী রামপ্রসাদই রাজ্যের প্রকৃত কর্ত্তা। ম্যাকলিয়ডের নিয়োগের প্রতিবাদ করিলেও প্রথম সাক্ষাতের দিন রাজা কমিশনারের প্রতি কোন অসৌজন্য প্রকাশ করেন নাই, বরঞ্চ ডিগ্‌বি সাহেবের সহিত অভদ্র ব্যবহারের জন্য দুঃখ প্রকাশ করিয়াছিলেন। রাজা এই সময়ে ম্যাকলিয়ড্‌কে বলিয়াছিলেন যে তাঁহার একজন কর্ম্মচারী তাঁহার অজ্ঞাতে নিমকহারামী করিয়া ডিগ্‌বি সাহেবের নিকট তাঁহার নামে ঐ চিঠি লিখিয়াছিল। তিনি তাহাকে "সসপেণ্ড" করিয়াছেন এবং আরও গুরুতর শাস্তি দিবেন। রাজা বলিলেন যে তিনি ১৭৭২ সালের সন্ধির সকল সর্ত্ত বিশ্বস্তভাবে প্রতিপালন করিবেন। কমিশনারও তাঁহাকে আশ্বাস দিলেন যে ইংরাজ সরকারও ঐ সন্ধির অন্যথা করিতে চাহেন না। তিনি মনে করিয়াছিলেন যে রাজা গুরুপ্রসাদকেই নিমকহারাম বলিয়া গালি দিয়াছেন, কারণ কিছুদিন পূর্ব্বে গুরুপ্রসাদ তাঁহার ফৌজদারী আদালতের চাকরী হইতে সসপেণ্ড হইয়াছিলেন, সুতরাং গুরুপ্রসাদ ও রাম-প্রসাদকে কুচবিহার হইতে দূর করা বিশেষ কঠিন হইবে না। কিন্তু তাঁহার এই ভ্রম দূর হইতে বিলম্ব হয় নাই।

গুরুপ্রসাদ রায় মুর্শিদাবাদ জেলার লোক। তাঁহার পিতা রাজা ধৈর্য্যেন্দ্রনারায়ণের আমলে কুচবিহারে চাকরী করিতেন। গুরুপ্রসাদ পনেরো বৎসর বয়সে কুচবিহারে আসেন এবং এই সময় কিছুকাল তরুণ রাজা হরেন্দ্রনারায়ণের সঙ্গী ও সহচর ছিলেন। রাজ্য শাসনের ভার পাইয়াই হরেন্দ্রনারায়ণ গুরুপ্রসাদকে দেওয়ান নিযুক্ত করেন কিন্তু কিছুদিন পরে কোন কারণে রাজার সহিত তাঁহার মনান্তর হয় এবং ১৮০৩ সালে গুরুপ্রসাদ কুচবিহার হইতে নির্ব্বাসিত হন। ১৮০৮ সালে গুরুপ্রসাদ আবার কুচবিহারে ফিরিয়া আসেন এবং ফৌজদারী সেরেস্তাদার নিযুক্ত হন। এই সময়ে তাঁহার অত্যাচারে কুচবিহারের প্রজাগণ অতিষ্ঠ হইয়াছিল। তাঁহার ক্ষমতার অপব্যবহারের অশুভ ফল হইতে রঙ্গপুরের লোকেরাও অব্যাহতি পায় নাই (নরম্যান ম্যাকলিয়ডের পত্র, নং ১২৬)। ১৮১১ সালে গুরুপ্রসাদ ফৌজদারী সেরেস্তাদারীর সঙ্গে রাজ্যের দেওয়ানীও পাইলেন। তখন তাঁহার ক্ষমতা এরূপ বৃদ্ধি পাইয়াছিল যে ডিগ্‌বি সাহেবের লোকদিগের সাক্ষাতেই তিনি দেওয়ান দেওর জমি জোর করিয়া দখল করিয়াছিলেন, রাজার অজ্ঞাতেই হউক অথবা জ্ঞাতসারেই হউক ডিগ্‌বি সাহেবের নিকট অভদ্র ভাষায় পত্র লিখিয়াছিলেন। এই সময় গুরুপ্রসাদ নাকি রাজাকে ভরসা দিয়াছিলেন যে হরিশের মৃত্যুর সম্বন্ধে ইংরাজ সরকার আর কিছুই করিবেন না। নরম্যান ম্যাকলিয়ড কুচবিহারের কমিশনার নিযুক্ত হইবার অব্যবহিত পরেই গুরুপ্রসাদ একদিকে তাঁহার নিকট উকিল পাঠাইয়া তাঁহার অনুগ্রহ লাভের চেষ্টা করিয়াছিলেন, অপর দিকে রাজাকে আশ্বাস দিতেছিলেন যে কমিশনার নিয়োগের সংবাদ সর্ব্বৈব মিথ্যা, হরিশ চক্রবর্ত্তীর মৃত্যু সম্বন্ধে তদন্ত বন্ধ করিবার সমস্ত ব্যবস্থা তিনি পূর্ব্বাহ্নেই করিয়া রাখিয়াছেন। শেষে যখন সত্য সত্যই একদিন কমিশনার আসিয়া কুচবিহারে উপস্থিত হইলেন তখন রাজা বিরক্ত হইয়া গুরুপ্রসাদকে ফৌজদারী কাছারির চাকরী হইতে সসপেণ্ড করিলেন কিন্তু সেই সাময়িক অসন্তোষের ফলে তিনি চিরকালের জন্য রাজার অনুগ্রহ হইতে বঞ্চিত হন নাই। ১৮১৪ সালে হরেন্দ্রনারায়ণ কলিকাতার কর্ত্তৃপক্ষের ভয়ে গুরুপ্রসাদকে বিদায় দিতে বাধ্য হইয়াছিলেন সত্য, কিন্তু ১৮১৮ সালে তিনি আবার গুরুপ্রসাদকে কুচবিহারের দেওয়ান নিযুক্ত করিবার জন্য বড়লাটের অনুমতি প্রার্থনা করিয়াছিলেন। বলা বাহুল্য যে ইংরাজ সরকার তাঁহার আবেদনে কর্ণপাত করেন নাই।

কুচবিহারের দরবারে গুরুপ্রসাদের প্রতিদ্বন্দ্বী ছিলেন মুন্সী রামপ্রসাদ। অত্যন্ত হীন বংশে রামপ্রসাদের জন্ম হইয়াছিল। রাজার সন্তোষ সাধনের জন্য রামপ্রসাদ যে কোন কুকার্য্য করিতে পারিতেন। ম্যাকলিয়ড প্রমাণ পাইয়াছিলেন যে গুরুপ্রসাদ ও রামপ্রসাদ উভয়েই হরিশ চক্রবর্ত্তীর হত্যার কথা জানিতেন এবং রামপ্রসাদ এই হত্যাকাণ্ডের সহিত প্রত্যক্ষভাবে জড়িত ছিলেন। তাঁহার বেশভূষা আচার ব্যবহার দেখিলে তাঁহাকে রাজ সরকারের কোন নগণ্য ভৃত্য বলিয়া মনে হইত। কিন্তু প্রকৃত পক্ষে স্বয়ং রাজাও রামপ্রসাদের অঙ্গুলি হেলনে পরিচালিত হইতেন। স্বার্থের ঐক্য হইলে রামপ্রসাদ যেমন গুরুপ্রসাদের

সহযোগিতা করিতে ইতস্তত: করিতেন না তেমনই স্বার্থের সংঘর্ষ হইলে তাঁহার প্রতিযোগিতা করিতেও কুণ্ঠিত হইতেন না। গুরুপ্রসাদের ন্যায় রামপ্রসাদের প্রতিও রাজা হরেন্দ্র নারায়ণের অনুগ্রহ ও বিশ্বাস চিরদিন অব্যাহত ও অক্ষুণ্ণ ছিল। তাই ম্যাকলিয়ড সাহেবের রিপোর্ট অনুসারে রামপ্রসাদ যখন হরিশ চক্রবর্ত্তীর হত্যার অপরাধে গ্রেপ্তার হইয়াছিলেন তখন রাজা হরেন্দ্রনারায়ণ ইংরাজ সরকারের বিশ্বাসভাজন কুমার শিবেন্দ্র-নারায়ণের জামিনে তাঁহার মুক্তির ব্যবস্থা করিয়াছিলেন।

ম্যাকলিয়ড যখন হরেন্দ্রনারায়ণের সঙ্গে সাক্ষাৎ করেন তখন সূর্য্যনারায়ণ ঘোষ নামক রঙ্গপুর দেওয়ানী আদালতের একজন বিশিষ্ট ব্যবহারাজীব রাজার পক্ষে উকিল নিযুক্ত হইয়াছিলেন। স্থির হইয়াছিল যে ম্যাকলিয়ড সাহেব সূর্য্যনারায়ণের মারফতে রাজার সহিত সকল বিষয়ে কথাবার্ত্তা চালাইবেন। সূর্য্যনারায়ণ অনেক চেষ্টা করিয়াও দ্বিতীয়বার রাজার সহিত ম্যাকলিয়ডের সাক্ষাতের ব্যবস্থা করিতে পারিলেন না। রাজা বলিয়া পাঠাইলেন যে তিনি অসুস্থ, অন্তঃপুরের বাহিরে আসা তাঁহার পক্ষে সম্ভব হইবে না। ইহার উপর আর কথা চলে না। সুতরাং ম্যাকলিয়ড ও সূর্য্যনারায়ণ শ্রীপঞ্চমীর অপেক্ষা করিতে লাগিলেন। রাজা প্রকাশ্যভাবে শ্রীপঞ্চমীর উৎসবে যোগদান করিতেন, এই দিন সকলের সহিত সাক্ষাৎ হইত, সুতরাং সূর্য্যনারায়ণ ভাবিয়াছিলেন যে শ্রীপঞ্চমীর উৎসবের সময় রাজার সহিত তাঁহার কথা কহিবার সুযোগ হইবে; তখন তিনি ম্যাকলিয়ড সাহেবের জন্য একটি দিন ও সময় ঠিক করিতে পারিবেন। শ্রীপঞ্চমীর দিন প্রভাতে ম্যাকলিয়ড সাহেব সংবাদ পাইলেন যে গুরুপ্রসাদের আদেশে রাজার লোকেরা সূর্য্যনারায়ণকে ধরিয়া লইয়া গিয়াছে। ম্যাকলিয়ডের লোকেরা গিয়া সূর্য্যনারায়ণকে লইয়া আসিল কিন্তু রাজা তাঁহার প্রতিবাদের কোন উত্তর দিলেন না। গুরুপ্রসাদের উকিল রামলোচন চাটার্জ্জি আসিয়া কমিশনারকে জানাইলেন যে গুরুপ্রসাদ তাঁহার সহিত সকল বিষয় আলোচনা করিবার ভার পাইয়াছেন। রাজার লোকেরা কমিশনারের পত্রবাহকদিগকে স্পষ্ট জানাইয়া দিল যে সাহেবের চিঠি পত্র রাজা গুরুপ্রসাদের নিকট পাঠাইতেছেন, তিনিই যাহা হয় উত্তর দিবেন। ম্যাকলিয়ড গুরুপ্রসাদের উকিলকে বলিয়া দিলেন যে রাজার পত্র না পাইলে তিনি গুরুপ্রসাদকে তাঁহার প্রতিনিধি বলিয়া স্বীকার করিতে পারেন না। অনতিবিলম্বে রাজার চিঠি আসিল—তিনি কমিশনারের সহিত প্রয়োজনীয় কথাবার্ত্তা চালাইবার জন্য গুরুপ্রসাদকে নিযুক্ত করিয়াছেন, গুরুপ্রসাদ কমিশনার সাহেবের সঙ্গে সাক্ষাৎ করিবেন। কমিশনার বিরক্ত হইয়া কলিকাতায় লিখিয়া পাঠাইলেন—গুরুপ্রসাদকে দূর না করিলে শান্তি ও সুবিচারের ব্যবস্থা করা অসম্ভব। হরেন্দ্রনারায়ণ নিজেই নিজের শত্রু। অতিরিক্ত অত্যাচারে তাঁহার শরীর ও মন বিকল হইয়াছে। তিনি যে কখনও ব্যসন পরিত্যাগ করিয়া রাজকার্য্যে মনোযোগ করিবেন সে সম্ভাবনা নাই। রাজস্ব ও পুলিশ বিভাগের কর্ম্মচারীদের অত্যাচারে প্রত্যেক বৎসর কুচবিহারের বহু প্রজা হয় দেশত্যাগ করিতেছে, না হয়ত দস্যুবৃত্তি অবলম্বন করিতেছে।

এদিকে গুরুপ্রসাদ ও রামপ্রসাদের স্পর্দ্ধা রাজার প্রশ্রয় পাইয়া প্রত্যহ বৃদ্ধি পাইতেছিল। কিছুদিন পরে রাজা কমিশনারের সহিত দ্বিতীয়বার সাক্ষাৎ করিলেন সত্য কিন্তু তাঁহার অভিযোগের কোন প্রতিকার হইল না। রাজার নিকট পত্র লিখিয়াও ফল হইল না, তিনি স্পষ্ট লিখিয়া পাঠাইলেন যে (হরিশের পুত্র) দেবনাথের অভিযোগ সম্বন্ধে তিনি কিছুই জানেন না। গুরুপ্রসাদ বহুদিনের পুরাতন কর্ম্মচারী, বিনা বিচারে তিনি তাঁহাকে বরখাস্ত করিতে পারেন না। ঠিক এই সময়ই আসামের কুমার ব্রজনাথ সিংহের লোকেরা কুচবিহারে ও রঙ্গপুরে সৈন্য সংগ্রহ করিতেছিল। কমিশনার সংবাদ পাইলেন যে রাজা হরেন্দ্রনারায়ণ তাঁহার খাস সিপাহীদিগকে কমিশনারের বিরুদ্ধে উত্তেজিত করিতেছেন। ইংরাজ সরকারের অনুমতি অনুসারে রাজা হরেন্দ্রনারায়ণ ১২০ জন শরীররক্ষী ও রাজস্ব আদায়ের জন্য ১৫০ জন বরকন্দাজ রাখিয়াছিলেন। ইহারা সাধারণতঃ ইংরাজ রাজ্যের অধিবাসী ও ইংরাজ সরকারের অনুগত ছিল। অল্প দিন পূর্ব্বে তিনি আরও পাঁচশত সিপাহী ও বরকন্দাজ রাখিয়াছিলেন। ইহারা "খাস সিপাহী" নামে পরিচিত। রাজকার্য্যের জন্য এই সৈন্যদলের কোনই প্রয়োজন ছিল না। সুতরাং উপরোক্ত সংবাদ পাইয়া কমিশনার রাজার অভিসন্ধি সম্বন্ধে সন্দিহান হইয়াছিলেন। এদিকে রামপ্রসাদের আদেশে রাজার পাইকেরা কমিশনারের ভৃত্যের হাত হইতে তাহার ক্রীত কয়লা কাড়িয়া লইয়া গেল। রাজা ঢোল সহরত করিয়া বাজারের দোকানীদিগকে জানাইলেন যে কমিশনার সাহেবের বাড়ীর নিকট গেলে ২৫৲ টাকা জরিমানা হইবে। বাজার হইতে কোন প্রয়োজনীয় দ্রব্য পাওয়া ক্রমশঃই তাঁহার পক্ষে কঠিন হইয়া উঠিল। সুতরাং তিনি সমস্ত অবস্থা আবার কলিকাতায় লিখিয়া পাঠাইলেন।

ইংরাজ সরকার আর চুপ করিয়া রহিলেন না। রাজা হরেন্দ্রনারায়ণকে বলা হইল যে তুমি যদি অবিলম্বে খাস সিপাহীদিগকে বরখাস্ত না কর, যদি গুরুপ্রসাদ ও রামপ্রসাদকে রাজ্য হইতে দূর করিয়া না দাও, কমিশনার যে সমস্ত কর্ম্মচারীকে অনুপযুক্ত মনে করেন তাহাদিগকে পদচ্যুত না কর, তবে তোমাকে রাজ্যচ্যুত করা হইবে। ভবিষ্যতে ইংরাজ সরকারের বিনা সম্মতিতে কাহাকেও দেওয়ানের পদে নিযুক্ত করিতে পারিবে না। ("Your conduct, however, has been utterly inconsistent with the duties of subjection and allegiance. You must, consequently, be considered to have violated your engagements, and to have forfeited your rights of territorial sovereignty, by disregarding the conditions under which they were recognised... ....With a view to prevent the recurrence of any acts of gross outrage or oppression, and for this purpose, on the present occasion, to insist on your immediate compliance with the following demands :—

1st. That you discharge your *Khas* Sepoys, and any other description of armed force, which may appear to the Commissioner to be unnecessary for the internal administration of the country.

2nd. That you discharge from your service the Dewan Gooroo Prasad and Moonshee Ram Prasad, and compel them to quit your territory.

3rd. That you dismiss from your service any other officers, whom the Commissioner may point out to you, as being unworthy of employment, from their participation in the late transaction, and

4thly, that the appointment of a Dewan be, in future, considered subject to the approval of the British Government".)

এই পত্রে রাজা হরেন্দ্রনারায়ণের সকল ত্রুটি বিচ্যুতির কথা কঠোর ভাষায় লেখা হইয়াছিল। কুচবিহারে ও তাহার আশে পাশে তখন ইংরাজ ফৌজের অভাব ছিল না। কিন্তু এই পত্র পাইবার পূর্ব্বেই তিনি কমিশনারের সমস্ত সর্ত্তে সম্মত হইয়াছিলেন। এমন কি, এবার রাজস্ব ও বিচার বিধির সংস্কারের বিরোধিতা করিতেও তাহার আর সাহস হয় নাই। পূর্ব্বে কথা হইয়াছিল যে, ফৌজদারী ও দেওয়ানী উভয় আদালতেই হিন্দু আইন অনুসারে বিচার হইবে, এবারে হুকুম হইল যে দেওয়ানী আদালতে হিন্দু আইন চলিলেও ফৌজদারী মামলার বিচার হইবে মুসলমান আইন অনুসারে। খাস সিপাহীদিগের অনেক বেতন পাওনা ছিল, তাহাদের প্রাপ্য পরিশোধ করিবার মত টাকা তখন রাজার ভাণ্ডারে ছিল না। ম্যাকলিয়ড সাহেব ইংরাজ সরকারের তহবিল হইতে তাহাদের বেতন মিটাইয়া দিয়া তাহাদিগকে বিদায় করিলেন। কর্ম্মচ্যুত সিপাহীদিগকে তিনি স্পষ্ট করিয়া বলিয়া দিলেন যে ভবিষ্যতে রাজার চাকরী গ্রহণ করিলে ইংরাজ সরকার তাহাদের বেতনের জন্য দায়ী হইবেন না।

বিনা বলপ্রয়োগে হরেন্দ্রনারায়ণকে তাঁহার সকল প্রস্তাব গ্রহণ করাইতে পারিয়াছিলেন বলিয়া গভর্ণমেন্ট কেবল যে ম্যাকলিয়ড সাহেবের কর্ম্মপটুতার সুখ্যাতি করিয়াছিলেন তাহা নহে, রাজার উপরও তাঁহাদের মনোভাবের পরিবর্ত্তন হইয়াছিল। তাঁহারা যেমন ম্যাকলিয়ডের নিকট প্রশংসাসূচক পত্র লিখিয়াছিলেন তেমনই রাজাকেও সান্ত্বনা ও আশ্বাস দিয়া চিঠি লিখিয়াছিলেন। ম্যাকলিয়ডের তদন্তে হরিশ চক্রবর্ত্তীর হত্যা সম্পর্কে রামপ্রসাদ যখন দোষী সাব্যস্ত হইয়া গ্রেপ্তার হইলেন তখন স্থির হইল যে কুচবিহারের রাজার আদালতে কুচবিহারের প্রচলিত আইন অনুসারেই তাঁহার বিচার হইবে। সকলেই জানিত যে রাজার আদালতে বিচার হইলে রামপ্রসাদের অপরাধের কোন দণ্ডই হইবে না, তথাপি ইংরাজ

সরকার তাঁহাদের সিদ্ধান্তের অন্যথা করেন নাই, অনুতপ্ত রাজার পূর্ব্ব ক্ষমতা ও অধিকার বিন্দুমাত্রও ক্ষুণ্ণ হইতে দেন নাই। অবশ্য রাজ্যের মঙ্গলের নিমিত্ত কতকগুলি বিভাগের তত্ত্বাবধানের ভার কমিশনারের হাতে দিবার কথা হইয়াছিল, কিন্তু দুই বৎসর পরে (১৮১৬ সালের ২৪শে ফেব্রুয়ারী) সেক্রেটারী অ্যাডাম (J. Adam) ম্যাকলিয়ড্‌কে লিখিয়াছিলেন যে, ১৮১৪ সালের ১২শে মার্চ্চ ও ১৪ই তারিখের পত্র হইতে আপনার ধারণা হইয়া থাকিতে পারে যে গভর্ণমেণ্ট প্রত্যক্ষভাবে কুচবিহারের শাসনকার্য্যের তত্ত্বাবধান করিতে চাহেন এবং রাজস্ব ও বিচার বিভাগের কার্য্য রাজার নামে কমিশনারের দ্বারা পরিচালনা করিতে চাহেন, কিন্তু সন্ধির সর্ত্তগুলি পর্য্যালোচনা করিয়া সপরিষদ গভর্ণর জেনারেলের প্রতীতি হইয়াছে যে রাজা সন্ধি ভঙ্গ না করিলে গভর্ণমেণ্ট উপরোক্ত ক্ষমতা গ্রহণ করিতে পারেন না।

হরেন্দ্রনারায়ণের বিরুদ্ধে গুর্খাদের সহিত সহানুভূতি পোষণের অভিযোগ—

ইতিমধ্যে ম্যাকলিয়ড সাহেব ভ্রমবশতঃ রাজা হরেন্দ্রনারায়ণের প্রতি ভয়ানক একটা অবিচার করিয়া ফেলিয়াছিলেন। কমিশনারের সহিত তাঁহার যতই মনোমালিন্য হইয়া থাকুক হরেন্দ্রনারায়ণ কখনও ইংরাজ সরকারের বিরুদ্ধে বিদ্রোহের ভাব পোষণ করিয়াছেন বলিয়া মনে হয় না। বাল্যকাল হইতেই তিনি আপনাকে ইংরাজের আশ্রিত বলিয়া পরিচয় দিয়াছেন। কিন্তু ১৮১৩ ও ১৮১৪ সালের ঘটনার পর রাজার বুদ্ধি বা বিবেচনার প্রতি ম্যাকলিয়ড সাহেবের বিন্দুমাত্র আস্থা ছিল না। তাঁহার ধারণা হইয়াছিল যে, ঝোঁকের মাথায় খেয়ালী রাজা না করিতে পারেন এমন কাজ নাই। সুতরাং ম্যাকলিয়ড সাহেব রাজার বিরুদ্ধে যখন যেখানে যে অভিযোগ শুনিতেন তাহাই বিশ্বাস করিতেন। ১৮১৫ সালে তিনি শুনিলেন যে নেপালের গুর্খাদিগের সহিত ইংরাজদিগের বিরুদ্ধে যোগদান করিবার অভিপ্রায়ে রাজা হরেন্দ্র নারায়ণ বক্সা দুয়ারের ভুটিয়া শাসনকর্ত্তার সহিত ষড়যন্ত্র করিতেছেন (ম্যাকলিয়ডের পত্র, নং ১৩৬)। কথাটা প্রথম একজন সামান্য পত্রবাহকের নিকট হইতে ম্যাকলিয়ড সাহেবের শ্রুতিগোচর হয়। এই ব্যক্তি নাকি রামসিংহ নামক রাজার একজন বিশ্বস্ত সিপাহীকে চামর্চীর পথে চিঠি লইয়া আসিতে দেখিয়াছিল। ইহার কিছুদিন পরে রামসিংহ বরখাস্ত হইয়া ম্যাকলিয়ড সাহেবের নিকট এই ষড়যন্ত্রের কথা প্রকাশ করে। এই অবস্থায় রামসিংহের সাক্ষ্য কতদূর বিশ্বাসযোগ্য ম্যাকলিয়ড সাহেব তাহা ভাল করিয়া বিবেচনা না করিয়াই রাজা হরেন্দ্রনারায়ণের বিশ্বাসঘাতকতার কাহিনী কর্ত্তৃপক্ষের গোচর করিলেন। হরেন্দ্রনারায়ণের প্রতি কলিকাতার কর্ত্তাদিগের যে বিশেষ ভাল ধারণা ছিল তাহা নহে, কিন্তু ষড়যন্ত্রের সংবাদ শুনিয়াই তাঁহারা ম্যাকলিয়ড সাহেবের ন্যায় অস্থির হইয়া পড়েন নাই। অভিযোগ গুরুতর, সত্য প্রমাণিত হইলে দণ্ড হইবে সিংহাসনচ্যুতি। ইংরাজ কোম্পানীর

মত পরাক্রান্ত সার্ব্বভৌম শক্তির পক্ষে কুচবিহারের করদ রাজার প্রতি চরম দণ্ড প্রয়োগ করা, তাঁহার পৈত্রিক সিংহাসন হইতে তাঁহাকে অপসারিত করা আদৌ কঠিন ছিল না। কিন্তু শক্তির অপপ্রয়োগ করিলে শক্তিমানও সাধারণের সমালোচনা হইতে অব্যাহতি পান না। এই জন্যই ম্যাকলিয়ড সাহেবের পত্র পাইয়া ইংরাজ সরকার হরেন্দ্রনারায়ণের প্রতি কোন দণ্ডবিধান করেন নাই, তাঁহার কার্য্যকলাপ সম্বন্ধে আরও ভাল করিয়া তদন্ত করিতে বলিয়াছেন। ১৮১৪ সালের ডিসেম্বর মাসে রাজা যখন ম্যাকলিয়ডের বিরুদ্ধে বড়লাটের নিকট নালিশ করিয়াছিলেন তখন ইংরাজ সরকার তাহাতে কর্ণপাত করেন নাই। ম্যাকলিয়ড যখন ১৮১৫ সালের এপ্রিল মাসে রাজার বিরুদ্ধে বিশ্বাসঘাতকতা ও রাজদ্রোহিতার অভিযোগ করিলেন তখনও ইংরাজ সরকার সহসা রাজা হরেন্দ্রনারায়ণের দণ্ডবিধান করিতে উদ্যত হইলেন না। ভুটানের সহিত কুচবিহারের রাজার সদ্ভাব ছিল না। রাজ্যের সীমানা লইয়া দুই পক্ষের মধ্যে সর্ব্বদাই বিবাদ বিসম্বাদ চলিতেছিল। ইংরাজের সাহায্য ব্যতিরেকে কুচবিহারের রাজা ভুটিয়াদিগের উপদ্রব হইতে আপনার সীমান্ত রক্ষা করিতে পারিতেন না। তথাপি যদি পূর্ব্ববৈর বিস্মৃত হইয়া হরেন্দ্রনারায়ণ এই সময় ভুটিয়া ও গুর্খাদিগের সহিত মৈত্রী স্থাপন করিবার সঙ্কল্প করিয়া থাকিতেন তবে তাঁহার অনুকূল সন্ধিক্ষণ পূর্ব্বেই অতীত হইয়া গিয়াছিল। ১৮১৪ সালে গুর্খাযুদ্ধের প্রথম ভাগে ইংরাজ সৈন্য যখন বিপন্ন তখন যদি হরেন্দ্রনারায়ণের রাজভক্তি অবিচলিত রহিয়া থাকে, তবে সেই সঙ্কটের মুহূর্ত্ত অতিবাহিত হইবার পর, ইংরাজের জয় যখন সুনিশ্চিত তখন হরেন্দ্রনারায়ণ গুর্খাদিগের প্রতি সহানুভূতি প্রকাশ করিয়া আপনার পায়ে আপনি কুঠারাঘাত করিবেন কেন? ইহার কোন সদুত্তর ছিল না। কেবল ম্যাকলিয়ড বা ইংরাজ সরকারের প্রতি বিদ্বেষবশতঃ রাজা আপনার সর্ব্বনাশ করিবেন কেন? ইংরাজ সরকার মনে করিলেন এরূপ অবস্থায় কুচবিহার দখল করিলে তাঁহাদের প্রকৃত অভিসন্ধি সম্বন্ধে লোকের মনে সন্দেহ হইতে পারে। সুতরাং তাঁহারা ম্যাকলিয়ড সাহেবের নিকট রাজার অপরাধ সম্বন্ধে অকাট্য প্রমাণ চাহিলেন। অবশ্য রাজার মনে কোনরূপ সন্দেহ না হয় এইরূপ ভাবেই তদন্ত চালাইবার কথা ছিল। ("The Vice-President in Council has received with extreme concern and surprise the information, contained in your despatch of the latter date, (20th April, 1815) regarding the extraordinary proceedings and designs ascribed to the Rajah of Cooch Behar. The Vice-President in Council is naturally slow to believe that the rashness and imbecility of the Rajah's counsels can have led him to adopt measures of the hostile character described in your despatch, and thereby hazard the ruinous consequences, inseparable from a detection of such a flagrant violation of

his engagements with the Honourable Company, and of every principle of faith, honor and gratitude.

3. But under any circumstances, in a case of this nature, the utmost circumspection and caution are indispensably requisite. It must be borne in mind that the charges, in question, point to a consequence not less important than the forfeiture of a dominion·········

4. No evidence, therefore which will admit of question, no accumulation of facts merely suspicious or presumptive can, however strong, be deemed sufficient to warrant the grave and solemn sentence of deposal and you will infer that the circumstances and proceedings, detailed in your despatches, want that degree of substantiation which the occasion demands.

5. The Vice-President in Council highly commends the vigilance, activity and ability which have enabled you to trace the very suspicious facts now communicated to Government, but with reference to the foregoing observations more is yet required, and accordingly the Vice-President in Council desires that as an act of justice to the Rajah, not less than for the satisfaction of the British Government, no pains or exertion may be omitted on your part to ascertain the real truth of circumstances, implicating so seriously the good faith of the Rajah and consequently involving the fate of his principality, but the Vice-President in Council wishes that you should prosecute your enquiry in silence and with the utmost caution and circumspection, avoiding any measure which could alarm the Rajah's mind, or lead him to suppose that you suspected him of treachery".)

এতদিন ম্যাকলিয়ড সাহেব তাঁহার কর্ম্মতৎপরতা ও সুবিবেচনার জন্য উর্দ্ধতন কর্ত্তৃপক্ষের সুখ্যাতি পাইয়া আসিতেছিলেন; এইবার হরেন্দ্রনারায়ণের অপরাধ সপ্রমাণ করিবার অতিরিক্ত আগ্রহে তিনি সমস্ত সতর্কতা বিসর্জ্জন দিলেন। মনের যে অবস্থায় রজ্জুতে সর্পভ্রম হয়, অরণ্যের বৃক্ষ মাত্রকেই গুপ্ত শত্রুর আশ্রয় স্থান বলিয়া আশঙ্কা হয়, ম্যাকলিয়ড সাহেবের চিত্তের তখন সেই সন্দেহাকুল অবস্থা। বলা বাহুল্য এই অবস্থা সত্যানু-

সন্ধানের অনুকূল নহে। কলিকাতা হইতে পত্রের উত্তর আসিবার পূর্ব্বেই ম্যাকলিয়ড একটি অবিবেচনার কার্য্য করিয়া ফেলিলেন। রাজা হরেন্দ্রনারায়ণের অন্যান্য হিন্দু নরপতিদিগের ন্যায় একাধিক বিবাহ হইয়াছিল। তাঁহার এক শ্যালক করীন্দ্রনাথ এক সময়ে ভুটান সরকারে বক্সা দুয়ারের সুবার অধীনে চাকুরী করিতেন। কিছু দিন পূর্ব্বে তাঁহার চাকুরী গিয়াছিল, কিন্তু করীন্দ্রনাথের ভরসা ছিল যে দেবরাজার সহিত সাক্ষাৎ করিলেই তিনি তাঁহার পূর্ব্ব পদ ফিরিয়া পাইবেন। ম্যাকলিয়ড সাহেবের নিকট তিনি ভুটানে ফিরিয়া যাইবার ইচ্ছাও প্রকাশ করিয়াছিলেন। কিন্তু কিছু দিন পরে কমিশনার শুনিলেন যে করীন্দ্র ভুটানে যান নাই, রাজার মৃগয়ার ব্যবস্থা করিবার জন্য ঈশ্বরী সিংহ ও নহর সিংহ নামক রাজার দুই জন বিশ্বস্ত অনুচরসহ সীমান্তের নিকট যাইতেছেন। ভুটান সীমান্তের নিকটে মরিচবাড়ী নামক জায়গায় করীন্দ্রনাথের নিজের বাড়ী ছিল। কিন্তু যে রাজা অন্তঃপুর ছাড়িয়া এক পা নড়িতে চাহেন না তিনি শিকারে যাইবেন, তাহাও আবার সীমান্তের নিকট, এই কথা শুনিয়া ম্যাকলিয়ড সাহেব আর স্থির থাকিতে পারিলেন না। তাঁহার কানে নানারকম খবর আসিতে লাগিল। করীন্দ্র নাকি সীমান্তের নিকট সৈন্য সংগ্রহের পরোয়ানা পাইয়াছেন। রাজা হরেন্দ্রনারায়ণ নাকি মরাঘাট ছাড়িয়া দিয়া ভুটানের সঙ্গে মৈত্রী স্থাপনের প্রস্তাব করিয়াছেন। ম্যাকলিয়ড সাহেব করীন্দ্রনাথের গতিবিধি পর্য্যবেক্ষণ করিবার জন্য চাপরাসী ও সিপাহী পাঠাইয়া দিলেন। একজন চাপরাসী আসিয়া খবর দিল যে করীন্দ্রনাথের নিকট ভুটান হইতে দুই জন জিনকাফ (পত্রবাহক) দেব রাজার পরোয়ানা লইয়া আসিয়াছে। তিনি তাঁহার পূর্ব্বপদ পাইয়াছেন, সুতরাং শীঘ্রই ভুটান যাইবেন। রাজা যাহাতে কোন অসম সাহসের কাজ না করিতে পারেন সেই জন্য ম্যাকলিয়ড সাহেব এনসাইন পিগটকে (Ensign Pigot) এক দল সিপাহী সহ রাজ-বাড়ীর উত্তর দিকে ভুটানের রাস্তায় মানসী নদীর তীরে মোতায়েন করিলেন। মরিচবাড়ী হইতে ফিরিয়া আসিয়া ম্যাকলিয়ড সাহেবের সিপাহী ও চাপরাসীরা সংবাদ দিল যে তাহারা পথে জন চল্লিশেক লোককে শিকারের সরঞ্জাম সহ ফিরিতে দেখিয়াছে। প্রশ্ন করায় তাহারা উত্তর দিয়াছে যে সর্দ্দারেরা তাহাদিগকে ভুটান যাইতে বলিয়াছিল, তাহারা কখনও সে দেশে যায় নাই বলিয়া রাজবাড়ীতে ফিরিয়া যাইতেছে। করীন্দ্রনাথের সঙ্গে তাহারা পঁচিশ জনের বেশী সশস্ত্র লোক দেখে নাই। কুচবিহারে ফিরিবার পর ম্যাকলিয়ড সাহেব করীন্দ্রনাথ, নহর সিংহ ও ঈশ্বরী সিংহকে ডাকিয়া পাঠাইলেন। তাহাদের উত্তর সাহেবের সন্তোষজনক হয় নাই। পরস্পরের কথায় অনৈক্য ত ছিলই, প্রত্যেকেরই আচরণে আশঙ্কার ভাব সুস্পষ্ট প্রকাশ পাইয়াছে। সুতরাং কমিশনারের মনে আর সন্দেহের লেশমাত্রও রহিল না। তিনি সিদ্ধান্ত করিলেন, মরাঘাটের পরিবর্ত্তে ইংরাজ সরকারের বিরুদ্ধে সৈন্য সাহায্য পাইবার আশায়ই রাজা দূত স্বরূপ করীন্দ্রনাথকে ভুটানের সীমান্তে পাঠাইয়াছিলেন। ("From the whole of the information above detailed, it has appeared to me that the following conclusion is

evidently and surely deducible that the Rajah of Cooch Behar despatched Kerinder Nauth and his companions for Bhootan in charge of a mission, having for its express object an offer to the Bhooteahs of the resignation of all the lands in Maraghat, and an invitation to them to descend and take immediate possession of those lands, on the condition that they should grant him the aid of a large military force, to assist him in prosecuting the views, which he now unquestionably meditates, of forcibly emancipating his Raj from all dependence upon the English Government".) কাল বিলম্ব না করিয়া নরম্যান ম্যাকলিয়ড করীন্দ্রনাথের সীমান্ত অভিযানের কাহিনী কলিকাতায় রিপোর্ট করিলেন।

এবারে কিন্তু ম্যাকলিয়ডের ভাগ্যে প্রশংসা মিলিল না। পরন্তু কর্ত্তৃপক্ষ তাঁহার অবিবেচনার জন্য মৃদু ভৎ'সনা করিতেও কুণ্ঠিত হইলেন না। ম্যাকলিয়ডের সন্দেহ তাঁহারা প্রমাণ বলিয়া গ্রহণ করিতে পারিলেন না। ("The Vice-President in Council, however, discerns nothing in your reports, to justify the apprehensions which you appear to have entertained".) ম্যাকলিয়ড সাহেব এই তিরস্কারে হতোদ্যম না হইয়া মুন্সী ফজলউল্লা নামক একজন বিশ্বাসী কর্ম্মচারীকে বক্সা দুয়ারের সুবার নিকট পাঠাইয়া দিলেন। মূল চিঠিগুলি হাজির করিতে পারিলে আর রাজার অপরাধ সম্বন্ধে সন্দেহের অবকাশ থাকিবে না। সুতরাং টাকা দিয়া হউক অথবা বিনা মূল্যে হউক বক্সা দুয়ারের সুবার নিকট হইতে মূল চিঠি কয়খানি সংগ্রহ করিয়া আনা চাই। ফজলউল্লার দৌত্য নিষ্ফল হইল। তিনি ভুটানের কর্ম্মচারীদের সঙ্গে দর যাচাই করিলেন, কমিশনার সাহেবের নামে অনুরোধ উপরোধ করিলেন, কিন্তু মূল চিঠি তাঁহারা হাতছাড়া করিতে রাজি হইলেন না। অগত্যা মুন্সী সাহেব কয়েকখানা চিঠির নকল লইয়া ফিরিলেন। আমাদের সংগৃহীত ১৫১, ১৫২, ১৫৩ ও ১৫৪ নং পত্র মুন্সী ফজলউল্লার কৃতিত্বের পরিচায়ক। পূর্ব্ব প্রমাণ অপেক্ষা ফজলউল্লার সংগৃহীত নকল চিঠির সাক্ষ্য অধিকতর সন্তোষজনক হইলেও ইংরাজ সরকার ইহার উপর নির্ভর করিয়া কুচবিহারের রাজাকে কোন দণ্ড দিলেন না, বিশেষতঃ এই সময় ভুটানের এক জন জিনকাফ রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট স্কট সাহেবকে বলিয়াছিল যে বক্সা ও চামর্চী দুয়ারের সুবাদ্বয়ের নিকট কুচবিহারের রাজা কোন চিঠি পত্র লিখিয়াছেন বলিয়া তাহারা জানে না। ("The Zeenkauf has brought no satisfactory answer on the subject of the correspondence stated to have taken place between the Rajah of Cooch Behar and the Soobahs of Chamarchee and Buxdwar, and he states that he could not learn that any letters

had been received.")। এই জন্যই বোধ হয় ১৮১৫ সালের শেষের দিকে বক্সা দুয়ারের শাসনকর্ত্তা কুচবিহারের কমিশনারকে যে চিঠি লিখিয়াছেন তাহা নির্ভরযোগ্য বলিয়া বিবেচিত হয় নাই। ১৮১৬ সালে ইংরাজ সরকার কুচবিহারের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করিবার সঙ্কল্প একেবারে ত্যাগ করিলেন। ঐ বৎসরই ম্যাকলিয়ড সাহেব কুচবিহার হইতে চলিয়া গেলেন, তাঁহার স্থানে রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট ডেভিড স্কট (David Scott) কমিশনার নিযুক্ত হইলেন।

কুচবিহারের সহিত ভুটানের সীমা-সংক্রান্ত বিবাদ—

রঙ্গপুরে ভুটানের জিনকাফের আবির্ভাব নিতান্ত আকস্মিক নহে। অনেক দিন হইতে কুচবিহারের রাজার সহিত মরাঘাটের মালিকী স্বত্ব লইয়া ভুটানের দেবরাজার বিবাদ চলিতেছিল। হরেন্দ্রনারায়ণের পশ্চাতে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী না থাকিলে দেবরাজা বোধ হয় জোর করিয়াই বিবাদীয় জায়গা দখল করিয়া লইতেন। কিন্তু ইংরাজ সরকারের সহিত প্রকাশ্যভাবে বিরোধ করিবার সাহস তাঁহার হয় নাই। এই জন্য দেবরাজা ও তাঁহার কর্ম্মচারীদের পত্র লইয়া রঙ্গপুরে ভুটানের জিনকাফেরা যাতায়াত করিতেছিল। ইহাদেরই এক জনকে সীমান্তের বিরোধ সম্বন্ধে দেবরাজার দাবীর পরিমাণ ভাল করিয়া জানিবার জন্য রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট স্কট সাহেব ভুটানে ফেরৎ পাঠাইয়াছিলেন। এই জিনকাফের সঙ্গেই ম্যাকলিয়ড সাহেব মুন্সী ফজলউল্লাকে বক্সা দুয়ারের শাসনকর্ত্তার নিকট পাঠাইয়াছিলেন। কিন্তু কুচবিহার ও ভুটানের বিবাদ ১৮১৫ অথবা ১৮০৯ সালে আরম্ভ হয় নাই। কাপ্তেন জোন্সের অভিযানের সঙ্গেই ইহার সূত্রপাত। অতএব এই খানে ইংলিশ ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সহিত ১৭৭৪ সালে ভুটানের দেবরাজার যে সন্ধি হইয়াছিল তাহার সর্ত্তগুলির আলোচনা করা প্রয়োজন।

ভুটানের সহিত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সম্বন্ধ—

আলোচ্য সন্ধিতে স্থির হয় যে—

১। ভুটিয়াদিগের দুরবস্থার কথা বিবেচনা করিয়া প্রতিবেশীদিগের সহিত শান্তিতে থাকিবার ইচ্ছায় মাননীয় কোম্পানী বাহাদুর কুচবিহারের রাজার সহিত যুদ্ধ বাধিবার পূর্ব্বে দেবরাজা যে সকল জায়গার মালিক ছিলেন, অর্থাৎ—পূর্ব্বে চেচাখাতা ও পাগলাহাট এবং পশ্চিমে কিরান্তি, মরাঘাট ও লক্ষিপুর ছাড়িয়া দিবেন।

২। চেচাখাতার কর স্বরূপ দেবরাজা মাননীয় কোম্পানী বাহাদুরকে প্রতি বৎসর পাঁচটি টাঙ্গন ঘোড়া দিবেন। পূর্ব্বে কুচবিহারের রাজাকে ঊর্দ্ধতন মালিক হিসাবে এই কর দেওয়া হইত।

৩। দেবরাজা কুচবিহারের বন্দী রাজা ধৈর্য্যেন্দ্রনারায়ণ ও তাঁহার ভ্রাতা দেওয়ান দেওকে ছাড়িয়া দিবেন।

৪। ভুটিয়ারা ব্যবসায়ী, তাহারা পূর্ব্বের ন্যায় বিনা শুল্কে ব্যবসা করিতে পারিবে এবং প্রত্যেক বৎসর তাহারা ('their caravan') রঙ্গপুর যাইতে পারিবে।

৫। দেবরাজা কোম্পানীর রাজ্যে উপদ্রব করিবেন না অথবা কোম্পানীর প্রজাদিগের প্রতি অত্যাচার করিবেন না।

৬। যদি কোম্পানীর রাজ্য হইতে কোন প্রজা দেবরাজার রাজ্যে যায় তবে দেবরাজাকে জানাইবা মাত্র তাহাকে ফিরাইয়া দেওয়া হইবে।

৭। যদি কোম্পানীর রাজ্যের কাহারও সহিত ভুটিয়াদিগের অথবা দেবরাজার কোন প্রজার কোন পাওনা সম্বন্ধীয় বা অন্য প্রকারের বিবাদ হয় তবে স্থানীয় ম্যাজিষ্ট্রেট বা আদালতের ভারপ্রাপ্ত কর্ম্মচারীর নিকট দরখাস্ত করিয়া তাহার মীমাংসা করিতে হইবে।

৮। যেহেতু ইংরাজেরা সন্ন্যাসীদিগকে শত্রু বলিয়া বিবেচনা করেন, দেবরাজা তাহাদিগকে উপরোক্ত জায়গাগুলিতে স্থান দিবেন না অথবা তাঁহার রাজ্যের ভিতর দিয়া কোম্পানীর রাজ্যে প্রবেশ করিতে দিবেন না। যদি ভুটিয়ারা সন্ন্যাসীদিগকে বাহির করিয়া দিতে না পারে তবে কুচবিহারের ইংরাজ রেসিডেণ্টকে খবর দিবে এবং ইংরাজ ফৌজ সন্ন্যাসীদিগের অনুসরণে পূর্ব্বোল্লিখিত প্রদেশে প্রবেশ করিলে তাহাতে সন্ধিভঙ্গ হইবে না।

৯। যদি মাননীয় কোম্পানী বাহাদুরের প্রয়োজন হয় তবে পাহাড়ের নিম্ন দেশস্থ জঙ্গলে বিনা শুল্কে কাঠ কাটিতে পারিবেন এবং এই জন্য যে লোক পাঠান হইবে ভুটান সরকার তাহাদিগের রক্ষণাবেক্ষণ করিবেন।

১০। উভয় পক্ষের বন্দীদিগকে উভয় পক্ষ মুক্তি দিবেন।

কুচবিহারের সহিত ভুটানের বিবাদ—

বহুদিন হইতেই ব্যবসায় উপলক্ষে ভুটিয়ারা কুচবিহারের পথে রঙ্গপুর যাইত। প্রচলিত প্রথা অনুসারে তাহারা কুচবিহারের রাজাকে কিছু নজর দিত এবং রাজ সরকার হইতে বিনামূল্যে প্রয়োজনীয় রসদ পত্র পাইত। তাহাদের বাণিজ্য দ্রব্যের জন্য কোন প্রকারের মাশুল বা শুল্ক দাবী করা হইত না। সন্ধির ৪র্থ ধারায় এই ব্যবস্থারই পুনরাবৃত্তি করা হইয়াছে। দেওয়ান গুরুপ্রসাদ রায় একবার এই প্রাচীন নিয়মের অন্যথা করিয়া ভুটিয়া ব্যবসায়ীদিগের প্রতি অন্যায় অত্যাচার করিয়াছিলেন, কিন্তু ইংরাজ সরকারের নিকট অভিযোগ হইবা মাত্র ইহার প্রতিকার হইয়াছিল। কিন্তু সন্ধির প্রথম ধারা অনুসারে ভুটিয়ারা যে সকল জায়গা পাইয়াছিল তাহা লইয়া দীর্ঘকাল বিবাদ বিসম্বাদ চলিয়াছে।

সন্ধির প্রথম ধারা অনুসারে ভুটিয়ারা যে সকল জায়গা পাইয়াছিল তাহার স্বত্ব স্বামিত্ব সম্বন্ধে সন্দেহের অবকাশ ছিল। কুচবিহারের পক্ষ হইতে আপত্তি হইল যে ভুটান যুদ্ধের পূর্ব্বে ভুটিয়ারা কুচবিহারের সীমান্তে বহু জায়গা অন্যায়রূপে অধিকার করিয়াছিল, কোন কোন জায়গার জন্য তাহারা কুচবিহারের রাজাকে খাজনা দিত, যুদ্ধ শেষে সেই

CENTRAL LIBRARY

সকল জায়গা তাহাদিগকে দেওয়া হইলে ঐ সকল তালুকের বৈধ মালিকদিগের প্রতি অবিচার করা হয়। সুতরাং সন্ধি হইবামাত্রই ভুটিয়ারা উল্লিখিত জায়গাগুলির দখল পায় নাই। অবশেষে দিনাজপুরের কাউন্সিলের উপর এই বিবাদের নিষ্পত্তির ভার দেওয় হয়। ১৭৭৭ সালে তাঁহারা পারলিং সাহেবের হস্তবুদ দেখিয়া স্থির করেন যে চেচাখাত পাগলাহাট, লক্ষিদুয়ার, কিরান্তি এবং মরাঘাট ভুটানের সম্পত্তি। তাঁহারা কুচবিহারের রাজা ও বৈকুণ্ঠপুরের জমিদারকে তাঁহাদের সিদ্ধান্ত জানাইলেন। কিন্তু ইহাতেও সীমান্তের বিবাদ শেষ হইল না। কখনও কয়েকটি তালুক, কখনও কয়েকটি স্থান, কখনও বা সন্ধিপত্রে উল্লিখিত জায়গাগুলির সীমানা লইয়া মতান্তর ও মনান্তর চলিয়াছে।

১৭৭৯ সালে দেবরাজের দূত নিরপুর পেগা কলিকাতায় আসিয়া ওয়ারেণ হেষ্টিংসকে জানাইলেন যে বৈকুণ্ঠপুরের দর্পদেও ও কুচবিহারের নাজির দেওর প্রতিবন্ধকতায় তাঁহার প্রভু তখনও তাঁহার ন্যায্য সম্পত্তি লাভ করিতে পারেন নাই। এবারেও দেবরাজার প্রতিনিধি তাঁহার দাবীর পরিমাণ পরিষ্কার করিয়া বলেন নাই, কতকগুলি গ্রামের নাম, উল্লেখ করিয়া ও গয়রহ (প্রভৃতি) বলিয়া তালিকা শেষ করিয়াছেন। পরে এই গয়রহের সুবিধা লইয়া ভুটিয়ারা তিস্তা নদীর তীরবর্ত্তী গ্রামগুলি ইচ্ছামত দখল করিয়াছে। নাজির দেও ও দর্পদেওর জন্য ওয়ারেণ হেষ্টিংস ভুটানের সহিত বিবাদ করিতে প্রস্তুত ছিলেন না। সুতরাং তাঁহার নির্দ্দেশে ভুটিয়াদিগকে ফালাকাটা ও জল্পেশ ছাড়িয়া দেওয়া হইল। এই দুই জায়গায় ভুটিয়াদিগের পূর্ব্বে কোন অধিকার ছিল না। কুচবিহারের রাজার পূর্ব্বপুরুষ মহারাজা প্রাণনারায়ণ জল্পেশ্বর শিবের মন্দির নির্ম্মাণ করিয়াছিলেন। ইহার পর কুচবিহারের সহিত বহুদিন পর্য্যন্ত ভুটিয়াদিগের সীমা সম্বন্ধে কোন বিবাদ হয় নাই।

১৭৮৭ সালে ভুটান হইতে নালিশ হয় যে ভোলাহাট ভুটানের প্রজা ভোলা রায়তের সম্পত্তি। রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট বোগল সাহেবের তদন্তে ভোলার দাবী ন্যায্য বলিয়া সাব্যস্ত হইয়াছিল, কিন্তু পরবর্ত্তী ম্যাজিষ্ট্রেট মুর সাহেব অন্যায় করিয়া ভোলাকে ও তাহার ভূম্যধিকারী ভুটানের দেবরাজাকে বঞ্চিত করিয়া কান্তবাবুকে ভোলাহাটের দখল দিয়াছেন। ৫৫ নং পত্রেও কান্ত বাবুর নামে এইরূপ আর একটি নালিশ আছে। ইংরাজ সরকার ভোলাকেই হাটের প্রকৃত মালিক বলিয়া স্বীকার করিয়াছিলেন, কিন্তু বাহিরবন্ধ পরগণার কোন অংশ দেবরাজাকে দিতে সম্মত হন নাই। আমাদের সংগৃহীত দুই খানি পত্রে রাঙ্গামাটির কানুনগো বুলচাঁদ বড়ুয়ার নামেও ভুটানের সম্পত্তি বেদখল করিবার অভিযোগ আছে। কমিশনার ক্রস সাহেব ১৭৯৪ সালে কুচবিহারের পক্ষ হইতে ভলকা তালুক দখল করেন। ১৭৯৯ সালে কমিশনার আমটি সাহেবের তদন্তের ফলে এই তালুকের ৭টি গ্রাম ভুটিয়াদিগকে দেওয়া হয়, বাকী ১১টি কুচবিহারের অধিকারে থাকে। কিন্তু মরাঘাট লইয়া ভুটান ও কুচবিহারের বিবাদ প্রায় দশ বৎসর চলিয়াছিল।

১৭৭৪ সালের সন্ধি অনুসারে ভুটানের দেবরাজা মরাঘাটের মালিক হইয়াছিলেন। মরাঘাট জলপাইগুড়ি হইতে ২৫।২৬ মাইল দূরে। তখন এখানে চাষ আবাদ বা বসতি

CENTRAL LIBRARY

বিশেষ ছিল না। ১৭৭৭ সালে দিনাজপুরের কাউন্সিলের বিচারেও ভুটিয়ারাই মরাঘাট পাইয়াছিল। কিন্তু এই সকল তালুকের সীমানা সম্বন্ধে ইংরাজ সরকারের কোন স্পষ্ট ধারণা ছিল না। ওয়ারেণ হেষ্টিংস ভুটানের দেবরাজাকে ফালাকাটা তালুক দিয়াছিলেন। পরে স্থির হয় যে "নিজ ফালাকাটা" ও "গির্দ ফালাকাটা" নামক ছুইটি পৃথক তালুক আছে। ভুটান সরকারকে "নিজ ফালাকাটা" দেওয়া হইয়াছে, "গির্দ ফালাকাটা" দেওয়া হয় নাই। কুচবিহারের রাজার পক্ষ হইতে বলা হইয়াছে যে মরাঘাট নামেও ছুইটি বিভিন্ন তালুক আছে। ভুটিয়াদিগের অধিকৃত মরাঘাট, চামর্চী মরাঘাট বা ছুয়ার মরাঘাট নামে পরিচিত, অপর তালুকের নাম গির্দ মরাঘাট। গির্দ মরাঘাট প্রকৃতপক্ষে কুচবিহারের সম্পত্তি, পারলিং সাহেবের হস্তবুদেও এই তালুকের নাম আছে। কিন্তু ভুটিয়ারা ভিন্ন ভিন্ন সময়ে ক্রমে ক্রমে এই তালুকে অনধিকার প্রবেশ করিয়াছে।

১৭৯৯ সালে ভলকার বিবাদ মিটিয়া যাইবার পর ১৮০৮ সাল পর্য্যন্ত ভুটিয়াদিগের সহিত কুচবিহারের আর কোন গোলযোগ হয় নাই। ১৮০৮ সালে একদল সশস্ত্র ভুটিয়া কুচবিহারের সীমান্তে উপস্থিত হইল। রাজা হরেন্দ্রনারায়ণ বিপদের আশঙ্কা করিয়া ইংরাজ সরকারের নিকট সাহায্যপ্রার্থী হইলেন। ভুটিয়ারা কুচবিহারে প্রবেশ করিবার চেষ্টা না করিলেও সীমান্ত হইতে রাজার প্রজাগণকে ধরিয়া লইয়া যাইতে লাগিল। শেষে কাপ্তেন স্লেসর (Slessor) একদল সিপাহী লইয়া কুচবিহারের সীমান্তে উপস্থিত হইলে চামর্চীর সুবা আপোষে বিবাদ মীমাংসা করিতে সম্মত হইলেন।

তখন মরগ্যান সাহেব রঙ্গপুরের কালেক্টর ও কুচবিহারের কমিশনার। তিনি স্বয়ং মরাঘাটে উপস্থিত হইলেন, কিন্তু ভুটানের কোন প্রতিনিধি উপস্থিত না থাকায় সীমান্তের বিবাদের মীমাংসা হইল না। মরগ্যানের পরবর্ত্তী কমিশনার জন ডিগ্‌বি কুচবিহারের উত্তর সীমান্তে উপস্থিত হইয়া দেবরাজার ও চামর্চীর সুবার প্রতিনিধিগণের সাক্ষাতে ছুই পক্ষের লোকজনের সাক্ষী গ্রহণ করিলেন। জলধাকা ও ছুধুয়া নদীর মধ্যবর্ত্তী তিটিনহাট ও বারোটি গ্রাম কুচবিহারের রাজা দাবী করিতেছিলেন। পারলিং সাহেবের হস্তবুদ দেখিয়া ডিগ্‌বি সাহেবের ধারণা হইয়াছিল যে এই জায়গাগুলি বাস্তবিকই কুচবিহারের সম্পত্তি, পারলিং সাহেবের হস্তবুদের পর ক্রমে ক্রমে রাজার হস্তচ্যুত হইয়াছে। এই সকল জায়গা অধিকার করিবার জন্য ভুটিয়ারা নরেন্দ্রনারায়ণ কুমার নামক কুচবিহারের একজন কর্ম্মচারীকে হত্যা করিয়াছিল। কিন্তু ভুটানের কর্ত্তৃপক্ষ এই সিদ্ধান্ত গ্রহণ করিলেন না। ১৮১১ সালে চামর্চীর লোকজনেরা আবার কুচবিহারের সীমান্তে রাজার লোকদিগকে আক্রমণ করিয়া ২৭ জনকে জখম করিল। ইংরাজ সরকার আবার কাপ্তেন বার্ডের অধীনে কুচবিহারে ফৌজ পাঠাইলেন। ইংরাজ ফৌজের আগমনের সঙ্গে সঙ্গেই ভুটিয়াদিগের উপদ্রব বন্ধ হইল। ডিগ্‌বি সাহেব আবার আপোষ মীমাংসার জন্য কুচবিহার ও ভুটানের সীমান্তে গেলেন। এবারে দেবরাজার দেওয়ান এবং চামর্চী ও লক্ষিছুয়ারের সুবাদ্বয়ও সেখানে উপস্থিত ছিলেন। ডিগ্‌বি সাহেব ভবিষ্যৎ শান্তির জন্য বিবাদীয় জায়গা উভয় পক্ষের মধ্যে

সমান ভাগ করিয়া দিয়া গিলন্দী নদী সীমানা নির্দ্দিষ্ট করিবার প্রস্তাব করিলেন, কিন্তু এবারও ডিগ্‌বির বিচার ভুটিয়া প্রধানদিগের মনঃপুত হইল না। এদিকে কুচবিহারের রাজা ১৮১২ সালেই বিবাদীয় জায়গাগুলি দখল করিয়াছিলেন। সুতরাং দেবরাজা ও তাঁহার কর্ম্মচারিগণ ক্রমাগত বড়লাটের নিকট ডিগ্‌বির অবিচার সম্বন্ধে পত্র লিখিতে লাগিলেন। শেষে স্কট সাহেব দিনাজপুরের কাউন্সিলের রায় দেখিয়া স্থির করিলেন যে ডিগ্‌বির বিচার বাস্তবিকই ঠিক হয় নাই। কাউন্সিলের রায়ের বিষয় বোধ হয় তিনি ভাল করিয়া বিবেচনা করেন নাই। স্কট সাহেবের তদন্তে প্রকাশ পাইল যে ২৬টি চালা ব্যতীত সমগ্র মরাঘাটই বরাবর ভুটিয়াদিগের অধিকারে ছিল। এই ভাবে দীর্ঘ দশ বৎসর পরে ১৮১৭ সালে মরাঘাটের বিবাদের মীমাংসা হইল। ৩০৮ রাজশকে (১৮১৮ খৃষ্টাব্দে) দেবরাজা কুচবিহারের কমিশনারের কাছে একখানি পত্র লিখিয়া জানাইয়াছিলেন যে বড়লাটের বিচারে চামচীতে (মরাঘাটে) তাঁহার অধিকার সাব্যস্ত হইবার পর কমিশনার সাহেবের আদেশে দেওয়ান কৃষ্ণকান্ত আসিয়া ভুটানের নির্দ্দিষ্ট সীমানায় "বাঁশগাড়ি" করিয়া দেবরাজার দূত চিতা তণ্ডুকে বিবাদীয় জায়গার দখল দিয়া গিয়াছেন।

ভুটানে ইংরাজ কর্ম্মচারী কৃষ্ণকান্ত বসু ও রাজা রামমোহন রায়—

যে কৃষ্ণকান্ত মরাঘাটের সীমানায় বাঁশগাড়ি করিতে গিয়াছিলেন তিনি রঙ্গপুরে স্কট সাহেবের সেরেস্তায় কাজ করিতেন। স্কট সাহেব তাঁহাকে খুব বিশ্বাস করিতেন, এই জন্য ১৮১৫ সালে তাঁহাকে ভুটানের রাজদরবারে পাঠাইয়াছিলেন। কৃষ্ণকান্ত ভুটানের যে বিবরণ লিখিয়াছিলেন তাঁহার মনিব স্কট পরে তাহার ইংরাজী অনুবাদ করেন। পরবর্ত্তী কালে কাপ্তেন পেম্বার্টন ও স্যার এসলি ইডেন তাঁহাদের রিপোর্টে কৃষ্ণকান্তের ভুটান বৃত্তান্তের উল্লেখ করিয়াছেন এবং তাঁহার বুদ্ধি ও যোগ্যতার প্রশংসা করিয়াছেন। এখন কিন্তু আমরা কৃষ্ণকান্তের নাম পর্য্যন্ত ভুলিয়া গিয়াছি। কৃষ্ণকান্তের সঙ্গে আর একজন বাঙ্গালী ভুটানে গিয়াছিলেন। তাহার নাম শিক্ষিত ভারতবাসী মাত্রের নিকটই পরিচিত। ১৮১৫ সালের আশ্বিন মাসে লিখিত একখানি পত্রে ভুটানের দেবরাজা রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেটকে জানাইতেছেন যে তাঁহার উকিল রামমোহন রায় ও কৃষ্ণকান্ত বসুর মারফৎ তিনি তাঁহার চিঠি ও উপহার পাইয়াছেন (ভুটানের রাজার পত্র, নং ১৪০)। এই রামমোহন রায়ই যে বিশ্ববিশ্রুতকীর্ত্তি রাজা রামমোহন তাহাতে সন্দেহ নাই। কারণ আমাদের সংগ্রহের আরও তিনখানি পত্রে রামমোহনের নাম আছে এবং রঙ্গপুরের দেওয়ান অথবা ডিগ্‌বির দেওয়ান বলিয়া তাঁহার পরিচয় দেওয়া হইয়াছে।

দেবরাজার পত্রে রামমোহন সম্বন্ধে দুইটি কথা জানা যাইতেছে। (১) তিনি তাঁহার বন্ধু ও মুরুব্বি জন ডিগ্‌বির সঙ্গে সঙ্গেই রঙ্গপুর ত্যাগ করেন নাই। (২) তাঁহার তিব্বত ভ্রমণ সম্বন্ধে যে গল্প সাধারণে প্রচলিত আছে তাহা একেবারে অমূলক নহে। ভুটান তখন তিব্বতের অধীনে ছিল। আমাদের সংগ্রহের ১ নং পত্রে দেব-

রাজার দূত নিরপুর পেগা ভূটানকে লাসার রাজ্য বলিয়া বর্ণনা করিয়াছেন। সুতরাং ভূটানের রাজধানী পর্য্যন্ত ঘুরিয়া আসিয়াছিলেন বলিয়া রামমোহনের তিব্বত যাত্রার কথা প্রচার হওয়া অসম্ভব নহে। দেবরাজার পত্র হইতে দেখা যায় যে রামমোহন ও কৃষ্ণকান্ত রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেটের নিকট হইতে যে সকল চিঠিপত্র লইয়া গিয়াছিলেন তাহার একখানি লাসা নগরে চীনের আমবান বা প্রতিনিধিদিগের নিকট পাঠান হইয়াছিল। সুতরাং সেই সূত্রে পরে কখনও রামমোহনের তিব্বত গমন একেবারে অসম্ভব নহে। কিন্তু এই প্রসঙ্গে একটা প্রশ্ন স্বতঃই আমাদের মনে হয়। দেবরাজা তাঁহার পত্রে দুই জন উকিলের নাম উল্লেখ করিয়াছেন। তিনি একাধিকবার এমন ভাবে রামমোহনের নাম করিয়াছেন যে রামমোহন যে সত্য সত্যই কৃষ্ণকান্তের সহিত পুনাখ পর্য্যন্ত গিয়াছিলেন তাহাতে সন্দেহ নাই। কিন্তু পরবর্ত্তীকালে স্যার এসলি ইডেন ও কাপ্তেন পেম্বার্টন ১৮১৫ সালের দৌত্য প্রসঙ্গে কেবল কৃষ্ণকান্তেরই নাম করিয়াছেন, রামমোহনের নাম উল্লেখ করেন নাই। এমন কি রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট ডেভিড স্কটও তাঁহার ২৬শে সেপ্টেম্বরের (১৮২৫ সাল) পত্রে একাধিক উকিলের কথা লেখেন নাই, মাত্র একজন উকিলের কথা বলিয়াছেন। ("The Deb Rajah mentions in his letter that he had sent passports and people to conduct the Vakeel deputed by me to the capital, but I have not heard of his arrival there, and from the very great delay which he has experienced in obtaining admission into Bhootan (for although furnished with regular passports before he left his place he has been detained two months at the Cheeran pass) there seems to be reason to believe that his progress has been intentionally obstructed.") তবে রামমোহন কি কৃষ্ণকান্তের সহকারী ছিলেন? অসম্ভব নহে। ভূটানের পত্রেই প্রকাশ যে মরাঘাটের সীমান্ত সম্পর্কীয় পূর্ব্ব পূর্ব্ব মীমাংসা সম্বন্ধে রামমোহন ওয়াকিবহাল ছিলেন। অথচ ডিগ্‌বি চলিয়া যাইবার সঙ্গে সঙ্গেই বোধ হয় তিনিও উত্তর-বঙ্গ পরিত্যাগ করিবার সঙ্কল্প করিয়াছিলেন। কিন্তু ভূটান ভ্রমণের এই সুযোগ তিনি পরিত্যাগ করিতে চাহেন নাই, তাই তিনি হয়ত কৃষ্ণকান্তের সহকারী হিসাবেই ভূটান যাইতে সম্মত হইয়াছিলেন। সরকারী হিসাবে একজন উকিলই ভূটানে গিয়াছিল, সহকারীকে গণনার মধ্যে ধরা হয় নাই। দেবরাজার পত্রে কিন্তু রামমোহনের পরে কৃষ্ণকান্তের নাম করা হইয়াছে।

এই প্রসঙ্গে আরও একটা প্রশ্ন করা যাইতে পারে। ১৮১৫ সালে ইংরাজ সরকার ভূটানের দরবারে দূত পাঠাইয়াছিলেন কেন? স্যার এসলি ইডেন বলিতেছেন যে ভূটান ও কুচবিহারের সীমানা স্থির করিবার জন্য কৃষ্ণকান্ত পুনাখ গিয়াছিলেন। কিন্তু ঐ সীমানার বিবাদ মিটাইবার জন্যই দেবরাজা চিতা তত্তু ও চিতাটাসি নামক দুই জন জিনকাফ

CENTRAL LIBRARY

রঙ্গপুরে পাঠাইয়াছিলেন। ১৮১৫ সালে তাহারা রঙ্গপুরেই ছিল। ইহারা দাবী সম্বন্ধীয় কাগজ-পত্র উপস্থিত করিতে পারে নাই বলিয়া একজনকে আবার ভুটানে ফেরত পাঠান হইয়াছিল। সুতরাং এই সময়ে বাঙ্গালা দেশ হইতে সীমানা সম্বন্ধে আলোচনা করিবার জন্য ভুটানে উকিল পাঠাইবার অনিবার্য্য প্রয়োজন হইয়াছিল বলিয়া মনে হয় না। ভুটান ভ্রমণ তখনকার দিনে নিতান্ত সহজও ছিল না। কৃষ্ণকান্ত ও রামমোহনের পূর্ব্বে মাত্র দুই জন ইংরাজ কর্ম্মচারী—জর্জ্জ বোগল (Bogle) ও কাপ্তেন টার্ণার (Turner)—ভুটানে গিয়াছিলেন। তখনও নেপালে যুদ্ধ শেষ হয় নাই। ভুটিয়ারা রাজা হরেন্দ্রনারায়ণের ষড়যন্ত্রের কাহিনীর প্রতিবাদ করে নাই। সীমান্তের সমস্যা মিটাইবার ছলে ভুটান অঞ্চলের রাজনৈতিক অবস্থার খবর লওয়াই কি এই দৌত্যের প্রকৃত উদ্দেশ্য ছিল? মনে রাখিতে হইবে যে বোগল তাঁহার ভ্রমণ বৃত্তান্ত লিপিবদ্ধ করেন নাই, টার্ণার ও কৃষ্ণকান্ত ভিন্ন ভিন্ন পথে ভুটান গিয়াছিলেন।

কৃষ্ণকান্ত ও রামমোহন গোয়ালপাড়া হইতে বিজনি এবং তথা হইতে সিডলি ও চেরঙ্গের পথে পাচু-মাচু উপত্যকা অতিক্রম করিয়া পুনাখে পৌছেন। পুনাখ ভুটানের শীতকালের রাজধানী। দেবরাজার চিঠিতেই প্রকাশ যে রামমোহন ওখানকার কথাবার্ত্তা শেষ করিয়া রঙ্গপুরে ফিরিয়াছিলেন। কবে ফিরিয়াছিলেন তাহা এখন আমরা জানি না। তাঁহার যে আবার ভুটানে ফিরিবার প্রয়োজন হইতে পারে সে ইঙ্গিতও দেবরাজার চিঠিতে আছে। ফিরিয়াছিলেন কি না, কবে ফিরিয়াছিলেন, তাহাও আমাদের জানা নাই। কৃষ্ণকান্ত ভুটানে কত দিন ছিলেন? ইংরাজী ১৮১৮ সালের ১৭ই কার্ত্তিক দেবরাজা কুচবিহারের কমিশনারকে লিখিতেছেন যে কৃষ্ণকান্ত আসিয়া নির্দ্দিষ্ট সীমানায় বাঁশগাড়ি করিয়া গিয়াছেন। ১৮১৭ সালের ১৪ই জুন বড়লাট মরাঘাট সম্বন্ধে স্কটের সিদ্ধান্ত সমর্থন করিয়া বিবাদীয় জায়গায় দেবরাজাকে দখল দিতে পত্র লেখেন। ("His Lordship in Council has accordingly determined that the lands, comprehended in the local division, denominated Gird Mara-ghat, with the exception of the 28 Challas, referred to in your letter, the Rajah of Cooch Behar's title to which has not been disputed, shall be restored to the Deb Rajah.") এই তারিখের পূর্ব্বে কৃষ্ণকান্ত অবশ্যই বাঁশগাড়ি করিতে পারেন নাই। তিনি কি এত দিন ভুটানে ছিলেন, না রঙ্গপুরে ফিরিয়া আসিয়া আবার চিতা তগুর সহিত কুচবিহারের উত্তর সীমান্তে গিয়াছিলেন? সঠিক কিছুই বলিবার উপায় নাই। ১৮১৫ সালের শেষের দিকে পুনাখে পৌছিয়া ১৮১৭ সালের মধ্যভাগ পর্য্যন্ত ভুটানে থাকিবার কোন সঙ্গত কারণ দেখা যায় না। ভুটান সম্বন্ধে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করিতে কয়েক মাসের বেশী লাগিবার কথা নহে। ভুটিয়ারা ইংরাজ দূতকে বৎসরাধিক কাল আপনাদের দেশে থাকিতে দিয়াছিল বলিয়া বিশ্বাস হয় না। রামমোহন ও কৃষ্ণকান্ত ১৮১৫ সালের শেষ ভাগে ভুটান

গিয়াছিলেন, এইটুকুই নিঃসন্দেহে বলা যায়। তাঁহাদের দৌত্যের উদ্দেশ্য, ভূটানে অবস্থিতি কাল প্রভৃতি অন্যান্য বিষয় রহস্যাবৃত।

মরাঘাটের সীমানা স্থির হইবার পরে আলোচ্য সময়ে কুচবিহারের উত্তর সীমান্তে আর ভুটিয়াদিগের উৎপাত হয় নাই। কিন্তু ১৮১৭ সাল হইতে ঐ অঞ্চলে স্থায়ী ভাবে শান্তি প্রতিষ্ঠিত হইয়াছিল মনে করিলে ভুল হইবে। ১৮৩২ সালে বক্সা দুয়ারের সুবার অনুচরেরা আবার সীমান্ত হইতে কতকগুলি স্ত্রী-পুরুষ ধরিয়া নিয়াছিল, আবার সীমান্ত সম্বন্ধের তদন্তের প্রয়োজন হইয়াছিল।

আসামে ইংরাজ—

কুচবিহারের সন্ধির বিশ বৎসর পরে ইংরাজ সরকার আসামের রাজার অনুরোধে তাঁহার রাজ্যে শান্তিরক্ষা ও শৃঙ্খলা স্থাপনের জন্য ফৌজ পাঠাইয়াছিলেন। তখন কলিকাতার বড়লাট লর্ড কর্ণওয়ালিস, আসামের রাজা গৌরীনাথ সিংহ। একদিকে দরঙ্গের সিংহাসনচ্যুত রাজা কৃষ্ণনারায়ণ বাঙ্গালার বরকন্দাজদিগের সাহায্যে আসামে অশান্তি উৎপাদন করিতেছিলেন, অপরদিকে বিদ্রোহী মোয়ামারিয়াদিগের উৎপাতে আসামের প্রজাগণের ধন ও প্রাণ বিপন্ন হইয়াছিল। ইহার উপর আবার আসামের পাত্র-মন্ত্রিগণের দুরাকাঙ্ক্ষা ও দুর্ব্বলতায় ব্রহ্মপুত্রের উপত্যকায় অরাজকতার অবধি ছিল না। এই ত্রিবিধ সঙ্কটে যখন আহোম রাজ্যের অবসান আসন্ন হইয়া আসিয়াছে তখন অব্যবস্থিত-চিত্ত, মাদকাসক্ত, নৃশংস নরপতি আপনার প্রজাদিগের প্রতিহিংসা হইতে প্রাণ ও সিংহাসন রক্ষা করিবার জন্য ইংরাজের দ্বারস্থ হইলেন।

আহোম রাজ্যের শাসন-পদ্ধতি—

ত্রয়োদশ শতাব্দীর প্রথমভাগে আহোম বীর সুখাপা আট জন প্রধান ও নয় হাজার নরনারী ও বালক-বালিকা লইয়া আসামের পূর্ব্ব প্রান্তে উপস্থিত হন। তাঁহার পূর্ব্ব-পুরুষের পরিচয় কেহ জানে না। আহোমদিগের বিশ্বাস, খৃষ্টীয় ষষ্ঠ শতাব্দীতে একগাছি সুবর্ণ শৃঙ্খল যোগে খুনলুং ও খুনলাই স্বর্গ হইতে পৃথিবীতে অবতরণ করিয়াছিলেন। সুখাপা সেই খুনলুংএর বংশধর। অনার্য্য কোচ নরপতিগণ যেমন হিন্দু সভ্যতার প্রভাব অতিক্রম করিতে পারেন নাই, সুখাপার সন্তানেরাও তেমনই ব্রাহ্মণ্য ধর্ম্মের আকর্ষণ প্রতিরোধ করিতে পারেন নাই। কালক্রমে তাঁহারা হিন্দুধর্ম্ম ও হিন্দুনাম গ্রহণ করিয়াছিলেন, কিন্তু পূর্ব্বপুরুষের আচার ব্যবহার একেবারে ত্যাগ করেন নাই। ব্রাহ্মণ পণ্ডিত-গণের মতে সুখাপা ইন্দ্রের বংশ সম্ভূত। আহোম রাজবংশ স্বর্গসম্ভব, এই ধারণাতেই আসামের রাজগণ স্বর্গদেব উপাধি ধারণ করিয়াছিলেন। দেবদেহে কোন কলঙ্ক থাকিতে পারে না, সুতরাং শরীরের কোথাও ক্ষুদ্রতম ক্ষত চিহ্ন থাকিলে সুখাপার বংশধরেরা সিংহাসনের অধিকার হইতে বঞ্চিত হইতেন। মোগল বাদশাহদের মত আহোম রাজা-

CENTRAL LIBRARY

দিগের সিংহাসন নিষ্কণ্টক করিবার জন্য জ্ঞাতিবধ করিতে হইত না, প্রতিদ্বন্দ্বী রাজকুমার-দিগের অঙ্গহানি করিবার প্রয়োজন হইত না, দেহের কোথাও অস্ত্র সঞ্চার করিলেই চলিত। সাধারণতঃ এই ক্ষত চিহ্ন যাহাতে সকলের দৃষ্টিগোচর হয় এই জন্য নাক অথবা কানের অগ্রভাগ চিরিয়া দেওয়া হইত। স্বর্গাপার বংশধরেরা প্রায় ছয় শত বৎসর ব্রহ্মপুত্রের উপত্যকায় রাজত্ব করিয়াছিলেন। নাগা, আকা, মিরি, ডাফ্লা, গারো, কাছাড়ী প্রভৃতি অনার্য্য জাতি তাঁহাদের সার্ব্বভৌম শক্তি স্বীকার করিতে বাধ্য হইয়াছিল। হিন্দুস্থানের মুসলমান বিজেতৃগণও আহোম রাজ্যে আধিপত্য বিস্তার করিতে পারেন নাই। শেষে উনবিংশ শতাব্দীর প্রারম্ভে গৃহকলহে দুর্ব্বল আসাম ব্রহ্মের পদানত হইল।

সাধারণ হিন্দু রাজবংশের সহিত আহোম রাজবংশের উত্তরাধিকার বিধির কিছু পার্থক্য ছিল। স্বর্গাপার বংশধর না হইলে কেহ রাজা হইতে পারিতেন না, কিন্তু পিতার সিংহাসনে সর্ব্বদা পুত্রের স্থান হয় নাই। পরলোকগত রাজার পুত্র বর্ত্তমানেও কনিষ্ঠ ভ্রাতারা রাজা হইতে পারিতেন। স্বর্গদেব রুদ্র সিংহের মৃত্যুর পর ক্রমান্বয়ে তাঁহার চারি পুত্র রাজত্ব করিয়াছিলেন। রাজা নির্ব্বাচনে আসামের পাত্রগণের অনেকটা হাত ছিল, এমন কি তাঁহারা অযোগ্য রাজাকে সিংহাসনচ্যুত করিবার অধিকারও দাবী করিতেন। চতুর্দ্দশ শতাব্দীতে দুইবার (১৩৭৬ খৃষ্টাব্দ হইতে ১৩৮০ খৃষ্টাব্দ এবং ১৩৮৯ সাল হইতে ১৩৯৭ সাল) রাজা হইবার উপযুক্ত লোক না পাইয়া বড়গোহাঞি ও বুড়াগোহাঞি আপনাদের দায়িত্বে শাসনকার্য্য পরিচালনা করিয়াছিলেন। অবশ্য প্রতাপ সিংহ বা রুদ্র সিংহের মত পরাক্রান্ত রাজা কখনও রাজকার্য্যে পাত্রমন্ত্রীর মতামতের অপেক্ষা রাখেন নাই, আপনাদের ইচ্ছানুসারে রাজ্যশাসন করিয়াছেন, কিন্তু প্রচলিত প্রথানুসারে রাজ্যসংক্রান্ত সকল বিষয়ে রাজাকে পরামর্শ দিবার অধিকার পাত্রবর্গের ছিল।

আসামের পাত্র ও মন্ত্রিগণ সংখ্যায় ছিলেন পাঁচ জন—বড়গোহাঞি, বুড়া-গোহাঞি ও বড়পাত্রগোহাঞি, পাত্র; এবং বড়বড়ুয়া ও বড়ফুকন, মন্ত্রী। পদমর্য্যাদায় রাজার পরেই তিন জন গোহাঞির স্থান। তাঁহারা প্রায় স্বাধীন ভাবেই আপন আপন প্রদেশ শাসন করিতেন। তাঁহাদের পদ পুরুষানুক্রমিক এবং বংশানুক্রমিক। পিতার পদে পুত্রের অধিকারই অগ্রগণ্য ছিল, কিন্তু পুত্র পিতৃপদের একান্ত অযোগ্য হইলে রাজা অপর দুই গোহাঞির সম্মতিক্রমে ঐ পরিবারের কোন যোগ্য ব্যক্তিকে শূন্যপদে নিযুক্ত করিতে পারিতেন। গুরুতর অপরাধ করিলে রাজা যে কোন গোহাঞিকে অপর দুইজনের অনুমোদনে পদচ্যুত করিতে পারিতেন, কিন্তু পাঁচটি প্রাচীন পরিবার ব্যতীত অন্য বংশের কাহাকেও এই তিনটি পদে নিযুক্ত করিবার অধিকার রাজারও ছিল না।

আহোম রাজত্বের প্রারম্ভে দুই জনের অধিক গোহাঞি ছিল না, পরে বড়পাত্র-গোহাঞির পদ সৃষ্টি হয়। শেষে যখন তিন জন প্রধান কর্ম্মচারীর সাহায্যেও রাজ্যশাসনের সুব্যবস্থা করা সম্ভব হইল না তখন বড়বড়ুয়া ও বড়ফুকনের পদের সৃষ্টি হইল। এই দুইটি পদে উত্তরাধিকারের নিয়ম স্বীকৃত হয় নাই, কিন্তু এই দুইজন মন্ত্রীও দ্বাদশটি নির্দ্দিষ্ট

পরিবার হইতে নির্ব্বাচিত হইতেন। গোহাঞি বংশের কাহাকেও বড়বড়ুয়া বা বড়-ফুকনের পদ দেওয়া হইত না। আসামের পূর্ব্বাঞ্চল (সদিয়া হইতে কৈলাবার পর্য্যন্ত) বড়বড়ুয়ার শাসনাধীন ছিল। অবশ্য এই প্রদেশের মধ্যে যে সকল জায়গার শাসনভার পূর্ব্ব হইতে গোহাঞিদিগকে দেওয়া হইয়াছিল সেখানে বড়বড়ুয়া বা বড়ফুকনের কর্ত্তৃত্ব খাটিত না। বড়ফুকন ছিলেন কৈলাবার হইতে গোয়ালপাড়া পর্য্যন্ত বিস্তৃত পশ্চিম-আসামের শাসনকর্ত্তা। এই প্রদেশ রাজধানী হইতে কিছু দূরে অবস্থিত বলিয়া বড়-বড়ুয়া অপেক্ষা বড়ফুকনের কোন কোন বিষয়ে বেশী ক্ষমতা ছিল। রাজা ব্যতীত অপর কেহ শিরশ্ছেদ বা রক্তপাতের দণ্ড দিতে পারিতেন না। তিন গোহাঞি গুরুতর অপরাধের জন্য অপরাধীদিগকে জলে ডুবাইয়া মারিবার আদেশ দিতে পারিতেন। বড়-ফুকনেরও এই ক্ষমতা ছিল।

এতদ্ব্যতীত কয়েকজন প্রাদেশিক শাসনকর্ত্তার কথাও এখানে বলা প্রয়োজন। সদিয়া খোয়াগোহাঞি সাদিয়ার শাসনকর্ত্তা ছিলেন। মোরঙ্গি খোয়াগোহাঞি নাগা সীমান্ত শাসন করিতেন। নওগাঁর অধিকাংশ ও চারদুয়ারের কিয়দংশের শাসনভার সোলাল গোহাঞির হাতে ন্যস্ত হইয়াছিল। কৈলাবারে তাঁহার শাসনকেন্দ্র ছিল। রাজার দুইজন নিকট আত্মীয়, সাধারণতঃ যুবরাজ ও তাঁহার উত্তরাধিকারী, টিপাম ও সারিঙ্গ প্রদেশ শাসন করিতেন। তাঁহাদের উপাধি ছিল রাজা। এতদ্ব্যতীত স্বর্গরাজার অধীনে কয়েক জন করদ নৃপতিও ছিলেন। ইঁহাদের পূর্ব্বপুরুষেরা স্বাধীন রাজ্যের অধীশ্বর ছিলেন, কিন্তু পরে আহোম রাজের অধীনতা স্বীকার করিতে বাধ্য হইয়াছিলেন। এই সকল করদ রাজ্যের মধ্যে দরঙ্গ, রাণী ও বেলতলার নাম উল্লেখ যোগ্য। পূর্ব্বেই বলা হইয়াছে যে দরঙ্গ ও বেলতলার রাজগণ কুচবিহারের বিখ্যাত বীর শুক্লধ্বজ বা চিলারায়ের বংশধর। দরঙ্গের রাজা কৃষ্ণনারায়ণই আপনার রাজ্য পুনরুদ্ধারের জন্য বাঙ্গালা দেশ হইতে বরকন্দাজ সংগ্রহ করিয়া আনিয়াছিলেন।

অন্যান্য কর্ম্মচারীদিগের মধ্যে এখানে কয়েকজন ফুকন ও বড়ুয়ার কথা বলা আবশ্যক। পানিফুকন ও ডেকাফুকনের অধীনে যথাক্রমে ছয় ও চারি হাজার পাইক ছিল। ন্যায়খোদা ফুকন ছিলেন রাজ্যের সর্ব্বপ্রধান বিচারপতি। রাজার অনুপস্থিতিতে তিনিই আপীলের মামলার বিচার করিতেন। নৌসালিয়াফুকন রণতরী বহরের কর্ত্তৃত্ব করিতেন। চোলাধরা-ফুকন ছিলেন রাজার বস্ত্রাগারের ভাণ্ডারী। হিন্দু মন্দিরগুলির তত্ত্বাবধান করিতেন দেউলিয়াফুকন এবং মন্দিরের পরিচারকেরা ছিল জলভারীফুকনের অধীনে। খারগরিয়া-ফুকন বারুদখানা ও অপরাপর কারখানার দেখাশুনা করিতেন। ভাণ্ডারিয়াবড়ুয়া ছিলেন রাজার কোষাধ্যক্ষ, ডুলিয়াবড়ুয়া শিবিকাধ্যক্ষ, হাতীবড়ুয়া গজাধ্যক্ষ এবং বেজবড়ুয়া রাজ-চিকিৎসক। রাজদূতদিগের উপাধি ছিল কটকী ও বৈরাগী। আমাদের সংগৃহীত পত্রে কয়েকজন কটকী ও বৈরাগীর নাম পাওয়া যাইবে। কাকাতীরা লেখক ও দলইগণ জ্যোতিষীর কার্য্য করিতেন।

রাজ্যের অধিকাংশ কৃষিজীবীকেই পাইক বা পদাতিকের কাজ করিতে হইত। চারিজন পাইক লইয়া এক একটি গোত গঠিত হইত। প্রত্যেক গোতের এক জন করিয়া পাইক পালা ক্রমে রাজকার্য্যে উপস্থিত থাকিত, অপর তিন জন তাহার অনুপস্থিতিতে চাষের কায করিত। কিন্তু যুদ্ধের সময়ে বা কোন জরুরী প্রয়োজনে প্রত্যেক গোত হইতে একই সময়ে দুই বা তিন জন পাইককেও রাজকার্য্যে ডাকা হইত। আসামের বড় বড় জলাশয় এবং রাস্তা এই সকল পাইকের পরিশ্রমেই খনিত ও নির্ম্মিত হইয়াছিল।

যুদ্ধের জন্য আবার পাইকদিগকে কতকগুলি কর্ম্মচারীর অধীনে "খেল" বা দলে বিভাগ করা হইয়াছিল। বিশজন পাইকের নায়কের উপাধি ছিল "বোরা"। একশত পাইকের অধিনায়ক ছিলেন "সাইকিয়া" এবং সহস্র সৈনিকের নেতা "হাজারিকা"। প্রত্যেক "রাজখাওয়া"র অধীনে তিন সহস্র এবং প্রত্যেক "ফুকনের" অধীনে ছয় হাজার পদাতিক থাকিত। পাইকেরা তাহাদের বোরা ও সাইকিয়া নির্ব্বাচন করিতে পারিত। প্রত্যেক পাইক বেতন স্বরূপ দুই "পুরা" বা নয় বিঘা নিষ্কর জমি পাইত। এতদ্ব্যতীত অন্য জমি আবাদ করিলে তাহাদিগকে "পুরা" প্রতি দুই টাকা খাজানা দিতে হইত। বুড়াগোহাঞি, বড়গোহাঞি ও বড়পাত্রগোহাঞির অধীনে দশ হাজার করিয়া পাইক ছিল। বড়বড়ুয়ার অধীনে চৌদ্দ হাজার পাইক ছিল। কিন্তু প্রয়োজন হইলে তাহাদিগকে রাজার কাজে পাঠাইতে হইত।

অষ্টাদশ শতাব্দীর শেষভাগে আসামে অরাজকতা—

পাত্র-মন্ত্রিগণের ক্ষমতা যেখানে এত অধিক, করদ রাজার সংখ্যা যে রাজ্যে এত বেশী, সেখানে রাজার ক্ষমতা ও প্রতিপত্তি তাঁহার ব্যক্তিগত যোগ্যতার অনুপাতে হ্রাসবৃদ্ধি হওয়াই স্বাভাবিক। রুদ্র সিংহ কঠোর হস্তে রাজ্য শাসন করিতেন, কিন্তু তাঁহার পুত্র লক্ষ্মী সিংহ ছিলেন বড়বড়ুয়ার হস্তের ক্রীড়নক। বড়বড়ুয়া কীর্ত্তিচন্দ্রের সাহায্যেই তিনি রাজেশ্বর সিংহের মৃত্যুর পর বড়গোহাঞি প্রভৃতি পাত্রমন্ত্রীর প্রতিকূলতা সত্ত্বেও রাজ্য লাভ করিয়াছিলেন। সিংহাসনারোহণের সময় (১৭৬৯ খৃঃ অঃ) তাঁহার বয়স ছিল পঞ্চাশের ঊর্দ্ধে। রাজকার্য্যের ভার তিনি একরূপ কীর্ত্তিচন্দ্রের হাতেই ছাড়িয়া দিয়াছিলেন। কীর্ত্তিচন্দ্রের ঔদ্ধত্যে বিরক্ত হইয়া মোয়ামারিয়াদিগের গুরু ও মোরাননায়ক নাহর রাজার বিরুদ্ধে বিদ্রোহী হইলেন। এই বিদ্রোহে যোগ দিলেন রাজার জ্যেষ্ঠ ভ্রাতা। বসন্তের ক্ষতে তাঁহার দেহ বিকৃত হইয়াছিল বলিয়া তিনি সিংহাসন লাভ করিতে পারেন নাই। শেষে রাজা বিদ্রোহীদিগের হস্তে বন্দী হইলেন। কিন্তু বিদ্রোহীদিগের অনাচারে আসামের অভিজাতবর্গ এতদূর উত্যক্ত হইয়াছিল যে একদিন অসন্তুষ্ট জনগণ নূতন রাজা ও মন্ত্রিগণকে অতর্কিতে আক্রমণ করিয়া বন্দী ও নিহত করিল। মোয়ামারিয়াদিগের গোস্বামীকে নানারূপ যন্ত্রণা দিয়া বধ করা হইল। লক্ষ্মী সিংহ সিংহাসন পাইলেন, কিন্তু রাজ্যে শান্তি স্থাপিত হইল না। দেশে প্রভুত্বাকাঙ্ক্ষী কর্ম্মচারীর অভাব

ছিল না। ১৭৮০ খৃষ্টাব্দে লক্ষী সিংহের যখন মৃত্যু হইল তখনও রাজশক্তির পুনঃপ্রতিষ্ঠা হয় নাই, রাজার লুপ্ত সম্ভ্রম ও প্রতিপত্তির পুনরুদ্ধার হয় নাই।

লক্ষী সিংহের পর রাজা হইলেন যুবরাজ গৌরীনাথ। গৌরীনাথের তখন বয়স মাত্র পনর বৎসর। এই তরুণ বয়সেই তিনি অত্যন্ত হৃদয়হীনতার পরিচয় দিয়াছিলেন। বালক রাজাও পিতার ন্যায় বড়বড়ুয়ার পরামর্শে চলিতেন। রাজা হইয়া তিনি অন্যান্য রাজকুমারদিগের দেহে অস্ত্রোপচারের ব্যবস্থা করিলেন, কিন্তু তাহাতে তাঁহার সিংহাসন নিরাপদ হইল না। বড়বড়ুয়ার কুমন্ত্রণায় তিনি বড়গোহাঞি ও তাঁহার পাঁচ পুত্রের শিরশ্ছেদ করিয়া অভিজাতবর্গের অপ্রীতিভাজন হইলেন। মোয়ামারিয়াদিগের প্রতি তিনি জাতক্রোধ ছিলেন, সুতরাং সুযোগ পাইলেই তাহাদিগের প্রতি নানাবিধ অত্যাচার করিতেন। রাজার উৎপীড়ন যখন অসহ্য হইল তখন তাহারা আবার বিদ্রোহী হইল। গৌরীনাথের জীবিতকালে মোয়ামারিয়া বিদ্রোহের শান্তি হয় নাই। এই বিদ্রোহের আগুন ক্রমশঃ আসামের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত বিস্তৃত হইয়াছিল। গৌরীনাথের অপরিণামদর্শী মন্ত্রিগণও এই সময় দুরাকাঙ্ক্ষার বশবর্ত্তী হইয়া বিদ্রোহ দমনে তৎপর হন নাই। স্বার্থসিদ্ধির আশায় রাজবংশের লোকেরাও বিদ্রোহীদিগের সহযোগিতা করিতে ইতস্ততঃ করেন নাই। কিন্তু গৌরীনাথ একাকী তাঁহার অদূরদর্শিতার দণ্ডভোগ করেন নাই। বাঙ্গালার বরকন্দাজ ও মোয়ামারিয়া উপদ্রবে যে কেবল রাজপ্রাসাদ ধ্বংস হইয়াছিল তাহা নহে; ধনী-নির্ধন, উত্তম-অধম নির্ব্বিশেষে আসামের সহস্র সহস্র নিরপরাধ প্রজা গৃহহীন অন্নহীন হইয়াছিল, আসামের সমস্ত রাজ্য এক মহাশ্মশানে পরিণত হইয়াছিল।

মোয়ামারিয়া বিদ্রোহ—

মোয়ামারিয়ারা বৈষ্ণব, কিন্তু জীব হত্যায় বা রক্তপাতে তাহাদের আদৌ অরুচি ছিল না। ইহাদের অধিকাংশই অন্ত্যজ শ্রেণীর মৎস্যজীবী, সুতরাং হিংসায় ও হত্যায় অভ্যস্ত; অহিংসার ধর্ম্ম ইহারা একান্তভাবে গ্রহণ করিতে পারে নাই। লক্ষী সিংহ ও গৌরীনাথ সিংহের রাজত্বকালে মোয়ামারিয়াগণ ধ্বংসের মূর্ত্তি পরিগ্রহ করিয়া আসামের মহামারী স্বরূপ হইয়াছিল। তাহাদের গোস্বামী বা গুরুরাও শিষ্যদিগকে হত্যা বা লুণ্ঠন হইতে নিবৃত্ত হইবার উপদেশ দিয়াছিলেন বলিয়া মনে হয় না, বরং গুরুর অপমানের প্রতিকার করিবার জন্য তাহাদিগকে অস্ত্র ধারণেই উৎসাহিত করিয়াছিলেন। মোয়ামারিয়াদিগের আর যে ত্রুটি থাকুক না কেন, গুরুভক্তির অভাব ছিল না। বৈরনির্য্যাতনেও তাহাদের শৈথিল্য দেখা যায় নাই। গৌরীনাথের সিংহাসনারোহণের দুই বৎসরের মধ্যেই আবার মোয়ামারিয়া বিদ্রোহ আরম্ভ হইল। একদল অশিক্ষিত উচ্ছৃঙ্খল নীচ শ্রেণীর লোককে দমন করিবার ক্ষমতা যে রাজার ছিল না তাহা নহে; কিন্তু গৌরীনাথ ও তাহার কুমন্ত্রিগণের দুর্ব্যবহারে রাজ্যের সকল শ্রেণীর লোকই তাঁহার প্রতি বিরক্ত হইয়াছিল। রাজকর্ম্মচারী ও অভিজাতবর্গের মধ্যে হয়ত ঐক্য ছিল না, কিন্তু রাজার আচরণ সম্বন্ধে তাঁহাদের আদৌ

মতভেদ হয় নাই। তাঁহারা মোয়ামারিয়া বিদ্রোহের সময় স্ব স্ব কর্ত্তব্যে শৈথিল্য প্রদর্শন করিয়াছিলেন বলিয়াই রাজ্যের এমন দুরবস্থা হইয়াছিল। কাপ্তেন ওয়েলস (Captain Welsh) সন্দেহ করিয়াছেন যে বুড়াগোহাঞি পূর্ণানন্দেরও বিদ্রোহাদিগের প্রতি গোপন সহানুভূতি ছিল। কিন্তু মোয়ামারিয়া বিদ্রোহের বিস্তৃত আলোচনা করা আমাদের উদ্দেশ্য নহে। তাহাদিগকে দমন করিবার জন্য ইংরাজ সরকার আসামে ফৌজ পাঠাইতেন কিনা সন্দেহ। বাঙ্গালার বরকন্দাজদিগের উপদ্রবের জন্য বাঙ্গালার শাসনকর্ত্তাদিগেরও প্রত্যক্ষ হউক পরোক্ষ হউক, কিছু দায়িত্ব ছিল বলিয়াই লর্ড কর্ণওয়ালিস আসামের অশান্তি দূর করিতে উদ্যোগী হইয়াছিলেন। এই বরকন্দাজেরা ছিল দরঙ্গের রাজা কৃষ্ণনারায়ণের অনুচর। অতএব এইখানে বরকন্দাজ উপদ্রবের কারণ আলোচনা করা যাউক।

দরঙ্গরাজের বিদ্রোহ—

গৌরীনাথের ধারণা ছিল যে নির্য্যাতনই শান্তিরক্ষা ও বিদ্রোহ দমনের প্রকৃষ্ট পন্থা; এই জন্য তাহার শিবিরের নিকটবর্ত্তী স্থানসমূহের অধিবাসিগণের দুর্দ্দশার সীমা থাকিত না। মোয়ামারিয়া বিদ্রোহ দমনের পর তিনি যে কেবল নরনারী, শিশুবৃদ্ধ নির্ব্বিশেষে তাহাদের সম্প্রদায়ের উচ্ছেদ সাধনের চেষ্টা করিয়াছিলেন তাহা নহে, কেবল সন্দেহের বশবর্ত্তী হইয়া অভিজাত শ্রেণীর বহু লোকের প্রতি নৃশংস দণ্ড বিধান করিয়াছিলেন। ফলে আবার মোয়ামারিয়াগণ রাজার বিরুদ্ধে অস্ত্র ধারণ করিল। বিদ্রোহীরা আসামের রাজধানী ঘরগাঁও অধিকার করিয়া রাজপ্রাসাদে অগ্নি সংযোগ করিল। নিরুপায় গৌরীনাথ গৌহাটীতে আশ্রয় গ্রহণ করিলেন। কিন্তু এই দুঃসময়েও তাঁহার দুর্ব্বুদ্ধি দূর হইল না। তিনি বিশ্বাসঘাতকতাপূর্ব্বক দরঙ্গের রাজা হংসনারায়ণকে হত্যা করিলেন। (বিষ্ণুনারায়ণের পত্র, নং ৩৯, ও আসাম রাজার মন্ত্রীদের পত্র, নং ৪০)। কাপ্তেন ওয়েলস্ বলিয়াছেন যে বোধ হয় রাজার অত্যাচারে উত্ত্যক্ত হইয়া অথবা তদানীন্তন অরাজকতার সুযোগে স্বাধীনতা লাভের উদ্দেশ্যে হংসনারায়ণ গৌরীনাথের বিরুদ্ধে বিদ্রোহী হইয়াছিলেন। স্যার এডওয়ার্ড গেট লিখিয়াছেন যে হংসনারায়ণের বিরুদ্ধে রাজদ্রোহের অভিযোগ সপ্রমাণ হয় নাই, তথাপি গৌরীনাথ তাঁহাকে হত্যা করিয়া তাহার পূর্ব্ববর্ত্তী রাজা কীর্ত্তিনারায়ণের পুত্র (৩৯ নং পত্র) বিষ্ণুনারায়ণকে দরঙ্গের রাজত্ব দেন। হংসনারায়ণের পুত্র কৃষ্ণনারায়ণ ইংরাজ রাজ্যে আশ্রয় গ্রহণ করিয়া পিতৃরাজ্য উদ্ধার করিবার জন্য রঙ্গপুরে সৈন্য সংগ্রহ করিতে আরম্ভ করিলেন। এই কার্য্যে তাঁহার প্রধান সহযোগী ছিলেন হরদত্ত চৌধুরী। (ভুটানের পত্রে তাঁহাকে হরদত্ত বড়ুয়া বলা হইয়াছে।) হরদত্ত দরঙ্গের জমিদার এবং রাজা হংসনারায়ণের বিশ্বস্ত কর্ম্মচারী ছিলেন। কিন্তু কেবল প্রভুভক্তি বশতঃই তিনি যে গৃহহীন, রাজ্যহীন বালক কৃষ্ণনারায়ণের পক্ষ অবলম্বন করিয়াছিলেন তাহা নহে। গৌরীনাথের প্রতি তাঁহারও ব্যক্তিগত বিদ্বেষের যথেষ্ট হেতু ছিল। স্বর্গদেব যখন হংসনারায়ণকে হত্যা করেন তখন তাঁহার আদেশে হরদত্তের ভ্রাতা,

পিতৃব্য ও দুই জন ভ্রাতুষ্পুত্রও নিহত হইয়াছিলেন। হরদত্ত এবং কৃষ্ণনারায়ণ যখন আসাম আক্রমণের জন্য রঙ্গপুরে বরকন্দাজ নিয়োগ করিতেছিলেন তখন ইংরাজ সরকার তাঁহাদের কার্য্যে কোন প্রকার বাধা প্রদান করেন নাই। রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট লামসডেন (Lumsden) কৃষ্ণনারায়ণের সেনা সংগ্রহের কথা কলিকাতায় জানাইয়াছিলেন, কিন্তু বড়লাট তাঁহাকে উত্তর দিয়াছিলেন যে, যে পর্য্যন্ত কৃষ্ণনারায়ণ কোন প্রকারে শান্তি ভঙ্গ না করেন সে পর্য্যন্ত তাঁহার কার্য্যে হস্তক্ষেপ করিবার প্রয়োজন নাই। ইংরাজ সরকারের অপ্রীতিকর কার্য্য করিবার অভিপ্রায় কৃষ্ণনারায়ণের ছিল না, বরঞ্চ তিনি ইংরাজের অধীনতা স্বীকার করিতে প্রস্তুত ছিলেন। যাহা হউক, তিনি বাঙ্গালা দেশ হইতে বরকন্দাজ লইয়া দরঙ্গ আক্রমণ করিলেন। বিষ্ণুনারায়ণকে অচিরে রাজ্য হইতে বিতাড়িত করিয়া হরদত্ত ও কৃষ্ণনারায়ণ গৌহাটির অদূরে উপস্থিত হইলেন। গৌরীনাথ তখন অনন্যোপায় হইয়া বাঙ্গালার বরকন্দাজদিগকে নিবৃত্ত করিবার জন্য রুদ্ররাম বড়ুয়াকে বঙ্গদেশে পাঠাইলেন। রুদ্ররামের একখানি চিঠিতে গোয়ালপাড়ার বণিক ড্যানিয়েল রৌশ ও জুগীঘোপার ইংরাজ ফৌজের অধ্যক্ষ ফিলিপ ক্রাম্পের বিরুদ্ধেও অভিযোগ ছিল। রৌশের কথা পরে বিস্তৃত ভাবে আলোচনা করা যাইবে। এইখানে এইটুকু বলিলেই চলিবে যে সমসাময়িক বাঙ্গালা ও ইংরাজী চিঠি হইতে দেখা যায় যে কৃষ্ণনারায়ণ ও গৌরীনাথ উভয়েই বিভিন্ন সময়ে রৌশ সাহেবের সাহায্যপ্রার্থী হইয়াছিলেন। রৌশ ও রুদ্ররাম বড়ুয়ার ব্যবসায়ঘটিত বিবাদ সম্বন্ধীয় কয়েকখানি চিঠিও আমাদের সংগ্রহে আছে। তাহার কথাও পরে আলোচিত হইবে।

লর্ড কর্ণওয়ালিসের নীতি—

আসামের পত্র পাইয়া লর্ড কর্ণওয়ালিস দেখিলেন যে ইংরাজ সরকারের শৈথিল্যেই আসামে বরকন্দাজ উপদ্রব সম্ভব হইয়াছে, অতএব বরকন্দাজদিগকে দমন করিবার দায়িত্ব তিনি অস্বীকার করিতে পারেন না। এদিকে বরকন্দাজেরা প্রচার করিতেছিল যে তাহারা ইংরাজ সরকারের সিপাহী, কোম্পানীর হুকুমেই আসামে লড়াই করিতে আসিয়াছে। বড়লাট আসামের রাজাকে জানাইলেন যে বরকন্দাজদিগের সহিত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কোনই সংশ্রব নাই, তিনি তাহাদের অসঙ্গত আচরণের কথা আদৌ অবগত ছিলেন না। রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট বরকন্দাজ নায়কদিগের নিকট অগৌণে নিজ নিজ গৃহে ফিরিবার আদেশ পাঠাইলেন। কিন্তু ইহাতে কোন ফল হইল না। সুতরাং বড়লাট স্থির করিলেন যে আসাম হইতে বরকন্দাজদিগকে দূর করিবার জন্য বল প্রয়োগ করিতে হইবে। ১৭৯২ সালে বড়লাটের আদেশে কাপ্তেন টমাস ওয়েলস্ ৩৬০ জন সিপাহী লইয়া ব্যারাকপুর হইতে আসাম যাত্রা করিলেন। তাঁহার সহকারী ছিলেন লেপ্টেনাণ্ট ম্যাকগ্রেগর। আসাম সম্বন্ধে তখন বঙ্গদেশের ইংরাজ কর্ত্তৃপক্ষ বিশেষ কোন খবরই রাখিতেন না। সুতরাং এই অজ্ঞাত প্রদেশের ভৌগোলিক তথ্য সংগ্রহের জন্য এন্সাইন উডও (Ensign

Wood) কাপ্তেন ওয়েলসের অভিযানের আমীন (Surveyor) নিযুক্ত হইলেন। এতদ্ব্যতীত লেপ্টেন্যাণ্ট ডিক্, লেপ্টেন্যাণ্ট উইলিয়মস, লেপ্টেন্যাণ্ট আরউইন এবং লেপ্টেন্যাণ্ট ক্রেসওয়েল প্রভৃতি আরও কয়েক জন কর্ম্মচারী ১৭৯২ সালে আসাম অভিযানে যোগদান করিয়াছিলেন। বড়লাট কাপ্তেন ওয়েলস্‌কে অভিযানের উদ্দেশ্য বুঝাইবার জন্য লিখিয়াছিলেন যে ইংরাজ সরকার আসামের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করিতে চাহেন না। বরকন্দাজদিগের উপদ্রব নিবারণ করাই তাঁহাদের একমাত্র লক্ষ্য। বিনা রক্তপাতে এই উদ্দেশ্য সাধনের জন্য যথাসাধ্য চেষ্টা করিতে হইবে। কাপ্তেন ওয়েলসের নিকট হইতে আসামের রাজনৈতিক অবস্থা সম্বন্ধে বিস্তৃত রিপোর্ট পাইবার পর সকাউন্সিল বড়লাট তাঁহার কর্ত্তব্য সম্বন্ধে আপনাদের সিদ্ধান্ত জ্ঞাপন করিবেন।

বরকন্দাজগণের বিবরণ—

কৃষ্ণনারায়ণ বাঙ্গালা দেশ হইতে বরকন্দাজ সংগ্রহ করিয়াছিলেন বলিয়া তাহার অনুচরেরা বাঙ্গালী বরকন্দাজ নামে পরিচিত হইয়াছিল। কিন্তু তাহাদের জমাদারেরা অনেকেই বাঙ্গালী ছিল না। কাপ্তেন ওয়েলসের পত্রে প্রকাশ যে জমাদার দুর্জ্জন সিং বুন্দেলখণ্ডের অধিবাসী, ধীরসিং জাতিতে শিখ এবং গায়েব সিং বড়য়া বিজনীর লোক। কৃষ্ণনারায়ণের দলে এক দল যুদ্ধব্যবসায়ী সন্ন্যাসীও ছিল। সুতরাং রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট যখন ইস্তাহার জাহির করিয়া জানাইলেন যে বরকন্দাজ জমাদারেরা অবিলম্বে ঘরে ফিরিয়া না গেলে তাহাদের স্ত্রী-পুত্র-পরিবার কয়েদ হইবে, স্থাবর অস্থাবর সমস্ত সম্পত্তি ক্রোক হইবে, তখন বিশেষ কোন ফল হয় নাই। বরং কৃষ্ণনারায়ণের রিসালাদার, জমাদার ও বরকন্দাজেরা স্পষ্ট ভাষায় জানাইয়া দিয়াছিল যে তাহারা বিভিন্ন প্রদেশ হইতে জীবিকা অর্জ্জনের জন্য আসামে আসিয়াছে। তাহারা যখন যাহার নিকট যায় তখন তাহার আদেশ বিশ্বস্তভাবে প্রতিপালন করে। কোম্পানীর নামে তাহারা আসামে কোন উপদ্রব করে নাই (৩১ নং পত্র)। রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট তদন্ত করিয়া দেখিলেন কৃষ্ণনারায়ণের বরকন্দাজদিগের মধ্যে তাঁহার জিলার লোক মাত্র তিন জন। ইহার পর আর সন্দেহ রহিল না যে কেবল ভয় দেখাইয়া এই দুর্ব্বৃত্তদিগকে দস্যুবৃত্তি হইতে নিবৃত্ত করা যাইবে না। আসাম হইতে লুণ্ঠনলোভী বরকন্দাজদিগকে দূর করিতে হইলে বল প্রয়োগ করিতে হইবে।

কাপ্তেন ওয়েলসের কার্য্যাবলী—

১৭৯২ সালের ৮ই নভেম্বর কাপ্তেন ওয়েলস গোয়ালপাড়ায় পৌছিলেন। তখন গোয়ালপাড়াই ছিল কোম্পানীর রাজ্যের পূর্ব্ব সীমান্ত। সেখানে সাধারণতঃ কোন ইংরাজ কর্ম্মচারী থাকিত না, কারণ সে সময়ে রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেটের এলাকা গোয়ালপাড়া পর্য্যন্ত বিস্তৃত ছিল। গোয়ালপাড়ার অদূরে জুগীঘোপায় সীমান্তের শান্তিরক্ষার জন্য একদল ফৌজ থাকিত। গোয়ালপাড়ার ওপারে আমদানী ও রপ্তানী দ্রব্যের উপর শুল্ক আদায় করিবার

জন্য আসামের রাজার একটি চৌকী ছিল। ইহাই আমাদের পত্রে উল্লিখিত বিখ্যাত কাণ্ডারচৌকী। এখানকার ইজারাদারকে কান্দার বড়ুয়া বলিত। আমাদের পত্রের রুদ্ররাম, চাঁদরাম, পরশুরাম, কমলদেব বা কমলনারায়ণ এই কাণ্ডারচৌকীর ইজারাদার ছিলেন। সুতরাং তখনকার দিনে বাঙ্গালা দেশের সহিত আসামের যে ব্যবসায় ও বাণিজ্য হইত তাহা কার্য্যতঃ একদিকে এই বড়ুয়াদিগের অপরদিকে গোয়ালপাড়ার লবণের ইজারাদার ড্যানিয়েল রৌশ সাহেবের করতলগত ছিল। রৌশ সাহেবকে সামান্য বণিক মনে করিলে ভুল হইবে। এই অরাজকতার সময় তিনি ফৌজের বাণিজ্য এবং রাজনীতির ব্যবসায়ও করিয়াছিলেন। সে কথা পরে হইবে।

গোয়ালপাড়ায় আসিয়া ওয়েলস সাহেবের আসাম সম্বন্ধে সমস্ত সংবাদ কর্ত্তৃপক্ষের নিকট লিখিবার কথা ছিল। কিন্তু সেখানে পৌঁছিয়া তিনি খবর পাইলেন যে পূর্ব্ব-আসামে রাজার অধিকার একেবারে লোপ পাইয়াছে, তথায় মোয়ামারিয়াদিগের একাধিপত্য স্থাপনের আর বিলম্ব নাই, কেবল বুড়াগোহাঞি পুর্ণানন্দ জোরহাটে তাহাদের গতিরোধ করিতেছেন। কৃষ্ণনারায়ণের বরকন্দাজেরা গৌহাটির নিকট উপস্থিত হইয়াছে। এতদ্ব্যতীত রাজ্যের সর্ব্বত্র নিত্য নূতন বিদ্রোহী নায়কের আবির্ভাব হইতেছে। কয়েক দিন পরে দরঙ্গের উপাধিশেষ রাজা বিষ্ণুনারায়ণ ভগ্নদূতের মত আসিয়া খবর দিলেন যে গৌহাটি যায় যায়, রাজার জীবনও বিপন্ন। সুতরাং ওয়েলস সাহেব আর কালবিলম্ব না করিয়া ব্রহ্মপুত্রে উজান বাহিয়া নৌকাযোগে গৌহাটি যাত্রা করিলেন। ১৯শে নবেম্বর কয়েকখানি ছিপ নৌকার সহিত ওয়েলস সাহেবের সাক্ষাৎ হইল। ছিপে আসিতেছিলেন স্বয়ং গৌরীনাথ। ওয়েলস সাহেব শুনিলেন একদল মোয়ামারিয়া এক বৈরাগীর নেতৃত্বে গৌহাটি দখল করিয়াছে, গৌরীনাথ কোন ক্রমে প্রাণ লইয়া গোয়ালপাড়ার দিকে পালাইয়া আসিয়াছেন। এই সময় বড়বড়ুয়াও ওয়েলস সাহেবের সহিত আসিয়া মিলিত হইলেন।

অবিলম্বে গৌহাটি আক্রমণ করিবার পরামর্শ স্থির হইল। গৌরীনাথ বলিলেন, এখনও সেখানে তাঁহার দলের বহু লোক আছে। সামন্তরাজদিগের মধ্যে "রাণীর" রাজার সাহায্য তিনি নিশ্চয়ই পাইবেন। গৌহাটি হইতে চারি ক্রোশ দূরে আসিয়া ওয়েলস সাহেব খবর পাইলেন যে কামাখ্যার পথে গৌহাটি যাইবার একটি রাস্তা আছে, এই রাস্তায় গেলে শত্রুদিগকে অতর্কিতে আক্রমণ করা যাইতে পারে। ২৫শে নবেম্বর একদল সৈন্য লইয়া তিনি স্থলপথে গৌহাটির দিকে যাত্রা করিলেন। বাকী সৈন্য রাজার সঙ্গে ব্রহ্মপুত্র উজাইয়া অগ্রসর হইতে লাগিল। বৈরাগীর সৈন্যেরা সেদিন কোন উৎসবে ব্যাপৃত ছিল। শত্রুর আগমন তাহারা সন্দেহও করিতে পারে নাই। পরদিন প্রভাতে এক রকম বিনা রক্তপাতেই গৌহাটি দখল হইল। সায়াহ্নে রাজা গৌরীনাথ মহা সমারোহে নগরে প্রবেশ করিলেন।

কাপ্তেন ওয়েলস বরকন্দাজ উপদ্রব দমন করিতে আসামে আসিয়াছিলেন। লর্ড কর্ণওয়ালিস তাঁহাকে যথাসম্ভব বিনা রক্তপাতে এই কর্ত্তব্য সম্পাদন করিতে বলিয়াছিলেন।

গৌহাটি অধিকারের পর ওয়েলস দেখিলেন আসামের সমস্যা অত্যন্ত জটিল। বরকন্দাজেরা বিতাড়িত হইলেও আসামে শান্তি স্থাপিত হইবে না। মোয়ামারিয়া বিদ্রোহ দমন করাও প্রয়োজন। রাজ্যের তিন গোহাত্রির কাহারও সহিত রাজার সদ্ভাব নাই। রাজা বড়বড়ুয়া জয়নাথের হাতের পুতুল। বড় ফুকনও বিশ্বাসযোগ্য ব্যক্তি নহেন। রাজার নির্য্যাতনেই বিদ্রোহের উৎপত্তি ও বিস্তার হইয়াছে। কিন্তু রাজা পূর্ব্ব নীতি পরিত্যাগ করিতে প্রস্তুত নহেন। ভগ্নস্বাস্থ্য রাজার রাজকার্য্যে মনোনিবেশ করিবার শক্তি নাই। স্নান-সন্ধ্যায় ও অহিফেন সেবনেই তাঁহার সময়ের অধিকাংশ অতিবাহিত হয়। ওয়েলস পূর্ব্ব হইতেই কৃষ্ণনারায়ণকে তাঁহার পিতৃরাজ্য ফিরাইয়া দিয়া পশ্চিম-আসামে শান্তি স্থাপনের সঙ্কল্প করিয়াছিলেন। এই প্রস্তাব প্রথমে রাজা ও তাঁহার মন্ত্রিগণের মনঃপূত হয় নাই। কিন্তু ওয়েলস রাজাকে বুঝাইলেন যে মাত্র সাড়ে তিন শত সিপাহী লইয়া পশ্চিমে কৃষ্ণনারায়ণের চারি হাজার বরকন্দাজ ও পূর্ব্বদিকে অসংখ্য মোয়ামারিয়া বিদ্রোহীর সঙ্গে যুদ্ধ করা সম্ভব নহে। তিনি বড়লাটকেও আসামের প্রকৃত অবস্থা জানাইয়া অতিরিক্ত ফৌজ চাহিয়া পাঠাইলেন। লর্ড কর্ণওয়ালিস দেখিলেন যে আসামে শান্তি স্থাপন না করিয়া কাপ্তেন ওয়েলসকে ফিরিয়া আসিতে বলা সঙ্গত হইবে না।

কৃষ্ণনারায়ণ নিজে শান্তির বিরোধী ছিলেন না। কিন্তু বরকন্দাজেরা তাঁহার বেতন-ভোগী হইলেও আজ্ঞাবহ ছিল না। কৃষ্ণনারায়ণ তাহাদিগকে নিয়মিত ভাবে বেতন দিতে পারিতেন না। সামান্য বেতনের ভরসায়ও তাহারা আসামে যায় নাই। বেতন অপেক্ষা লুণ্ঠনলব্ধ অর্থের প্রতিই তাহাদিগের অধিক লোভ ছিল। শান্তি হইলে লুণ্ঠনের সম্ভাবনা লোপ হয় সুতরাং কৃষ্ণনারায়ণের সন্ধি করিবার ইচ্ছা থাকিলেও বরকন্দাজ-দিগের প্রতিকূলতায় কাপ্তেন ওয়েলসের উদ্দেশ্য সিদ্ধ হইল না। কৃষ্ণনারায়ণ ও বরকন্দাজ নায়কেরা ওয়েলস সাহেবের পত্র ও পরোয়ানার ভদ্র ভাষায় উত্তর দিলেও কার্য্যতঃ তাহাদের অস্ত্রত্যাগের অভিপ্রায় দেখা গেল না। অগত্যা কাপ্তেন ওয়েলস কৃষ্ণনারায়ণকে আক্রমণ করিতে বাধ্য হইলেন। ইংরাজ ফৌজের নিকট পরাজিত হইয়া কৃষ্ণনারায়ণ ও তাঁহার অনুচরেরা ভুটানে আশ্রয় গ্রহণ করিলেন। ইতিমধ্যে বিজনীর নাজির মহেন্দ্র-নারায়ণও একদল ফৌজ লইয়া আসামে উপদ্রব আরম্ভ করিয়াছিলেন। তাঁহার চক্রান্তে বিজনীর রাজা হরদেবনারায়ণ নিহত হইয়াছিলেন। ইংরাজ সরকারের ভয়ে মহেন্দ্র-নারায়ণও ভুটানে পলায়ন করিয়াছিলেন। এইরূপে বাঙ্গালার বরকন্দাজেরা আসামের বাহিরে চলিয়া গেল বটে, কিন্তু দেশের লোক নিরুপদ্রব হইল না। সুযোগ পাইলেই তাহারা ভুটান হইতে আসিয়া আসামের গ্রামে গ্রামে উৎপাত করিত। এদিকে কুচবিহারের বালক রাজা ও রাজগুরু সর্ব্বানন্দ কৃষ্ণনারায়ণকে ইংরাজ সরকারের সহিত আপোষ করিতে পরামর্শ দিয়া পত্র লিখিতেছিলেন। ভুটানের সীমান্তের শাসনকর্ত্তৃগণও ইংরাজের সহিত অপ্রীতির সম্ভাবনায় শঙ্কিত হইয়া-ছিলেন। বরকন্দাজেরাও ক্রমে ক্রমে কৃষ্ণনারায়ণকে পরিত্যাগ করিতেছিল।

পরিশেষে ১৭৯৩ সালের মে মাসে কৃষ্ণনারায়ণ ও তাঁহার বিশ্বস্ত কর্ম্মচারী হরদত্ত চৌধুরীর পুত্র চারি শত বরকন্দাজ লইয়া গৌহাটিতে ওয়েলস সাহেবের সহিত সাক্ষাৎ করিলেন। বরকন্দাজদিগকে রঙ্গপুরের সরকারী তহবিল হইতে বেতন পরিশোধ করিয়া বিদায় করা হইল। কৃষ্ণনারায়ণ পিতৃরাজ্য ফিরিয়া পাইলেন। তিনি এই সময় কামরূপের অধিকারও দাবী করিলেন। এক সময়ে তাঁহার পূর্ব্বপুরুষেরা কামরূপের রাজা ছিলেন, কিন্তু ওয়েলস সাহেব অনুসন্ধান করিয়া দেখিলেন যে কামরূপের রাজ্যে কৃষ্ণনারায়ণ অপেক্ষা বিষ্ণুনারায়ণ এবং সমুদ্রনারায়ণের প্রবলতর দাবী ছিল। সুতরাং বিষ্ণুনারায়ণকে কামরূপের রাজা করা হইল। ওয়েলস সাহেব যতদিন আসামে ছিলেন ততদিন কৃষ্ণনারায়ণ বিশ্বস্তভাবে তাঁহার ব্যবস্থা মানিয়া চলিয়াছিলেন।

ইতিমধ্যে গৌরীনাথের মঙ্গলের জন্যই কাপ্তেন ওয়েলস তাঁহার ও তাঁহার কুমন্ত্রিগণের স্বাধীনতায় হস্তক্ষেপ করিতে বাধ্য হইয়াছিলেন। ওয়েলস আসামে আসিবার অল্পদিন পরেই বড়ফুকন পদচ্যুত হইয়াছিলেন (পত্র নং ৪০)। কিন্তু তিনি দেখিলেন যে বড়বড়ুয়াকেও স্থানান্তরিত না করিলে রাজ্যের মঙ্গল নাই। ইংরাজ সরকারের উদ্দেশ্য ছিল রাজা ও বিদ্রোহীদিগের মধ্যে মধ্যস্থতা করিয়া আপোষে বিবাদ মিটাইয়া ফেলা, আসামে বিনা রক্তপাতে শান্তি স্থাপন করা। এই জন্য ওয়েলস সাহেব বিদ্রোহীদিগকে পূর্ব্ব অপরাধ ক্ষমা করিবার আশ্বাস দিয়া শান্তির পথে আনিবার চেষ্টা করিতেছিলেন। কিন্তু সাধারণের ধারণা ছিল যে ইংরাজ ফৌজ আসাম পরিত্যাগ করিলেই রাজা ও তাঁহার মন্ত্রিগণ পুনরায় নিজ মূর্ত্তি ধারণ করিবেন। সুতরাং ইংরাজ সরকারের প্রতিশ্রুতিতে তাঁহাদের শঙ্কা ও সন্দেহ দূর হয় নাই। এদিকে সুযোগ পাইলেই ওয়েলস সাহেবের দৃষ্টি অতিক্রম করিয়া বড়বড়ুয়া ও রাজা তাঁহাদের অভ্যস্ত রীতিতে প্রজাদিগকে বিনা অপরাধে অথবা অল্প অপরাধে অমানুষিক ভাবে নির্য্যাতন করিতেছিলেন। কৃষ্ণনারায়ণের দূত ওয়েলস সাহেবের সহিত সাক্ষাৎ করিতে আসিয়া রাজার অনুচরদিগের হস্তে লাঞ্ছিত ও প্রহৃত হইয়াছিল। সুতরাং ইংরাজ সরকারের শান্তির প্রচেষ্টা পদে পদেই ব্যর্থ হইতে ছিল। অসন্তুষ্ট কর্ম্মচারীরাও ওয়েলস সাহেবের দরবারে উপস্থিত হইতে ভরসা পাইতেছিলেন না। অতএব তিনি রাজার অনুমোদনের অপেক্ষা না রাখিয়াই তাঁহার কুগ্রহ বড়বড়ুয়া ও চোলাধরাফুকনকে পদচ্যুত করিলেন। রাজা প্রথম হইতেই আপত্তি করিয়াছিলেন। তাঁহার মতে অবাধে প্রজাগণের প্রাণদণ্ড করিতে না পারিলে, অঙ্গহানি না করিতে পারিলে রাজত্ব থাকা বা না থাকা সমান। কিন্তু গৌরীনাথ যখন দেখিলেন যে কাপ্তেন ওয়েলসের অনুগ্রহের উপর তাঁহার নিজের ব্যক্তিগত স্বাধীনতা ও সিংহাসন সম্পূর্ণভাবে নির্ভর করিতেছে তখন অনন্যোপায় হইয়া বড়বড়ুয়া ও চোলাধরাফুকনের পদচ্যুতি অনুমোদন করিলেন এবং পুরাতন বড়ফুকনের স্থানে নূতন বড়ফুকন নিয়োগ করিলেন। পদচ্যুত বড়বড়ুয়া ও চোলাধরাফুকনকে জুগীঘোপায় পাঠাইয়া দেওয়া হইল। কিন্তু পদচ্যুত ও নির্ব্বাসিত হইয়া বড়বড়ুয়া জয়নাথ ও চোলাধরাফুকন পূর্ব্ব স্বভাব পরিত্যাগ করিতে পারেন নাই।

CENTRAL LIBRARY

বড়বড়ুয়ার পুত্র বয়সে বালক হইলেও তাঁহার অনুচরদিগের সাহায্যে নানারূপে ওয়েলস সাহেবের কার্য্যে বিঘ্ন ঘটাইতে লাগিলেন। শেষে ইংরাজ সরকার বাধ্য হইয়া পদচ্যুত মন্ত্রিদ্বয়কে আসাম হইতে দূর করিয়া রঙ্গপুরে নজরবন্দী করিয়া রাখিলেন। এখানে তাঁহাদের সুখ-স্বাচ্ছন্দ্যের কোনরূপ অন্তরায় হয় নাই। আত্মীয় স্বজনের সহিতও তাঁহারা পত্র ব্যবহার করিতে পারিতেন। কলিকাতার কর্ত্তৃপক্ষের নিকট আপনাদের অভাব অভিযোগও জানাইতে পারিতেন, নতুবা ওয়েলস সাহেবের বিরুদ্ধে বড়লাটের নিকট অভিযোগ করা সম্ভব হইত না। (পত্র নং ৪০)।

গৌরীনাথ বুঝিয়াছিলেন যে মোয়ামারিয়া বিদ্রোহ দমনের পূর্ব্বে ইংরাজ ফৌজ আসাম ছাড়িয়া গেলে তাঁহার সিংহাসন দুই দিনও টিকিবেনা। সুতরাং তিনি কাপ্তেন ওয়েলসকে তাঁহার রাজ্যে সম্পূর্ণরূপে শান্তি স্থাপন করিবার জন্য একান্ত অনুরোধ করিয়াছিলেন। ওয়েলসও বুঝিয়াছিলেন যে আসামের প্রজা সাধারণের হিতার্থেই ইংরাজ ফৌজ আসামে থাকা প্রয়োজন। রাজা অবশ্য যুদ্ধের সমস্ত ব্যয়ভার বহন করিতে সম্মত হইয়াছিলেন, কিন্তু কাপ্তেন ওয়েলস বুঝিয়াছিলেন যে এত দিনের অরাজকতার পর রাজস্ব সংগ্রহের একটা সুব্যবস্থা না করিলে গৌরীনাথের ইচ্ছা থাকিলেও নিয়মিতরূপে ফৌজের রসদ ও খরচ যোগাইতে পারিবেন না। সুতরাং তিনি একদিকে যেমন আসামের জনসাধারণ, প্রধান প্রধান কর্ম্মচারী ও করদ নৃপতিবৃন্দকে রাজ্যে শান্তি ও শৃঙ্খলা স্থাপনের জন্য সমবেত হইতে আহ্বান করিতেছিলেন, তেমনই অপর দিকে প্রয়োজনীয় অর্থ সংগ্রহের ব্যবস্থা করিতে উদ্যোগী হইয়াছিলেন। পূর্ব্ব-আসাম তখনও মোয়ামারিয়াদিগের অধিকারে। কৃষ্ণনারায়ণের সহিত সন্ধি হইবার পর পশ্চিম-আসামে কথঞ্চিৎ শান্তি স্থাপিত হইয়াছিল। সুতরাং তিনি স্থির করিলেন যে যুদ্ধের খরচ প্রধানতঃ পশ্চিম আসাম হইতেই সংগ্রহ করিতে হইবে

টাকার প্রয়োজন হইবামাত্র ওয়েলস সাহেবের কাণ্ডারচৌকির কথা মনে পড়িল। এই পথেই বাঙ্গালার লবণ লইয়া মহাজনী নৌকা আসামে প্রবেশ করিত, আবার মুগা সুতা, মুগা ধুতি, হস্তিদন্ত, লাক্ষা ও মাঞ্জিষ্ঠা লইয়া বাঙ্গালা দেশে ফিরিত। যাতায়াতের সময় চৌকির ইজারাদার কাণ্ডারবড়ুয়াদিগকে মাশুলের টাকা দিতে হইত। বড়ুয়ারা ইজারার জন্য বার্ষিক ৯০,০০০৲ টাকা রাজসরকারে দিতেন, কিন্তু রাজার নিজ তহবিলে ২৪,০০০৲ হইতে ২৬,০০০৲ টাকার বেশী পৌছিত না। বাকী টাকা বড়বড়ুয়া প্রভৃতি ছোট বড় কর্ম্মচারীরা আত্মসাৎ করিত। ওয়েলস সাহেব স্থির করিলেন যে দেশে শান্তি স্থাপিত হইলে ব্যবসায় বাণিজ্যেরও উন্নতি হইবে এবং সঙ্গে সঙ্গে কাণ্ডারচৌকির আয়ও বৃদ্ধি পাইবে। সুতরাং চৌকির ইজারা যদি তুলিয়া দেওয়া যায় তাহা হইলে একদিকে ব্যবসায়ীরা বড়ুয়াদিগের উপদ্রব হইতে রক্ষা পাইবে, অপর দিকে চৌকির উপস্বত্ব হইতে ফৌজের ব্যয় নির্ব্বাহ করা চলিবে। ওয়েলস সাহেব হিসাব করিয়া দেখাইলেন যে রাজাকে ২৬০০০৲ দিবার পরও মাশুল আদায়ের খরচ বাদে ফৌজের

খরচ বাবদ অন্যূন ৬০,০০০্ পাওয়া যাইবে। কিন্তু এই ব্যবস্থা সুষ্ঠুরূপে চালাইবার জন্য কাণ্ডারচৌকির বন্দোবস্ত ইংরাজ সরকারের নিজের হস্তে লইতে হইবে। কুচবিহারের কমিশনারের হস্তে এই কার্য্যের ভার দেওয়া যাইবে। এতদ্ব্যতীত বড়ফুকন তাঁহার শাসিত প্রদেশের রাজস্ব হইতে দেড়লক্ষ টাকা দিতে অঙ্গীকার করিয়াছিলেন। স্বর্গদেবের প্রয়োজন হইলে করদ রাজারা নির্দ্দিষ্ট সংখ্যক পদাতিক পাঠাইতেন। এই ব্যবস্থায় কোন পক্ষেরই বিশেষ সুবিধা হইত না। কাপ্তেন ওয়েলস প্রস্তাব করিলেন যে অতঃপর যদি করদ রাজাদিগকে পদাতিক সরবরাহ করিবার দায়িত্ব হইতে অব্যাহতি দিয়া তৎপরিবর্ত্তে তাঁহাদিগের নিকট নির্দ্দিষ্ট পরিমাণ কর আদায় করা হয় তবে মোটের উপর স্বর্গদেবের অধিক অর্থাগম হইবে। নূতন সন্ধি অনুসারে দরঙ্গের কৃষ্ণনারায়ণ পদাতিকের পরিবর্ত্তে ৫৮০০০্ টাকা খাজানা দিতে সম্মত হইয়াছিলেন। বলা বাহুল্য যে লর্ড কর্ণওয়ালিস কাপ্তেন সাহেবের প্রস্তাব সম্পূর্ণভাবে অনুমোদন করিয়াছিলেন। কিন্তু কাণ্ডারচৌকির ইজারাদারগণের সঙ্গে বন্দোবস্ত করিয়া গোয়ালপাড়ার রৌশ সাহেব আসামের বাণিজ্য প্রায় একচেটিয়া করিয়া ফেলিয়াছিলেন। সুতরাং তিনি নূতন ব্যবস্থার তীব্র প্রতিবাদ করিলেন। এই বিষয়ে পরে আলোচনা করিব।

এদিকে ওয়েলস সাহেব করদ রাজা ও রাজ্যের বড় বড় কর্ম্মচারীদিগের সহযোগিতা লাভের জন্য ক্রমাগত চেষ্টা করিতেছিলেন। তাঁহার পক্ষ হইতে লেপ্টেন্যাণ্ট ম্যাকগ্রেগর বুড়াগোহাঞি, বড়গোহাঞি ও সোলালগোহাঞির সহিত সাক্ষাৎ করিয়া অভিযানের উদ্দেশ্য বুঝাইয়া দিলেন। গৌরীনাথ বড়বড়ুয়ার প্ররোচনায় রাজা এই বড়গোহাঞি ও সোলালগোহাঞিকে পদচ্যুত করিয়াছিলেন, কাপ্তেন ওয়েলসের পরামর্শে আবার তাঁহাদিগের সকল অপরাধ ক্ষমা করিয়া সসম্মানে পূর্ব্বপদে নিযুক্ত করিলেন। বড়গোহাঞি ও বুড়াগোহাঞির অনুমোদনে পানিসিলিয়াফুকন বড়বড়ুয়ার পদ পাইলেন। কাপ্তেন ওয়েলস মোয়ামারিয়াদিগের নেতা পীতাম্বরকেও শান্তির প্রস্তাব করিয়া পত্র লিখিয়াছিলেন। এই পত্র বোধ হয় মোয়ামারিয়া শিবিরে পৌঁছে নাই। তাহারা অস্ত্র ত্যাগ করিয়া নিজের নিজের জায়গায় ফিরিয়া গেলে তাহাদের বিদ্রোহের অপরাধ সম্পূর্ণরূপে ক্ষমা করা হইবে বলিয়া ওয়েলস সাহেব প্রতিশ্রুতি দিয়াছিলেন। বাস্তবিকই কাপ্তেন ওয়েলস মোয়ামারিয়াদিগকে বিনা যুদ্ধে শান্ত করিবার জন্য এমন উদ্‌গ্রীব হইয়াছিলেন যে বুড়া গোহাঞির সহিত সাক্ষাৎ করিতে গিয়া জোরহাটের নিকট বিদ্রোহী বাহিনীর সঙ্গে যুদ্ধ করিয়াছিলেন বলিয়া তিনি লেপ্টেন্যাণ্ট ম্যাকগ্রেগরকে কঠোর ভাষায় ভর্ৎসনা করিতে কুণ্ঠিত হন নাই। সুতরাং তাঁহার আন্তরিকতা সম্বন্ধে সন্দেহের কোন কারণ ছিল না। অপর পক্ষে লেপ্টেন্যাণ্ট ম্যাকগ্রেগর মাত্র পঞ্চদশজন সহচর লইয়া সহস্রাধিক মোয়ামারিয়ার আক্রমণ প্রতিহত করিয়াছিলেন। সুতরাং ইংরাজ সেনার সহিত যুদ্ধে পীতাম্বরের জয়লাভের কোন সম্ভাবনা ছিল না। কিন্তু গৌরীনাথের নৃশংস আচরণে ও কাপুরুষতায় মোয়ামারিয়াগণ তাঁহার প্রতি এরূপ বীতশ্রদ্ধ হইয়াছিল যে তাহারা

কাপ্তেন ওয়েলসের শান্তির প্রস্তাবে কর্ণপাত করিল না। সুতরাং কাপ্তেন ওয়েলস ক্রমশঃ আসামের প্রাচীন রাজধানী ঘরগাঁও ও রঙ্গপুর দখল করিলেন (মার্চ্চ, ১৭৯৪)। রঙ্গপুর অধিকার করিবার পর কাপ্তেন ওয়েলস প্রকাশ্য দরবারে আসামের অভিজাতবর্গের সাক্ষাতে রাজাকে জিজ্ঞাসা করিলেন যে এখন তিনি ইংরাজ ফৌজ বিদায় দিতে পারিবেন কিনা। রাজা ও তাঁহার মন্ত্রিবর্গ উত্তর করিলেন যে ইংরাজ সৈন্য চলিয়া গেলে দেশে আবার অরাজকতা আরম্ভ হইবে। কিন্তু তখনও ওয়েলস সাহেব বেঙ্গমারার মোয়ামারিয়া শিবির আক্রমণ করিলেন না। তিনি আবার রাজাকে দিয়া মোয়ামারিয়াদিগের নিকট পত্র লিখাইলেন। কিন্তু এক মাসের মধ্যেও যখন কোন উত্তর আসিল না তখন ওয়েলস বেঙ্গমারা আক্রমণ করিবার আদেশ দিলেন। এই আদেশ কার্য্যে পরিণত হয় নাই; রঙ্গপুর হইতে কয়েক মাইল যাইবার পরই ইংরাজ ফৌজ আসাম পরিত্যাগ করিতে আদিষ্ট হইয়াছিল। ১৭৯৩ সালে ডিসেম্বর মাসে স্যার জন শোর বড়লাট হইয়াছিলেন। তিনি আসামের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করিতে চাহিলেন না। সুতরাং তিনি কাপ্তেন ওয়েলসকে যুদ্ধে প্রতিনিবৃত্ত হইয়া ১৭৯৪ সালের ১লা জুলাইর মধ্যে ইংরাজ রাজ্যে ফিরিয়া আসিতে হুকুম দিলেন। এই আদেশের ফল কি হইবে তাহা কাপ্তেন ওয়েলস ভাল করিয়াই জানিতেন। বড়লাটের প্রশ্নের উত্তরে তিনি জানাইয়াছিলেন যে ইংরাজ ফৌজ আসাম হইতে চলিয়া গেলে রাজস্ব, বাণিজ্য, শাসনতন্ত্র সম্বন্ধীয় কোন ব্যবস্থাই একদিনও টিকিবে না। আসামের রাজা ও অভিজাতবর্গ শোরের আদেশের সংবাদ পাইয়া রাজ্যের ভবিষ্যৎ চিন্তা করিয়া উদ্বিগ্ন হইয়াছিলেন। কিন্তু তাঁহাদের কাতর আবেদনে কোন ফল হইল না। বড়লাটের আদেশ অনুসারে ওয়েলস সসৈন্যে আসাম হইতে চলিয়া গেলেন।

কাপ্তেন ওয়েলসের প্রত্যাবর্ত্তন ও আসামে অরাজকতার পুনরাবির্ভাব—

তাঁহার দেড় বৎসরের পরিশ্রম নিষ্ফল হইল। অচিরে আসামে মাৎস্যন্যায়ের পুনরাবির্ভাব হইল। কামরূপে আবার বরকন্দাজদিগের উপদ্রব আরম্ভ হইল। উহাদের পরে আসিল ডুমডুমিয়া বা ছন্দিয়া দস্যুদল। মোয়ামারিয়াদিগের ধ্বংসলীলা কখনই ক্ষান্ত হয় নাই। তাহাদের সঙ্গে খাম্‌টি, নারা, কাছাড়ী প্রভৃতি অনার্য্য জাতি মাংসলুব্ধ খেচরের মত আসামের শবদেহের উপর আপতিত হইল। সর্ব্বশেষে ব্রহ্মের নির্ম্মম সৈন্যদল অগ্নি ও তরবারি সহযোগে আসামের গ্রামে গ্রামে নগরে নগরে মৃত্যুর বিভীষিকা বিস্তার করিয়া মহাপ্রলয়ের সূচনা করিল। স্যার জন শোর যদি অসময়ে ওয়েলস সাহেবকে ফিরাইয়া লইয়া না যাইতেন তবে বোধ হয় আসামের নিরপরাধ প্রজাগণকে ত্রিশ বৎসর কাল এত কষ্ট ও লাঞ্ছনা ভোগ করিতে হইত না।

কাপ্তেন ওয়েলসের প্রত্যাবর্ত্তনের পর গৌরীনাথ আর রঙ্গপুরে থাকিতে সাহস করিলেন না। তিনি পাত্রমন্ত্রী সহ জোরহাটে বুড়াগোহাঞির আশ্রয় গ্রহণ করিলেন।

এই সময় হইতে জোরহাট আসামের রাজধানী হইল। ইংরাজ ফৌজ চলিয়া যাইবার পরই মোয়ামারিয়াগণ আবার নির্ভয়ে রঙ্গপুরের দিকে অগ্রসর হইল। অসভ্য খাম্‌টিগণ সদিয়া অধিকার করিল এবং তাহাদের দলপতি সদিয়া খোয়াগোহাঞি উপাধি ধারণ করিল। বুড়াগোহাঞি কাপ্তেন ওয়েলসের ফৌজের দুইজন দেশীয় কর্ম্মচারীর সাহায্যে কতকগুলি সৈন্য পাশ্চাত্য প্রণালীতে শিক্ষিত করিয়া লইলেন এবং তাহাদের সাহায্যে দেশে শান্তি রক্ষা করিবার প্রয়াস পাইলেন। কিন্তু তাঁহার সেই চেষ্টা সফল হয় নাই। এই জন্য কেবল রাজা গৌরীনাথকে দোষ দেওয়া যায় না। স্যার এডওয়ার্ড গেটের বিবরণ পাঠ করিলে মনে হয় যে গৌরীনাথ বিনা দোষে বড়ফুকন ও সোলালগোহাঞির প্রাণদণ্ড করিয়াছিলেন, কিন্তু এই ধারণা একেবারে ঠিক নহে। তুংখুঙ্গিয়া বুরঞ্জীতে দেখা যায় যে ওয়েলস সাহেবের সুপারিসে যিনি বড়ফুকনের পদ লাভ করিয়াছিলেন তিনি জাতিতে কাছাড়ী, খাঁটি আসামের লোক নহেন। কেবল কাপ্তেন ওয়েলসের অনুরোধে নিজের অনিচ্ছাস্বত্বেও রাজা এক জন বিদেশীকে এইরূপ দায়িত্বপূর্ণ উচ্চ পদে নিযুক্ত করিয়া থাকিলেও পরে তিনি স্বতঃপ্রবৃত্ত হইয়া চেটিয়া বড়ফুকনকে (কাছাড়ী বড়ফুকনের নাম ছিল চেটিয়া) পাত্রদিগের সহিত একাসনে বসিবার অধিকার দিয়া সম্মানিত করিয়াছিলেন। চেটিয়া বড়-ফুকনের স্বলিখিত পত্রেই (৫৩ নং পত্র) প্রকাশ যে ইহার প্রতিদানে তিনি গৌরীনাথকে সিংহাসনচ্যুত করিয়া অপর একজন রাজকুমারকে রাজা করিবার চেষ্টা করিয়াছিলেন। কামরূপের রাজা বিষ্ণুনারায়ণও ইংরাজ সরকারের নিকট অভিযোগ করিয়াছিলেন যে এই চেটিয়া বড়ফুকনই তাঁহার রাজ্য কাড়িয়া লইয়াছেন, রাজা গৌরীনাথের ইহাতে কোন অপরাধ ছিল না। চেটিয়া বড়ফুকন যে হাজারী সিং জমাদারের সাহায্যে গৌহাটীতে নূতন শাসনতন্ত্র স্থাপনের চেষ্টা করিয়াছিলেন তাহাতে সন্দেহ নাই। তিনি লিখিয়াছেন যে গৌরীনাথের উৎপীড়ন হইতে প্রজা সাধারণকে রক্ষা করিবার উদ্দেশ্যে এবং রাজ্যের মঙ্গল কামনায়ই তিনি রাজা পরিবর্ত্তন করিয়াছেন। এই কথা কতদূর বিশ্বাসযোগ্য তাহা সহজেই অনুমান করা যায়। বড়ফুকনের প্রকৃত উদ্দেশ্য যাহাই হউক না কেন রাজা তাঁহার মত বিদ্রোহীকে ক্ষমা করিলে রাজ্যের মঙ্গল অপেক্ষা অমঙ্গল অধিক হইত। সুতরাং চেটিয়া বড়ফুকন ও তাঁহার সহযোগীদিগের প্রাণদণ্ড করিয়া গৌরীনাথ যে বিশেষ অন্যায় করিয়াছিলেন একথা জোর করিয়া বলা চলেনা। চেটিয়া বড়ফুকনের কার্য্যাবলী আলোচনা করিলে মনে হয় যে কাপ্তেন ওয়েলস আসামের রাজকর্ম্মচারী নিয়োগে সর্ব্বদা লোকচরিত্রা-ভিজ্ঞতার পরিচয় দিতে পারেন নাই। ইংরাজ সেনার প্রস্থানের সঙ্গে সঙ্গেই যে তাঁহার সমস্ত ব্যবস্থা পণ্ড হইবে তাহা তিনি বুঝিতে পারিয়াছিলেন, কিন্তু তাঁহার একান্ত বিশ্বাসভাজন চেটিয়া বড়ফুকনই যে সেই কুকার্য্যের অগ্রণী হইবেন তাহা হয়ত তিনি ধারণাও করিতে পারেন নাই।

গৌরীনাথের মৃত্যু ও পূর্ণানন্দের আধিপত্য—

১৭৯৪ সালের ডিসেম্বর মাসে গৌরীনাথের নৃশংস জীবনের শেষ হইল। বুড়া-গোহাঞি রাজার মৃত্যুসংবাদ গোপন করিয়া বড়বড়ুয়াকে জোরহাটে ডাকিয়া পাঠাইলেন।

বড়বড়ুয়া জোরহাটের রাজপ্রাসাদে বুড়াগোহাঞির ষড়যন্ত্রে নিহত হইলেন। রাজদরবারে পূর্ণানন্দের আর কোন প্রতিদ্বন্দ্বী রহিল না। তিনি স্বর্গদেব গদাধর সিংহের বংশধর কিনারামকে রাজা করিলেন। (পত্র নং ১০১)। রাজা হইবার পর কিনারামের নাম হইল কমলেশ্বর সিংহ। রাজেশ্বর সিংহের প্রপৌত্র ব্রজনাথ সিংহ ইংরাজ রাজ্যে চিলমারিতে আশ্রয় গ্রহণ করিলেন। গৌরীনাথের রাণী ব্রজনাথের জন্ম ইংরাজ সরকারে সুপারিশ করিয়াছিলেন। ১৮১৪ সালে কুচবিহারে ও রঙ্গপুরে এই ব্রজনাথের পক্ষ হইতেই সৈন্য সংগ্রহের উদ্যম হইয়াছিল। (পত্র নং ১২৭)। নরম্যান ম্যাকলিয়ড ইহার প্রকৃত পরিচয় জানিতেন না বলিয়া ইহাকে গৌরীনাথের পুত্র বলিয়াছেন।

কমলেশ্বর ১৭৯৫ খৃষ্টাব্দ হইতে ১৮১০ খৃষ্টাব্দ পর্য্যন্ত রাজত্ব করিয়াছেন। তিনি নামে রাজা ছিলেন, প্রকৃত পক্ষে এই সময় বুড়াগোহাঞি পূর্ণানন্দই রাজ্য শাসন করিতেন। তিনি মোয়ামারিয়াদিগকে দমন করিয়া কৃষিকার্য্যের উন্নতি করিতে চেষ্টা করিয়াছিলেন। কিন্তু মোয়ামারিয়া নায়ক পীতাম্বর নিহত হইবার পরও দেশে শান্তি স্থাপিত হয় নাই। ডাফলা, জৈন্তিয়া, কাছাড়ী প্রভৃতি অর্দ্ধ স্বাধীন ও স্বাধীন জাতির সহিত যোগদান করিয়া তাহারা নূতন নূতন নায়কের অধীনে দলবদ্ধ হইয়া পূর্ব্ববৎ রাজশক্তির বিরোধিতা করিতে লাগিল। কমলেশ্বর রাজা হইবার দুই বৎসর পরেই পশ্চিম আসামে ডুমডুমিয়া-দিগের উৎপাত আরম্ভ হয়। আমাদের সংগৃহীত পত্রেও নিয়ামতুল্লা, মুজা জানবেগ প্রভৃতি কয়েকজন দুন্দিয়া বা ডুমডুমিয়া সর্দ্দারের উল্লেখ আছে। মূলতঃ বরকন্দাজ ও দুন্দিয়াদিগের মধ্যে কোনই পার্থক্য ছিল না। দুন্দিয়াদিগের মধ্যেও অনেকে ইংরাজ রাজ্যের অধিবাসী ছিল। বরকন্দাজদিগের ন্যায় তাহারাও লুণ্ঠনের লোভে আসামে প্রবেশ করিয়াছিল এবং তথাকার অরাজকতার সুযোগে স্থানীয় কোন জমিদার বা রাজকর্ম্মচারীর পক্ষাবলম্বন করিয়া অবাধে দস্যুবৃত্তি করিত। দুন্দিয়া সর্দ্দার নিয়ামতুল্লা ব্রজনাথ সিংহের (পদ্মকুমার) পক্ষাবলম্বন করিয়াছিলেন। ডাঃ বুকানন হ্যামিল্টনও অন্যতম দুন্দিয়া নায়ক মুজা জানবেগের নাম শুনিয়াছিলেন। গোয়ালপাড়ার বার্ণার্ড ম্যাককুলমের সহিত মুজা জানবেগের ও তাহার সহযোগী মাহ্‌মুদ খাঁ সুবাদারের যে পত্রবিনিময় হইয়াছিল তাহাতেই তাহাদের প্রতাপ ও ঔদ্ধত্যের পরিচয় পাওয়া যায়। ডুমডুমিয়ার উৎপাত আরম্ভ হয় কামরূপে। হরদত্ত ও বীরদত্ত নামক দুই ভ্রাতা কতকগুলি কাছাড়ী, পাঞ্জাবী ও হিন্দুস্থানী দুর্ব্বৃত্তের সাহায্যে স্বর্গদেবের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। কেহ কেহ সন্দেহ করেন যে কুচবিহারের ও বিজনীর রাজাদিগের এই বিদ্রোহে গুপ্ত সহানুভূতি ছিল। অল্পদিনের মধ্যেই বিভিন্ন স্থান হইতে বহু দুষ্ট লোক আসিয়া হরদত্ত ও বীরদত্তের দলপুষ্টি করিল। তাহারা উত্তর কামরূপ দখল করিয়া ব্রহ্মপুত্রের দক্ষিণ দিকে অগ্রসর হইতে লাগিল। শেষে বড়ফুকন কতকগুলি হিন্দুস্থানী সিপাহী সংগ্রহ করিয়া বেলতলা ও ডিমারুয়ার করদ রাজাদিগের সাহায্যে হরদত্ত ও বীরদত্তের পরিচালিত দুন্দিয়া দস্যুদলকে পরাজিত ও ছত্রভঙ্গ

করিলেন। এই জন্য তিনি 'প্রতাপবল্লভ' উপাধি লাভ করিয়াছিলেন। আসামের রাজা ও রাজমন্ত্রিগণ রাজদ্রোহীদিগের উৎপাতে বিব্রত হইয়া মধ্যে মধ্যে ইংরাজ সরকারের নিকট সাহায্য প্রার্থনা করিয়াছেন, কিন্তু বন্দুক, বারুদ প্রভৃতি যুদ্ধের উপকরণ ব্যতীত অন্য কোন প্রকারের সাহায্য তাঁহারা পান নাই।

১৮১০ সালে বসন্ত রোগে কমলেশ্বর সিংহের মৃত্যু হইলে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা বালক চন্দ্রকান্ত বুড়াগোহাঞির অনুগ্রহে আসামের রাজা হইলেন। এই সময় বড়ফুকন কালিয়া তোমরা প্রতাপবল্লভ আসামে শান্তি ও শৃঙ্খলা স্থাপনের জন্য কুচবিহারের মত ইংরাজের অধীনতা স্বীকার করিবার প্রস্তাব করিয়াছিলেন, কিন্তু বুড়াগোহাঞি ও অন্যান্য অভিজাতবর্গ এই পরামর্শ গ্রহণ করিতে পারেন নাই।

ব্রহ্মবাহিনী কর্ত্তৃক আসাম আক্রমণ—

চন্দ্রকান্ত বয়ঃপ্রাপ্ত হইয়াই বুড়াগোহাঞির ক্ষমতা খর্ব্ব করিবার জন্য ষড়যন্ত্র আরম্ভ করিলেন। আমাদের সংগ্রহের ১৪০ ক নং পত্রে আসামের রাজা বুড়াগোহাঞির বিরুদ্ধে যে সকল অভিযোগ করিয়াছেন তাহার কোন ভিত্তি আছে বলিয়া মনে হয় না, কিন্তু এই চিঠিতে পূর্ণানন্দের প্রতি রাজার মনোভাবের প্রকৃষ্ট পরিচয় পাওয়া যায়। যাহা হউক, অনভিজ্ঞ তরুণ রাজার ষড়যন্ত্রে বুড়াগোহাঞির কোনও ক্ষতি হয় নাই, তাঁহার ও রাজ্যের সর্ব্বনাশ হইয়াছিল তাঁহারই এক আত্মীয়ের জন্য। কালিয়া তোমরা প্রতাপবল্লভের মৃত্যুর পর বদনচন্দ্র নামক এক ব্যক্তি বড়ফুকনের পদ পাইয়াছিলেন। ইহার কন্যার সহিত পূর্ণানন্দের এক পুত্রের বিবাহ হইয়াছিল। বদনচন্দ্র ও তাঁহার পুত্রগণের উৎপীড়নে প্রজাদিগের মধ্যে এমন অসন্তোষের উৎপত্তি হইয়াছিল যে বুড়াগোহাঞি আর বদনচন্দ্রকে প্রশ্রয় দেওয়া সঙ্গত মনে করিলেন না। কন্যা সতর্ক করিয়া না দিলে বদনচন্দ্র বোধ হয় বৈবাহিকের হস্তে প্রাণ হারাইতেন। তিনি ইংরাজরাজ্যে পলায়ন করিয়া কলিকাতায় উপস্থিত হইলেন। এইখানে ব্রহ্মের রাজদূতের সহিত তাঁহার পরিচয় হইল এবং তাঁহার সঙ্গে বদনচন্দ্র ব্রহ্মের রাজদরবারে গমন করিলেন। ১৮১৬ সালের শেষভাগে বদনচন্দ্রের প্ররোচনায় আট হাজার ব্রহ্মসৈন্য আসামে প্রবেশ করিল। মণিপুর প্রভৃতি ক্ষুদ্র রাজ্যের অধিপতিগণ আক্রমণকারীদিগের সহিত যোগদান করিলেন। এই সঙ্কট সময়ে বুড়া গোহাঞি পূর্ণানন্দের প্রাণবিয়োগ হইল। সাধারণের বিশ্বাস তিনি হীরকচূর্ণ খাইয়া আত্মহত্যা করিয়াছিলেন। তাঁহার জ্যেষ্ঠপুত্র বুড়াগোহাঞির পদ পাইলেন।

এক বৎসরের মধ্যে জোরহাট দখল করিয়া বদনচন্দ্রকে বড়ফুকনের পদে পুনরধিষ্ঠিত করিয়া ব্রহ্মসৈন্য স্বদেশে ফিরিয়া গেল। চন্দ্রকান্ত সিংহ পূর্ব্বের ন্যায় রাজা রহিলেন, কিন্তু আসামের দুরদৃষ্ট তখনও দূর হয় নাই। রাজমাতার চক্রান্তে আততায়ীর হস্তে বদনচন্দ্র নিহত হইলেন। এদিকে বুড়াগোহাঞিও চিলমারি হইতে ব্রজনাথ সিংহকে আনিয়া রাজা করিলেন। ব্রজনাথের দেহ ইতিপূর্ব্বেই বিকৃত করা হইয়াছিল বলিয়া তাঁহার পুত্র

পুরন্দর সিংহ রাজা হইলেন। বুড়াগোহাঞি চন্দ্রকান্তকে ধরিয়া তাঁহার কান চিরিয়া দিলেন। কিন্তু তিনি বেশী দিন বিজয় গৌরব সম্ভোগ করিতে পারেন নাই। বদনচন্দ্রের বন্ধুগণ ব্রহ্মের দরবারে তাঁহার হত্যার সংবাদ পাঠাইয়াছিলেন। ১৮১৯ সালের প্রথম ভাগেই সেনাপতি আলা মিঙ্গি আসামে উপস্থিত হইলেন। পুরন্দর সিংহ চিলমারিতে পলায়ন করিয়া প্রাণরক্ষা করিলেন। অল্প দিন পরে বুড়াগোহাঞিও আসামের সীমান্ত অতিক্রম করিয়া কলিকাতায় আশ্রয় গ্রহণ করিলেন। চন্দ্রকান্ত আবার আসামের সিংহাসনে বসিলেন। মনোহর পাঠক জমাদারের ৮ই শ্রাবণ (বাঙ্গালা ১২২৪ সাল) তারিখের পত্রে এই রাষ্ট্রবিপ্লবের আভাস পাওয়া যাইতেছে।

ইহার পর আর বেশী কিছু বলিবার নাই। কিছু দিন পরে চন্দ্রকান্ত সিংহও জোর-হাটে পলায়ন করিলেন। কয়েক বৎসর পুরন্দর সিংহ ও চন্দ্রকান্ত উভয়েই আপনাদের নষ্ট রাজ্য উদ্ধার করিবার চেষ্টা করিয়াছেন। একদিকে তাঁহারা যেমন ব্রহ্মের সৈন্যদলকে মধ্যে মধ্যে আক্রমণ করিয়া ব্যতিব্যস্ত করিয়াছেন অপর দিকে তেমনই শত্রুর সহিত যুদ্ধ করিতেও বিরত হন নাই। পরাজিত হইলেই পুরন্দর পলায়ন করিতেন ভূটানের দুয়ার প্রদেশে, আর চন্দ্রকান্ত আশ্রয় লইতেন বাঙ্গালা দেশে। ১৮২২ সালে সুপ্রসিদ্ধ মহাবন্দুলা আসামে উপস্থিত হইলেন। ইহার পর চন্দ্রকান্ত সিংহ ব্রহ্মের কর্ম্মচারিগণের মিথ্যা আশ্বাসে প্রতারিত হইয়া আবার আসামে ফিরিয়া গেলেন। তিনি ভাবিয়াছিলেন যে আবার তিনি পূর্ব্বপুরুষের সিংহাসন পাইবেন, কিন্তু তাঁহার স্থান হইল আসামের প্রাচীন রাজধানী রঙ্গপুরের কারাগারে। সুখাপা, জয়ধ্বজ সিংহ ও রুদ্র সিংহের বিস্তীর্ণ রাজ্য ব্রহ্ম সাম্রাজ্যের অন্তর্ভুক্ত হইল।

আসামে ইউরোপীয় বণিক—

রাজা ও রাজ্যের কথা শেষ হইল, এখন বণিক ও বাণিজ্যের কথা বলা যাউক। রঙ্গপুরের রাজপ্রাসাদ হইতে এইবার ব্রহ্মপুত্র বাহিয়া গোয়ালপাড়ার লবণের গোলায় ও হদিরার কাওারচৌকিতে আসিতে হইবে। গোয়ালপাড়া বাঙ্গালা ও আসামের সীমান্তে। এই পথেই বাঙ্গালার পণ্যদ্রব্য আসামে প্রবেশ করিত। আসামের প্রাকৃতিক সম্পদের কথা লোকমুখে বহুদূর বিস্তৃত হইয়াছিল, সুতরাং ইংরাজ, ফরাসী ও পশ্চিম দেশের অন্যান্য বণিকদিগের দৃষ্টি গোয়ালপাড়ার দিকে আকৃষ্ট হইতে বিলম্ব হয় নাই। পলাশীর যুদ্ধের পূর্ব্বেই (১৭৫৫ খৃষ্টাব্দে) ফরাসী বণিক জিন ব্যাপটিষ্ট সিভালিয়ার (Jean Baptist Chevalier) গোয়ালপাড়ায় কুঠী স্থাপন করিয়াছিলেন। শিবরাম শর্ম্মা বৈরাগী নামক একজন আসামী বণিকের নিকট সিভালিয়ারের প্রায় এক লক্ষ টাকা পাওনা ছিল। পরে সিভালিয়ারের পক্ষ হইতে লাতাল, বেলি ও লিয়ার পাওনা টাকা আদায় করিবার জন্য ১৭৭৮ সালে শিবরামের পুত্র রুদ্ররামকে আটক করিয়াছিলেন। ডাঃ বুকানন হ্যামিল্টন লিখিয়াছেন যে আসামের ব্যাপারীরা অনেক সময় বাঙ্গালী ও ইংরাজ সওদাগরদিগের

প্রাপ্য টাকা আপোষে পরিশোধ করিতে চাহিত না। এই জন্য ইংরাজ কুঠিয়ালেরা ফৌজ রাখিতেন এবং প্রয়োজন হইলে সিপাহী লইয়া আসামের রাজার এলাকায় প্রবেশ করিয়া বলপূর্ব্বক দেনাদারদিগের নিকট হইতে পাওনা আদায় করিয়া লইতেন। কুঠীর সাহেব-দিগেরও নিশান থাকিত, তাঁহাদের সিপাহীদিগের সামরিক উর্দ্দি ছিল, সুতরাং আসামের লোকেরা মনে করিত যে কুঠীর সাহেবেরা ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্ম্মচারী, সরকারী ফৌজের সাহায্যেই তাঁহারা পাওনা আদায় করেন। এক হিসাবে কুঠীর সিপাহীদিগকে ১৭৮৯-৯৩ সালের বরকন্দাজদিগের অগ্রদূত বলিলে ভুল হইবে না। ১৭৭৮ সালে লিয়ার যে আসামে অনধিকার প্রবেশ করিয়া তথাকার অধিবাসীদিগের সহিত প্রকাশ্য বিরোধে প্রবৃত্ত হইয়াছিলেন তাহা ওয়ারেণ হেষ্টিংসের কর্ণগোচর হইয়াছিল, কিন্তু কোন প্রতিকার হইয়াছিল কি না সন্দেহ। লিয়ারের কার্য্যাকার্য্য বর্ত্তমান আলোচনার বিষয়ীভূত নহে। আমাদের সংগৃহীত পত্রে তাঁহার নাম নাই, আছে গোয়ালপাড়ার লবণ ব্যবসায়ী রৌশ সাহেবের নাম।

ড্যানিয়েল রৌশ—

ড্যানিয়েল রৌশ কবে কোথা হইতে ভারতবর্ষে আসিয়াছিলেন সঠিক বলা যায় না। কেহ কেহ বলেন যে তিনি জাতিতে ছিলেন জার্ম্মাণ, আবার কাহারও কাহারও মতে তিনি ডেনমার্কের লোক। তাঁহার মৃত্যুর পর কলিকাতা গেজেটে প্রকাশিত সংবাদ অনুসারে তিনি প্রুশিয়ার বিখ্যাত রাজা দ্বিতীয় ফ্রেডারিকের (Frederick the Great) সেনা বিভাগের কর্ম্মচারী ছিলেন। মিণ্ডেনের যুদ্ধে তিনি আহত হইয়াছিলেন। মৃত্যুর পূর্ব্বে তিনি প্রায় পঁচিশ বৎসর গোয়ালপাড়া ও জুগীঘোপায় ব্যবসায় করিয়াছেন, সুতরাং অনুমান ১৭৭০-৭১ সালে তিনি গোয়ালপাড়া অঞ্চলে আসিয়াছিলেন। ১৭৬৮ সালে তিনি গোয়ালপাড়া নিমক মহলের ইজারা লইয়াছিলেন। কাপ্তেন ওয়েলস লিখিয়াছেন যে কাণ্ডারচৌকীর বড়ুয়াদিগের সাহায্যে রৌশ সাহেব কার্য্যতঃ আসাম-বাঙ্গালার আমদানী রপ্তানীর ব্যবসায় একচেটিয়া করিয়া ফেলিয়াছিলেন।

আসামে লবণের বাণিজ্য—

গোয়ালপাড়ার বিপরীত দিকে ব্রহ্মপুত্রের তীরে হদিরা গ্রামে কাণ্ডারচৌকী। এইখানে আসামের রাজার পক্ষ হইতে দুই জন বড়ুয়া মহাজনদিগের নিকট হইতে আমদানী ও রপ্তানী সকল জিনিষের জন্য মাশুল আদায় করিতেন। মাশুলের হার ছিল সরকারী নিয়ম অনুসারে শতকরা দশ টাকা, কিন্তু বড়ুয়ারা এ বিষয়ে কোন আইন মানিয়া চলিতেন না। যাহার নিকট যাহা ইচ্ছা আদায় করিতেন। তাঁহাদের বিনা অনুমতিতে কাহারও পক্ষে পণ্যদ্রব্য লইয়া কাণ্ডারচৌকী পার হইয়া যাইবার সাধ্য ছিল না। গৌহাটিতে তাঁহাদের অত্যাচার সম্বন্ধে নালিশ করিলে কোন ফল হইত না। বড়ুয়ারা সাধারণ রাজকর্ম্মচারী ছিলেন না, তাঁহারা ছিলেন কাণ্ডারচৌকীর ইজারাদার। ওয়েলস

CENTRAL LIBRARY

সাহেবের অভিযানের সময় এই ইজারার জন্ম রাজসরকারে বার্ষিক ৯০,০০০৲ টাকা দিতে হইত। বড়ুয়াদের প্রাপ্য যে ইহা অপেক্ষা অনেক অধিক ছিল তাহা বলাই বাহুল্য। বুকানন হ্যামিল্টন যখন আসামের বিবরণ সঙ্কলন করেন তখন দীর্ঘকাল অরাজকতার ফলে ব্যবসায় ও বাণিজ্য অনেক কমিয়া গিয়াছিল, সুতরাং কাওারচৌকীর ইজারাদারেরাও ৪৫০০০৲ টাকার বেশী কর দিতেন না। জনষ্টোনের মতে ১৭৯১ সালে রুদ্ররাম, চাঁদরাম ও কৃষ্ণনাথ কাওারচৌকীর বড়ুয়া বা ইজারাদার ছিলেন। ডাঃ বুকানন হ্যামিল্টনের আসামের বিবরণে প্রকাশ যে পরে পরশুরাম ও কমল নামক দুই জন রাঢ়ী ব্রাহ্মণ এই চৌকীর ইজারা পাইয়াছিলেন। বুকানন হ্যামিল্টনের উল্লিখিত কমলই বোধ হয় আমাদের পত্রের কমলদেব বা কমলনারায়ণ। এপারের সহিত ওপারের, কাওারবড়ুয়াদিগের সহিত রৌশ সাহেবের, ঘনিষ্ঠ সহযোগিতা ছিল, কারণ রৌশ ছিলেন লবণ ব্যবসায়ী, আর কাওারচৌকীর পথে মহাজনী নৌকায় বাঙ্গালা দেশ হইতে যে সমস্ত জিনিষ চালান হইত তাহার মধ্যে লবণই ছিল পরিমাণে বেশী।

আসামেও সদিয়া প্রদেশে লবণ উৎপন্ন হইত। মোহনঘাট বড়ুয়া নামক একজন কর্ম্মচারীর তত্ত্বাবধানে লবণের কাজ হইত। বাঁশের চোঙ্গায় সদিয়ার লবণ জোরহাটে আসিত, কিন্তু তাহার পরিমাণ ছিল কম, দামও ছিল অত্যন্ত বেশী। সুতরাং বাঙ্গালার লবণ না হইলে আসামের লোকের চলিত না। নদীয়ার কালী সরকারের পত্রে প্রকাশ যে তিনি বাঙ্গালার লবণের বিনিময়ে আসামের মুগা সুতা ও মুগা ধুতি আনিতেন। ওয়েলস সাহেবও লর্ড কর্ণওয়ালিসের নিকট লিখিয়াছেন যে নগদ টাকা অপেক্ষা আসামে লবণ ও অহিফেনের বিনিময়ে রসদ সংগ্রহ করিবার বেশী সুবিধা হইবে। সুতরাং এই লবণের ব্যবসায়ে যে প্রভূত লাভ হইত তাহা বলাই বাহুল্য। বুকানন হ্যামিল্টন লিখিয়াছেন যে কাওারচৌকিতে লবণের দাম প্রতি মণ ৫৷৹, কিন্তু যাহারা মাশুল ফাঁকি দিয়া গোপনে স্থলপথে লবণ আমদানী করে তাহারা মণ প্রতি ৮৲ টাকা দাম দিয়া থাকে। কাপ্তেন ওয়েলস শুনিয়াছিলেন যে বরকন্দাজ উপদ্রবের পূর্ব্বে বাঙ্গালা হইতে আসামে ১২০,০০০ মণ লবণ রপ্তানী হইত। ওয়েলস সাহেব হিসাব করিয়া দেখিয়াছিলেন যে লবণের মাশুল হইতেই প্রতিবৎসর ৪০,০০০৲ টাকা আদায় হইতে পারে। কিন্তু বুকানন হ্যামিল্টনের পুস্তক লিখিবার সময় রপ্তানী লবণের পরিমাণ কমিয়া ৩৫,০০০ মণে দাড়াইয়াছিল। যাহা হউক, বাঙ্গালার দ্রব্য ও আসামের পণ্য কিছুই কাওারবড়ুয়াদিগের বিনা অনুমতিতে তাঁহাদের চৌকির সীমা অতিক্রম করিয়া যাইতে পারিত না। সুতরাং তাঁহারা ইচ্ছামত মূল্যে কাওারচৌকিতেই আমদানী ও রপ্তানী জিনিষের বিক্রয় ও বিনিময়ের ব্যবস্থা করিতেন। রৌশ সাহেব বড়ুয়াদিগের সঙ্গে বন্দোবস্ত করিয়াছিলেন যে তাঁহাদের যত লবণ প্রয়োজন হইবে তিনি সরবরাহ করিবেন, পরিবর্ত্তে আসামের রপ্তানী কারবার তাঁহার হাতে যাইবে। এইভাবে আসামের ব্যবসা তাঁহার একচেটিয়া হইল বলা বাহুল্য যে ইহাতে রাজা-প্রজা ও ব্যবসায়ী কাহারও উপকার হয় নাই। ("Mr. Raush being the principal

CENTRAL LIBRARY

merchant at Goalpara entered into an agreement with the Burwas to furnaish them with whatever quantity of salt they might require, and in return for it almost the whole trade of Assam came through their hands to him which was in fact enjoying an exclusive privilege. This monopoly, injurious to the Rajah, prejudicial to trade and oppressive to the inhabitants, must, my Lord, be abolished". *Welsh to Cornwallis*, dated Gauhati, 21st Feb., 1793.) মোয়ামারিয়া ও বরকন্দাজ উপদ্রবের পর আসাম যখন ছারখার হইয়া গিয়াছে তখনও ডাঃ বুকানন হ্যামিলটনের হিসাব অনুসারে বাঙ্গালা দেশ হইতে আসামে ২২৮,৩০০৲ টাকার মাল রপ্তানী হইত, আসাম হইতে বাঙ্গালায় ১৩০৯০০৲ টাকার জিনিষ আমদানী হইত। অরাজকতার পূর্ব্বে আমদানী ও রপ্তানীর পরিমাণ ইহার চতুর্গুণ ছিল মনে করা অসঙ্গত হইবে না। এত বড় ব্যবসায় হাতছাড়া হইতে দিতে কোন বণিকই সম্মত হইতে পারেন না। তাই রৌশ সাহেব বড়ুয়াদিগের ইজারা রদের প্রস্তাব এবং আসামের সহিত বাঙ্গালী ব্যবসায়ীদিগের অবাধ বাণিজ্যের ব্যবস্থার তীব্র প্রতিবাদ করিয়াছেন। রুদ্ররাম বড়ুয়ার সহিত তাঁহার বিবাদও এই বাণিজ্য উপলক্ষেই হইয়াছিল।

১৭৮৮ সালে হিউ বেইলী (Hugh Baillie) ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর তরফে আসামে ব্যবসা করিবার জন্য কতকগুলি সুবিধাজনক অধিকার লাভ করেন। ১৭৯০ খৃষ্টাব্দে ড্যানিয়েল রৌশ, টমাস কটন (Thomas Cotton) এবং রবার্ট ব্রাইডি (Robert Brydie) আসামে বাণিজ্য করিবার পরোয়ানা পান। এই পরোয়ানা পাইবার পর রৌশ সাহেব বেইলীর নিকট হইতে পাঁচ টাকা মণ দরে দেড় হাজার মণ লবণ কিনিয়া লইয়াছিলেন। কিন্তু ঢাকার কতকগুলি ইউরোপীয় বণিক আসামের লবণ ব্যবসায়ের লাভের কথা শুনিতে পাইয়াছিলেন। রৌশ সাহেবের পত্রে প্রকাশ যে ইহারা রুদ্ররাম বড়ুয়ার সহযোগিতা পাইয়াছিলেন এবং সেই জন্য রৌশ সাহেবের নানা প্রকারে লোকসান হইয়াছে। রৌশ সাহেবের নামে যে সকল অবৈধ আচরণের অভিযোগ শুনা যায় তাহা একেবারে অসম্ভব নহে।

রৌশ সাহেবের জবরদস্তি—

লিয়ার প্রভৃতি গোয়ালপারার বণিকদিগের মত রৌশ সাহেবও ফৌজ রাখিতেন এবং প্রয়োজন হইলে সেই ফৌজের ব্যবহার করিতেন। ১৭৮৮ সালে ও ১৭৯১ সালে তিনি আপনার সিপাহী লইয়া আসামে উৎপাত করিয়াছিলেন বলিয়া অভিযোগ হইয়াছিল। বর্ত্তমান সংগ্রহে রুদ্ররাম বড়ুয়ার দুইখানি পত্রে ১৭৯১ সালের উপদ্রবের কথা আছে। রুদ্ররামের দ্বিতীয় পত্রে প্রকাশ যে রৌশ সাহেবের সঙ্গে জুগীঘোপার সরকারী ফৌজের

CENTRAL LIBRARY

নায়ক লেপ্টেন্যাণ্ট ফিলিপ ক্রাম্পের ও (Philip Crump) যোগ ছিল। সরকারী তদন্তে প্রকাশ পাইয়াছিল যে লেপ্টেন্তাণ্ট ক্রাম্প কোন প্রকারে রৌশ সাহেবের অবৈধ কার্য্যের সাহায্য করেন নাই। বরকন্দাজদিগের একজন সুবাদার পূর্ব্বে কোম্পানীর ফৌজে চাকরী করিত বলিয়া আসামীদিগের মনে ভুল ধারণার সঞ্চার হইয়াছিল। কৃষ্ণনারায়ণের বরকন্দাজদিগের পত্রেও রৌশ সাহেব তাহাদিগকে রাত্রির অন্ধকারে বিশ্বাসঘাতকতাপূর্ব্বক আক্রমণ করিয়াছিলেন বলিয়া একটা অভিযোগ ছিল। তাহাদের কথা সত্য নাও হইতে পারে, কিন্তু রৌশ সাহেব যে কেবল লবণ ও মুগা কাপড়ের ব্যবসা লইয়া সন্তুষ্ট থাকিতে পারেন নাই তাহাতে সন্দেহ নাই। রাজা কৃষ্ণনারায়ণ এন্‌সাইন উডের (Ensign Thomas Wood) নিকট লিখিয়াছেন, পূর্ব্বে আমি রৌশ সাহেবকে পিতা বলিয়া সম্বোধন করিতাম, তিনি আমাকে ভরসা দিয়া বিশ্বাসঘাতকতা করিয়াছেন। কৃষ্ণনারায়ণের সঙ্গে আপোষ করিবার জন্ম গৌহাটিতে রৌশ সাহেবের ডাক পড়িয়াছিল। আসামের রাজা রৌশ-সাহেবের দ্বারা বড়লাটকে বরকন্দাজ উপদ্রবের কথা জানাইয়াছিলেন। কাপ্তেন ওয়েলস আসামে পৌছিবার পর রৌশ সাহেবই তাঁহার রসদ জোগাইবার দায়িত্ব গ্রহণ করিয়াছিলেন। তারপর ছন্দিয়া বা ডুম্‌ডুমিয়াদিগের উপদ্রব আরম্ভ হইলে লবণের মহাজন ড্যানিয়েল রৌশ আসামের রাজার জন্ম হিন্দুস্থানী সিপাহীর আমদানী করিয়াছিলেন। বড়ফুকনের পত্রে (৯২ নং) প্রকাশ; এই জন্ম আসাম সরকারের নিকট রৌশ সাহেবের প্রায় দশ হাজার টাকা পাওনা ছিল। রৌশ সাহেবের মৃত্যুর পর কমললোচন নন্দী যখন তাহার পাওনা আদায় করিবার জন্ম আসামের রাজদরবারে গিয়াছিলেন তখন তিনি ফৌজ ও রসদের দরুন ২৬০০০৲ টাকার এক হিসাব উপস্থিত করিয়াছিলেন। স্তার এডওয়ার্ড গেইট লিখিয়াছেন যে ডুম্‌ডুমিয়ারা রৌশ সাহেবের নৌকা লুট করিয়া তাঁহাকে খুন করিয়াছিল (১৭৯৫-৯৬)। আমাদের একখানি পত্রে দেখা যায় যে আসামের রাজার লোকদের হস্তে রৌশ সাহেবের প্রাণ গিয়াছিল বলিয়া ইংরাজ সরকার সন্দেহ করিতেন, আবার আসামের কর্ত্তৃপক্ষের ধারণা ছিল যে কতকগুলি ফকির তাঁহাকে হত্যা করিয়াছিল। এতদ্ব্যতীত দরঙ্গের রাজা কৃষ্ণনারায়ণ রৌশের প্রাণহন্তা বলিয়া একটা জনরব ছিল। আসামের রাজনৈতিক ব্যাপারে জড়িত না হইলে বোধ হয় রৌশ সাহেবের অপমৃত্যু হইত না। সকল দিক বিবেচনা করিলে ডুম্‌ডুমিয়াদের হস্তে তাঁহার প্রাণ যাওয়ার কথাই অধিক সম্ভব বলিয়া মনে হয়। এই জন্তই বোধ হয় বার্ণার্ড ম্যাককুলম ছন্দিয়া সরদার মাহ্‌মুদ খাঁ ও মৃজা জানবেগের সঙ্গে সম্প্রীতি রক্ষা করিয়া চলিয়াছিলেন।

রৌশের অংশীদার রবার্ট ব্রাইডি রঙ্গপুরে নীলের ব্যবসায় করিতেন। পরবর্ত্তী কালে নীলকরেরা যেমন সাধারণ লোকের উপর বে-আইনী জুলুম করিয়াছে রৌশ, ব্রাইডি প্রভৃতিও সেইরূপ আইন আদালতের অপেক্ষা না রাখিয়া প্রয়োজন বোধ করিলেই সাধারণ ব্যাপারীদিগের উপর বল প্রয়োগ করিতেন। রুদ্ররাম বড়ুয়ার উকিল রামমোহন ঘোষ ও নদীয়ার কালী সরকার প্রভৃতির কথা সত্য হইলে রৌশের মত প্রতিপত্তিশালী বণিকের

অত্যাচারের বিরুদ্ধে আদালতে নালিশ করিয়া কোন ফল হইত না। ইহা একেবারে অবিশ্বাস্য নহে, কারণ তখনও আইনের রাজত্ব ভাল করিয়া প্রতিষ্ঠিত হয় নাই। জিলার কেন্দ্র হইতে দূরে প্রবল জমিদার ও পরাক্রান্ত ইংরাজ বণিকেরা তখন নির্ভয়ে আইন অমান্য করিতে পারিতেন।

রৌশ সাহেবের হিসাবপত্র দলিল দস্তাবেজ একেবারে নিখুঁত ছিল বলিয়া মনে হয় না। আসামের ব্যাপারীরা অনেক সময়ই বলিয়াছে যে দেনার দলিলে জোর করিয়া তাহাদের দস্তখত লওয়া হইয়াছে, তাহারা স্বেচ্ছায় সহি করে নাই। আসামের কর্ত্তৃপক্ষ বলিয়াছেন যে কমললোচন নন্দী অনেক ক্ষেত্রেই আসল হিসাবপত্র উপস্থিত করিতে পারেন নাই। সেই অরাজকতার দিনে রাজা, প্রজা, সওদাগর কেহই আইন কানুনের ধার ধারিত না। প্রবল যখন নির্ভয়ে দুর্ব্বলকে নির্য্যাতন করিতে পারে তখনই দেশে প্রকৃত-পক্ষে মাৎস্যন্যায়ের আরম্ভ হয়। রাজা গৌরীনাথ, জয়নাথ বড়বড়ুয়া, মোয়ামারিয়া নায়ক পীতাম্বর, হরদত্ত ও বীরদত্ত, মাহ্‌মুদ খাঁ ও জানবেগ, বিজনীর মহেন্দ্রনারায়ণ, বুড়াগোহাঞি পূর্ণানন্দ, বড়ফুকন বদনচন্দ্র, গোয়ালপাড়ার ড্যানিয়েল রৌশ সকলেই আসামের মাৎস্যন্যায়ের প্রতীক। লর্ড কর্ণওয়ালিস ও কাপ্তেন ওয়েলস -এই অরাজকতার প্রতিকার করিতে চাহিয়াছিলেন। স্যার জন শোর পর-রাজ্যে শান্তিরক্ষার দায়িত্ব গ্রহণ করেন নাই, ফলে ব্রহ্মের আক্রমণে আসামের সর্ব্বনাশ হইল। শেষে প্রথম ব্রহ্ম যুদ্ধের ফলে ইংরাজ শাসনে আসামে আবার শান্তি প্রতিষ্ঠিত হইয়াছিল। রাজ্যলোভে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী কুচবিহার বা আসাম অধিকার করেন নাই। কুচবিহারের নাজির দেও, দেওয়ান দেও এবং আসামের পাত্রমন্ত্রিগণের পত্র পাঠ করিলে সন্দেহ থাকিবে না যে ভারতের পূর্ব্বোত্তর প্রান্তে বৃটিশ সাম্রাজ্যের বিস্তার হইয়াছিল সাধারণের আগ্রহে, প্রজার কল্যাণের নিমিত্ত, শান্তি, শৃঙ্খলা ও সমৃদ্ধির অনুরোধে।

কাছাড় রাজ্যের ইতিহাস—

যে বিপ্লবে বিশাল আহোম রাজ্য বিনষ্ট হইয়াছিল ক্ষুদ্র কাছাড় ও মণিপুরও তাহা হইতে অব্যাহতি পায় নাই। প্রচলিত কাহিনী অনুসারে কাছাড়ই মহাভারতের হেরম্বরাজ্য, কাছাড়ের নরপতিগণ মধ্যম পাণ্ডব ভীম ও হিড়িম্বার পুত্র ঘটোৎকচের বংশধর, আর মণিপুরের রাজার পূর্ব্বপুরুষ বভ্রুবাহন অর্জ্জুন ও চিত্রাঙ্গদার সন্তান। এই প্রবাদ নির্ভরযোগ্য না হইতেও পারে কিন্তু এই প্রতিবেশী রাজ্য দুইটির অধিবাসিগণ যে অনার্য্য জাতির বিভিন্ন শাখার লোক তাহাতে সন্দেহ নাই এবং দুই দেশের রাজ-পরিবারের মধ্যে আত্মীয়তা থাকিলেও জাতিসুলভ হিংসা ও বিদ্বেষের অভাবও ছিল না। অষ্টাদশ শতাব্দীর শেষে ও উনবিংশ শতাব্দীর প্রারম্ভে মণিপুরের সিংহাসনচ্যুত নির্ব্বাসিত রাজকুমারেরা যেমন কাছাড়ে আশ্রয় গ্রহণ করিয়াছেন তেমনই আশ্রয়দাতার শান্তি ভঙ্গ করিতেও ত্রুটি করেন নাই।

CENTRAL LIBRARY

কবে কাছাড়ীরা তাহাদের অজ্ঞাত আদি নিবাস পরিত্যাগ করিয়া ব্রহ্মপুত্রের তীরে উপস্থিত হইয়াছিল তাহা আমরা সঠিক জানিনা। কিন্তু ইহা নিশ্চিত যে এক সময় তাহারা গৌহাটি পর্য্যন্ত বসতি বিস্তার করিয়াছিল। পরে আহোমদিগের অভ্যুদয়ের ফলে ক্রমশঃ কাছাড়ীরা উত্তর-পশ্চিমাঞ্চল পরিত্যাগ করিয়া দক্ষিণের পার্ব্বত্য প্রদেশে আশ্রয় গ্রহণ করিতে বাধ্য হয়। এই সময় তাহাদের রাজধানী ছিল ডিমাপুরে। কিন্তু আহোম আক্রমণে বিব্রত হইয়া কাছাড়ীরা ডিমাপুর হইতে অপেক্ষাকৃত নিরাপদ স্থানে মাহুর নদীতীরে মাইবঙ্গে রাজধানী স্থানান্তরিত করে। ১৭০৬ খৃষ্টাব্দে আহোমরাজ রুদ্রসিংহের বিজয়ী বাহিনী নূতন রাজধানীতে প্রবেশ করিয়া অত্যাচারের পরাকাষ্ঠা করিয়াছিল। সুতরাং আবার রাজধানী পরিবর্ত্তনের প্রয়োজন হইল। সোপিট (C. A. Soppitt) সাহেবের মতে ১৭৫০ খৃষ্টাব্দে ধর্ম্মধ্বজচন্দ্র অথবা তাঁহার পরবর্ত্তী রাজা কার্ত্তিকচন্দ্র খাসপুরে কাছাড়ের রাজধানী স্থাপন করেন। কার্ত্তিকচন্দ্রের পর রামচন্দ্র, হরিচন্দ্র, লক্ষ্মণচন্দ্র, কৃষ্ণচন্দ্র এবং গোবিন্দচন্দ্র ক্রমান্বয়ে কাছাড়ে রাজত্ব করেন। কৃষ্ণচন্দ্র ও গোবিন্দচন্দ্রের সময়ে কাছাড়ের শক্তি ও সম্পদ কিছুই ছিলনা। তাঁহারা দুইজনেই রাজ্যে শান্তি ও শৃঙ্খলা স্থাপনের জন্য বারংবার ইংরাজ সরকারের দ্বারস্থ হইয়াছেন। স্থায়ী সেনাদল নিয়োগের সঙ্গতি তাঁহাদের ছিল না। হস্তী বিক্রয় করিয়া তাঁহারা তীর্থ পর্য্যটনের ব্যয় নির্ব্বাহ করিয়াছেন। কাছাড়ের পণ্যদ্রব্যের মধ্যে তখন হস্তিদন্ত, মোম, বেত ও বাঁশই উল্লেখযোগ্য। কৃষ্ণচন্দ্রনারায়ণের পত্র অনুসারে (পত্র নং ৬৫) শ্রীহট্টের কালেক্টর হেনরী লজ এই সকল স্বচ্ছন্দ বনজাত বস্তুর ব্যবসায়েরও অন্তরায় হইয়াছিলেন।

ইংরাজ গভর্ণমেণ্টের সহিত কাছাড় রাজ্যের সম্বন্ধ—

ইংরাজ সরকারের সহিত কাছাড়ের ঘনিষ্ঠ পরিচয় হইয়াছিল ১৭৬৩ সালে। ঐ বৎসর কাপ্তেন ভেরেলষ্ট (Verelst) মণিপুরের রাজা ভাগ্যচন্দ্রের সাহায্যকল্পে একদল ফৌজ লইয়া চট্টগ্রাম হইতে খাসপুরে পৌঁছিয়াছিলেন। তিনি কাছাড়ের রাজধানীতে প্রায় এক বৎসর অতিবাহিত করেন কিন্তু নানা প্রকারের অসুবিধায় আর অধিক দূর অগ্রসর হইতে পারেন নাই। ১৮০৬ সালে ইংরাজ সরকার কিছুদিনের জন্য সামরিক প্রয়োজনে কাপ্তেন ফিসারের অধীনে একদল সৈন্য কাছাড়ে মোতায়েন করিয়াছিলেন। কাপ্তেন পেম্বার্টন লিখিয়াছেন যে ইহার পর ১৮০৯ সাল পর্য্যন্ত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর সহিত এই ক্ষুদ্র রাজ্যটির কোন সম্পর্ক ঘটিয়াছিল বলিয়া জানা যায় নাই। ("From this period, until 1809, we have no trace of any further intercourse with this petty state." Pemberton, *The Eastern Frontier of India*, p. 188.) কিন্তু আমাদের সঙ্কলিত পত্র হইতে দেখা যাইবে যে ১৭৯৪ খৃষ্টাব্দে রাজা কৃষ্ণচন্দ্রনারায়ণ শ্রীহট্টে হেনরী লজের নিকট উকিল পাঠাইয়াছিলেন এবং ইহার পূর্ব্ব হইতেই কাছাড়ের সহিত শ্রীহট্টের ইংরাজ প্রজাদিগের ব্যবসায়-বাণিজ্য আরম্ভ হইয়াছিল। (৬৫ নং পত্র)।

CENTRAL LIBRARY

ইংরাজ সরকারের সহিত কাছাড়ের ঘনিষ্ঠতা যখনই আরম্ভ হইয়া থাকুক না কেন তাহার অনেক দিন আগেই বাঙ্গালী হিন্দু ও মুসলমানেরা কাছাড়ে বসবাস করিতে আরম্ভ করিয়াছিল এবং কুচবিহার ও আসামের অনার্য্য নৃপতিদিগের ন্যায় কাছাড়ের রাজাও ব্রহ্মণ্য ধর্ম্মের প্রতি আকৃষ্ট হইয়াছিলেন। ১৭৯০ খৃষ্টাব্দে রাজা কৃষ্ণচন্দ্র ও তাঁহার কনিষ্ঠ ভ্রাতা গোবিন্দচন্দ্র শাস্ত্রানুসারে প্রায়শ্চিত্ত করিয়া হিন্দু সমাজে স্থান লাভ করেন। ইংরাজ লেখকদিগের মতে এই সময়ই ভীম ও হিড়িম্বার পরিণয়ের ফলে কাছাড়ের রাজবংশের উৎপত্তির কাহিনী প্রচলিত হয়। কৃষ্ণচন্দ্র সরকারী চিঠি পত্রে হেরম্বমণ্ডলের রাজা বলিয়া আপনার পরিচয় দিয়াছেন।

কৃষ্ণচন্দ্র ও গোবিন্দচন্দ্র উভয়েই নিষ্ঠাবান হিন্দুর ন্যায় তীর্থ পর্য্যটনে বাহির হইয়াছিলেন (কৃষ্ণচন্দ্রের পত্র নং ১০০, ১০৭, ১০৮, ১০৯; গোবিন্দচন্দ্রের পত্র নং ১২২)। এই সময়ে তাঁহারা ইংরাজ সরকারের নিকট নানা প্রকারের সৌজন্য লাভ করিয়াছিলেন। তীর্থ হইতে ফিরিবার পথে কৃষ্ণচন্দ্র গবর্ণর জেনারেলের সহিত সাক্ষাৎ করিয়া আসিয়াছিলেন। ১৮০০ সাল হইতেই তাঁহার রাজ্যে বিশৃঙ্খলা আরম্ভ হয়। ইংরাজ সরকারের সাহায্যেই কল্যাণসিংহ সুবাদারের উপদ্রবের প্রতিকার হইয়াছিল। মাহ্‌মুদ রেজার উৎপাতের সময় লর্ড ওয়েলেসলী কাছাড়ের রাজার সাহায্যার্থ সৈন্য পাঠাইয়াছিলেন। কিন্তু ইহার পর বহু অনুনয় করিয়াও কৃষ্ণচন্দ্র বা গোবিন্দচন্দ্র আর কোম্পানীর সামরিক সাহায্য লাভ করিতে পারেন নাই। কৃষ্ণচন্দ্রের পত্র (৭৭নং পত্র) এবং উকিল হৃদয়রামের পত্র (নং ১০৬) পড়িলে মনে হয় যে একজন ইংরাজ কর্ম্মচারী ও একশত সিপাহী পাইলেই তিনি শত্রুর ভয় হইতে মুক্ত হইতে পারিতেন, কিন্তু এই সামান্য সৈন্য সংগ্রহের সাধ্যও তাঁহার ছিল না। ১৮১৩ খৃষ্টাব্দে কৃষ্ণচন্দ্র পরলোকগমন করেন (১৭৩৬ শকের ৩রা কার্ত্তিক, মঙ্গলবার)। (গোবিন্দচন্দ্রের পত্র নং ১৩৩)। কৃষ্ণচন্দ্রের ভ্রাতা গোবিন্দচন্দ্রই কাছাড়ের শেষ রাজা।

গোবিন্দচন্দ্রের মৃত্যু হইয়াছিল আততায়ীর হস্তে, ঘোড়ার লোভে তিনি সিংহাসন হারাইয়াছিলেন। সেই বহুবাঞ্ছিত তুরঙ্গের মালিক ছিলেন মণিপুরের বিদ্রোহী রাজভ্রাতা মারজিত। তাঁহার ভ্রাতা মধুচন্দ্র ইতিপূর্ব্বেই কাছাড়ের রাজনৈতিক রঙ্গমঞ্চে অবতীর্ণ হইয়াছিলেন, গোবিন্দচন্দ্রের ভাগ্যবিপর্য্যয়ের কালে মণিপুরের ভবিষ্যৎ ভাগ্য-বিধাতা গম্ভীরসিংহ এবং ভূতপূর্ব্ব রাজা চৌরজিত কাছাড়ের অধিকাংশ অধিকার করিয়াছিলেন। তুলারামের বিদ্রোহে, সেনাপতি গম্ভীরসিংহের বিশ্বাসঘাতকতায় কাছাড়ের দুর্ভাগ্য নরপতি মণিপুরের গুপ্ত ইঙ্গিতের সূচনা সন্দেহ করিয়াছিলেন। অতএব এখানে মণিপুরের পূর্ব্ব ইতিহাস আলোচনা করা অসঙ্গত হইবে না।

মণিপুর রাজ্যের ইতিহাস—

মণিপুরের প্রাচীন ইতিহাস সম্বন্ধে আমরা বিশেষ কিছু জানিনা বলিলেই হয়। পণ্ডিতেরা অনুমান করেন যে আধুনিক মণিপুরীরা তাহাদের নাগা প্রতিবেশীদিগের নিকট

জাতি। প্রাচীন কাহিনী অনুসারে মণিপুরের রাজকন্যা চিত্রাঙ্গদার প্রিয়তমা সখী ছিলেন নাগকন্যা উলূপী। সুতরাং এ বিষয়ে কবি-কল্পনার সহিত বৈজ্ঞানিক সিদ্ধান্তের বিশেষ বিরোধ নাই। মণিপুরের আধুনিক ইতিহাসের আরম্ভ ১৭১৪ খৃষ্টাব্দে রাজা পানহেইবার সিংহাসনারোহণের সঙ্গে। পানহেইবা হিন্দু হইলেও গরীব নওয়াজ নামে সমধিক পরিচিত। তিনি একবার ব্রহ্মদেশ আক্রমণ করিয়া আভার রাজাকে পরাজিত করিয়াছিলেন, কিন্তু আলংপায়ার অভ্যুদয়ের পর মণিপুর বারবার ব্রহ্মের নিকট পরাজয় স্বীকার করিতে বাধ্য হইয়াছে। গরীব নওয়াজ ১৭১৪ খৃষ্টাব্দ হইতে ১৭৫৪ খৃষ্টাব্দ পর্য্যন্ত চল্লিশ বৎসর রাজত্ব করেন। তাঁহার মৃত্যুর পর মণিপুরে অরাজকতা আরম্ভ হয়। ব্রহ্মের আক্রমণ ত লাগিয়াই ছিল, তাহার উপর ছিল ভ্রাতৃদ্বন্দ্বজনিত অন্তর্বিপ্লব। গরীব নওয়াজের পুত্র-পৌত্রেরা কেহই বেশীদিন শান্তিতে রাজ্যভোগ করিতে পারেন নাই। ১৭৬৪ খৃষ্টাব্দে গরীব নওয়াজের পৌত্র জয়সিংহ ওরফে ভাগ্যচন্দ্র সিংহ মণিপুরের রাজা হন। আমাদের সংগ্রহে ভাগ্যচন্দ্রের একখানি পত্র আছে (পত্র নং ৭৩)। সিংহাসনারোহণ হইতে সিংহাসন ত্যাগ পর্য্যন্ত হিসাব করিলে ভাগ্যচন্দ্রের রাজত্বকাল ৩৪ বৎসরের কম হইবে না। কিন্তু পিতামহের মত তাঁহার ভাগ্যে শান্তি বা বিজয়গৌরব ছিল না। ৩৪ বৎসরের মধ্যে ভাগ্যচন্দ্র ব্রহ্মের উৎপাতে তিন তিনবার রাজ্যত্যাগ করিয়া কাছাড়ে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। ১৭৬২ সালে তাঁহার আমন্ত্রণেই ভেরেলষ্ট সাহেব সৈন্যসহ মণিপুর যাত্রা করিয়াছিলেন। শেষে ১৭৯৮ সালে বৃদ্ধ বয়সে জ্যেষ্ঠ পুত্রকে রাজত্ব দিয়া তিনি তীর্থভ্রমণে বাহির হন এবং বঙ্গদেশে গঙ্গাতীরে তাঁহার মৃত্যু হয়।

ভাগ্যচন্দ্রের পুত্র রবিনোচন্দ্র তিন বৎসরের বেশী রাজত্ব করিতে পারেন নাই। একদিন সায়াহ্নে ক্রীড়াক্ষেত্রে তিনি বৈমাত্রেয় ভ্রাতা মধুচন্দ্রের ষড়যন্ত্রে নিহত হইলেন। কিন্তু মধুচন্দ্রও বেশীদিন পাপলব্ধ সিংহাসন স্বীয় অধিকারে রাখিতে পারেন নাই। ভাগ্যচন্দ্রের প্রত্যেক পুত্রেরই প্রবল রাজ্যলিপ্সা ছিল। মধুচন্দ্রকে সিংহাসনচ্যুত করিলেন তাঁহার ভ্রাতা চৌরজিত। মধুচন্দ্র কাছাড়ের রাজা কৃষ্ণচন্দ্রের কন্যাকে বিবাহ করিয়া তাঁহার সাহায্যে সিংহাসন উদ্ধারের চেষ্টা করিয়াছিলেন। কিন্তু তিনি চৌরজিতের সৈনিকদিগের হস্তে যুদ্ধে পরাজিত ও নিহত হইলেন। মধুচন্দ্রের মৃত্যুতে চৌরজিতের সিংহাসন নিষ্কণ্টক হইল না। ভাগ্যচন্দ্রের আর এক পুত্র মারজিত চৌরজিতের প্রতিদ্বন্দ্বী হইলেন। (গোবিন্দচন্দ্রের পত্র নং ১৪১)। কিন্তু তিনি প্রথমে ভ্রাতার বিরুদ্ধে জয়লাভ করিতে পারেন নাই।

কাছাড় ও মণিপুর রাজ্যের মধ্যে বিরোধ—

ভাগ্যচন্দ্র ও মধুচন্দ্রের দৃষ্টান্ত অনুসরণ করিয়া পরাজিত মারজিতও কাছাড়ে আশ্রয় গ্রহণ করিলেন। অন্যান্য সম্পত্তির মধ্যে তিনি পোলো খেলায় নিপুণ একটি প্রসিদ্ধ ঘোড়া লইয়া আসিয়াছিলেন। এই ঘোড়াটির প্রতি রাজভ্রাতা গোবিন্দচন্দ্রের দৃষ্টি পড়িল। মারজিতের পত্রে প্রকাশ (১৬২ নং পত্র) যে তিনি কাছাড়ের রাজা ও তাঁহার ভ্রাতাকে চারিটি

CENTRAL LIBRARY

অশ্ব উপহার দিয়াছিলেন, কিন্তু তাহাতে সন্তুষ্ট না হইয়া তাঁহারা আরও সাতটি ঘোড়া জোর করিয়া কাড়িয়া লইয়াছিলেন। এলেন সাহেব বলেন (B. C. Allen, *Assam District Gazetteers*, Vol. 1, *Cachar*, pp. 25-26) যে গোবিন্দচন্দ্র প্রথমে ন্যায্য মূল্য দিয়া মারজিতের ঘোড়া খরিদ করিবার চেষ্টা করিয়াছিলেন, কিন্তু আপোসে যখন ঘোড়া পাওয়া গেল না তখন জোর করিয়া কাড়িয়া লইলেন। ("Charjit and Marjit then fell out, and Marjit was compelled to retire to Cachar, taking with him a hockey pony of quite exceptional excellence. Govind Chandra, the brother of the Cachari Raja, was seized with a strong desire to possess this pony, and when his offers to purchase were refused, took possession of the animal by force, in defiance of the wishes of the owner.") এই বিবরণের সহিত মারজিতের অভিযোগের অনৈক্য নাই। বিশেষ একটি ঘোড়ার প্রতি লোভ থাকিলেও জোর করিয়া লইবার সময় হয়ত গোবিন্দচন্দ্র একাধিক ঘোড়া লইয়া গিয়াছিলেন। ক্রুদ্ধ মারজিত বৈরনির্য্যাতনে বদ্ধপরিকর হইয়া সমুদ্র পথে ব্রহ্মদেশে গেলেন। ১৮১২ খৃষ্টাব্দে তিনি ব্রহ্মের রাজার সাহায্যে মণিপুর অধিকার করিলেন। সিংহাসনচ্যুত চৌরজিত ভ্রাতা গম্ভীরসিংহের সঙ্গে কাছাড়ে আশ্রয় গ্রহণ করিলেন। পিতৃসিংহাসন লাভ করিয়া মারজিত গোবিন্দচন্দ্রের দুর্ব্যবহারের কথা ভুলিতে পারেন নাই। ১৮১৭ খৃষ্টাব্দের ডিসেম্বর মাসে তিনি কাছাড় আক্রমণ করিলেন।

১৮১২ হইতে ১৮১৭ খৃষ্টাব্দ পর্য্যন্ত ছয় বৎসর কাল মণিপুরের শান্তি অব্যাহত ছিল, কিন্তু চৌরজিত সিংহ গোবিন্দচন্দ্রের ভাগ্যে রাহুস্বরূপ হইয়াছিলেন। কি কারণে তাঁহার সহিত গোবিন্দচন্দ্রের মনান্তর হয় তাহা আমরা জানি না। গোবিন্দচন্দ্র বলেন যে মারজিতের বিরুদ্ধে কাছাড়ের সাহায্য না পাইয়া চৌরজিত তাঁহার প্রতি বিরূপ হইয়াছিলেন। মণিপুরের রাজারা নির্ব্বাসনেও চুপ করিয়া থাকিতেন না। ১৮১৩ খৃষ্টাব্দে চৌরজিত ইংরাজ সরকারকে পত্র লিখিয়া (১৩৭ নং) জানাইয়াছিলেন যে তিনি রাজা কৃষ্ণচন্দ্রের মুখে শুনিয়াছিলেন যে তাঁহারা ব্রহ্মের বিরুদ্ধে যুদ্ধের উদ্যোগ করিতেছেন। যদি যুদ্ধ আরম্ভ হয় তবে তিনি নাগা ও কুকি সৈন্য লইয়া ইংরাজ পক্ষে যোগদান করিবেন। গোবিন্দচন্দ্রের সহিত মনোমালিন্য হইবার পর তিনি জৈন্তিয়া রাজার আশ্রয়ে থাকিয়া কাছাড়ের সীমান্তে উপদ্রব আরম্ভ করিলেন। গোবিন্দচন্দ্র শুনিলেন যে জৈন্তিয়া রাজা অগৌণে তাঁহার রাজ্য আক্রমণ করিবেন। তিনি ভ্রাতার দৃষ্টান্ত অনুসরণ করিয়া শ্রীহট্টের ম্যাজিষ্ট্রেটের নিকট ২৫ জন সিপাহী চাহিয়া পাঠাইলেন এবং বড়লাটের নিকট আসন্ন বিপদের কথা লিখিয়া জানাইলেন। ইতিমধ্যে চৌরজিত কয়েকজন কাছাড়ী কর্ম্মচারীর সহিত রাজার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হইলেন। (গোবিন্দচন্দ্রের পত্র নং ১৬৩)। এই সকল কর্ম্মচারীর মধ্যে তুলারাম ও তাহার পিতা

CENTRAL LIBRARY

খাসাভেওর নাম সমধিক উল্লেখযোগ্য। গোবিন্দচন্দ্র আবার ইংরাজ সরকারের নিকট ২৫ জন সিপাহী প্রার্থনা করিলেন, শেষে লিখিলেন যে তাঁহার নিকট ২০ জন সিপাহী মোতায়েন করিলেই তিনি বিপদমুক্ত হইতে পারেন। যখন এই প্রার্থনাও মঞ্জুর হইল না তখন তিনি কোম্পানীর সিপাহীর আশা পরিত্যাগ করিয়া একজন "বাজে ইংরাজ" ও কিছু সিপাহী চাহিয়া পাঠাইলেন। ১৬৩ নং পত্রের কেরি সাহেব বোধ হয় "বাজে ইংরাজ" হিসাবে কাছাড়ের রাজ সেনাদলে যোগদান করিয়াছিলেন। গোবিন্দচন্দ্র যখন চৌরজিত ও তুলারাম প্রভৃতির চক্রান্তে বিব্রত তখন সহসা ১৮১৭ খৃষ্টাব্দের ৬ই ডিসেম্বর মারজিত সসৈন্যে কাছাড়ে উপস্থিত হইলেন। ইংরাজ সরকার মণিপুর ও কাছাড়ের বিরোধে নিরপেক্ষ রহিলেন, কেবল আপনাদের সীমান্তের শান্তি রক্ষার জন্য তাঁহারা বদরপুরে কাপ্তেন ডেভিডসনের সহিত একদল ফৌজ পাঠাইয়া দিলেন। মারজিত ইংরাজ কর্তৃপক্ষকে জানাইলেন যে তাঁহার পিতার সময় হইতে কাছাড়ের রাজা তাঁহাদের প্রতি দুর্ব্যবহার করিতেছেন। সেইজন্য তিনি গোবিন্দচন্দ্রের রাজ্য আক্রমণ করিয়াছেন, ইংরাজদিগের সহিত তাঁহার কোন বিরোধ নাই। তাঁহারা গোবিন্দচন্দ্রকে ও তাঁহার বিদ্রোহী ভ্রাতাকে নিরস্ত করিয়া কাছাড় শাসনের জন্য ফিরিঙ্গি থানাদার নিযুক্ত করুন। দুর্বল গোবিন্দচন্দ্র আবার লাট সাহেবের শরণাপন্ন হইলেন। "বাজে ইংরাজ" কেরি সাহেব বিপদের কালে কাজে লাগিলেন না। যুদ্ধ সম্বন্ধে তাঁহার কোন অভিজ্ঞতা ছিল না, তিনি মণিপুরীদিগের ভয়ে পলায়ন করিলেন। কিন্তু তখনও গোবিন্দচন্দ্রের ভাগ্যে কিছুদিন রাজত্ব ছিল। মারজিতের অভিযানের সংবাদ পাইয়া চৌরজিত জৈন্তিয়া দেশ হইতে কাছাড়ের সাহায্যার্থ অগ্রসর হইলেন। গোবিন্দচন্দ্রের সেনাপতি গম্ভীরসিংহ কেরির পলায়নে নিরুদ্যম না হইয়া শত্রু সেনার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন। মারজিত পরাজিত হইয়া মণিপুরে প্রত্যাবর্তন করিলেন, কিন্তু কাছাড়ের দুর্ভাগ্যের অবসান হইল না।

মণিপুরে ব্রহ্মবাহিনী—

ব্রহ্মের সহিত মণিপুরের বংশানুক্রমিক শত্রুতা। নিতান্ত বিপদে পড়িয়াই মারজিত পুরাতন শত্রুর আনুগত্য স্বীকার করিয়াছিলেন। কয়েক বৎসর নিরুপদ্রবে রাজত্ব করিবার পর তিনি মনে করিয়াছিলেন যে তখন আর ব্রহ্মরাজের আধিপত্য স্বীকার না করিলেও চলে। ১৮১৯ খৃষ্টাব্দে মারজিত যখন সামন্ত নরপতি হিসাবে ব্রহ্মের রাজ-দরবারে আহুত হইলেন তখন তিনি স্পর্দ্ধাভরে সেই নিমন্ত্রণ প্রত্যাখ্যান করিলেন। অচিরে বন্যাপ্রবাহের মত ব্রহ্মসৈন্য মণিপুরে প্রবেশ করিল। মারজিত আবার সিংহাসনচ্যুত, গৃহচ্যুত হইয়া কাছাড়ে পলায়ন করিলেন।

কাছাড়রাজ গোবিন্দচন্দ্রের সিংহাসনচ্যুতি—

ইতিমধ্যে তুলারামের পন্থা অনুসরণ করিয়া সেনাপতি গম্ভীরসিংহও চৌরজিতের সহিত মিলিত হইয়াছিলেন। (গোবিন্দচন্দ্রের পত্র নং ১৬৮)। মারজিত ও চৌরজিত

CENTRAL LIBRARY

পূর্ব্ব বৈর বিস্মৃত হইয়া "হেরম্বমণ্ডল" বিজয়ে প্রবৃত্ত হইলেন। গোবিন্দচন্দ্র প্রাণভয়ে শ্রীহট্টে আশ্রয় গ্রহণ করিলেন। তাঁহার সাধের হেরম্বরাজ্য মণিপুরের রাজকুমারদিগের হস্তগত হইল। গোবিন্দচন্দ্র বড়লাটের নিকট প্রার্থনা করিলেন কাছাড়রাজ্য শ্রীহট্টের সামিল করিয়া ইংরাজ রাজ্যভুক্ত করা হউক। ১৮২৩ সালে ব্রহ্মের সৈন্য কাছাড় পর্য্যন্ত অগ্রসর হইল। কিন্তু চৌরজিতের ভ্রাতা মণিপুরের ভবিষ্যৎ অধীশ্বর গম্ভীরসিংহের বীরত্বে তাহাদের আক্রমণে প্রতিহত হইল। এইখানে আমরা কাছাড় ও মণিপুরের বিবরণ সমাপ্ত করিতে পারিতাম। কিন্তু সেনাপতি তুলারামের সম্বন্ধে দুই এক কথা বলা প্রয়োজন।

কাছাড়ের বিদ্রোহী প্রজা তুলারামের কাহিনী—

তুলারামের পিতার নাম খাসাডেও (এলেন সাহেব ও কাপ্তেন পেম্বার্টনের মতে কচাদীন Kachadin, মেজর বাটলারের মতে Koheedan—Allen, *Cachar Gazetteer*, p. 32. Pemberton, *The Eastern Frontier of India*, p 190. Butler, *Travels and Adventures in Assam*, p. 17). এই ব্যক্তি রাজা কৃষ্ণচন্দ্রের খিদমৎগার ছিল। তাহার পুত্র তুলারাম গোবিন্দচন্দ্রের আমলে সামান্য চাপরাসীর কাজ করিত। তুলারামের পিতা পার্ব্বত্য প্রদেশে কোন কাজে নিযুক্ত হয়। যে কোন কারণেই হউক ইহার পর সে বিদ্রোহে লিপ্ত হয়। গোবিন্দচন্দ্রের প্রদত্ত তথ্য সত্য হইলে এই বিদ্রোহে খাসাডেওর সহযোগিতা করিয়াছিল সানন্দরাম, রামজয়, ডেমরাডেও প্রভৃতি কাছাড় রাজসরকারের তহশীলদারেরা এবং চৌরজিত ও জৈন্তিয়া রাজার সহানুভূতিতে ইহাদের বলবৃদ্ধি হইয়াছিল (গোবিন্দচন্দ্রের পত্র নং ১৪৮)। খাসাডেওর প্ররোচনায় ধর্ম্মপুর অঞ্চলের প্রজারা রাজস্ব বন্ধ করিয়া দিয়াছিল এবং গোয়াবারি নামক স্থান বিদ্রোহীদিগের হস্তগত হইয়াছিল। পরে তুলারামের পিতা রাজকর্ম্মচারীদের চক্রান্তে ধর্ম্মপুরে ধৃত ও নিহত হয়। তুলারাম পার্ব্বত্য প্রদেশে পলায়ন করিয়া প্রাণ রক্ষা করে। কাছাড়ের আভ্যন্তরীণ বিশৃঙ্খলা ও রাজশক্তির দুর্ব্বলতার জন্যই তুলারামের ন্যায় নগণ্য ব্যক্তি উত্তর-কাছাড়ের পাহাড়ের মধ্যে আত্মরক্ষা করিতে পারিয়াছিল। ১৮২৪ খৃষ্টাব্দে তুলারাম ব্রহ্মের আক্রমণকারীদিগের সহিত যোগদান করিয়াছিল। ব্রহ্ম যুদ্ধের পর গোবিন্দচন্দ্র পুনরায় কাছাড়ের সিংহাসন লাভ করিয়া তুলারামকে দমন করিবার চেষ্টা করিয়াছিলেন কিন্তু তাঁহার চেষ্টা সফল হয় নাই। শেষে ১৮২৯ সালে শান্তির অনুরোধে উত্তর-পূর্ব্ব সীমান্ত প্রদেশের এজেন্ট ডেভিড স্কট তুলারামের সহিত গোবিন্দচন্দ্রের আপোষ করিয়া দেন। স্কটের ব্যবস্থায় তুলারাম কাছাড়ের একটি বিস্তীর্ণ অংশের আধিপত্য লাভ করিল। ১৮৩৪ সালে ব্রিটিশ গবর্ণমেন্টও উত্তর-কাছাড়ে তুলারামের স্বত্ব স্বামিত্ব স্বীকার করিলেন। ১৮৩০ সালে মণিপুরের রাজা গম্ভীরসিংহের আদেশে অথবা কাছাড়ের রাজদ্রোহী সেনাপতি গম্ভীরসিংহের চক্রান্তে রাজা গোবিন্দচন্দ্র নিহত হন। তাঁহার কোন উত্তরাধিকারী না থাকায় তুলারাম কাছাড়ের সিংহাসন দাবী করিয়াছিল। ১৮৪৫ সালে

CENTRAL LIBRARY

মেজর (তখন কাপ্তেন) বাটলার তুলারামের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। বৃদ্ধ কঙ্কালসার তুলারাম তখন অপরিচ্ছন্ন জীর্ণ কুটীরে বাস করিত। তাহার নির্জ্জনবাসের চতুর্দ্দিকে দারিদ্র্যের সুস্পষ্ট চিহ্ন ছিল। ("His dwelling was a wretched grass hut situated on the edge of a tank choked with rank weeds, situated in the middle of an extensive and poorly cultivated grass plain. A few straggling huts, inhabited by Cacharees and dependents of Senaputtee, formed all that could be called a village; a few pigs, fowls, and ducks were wandering about, but there were no signs of comfort around any of the huts; no garden enclosures; all appeared poverty-sticken, as well as sickly, in this wilderness of jungle. Toolaram Senaputtee, an infirm old man, was chothed in the meanest cotton garb, and looked more like a skeleton than a living being.") এই মলিন বাস পরিহিত জীর্ণ কুটীরবাসী দরিদ্র ব্যক্তিই দীর্ঘকাল অনায়াসে কাছাড়ের রাজশক্তি উপেক্ষা করিয়াছে। ব্রিটিশ সরকার ইহাকেই প্রায় সামন্ত রাজার সমান মর্য্যাদা দিয়াছিলেন। ইহাতে তুলারামের প্রতিভার অথবা অসাধারণ যোগ্যতার প্রমাণ পাওয়া যায় না, পাওয়া যায় কাছাড়ের রাজার দৈন্য, দৌর্ব্বল্য ও অযোগ্যতার পরিচয়। ১৮৫০ সালে তুলারামের মৃত্যু হয়। ইংরাজ সরকার তাহাকে মাসিক ৫০৲ বৃত্তি দিতেন।

পূর্ব্ব-ভারতে ব্রিটিশ নীতির সমালোচনা—

ইংরাজেরা ভারতবর্ষে বাণিজ্য করিতে আসিয়া বাহুবলে সাম্রাজ্য স্থাপন করিয়াছিলেন, না মাৎস্যন্যায়ে বিব্রত দেশবাসী শান্তির প্রত্যাশায় স্বেচ্ছায় ব্রিটিশ শাসন স্বীকার করিয়াছিল, তৎসম্বন্ধে মতভেদ আছে। ইংরাজ কর্ম্মচারীরা সকলে সকল সময় সকল জায়গায় এক নীতি অনুসরণ করেন নাই; স্থান, কাল, পাত্রভেদে তাঁহাদের পররাষ্ট্র নীতিরও পরিবর্ত্তন হইয়াছে। কিন্তু কুচবিহার, আসাম, কাছাড় ও মণিপুরের ইতিহাস আলোচনা করিলে আর সন্দেহ থাকে না যে এতদঞ্চলে প্রজার হিতার্থেই ব্রিটিশ শাসনের প্রয়োজন হইয়াছিল। মারজিত ইংরাজ সরকারকে কাছাড়ে ফিরিঙ্গি থানাদার নিযুক্ত করিতে বলিয়াছিলেন। গোবিন্দচন্দ্র আপনার পৈত্রিক রাজ্য শ্রীহট্টের সামিল করিয়া লইতে অনুরোধ করিয়াছিলেন। স্যার জন শোর যখন কাপ্তেন ওয়েলসকে সসৈন্যে আসাম পরিত্যাগ করিতে আদেশ করেন তখন আসামের বুড়া গোহাঞি, বড় গোহাঞি, বড় বড়ুয়া প্রভৃতি মন্ত্রিগণ এই আদেশ প্রত্যাহার করিবার জন্য বড়লাটকে সকাতরে অনুনয় করিয়াছিলেন। তাঁহারা বলিয়াছেন, ওয়েলস সাহেব ফৌজ সমেত চলিয়া গেলে আমাদের একটি প্রাণী একদিনও বাঁচিবে না। "আমাদের সকলকে অনুগ্রহ করিয়া কাপ্তান ওবালিচ সাহেবকে ফৌজ সমেত থাকিয়া শত্রুদমন করি দেশটা

প্রতুল করিবার নিমিত্তে হুকুম দিবেন জদ্যপি এই হুকুম না করে দেশসুদ্ধা সকলকে হুকুম করিয়া পঠাইবেন তোমার নিকট জাইতে তোমাদের সহায়তে দেশসুদ্ধ গোব্রাহ্মণ রক্ষা পাইয়াছি—এগন আমাদের সকল লোককে সত্রুএ নষ্ট করণ উচিত নয়—"। ধর্ম্ম ও সমাজের রক্ষাকর্ত্তা মনে না করিলে আসামের হিন্দুসমাজের অন্যতম নায়ক বড়ফুকন কলিকাতার বড় সাহেবকে "গোব্রাহ্মণপ্রতিপালক" বলিয়া সম্বোধন করিতেন না। কিন্তু আসামের অভিজাতবর্গের করুণ আবেদনেও স্যার জন শোর তাঁহাদের দেশরক্ষা অথবা দেশশাসনের দায়িত্ব গ্রহণ করেন নাই। ব্রহ্মের উৎপীড়নে উৎসন্নপ্রায় আসাম রাজ্য উদ্ধার করিবার পরও তাঁহারা পুরন্দর সিংহের সিংহাসন কাড়িয়া লন নাই। গোবিন্দচন্দ্র যতদিন জীবিত ছিলেন ততদিন কাছাড় হইতে প্রাচীন রাজবংশের অধিকার লোপ হয় নাই। গোবিন্দচন্দ্রের মৃত্যুতে যখন হেরম্বমণ্ডলের পুরাতন রাজকুল নির্ব্বংশ হইল তখনই কাছাড় ইংরাজ অধিকারভুক্ত করা হইয়াছে। আসামে কুশাসন দূর করিবার জন্যই ব্রিটিশ শাসনের প্রবর্ত্তন হইয়াছিল।

পূর্ব্ব-ভারতের সামাজিক ও অর্থনৈতিক অবস্থা—

আমাদের সঙ্কলিত চিঠিপত্রের অধিকাংশই রাজনীতি সম্পর্কীয়। তথাপি দুই একখানি পত্র হইতে বিগত যুগের বিস্মৃত রীতিনীতির কিছু কিছু আভাস পাওয়া যায়। উত্তর বঙ্গের পল্লীতে এখন আর বোধ হয় আমরা শ্যাম সর্দ্দার শিকারীর সাক্ষাৎ পাইব না। শৃগাল ও শূকর শিকার করিয়া, বন্য মহিষের উৎপাত হইতে শস্যক্ষেত্র রক্ষা করিয়া আজিকার দিনে আর জীবিকা নির্ব্বাহ করা চলেনা। (শ্যাম সর্দ্দার শিকারীর পত্র নং ৬৭)। যে শিকারীরা সেকালে বন্য পশুর উপদ্রব হইতে পল্লীবাসীদিগকে রক্ষা করিবার বৃত্তি অবলম্বন করিয়াছিল তাহারাই কি পরবর্ত্তীকালে কলিকাতার পার্শ্ববর্ত্তী অঞ্চলে, নৈহাটী ও চুঁচুঁড়ায় গৃহদাহ, লুণ্ঠন ও দস্যুতা করিয়া বিভীষিকার সঞ্চার করিয়াছিল? বিদেশে বাণিজ্য করিবার যে কি অসুবিধা তাহা নদীয়ার কালী সরকার ও বালেশ্বরের গঙ্গাধর আঢ্যের পত্র হইতে জানা যাইবে। (গঙ্গাধর আঢ্যের পত্র নং ৩৫ ৩৭, এবং কালী সরকারের পত্র নং ৭৯)। গঙ্গাধর মারাঠা কর্ম্মচারীদিগের উৎপীড়নে উদ্বাস্ত হইয়া উইল্‌কিন্‌সন সাহেবকে লিখিয়াছিল, "হজুর হইতে এক বিড়া পান হুকুম হয়ত আমী এথান হইতে উঠীয়া যাই।" এখন গৃহলক্ষ্মীদিগের অধরপ্রান্ত হইতেই তাম্বুলরাগ বিলুপ্ত হইয়াছে, পান দিয়া বিদায় করিবার প্রথা আর কি করিয়া টিকিয়া থাকিবে? গঙ্গাধর কেবল পান চাহিয়া আমাদের নিকট বিদায় গ্রহণ করে নাই, তাহার লোকসানের একখানি হিসাবও রাখিয়া গিয়াছে। এই হিসাবে চাউল, চুন, আফিম প্রভৃতি দ্রব্যের তখনকার বাজার দর পাওয়া যাইবে, আর্কটী টাকা ও সিক্কা টাকার বাটার পরিমাণও জানা যাইবে। রাজমিস্ত্রীদের মজুরীর হার অনুমান করা যাইবে রামতনু দাস ও মদন দাসের একরারনামা হইতে। তাহারা ১।৶৹ মজুরীতে ১০০ ঘনফুট দেওয়াল গাথিবার করার করিয়াছিল। সাধারণ মিস্ত্রীর মজুরী বোধ হয় ইহা অপেক্ষাও অল্প ছিল।

CENTRAL LIBRARY

কিন্তু তখনকার দিনে রাজমিস্ত্রীর লিখিত একরারনামাই পর্য্যাপ্ত বলিয়া বিবেচিত হয় নাই, শ্রীদাম ঘোষ নামক একব্যক্তিকে রামতনু দাসের জামীন লওয়া হইয়াছিল।

আনন্দ দত্ত ওঝাকে দেওঘরের "ওঝাগিরি কার্য্যে" নিযুক্ত করিবার জন্য বহু স্বাক্ষরিত আবেদন (৬৬নং) এখনকার দিনে বিস্ময়ের উদ্রেক করিতে পারে। কিন্তু তখনও ইংরাজ সরকার হিন্দুর দেবস্থান ও মুসলমানের ধর্ম্মস্থানের তত্ত্বাবধানের দায়িত্ব অস্বীকার করেন নাই। মুসলমান আমলে যেমন তীর্থস্থানে যাত্রীদিগের নিকট হইতে কর আদায় করা হইত ইংরাজ রাজত্বের প্রথম ভাগেও তেমনই তীর্থযাত্রীদিগের নিকট কর লইবার প্রথা প্রচলিত ছিল। শ্রীহট্টের রাজা কৃষ্ণচন্দ্রনারায়ণের ন্যায় প্রতিপত্তিশালী সম্রান্ত ব্যক্তিদিগকে সরকার হইতে বিশেষ পরোয়ানা দিয়া যাত্রীকর হইতে অব্যাহতি দেওয়া হইত (কৃষ্ণচন্দ্রের পত্র নং ১০৭ এবং ১০৯)। ১৮৩৯ সাল পর্য্যন্ত পুরীর জগন্নাথ মন্দিরের পূজা ও উৎসবাদি যাবতীয় ধর্ম্মকার্য্য সরকারের তত্ত্বাবধানেই অনুষ্ঠিত হইত। শেষে লর্ড অকল্যাণ্ডের আমলে ১৮৪০ সনে গভর্ণমেণ্ট এই অধিকার পরিত্যাগ করেন। এই জন্যই কৃপারাম চক্রবর্ত্তী প্রমুখ হিন্দুবর্গ আনন্দ দত্ত ওঝাকে দেওঘরের শিবমন্দিরের ওঝাগিরিতে বা উপাধ্যায়ের পদে বহাল করিবার জন্য বীরভূমের জিলা জজের নিকট দরখাস্ত করিয়াছিলেন। তখন দেওঘর বীরভূম জিলার অধীন ছিল।

রাজনৈতিক ও অর্থনৈতিক পরিবর্ত্তনের যুগে সাধারণ লোকের নানাপ্রকার অসুবিধা হওয়া অনিবার্য্য। আলোচ্য সময়েও ইহার অন্যথা হয় নাই। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী রাজ্য শাসনের ভার লইয়াও ব্যবসায় বাণিজ্য পরিত্যাগ করেন নাই। বাঙ্গালার বস্ত্রব্যবসায়ে তাহারা অন্য ইউরোপীয় ব্যবসায়ীর প্রতিযোগিতা পছন্দ করিতেন না। ওলন্দাজ কোম্পানীর ডিরেক্টর সাহেবের নিকট হরিমোহন শর্ম্মা ১৭৮৬ সালের ৩০শে শ্রাবণ (৩নং পত্র) যে সকল অত্যাচারের অভিযোগ করিয়াছিলেন তাহা সত্য কিনা বলা যায় না। কিন্তু তখনকার সাধারণ অবস্থা বিবেচনা করিলে মনে হয় যে হরিমোহনের অভিযোগ সত্য হউক বা না হউক এরূপ ঘটনা সেকালে অসম্ভব ছিল না। আবার কৃষ্ণপ্রসাদ রায় প্রভৃতি ১২০৯ সালের ১৫ই চৈত্র বড়লাটের নিকট যে দরখাস্ত দিয়াছিল তাহা হইতে দেখা যায় যে পূর্ব্বে যাহারা নিমক মহলের কাজ করিয়া জীবিকা নির্ব্বাহ করিত হঠাৎ ১২০৮ সালে ঐ কাজ বন্ধ করিয়া দেওয়ায় তাহাদের বৃত্তিলোপের উপক্রম হইয়াছিল। এই সকল লোক অন্য কোন কাজ জানিত না, সুতরাং নিরুপায় হইয়া তাহারা বড়লাটের নিকট আবেদন করিল যে সরকার হইতে দাদন পাইলে তাহারা কোম্পানীর জন্য লবণ উৎপাদন করিয়া পরিবার প্রতিপালন করিতে পারে। (কৃষ্ণপ্রসাদ রায় প্রভৃতির পত্র নং ৮৪)। এক সময় কাশ্মীরের বণিকেরাও বাঙ্গালার লবণ ক্রয় করিত। এই ব্যবসায় বন্ধ হওয়াতে যে বহু লোকের অসুবিধা হইয়াছিল তাহাতে আর আশ্চর্য্য কি?

চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বে বাঙ্গালার জমিদারদিগের দেয় রাজস্বের পরিমাণ কিরূপ বৎসর বৎসর বৃদ্ধি হইত অমরাবাদ পরগণার জমিদার এবাদুল্লা খাঁ ও খয়েরয়েছার পত্র

CENTRAL LIBRARY

(পত্র নং ৬০) হইতে তাহা জানা যায়। যে সম্পত্তির জন্য ইহারা ১১৭২ সালে (ইংরাজী ১৭৬৫ সালে) মাত্র চৌদ্দশত (১৪০০৲) টাকা খাজানা দিতেন, ১১৭৩ সালে সেই সম্পত্তির কর দশগুণ বৃদ্ধি করিয়া ১৪০০০৲ টাকায় নির্দ্দিষ্ট হয়। তারপর প্রত্যেক বৎসর রাজস্ব বৃদ্ধি হইয়া ১১৯৩ সালে ৫০,০০০৲ পঞ্চাশ হাজার টাকা খাজানায় এই জমিদারীর বন্দোবস্ত হয়। দশসালা বন্দোবস্তের সময় খাজানার পরিমাণ হ্রাস করা হয় নাই এবং বাঙ্গালা ১২০০ সালে অর্থাৎ চিরস্থায়ী বন্দোবস্তের সময় অমরাবাদ পরগণার খাজানা ৫০৩৪০।/০ ধার্য্য হয়। ২৮ বৎসরের মধ্যে ১৪০০৲ হইতে ৫০৩৪০।/০ খাজানা বৃদ্ধির কথা এখন কেহ কল্পনাও করিতে পারে না। কিন্তু অমরাবাদ পরগণার খাজানা যে কোন কারণেই হউক নবাবী আমলে নিতান্তই অল্প ছিল, নতুবা এবাতুল্লা খাঁ ও খয়েরুল্লা ৩৬ গুণ খাজানা বৃদ্ধির পরও এই জমিদারী পাইবার জন্য আগ্রহ প্রকাশ করিতেন না। চিরস্থায়ী বন্দোবস্তের পরও প্রথম প্রথম সকল পরগণার রাজস্ব নির্ভুল রূপে নির্দ্দিষ্ট হয় নাই। শম্ভুচন্দ্র পাল চৌধুরী এবং কৃষ্ণচন্দ্র পাল চৌধুরী (সুবিখ্যাত পান্তিবাবু) এই জন্য নূতন জমিদারী খরিদ করিয়া এক তরফ কুমিরার বাবদ দুইবার খাজানা দিতে বাধ্য হইয়াছিলেন। (কৃষ্ণচন্দ্র ও শম্ভুচন্দ্র পাল চৌধুরীর পত্র নং ৭২) বাঙ্গালার মত প্রকাণ্ড প্রদেশে নূতন রাজস্বনীতি প্রবর্ত্তনের সময় দুই এক জায়গায় এরূপ ভুল ভ্রান্তি হওয়া অস্বাভাবিক নহে। নূতন ব্যবস্থায় তহশীলদারেরা ও তালুকদারেরা হয়ত সর্ব্বদা সন্তুষ্ট হইতে পারে নাই। এই জন্যই দত্তবাড়ীর জগমোহন মজুমদার স্যার জর্জ্জ বার্লোর নিকট ময়মনসিংহের কালেক্টর লেগ্রোস সাহেবের (Legros) বিরুদ্ধে নালিশ করিয়াছিলেন (পত্র নং ৯৪)। তখনও বর্ত্তমান কালের ন্যায় আইনের প্রাধান্য প্রতিষ্ঠিত হয় নাই, সেই জন্যই ডাক বিভাগের হরকরাগণ কাপ্তেন স্নেডেলের হস্তে লাঞ্ছিত হইয়াছিল (হরকালী মুখোপাধ্যায়ের পত্র নং ১১৯) এবং রাঙ্গামাটির দারোগা দলসিংহের বিরুদ্ধে বেআইনী ভাবে বিজনীর রাজার আইনসঙ্গত অধিকারে হস্তক্ষেপ করিবার অভিযোগ হইয়াছিল (১৫৯নং পত্র)।

তারপর এক শতাব্দীর অধিক কাল গত হইয়াছে। এখন আর বরকন্দাজের ভয় নাই, ছন্দিয়ার উৎপাত নাই, ফৌজের সাহেবেরা আর ডাক হরকরাদের দিয়া শিবিকা বহন করান না (করাইবার প্রয়োজনও হয় না), থানার দারোগাও কাহারও আইনসঙ্গত অধিকারে নির্ভয়ে হস্তক্ষেপ করিতে পারেন না। ইংরাজ, ফরাসী, ওলন্দাজ বণিকেরা এখন আর বাঙ্গালার বস্ত্রের বাজার লইয়া মারামারি করেন না, কিন্তু যে বস্ত্রশিল্প বিশ্বের বিস্ময় উদ্রেক করিয়াছিল তাহাও লোপ পাইয়াছে। যে বাঙ্গালা, যে আসাম, যে কুচবিহার, যে কাছাড়ের চিত্র এই পত্রসঙ্কলনে প্রতিবিম্বিত হইয়াছে সে বাঙ্গালা, সে আসাম, সে কুচবিহার ও সে কাছাড় আর নাই। সে যুগের রাজনীতি, সে যুগের সমস্যা আজ ঐতিহাসিক গবেষণার বিষয়। সে যুগের কথা এখন আমরা ভুলিয়া যাইতে বসিয়াছি।

CENTRAL LIBRARY

বাঙ্গালা ভাষার প্রকৃতি ও প্রভাব—

তথাপি সেই বিশৃঙ্খল যুগের কথা আমরা উপেক্ষা করিতে পারি না। সেই যুগেই বাঙ্গালা গদ্যের শৈশব কাল আরম্ভ হইয়াছিল। বাঙ্গালা গদ্য সাহিত্যের তখন সৃষ্টি হয় নাই বলিলেও অন্যায় হয় না। কিন্তু তথাপি ভুটান, কুচবিহার, আসাম, মণিপুর ও কাছাড়ের নরপতিগণ এই ভাষায়ই পরস্পরের সহিত এবং ইংরাজ সরকারের সহিত পত্রালাপ করিতেন। বাঙ্গালাই যে তখন পূর্ব্বোত্তর ভারতের রাষ্ট্রভাষা ছিল আমাদের সঙ্কলিত পত্রগুলি পাঠ করিলে তাহাতে আর সন্দেহ থাকে না। বাঙ্গালার সেই শৈশব রূপের সঙ্গে বর্ত্তমান রূপের হয়ত অনেক পার্থক্য দেখা যাইবে। তখনও এই প্রাকৃত ভাষা পারশীর প্রভাব হইতে মুক্ত হইতে পারে নাই। প্রয়োজন হইলেই তখন পারশী হইতে শব্দ চয়ন করা হইত, বাঙ্গালা গদ্যে পারশী রচনারীতির অনুকরণ করা হইত। বহু পারশী শব্দ বাঙ্গালা ভাষায় চিরস্থায়ী হইয়া রহিয়াছে আবার অনেক শব্দের ব্যবহার বহুদিন যাবৎ লোপ পাইয়াছে। "জবরদস্তী" আজও বাঙ্গালা হইতে স্থানচ্যুত হয় নাই, কিন্তু "আজ রাহে জবরদস্তী" বাঙ্গালা গদ্যের রাস্তা হইতে চিরদিনের জন্য বিদায় গ্রহণ করিয়াছে। "আরজী" আমরা এখনও করি কিন্তু "গুজরাই না"। "হক" কথা বলি, "হক ইনসাফ" প্রার্থনা করি না। "আইন" ও "রেওয়াজ" এখনও বাঙ্গালায় অটল হইয়া রহিয়াছে কিন্তু "মদদ" করা এখন কথায় চলিলেও লেখায় চলে না। কিন্তু আধুনিক বাঙ্গালা যে কেবল তাহার পারশী পিরহান পরিত্যাগ করিয়াছে তাহা নহে, সংস্কৃত উষ্ণীষও ফেলিয়া দিয়াছে। আজিকার দিনে কেহ কোন বাঙ্গালা পত্রের শিরোনামায় "শ্রীদুর্গাচরণারবিন্দ মকরন্দ সদানন্দিত মত্তমধুব্রতায় মানস" অথবা "শ্রীমন্মেনয় সম্মানিত সর্ব্বজন সম্প্রাপ্ত সুযশোরাশিমণ্ডিত কুবলয় নিজকরধৃত শরাসন বিক্ষিপ্ত বিতীক্ষ মার্গগণ খণ্ড খণ্ডীকৃত প্রত্যর্থি ভূপালশিরাগ্রগণ্য ধন্যোদারচরিত্র শ্রীবৃহন্নরারাক্ষ বাহাদুর" লিখিলে সুধী ব্যক্তি হয়ত তাহার চিকিৎসার উদ্যোগ করিবেন, বিশেষতঃ সেই "দুর্গাচরণারবিন্দ মকরন্দ মত্তমধুব্রত"টি যখন কলিকাতার বড় সাহেব। বাঙ্গালা বানানের রীতিরও বহু পরিবর্ত্তন হইয়াছে। কিন্তু এখানে ভাষাতত্ত্বের অবতারণা করিতে চাহি না। এইটুকু বলিলেই যথেষ্ট হইবে যে বাঙ্গালা ভাষা তাহার অসহায় শৈশবেই সমগ্র পূর্ব্ব-ভারতে আপনার প্রতিপত্তি বিস্তার করিয়াছিল। তখনও কোন গদ্য সাহিত্যরথীর আবির্ভাব হয় নাই, বাঙ্গালার কাব্য তখনও বিদেশের দৃষ্টি আকর্ষণ করে নাই, বিজিত বাঙ্গালীর ভাষা ও সাহিত্য বিদেশী রাজার আনুকূল্য লাভ করে নাই, তথাপি কুচবিহার ও মণিপুর, আসাম ও কাছাড়, উড়িষ্যা ও ভুটানে এই ভাষা কেবল স্বমহিমায় প্রতিষ্ঠা লাভ করিয়াছিল। কুচবিহারে রাজকার্য্য বাঙ্গালা ভাষায় পরিচালিত হইত। ভুটানের দেবরাজা বাঙ্গালা ভাষায় অভিজ্ঞ মুন্সী রাখিতেন (এই কর্ম্মচারীকে কায়েতী বলা হইত)। ইংরেজ কর্ম্মচারীরাও সাধারণতঃ দেশের লোকের সহিত বঙ্গভাষায় পত্রালাপ করিতেন। মফঃস্বলের ফরাসী বণিকও ইংরেজ

যে° মধকেবাপ সাহেব কলিকাতাতে
এই খবব দিতেছেন খতেব যাহা
আনি কবিবেন কোম্পানিব খত ও
দ্রাপ ও বিল এস্কচেঞ্জ ও বাতেখত
ওগয়বহ খবিদ বিক্রয় কাবিবেন
ওয়াজিবি দস্তুব মাফিকে কামসনে
কবিবেন বাটীব ঠিকানা নম্বব ২
দুই পুরুসা আদালতেব ঘবেব
ঝিন সডকে ————————

FORT WILLIAM.

তত্ত্ববি আফিস ৯ এপবিল ১৭৮৬
দি গ্রনডইল ইনত্রস আপান
কম্পানিষ বান্দ উইল বি ডিলবাজড
এট দি ত্রঅবি বিগিউলেব এজ ইট
বি কম্ম ডিউ দেট ইজ আন দি
এন উইল বিটাবন আফ দিএব ডেট

FORT WILLIAM.

১৭৮৬ খ্রীঃ অব্দের বাংলা মুদ্রিত অক্ষরের নমুনা

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

CENTRAL LIBRARY

ম্যাজিষ্ট্রেটের নিকট চিঠি লিখিবার সময় কখনও কখনও বাঙ্গালা ভাষার সাহায্য গ্রহণ করিতেন। (পত্র নং ৯৫)। অনার্য্য রাজ-দরবারে শাক্ত ও বৈষ্ণবাচার্য্যগণের প্রভাবে বাঙ্গালার বহুল ব্যবহারের সুবিধা হইয়া থাকিলেও যদি এইভাষার কতকগুলি নিজস্ব গুণ না থাকিত তবে ব্রহ্মের সীমান্ত হইতে বালেশ্বর পর্য্যন্ত শিষ্ট সমাজে এই ভাষার ব্যবহার হইত কিনা সন্দেহ।

বাঙ্গালা মুদ্রাযন্ত্র—

বাঙ্গালা গদ্যের কথা বলিলেই বাঙ্গালা ছাপাখানার কথা মনে পড়ে। বর্ত্তমান সঙ্কলনে ভারত সরকারের দপ্তরে রক্ষিত ১৮০৯ সালের একখানি বাঙ্গালা অক্ষরে মুদ্রিত ফর্‌মের প্রতিলিপি দেওয়া হইয়াছে। কিন্তু ইহার বহু পূর্ব্বেই বাঙ্গালা অক্ষরে ছাপার কাজ আরম্ভ হইয়াছিল। ভারত সরকারের মহাফেজখানার পুস্তকালয়ে কলিকাতা গেজেট ১১৪ সংখ্যা হইতে (Vol. V, No 114. May 4, 1786) আছে। এই সংখ্যায় একটি ইংরাজী বিজ্ঞাপন ইংরাজী ও বাঙ্গালা উভয় লিপিতে ছাপা হইয়াছিল। তখনকার দিনে ছাপাখানায় ব্যবহৃত বাঙ্গালা অক্ষর ও ইংরাজী শব্দের বাঙ্গালায় অনুলিখনের পদ্ধতি সম্বন্ধে অনেকেরই কৌতূহল হইতে পারে, এইজন্য ১৭৮৬ সালের কলিকাতা গেজেট (The Calcutta Gazette or Oriental Advertiser) হইতে কয়েকটি বিজ্ঞাপনের প্রতিলিপি দেওয়া হইল। এখানে ১১৪ সংখ্যায় প্রকাশিত বিজ্ঞাপনটির ইংরাজী ও বাঙ্গালা উভয় অংশের নকল দিলাম।

Treasury office, the 9th. April, 1786.
The annual interest upon the Company's
Bonds will be discharged at the Trea-
sury regularly as it becomes due ; that is on the
annual return of their dates,

F. Mure. *Sub Treas.*

ত্রজরি আফিষ ৯ এপরিল ১৭৮৬
দি এনউইল ইনত্রস্ট আপন দি
কম্পানিয বান্দ উইল বি ডিস্চারজেড
এট দি ত্রজরি রিগিউলের এজ ইট
বি কম্‌স্ ডিউ দেট ইজ আন দি
এনউইল রিটারন আফ দি এর ডেট

বাঙ্গালা অক্ষরে ইংরাজী বিজ্ঞাপন ছাপিবার সার্থকতা কি, বুঝা কঠিন। হয়ত ইংরাজী অনভিজ্ঞ ব্যক্তিদিগের দৃষ্টি আকর্ষণ করিবার জন্যই বাঙ্গালা হরফে এই বিজ্ঞাপনটি ছাপা হইয়াছিল। কিন্তু যে যুগে ইংরাজ কর্ম্মচারীরাও কাগজের শিরোভাগে শ্রীকৃষ্ণ লিখিয়া

CENTRAL LIBRARY

পত্র আরম্ভ করিতেন সে কালে কি এই বিজ্ঞাপনের বঙ্গানুবাদ করিবার লোক মিলে নাই? ৬ই জুলাই তারিখের গেজেটের দ্বিতীয় পৃষ্ঠায় একটি নীলামের ইস্তাহার কিন্তু ইংরাজী, পারশী ও বাঙ্গালা তিন ভাষায়ই মুদ্রিত হইয়াছিল। জুলাই মাসের গেজেটেই কতকগুলি সরকারী ও বেসরকারী বিজ্ঞাপন বাঙ্গালা ভাষায় ছাপা হইয়াছিল। সুতরাং বাঙ্গালা ছাপাখানার জন্মতারিখ স্থির না হইলেও এই বিজ্ঞাপনগুলি হইতে তখনকার ছাপাখানায় ব্যবহৃত অক্ষর ও বিজ্ঞাপনের ভাষার নমুনা পাওয়া যাইবে।

বাঙ্গালীর চরিত্র ও কৃতিত্ব—

এই প্রসঙ্গে আরও একটি বিষয় প্রণিধানের যোগ্য। ইংরাজ সরকার কুচবিহার ও ভুটানের সীমান্ত নির্দ্দেশ করিতে পাঠাইয়াছিলেন একজন বাঙ্গালী কর্ম্মচারী। ভুটান হইতে ভুটিয়া দূত আসিত, আসাম হইতে কলিকাতায় কখনও কখনও আসামী দূত আসিত। কিন্তু কুচবিহার, কাছাড় এবং দরঙ্গের রাজগণ প্রায় সর্ব্বদাই ইংরাজ সরকারের নিকট বাঙ্গালী উকিল পাঠাইতেন। কুচবিহারের কমিশনার নরম্যান ম্যাকলিয়ড বাঙ্গালী উকিল সূর্য্যনারায়ণ ঘোষের সততার প্রশংসা করিয়াছেন। কুচবিহারের রাজা হরেন্দ্রনারায়ণ একবার একজন ইউরোপীয় উকিল নিযুক্ত করিয়া বিপদগ্রস্ত হইয়াছিলেন কিন্তু দরঙ্গের রাজার পক্ষ হইতে একজন বাঙ্গালী ব্রাহ্মণ নিজের জীবন বিপন্ন করিয়া কাপ্তেন ওয়েলসের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন। তখনকার দিনের ঘোষ, দত্ত, তলাপাত্র, রায়, চট্টোপাধ্যায়, বন্দোপাধ্যায় প্রভৃতি বাঙ্গালী উকিলেরা স্ব স্ব প্রভুর কার্য্যে অবহেলা করিয়াছেন অথবা মনিবের নিমকের অমর্য্যাদা করিয়াছেন বলিয়া শুনা যায় না। সমসাময়িক চিঠিপত্র পড়িলে মনে হয় সেকালের রাজারা এই বাঙ্গালী উকিলদিগের হস্তে নিজ নিজ কার্য্যের ভার দিয়া নিশ্চিন্ত থাকিতেন। পরবর্ত্তীকালে লর্ড মেকলে যে বাঙ্গালীকে মিথ্যাবাদী ও বিশ্বাসঘাতক বলিয়া গালি দিয়াছেন, ইংরাজ রাজত্বের প্রাক্কালে সেই বাঙ্গালীই কিন্তু আসাম, কাছার ও কুচবিহারের নরপতিগণের একান্ত বিশ্বাসভাজন হইয়াছিল। ইংরাজ রাজত্বের সঙ্গে সঙ্গে ভারতের ইতিহাসে যে নবযুগের সূচনা হয় তাহারও অগ্রদূত বাঙ্গালী। বাঙ্গালী কৃষ্ণচন্দ্র ও জয়নারায়ণ ঘোষালই আপনাদের অর্থ ব্যয় করিয়া জাতিবর্ণ ও ধর্ম্মনির্ব্বিশেষে দুঃস্থদিগের দুঃখ বিমোচন কল্পে অনাথমণ্ডপের পরিকল্পনা করিয়াছিলেন (কৃষ্ণচন্দ্র ও জয়নারায়ণ ঘোষালের পত্র নং ১৬৯), কলিকাতার দরিদ্র নাগরিকদিগের সম্বন্ধে তথ্য সংগ্রহ করিয়াছিলেন। তাঁহারা এই মহৎ কার্য্যের প্রেরণা লাভ করিয়াছিলেন স্বদেশের প্রাচীন অবদান হইতে, পশ্চিমের দৃষ্টান্ত তাঁহারা অনুসরণ করেন নাই। জনসেবার যে আদর্শ তাঁহারা বাঙ্গালা দেশে প্রচার করিয়াছিলেন পরবর্ত্তীকালে সমস্ত ভারত তাহা গ্রহণ করিয়াছে। সেদিন আপনার চরিত্রের মাহাত্ম্যে, হৃদয়ের ঔদার্য্যে বাঙ্গালী ভারতবর্ষে এক অনন্য-সাধারণ গৌরবের অধিকারী হইয়াছিল। আজ মধুসূদন, হেম, নবীন, বঙ্কিম, শরৎ,

CENTRAL LIBRARY

LOST on the 23d ult.
A COMPANY'S BOND, or OBLIGATION, for Current Rupees Twenty Thousand, in favor of George Templer, Esq. No. 1154, and dated 26 Octr. 1780. Whoever brings it to the Printer of this Paper, shall receive a reward of Two Hundred Sicca Rupees.

N. B. One year's Interest on the said Bond, was paid on the 23d of last month.

Calcutta, 8th June, 1786.

২৩ মাই ১৭৮৬ সাল মে° জার্জ টেমপেলের সাহেবের নামের ১ এক কোম্পানির খত নম্বর ১১৫৪ তারিখ ২৬ অক্তুবর্র ১৭৮০ সাল চলন ২০০০০ বিষ হাজারের হারাইয়াছে আর সেই খতের এক বৎসরের সুদ ২৩ মাইয়ে পাওয়া গিয়াছে যে কেহ এই খত পৃইন্টিং আপিষে আনিয়াদেয় তথনি তাহাকে সিক্কা ২০০ দুইসও টাকা এনাম দিবেক ইতি

STOLEN,
A TREASURY ORDER, sub. No. 615, dated 30th May 1785, drawn by William Barton, Esq. for Current Rupees 5000, on Charles Crofter, Sub Treasurer, to the order of T. L. Keighly, blank endorsed by Burgh and Barber, attornies for Mr. Keighly.

Should the above order be offered for sale, it is requested notice may be given to the Printer.

মে° বার্টন সাহেবের তেজারি আরডর মে° ক্রাপট সাহেবের উপর বৃ° মে° কিলি সাহেব নম্বর ৬১৫ তারিখ ৩০ মাই ১৭৮৫ সাল চলন ৫০০০ এই তেজারি আরডর হারাইয়াছে ইনডাব্ব ব° মে° বরগিন বারবর সাহেব টরনি মে° কিলি সাহেবের অদি কেহো এই আরডর বেচিতে লইয়াআয় তব এই পৃন্টী° আপিষে আশীয়া খবর দিবা ইতি

NOTICE IS HEREBY GIVEN,
THAT the Partnership of JOHN HAM and OSWALD CHARTERS, was dissolved by mutual consent the 31st ult.

Patna, 18 June 1786.

[20]

THIS IS TO GIVE NOTICE,
THAT the buildings or works, formerly in the possession of Major John McGowan, will be disposed of, on account of the Honourable Company, by Public Auction, to the highest bidder, at the Khalsa, on the 1st of August next, under the direction of Mr. J. Duncan, Preparer of Reports.

By Order of the Board of Revenue,
B. APLIN, Sec.

Calcutta, July 3, 1786.

اشتهار داده میشود که عمارات کارخانه
واقع مقام سونتي که بیشتر در تصرف مستر
میکوین صاحب بود بالفعل صاحبان بورد
مال فروشش آن همین مقرر فرموده که
صاحب مختار کلا دفتر حضور بجویز خالصه شریفه
همگی عمارات وغیره مذکور را بتاریخ اول ماه
آگست در خالصه نیلام خواهد ساخت باید که
هر کسان برای خرید آن بتاریخ مزبور در
خالصه حاضر شوند بتاریخ سیوم ماه جولائي
سنه ۱۷۸۶ انگریزی قلمی شد

খবর দেয়াজায় সুতিমোকামে যে কারখানার এমারত সকল মেজর মেগোইন সাহেবের তসুরুফে ছিল এখন শ্রী হুত বোরডো সাহেবান তাহার বিক্রয়ের তর্দ্য এই মকবর করিলেন খালিসার হুকুম তজবিজ দপ্তরের মুক্তারিকার সাহেব সেই সকল এমারতকে আগত্তু মাহার পৈলা তারিখে খালিসায় নিলাম করিবেন সকললোক খরিদ করিবার কারন তারিখ মজুরে খালিসাতে হইবা ইতি সন ১৭৮৬ সাল ইংরেজি তারিখ ৩ জুলাই

General Post Office, ...
NOTICE IS HEREBY GIVEN
THAT ...

১৭৮৬ খ্রীঃ অব্দের বাংলা মুদ্রিত অক্ষরের নমুনা

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

CENTRAL LIBRARY

দ্বিজেন্দ্র, রবীন্দ্র সেবিত বঙ্গভাষা পূর্ব্ব-ভারতের রাষ্ট্রভাষার গৌরব হইতে কেন বিচ্যুত হইতে বসিয়াছে, আজ আসামে, কাছাড়ে, মণিপুরে, ব্রহ্মে বাঙ্গালী কেন অবাঞ্ছিত, তাহা বিবেচনা করিবার সময় আসিয়াছে। বিংশ শতাব্দীর বাঙ্গালী কি উনবিংশ শতাব্দীর বাঙ্গালার আদর্শ হইতে ভ্রষ্ট হইয়াছে? রবীন্দ্রনাথের ভাষা কি মরিচমতী, কমতেশ্বরী ও কৃষ্ণচন্দ্রনারায়ণের পত্রের ভাষা অপেক্ষা নির্জ্জীব ও দুর্ব্বল? অশান্তির দিনে, অরাজকতার সময়ে, বিপ্লবের মধ্যে যাহারা কর্ম্মতৎপরতা, সাহস ও সততার পরিচয় দিয়াছিল, শান্তির আবেষ্টনে কি তাহাদের চরিত্রের অবনতি হইয়াছে? কর্ম্মক্ষমতার হ্রাস হইয়াছে? প্রাচীন বাঙ্গালা পত্র সঙ্কলনে এ প্রশ্নের উত্তর মিলিবে না। তথাপি অতীতের আলেখ্য দেখিলেই বর্ত্তমান ও ভবিষ্যতের কথা মনে হয়। বাঙ্গালা গদ্যের অতীত ও বর্ত্তমান রূপের তুলনা করিলে তাহার ভবিষ্যৎ গৌরব সম্বন্ধে সন্দেহ থাকে না। কিন্তু ভাবপ্রবণ, স্বপ্নবিলাসী, আত্মবিস্মৃত বাঙ্গালী জাতির ভবিষ্যৎও কি সাফল্যে ও সার্থকতার সম্পদে ও সংযমে, নিষ্ঠায় ও ভক্তিতে, শ্রদ্ধায় ও সামর্থ্যে, সুন্দর, মহান ও ভাস্বর হইবে? সাহিত্যের স্বপ্ন কি জাতীয় ইতিহাসে সত্য হইবে? ভাষার শক্তি কি জাতীয় জীবনেও সঞ্চারিত হইবে? এ প্রশ্নের উত্তর বাঙ্গালার ও বাঙ্গালীর সাধনার উপর নির্ভর করে। ইতিহাস ও ঐতিহাসিক কেবল অতীত গৌরবের কথা স্মরণ করাইয়া দিতে পারেন।

CENTRAL LIBRARY

প্রাচীন বাঙ্গালা পত্র সঙ্কলন

(১)

পুর্ব্বে বাঙ্গালাতে ও লাশার মলুকে বহুত তেজারত হইত হিন্দু মোশলমান লোক তেজারত জন্তে জাইত আশীত তেজারত করিত কথ দিন হইল লাড়াই ভিড়াই কারণ মহাজন লোক জাতায়াতে মশ্‌কীল হইয়াছে শ্রীশ্রীদেবধন্ধলামাঃ রিম্পেছে সহিত শ্রীযুত ৺কম্পনি সঙ্গে মোনের সহিত দোস্তী হইয়াছে সেমতে দোতরফা লিখাপড়া হইয়াছে জে দেবরাজ হিন্দু মোশলমান লোক আশীতে জাইতে তেজারতী করিতে কোন আটক করিবেন না তাহারা চন্দন নিল গুগুল সাবব পান সুপারি নিতে পারিবেক না এঙ্গরাজ ফেরঙ্গী মহাজন লোক উপরে জাইতে না পারে বাঙ্গালাতে ভোটাস্তের জে লোক ঘোড়া ও গয়রহ আনিয়া খরিদ ফরক্ত করিবেক তাহার হাশীল মাসুল দোতরপী নাহী এ দফাতে আমিহ করার লিখিয়া দিতেছি এহিমত আমলে আশীবেক কোন মতে তফাওত হবেক না ইতি সন ২৬৯ দুই সও উনশত্তরি মোতাবেক সন ১১৮৫ পচাসী বাঙ্গালা তারিখ ৯ নও পৌষ মো: কৈলকাত্তা—

---

(২)

শ্রীশ্রীকৃষ্ণ :—

সহায়।—

গরিব পরওর সলামত

আমার ও আমার বড় ভ্রাতা হরিশ্চন্দ্র রাএর ৺ঠাকুর সেবার দেবোত্তর ও পেটভাতা এ সকল লাখেরাজ জমিন চাকলে বোদা ও গয়রহ মতালকে জিম্বে থানে বেহার আছে তাহাতে সন ১১৯০ বাঙ্গলাতে আজরাহে জবরদস্তী সর্ব্বানন্দ অধিকারি থানে বেহারের মহারাণীর উসিলাতে আপনে ও অন্তদ্বারায় আমারদিগেক বেদখল করিয়া মোতসরফ হয় এ জন্তে হজুরে আরজী গুজরাইয়াছিলাও তাহাতে সন ১৭৮৮ ইসবিতে আমারদিগের

CENTRAL LIBRARY

আরজীতে করমবকশি ফরমাইয়া মেস্তর মেরসর সাহেব ও মেস্তর ষুবিট সাহেব নামে তজবিজে হুকুম হইয়াছিল হুজুরের হুকুমমতে সাহেব মউষুফ মোকদ্দমা তজবিজ করিয়া হুজুরে রেপোট করিয়াছেন আমি তজবিজের ওক্তে সাহেব মউষুফ নিকট আপন হকের ইসরাত পহুছাইয়াছি তত্রাচ অদ্যাবধি আপন হকেক পহুছিতেছিনা জহুপী রেপোট ভ্রষ্টী করাতে হুজুরে কোন বিষয় শোভা গুজরে তবে গোলামপর সওাল হইলে অথন আপন হক বুঝাইতে পারি খোদাওন্দ সেলামত বাজে জমির পর এক্তিয়ার হকদারের আর ইলাকা সরকার দৌলৎমদার হইতে বাজ সওায় সরকারের হুকুম কাহার সাধ্য রাজেআপ্তের নাই হুজুরের আইন রেবাজ ও ধর্ম্ম শাস্ত্রানুসারে জমিদার কীম্বা অন্য কেহ এ জমিনে দখিল হইতে পারেনা গোলাম জোনমবলিদার ৺ঠাকুরসেবা এবং খোরাপোসে আজেজ একারণ উমেদওার জে সাহেব মউষুফে এ মোকদ্দমার রেপেট মুলাহেজা ফরমাইয়া ইনসাফ হুকুম হয় জে গোলাম আপন হকে পহুছে ইহা জোনাবে আরজ করিল ইতি— তে ১৬ আশাঢ়—

(পারশী শীল)

আরজী
ফিদবি
শ্রীশ্যামচন্দ্র রায়

রামচন্দ

CENTRAL LIBRARY

(৩)

শ্রীশ্রীকৃষ্ণ।—

সাল ১১৯৩।—

নকল

ইং ১৭৮৬।—

মহামহিম শ্রীযুক্ত প্রোক্তর সাহেব

বরাবরেষু—

শ্রীহরিমোহন বর্দ্ধনে
৮ শ্রীজয়কৃষ্ণ বর্দ্ধনে

শ্রীহরিমোহন বাবুর আরজ—

শ্রীযুক্ত ওলন্দেজ কোম্পানিতে আড়ঙ্গ বিরভুমের গঞ্জে খরিদের দাদনী আমি লইয়া টাকা আড়ঙ্গ চালানী করিয়াছী আপরেল মাহাতে এবং মোকাম মজকুরের গোমোস্তা কাপড় খরিদ করিতেছিল এবং কাপড় কথক ২ আমদানী হইয়াছে এবং হইতেছিল দাস্ত কথক ২ তইয়ার হইয়াছে এবং মবলক কাপড় ধোবার হাতে দাশতর কারণ রহিয়াছে তাহাতে সংপ্রীতি মেঃ গেল সাহেবের তরফ পেয়াদা আসিয়া খামখা জবরদস্তী ও মারপিট করিয়া ঘাট হইতে ধোবালোককে ধরিয়া লইয়া গেলো আমার তরফ গোমস্তা ও পেয়াদা জাইয়া সাহেব মজকুরকে জাহির করিলো তাহা সাহেব গৌর না করিয়া আমার লোককে হাকাইয়া দিলেক এবং কহিলেক পুনরায় তোমরা আইয়াছ সাজাই দিব আমার কমবেষ ৪০০০ চারি হাজার থান কাপড় ধোবার ঘাটে ভিজিয়া দাস্ত বেগর পচিতে লাগিল ইহা সেওয়ায় কোরা কাপড় কাচীতে তইয়ার অতএব আরজ ইহার তদারক মেহেরবাণী করিয়া করিতে হুকুম হয় আমার কাপড় জে সকল ধোবালোক দাস্ত করিতেছিল ইহারা খুদামত ওলান্দাজর কোম্পানির ও আর ২ মহাজনের লোকের কাপড় ধোলাই করে এবং এখন তাহারা আমার কাজ করিতে খুশী আছে এবং আমার মবলক টাকা তাহারদিগের নিকট বাকী আছে—
২ দফা— মোং চন্দ্রকোনা ও রাধানগর ও হরিপাল ধন্যাখালী ও গয়রহ আড়ঙ্গ আমী এবং কোম্পানির আর ২ মহাজন কারিওটর করিয়াছী এবং মোকাম মজকুর মবলক টাকা ৩।৪ সোনের পর্ত্তন জাত করা গীয়াছে—মে ওয়াল সাহেব জবরদস্তী করিয়া তাতি লোককে কাপড় বুনিতে দেয় না মুচলকা লইয়াছেক সেওয়ায় ইঙ্গরেজের কোম্পানি আর কোন মহাজনের কাপড় বুনিতে পারিবে না ইহাত তাতী লোক আমাদিগের কাপড় বুনিতে রাজ জদি ছাপীয়া আমাদিগের কাপড় কেহ বোনে তাহা ছেনাইয়া লন এবং মারপিট করেন ইহাত আমাদিগের কর্ম্মবন্ধ হইয়াছে—জাহাতে কাজ চলে এমন তদারক করিতে হুকুম হয়—পুর্ব্বে এই সকল দৌরাত্তী কারণ মহাজনান আরজি দিয়াছিল তাহার জবাব মেলে নাই অতএব আরজ সাহেব আমাদিগের মালিক জাহাতে ত্বরায় আড়ঙ্গ খোলাসা হয় এমত করিতে হুকুম হয়। ইতি—১২ আগস্ত ১৭৮৬।— ৩০ শ্রাবণ—

---

(৪)

মহর
শ্রীশ্রীহরেন্দ্র
নারায়ণ ভূপ

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপিত শত্রু সমূহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মসির খায হজুর মুলতানন ও ইঙ্গলিস্থান জব্দয়েন বুনিয়ানঃ আজিমঃ সান সিপাহ ছালার আফুয়াজ বাদসাহি ও কম্পেনি কেসওরে হিন্দোস্থান গৌরনর জনরল চারলছ লারড কারনওালছ বাহাদোর বিশমসমরাজ টবরি কুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—

৺শ্রীশ্রীশিবঃ—
শরণং—

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপিত সত্রু সমূহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মসির খাস হজুর সুলতাননও ইঙ্গলিস্থান জব্দয়েন বুনিয়ান আজীমঃ সান সিপাহ ছালার আফুআজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হিন্দোস্থান গৌবনর জনরল চারলছ লারড কারণওালছ বাহাদোর বিশমসমরাজৈবরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্র প্রতাপেষু সাহেবের প্রতাপে অত্র মঙ্গল বিশেষঃ কলিকাতা আগমন হইয়াছে ইহাতে সর্ব্বার্থে রাজ্যের মঙ্গল আমার আওহাল সমস্ত শ্রীজগন্নাথ তলাপাত্র ও শ্রীসৃষ্টীধর রায় উকীল হজুরে আরজ করিবেক হজুরের খাতির দারি পাইলে সরফরাজ হই ইহা আরজ করিল ইতি সন ২৭৭ সকাবতে— ২২ কার্ত্তিক—

---

(৫)

শ্রীশ্রীশিব রামঃ—

শরণং—

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশির খাষ হজুর মলতান নাও ইঙ্গলিস্থান জব্দয়েন বুনিয়ান আজীমঃ সান সিপাহছালার আক্তআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গৌরনর জনরল চারলছ লারড কারনওলছ বাহাদোর বিশম সমরাজটবরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু সাহেবের প্রতাপে অত্র মঙ্গল বিশেষঃ কলিকাতা আগমন হইআছে ইহাতে সর্ব্বার্থে রাজ্যের মঙ্গল আমার আওহাল সমস্ত শ্রীজগন্নাথ তলাপাত্র ও শ্রীসৃষ্টিধর রায় উকিল হজুরে আরজ করিবেক হজুরের খাতিরদারি পাইলে সরফরাজ হই ইহা আরজ করিল ইতি ২৭৭ সকাবতে ২২ কাত্তিক

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভূজবল প্রতাপ তাপিত সত্রু সমুহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মসির খাষ হজুর শুলতানন ও ইঙ্গলিস্থান জব্দয়েন বুনিয়ানঃ আজিমঃ সান সিপাহছালার আক্কআজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হিন্দোস্থান গৌরনর জনরল চারলছ লারড কারনওলছ বাহাদোর বিশম সমরাজৈরিকুল করি কুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু

---

(৬)

শ্রীশ্রীত্রৈলোক্য—
নাথ স্মরণং—

স্বস্তি সকল মঙ্গলৈক নিলয় মহামহিম
শ্রীযুত গৌবনরঃ জানরেলঃ মেস্তর চারলষ
ইয়ারল কারণওয়ালিষ বড় সাহেব বাহাদুর
প্রচণ্ড প্রতাপেষু—

সরকার বেহার ইস্তক পাহাড় ভোটান্ত নাগাএদ রঙ্গপুর ঘোড়ঘাট তক আমাদিগের পুরুসানুক্রমের শ্রীশ্রী৺সদাসিবের দত্ত সাসন ভৌম তিন হিশ্বাতে আদ্যোপান্ত দখল হইয়া আসিতেছে কখন বাদসাহিতে দখল ছিল না পরে আমাদিগের ঘরফুট হইয়া রঙ্গপুর ঘোড়াঘাট ও গয়রহ বাদসাহিতে দখল হইল আমরা বেহার বলরামপুরে ছিলাম তাহাতে ধজেন্দ্র নারায়ণ রাজা আপন জেষ্ট ভ্রাতাকে খানখা কাটীয়াছিল এ কারণ ভূটিয়ার স্থানে কএদ রহিল আমার ছাওাল শ্রীমান নাজির দেও খগেন্দ্র নারায়ণ রাজেন্দ্র নারায়ণকে রাজা করিল তাহার পর রাজেন্দ্র নারায়ণ রাজার পরলোক হইলে পর কএদি রাজার পুত্র ধরেন্দ্র নারায়ণকে আমার ছাওাল রাজা করিলেন ইহাতে ভূটীয়ারা কহিল কএদি রাজার পুত্র রাজার উপযুক্ত নহে তুমি রাজা হও অথবা অন্ন কাহাকো রাজা করহ তাহা আমার ছাওাল মনজুর করিল না একারণ সন ১১৭৯ সালে ভূটীয়ার সঁহিত কাজিয়া হইয়া আমার ছাওাল ৺কোমপানির সরণাগত হইয়া সরকার বেহার কোমপানির দখল দেলাইয়া উতপন্নের নিস্পী কোমপানিতে নালবন্দী কবুল করিয়া কউলনামা আদি লেখাপড়া আপন নামে না করিয়া ধরেন্দ্র নারায়ণকে আমার ছাওাল রাজা করিয়াছিল তাহা ভোটেরা মঞ্জুর করে না একারন রাজার কাইমাএে রাজার নামে করিয়া শ্রীযুত মেস্তর পরলিঙ্গ সাহেব সহিত কোমপানির ফৌজ লইয়া ভোটীয়াকে নিরস্ত করিল আমার পুরুষানুক্রমের কিয়ার বহাল থাকিল বেহার মোকামে পরলেঙ্গ সাহেব মজকুর তিন তরফের কাগজ ও আমলা একত্র করিয়া ৺গবনর কৌউচলের হকুম মতে খড়ো পোষ জাহার জে ছিল তাহা মজুরা দিয়া নালবন্ধীর বন্দোবস্ত করিল রাজা ধরেন্দ্র নারায়ণকে আমার ছাওাল ভোটীয়ার স্থান হইতে খালাস করিয়া লইল রাজা বেহার পুহছিয়া পাগল হইল কতেক দিবস পরে ধরেন্দ্র নারায়ণের পরলোক হইল ততপরে আমার ছাওাল পাগল রাজাকে রাজা করিয়া কোমপানিতে জে নালবন্দী কবুল করিয়াছিল তাহা হিশ্বাকই সরবরাহ করিয়া আপন ২ ভৌমে কায়েম রহিলাম এহিমতে শ্রীযুত মেস্তর পরলিঙ্গ সাহেব মজকুর ও শ্রীযুত মেস্তর লম্পট সাহেব ও শ্রীযুত মেস্তর হাড়ুট সাহেব ও শ্রীযুত মেস্তর বুগল সাহেব ও শ্রীযুত মেস্তর গোডলাট সাহেব লাগাদী সন ১১৯০ সাল তক জে জে জেলাদার সাহেবান লোক আসিয়াছে তাহারা একেকজন সাজোয়াল সরকার মজকুরে পাঠাইয়া নালবন্দীর টাকা তিন তরফে বুজিয়া লইয়াছে আমরাও আপন

ফরাখরি মতে ছিলাম মেস্তর হাড়ুট সাহেবের আমলে শ্রীসর্ব্বানন্দ গোসাঞী পাগল রাজার রানির সহিত ইত্তিফাক করিয়া রাজার হিশ্বাতে দৌরাত্ম আরম্ভ করিল এ কারণ আমার ছাওাল সাহেব মজকুরকে সংবাদ লিখিল সাহেব মজকুর গোসাঞী মজকুরের স্থানে মুচলিকা লইল বেহারে জাইবেক না এবং মামলিয়ত করিবেক না পরে মেস্তর পরলিঙ্গ সাহেবের দোসরা আমলে গোসাঞী মজকুর সাহেবের মরজি করিয়া বেহার গেল আমরা আপন ২ হিশ্বাতে কাএম ছিলাম সন ১১৯১ সালে মেস্তর মৌর সাহেব জেলা রঙ্গপুর পুহুছিলে পর গোসাঞী মজকুর সাহেবের সহিত কারসাজী করিয়া আমার ভূম সরকার বেহারের হিশ্বা ও বোদা ও গয়রহ তিন চাকলা যখন রঙ্গপুর বাদসাহিতে দখল হইল তখন অবধি আমার বেসরাকতি জমীদারি এবং কোমপানিতে জে খোরপোষ মজুরা পাইয়াছিলাম সমস্ত দখল করিয়া লইল এবং আমার বাটী ঘড় মাল আমোর্ত্তাল লুটতরাজ করিয়া লইল আমার গোমস্তা শ্রীশামচন্দ্র রায় তাহাকে কএদ রাখিয়া তাহার বাটী ঘড় লুটতরাজ করিল এবং আমার বাড়িতে সাহেবের তরফ সিফাই আপন তরফ দুই তিন সও লোক পাঠাইয়া বাটী ঘিরিয়া আমার ছাওালকে কত্রদ করিবার উদ্দত এ কারণ গবঃনর কৌউচলে নালিষ জাইতেছিল দসরোজের পথ হইতে সাহেবের তরফ সিফাই ও গোসাঞের তরফ মবলগা লোক জাইয়া আমার ছাওালকে ধরিয়া জিলা রঙ্গপুর আনিয়া সাহেব মজকুর গোসাঞের জিম্বা করিয়া দিল গোসাঞী মজকুর বেহারে আনিয়া তিন চারি সও লোক মধ্যে বেহুরুমত করিয়া কএদ করিয়া কোথা রাখিল কী করিল তাহার অন্বেসন পাই না আমার তরফ রাইয়ত আমলা লোক সকলকে লুটতরাজ করিয়া আমার মলুক খানে খারাপ করিল আমি তিন সন হইল নালিষবন্দ আমার ইনসাফ কেহো করে না গোসাঞী মজকুর আমার ভূম ও মাল আমোর্ত্তাল আপন দস্ত করিয়া জরদার হইয়াছে তাহার জরবাজি মতে জিলা মজকুরে জে জে সাহেব লোক আশীতেছেন তাহাদিগের স্থানে গোসাঞী মজকুর সরফরাজ আমার তরফ রাইয়ত জন কেহ জিলার সাহেবের নিকট নালিষ গেলে গোসাঞের জিম্বা করিয়া দেন গোসাঞী মজকুর পাচ সাত জনা উকিল কলিকাতার দরবারে রাখিয়াছে তাহারা সব্বত্রে কারসাজী করিয়া ফিরিতেছে গোরঃনর কৌউচলের হুকুম মতে তাহা নবাব মজফর জঙ্গ বাহাদুরজীউ আমার গোমস্তা শ্যামচন্দ্র রায় মজকুরকে কএদ হইতে তলব দিয়া লইয়া জাইয়া তজবিজ করিয়া খালাষ দিলেন রায় মজকুর কলিকাতা পুহুছিয়া সাত মাস তক নালিষবন্দ কেহ শুনিল না মতে আজিজ হইয়া উঠিয়া আইল আমার তরফের জে দুই একটী উকিল আছে তিন সন অবধি আরজী দাখিল করিতেছে গোসাঞের উকিলের কারসাজী মতে কেহো ইনসাপ করে না আমি সগোষ্ঠী সহিত অম্বের আজিজ ৺কোমপানি বাহাদুরের সরণাগত হইয়া আমার জে আহোওাল হইয়াছে ইহাতে পাহাড়তলী জত রাজ রাজোরা আছে আমার আহোয়াল দেখিয়া আর কেহো কোমপানি বাহাদুরের সরণাগত হইবে না সাহেব বিলাতের উমদা বাদসা ঘড়ানা ৺সাহেবকে হিন্দুস্থানের বাদসা করিয়া পাঠাইয়াছেন সাহেবের আগমনে সর্ব্বত্রে ইনসাফের নকসা পুহুছিয়াছে আমার স্বহায় সম্পত্তী সেওায় সাহেব অন্ত কেহো নাঞী আমার সিকস্ত

আহোয়ালের পর নেকনজর রাখিয়া আমাকে সাবেক মতে আপন মিরাসে কাএম করিতে হুকুম হইবেক আমার তরফ শ্রীবৈষ্ণনাথ উকিল তথাত আছে আমার আহোয়াল হুজুরে সমস্ত আরজ করিবে মেহেরবানী পূর্ব্বক -হক ইনসাফ হুকুম হইবেক তিন সন অবধি আমার বাটী ঘর রাহা ঘাট সর্ব্বত্রে চৌকি লিখন লিখিয়া অন্যত্রে পাঠান সাধ্য নাই অতি সঙ্গপনে সাহেবের হুজুরে আরজ পত্র লিখিলাম পুহুছে এমত ভরসা নাই যদি পুহুছে তবে মেহেরবাণী পূর্ব্বক জবাব হুকুম হইবেক গোচর করিল ইতী সন ২১৭ সাল তারিখ ২ পোষ

---

(৭)

শ্রীশ্রীশিবঃ
শরণং

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভুজবল প্রতাপতাপিত সত্রূসমুহ পূজিতাখিল রায়ে্শ্বর মহামহিম শ্রীযুত মশীর খায় হুজুর শূলতানন ওইঙ্গলিস্থান জব্দয়েন বুনিয়ান আজিমঃ-সান শীকাহছালার আক্কুআজ বাদশাহি ও কম্পনী কেসওরে হিন্দোস্থান গৌরনর জনরল চারলছ লাট করনওালছ বাহাদোর বিশম সমরাট বৈরীজন করীকুম্ভ বিদারণ কেশরীবর মহোগ্রপ্রতাপেষু সাহেবের বোলবালা দৌলৎ জ্যাদা সর্ব্বক্ষন ৺দ্বারাতে কামনাতেই অত্রানন্দ বিশেষঃ আপন আহওাল উকিলেরা হুজুরে আরজী দাখিল করিয়াছে তাহাতে গোচর আছে আমি ৺কুম্পানীর ছায়া লইয়াছি হরমুরতে আরামে থাক্কীব তাহাতে নমক হারাম লোকে নানাবিধ তহদি দিয়াছে অখন মিথ্য ২ তুফান করিয়া ফিরে শ্রীযুত মেস্তমোর সাহেব তজবিজ করিয়া রোয়দাদ করিয়াছেন তাহা নজর করিয়া আমার ইলাকা তাহারদিগের পাস জে ঠহরিয়াছে তাহা পাই জেমত ২ নমকহারামি করিয়াছে তাহার মত সাজাত পহুচে উকিলেরা হাজির আছে জখন জে বিশয় আরজ করে তাহার ইনশাফ হুকুম হবেক ইহা আরজ করিল ইতি তাং—২৪ মাঘ

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপিত সত্রূসমুহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাস হুজুর শুলতানন ও ইঙ্গলিস্থান জব্দয়েনবুনিয়ান আজিমঃছান শীকাহছালার আক্কুআজ বাদশাহি ও কম্পনী কেশওরে হিন্দোস্থান গৌরনর জনরল চারলছ লাট করনওালছ বাহাদোর বিশম শমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেশরীবর মহোগ্রপ্রতাপেষু

CENTRAL LIBRARY

(৮)

শ্রীশ্রীকৃষ্ণ:

শরণং

স্বস্তি প্রাতরুদীয়মানার্ক মণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপিত সত্রূ সমূহ পুজিতাখীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর শুলতানন ইঙ্গলিস্থান জব্দয়েৎ বুনিয়ান আজীমঃ-সান শীফাহছালার আফ্রুআজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হিন্দোস্থান গৌরনর জনরল চারলছ লাট করণওালছ বাহাদোর বিশম শমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্রপ্রতাপেষু—সাহেবের দৌলত জ্যাদা হামেসা কামনা করি জাহাতে অত্রানন্দ বিশেষঃ আরজ বেহারের ৺মহারাজা আদ্যোপান্তে আমার সেবক স্বৰ্গি ৺মহারাজা বর্ত্তমান থাকীতে অবধী আমাকে মুলুকের খবরগিরি ও মাল গুজারের সরবরাহের সকল দফার মোক্তিআরি করিআছেন তদবধী রাজ্যের প্রজার খবরগিরী ও মালগুজারের সরবরাহ করিতেছি শ্রীশ্রীমহারানি রাজমাতা ও শ্রীশ্রীমহারাজা হরেন্দ্রনারায়ণ ভূপ আপন এতবার জন্যে অখনো আমাকে সকল দফার মেক্তিআর করিআছেন উম্মেদওার হজুরের খাতির দারি পাইলে খাতিরজমাতে মুলুকের খবরগিরি ও মালগুজারের সরবরাহ করি উকীলেরা হজুরে হাজির আছে জখন জে বিশয় আরজ করে তাহার ইনসাফ হুকুম হবেক ইহা আরজ করিল ইতি ১৭১৭ সকাব্দে ১১ ফাল্গুণ—

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপিত সত্রূসমূহ পূজীতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর শুলতাননও ইঙ্গলিস্থান জব্দয়েৎ বুনিআন আজীমঃসান শীফাহছালার আফ্রুআজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হিন্দেস্থান গবনর জনরল চারলছ লাট করণওালছ বাহাদোর বিশম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—

(৯)

শ্রীশ্রীশিবঃ

শরণং

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপিত সত্রূসমূহ পূজিতাঘীল রাজেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর সুলতাননও ইঙ্গীলিস্থান জব্দয়েন বুনিয়ান আজীমঃসান শীফাহছালার আফুআজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হিন্দোস্থান গৌরনর জনরল চারলছ লাট করণওালছ বাহাদোর বিশম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্রপ্রতাপেষু—সাহেবের দৌলত জ্যাদা হামেসা কামনা করি জাহাতে অত্রানন্দ বিশেষঃ সাহেবের অনুগ্রহপত্র পাইয়া পরম আহ্বাদীত হইলাম সরকার বেহারের নালবন্ধী ও চাকলে বোদা ও পয়রহের মালগুজারির সরবরাহ করিতেছি তাহাতে ত্রোটী জাবেক না ৺কুম্পানির ছায়া লইআছি আমার আয়োহাল বিস্তারিত উকীলেরা আরজীদি দাখিল করিআছে তাহাতে আরজী নজর করিয়া নমকহারাম লোকের পায জে ইলাকা পাই ও তাহারা তকশীরবমোজীম সাজায়তে পহুছে এমত হুকুম হবেক আমার গুরু শ্রীযুত ৺গোস্বামীজীউকে বিশ্বাবপ্রজুক্ত বাবা স্বর্গী ৺মহারাজা থাকীতে অবধী মুলুকের খবরগীরি ও মালগুজারের সরবরাহ কারণ সকল দফার মোক্তিআর করিয়া দিআছেন আমিহ অথন তাঁহাকে সকল দফারে মোক্তিআর করিয়া দিআছি তাঁহাকে হযুরের খাতিরদারি হুকুম হবেক জে খাতিরজমাতে মুলুকের খবরগীরি ও মালগুজারির সরবরাহ দেন উকীলেরা হুজুরেঁ হাজীর আছে জথন জে বিশয় আরজ করে আমারপর নেকনজর রাখিয়া ইনসাফ হুকুম হবেক সাহেব মালিক উম্মেদ রাখি খাতিরদারি লিখিয়া সরফরাজ রাখিবেন ইহা আরজ গোচরিল ইতি ২১১ ষকাবতে—১১ ফাল্গুনস্য

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপীত সত্রূসমুহ পূজিতাঘীল রাজেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর শুলতাননও ইঙ্গলীস্থান জব্দয়েন বুনিয়ান আজীমঃসান শীফাহছালার আফুআজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হিন্দোস্থান গরনর জনরল চারলছ লাট করণওালছ বাহাদোর বিশম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—

(১০)

শ্রীশ্রীশিবঃ
শরণং

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপীত সত্রু সমূহ পুজিতাখীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাস হুজুর শুলতানন ও ইঙ্গলিস্থান জঙ্গয়েণ বুনিয়ান আজীমসান শীফাহ ছালার আফুআজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হিন্দোস্থান গৌবনর জনরল চারলছ লাট করণওালছ বাহাদোর বিশম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্রপ্রতাপেষু— সাহেবের দৌলত জ্যাদা হামেসা কামনা করি জাহাতে অত্রানন্দ বিশেষঃ সাহেবের অনুগ্রহপত্র পাইআ পরম আবাদীত হইলাম মুলুকের খবরগিরি করিয়া সরকার বেহারের নালবন্দী ও চাকলে বোদা ও গয়রহের মালগুজারীর সরবরাহ করিতেছি তাহাতে ত্রোটী জাবেক না ৺কুম্পানীর ছায়া লইআছি নমকহারাম লোকে নানাজাতি পিড়া দিয়াছিল অখনহ নানা তুফান করিয়া ফীরে উকীলেরা হুজুরে আরজী দিআছে তাহাতে গোচর আছেন শ্রীশ্রীবাবা মাহারাজা বালক জাহাতে আরামে থাকে নমক হারাম লোক পায জে ইলাকা ঠহরিআছে তাহা পাই এবং তকশীরবমোজীম তাহারা সাজাতে পহুছে এমত হুকুম হবেক আমার গুরু শ্রীযুত ৺গোস্বামীজিউকে[১] বিশ্বাস প্রজুক্ত স্বর্গি ৺মহারাজা থাকীতে অবধী মুলুকের খবরগিরি ও মালগুজারের সরবরাহ কারণ মোক্তিআর করিয়া দিআছেন বাঁবামহারাজা ও আমিহ অখন তাহারপর সকল দফার মোক্তিআর দিআছি তাহাকে হুজুরের খাতিরদারি হুকুম হবেক জে খাতিরজমা রাখিয়া মুলুকের খবরগীরি ও মাল গুজারীর সরবরাহ দেন শ্রীজগন্নাথ তলাপাত্র উকীল ও শ্রীস্বষ্টীধর রায় ও শ্রীজানকীরাম উকীল হুজুরে হাজির আছে অখন জে বিশয় আরজ করে তাহার ইনসাফ হুকুম হবেক ইহা আরজ করিল ইতি ২১১ সকাবতে— ১১ ফাল্গুণস্য—

স্বস্তি প্রাতরুদীয়মানার্ক মণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপিত সত্রুসমূহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরখায হুজুর যুলতাননও ইঙ্গলিস্থান জঙ্গয়েণ বুনিয়ান আজীমঃ-সান শীফাহছালার আফুআজ বাদসাহিও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরল চারলছ লাট করণ বাহাদোর বিশম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্র প্রতাপেষু—

(১) সর্ব্বানন্দ।

CENTRAL LIBRARY

(১১)

শ্রীশ্রীত্রৈলোক্য—

নাথ স্বরণং—

স্বস্তি সকল মঙ্গলৈক নিলয় মহামহিম শ্রীযুত গৌরনর জানরেল চারলেস লাড় করনওালিস বড় সাহেব বাহাদুর প্রবল প্রতাপেষু—আগুদসার গরদিস পত্রে ক্বাহাতক লিখিব—শ্রীসর্ব্বানন্দ গোসাঞি আমাদিগের ঘরে ২ বিভেদ বন্ধাইয়া আমারে ভুম হইতে বেদস্ত করিয়া নুট তারাজ করিয়া খানে ওয়রান করিল আমি চাইর সন হইলো নালিসমন্দ আমার ইনসাফ কেহ করে না সন ১১৯৩ সালে শ্রীযুত মেস্তর মেথড়োর সাহেব জিলা রঙ্গপুর পহচীয়া বাবা শ্রীমান বিরেন্দ্রনারান জুবরাজকে তলব দিয়া লইয়া জাইয়া বৎস্বরাবদি রাখিল গোসাঞির কারসাজি মতে ইনসাফ না করিয়া বিদাএ হওনের কালে হুকুম করিল তুমি রাজার সহিত মিলওবে—তোমার ইনসাফ হইবেক সে মতে আমরা রাজার সহিত মিলিলাম রাজা সপরিবারে আমার বাড়িতে আইলেন ৺ধম্ম দরিমান করিয়া আমরা ঘরে ২ একতা হইলাম রাজা জীলার সাহেবকে পুন ২ আরজ লিখিল আমরা ঘরে ২ একতা হইলাম গোসাঞির সহিত আমার মামলিয়তের কোন বিসএ নাহি আমারদিগের আপন ২ মাল গুজারির সরবরাহ আমরা করিব আমীহ সাহেবকে পুন ২ লিখিলাম আমরা ৺কুম্পানি বাহাদুরের সরণাগত দস্তবস্তা হাজির আছি গোসাঞির কথামতে আমাকে খানে ওয়রান করা উচিত নহে এবং রাজা সম্পকিত আপনকারদিগের হুজুর বিস্তারিত লিখিআছিলাম তাহাতে গোচর থাকিবেক জীলার সাহেব মজকুর আমারদিগের আরজ না বুনিঞা গোসাঞির কারসাজিমতে আমার পর কপীতান আদী ফৌজ এবং গোসাঞির তরফ মবলগ ফৌজ হামরাও পঠাইলেন কপীতান মজকুর আমার বাড়ি মোকামে পহচিআ চৌতরফি ঘিরাও করিল করিআ রসদ আদী বন্ধ করিল তাহাতে সওাল করিলাম আমী ৺কুম্পানি বাহাদুরের খএরখা দস্তবস্তা হাজির আছি আমাকে কি কারণ খানে ওয়রান কর তাহাতে কাপিতান মজকুর কহিল তুমি রাজার সপরিবারে বেহার পাঠাও তোমার সাবেক বদস্তর জেমত ধারা ভুমের হিস্সা আদি আছে তাই বহাল থাকিল তাহাই আমি কবুল করিলাম পরে কাপীতান মজকুর আমার বাড়ি মোকামে আসিআ ৺ধম্ম দরিমন করিআ করার করিলেন আমিহ ধম্মদরিমান করিলাম পরদিবস প্রাতে রাজা বেহার মোকামে জাইবেন এহি ধার্য্যা হইল ইতিমধ্যে রাত্রিজোগে কাপীতান মজকুর বলে ফৌজ সমেত আমার বাড়িতে চড়াও করিআ বাড় খাড়া করিআ এতবার গাফএর করিয়া আমার তরফ মবলগ লোক মারিআ বাড়ীর মধ্যে জাইয়া আমারদিগের কাহাক ২ মারিল তার ঠীকানা নাহি বাবা শ্রীমান নাজিরদেওর ছাওাল দুইটী ছিল তাহার গোলেন্দাজিতে মারা পড়িল কি আছে তাহার অন্তাসন পাইনা আমাকে এবং আমার ছাওাল শ্রীমান ভগবস্ত নারায়ণ কুঙর সহিতে বেহরমত করিআ পহরাতে কয়দ করিআ আনিলেন গোসাঞির তরফ

লোকে বাড়ির ঘর খুদিআ মাল আমওাল লুট তারাজ করিল আমারদিগেক রঙ্গপুর মোকামে আনিঞা পহরাতে কয়দ করিআ রাখিআছেন আমার ছাওালকে বেড়ি দিআ রাখিআছেন ৺কুম্পানি বাহাদুরের সরণাগত লইআ আমী আওলাদ বুনিআদ সমেত থানে ওয়রান হইলাম ৺নওাব জাফরালী খাঁ বাহাদুর ৺কম্পানিতে মুলুক দখল দেলাইআ তাহার আওলাদ বুনিআদ সমেত কুম্পানি বাহাদুর কাইম রাখিআছেন এবং আর ২ জে লোক কুম্পানি বাহাদুরের সরণাগত লইআছে তাঁহারা সকলে কাইম আছে আমার ছাওাল শ্রীমান নাজির-দেও খগেন্দ্র নারায়ণ কুম্পানি বাহাদুরের সরণাগত হইআ থানে বেহার কুম্পানিতে দখল দেলাইআ আমার এহি দসা হইল সাহেব মুলুকের মালিক ধর্ম্মদিষ্টি করিআ আমারদিগেকে সকল সমেত হুজুর তলব করিআ ইনসাফ দিগ্র করিতে হুকুম হবেক জদিস্বাং আমার হকে জলদ তদারক না করেন তবে আপনে ৺স্তানে পাকড়া জাইবেন আমাকে আর ফজিয়ত বরদাস্ত হএনা আমার প্রাণ জাওার উদ্দত আমার তরফ শ্রীবৈষ্ণনাথ উকীল সাহেবের হুজুর হাজির আছে জবানিতে আমার আহ্‌আল আরজ করিবেক মেহেরবানগী করিতে হুকুম হবেক গোচরিল ইতি। ২৭৮ সকাবতে ৪ অগ্রায়ণ।

সস্তি সকল মঙ্গলৈকনিলয় মহামহিম শ্রীযুত গোবনর জানরেল চারলেস লাড় করণ-ওালিস বড় সাহেব বাহাদুর প্রবল প্রতাপেষু—

CENTRAL LIBRARY

(১২)

শ্রীশ্রীসিব—

শরণং—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজ বল প্রাতাপ-তাপিত সত্রু সমূহ পূজিতাখিল রায়োশ্বর মহামহিম শ্রীযুত মশীরথাষ হজুর সুলাতানন গোলেস্তাজব্দেন ও বুনিয়ান আজিমঃসান সেফাহছালার আফোয়াজ বাদসাহি ও কুম্পানী বিসোরে হিন্দুস্থান গবনর জনরেল চারলছ লাট করণওালছ বাহাদোর বিশম সমরাট বৈরীকূল করিকুম্ভ বিদারন কেশরীবর মহোগ্রপ্রতাপেষু—। সাহেবের দৌলত জ্যাদা হামেশা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ আপন আহওাল উকিলেরদিগের পূর্ব্ব আরজীতে গোচর হইয়াছেন নমকহারাম লোকে জেমত করিয়াছে তাহা কাহাতক লিখিব শ্রীখগেন্দ্রনারায়ণ কুমর ও তাহার খুড়ি শ্রীমরিচমতী ও তাহার পুত্র শ্রীবীরেন্দ্রনারায়ণ কুমর ও তাহার ভ্রাতা শ্রীভগবন্তনারায়ণ কুমর ও গয়রহ শ্রীবৈকুণ্ঠনারায়ণ কুমর সহিত খসলহত করিয়া পরগনে খুৰা ও পরগনে ভিতরবন্ধ ও পরগনে গয়বাড়ীর শ্রীগনেষগীর সন্ন্যাসীআদি ও বরকন্দাজ খুৰা মোকামে জমাইত করিয়া আমার দেহড়িত শ্রীগোলাপশীংহ শুবেদার এক কুম্পানীর সিফাহি সমেত ছিল ৩২ জৈষ্ট বেহার রাজবাটীতে চড়াও করিয়া আমাকে ও শ্রীশ্রীমাতা মহারানীকে পাকুড়িয়া জথাসর্ব্বস্ব লুটীয়া লইল বুবেদার মোখালিফ সহিত কারসাজি করিয়া মোজাহিম নহিল শ্রীশ্রীমাতা মহারানী ৺কুম্পানীর দোহাই দিয়া লড়িতে কহিলেন মুভেদার লড়িল না মন্দইর লোকে অন্দরে একজনা স্ত্রিলোকেক গুলী মারিল ও হাথীর মাহুতকে কাটীল তাহা দেখিয়া বাজে লোক জে ছিল ভাগিল তদপরে মাতা মহারানীকে সন্ন্যাশী আদী ফৌজে ঘেরাও করিয়া পয়দলে বলরামপুর ছয়ক্রোষ খগেন্দ্রনারায়ন কুমরের বাটীতে লইয়া জাইয়া আমাকে ও মাতা মহারাণীকে সন্ন্যাশীর ঘেরাওত রাখিয়া নানামত দুঃখ পিড়া দিয়া আমার ও মাতা মহারানীর মোহর ছিনাইয়া লইয়া আপন মতলব মতে লিখন পড়ন লিখিয়া মোহর করিয়া লইয়াছে এবং কতক লিখনে আমার ও মাতা মহারানীর দস্তখত করিয়া লইয়াছে এবং সাদা কাগজে দস্তখত ও মোহর অনেক করিয়া লইয়াছে কেবল কণ্ঠাগত প্রান হইয়া রহিয়াছিলাম পরে আমার গুরু শ্রীযুত ৺গোস্বামি জীউ[1] ৺স্বর্গীয় মহারাজ বর্ত্তমান থাকিতে অবধি বিশ্বাষ প্রজুক্ত রাজত্তের মোক্তেয়ারী করিতেছেন তিনি জেলার শ্রীযুত মেস্তর মেঘডোর ষাহেবের নিকট এ সকল হকিকত জাহেরে করাত তিনী হজুর ইতলা করিলে পর এবং উকিলেরদিগের দরখাস্ত মতে জেলার সাহেবের নামে হুকুম আসীয়াছিল সেমতে ৺কুম্পানীর ফৌজ পঠাইয়া অনেক তদারক করিয়া মোখালেপের হাত হইতে খালাশ করিয়াছেন সেমতে বেহারের বাটীতে পহুচিয়াছি জে হালেতে পড়িয়াছিলাম তাহাতে সাহেবের মেহেরবানী জোগে ও জেলার সাহেবের জতোচিত তদারক মতে অব্যাহতি হওাত পুনঃজন্ম হইল খগেন্দ্রনারায়ণ কুমর ও তাহার পুত্র বীরেন্দ্রনারায়ণ কুমর আদি

(১) সর্ব্বানন্দ।

পলাইয়াছে তাহার খুড়ি মরীচমতী ও ভগবন্তঃ নারায়ণ কুঙর ও গনেষগীর সন্ন্যাশী ও গয়রহ পাকড়া আশীয়াছে এবং বৈকুণ্ঠনারায়ন কুমর পহরাতে আছে জিলার সাহেবের নামে হুকুম আইসে ইহারদিগের উপযুক্ত সাজা হয় খগেন্দ্রনারায়ণ কুমর ও তাহার পুত্র বীরেন্দ্রনারায়ণ কুমর জেখানে জাইয়া থাকে পাকুড়িয়া আনিঞা তাহারদিগের সাজা হয় ও কয়েদ থাকে আমার জে সকল লুটীয়া লইআছে তাহা দেলাইয়া দেন তাহারদিগেক না ধরিলে তাহারা অবস্ত পুনশ্চ দাগা করিবেক তাহারা জাবৎ পাকড়া না পড়িয়াছে তাবৎ প্রানভয় সর্ব্বদা ভিত আছি কখন কি হয় বোলা যায় না অতয়েব অনুগ্রহ পূর্ব্বকে জেলার সাহেবেক লিখিতে হুকুম হবেক জে তদারক করিয়া পাকড়েন নতুবা কোনমতেও শোয়াশ মিটে না গোলাপ সীংহ ষুবেদার কয়েদ ছিল তাহাকে শ্রীযুত কাপত্যান ডবীনসেন কলিকাতা লইয়া জাইতে নিসেধ করিলাম যে ষুবেদার মঞ্জুর জে মত তকসীর করিয়াছে ইহাতে তাহার সাজা সরে জমিনে হয় তাহা না মানিঞা শুবেদারকে খানখা সঙ্গে লইয়া গেলেন সাহেব মালিক শুবেদারকে জেলার সাহেবের নিকট পঠাইতে হুকুম হবেক তিনি তজবিজ করিয়া তাহার উপযুক্ত সাজা সর জামিনে দেন কখনো এমত নমকহারামি কেহ না করে সে নমকহারাম তাহাকে দূর করিয়া অন্য ষুবেদার রাখিয়াছি আর আমারদিগেক কাবুত রাখিয়া বলরামপুর মোকামে জে সকল লিখন পড়ন আমারদিগের মোহর ও দস্তাবিজে ও সাদা কাগজে মোহর করিয়া লইয়াছে সে সকল লিখন পড়ন মঙ্গইর তরফ লোকে দরপেষ-করে তাহা মঞ্জুর নহে সেমতে আমাঁর ও মাতা মহারানীর নামের জদিদ মোহর করিলাম ৺কুম্পানীর আশ্রয় লইয়াছি সাহেবের মেহেরবানী ও মদদে প্রান রক্ষা পাইলাম জেমতে স্থির থাকী ও সর্ব্বার্থে রক্ষা পাই তাহা করিতেছেন এবং করিতে অবধান হবেক আমার উকিলেরা তথাত হাজির আছে সমস্ত আহওাল আরজ করিবেক তাহাতে গৌর অবধান হবেক ইতি—২৫ অগ্রহায়ন

স্বস্তি: প্রাতরুদীয় মানার্ক মণ্ডল নিজভুজবল প্রতাপ তাপিত সত্র সমুহ পূজিতাখিল রাষোশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ-হজুর শুলতানন গোলেস্তাঁ জুব্দেন ও বুনিয়ান আজিমঃ সাঃন সেকাহছালার আফোয়াজ বাদশাহি ও কুম্পানী কিশোরে হিন্দুস্থান গবনর জনরেল চারলচ লাট করণওালচ বাহাদোর বিসম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরীবর মহোগ্র প্রতাপেষু—

(১৩)

শ্রীশ্রীশিব রামঃ
শরণং—

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পূজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর শুলতানল গোলেস্তা জব্দয়েন ও বুনিআন আজিমঃ সান শীফাহছালার আফোআজ বাদসাহি ও কম্পানি কেসোরে হিন্দোস্থান গবনর জনরেল চারলস লাট করণওালছ বাহাদোর বিসম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরীবর মহোপ্রতাপেষু—সাহেবের বোলবালা দৌলত জ্যাদা সতত কামনাতেই অত্রানন্দ বিশেষঃ আপন আওহাল উকিলেরদিগের পুর্ব্ব আরজিতে গোচর হইআছেন নমকহারাম লোক জেমত ২ করিআছে তাহা কাহাতক লিখিব শ্রীখগেন্দ্রনারায়ণ কুঙর ও তাহার খুড়ি শ্রীমরিচমতি ও তাহার পুত্র শ্রীবিরেন্দ্র নারায়ণ কুঙর ও তাহার ভ্রাতা শ্রীভগবন্ত নারায়ন কুঙর ও গয়রহ শ্রীবৈকুণ্ঠ নারায়ন কুঙর সহিত মসলত করিয়া পরগনে খুত্তা ও পরগনে ভিতরবন্ধ ও পরগণে গয়বাড়ির শ্রীগনেসগির সন্যাশী আদি ও বরকন্দাজ খুত্তা মোকামে জমাইত করিয়া আমার দেহড়িতে শ্রীগোপাল শীংহ শুভেদার এক কম্পানী সিফাহি সমেত ছিল ৩২ জৈষ্ঠ বেহারের রাজবাড়িতে চড়াও করিয়া আমাকে ও শ্রীশ্রীবাবা মহারাজাকে পাকুড়িয়া জথা সর্ব্বস্ব লুটীয়া লইল শুভেদার মোখালিফের সঙ্গে কারসাজি করিয়া মোজাহিম নহিল আমি ৺কুম্পানির দোহাই দিয়া লড়িতে কহিলাম শুভেদার লড়িলনা যুদ্ধইর লোকে অন্ধরে একজনা স্ত্রীলোকেক গুলি মারিল ও হাথির মাহুতকে কাটীল তাহা দেখিয়া বাজে লোক জে ছিল ভাগীল তদপরে আমাকে সন্যাশী আদি ফৌজে ঘেরাও করিয়া পয়দলে বলরামপুর ছয় ক্রোষ খগেন্দ্রনারায়ণ কুঙরের বাটীতে লইয়া জাইয়া আমাকে ও বাবা মহারাজাকে সন্যাশীর ঘেরাওত রাখিয়া নানামত দুঃখ পিড়া দিয়া আমার ও বাবা মহারাজার মোহর ছিনায়া লইয়া আপন মতলব মতে লিখন পড়ন লিখিয়া মহর করিয়া লইআছে এবং কত ২ লিখনে আমার ও বাবা মহারাজার দস্তখত করিয়া ও মোহর করিয়া লইআছে এবং সাদা কাগজে মোহর ও দস্তখত করিয়া অনেক লইআছে কেবল কণ্ঠাগত প্রান হইয়া রহিআছিলাম পরে আমার গুরু শ্রীযুত ৺গোস্বামি জিউ ৺সগ্‌গি মহারাজা বর্ত্তমান থাকীতে অবধী বিশ্বাষ প্রজুক্ত রাজত্তের মোক্তিআরি করিতেছেন তিনি জিলার শ্রীযুত মেষ্ঠর মেঘভোর সাহেবের নিকট এ সকল হকিকত জাহের করাত তিনি হজুর এতালা করিলে পর এবং উকিলেরদিগের দরখাস্ত মতে জিলার সাহেবের নামে হুকুম আশীআছিল সেমতে ৺কুম্পানির ফৌজ পাঠাইয়া অনেক তদারক করিয়া মখালিপের হাত হইতে খালাষ করিআছেন সেমতে বেহারের রাজবাড়িতে পহুছিআছি জেহালেত পড়িআছিলাম তাহাতে সাহেবের মেহেরবানি জোগে ও জিলার সাহেবের জথোচিত তদারক মতে অব্যাহতি হাওাতে পুনর্জ্জন্ম হইল খগেন্দ্র নারায়ন কুঙর ও তাহার পুত্র বিরেন্দ্রনারায়ন কুঙর আদি পালাইআছে তাহার খুড়ি

মরিচমতি ও ভগবন্ত নারায়ণ কুঙর ও গনেসগীর সন্ন্যাশী ও গয়রহ পাকড়া আশীআছে এবং বৈকুণ্ঠনারায়ণ কুঙর পহরাতে আছে জিলার সাহেবের নামে হুকুম আইসে তাহারদিগের উপযুক্ত সাজায় হয় খগেন্দ্র নারায়ণ কুঙর ও তাহার পুত্র বিরেন্দ্র নারায়ণ কুঙর জেখানে জাইয়া থাকেন পাকুড়িআ আনিয়া তাহারদিগের সাজা হয় ও কয়েদ থাকে আমার জে সকল লুটীয়া লইআছে তাহা দেলাইয়া দেন তাহারদিগেক না ধরিলে তাহারা পুনশ্চ অবশ্য দাগা করিবেক তাহারা জাবত পাকড়া না পড়িআছে তাবৎ প্রাণভয় সর্বদা ভিত আছি কখন কি হয় বোলা জায় না অতএব অনুগ্রহ পুর্বক জিলা সাহেবেক লিখিতে হুকুম হবেক জে তদারক করিয়া পাকড়েন নতুবা কোন মতেও শোয়াস মিটে না গোলাপ সীংহ শুভেদার কত্রদ ছিল তাহাকে শ্রীযুত কাপীতান ডক্কীনসেন কলিকাতা লইআ জাইতে নিসেধ করিলাম জে শুভেদার মজকুর যে মত তকশীর করিআছে ইহাতে তাহার সাজা সরেজমিনে হয় তাহা না মানিঞা স্বভেদারেক খামখা সঙ্গে লইআ গেলেন সাহেবে মালিক শুভেদারকে জিলার সাহেবের নিকট পাঠাইতে হুকুম হবেক তিনি তজবিজ করিয়া সরেজমিনে তাহার উপযুক্ত সাজা দেন কখন কেহ জেন এমত নমকহারামি না করে সে নমকহারাম তাহাকে দুর করিয়া অন্য শুভেদার রাখিআছি আর আমারদিগেক কাবুত রাখিয়া বলরামপুর মোকামে জে সকল লিখন পড়ন আমারদিগের মোহর ও দস্তাবিজে ও সাদা কাগজে মোহর করিয়া লইআছে সে ষকল লিখন পড়ন মজ্কুর তরফ লোকে দরপেষ করে তাহা মঞ্জুর নহে সেমতে আমার ও বাবা মহারাজার নামের দরি মোহর করিলাম ৺কুমপানির আশ্রয় লইআছি সাহেবের মেহেরবানি ও মদদে প্রান রক্ষা পাইলাম জেমতে স্থির থাকি ও সর্বার্থে রক্ষা পাই তাহা করিতেছেন এবং করিতে অবধান হবেক আমার উকীলেরা তথাত হাজির আছে সমস্ত আওহাল আরজ করিবেক তাহাতে গৌর অবধান হবেক ইতি ······২৫ অগ্রহায়ণ—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভূজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজিতাখিল রায়েশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হুজুর শুলতানল গোলেস্তা জব্দেন ও বুনিয়ান আজিমঃসান সিপাহছালার আফোযাজ বাদসাহি ও কম্পানী কেশোরে হিন্দুস্থান গবনর জনরেল চারলষ লাট করণওলছ বাহাদোর বিসম সমরাট বৈরীকুল করীকুম্ভ বিদারণ কেশরীবর মহোগ্রপ্রতাপেষু—

শ্রীশ্রীম
তী রাজমা
তা মহারাণী
কমতেশ্ব
রী দেবী

CENTRAL LIBRARY

(১৪)

৭ শ্রীশ্রীশিবরামঃ
শরণং

স্বস্তি প্রাতরুদীয়মানার্ক মণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজিতাশীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর শুলতানল গোলেস্তান ও বুনিয়ান জব্দয়েণ আজীমঃসান সেপাহসালার আফোআজ বাদসাহিও কুম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওলছ বাহাদোর বিশম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্র প্রতাপেষু—সাহেবের দৌলত জ্যাদা সতত কামনা করি জাহাতে অত্রানন্দবিশেষঃ নমকবহরাম শ্রীখগেন্দ্র নারায়ণ কুঙর বারহা জেমত জেমত মুশীবতে শ্রীশ্রীবাবা মহারাজাকে ও আমাকে ও আমলাহায় পর পহচাইয়াছে তাহা জেলার সাহেবের নিকট বিস্তারিত জাহের করিআছি এবং হজুরেও নিবেদন লিখিআছি একবার সন ১১৯০ নব্বৈ সালে বাবা মহারাজা শ্রীশ্রীহরেন্দ্র নারায়ণ রাজা হইলে পর কুঙর মজকুর শ্যামচন্দ্র রায় সহিত পরামর্ষ করিয়া আমারদিগের গুরু শ্রীযুত৺সর্ব্বানন্দ গোশ্বামিজীউ ও আমলাহায়কে সিদ্দত ও পুরশীষ পায় জিঞ্জীর করিয়া আপনে জবরদস্তী রাজা হইআ আপন নামে শীক্কা জারি করিয়া বাবা মহারাজা ও আমারদিগের প্রান মারিতে উদ্দত ছিল খোরাক বেতিরেক অন্দরের জনকএক স্ত্রীলোক মরিআছে শীঘ্র ৺কুম্পানির মদদ পহছাতে আমারদিগের সকলের প্রাণরক্ষা সেবার হইআছে চারি পাচ দিবশ মদদ পহছার দের হইলে আমারদিগের প্রাণ বাচিত না মদদ পহছামাত্র কুঙর মজকুর পলাইয়া বলরামপুর গেল পরে শ্রীযুত মেস্তর মোর সাহেব জিম্বে রঙ্গপুর পহছিয়া কোলনামা দরিআপ্ত করিয়া বড় কৌশলে সকল সমাচার লিখিলেন এবং কৌশলের হুকুম মতে আমারদিগেক খাতিরদারি লিখিলেন এবং ৺গোশ্বামিজীউ ও আমলাকে খালাষ করিয়া সরকারের তরফ শ্রীদেওান গঙ্গাপ্রসাদকে বেহার মোকাম সরেজমিতে কুঙর মজকুরের লুটতারাজ ও জুলুম তজবিজ করিতে পঠাইলেন দেওান মজকুর সরেজমিত পহছিয়া কুঙর মজকুর মুকাবিলা হাজিরান মজলিসে কুঙর মজকুরের জুলুম ও প্রজা লুটতারাজ সকল তকঃশীর ইসবাত হইল কুঙর মজকুরেক শ্রীকাপীতান ডক্টীনসেনের তরফ শীকাইর পহরাতে বেহারের গুদাম কাচারিত রাখিয়াছিলেন আমি কুঙর মজকুরেক নাজিরি মনসব হইতে তগীর করিয়া শ্রীজীবেন্দ্রনারায়ণ কুঙরকে নাজিরি মনসবে মোকরর করিলাম কথক দিবস পরে কুঙর মজকুর পলাইয়া রাঙ্গামাটীর কান্থনগো বুলচন্দ্র বড়ুআর জায়গাতে তাহার সহিত ইতফাকে থাকীয়া আপনার গায়েব জাহির করিয়া হজুরে নালিষ করিয়াছিল তাহার পর দুই বৎসর পরে গনেসগির আদি সন্ন্যাশীয়ান ও বরকন্দাজান জমাইত করিয়া আমার চাকর শ্রীগোলাপ

CENTRAL LIBRARY

শীংহ শুবেদার সহিত কারসাজি পুর্ব্বক দাগা করিয়া বেহারের রাজবাড়ী চড়াও করিয়া জথা সর্ব্বস্য লুটতারাজ করিয়া আমাকে ও বাবা মহারাজাকে পাকুড়িআ জে অবস্থাতে বলরামপুরে লইয়া গিআছে তাহা জেন্বার সাহেব ও শ্রীকাপীতান রাটন সাহেবেক সকল জাহের আছে বলরামপুরে জে দুর্গতি করিআছে প্রান মারার বক্রী মাত্র ছিল জেন্বার সাহেব এতক পয়রবি ও তদারক না করিলে নমকহারামের হাতে বাবা মহারাজার প্রাণ ও আমার প্রাণ কদাচ বাঁচিতনা চাকর হইয়া সাহেবেশীকার রাজার পর এমত সরারতি দফাত করিতেছে জখন জে মহারাজার আমলে জে মনসবদার নমকহারামি কিম্বা সরারতি করিআছে তখন সেহি মহারাজা তাহার তকঃশীর মাফিক সাজা করিআছেন সে অবধী ৵কুম্পানিতে অর্দ্ধেক রাজ্য দিয়া কৌল করার হইয়া ৵কুম্পানির আশ্রয় লইআছি সেহি অবধী ৵কুম্পানি আমার মদদ ও মেহেরবানগী ও পয়রবি করিয়া মুদ্দইকে সাজা দিয়া নিকালিয়া দিবেন এমত খাতিরজমা আছে খগেন্দ্রনারায়ণ কুঙর কোনতু (?) সে (?) কুঙর মজকুর পুনশ্চ পিতাপুত্রক (?) পোস হইয়া নিকটাবৃত্তি থাকিয়া নানা ফেতরত করিয়া ফিরিতেছে জে জে লোক আমার পর দৌরাত্য করিআছে সে সকল লোক রঙ্গপুরে ক⅃দ আছে তাহারদিগেক মাফিক তকঃশীর সাজা হয় কুঙর মজকুররা পিতাপুত্রে পাকড়া আশীয়া বিহিত প্রতিকার হবেক এমত উম্মেদে ছিলাম তাহাতে হজুর হইতে কুঙর মজকুরের নামে ইস্তাহারনামা দিতে জিলার সাহেবের নামে হুকুম আশীআছে সে মতে জেন্বার সাহেব ইস্তাহারনামা দিয়াছেন যে তুমি জতো তকঃশীর করিআছ তাহা সকল তোমাকে মাফ হইল তুমি ছয়ে মাসের মেআদে খালিসাতে কিম্বা জিলার সাহেবের নিকট হাজির হও জদি এ মেআদে হাজির না হও তবে তোমার তকঃশীর মাফ হবেক না এহি শুনিঞা অধীক প্রান ভয় হইল সর্ব্বস্য লুটীয়া লইলেক এবং বাবা মহারাজা ও আমার প্রাণ বধীতেছিল ও ৵কুম্পানীর ফৌজের সহিত লড়াই করিল এমত ২ তকঃশীর মাপ হইল ইহাতে সে বড়ই পরশ্রয় পাইল অথন কুঙর মজকুর মনে করিবেক জদি এতো তকঃশীর আমার মাফ হইল তবে মহারাজা ও মহারাণীকে মারিলে সেহ তকঃশীর আমার মাফ হবেক অথন সে বাবা মহারাজার ও আমার প্রান মারিতে কোন সঙ্কামাত্র করিবেক না আমি তাহার দাগা ও ডাকাতির ভর করিতাম না জদি বাবা মহারাজা শীবু না হইতেন তবে তাহার মুরাদ কী ছিল বাবা মহারাজা বালক সেমতে সর্ব্বদা ভয়মান থাকি সাহেব সকলিরে মালিক যাহাতে বাবা মহারাজা ও আমার প্রান বাঁচে এবং আমলাহায় ও প্রজাদী নির্ভয় হয় আমি বাবা মহারাজাকে লইয়া খাতিরজমাত মুলুকের খবরগিরি ও আবাদবশত ও নালবন্ধী মালগুজারের সরবরাহ করি এমত করিতে হুকুম হইবেক ইতি ২৭৮ ষক (ব—২৭ মাঘ—

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজিতাঘ্রীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরথায় হজুর শুলতানল গোলেস্তান ও বুনিয়ান জব্দয়েন আজিমঃসান সেপাহসালার আফোআজ বাদসাহি ও কুম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর

জনরেল চারলষ লাড করণওালছ বাহাদোর বিশম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—

(১৫)

শ্রীশ্রীশিবঃ
শরনং

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজিতাঘীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খায হজুর শুলতানল গোলেস্তান ও বুনিয়ান জব্দয়েন আজিমঃসান শেপাহছালার আফোয়াজ বাদসাহিও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল‹ চারলষ লাট করণওালছ বাহাদোর বিশম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেশরীবর মহোগ্রপ্রতাপেষু—সাহেবের বোলবালা দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ আপন আওহাল পুর্ব্বপত্রে সমস্ত আরজ লিখিআছি এবং উকীলেরা আরজ করিআছে তাহাতে গোচর আছে আকরোট জে পঠাই পহুছিবেক আমার উকীলেরা হজুরে হাজির আছে জখন জে বিশয় আরজ করে তাহাতে গৌর করিতেছেন এবং করিতে অবধান হবেক ইহা আরজ গোচরিল ইতি ২৭৮—৬ মাঘস্য—

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজিতাঘীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খায হজুর শুলতানল গোলেস্তান ও বুনিআন জব্দয়েণ আজিমঃসান শেপাহছালার আফোয়াজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওালছ বাহাদোর বিশম সমরাট ঐরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্রপ্রতাপেষু—

(১৬)

শ্রীশ্রীশিবঃ শরণং—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপিত শত্রু সমুহ পুজীতাধীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর শুলতানল গোলেস্তান ও বুনিয়ান জব্দয়েন আজিমঃসান শেফাহছালার আফোআজ বাহসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওালছ বাহাদোর বিশম শমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—সাহেবের দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ শ্রীকাপীতান ডক্ষীনসেন ও শ্রীগোলাপ সিংহ শুবেদারের গতিকে নমকহারামের হাতে ৶শ্রীশ্রীমাতা মহারানীর ও আমার জে দুর্দ্দশা ঘটীয়াছিল তাহা হজুরে জাহের আছে এবং নমকহারামেরা রাজবাটী লুটতারাজ করিয়া সর্ব্বস্ব লইআ প্রান মারিতেছিল হজুরের হুকুম মতে ৶কুম্পানীর ফৌজ মদদ পহুছিয়া আমারদিগকে নমকহারামেরদিগের হাতে খালাষ করিয়া প্রান রক্ষা করিআছেন আর সয়লাবিতে মলুক ধৌতা হইয়া নানা অপ্রতুল অতএব আমি কাপীতান মজকুরকে কোনমতে রাজী নহি এবং মলুক ধৌতা হওাতে নালবন্দী মালগুজারীর সরবরা করজে দামে করিতেছি কাপীতানের দরমাহির সরবরাহ কোথা হইতে দিব সম্প্রতিক হেফাজত জন্যে এক শুবেদার ও কএকজন শীফাহি সমেত রাজ বাটীতে আছে জখন আর দরকার হয় দরখাস্ত আরজ লিখিব তাহার মতে গৌর হুকুম হবেক আর কাপীতান মজকুরের কিঞ্চীৎ করজার কারোবার এখানে সরব্বরাহকারেরদিগের সহিত করিয়াছিলেন তাহা সোদবাদে ৶কুম্পানির হুকুমনামার সুদ বুরত হিসাবে মবলগ টাকা ফাজিল লইআছে আর কাপীতান মজকুরের জে জে গতিক তাহা পত্রে কতক আরজ লিখিব শ্রীশ্বষীধর রায় ও শ্রীজানকী রাম সরকার উকীল হজুরে হাজির আছে তাহারা সমস্ত আরজ করিবেক তাহাতে গৌর হুকুম হবেক আমি ৶কুম্পানীর সায়াগীর ইহা আরজ করিল ইতি ২৭৮ সকাবতে—২৮ ফালগুন

স্বস্তিঃ প্রাতরুদীয় মানার্কমণ্ডল নিজভুজবল প্রতাপতাপিত সত্রু সমূহ পুজিতাধীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর শুলতানল গোলেস্তান ও বুনিয়ান জব্দয়েন অজিমঃসান সেফাহসালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওালছ বাহাদোর বিশম সমরাট বৈরীকুল করিকুম্ভবিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—

CENTRAL LIBRARY

(১৭)

শ্রীশ্রীশিবরামঃ—
শরণং—

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভুজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজিতাঘীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরথায হজুর সুলতানল গোলেস্তান ও বুনিয়ান জব্দয়েণ আজীমঃসান শেফাহসালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলয লাট করণওালছ বাহাদোর বিশম শমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরীবর মহোগ্র প্রতাপেষু—সাহেবের দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ শ্রীকাপীতান ভকীনসেন ও শ্রীগোপাল শীংহ শুবেদারের গতিকে নমকহারামের হাতে শ্রীশ্রীবাবা মহারাজার ও আমার জে দুর্দ্দসা ঘটীয়াছিল তাহা হজুরে জাহের আছে এবং নমকহারামেরা রাজবাটী লুটতারাজ করিয়া সর্বস্ব লইয়া প্রান মারীতেছিল হজুরের হকুম মতে ৺কুম্পানীর ফৌজ মদদ পহুছিয়া আমারদিগকে নমকহারামেরদিগের হাতে খালাষ করিয়া প্রাণরক্ষা করিআছেন আর সয়লাবিতে মুলুক দৌতা হইয়া নানা অপ্রতুল অতএব আমি কাপীতান মজকুরেক কোনমতে রাজি নহি এবং মুলুকধৌতা হওাতে নালবন্ধী মালগুজারীর সরবরাহ করজে দামে করিতেছি কাপীতানের দরমাহির সরবরাহ কোথা হইতে দিব সম্প্রতিক হেফাজত জন্নে এক শুবেদার কএকজন সেফাহি সমেত রাজবাটীতে আছে জখন আর দরকার হয় দরখাস্ত আরজ লিখিব তাহার মতে গৌর হকুম হবেক আর কাপীতান মজকুরের কিঞ্চিৎ করজার কারোবার এথানে সরবরাহকাঁরেরদিগের সহিত করিয়াছিলেন তাহা সোদবাদে ৺কুম্পানীর হকুমনামার শুদমুরত হিসাবে মবলগ টাকা ফাজীল লইআছে আর কাপীতান মজকুরের জে জে গতিক তাহা পত্রে কতেক লিখিব শ্রীস্থষ্টীধর রায় ও শ্রীজানকী রাম সরকার উকীল হজুরে হাজির আছে তাহারা সমস্ত আরজ করিবেক তাহাতে গৌর হকুম হবেক আমি ৺কুম্পানীর সায়াগীর ইহা নিবেদন ইতি সন ২৭৮ সকাবতে—২৮ ফালগুন

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভুজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজীতাঘীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মসীরথায হজুর শুলতানল গোলেস্তান ও বুনিয়ান জব্দয়েন আজিমঃসান সেফাহসালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলয লাট করণওয়ালছ বাহাদোর বিসম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রেপ্রতাপেষু—

শ্রীশ্রীমতী
রাজমাতা
মহারানী
কমতেশ্বরী
দেবী

(১৮)

শ্রীশ্রীশিবঃ—

শরণং—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপিত সত্রু সমূহ পুজিতাশীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরখাষ হজুর শুলতান ইঙ্গলিস্থানল ও বুনিয়ান জন্দয়েন আজিমঃসান শীপাহিসালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওয়ালিস বাহাদোর বিশম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারন কেশরিবরেষু সাহেবের বোলবালা দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ ও কপিতন ডক্টীসেন সাহেবকে হজুর দরখাস্ত করিয়া বেহারে শ্রীশ্রীমতি মাতা মহারানীর ও আমার নিগাবানি কারণ রাখা গিয়াছিলো তাহাতে তিনি বেহারে না থাকিয়া রঙ্গপুরে থাকেন জখন নমকহারাম শ্রীগগেন্দ্র নারায়ণের ফৌজের জমাইতের খবর শুনিঞা বেস্ত হইয়া কপীতনেক বেহারে আশীতে লিখিলাম তাহাতে করজা টাকা না পাইলে বেহারে আশীবেক না এমত কহিলেন পরে শ্রীযুত সর্ব্বানন্দ গোখামিজিউ ও আমলা লোক জাইয়া নানামত কহিলেন জে এসময় করজার ওজর করিয়া বেহার না জাএা বহুত বেমনাশীব তাহাতে জবাব দিলেন টাকা না পাইলে কদাচ বেহার জাইব না তাহার পাষ আমলার মারফতে সরকারে সন ১১৯১ সুনের ইস্তক কার্ত্তিক লাগাদ চৈত্র ১৪৯০১ চৌদ্দ হাজার নএস ও এক টাকা করজ লওা গিয়াছিল তমঃষুকে শুদ দরমাহা ফিসদ এক টাকা ও আলাহিদা একরার ফিসদ দরমাহা সাত টাকা একুনে ফিসদ দরমাহা আট টাকা লিখাইয়া লইয়াছে তাহাতে সন ১১৯২ সনের চৈত্র লাগায়দ ২০৯১৬ বিশ হাজার নএসএ ছিয়ানব্বৈ টাকা দেওা গিয়াছে তত্রাচ করজার ওজর করিয়া বেহার আইলেন না নাচারিপর ৭০০০ সাত হাজার টাকা গোখামিজিউ দিলেন একুনে সন ১১৯৪ সনের জৈষ্ঠ লাগাদ ২৭৯৯৬ সাতাইষ হাজার নএসএ ছিয়ানব্বৈ টাকা দেওয়া গেল উপরান্ত শ্রীরাধাচরণ সাহার নামে ২২৯৬৩৷৹ বাইস হাজার নএসএ সাড়েতিরশট্টি টাকা তমঃষুকএ টীপ ২৪২৫ চব্বিষ সএ পচিশ টাকা একুনে ২৫৩৮৮৷৹ পচিস হাজার তিনসএ সাড়ে অষ্টাশী টাকার লিখাইয়া লইলেক তাহা ও নাচারিপর লিখিয়া দেওা গেল সাবেক তমঃশুক ফের দিলেন না এ সকল লিখাইয়া লইয়া বেহার রাহি হইলেন ইহার পূর্ব্ব শ্রীশ্রীমাতা মহারানিকে ও আমাকে নমকহারামের লোকে পাকুড়িয়া নানাবিধ পিড়া দিয়া সর্ব্বস্ব লুটীয়া বলরামপুর লইয়া গেল কপীতন কিমত উরদি দিআছিল ইহাতে শুবেদার মোজাহিম নহিল কপীতনের গতিকে ও শুবেদারের দাগাতে আমারদিগের পর এ মশীবত গুজরিআছে গোলাবসীংহ শুবেদার মোজাহিম হইলে তবে কি সাধ্য ছিল জে নমকহারাম মজকুরের লোকে লইয়া জায় এ সকল গতিকে কপীতনেক কদাচ বিশ্বাস হএনা এবং নাহক দরমাহা দেওা এমতে কপীতনেক পূর্ব্বে জবাব দিআছি কপীতনেক রাজি নহি আপন খাতির জমার কারণ

রঙ্গপুরের জিলার সাহেবের নিকট দরখাস্ত দিয়া বিরগীটের কএকজন শীপাহি সমেত শ্রীলপটন কটবর সাহেবেক আনাইয়া মাতা মহারানি ও আমার নিথাবানি জন্তে আমার এথানকার সোভাশীংহ শুভেদার ও শীপাহি তাহার উরদির সামিল করিয়া দেওা গিয়াছিল অথন কপীতন বেহারে পহছিয়া সোভাসিংহ শুবেদারকে কএদ করিয়া গোলাবশীংহের সামিলে জে লোকে দাগা করিআছিল তাহাকে জামাইতদার করিয়া আমার এথানকার শীপাহিকে আপন কামানে রাথিআছে কহে ৺হজুরের হুকুম আমার কামান বেহারে আছে জিলার সাহেব লিথিআছেন আদালততক তাহার কামান থাকিবেক ইহাতে বড়ই সঙ্কুচিত হইলাম জদি আদালত হওাতক কপীতনের কামান থাকিল হজুরের হুকুম তবে জবতক কপীতনের এথানে থাকা হএ বেহার কাচারি মোকামে জেথানে কপীতন আছেন সেহিথানে শীপাহি সমেত থাকেন রাজ বাড়িতে বিরগীটের শীপাহি নিথাবান থাকে সাহেব মালিক জাহাতে মাতা মহারানি ও আমি আরামে থাকি এমত হুকুম হবেক কপীতন বেহারে থাকাতে কোনমতে প্রতুল নাহি তাহার বদলী আর একজন লপটন তইনাত হুকুম হএ আমি ৺কুম্পানির ছায়া লইআছি কপীতন বেহার থাকাতে থাতির জমা হএ না অতএব তাহাকে নিতান্ত রাজী নহি ইহা আরজ করিল ইতি ২১৭ যকাবতে —— ২৪ আষাড়

স্বস্তিঃ প্রাতরুদিয়মানার্কমণ্ডল নিজভূজ বল প্রতাপতাপিত সত্রু সমূহ পুজিতাশীল রাজেশ্বর মহামহিম শ্রীযুত মশীরথায হজুর শুলতানল গোলেস্তান ও ইঙ্গলিস্থান বুনিয়ান জব্দে আজিমঃ সান সেপাহ সালার আফোআজ বাদাসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চরলয লাট করণওালিয বাহাদোর বিশম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—

---

(১৯)

শ্রীশ্রীশিবরাম :—

শরণং:—

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজ বল প্রতাপতাপিত সত্রু সমূহ পূজিতাপীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরখাষ হজুর মুলতানল ইঙ্গলিস্তানন ও বুনিয়ান জঙ্গয়েন আজিমঃসান শীপাহসালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জেনারেল চারলষ লাট করণওয়ালিষ বাহাদোর বিশম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরিবরো মহোগ্রপ্রতাপেষু সাহেবের বোলবালা দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ শ্রীকপীতন ডক্টীসেন সাহেবকে হজুরে দরখাস্ত করিয়া বেহারে শ্রীশ্রীবাবা মহারাজ ও আমার নিগাহবানি কারণ রাখা গিয়াছিলো তাহাতে তিনি বেহারে না থাকিয়া রঙ্গপুরে থাকেন জখন নমকহারাম শ্রীখগেন্দ্র নারায়ণের ফৌজের জমাইতের খবর মুনিয়া বেস্থ হইয়া কপীতনেক বেহারে আশীতে লিখিলাম তাহাতে করজা টাকা না পাইলে বেহারে আশীবেক না এমত কহিলেন পরে শ্রীযুত সর্ব্বানন্দ গোস্বামীজীউ ও আমলা লোক জাইয়া নানামত কহিলেন জে এ সময় করজার ওজর করিয়া বেহার না জাওা বহুত বেমনাশীব তাহাতে জবাব দিলেন টাকা না পাইলে কদাচ বেহার জাইবনা তাঁহার পাষ আমলা মারফত সরকারে সন ১১৯১ সন্নের ইস্তক কার্ত্তিক লাগাদ চৈত্র ১৪৯০১ চৌদ্দ হাজার নএসও এক টাকা করজ লওা গিয়াছিল তমঃষুকে মুদ দরমাহা ফিসদ এক টাকা ও আলাহিদা একরার ফিসদ দরমাহা সাত টাকা একুনে ফিসদ আট টাকা লিখিয়া লইআছে তাহাতে সন ১১৯২ সনের চৈত্র লাগাদ ২০৯৯৬ বিশ হাজার নএসও ছিয়ানব্বৈ টাকা দেওাগিআছে তত্রাচ করজার ওজর করিয়া বেহার আইলেন না নাচারিপর ৭০০০ সাত হাজার টাকা গোস্বামিজিউ দিলেন একুনে সন ১১৯৪ সনের জৈষ্ঠ লাগাদ ২৭৯৯৬ সাতাইস হাজার নএসএ ছিয়ানব্বৈ টাকা দেএাগেল উপরান্ত শ্রীরাধাচরণ সাহার নামে ২২৯৬৩৷৷০ বাইস হাজার নএসও সাড়ে তেরষট্ট টাকা তমঃষুকেএ টীপ ২৪২৫ চব্বিষ সএ পচিস টাকা একুনে ২৫৩৮৮৷৷০ পচিস হাজার তিনসএ সাড়ে অষ্টাশী টাকার লিখাই লইলেক তাহাও নাচারিপর লিখিয়া দেওা গেল সাবেক তমঃষুক দিলেন না এ সকল লিখা পড়া করিয়া লইয়া বেহার রাহি হইলেন ইহার পুর্ব্ব বাবা মহারাজাকে ও আমাকে নমকহারামের লোকে পাকুড়িয়া নানাবিধ পিড়া দিয়া সর্ব্বস্ব লুটীয়া বলরামপুর লইয়া গেল কপীতনে কিমত উরদি দিয়াছিল ইহাতে শুবেদার মোজাহিম নহিল কপীতনের গতিকে ও শুবেদারের দাগাতে আমারদিগের পরএ মুশীবত গুজরীআছে গোলাবশীংহ শুবেদার মজাহিম হইলে তবে কি সাধ্য ছিল জে নমকহারাম মজকুরের লোকে লইয়া জায় এ সকল গতিকে কপীতনেক কদাচ বিশ্বাষ হএনা এবং নাহক দরমাহা দেওা এমতে কপীতনেক পুর্ব্বে জবাব দিআছি কপীতনেক রাজি নহি আপন খাতির জমার কারন জিলার সাহেবের নিকট দরখাস্ত দিয়া বিরপীটের

কএকজন শীপাহি সমেত শ্রীলপটন কটবর সাহেবেক আনাইয়া বাবা মহারাজার ও আমার নিগাবনির জন্তে আমার এথানকার শ্রীসোভাশীংহ শুবেদার ও শীপাহি তাহার উরদির সামিল করিয়া দেওা গিয়াছিল অথন কপীতন বেহারে পহচিয়া সোভাশীংহ শুবেদারকে কএদ করিয়া গোলাবশীংহের সামিলে জে লোক দাগা করিয়াছিল তাহাকে জামাইতদার করিয়া আমার এথানকার শীপাইকে আপন কামানে রাথিআছেক কহে ৺হজুরের হকুম আমার কামান বেহারে আছে এমত জীলার সাহেব লিথিআছেন আদালততক তাহার কামান থাকিবেক ইহাতে বড়ই সঙ্কাস্তিত হইলাম জদি আদালত হওাতক কপীতনের কামান থাকে হজুরের হকুম তবে জব্‌তক কপীতনের এথাতে থাকা হএ শীপাহি সমেত বেহার কাচারি মোকামে জেথানে কপীতন আছেন সেহিথানে শীপাই সমেত থাকে রাজবাটীতে বিরগীটের শীপাহি নিথাবান থাকে সাহেব মালিক জাহাতে বাবামহারাজাকে লইয়া আরামে থাকি এমত হকুম হবেক কপীতন বেহার থাকাতে কোনমতে প্রতুল নাহি তাঁহার বদলী একজন লপটন তএনাত হকুম হএ আমি ৺কুম্পানীর ছায়া লইআছি কপীতন বেহার থাকাতে থাতির জমা হএ না অতএব তাহাকে নিতান্ত রাজি নহি ইহা আরেজ করিল ইতি ২৭৯ সকাবতে ———— ২৪ আশাড়স্ব—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপিত সত্রু সমুহ পুজীতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরথাষ হজুর সুলতানল গোলেস্তান ও ইঙ্গলিস্থান ও বুনিয়ান জুব্দে আজিমঃসান সেপাহসালার আফোআজ বাদসাহি ও ক্মুম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওালিষ বাহাদোর বিশম শমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—

---

(২০)

শ্রীশ্রীশিব :—

শরণং—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানর্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপীত সত্রু সমুহ পুজীতাখিল রার্য্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরথাষ হজুর শুলতানল ইঙ্গলিস্থানল ও বুনিয়ান জব্দে আজিমঃসান

শীফাহসালার আফোআজ বাদসাহি ও কম্পানি কেসওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলস লাট করনওালস বাহাদোর বিশম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারন কেশরিবর মহোগ্র-প্রতাপেষু সাহেবের বোলবালা দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ আপন আওহাল সকল বেওরা পুর্ব্বে ২ লিখিআছি তাহাতে গোচর আছে শ্রীযুত মেস্তর মেসর সাহেব ও শ্রীযুত মেস্তর ববিট সাহেব নাজির খগেন্দ্রনারয়ণ সহিত জে কাজিয়া তজবিজ করিতে আশীআছেন হুজুরের হুকুমমতে জে ২ কাগজ পত্র ইসবাত করার তলব করিআছিলেন তাহা হাজির করিয়াদিআছি খগেন্দ্রনারায়ণ চাকর নহে হিস্তাদার বলিয়া দরখাস্ত করিয়াছিল তাহার চাকুরি ইসবাত ও নমকহারামি ও জুলমী করিয়া আমাকে ও শ্রীশ্রীমাতামহারানিকে তসদি দিয়া প্রান মারার উপস্থীত হইয়াছিল সকল দফা ইসবাত করিয়া দিয়াছি এবং সাহেব লোককে আপন আওহাল সকল সাক্ষাতকার কহিআছি তাহাতে গোচর হইয়া কাগজ পত্র সমেত শ্রীযুত মেঃ মেসর সাহেব হুজুর গিয়াছেন নাজীর মজকুরের তকঃশীর মাফ পরোআনা আইসাত সঙ্কোচিত আছি তাহারা জেমত ২ নমকহারামি করিয়াছে সেমতে তাহাকে তগীর করিয়াছি রাজ্যের রেওাজ মতে সাজা নহিলে আমি মাতা মহারানিকে লইয়া রাজ্যেত তিষ্টাতার নাজির আমারদিগের রার্য্যাও প্রানও জাইতের গ্রাহক অধীক কী লিখিব বিস্তারিত উকীলেরা আরজ করিবেক আমি ৺কুম্পানীর ছায়া লইআছি সাহেব আমার মালিক জাহাতে মাতা মহারানি সমেথ সুস্থীর থাকী এমত হুকুম হবেক ইহা গোচরিল ইতি ২৭৯ সকাবতে মতাবেক সন ১১৯৫ সাল বাঙ্গালাতে ১২ অগ্রহায়ণ

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপীত সত্রু সমূহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মসিরথাস হুজুর সলতানল ইঙ্গলিস্থানল ও বুনিয়ান জঙ্গে আজিমঃ-সান সিপাহসালার আফোআজ বাদসাহি ও কম্পানি কেশওরে হিন্দুস্থান গবনর জনরেল চারলস লাট করণওালিয বাহাদুর বিসম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারন কেশরিবর মহোগ্রপ্রতাপেষু—

———

(২১)

শ্রীশ্রীসিবরামঃ—

সরনং—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপীত সত্রুসমুহ পূজিতাখিল রাযোস্বর মহামহিম শ্রীযুত মসিরথায হজুর শুলতানল ইস্কুলিস্থানল ও বুনিয়ান জঙ্কে আজিমঃসান সিপাহসালার আফোয়াজ বাদসাহী ও কম্পানি কিসোওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলস্ লাট করণওালস বাহাদুর বিসম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্রপ্রতাপেষু সাহেবের বোলবালা দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিসেষঃ আপন আহোওাল সকল বেওরা পূর্ব্ব ২ লিখিয়াছি তাহাতে গোচর আছে শ্রীযুত মেস্তর মেসর সাহেব ও শ্রীযুত মেঃ যবিট সাহেব নাজির খগেন্দ্রনারায়ণ সহিত জে কাজিয়া তজবিজ করিতে আশীয়াছেন হজুরের হুকুমমতে জে ২ কাগজ পত্র ইসবাত করার তলব করিয়াছিলেন তাহা হাজির করিয়া দিয়াছি খগেন্দ্রনারায়ণ চাকর নহে হিস্তাদার বলিয়া দরখাস্ত করিয়াছিল তাহার চাকুরি ইসবাত ও নমকহারামী ও জুলুমী করিয়া আমাকে ও শ্রীশ্রীবাবা মহারাজাকে তসদি দিয়া প্রাণ মারার উপস্থিত হইয়াছীল সকল দফাই ইসবাত করিয়া দিয়াছি এবং সাহেব লোককে আপন আহোওাল সকল সাক্ষাতকার কহিয়াছী তাহাতে গোচর হইয়া কাগজ পত্র সমেত শ্রীযুত মেসর সাহেব হজুর গিয়াছেন নাজির মজকুরের তকসির মাফ পরওানা আইসাত সঙ্কোচিত আছী তাহারা জেমত ২ নমকহারামি করিয়াছে সে মতে তাহাকে তগির করিয়াছী রার্য্যের রেওাজ মতে সাজা নহিলে আঁমী বাবা মহারাজাকে লইয়া রার্য্যোত তিষ্ঠাতার নাজির আমারদিগের রায্য ও প্রান ও জাইতের গ্রাহক অধিক কি লিখিব বিস্তারিত উকিলেরা আরজ করিবেক আমি ৺কুম্পানির ছায়া লইয়াছী সাহেব আমার মালিক জাহাতে বাবা মহারাজাক লইয়া শুস্থির থাকি এমত হুকুম হবেক ইহা গোচরিল ইতি সন ১১৯৫ ১২ অগ্রায়ন।

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপীত সত্রু সমুহ পূজীতাখীল রার্য্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরথায হজুর শুলতানল ইস্কুলিস্থানল ও বুনিয়ান জঙ্গেন আজিমঃসান শীপাহসালার আফোআজ বাদসাহি ও কম্পানী কেসওরে হিন্দোস্থান গবনর

জনরেল চারলস লাট করণওালিস বাহাদোর বিশম সমরাট বৈরীকুল করিকুম্ভ বিদারণ কেশরীবর মহোগ্রপ্রতাপেষু—

(২২)

শ্রীশ্রীত্রৈলোক্য—

নাথঃ শরণং—

৭ স্বস্তি—। সকল মঙ্গলৈক নিলয় মহামহিম শ্রীযুত গবণর জানরেল লাড ওয়ারল কারণওালিশ বড় সাহেব বাহাদুর প্রবল প্রতাপেষু আপনকার মঙ্গল সদা বাঞ্ছা করী তাহাতে অত্রানন্দ বিশেষঃ আমার আহওাল সকল পুর্ব্ব পত্রে আরজ লিখিয়াছি সাহেবের হজুরে রোশন হইয়া থাকিবেক শ্রীযুত মেস্তর মের্শর সাহেব শ্রীযুত মেস্তর সোপট সাহেব দুই জনাকে আমার মামলিয়ত তজবিজ করিতে পঠাইয়া ছিলেন এবং আমাকে হুকুম আসীয়াছিল সাহেবের দিগের নিকট হাজির হইয়া আপন মামলিয়তের ইশবাত করাইলে আপন হককে পহচিব মাফীক হুকুম সাহেবেরদিগের নিকট আমার মিরিয়াশ জমীদারী আদির ইশবাত সাহিদী ও দস্তাবিজ কাগজ পত্রে গুজরাইয়াছি সে সকল কাগজ সমেত মেস্তর মেশর সাহেব হজুরে গীয়াছে সাহেব মলুকের মালিক অনুগ্রহপুর্ব্বক রোয়দাদ কাগজ দ্রষ্টী করিয়া আমাকে সাবেকমতে আপন আপন মিরীয়াশে কাইম করিতে অবধান হইবেক আম ৺কুম্পানী বাহাদুরের স্মরণগত দস্তুবস্তা হাজির আছি আমার স্বহায় সম্পত্য সাহেব বিনা আর কেহ নাহি মথালিফে আমাকে বে৺বুনিয়াদ করিয়াছে সাহেবের মেহরবানগীতে আপন ৺বুনিয়াদে কাইম হইব এমত ওম্মেদ হইয়াছে আমাকে কাইম করিলে সাহেবের পুণ্য প্রতিষ্ঠা মলুক মলুক হইবেক আমী থানে হাএরান হইয়াছি ইত্য অবধানে জা উচিত করিতে হুকুম হইবেক ইহা গোচরিল ইতি সন ২৭৯—১৯ অগ্রায়ান—

স্বস্তি সকল মঙ্গলৈক নিলয় মহামহিম শ্রীযুত গবনর জানরেল লাড এয়ারল কারণ-ওালিশ বড় সাহেব বাহাদুর প্রবল প্রতাপেষু—

৭ স্বস্তি—। সকল মঙ্গলৈক নিলয় মহামহিম শ্রীযুত গবনর জানরেল লাড ওয়ারল কারণওালিশ বড় সাহেব বাহাদুর প্রবলপ্রতাপেষু—

(২৩)

শ্রীশ্রীত্রৈলোক্য—

নাথঃ স্মরণং—

৭ স্বস্তিঃ সকল মঙ্গলালৈক নিলয়ঃ মশীরখাস হজুর ছোলতানল গোলেস্তান জোব্দেন ওবতান আজীমঃসান ছিপেহছালার আফোয়াজ বাদসাহী ও কম্পীনি কেশোয়রে হিন্দোস্তান গবনর জানরেল কৌছিল শ্রীযুত লাড করণওয়ালিষ বাহাদুর সহৃদার চরিতেষু অত্র-কুশল আপনার কুশল সদাচাহী বিশেষঃ আমী ভুটীয়াকে নিরস্ত করিয়া ৺কুম্পানির সরনাগত হইয়া আপন ভুমেতে কুম্পানির দখল দেওাইয়া নালবন্দীর বন্দবস্ত করিয়া নালবন্দীর সরবরাহ মাফিক হিস্তারসদ সনবরসন দিতেছিলাম সন ১১৯১ সনে জীলে রঙ্গপুরের মেঃ মোরসাহেব সহীত কারসাজী করিয়া রাজা হরেন্দ্র নারায়নের তরফ শ্রীসর্ব্বানন্দ আমার বেহারের নওআনা দষ বট হিস্যা ও কুম্পানির মজরাই আন্দরান দেবোর্ত্তর আদী তালুকাত ও আমার বোদা গয়রহ তিন চাকলার জমিদারী আপন দখল করিয়া আমার বাড়ি লুটীয়া বির্ত্যবেসাত ও কাগজাত গয়রহ নিয়া আমারে ও নাজীর দেওকে ও যুবরাজকে নানা প্রকার নালাএক অভ্রম করিয়াছিল সে কারন আমার উকিল কলিকাতা তিন বৎসর জাবত নালিষ করিল কিন্তু ইনসাফ হইল না জীলার মেঃ মেকডুল সাহেব ঠাইহ নালিষ করিলাম সর্ব্বানন্দ মজকুরের কারসাজীমতে তিনিহ কিছু ইনসাফ করিলেক না আমী খোরোপোষ বিনা আজীজ হইলাম তৎপর মেকডুল সাহেবের হকুম মতে আপোসে রাজা সহীত মিলমিলাত করিয়া আমার বাড়ীতে সকলে একতা হইয়া রহিয়াছিলাম তাহাতে সর্ব্বানন্দ মজকুর খিলাফ ইজাহার করিয়া মেকডুল সাহেব সহীত কারসাজী করিয়া সরকারের ফৌজ ও তাহার আপন নিজের গয়ায সরদার আদী ফৌজ আমার বাড়িতে পাঠাইয়া রাজাকে ওড়াইয়া নিল আমার মবলগ লোক কতল খুন করিয়া আমার বাড়িলুটীয়া বিত্যবেসাত নিল আমারে ময়মতালিকান পহরাতে কএদ করিয়া রঙ্গপুরে রাখে পরে আমার বাড়িঘর খুদীয়া মবলগহা মাল আমোয়াল উঠাইয়া নেয় এই সকল দৌরাত্য সর্ব্বানন্দ মজকুর করিল আমি কুম্পানির সরনাগত হইয়া এই হাল হইল যে কুম্পানি বাহাদুরের আমলে কোন রাজা এবং জমিদার পর এমত হয় নাই অদ্য ১৭ সতর মাষ জাবত আমী স্ত্রিলোক হইয়া পহরাতে কএদ আছী আমার মবলগ লোক নবাব আদালতের ফাটকেতে কএদ করিয়া তছদিয়া দিয়া প্রানে মারিল কথক কএদে আছে সাহেব মুলুকের মালিক কএদের তছদিয়া আর আমার বরদাস্ত হয় না।—আমার তরফ উকিল শ্রীরামকৃষ্ণ মজুমদারকে হজুরে পাঠাইতেছি এহার আরজ শুনিয়া গৌর ফরমাইবেন

উকিল মজকুর জে আমার তরফ আরজী দাখীল করিরেক তাহার ইনসাফ ফরামাইতে হুকুম হবেক ইতি সন ১১৯৫ তারিখ—১১ অগ্রায়ন—

স্বস্তিঃ সকল মঙ্গলালৈকনিলয়ঃ মশীর খাষ হজুর ছোলতানল গোলেস্তান জোব্দেন ও বতান আজিমঃসান ছিপেহছালার আফোয়াজ বাদসাহী ও কম্পীনি কেসোয়রে হিন্দোস্তান গবনর জানরেল কৌছিল শ্রীযুত লাট করণওয়ালিষ বাহাদুর সহুদার চরিতেষু—

---

(২৪)

শ্রীশ্রীসিব—

সরণং—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্ক মণ্ডল নিজভূজবল প্রতাপতাপিত সত্রূ সমূহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহি শ্রীযুত মসির খাষ হজুর যলতানল ইঙ্‌লিস্থানল ও বুনিয়ান জব্দে আজিমঃ-সান সিপাহসালার আফোয়াজ বাদসাহী ও কম্পানি কিসোওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলস লাট করণওালিস বাহাদুর বিসম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্র প্রতাপেষু সাহেবের বোলবালা দৌলতজ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ আপন আহোওাল পুর্ব্বে ২ আরজ লিখিয়াছি তাহাতে গোচর আছে আমী ৺কুম্পানীর চায়াগির। তাহাতে আমার বেহারের চেচাখাতার মালগুজারি ভোটে করিতেছিল তাহা এদানিক দেএনা তদসেওায় ভলকা ও গয়রহ মহাল ভোটীয়ারদের রাজার তরফ লোকে দখল করে এবং আমার পুরুসানুক্রমের ৺শ্রীশ্রী জল্লীষ আমার ঠাকুর আমার সেবা তাহা ভোটে দখল করিয়া লয় তাহারা ভোট সেবার কি জানে ইহাতে আমার পর জুলুমির হর্দ্দ সাহেব মেহেরবানগি করিয়া শ্রীযুত মেস্তর গুবিট সাহেবের নামে হুকুম হএ তজবিজ করিয়া আমাকে দখল দেওান বিস্তারিত উকিলেরা হজুরে আরজ করিবেক তাহাতে গৌর হুকুম হবেক ইহা আরজ করিল ইতি সন ২৭৯ শকাবে—২০ চৈত্র।

স্বস্তি প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপীত সত্র সমুহ পুজিতাখিল রাঝ্যেশ্বর মহামহিম শ্রীযুত মসিরখাস হজুর স্থলতানত ইঙ্গলিস্থানল ও বুনিয়ান জব্দে আজিমঃসান সিপাহসালার আফোওাজ বাদসাহি ও কুম্পানি কিসোওর হিন্দোস্থান গবনর জনরেল চারলস লাট করণওালিষ বাহাদুর বিসম সমরাট বৈরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্রপ্রতাপেষু—

---

(২৩)

শ্রীশ্রীসিবরাম :—

সরণং:—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপীত সত্র্ সমুহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মসিরখাষ হজুর শুলতানত ইঙ্গুলিস্থান ও বুনিয়ান জব্দে আজিমঃসান সিপাহসালার আফোয়াজ বাদসাহী ও কুমপানি কিসোরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওালিষ বাহাদুর বিসম সমরাট বৈরিকুল করিকুম্ব বিদারণ কেসরিবর মহোগ্রতাপেষু সাহেবের বোলবালা দৌলত জেয়াদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ আপন আহোওাল পুর্ব্ব ২ আরজ লিখিয়াচী তাহাতে গোচর আছে আমী ৺কুম্পানির ছায়াগীর তাহাতে বেহারের চেঁচাখাতার মালগুজারি ভোটে করিতেছীল তাহা এদানীক দেয়না তদ সেওায় ভলকাও গয়রহ মহাল ভোটীয়ারদের রাজার তরফ লোকে দখল করে এবং স্বর্গি মহারাজারদিগের পুরুসানুক্রমের শ্রীশ্রী ৺জল্পিষ ঠাকুরের সেবা তাহা ভোটে দখল করিয়াছে তাহারা ভোট সেবার কি জানে ইহাতে বাবা মহারাজার পরও আমার পর জুলুমির হক্ক সাহেব মেহেরবানগি করিয়া শ্রীযুত মেস্তর গুবিট সাহেব নামে হুকুম হয় তজবিজ করিয়া দখল দেওান বিস্তারিক উকিলেরা হজুরে আরজ করিবেক তাহাতে গৌর হুকুম হবেক ইহা আরজ করিল ইতি সন ২১৭ সকা তারিখ—২০ চৈত্র।

স্বস্তিঃ প্রাতরুদীয় মানার্ক মণ্ডল নিজভুজবল প্রতাপতাপীত সত্রু সমূহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মসীর খাদ হজুর শুলতানত ইঙ্গিলিস্থানল ও বুনিয়ান জব্বেন আজীমঃসান সিফাহ সালার আফোআজ বাদসাহী ও কুম্পানী কিসোওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলস লাট করণওয়ালিস বাহাদুর বিসম সম্রাট বৈরিকুল করিকুম্ব বিদারণ কেসরিবর মহোগ্র প্রতাপেসু—

শ্রীশ্রীম
তী রাজমা
তা মহারাণী
কমতেশ্ব
রী দেব্যা

---

(২৬)

শ্রীশ্রীশিব :—

শরণং—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভুজ বল প্রতাপতাপিত সত্রু সমূহ পুজিতাখীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরখাষ হজুর শুলতানল গোলেস্তানন ও বুনিআন জুব্দয়েন আজিমঃসান শীপাহসালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওয়ালিষ বাহাদোর বিশম সমরাট ঐরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্র প্রতাপেষু সাহেবের বোলবালা দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ আত্মবিবরণ পূর্ব্ব ২ আরজ পত্রে এবং শ্রীযুত মেস্তর মেসর সাহেব ও শ্রীযুত মেস্তর শুবিট সাহেব দ্বারায় সমস্ত গোচর হইআছে অপর-মস্তাসান মোখালিপান জের থাকে ও আমরা আরামে থাকি একারণ আমারদিগের গুরু শ্রীযুত সর্ব্বানন্দ গোস্বামিজিউর সলাহতরহুতে ৺কুম্পানির আশ্রয় লওা অবধী ৺হজুর হইতে হরষুরত গৌর ফরমাইতেছেন পরে আমার সরকারে খেদমতে নাজিরি মনসবে শ্রীনাজির খগেন্দ্র নারায়ণ নাজির ছিল ৺বাবা মহারাজার ৺প্রাপ্তী হইলে নাজির মজকুর নানান প্রকার দফাত নমকহারামি করিয়া শ্রীশ্রী৺মাতা মহারানির ও আমার প্রাণের গ্রাহক হইয়াছিল গুরু গোস্বামিজিউ জিলাদার সাহেবপাষ তামাম জুলুম জাহের করিয়া তাহার দ্বারায় ও উকিলে মারফত ৺গবনর সাহেবের হজুরে আরজ পহুছাইলে হজুরের নেকনজরে হুকুম বমোজিম জিলার সাহেব নিকট গোস্বামিজিউর তরহুতে আমাদের প্রাণরক্ষা হইআছে পরে সরকার বেহারের নালবন্দীর গুরু অবধী স্বর্গি ৺মহারাজা বিশ্বাস প্রজুক্ত গুরু গোস্বামি জিউকে রাজত্তের মামলিয়তের ও

নালবন্দী মালগুজারির মোক্তিআরি তার দিআছেন সেমতে তদরূপ আমরাহ মোক্তিআরি তার দিআছি গোশ্বামিজিউ বিশ্বাশী খএরখাএ সকল কথা সাক্ষাতে সাহেবানদিগেক কহি-আছি ইহা গোচর হইয়া থাকিবেক নালবন্দী মালগুজারির সরবরাহ দামেদরিমে সনবসন হইতেছে আমি ছায়গীর ৺গবনর সাহেব মুলুকের মালিক সর্ব্বার্থে সাহেবের ভরোসায় ৺মাতা মহারানি সমেত স্থির আছি সম্প্রতিক আরজ দরখাস্ত ৺মাতা মহারানি ও আমার পর নেকনজর রাখিয়া সর্ব্ববিধে গৌর ফরমাইবেন এবং গুরু গোস্বামিজিউর নামে তহুখী নামা ও এক পরওানা এমত হুকুম হয় জে স্বর্গি ৺মহারাজা বর্ত্তমানে জেমত মোক্তিআরি তার দিয়াছেন এবং আমরাহ সেহিমত তার দিআছি খাতির জমাতে সরকার বেহারের নালবন্দী মালগুজারির সরবরাহ জেমত করিতেছ সেহিমত করিবা আবাদ তরদ্দুত করিতেছ করিবা ইহা গোচরিল ইতি ২৮০ সকাবতে—২৭ বৈশাখ

স্বস্তি প্রাতঃরুদীয়মানার্কমণ্ডল নিজ ভুজবল প্রতাপতাপিত সত্রূ সমূহ পুজিতাখীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীর খাষ হজুর স্বলতানল গোলেস্তানন ও বুনিয়ান জব্দয়েন আজিমঃসান সেপাহসালার আফোআজ বাদশাহী ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জানরেল চারলষ লাট করণওয়ালিষ বাহাদোর বিসম সমরাট ঐরিকুল করিকুম্ভ বিদারণ কেশরিবর মহোগ্র প্রতাপেষু—

---

(২৭)

শ্রীশ্রীশিবরামঃ—

শরণং—

স্বস্তি প্রাতঃরুদীয়মানার্কমণ্ডল নিজভুজবল প্রতাপতাপিত সত্রূসমূহ পুজিতাখীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরখাষ হজুর শুলতানল গোলেস্তানন ও বুনিয়ান জুব্দয়েন আজিমঃসান শেপাহ সালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওালিস বাহাদোর বিশম সমরাট ঐরীকুল করিকুম্ভবিদারণ কেশরি-বর মহোগ্রপ্রতাপেষূ সাহেবের বোলবালা দৌলত :জেয়াদা হামেসা কমনাতেই অত্রানন্দ বিশেষঃ আত্মবিবরণ পুর্ব্বে ২ আরজপত্রে এবং শ্রীযুত মেস্তর মেসর সাহেব ও শ্রীযুত মেস্তর

শুবিট সাহেবের দ্বারায় সমস্ত গোচর হইআছে অপর মত্তাসান মোপালিপান জের থাকে ও আমরা আরামে থাকি একারণ আমারদিগের গুরু শ্রীযুত সর্ব্বানন্দ গোস্বামিজিউর সলাহ ও তরহুতে ৺কুমপানির আশ্রয় লওা অবধী ৺হুজুর হইতে হরগুরত গৌর ফরমাইতেছেন পরে আমার সরকারে খেদমতে নাজিরি মনসবে শ্রীখগেন্দ্রনারায়ণ নাজির ছিল ৺মহারাজার ৺প্রাপ্তী হইলে নাজির মজকুর নানান প্রকার দফাত নমকহারামি করিয়া শ্রীশ্রীবাবা মহারাজার ও আমার প্রাণের গাহক হইয়াছিল গুরু গোস্বামিজিউ জিলাদার সাহেব পাষ তামাম জুলুম জাহের করিয়া তাহার দ্বারায় ও উকিল মারফত ৺গবনর সাহেবের হুজুরে আরজ পহুছাইলে হুজুরের নেকনজরে হুকুম বমোজীম জিলার সাহেব নিকট গোস্বামিজীউর তরদ্বুতে আমাদিগের প্রাণরক্ষা হইআছে পরে সরকার বেহারের নালবন্দীর শুরু অবধী স্বর্গি ৺মহারাজা বিশ্বাষ প্রযুক্ত গুরুগোস্বামি জিউকে রাজত্তের মামলিয়তের নালবন্দী মালগুজারির মোক্তেআরি ভার দিয়াছেন সেমতে তদরুপ আমরাহ বাবা মহারাজার মামলিয়তের জ্ঞান হওা পর্য্যন্ত ভার দিআছি গোস্বামিজিউ বিশ্বাসী এবং খএরখা এসকল কথা সাক্ষাতে সাহেবানদিগকে কহিআছি ইহা গোচর হইয়া থাকিবেক নালবন্দী মালগুজারীর সরবরাহ দামে দরিমে সনবরসন হইতেছে আমি ছায়াগির ৺গবনর সাহেব মুলুকের মালিক সর্ব্বার্থে সাহেবের ভরোসায় বাবা মহারাজাকে লইয়া স্থির আছি সম্প্রতিক আরজ দরখাস্ত বাবা মহারাজার পর নেকনজর রাখিয়া সর্ব্ববিধে গৌর ফরমাইবেন এবং গুরুগোস্বামিজিউর নামে তছখী নামা এক পরো আনা এমত হুকুম হএ জে স্বর্গি ৺মহারাজা বর্ত্তমানে জেমত মোক্তেআরি ভার দিয়াছেন এবং আমরাহ সেহিমত ভার দিআছি খাতির জমাতে সরকার বেহারের নালবন্দী মালগুজারির সরবরাহ জেমত করিতেছ সেহিমত করিবা আবাদ তরদূত করিতেছ করিবা ইহা গোচরিল ইতি ২৮০ সকাবতে—২৪ বৈশাগ

স্বস্তি প্রাতঃরূদীঃমানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপিত সত্র‍ুসমূহ পূজিতাখীল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরখাষ হুজুর সুলতানল গোলেস্তানন ও বুনিয়ান জব্দয়েন আজিমঃসান সীপাহসালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলষ লাট করণওালীষ বাহাদোর বিশম সমরাট ঐরীকুল করিকুম্ভ বিদারণ কেশরীবর মহোগ্র প্রতাপেষু——

CENTRAL LIBRARY

(২৮)

শ্রীশ্রীশিবরাম :

শরণং—

স্বস্তি সকল মঙ্গলৈক নীলয় মহামহিম শ্রীযুত সাহেবান কৌশল মহাস্থতাবচরীত্রেষু আপনকারদিগের মঙ্গলোম্বতি কামনাতেই অত্রানন্দ বিশেষঃ ২৯ জৈষ্ঠের শ্রীযুত ৺গবনর সাহেবের পরওানার নকল পাইয়া সমস্ত জ্ঞাত হইলাম শ্রীশ্রীবাবা মহারাজার রাজস্ত বেহার ও চাকলেবোদা ও পুর্বভাগ ও পাটগ্রামের ভালো নিমিত্যে ৺গবনর বাহাদুর সাহেব সকল ভার লইয়া শ্রীযুত মেস্তরসাট সাহেবকে জিলাদার রাজ্যের মামলিয়তের মোক্তিআর মোকরর করিয়াছেন সাহেব মৌযুফ মুলুক উসুল তহশীল ও আবাদ করিয়া বেহারের জে নালবন্ধী ও চাকলাহায় মজকুরের খাজনা দাখিল করিয়া জে থাকিবেক তাহাতে নাজীর শ্রীখগেন্দ্র-নারায়ণকে দরমাহা পাচসও টাকা দিবেন আর সেওায় সরঞ্জামি ও বাবা মহারাজার কারখানাঃ জাতের খরচা দিয়া জে বাঁচিবেক হুজুরের হুকুমের অপেক্ষা আমানত রাখিবেন এহি হুকুম লিখা আছে সাহেব আমার মালিক সাহেব আমার মালিক সাহেবের অনুগ্রহ ও তদারকে আমার ও বাবা মহারাজার নাজির নমকহারামদিগের দস্ত হইতে খালাষ পাইয়া প্রাণরক্ষা হইয়াছে আমার ও বাবা মহারাজার হেফাজত জন্যে মায় শীফাহি এক লপটন সাহেব তইনাত আছেন ইহাতে অশেষরূপ খাতির জমায় আমি কামাল খুকুরগুজার আছি আমার ও বাবা মহারাজার মরজি মাফিক রাজ্যের মামলিয়ত হয় কাহারো সাধ্য নহে জে খোদ গরজী হইয়া কোন কার্য্য করে আমি বিশ্বাসী ও দৰ্ম্মচ্ছলোক জবানি ৺কুম্পানী বাহাদুরের নেকনামি ও নেক আদালত খুনিয়া বাবা মহারাজা হরেন্দ্রনারায়ণ ভূপ পঞ্চবর্ষিয় বালককে লইয়া আমি সর্ব্বার্থে ভালো ও হরমতের বিদ্ধি নজরে কএক সন হইল আত্ম সেৎসাতে ৺কুম্পানী বাহাদুরের আশ্রয় লইয়া তোড়াবন্দী খুরতে নালবন্দী ও মালগুজারীর সরবরাহ দাম ২ বেবাক নাগাইদ সন ১১৯৫ সাল বাঙ্গলা করিতেছি সাহেবলোক আহদনামা বহাল রাখিয়া কখনো মুলুকে দস্তআন্দাজ হএন নাহি এখন পরওানাতে হুকুম দরজ আছে আমার ও বাবা মহারাজার ও রার্য্যের মঙ্গলার্থে সাহেব মৌযুফ আশীয়া মুলুক দখল করিয়া উসুল তহশীল আদি করিবেন বাবা মহারাজা গজনীকার রাজা কখনো হিন্দোস্থানের পাতসাহাতের মোতা-বিয়ত করেন নাই আপন মুলুকের পাতসাহি করেন অখন কোনরূপেই দখল করুন মুলুক বেএক্তিআর হওাতে নিজ রাজ্যে ও ভোটাস্তআদি বাহের মুলুকে আমার ও বাবা মহারাজার ইহার অধীক আর কি বেহুরমতি আছে পুর্ব্ব পঞ্চ বর্ষিয় বালক লইয়া আশ্রয় লইআছি তখন অবধি ৺কুম্পানী বাহাদুরে আমার একতিয়ারে মুলুক রাখিয়া নালবন্ধী ও মালগুজারির সরবরাহ লইআছেন অখন শ্রীশ্রী বাবা হরেন্দ্র নারায়ণ ভুপের দশ বৎসর বএক্রম আমিহ বর্ত্তমান আছি ইহাতে বাবা মহারাজার বএক্রমের অল্প অধীকের তাতপর্য্য কি অতএব মুলুক বেএক্তিআর হইলে আমার সমুহ লাঘবতা হয় সাহেব ধর্ম্মস্বরূপ আমার ও বাবা মহা-রাজার ও রার্য্যের মালীক হএন আমি সায়াসীর জাহাতে মওাশী মর্য্যাদা আর উসুল তহশীল

আদি একতিয়ার পুর্ব্বক পুর্ব্ববৎ তোচাবন্ধী মুরত নালবন্ধী ও মালগুজারী বহাল থাকে অনুগ্রহ পূর্ব্বক এমত নেক আদালত ও গৌর হুকুম হবেক রঙ্গপুর জীলা মধ্যে অনেক জমিদারের স্ত্রীলোক ও বালক জমিদার তাহারা আপন একতিয়ারে আপন ২ জমিদারি রাখিয়া মালগুজারি করিতেছে আমার বর্ত্তমানে এমত হওাতে অল্প ২ জমিদার হইতেও বাবা মহারাজা জথক্ত হইতেছেন এ বড় সরমের কথা এ রাজ্যের রেওাজমতে জিবনমৃতা ন্যায় হইতেছি সাহেব দর্ম্ম অবতার আমি নিতান্ত স্বরণাগত আমার ও বাবা মহারাজার হরমত দেওানেওার মালিক সাহেবেরা সায়াগীর প্রতি নেকনজর রাখিয়া অনুগ্রহ পুর্ব্বক হরমত রক্ষার্থে আমার ও বাবা মহারাজার আরজ কবুল হুকুম হবেক শ্রীজানকীরাম সরকার উকীল হজুরে হাজির আছে জে আরজ করে গৌর ফরমাইতে হুকুম হবেক ইহা গোচরিল ইতি ২৮০ সকাবতে—১৮ আশাড়

স্বস্তি সকল মঙ্গলৈক নীলয় মহামহিম শ্রীযুত সাহেবান কৌশল মহাস্থতাব চরীত্রেষু—

শ্রীরুদ্রবাম বড়ুয়া
ও শ্রী রাম মোহন ঘোষ
সাকীনে আসাম
মোঃ কালাচৌকী

(২৯)

শ্রীশ্রীরাম :—

৺ইয়াদদাস্ত ও দরখাস্ত শ্রীরুদ্র রাম বড়ুয়া—

সাকীনে আসাম মোকাম কাওার চকী সন ১১৯৭ সাল বাঙ্গলা শ্রীযুত কম্পানির হুকুম নামা দিয়াছেন বাজে সদাগর লোক নিমক ও গয়রহ জিনিস আপন ২ রাজি রকবত মতে কাওার চকীতে খরিদ ফরোক্ত করিবেক তাহাতে শ্রীযুত মেঃ দানিয়াল রোস সাহেব খামাখা আমার সহিত এক বৎসরের নিমক ও গয়রহ জিনিসাত খরিদ ফরোক্তের সাট্টা

CENTRAL LIBRARY

করিতে চাহিয়াছিল তাহাতে সাহেব মজুকুর সহিতে কাজ করিতে আমার রাজার হুকুম নাহি মতে আমি রাজি হইলাম না পরে সাহেব মজকুর সন ১১৯৭ সনের মাহে চৈত্র লোক সরমজাম করিয়া আসামের মৌক্কে সাতরোজের পথ অবদি জাইয়া আমার মহারাজার সহিত লড়াই করিয়া বহুত ২ লোক মারিয়া লুটতারাজ করিয়া আনিয়াছে এবং জমিদার দুই রাজার পাকড়া করিয়া আনিয়াছে এবং আমাকেও পাকুরীয়া পোনর রোজ পারাতে কয়েদ রাখিয়া নিমক ও গয়রহ জিনিসাত খরিদ ফরোক্ত সাহেব মজুকুর পায় সেওায় আর কাহার সহিত কাজ করিলে নিমক ও গয়রহ জিনিশ বিক্রীর মনাফা আমি দিব এমত কাগজ দস্তখত করায়া নিয়াছে সাহেব মজকুর সহিত কাজ করিতে আমার মহারাজার হুকুম নাহি অতএব ওমেদার সাহেব মজুকর নিমক ও গয়রহ জিনিসাত খরিদ ফরোক্তের জে সাট্টা দস্তখত করায়া নিয়াছে তাহা আমাকে ফের দেন কম্পনির হুকুমনামামতে আমার খুসিমাফীক খোস রাজিতে অন্ন ২ সদাগর সহিত কাজ করি ইহাতে সাহেব মজকুর আমার উপরে জোর জুলুম পোউছাইতে না পারে এমত হুকুম হয় ইতি সন ১১৯৮ সাল বাঙ্গলাতে ৪ জৈষ্ঠ

———

(৩০)

শ্রীশ্রীরাম

৺মহামহিম মহিমা শ্রীযুত বড় সাহেবজিউ—

সাহেবের খয়ের খুবি হামেসা শ্রীশ্রী৺দরগাতে বাঞ্চা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং পূর্ব্বে শ্রীযুত মেঃ রোস সাহেবের নামে শ্রীযুত সর্গদেবর আরজ দিয়া নালিস করিয়াছিলাম তাহাতে রঙ্গপুরের বড় সাহেবের পায় তজবিজ সপরদ করিয়াছিলেন তাহাতে সাহেবের মেহেরবানি মতে অদ্য বাবদ আমাদের তজবিজ আসীয়া করিবেন না, সে আখেজ পুনরাওঃ মাহে পৌষ রোস সাহেব ও শ্রীযুত মেঃ ফেলিপক্রাম্পো লেপটেন সাহেব সতর আটার সও বরকন্দাজ ও কম্পানির শ্রীমন্দির খা শুবেদার গয়রহ পঞ্চায় সাইট জন সীপাই ও মএ সরঞ্জাম সমম্বিত আমার মুলুকে চড়ায় করিয়া লোটতরাজ করিতেছিলো তাহাতে আমার মুলুকের লস্কর আসীয়া ঘেরাও করিয়া রাখিয়াছিল কম্পানির লোক জানিয়া ছাড়িয়া দেয়া গিয়াছে কম্পানির সহিত আমার সর্গদেব রাজার নিতান্ত একতা কাহার হুকুম মতে এ সকল দৌরাত্য হয় বুজীতে পারেন না খতে আমাদের রঙ্গপুর তহেনাত করিলেন জদি এ সকল কথা কম্পানির হুকুম না থাকে তবে সাহেব ইহার তজবিজ করিবেন এবং আমাদেক সাফ জবাব লিখীবেন তাহার বিহিত করা জাবেক এ সকল দফা ও সাবেক নালিসের হক তজবিজ করিতে রঙ্গপুরের সাহেবেক হুকুম লিখীবেন আমাদের হক

তজবিজ হয় নএ আমারা হুজুর পউছিতে হেকুম লিখীবেন পউচিয়া সবিশেষ মালুম করাইব সাহেব এ মুলুকের মালিক জাহাতে উভয়ত ভাল হয় তাহা করিবেন সাহেবের খয়ের কীদ লিখীয়া খুসী করিবেন ইতি সন ১৭১৩ সাল তা—৯ মাঘ—

মোকাম—কাওার চট্টকী।

সকল মঙ্গলালয় মহামহিম মহিমা শ্রীযুত বড় সাহেব জিউ মহামহিমেষু—

মোঃ—কলিকাতা—

The Rt. Honble Char. Earl Cornwallis.
Governor General; Fort William.

---

(৩১)

শ্রীশ্রীদুর্গা—

শ্রীশ্রী৺কুম্পানিতে—

দরঙ্গ কামরূপের শ্রীযুত কৃষ্ণনারায়ণ মহারাজার রেসালদারান ও জমাদারান ও বরগন্ধাজান ও গয়রহের সেলাম বহুত ২ আরজঋাদৌ শ্রীশ্রী৺বড় সাহেবের বোলবালা দৌলাত জেয়াদা হামেসা ৺দরগাহে মোনাজাত করিতেছী তাহাতেই আমাদিগের প্রাণগতিক খএর বিশেষ সাহেব আমাদিগেকে জে পরয়ানা লিখিয়াছেন তাহা সির তাজ করিয়া মালুম করিলাম লিখিয়াছেন ৺কুম্পানির নাম জাহের করিয়া আসাম মুলুক লুটতরাজ করিতেছ কারণ কি এমন খেলাপ জাহের করিয়া থাকহ ৺কুম্পানিতে তকসিরওার হইবা এবং সাজা হইবেক এমত হুকুম ফরমাইয়াছেন আমরা মহারাজার চাকর অন্ন ২ মুলুক হইতে আসিয়া তাহার নিকট চাকুরি করিয়া যাপন ও পরিজনাদির প্রতিপালন করিতেছী আমাদিগের নিমকের সরিয়ত এহি জখন জাহার চাকুরি করি তখন তাহারি হুকুম মতে কার্য্য করি ৺কুম্পানির নাম করিয়া আসাম মুলুক লুটতরাজ করি নাহি এক সরকারে চাকুরি করিয়া অন্ন সরকারের নাম করার বিসয় কি ৺কুম্পানির নাম জাহের করিয়া আসাম মুলুক লুটতরাজ করিয়া থাকি অবশ্য সাজাতে পৌহাছিব মেঃ দানিএল রোস সাহেব এ মোকামে আসিয়া আমাদিগের দরমাহাতে হরক্যত করিতেছে রাজাকে লিখিয়াছে তুমি রেশালদারান ও জমাদারান ও বরগন্ধাজান লোকের দরমাহা দিবানা আমি তাহাদিগে খুব সাজা দিব আমাকে ৺কুম্পানির হুকুম আসিয়াছে রোস সাহেব এই মত লিখিয়া আমাদিগের দরমাহা মাটী করিলেক আমরা তাহার কিছু এলেকা রাখিনা মহারাজাকে ফৌজ সমেত আপন নিকট আদ ক্রোস তফাতে উত্তরে ছাওনি করিয়া দিনেক দুই তিন দিবস রাত্রে ডাকামারিতে আইল আমরা সকলে হুসিয়ারিতে ছিলাম একারণ মারিতে পারিলেক না পর দিবস হাজার দুই আসাম ও আপনার চাকর সিফাই পাচ ছয় সও সমেত দুই প্রহরের সময় আসিয়া চড়াও করিলেক আমরা কেহ স্নান করি কেহ খাইতে বসিয়াছিলাম এইকালে আসিয়া পৌহুছিল স্নান ভোজন ত্যাগ করিয়া সকলে তৈয়ার হইয়া সর্মুখে খাড়া হইয়া কহিলাম তুমি

ফিরিঙ্গি হইয়া আমাদিগের সহিত খামখা লড়িতে আইলে কেন তাহা না বুনিয়া তোপ মারিতে লাগীল ইহাতে আমাদিগের মবলগা লোক মারা পড়িল পরে আমরাও ৺কামিক্ষা স্মরণ করিয়া দুই এক দেহড মারাতে সকল আসাম ভগন হইল সেই সঙ্গে সাহেবের সিফাই লোক ভগন হইল ৺সাহেব মুলুকের মালিক আমরা গরিব রাইয়ত ইহা জনাবে আরজ করিলাম ইতি সন ১১৯৯ সাল তারিখ—৬ শ্রাবন—

মহামহিম মহিমা সাগর—

শ্রীযুত মেঃ গবনর জনেরেল বাহাদুর জনাব

বরাবরেষু,

রপ্ত মোকাম কলিকাতা—

---

(৩২)

শ্রীশ্রীশিবরাম

শরণং—

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভুজবল প্রতাপতাপীত সক্র সমূহ পুজিতাখিল রার্য্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরখাষ হজুর শুলতানল গোলেস্তানন ও বুনিয়ানঃ জব্দয়েন আজিমসান সেপাহ সালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলস লাট করণওালীস বাহাদোর বিসম সমরাট ঐরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্র প্রতাপেষু সাহেবের বোলবালা দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দ বিসেষঃ মান্দরাজ হইতে জয়ি হইয়া কলিকাতা শুভাগমন করিয়াছেন এ শুসংবাদে পরমাপ্যাইত হইলাম ৺ সর্ব্বত্র জয়ি করিতেছেন করিবেন অপর এথাকার সমাচার সমস্ত গোচর আছে আমার তরফ শ্রীজানকীরাম সরকার উকীল পুর্ব্বাবধি হজুরে হাজির আছে ও শ্রীরাধাকান্তরায় উকীলকেও পঠাইয়াছি ইহারা হজুরে হাজির থাকীয়া জখন জে আরজ করে তাহাতে গৌর অবধান হবেক আমী সাহেবের দৌলতখাই আশ্রিত অতএব অনুগ্রহ প্রকাস পুর্ব্বক মঙ্গলাদি সমান্বিত জওাবে পারিতোশ করিতে হুকুম হবেক ইহা গোচরিল মিতি সকা ২৮৩। তারিখ—২ ভাদ্রস্য।

স্বস্তিঃ প্রাতরুদীয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপীত সক্র সমুহ পুজীতাখিল রার্যেশ্বর মহামহিম শ্রীযুত মশীরগাষ হজর শুলতানল গোলেস্তানন ও বুনিয়ানঃ জম্বয়েন আজিমঃসান সেপাহ সালার আফোআজ বাদসাহি ও কম্পেনী কেশওরে হিন্দোস্থান গবনর জনরেল চারলস লাট করণওালীশ বাহাদোর বিসম সমরাট ঐরিকুল করিকুম্ভ বিদারণ কেসরিবর মহোগ্র প্রতাপেষু—

---

(৩৩)

৺ শ্রীশ্রীশিব

সন ১১৯৯

৺ মহামহিম শ্রীযুত কলীকাতার বড় সাহেব

বরাবরেষু—

আরজ নিবেদন শ্রীযুত দেবরাজার জমী আছিল ভোটের মুলুক এহা জানিবেন এখন সেই জমী শ্রীযুত বুলচন্দ্র বড়ুয়া আমার সেই জমী খামকা জোর করিআ আমল করেন তবে আমী কতবার বারণ করিলাম তাহা যুনিলেন নাই অতেব আমী সাহেবের নিকট নালিষবন্ধ হইলাম ইঃ সন ১৭৯৪ সালের বাঃ সন ১১৯৮ সাল আমার ঠাঞি হইতে জমী জোর করিয়া নিএাচেন আর আমি আমল করিতাম তাহাতে নদী ভাঙ্গিয়া আমার জায়গা চাপিআ পড়িআছে সেই জমী আমার খামকা আমল করে তবে আমী কহিলাম জে তোমার জমী দেবরাজার তালুক বাশকুড়ি গ্রামের দক্ষিণভাগ জোর করিয়া আপন হুকুমে খান এহাতে শ্রীযুত রঙ্গপুরের সাহেবের হুকুমে সেই জমি হুকুম মতে লন এহাতে আমরা কহিলাম জে এই জমী আমরা পুর্ব্বাপর ভোগ করিতেছি এখন আপনি আমার জমী খামকা জোর করিআ আমল করেন এহাতে সেই বুলচন্দ্র বারণ যুনিল নাঞি এখন আমি সাহেবের কাছে নালিষবন্দ হইলাম আমার সেই জমী সাহেব আমল দখল জেন পাই এমত হুকুম করিআ দেন সাহেব ধর্ম্ম অবতার এহা না করিলে আমরা আমল পাই নাই অতেব লিখি সাহেব রোঙ্গপুরের সাহেবকে

লিখন হুকুম হয় আমার জমী যেন আমাকে দিলাইআ দেন : এহা বহু ২ আমার আরজ এহাতে না করেন তবে উপরে খোদায় আছে নিবেদনিঞা এহা বুঝিআ আমার জমি দেলাইয়া দেন হুকুম জেন হয় সাহেব ধম্ম অবতার আমার এই আরজ সাহেবের কাছে ইতি— সন ১১৯৯ সাল তারিখ ১৫ আশ্বিন—মুক্রবার—

শ্রীশ্রীদুর্গা—

প্রশুনাঞা—

পুনশ্চ নিবেদন বুলচন্দ্র বড়ুয়াকে
ডাকাইয়া সাহেব আমাদিগের সেই
হাজার সাতে বাতিদারি করিয়া
এক লিখন জেন দেন হাজা বাকি
পারিতে জেন একটা কাজ্জা করেন
এহা আরজ করিলাম ইতি—

পুনশ্চ নিবেদন মোঃ বড় সাহেব
আমাদিগেরকে এক পরওয়ানা
হুকুম হয় জে রোঙ্গপুরের বড়
সাহেব নামে হুকুম লিখিতে হয়
তজবিজ জেন করিয়া আমাদিগের
জমী দেলাইআ দেন সাহেব
আমাদিকে এই হুকুম হয় এহা
আরজ করিলাম

পুনশ্চ নিবেদন বড় সাহেব রঙ্গপুরের সাহেবের নিকট আসিয়া নালিস করিলাম তাহাতেই সাহেব হুকুম করিলেন জে সরকার হইতে এক সরকার আমিন লইয়া জায় সেই জমি তজবিজ করহ জে জে জমি তোমার কী বুলচন্দ্র বড়ুয়ার তাহাতে আমার আমিন লইয়া সরজমিন পৌছিআছে আমিন মজ্কুর সেই জমিতে তজবিজ করিবেন সেইখানকার গ্রামবাসি লোকজনকে তলপ করিয়া আনিলেন আনিয়া তাহাদিগেরকে কহিলেন যে গঙ্গা-জল তাম্বা তুলসি হাতে করিয়া বল জে এ জমি পূর্ব্বে ছিল কার তাহাতে তাহারা কহিলেন জে এ জমি পূর্ব্বে হইতে জানি জে এ জমিন দেবরাজার বটে ইহা আমরা সক্ষ্যা বলিলাম ইহার সয় আমরা জানি নাই বুলচন্দ্র বড়ুয়ার জমি আছে কী নাই আছে তাহা আমরা বলিতে পারিলাম নাই অতএব সেই আমিন আসিআ সাহেবকে কহিলেন জে আমি জমি তজবিজ করিলাম জে জে জমি দেবরাজার ঠাওরে তাহা সুনিয়া সাহেব কহিলেন জে আজী আপন বাসয় জায় অত্য বুলচন্দ্র বড়ুয়াকে আনিয়া তোমার জমি তোমাকে আমল দেলাইয়া দিব ইহা সুনিয়া আমরা বাসাকে গেলাম আর দুই রোজ বাদ সাহেবের নিকট আসিয়া দরখাস্ত দিলাম তাহাতে সাহেব হুকুম করিলেন আমার এখানে সে দরখাস্ত হইবেক নাঞি আমি লিখন দিতেছি তাহাই লইআ জায় সেখানে তোমাদিগের তজবিজ করিয়া আমল দেলাইআ দিবেন ইহাতে আমরা সেই সাহেবের নিকটে গেলাম সাহেব ডিক্সন সাহেব

কহিলেন জে তোমার জমি দেলাইয়া দিব ইহা বুনি সাহেব কহিলেন জে আমাদিগেরকে পাঁচ সাত রোজ বাদ আসিবে ইহাতে পাঁচসাত রোজ বাদ আমরা গেলাম ইহার মধ্যে আমাদিগের অদষ্টক্রমেতে সাহেব তহাগির হইআছেন ইহা আরজ নিবেদন করিলাম ইতি—তাং ১৫ আশ্বিন

---

(৩৪)

৺শ্রীশ্রীহরি :—

সহায়—

Memorandum delivered by the Deb Rajah's Vakil.

No 404.

মহামহিম শ্রীযুত বড় সাহেব বরাবরেষু

30/9/1792.

আরজ নিবেদন শ্রীযুত বুধ নারায়ণ রাজার ছাআল এহা আমরা জানি পুর্ব্বাপর এহার বাপ রাজা আছিল এখন তাহারি ঘরে এর দাসির ছাআল ছিল সেই এখন রাজা হইতে চাহে অতেব দুইজনাতে বিরদ হইতেছে এখন সাহেব ধর্ম্ম অবতার হক হিসাব করিআ সেই রাজত্তি দুয়ের কাহার তাহা তজবিজ করিআ এক পরআনা সাহেব পাঠাইতে হুকুম জেন হয় সাহেব ধর্ম্ম অবতার আর আরজ সকল প্রজাগণ কেহ এহারে মানে কেহ ওহারে মানে এইরূপ হইতেছে এহার হিসাব সাহেবের কাছে এহা আরজ করিলাম ইতি সন ১১৯৯ সাল তাং ১৫ আশ্বিন।

---

(৩৫)

শ্রীশ্রীকৃষ্ণজী :—

সহায়—

মহামহিম শ্রীযুত মেঃ উল্যাম উত্তীনসন বড় সাহেব—কুটীবন্দর বালেশ্বর প্রবল প্রতাপেষু—

আরজ নিবেদন শ্রীগঙ্গাধর আড্য কস্য জবাব পত্রমিদং কার্য্যঞ্চঃ আগে ৪ আশ্বীনে শ্রীযুত বড় সাহেব আমাকে হুকুম করিলেন মোঃ কলিকাতার হুজুরে শ্রীযুত নবাব রাজারাম পণ্ডীত তোমার নামে এক আরজী দিয়াছেন মোঃ বালেশ্বরের ফৌজদার শ্রীযুত ভবানী দাষ চৌধরির গোমস্তার ১৫০০০৲ হাজার টাকা তোমার পাষ আছে তুমি-শ্রীযুত সাহেবের হিমতে

CENTRAL LIBRARY

ও জবরদস্তী করিয়া চৌধরি মজ্কুরকে টাকা দেহ না এ বিসএর জবাবকারণ আমাকে হজুর হইতে হকুম আশীআছে তুমি চৌধরি মজ্কুরের গোমস্তার কীরূপ টাকা রাখহ তাহার জবাব দেহ অতেব আরজ আমী চৌধরি মজ্কুরের লওাজীমার কীছু এলাকা রাখি না জদি তাহার কোনো গোমস্তার টাকা আমার পাষে আছে তাহার গোমস্তার নাম লিখিয়া দেউন গোমস্তা মজ্কুর আমার সহিত মোকাবিলা করিয়া সাব্যস্ত করিয়া দেউন আমার উপর খামখা জবরদস্তী ও ফজা-অত করিয়া জে সকল টাকা চৌধরি মজ্কুর তগু করিয়া লইয়াছেন তাহার কুনাবিনের হকীকত ১৫ ভাদ্রের আরজীতে হজুরে জাহের করিয়াছী তাহা হজুরে রোশন আছে সেই সকল বেতরেক আমী দোষরা কিছু জানীনা আর আমার পাষ যে সকল রকম জবরদস্তী করিয়া লইয়াছেন তাহার এক ফর্দ্দ হজুরে দাখিল করিয়াছী তাহা কদমে জাহের আছে ইহা আরজ করিলাম ইতি—তারিখ—৪ আশ্বীন।

---

(৩৬)

৭শ্রীশ্রীহরিঃ—

সরণং সহায়—

কোম্পানি মহামহিম শ্রীযুত মেঃ উল্যাম উলকীনসন—

বড় সাহেব কুটী বন্দর বালেশ্বর প্রবল প্রতাপেষু—

আরজ নিবেদন শ্রীগঙ্গাধর আড্য আগে এ কারণ হজুরে আরজ করি কমবেষ পঞ্চাষ সাটী বছর হইল শ্রীযুত কোম্পানি বাহাদুরেব নিসানের নিচে বসোবাষ করি মারহাট্টার মুলুকে জখন জে কাজ্য কথ করি তাহার জেহাশীল মহষুল হয় তাহা বুঝাইয়া দী আমাদের উপর মারহাট্টার কখনো কোনো বিসয় জোর জুলম থাকেনা এবং করিতে পারেন না এখন শ্রীযুত ভবানি দাষ চৌধরির ভাগীনা শ্রীযুত মোতিরাম বাবু মোকাম বালেশ্বরের আমীনী কমবেষ এক বচ্ছর হইল করিলেন এঁহার জায়গায় জখন জে কাজ্য করি তাহার জেহাশীল মহষুল হয় তাহা বুঝাইয়া দী তাহার সরকারের কিছু এলাকা রাখীনা পরে মাহ পৌসে আমার এক বাসন চালু বোঝাই করিয়া তাহার হকুম বমোজীম সফর পাঠাই তাহার জে রোসম দস্তর ছীল তাহা বুঝাইয়া দিলাম সে বাসন রাহি হইয়া গেলে আমাকে কহিলেন তুমি কাহার হকুমে পাঠাইলে আমী তোমার পাষ গুনাগার লইবো তখন আমী কহিলাম তোমার হকুমে পাঠাইয়াছী তুমি বারণ করিতে আমী না পাঠাইতাম একথা কিছু মানিলেন না নাহাক আমার উপর খাষবরদার মহশীন দিয়া খামোখা জবরদস্তী করিয়া ৭৫০৲ সাড়ে সাত সএ টাকা লইলেন এ বিসয় পুর্ব্বে হজুরে এতলা করিআছী তাহার পর মোকাম নলকুনিতে এক গোলা চাউলের ছীল এবং আর এক গোলায় কীছু ধান্য ছীল তাহাতে শ্রীযুত সাহেব কীছু আমার পাষ চালু খরিদ করিয়াছিলেন আমার নিজের কীছু ছীল ফৌজদার মজ্কুর অজরাহ

CENTRAL LIBRARY

জবরদস্তী ২৫ বৈসাখে গোলা ভাঙ্গীয়া চালু লইলেন এবং ধান্ন লইলেন এ বিসয় কারন আমী হুজুরে নালিসবন্দ হইলাম তাহার কএক দিবস পরে শ্রীযুত সাহেব হুকুম করিলেন শ্রীযুত ভবানি দাস চৌধরি এথানকে আসীতেছেন তিহো পোউছীলে তোমার জে কীছু হয় তাহা পাইবে তাহার পর চৌধরি মজ্কুর এথানে পোউছীলেন পোউছিলে পর শ্রীযুত সাহেবের তরফের উকীল আর আমী তাহার নিকট এ বিসয় কারণ গেলাম গীয়া এসকল তাহাকে কহিলাম কহিবাতে গোলাতে জে কীছু চালু থোড়া ছীল তাহা নিকাস করিয়া দিলেন জে চালু ও ধান্ন সরকারে লইয়াছীলেন তাহার টাকা দিতেছী এইরূপ কএক রোজ টাল মটাল করিলেন টাকা দিলেন না তাহার পর নাহক আমার উপর দাওা করিয়া শ্রীযুত সাহেবের হুজুরে কহিয়া পাঠাইলেন শ্রীযুত মুরার পণ্ডীতের ৫০০০০৲ পঞ্চাস হাজার টাকা আর শ্রীযুত নানা কেসোরায় বাঃ ১০০০০৲ দস হাজার টাকা পাইবো এ বিসয় শ্রীযুত সাহেব আমাকে জিজ্ঞাসা করিলেন আমী কহিলাম শ্রীযুত পণ্ডীতের আমার পাস কীছু নাঞী জাহা ছীল তাহা দীআছী তবে এীহো দাওা করিতেছেন আমার কোনো দস্তাবিজ থাকে বাহির করিয়া টাকা লউন আর শ্রীযুত নানা কোসোরায় বাবদ আমার পাস কমবেস দস হাজার টাকা ছীল জথন চৌধরির কাজে বাজায় ছীলেন শ্রীযুত বানেশ্বর মণ্ডলকে হিসাব সোধ দিতে লিখিয়া দিয়াছীলেন তাহাকে দিয়াছী আর শ্রীলোকনাথ জমাদার বাবদ ৭৬৩৲ টাকা আমার পাস ছীল এ টাকা জথন শ্রীযুত মোতিরাম বাবু ফৌজদার তলব করিলেন রশীদ লইয়া হুজুরে জাহির করিয়া টাকা দিয়াছী আর আমী কাহারো কীছু এলাকা রাখিনা সাহেব মালিক আমার পাস কাহারো থাকে তজবিঁজ করিয়া দেয়াইআ দেন তাহাতে শ্রীযুত সাহেব হুকুম করিলেন আমী চৌধরিকে রোবরো কহিআছী এবং কহিয়া পাঠাইতেছী তাহার জে এলাকা আছে আমার পাস ধর্দ্দ করিয়া পাঠাউন আমী তজবিজ করিব তাহার কীছু ঠাহরে দেয়াইয়া দিবো নাঠাহরে তেহো নাহাক নিতে পারিবেন না শ্রীযুত সাহেবের একথাতে আমাকে বহুত খাতিরজমা হইল তাহার পর এ সকল বিসয় বারাহা চৌধরির নিকট শ্রীযুত সাহেব কহিয়া পাঠাইলেন তাহা না মানিয়া চৌধরি মজ্কুর রোজ বর রোজ আমার উপর জে-আদা দফা সুরু করিলেন আমার বাকসালে জাহাজের কাজের চুন জাহা না ভরাছীল আপনার তরফের খাসবরদার পাঠাইয়া জবর দস্তী ১২ শ্রাবণে চুন হইয়া গেলেন এ বিসয় হুজুরে জাহির আছে তাহার পর আমাকে ধরিয়া খামোখা টাকা লইবার কারণ ২৭ রোজে মোকাম বারোবাটীর চৌতরফা খাসবরদার ও বরকন্দাজ দিয়া বন্দ করিলেন জে তাকাত তসদ্দী ২৯ তারিখতক গুজরিল তাহা রোসণ আছে ৩০ রোজে আমী নেহাৎ সক্তী দেখিয়া হুজুরে জাহির করিতে গেলাম ইতিমদ্ধে চৌধরি মজ্কুরের তরফ হতিআরবন্ধ ফৌজ আসীয়া আমার ঘর ঘেরিয়া পর ছাত টপায়া চিজবস্ত খানেখারাব করিয়া আমার লোক লওাজিমাকে মার পুরশীস করিয়া ঘর জরদ করিয়া চৌকী রাখিলেন ইহার সাচ ২ খবর কদমে রোসন আছে তাহার পর আমাকে বাটীতে না পাইয়া শ্রীযুত মোতিরাম বাবু বলে হাতিআরবন্ধ ফৌজ সমেত আসীয়া শ্রীযুত বাহাদুরের কুটী হইতে দস্তদরাজী বেআবরু করিয়া আমাকে

জেরূপ হুজুর হইতে লইয়া গেলেন তাহা সকল রোসনা আছে আমী লিখিয়া কি জানাইব সকল সাক্ষ্যাতে দেখীয়াছেন তাহার পর আমাকে লইয়া গীয়া জেতাকাত চসম-নামাই করিলেন চৌধরি মজকুর তাহা আমী কাহাতক জানাইব তাহার পর কহিলেন আমাকে ২৫০০০৲ পচিষ হাজার টাকা দেহ আমী কহিলাম কোথা পাইব আমার ঘর দ্বার সকল হাজীর আছে এইরূপ জথোচিত কহিলাম তাহা কীছু সুনিলেন না পুনশ্চ বেআবরুর ডৌল করিলেন আমী নাচার তাহার তরফের শ্রীরামানন্দ নামে এক লোক আমাকে মপসলে লইয়া কহিলেন এখনকার সময় কি দেখিতেছ দস হাজার টাকা জদি তুমি কবুল কর তবে আমী নিকাষ করিয়া দিতেছী নহিলে আরো ফজীঅত হবে আর টাকা দিবে আর তোমাকে শ্রীযুত সাহেবের হুজুর হইতে এরূপ করিয়া লইয়া আসীআছেন টাকা না লইয়া হরচন্দ ছাড়িবেন না অতেব নেহাত ৪৬০০৲ চারি হাজার ছয় সএ টাকা আমার পাষ লইলেন শ্রীবানেশ্বর মণ্ডলের মারফতে দষ রোজের মেআদে দাখীল দিয়া খালাষ হইয়া আইলাম তাহার পর মেয়াদ বাদে মণ্ডলকে টাকা দাখিল করিয়া দিলাম অতেব নাহক আমার উপর এই ২ রূপ জুলম আমী আর এ প্রদেসে তিষ্টীতে পারিনা সাহেব আমার খাবিন্দ হুজুর হইতে এক বিডা পান হুকুম হয়ত আমী এখান হইতে উঠীয়া জাই এতদার্থে আরজ করিলাম ইতি সন ১১৯৯ সাল তারিখ ১৫ ভাদ্র—

A true copy.
William Wilkinson,
Resident.

(৩৭)

শ্রীশ্রীকৃষ্ণজী
সহায়

শ্রীভবানী দাষ চৌধরি ফউজদার চকলে বন্দর বালেশ্বর শ্রীযুত কুম্পানী ইঙ্গরেজ বাহাদুর চাকলা মজকুরের মোকাম বারবাটীর মাহাজন শ্রীগঙ্গাধর আস্ত হইতে জে সকল রকম ও টাকা জবরদস্তী করিয়া তগু করিয়া লইয়াছেন তাহার হিসাবের ফর্দ্দ সন ১১৯৯ সাল—চার নিকাশী দফার দেনা—

১ মাঘ—		আড়কাটকে করানী করিয়া দেন,	
কৃষ্ণচরণ মণ্ডল মাঃ—		বাদবাট্টা—	২৩।৵০
আরকাট —	৬০০৲	করাণী—	৭২৬॥/০
নাভদাষ তাতি মাঃ —		ও গোপিচরণ ভেয়া বাট্টার শোদে দিয়া	
আড়কাট —	১৫০৲	আইলেন নগদ ও পাগরাঙ্গাই যুক্তা ২৩।৵০	
মোট	৭৫০৲	করাণী—	৭৫০৲

দফে—

নাভদাস মারফত

মহেশা জমাদারকে— ১৫৲

বরকন্দাজ জমাদারকে— ২৲

বন্দুক জাদুশকে— ২৲

মঙ্গলি খাঁ পেয়াদাকে মোঃ পলতাজিয়ার চাকর ওাষা করিতে জাইতে দেন—৭৲

করাশী— ৭৭৬৲

মাহ জেষ্টীতে নলকুনির গোদাম হৈতে নেন চালু সাফ রকম—

৮৪৲ ৮ চোরাশী পৌটী আট গৌনী কী গৌনী—

।২॥৵০ হিঃ—৫৩২ দা লোক

দঃ ৬ সেরতিঃ শীকো ধান্য ১০৩২৲

১৪৲ ৬ পৌটী—

দং ৪ গৌণী হিঃ—শীককা— ৭১॥০

শীককা ১৪০৩॥০

—১৪০৩॥০

আদত ২১৭৯॥০

জের খরচ আদত— ২১৭৯॥০

মাহ আশাড়ে নলকুনি হৈতে চাল আনীতে নিত্যানন্দ ভগরাকে—

এক দফা করাশী— ৫৲

দফে— ২৲

চাল ঘৃতদীঃ— ১৲

করাশী— ৮৲

বাকসাল হৈতে নেন কলি ও মোটা চুন ছোট বড়

১১ জাহানাকে—

৬০৲ মোন

কাত করাশী— ১৭॥০

করাশী— ২৫॥০

২৫॥০

৩০ শ্রাবণ—

সশধর দাস ও বরকন্দাজ ও মাহশা জমাদার ও বক্তার শীংহ কতোআল মুক্তা রোজ ভাত্তা নেন—

কজি— ৪১৸৵০

আড়কাটি— ৯৲

পান তামাকুদীঃ

কজি— ৩।৶০

মিতাই দফার নেয়

আত— ৩॥০

হরিশীংহ জমাদারকে

হা ছাপ্প করন— ৩৲

ছাপ্প করনকে— ॥০

কজে— ৪৫।০

কজে— ১১।৴০

দফে ২৭।৴০

মহেষার তরফের মঙ্গলি থাকে

আফীম

৴০ ছটাক— ৸০

কজে ৩৲ সের— ৸০

চালবাং ৬ সের— ॥৵০

১৸৵০

১৸৵০

২৯৶০

আদত— ২২৩৪৶০

জের খরচ আদত— ২২৩৪৶০

১৫ই ভাদ্র

এক দাখিলা বানেশ্বর মণ্ডলের দোকান হৈতে দী তাহার শোদে মণ্ডলকে দী—

করাশী— ৪৫০০৲

রামানন্দকে

করাশী— ১০০৲

করাশী ৪৬০০৲

৪৬০০৲ জায়—

জগদীষ রায়কে আর—		১০৲	শীকক্কা—	১৪০৩॥০
গদীএ লবনের মহশীনবা			করাশী—	৫৪০১॥০
ভাড়াদে আজায়			আড়কাট—	৪৫ ৶০
চন্দন শীংহ খাসবরদার দীঃ—			আদত্ত—	৬৮৫০৶০
আর—		১৲		
কজে—	১১।০			
ফুকজার রমজানী পেঃ কে				
এই দফার ভাড়া				
চালবাং আর		১৲		
কজি—	৪৸০			
কজি	১৬৲	২৲		
কজি—		৪৲		
করাশী—		৬৲		
		৬৲		
আদত—		৬৮৫০৶০		

এহিঃ শ্রীগঙ্গাধর আস্তরা

সহি

তারিখ—১৫ ভাদ্র—

---

(৫৮)

শ্রীরাম—

সহি শ্রীহিকালা কাখাসা
শ্রীচান্দরাম কাতার বড়ুয়া
শ্রীকৃষ্ণরাম গোহাঞি
শ্রীরুদ্রাম দেব ছাবিয়া বড়ুয়া

৺মহামহিম মাহমা শ্রীযুত গবনর জানেলের বাহাদুর সাহেব সুচরিতেষু লেখক কার্য্যঞ্চ আগে সমাচার এহি আমার রাজ্যের ৺৺দেব মহারাজার জে হকিকত তাহা পুর্ব্ব লেখিয়া জানাইআছে তাহার সমাচার অদ্য অবধি কিছু পাইলাম না সম্প্রতি জমিদার রাজার বেটা কৃষ্ণ নারাণ ও হর দত্ত চৌধরি এই দুই জনে ৺৺মহারাজার সহিত চালা করিব বুলিয়া চৌগাত সামহা দিয়া উপবাশ করিয়া ৺৺মহারাজার হুকুম লৈয়া কৃষ্ণ নারাণ ও হরদত্ত গুয়াহাটি আসিয়া ৺৺মহারাজার সেবা করিবেক লোকজন কেহো সঙ্গে আনিবেক না পুর্ব্বে

জমিদারি চৌধরি জে মতে সিল তাহা থাকিবেক ৺৺মহারাজার সহাই হইআ প্রান পরিশ্রম করিবেক এমত চলম করিআচিল সম্প্রতি বরকন্দাজ ও অতিত লোক লৈয়া ৺৺মহারাজার কিম্বা মোকাম গুয়াহিটির চারি তরফ ঘিরিআচে কিম্বার উওপারে জে জে লোক চিল তাহার লুটতরাজ করিয়া লৈয়াআচে আর পানি ফুকনের বারি থাকিয়া দুই চারি লোক খুন করিয়াচে গুয়াহাটিতে ৺৺মহারাজার প্রাণ বাচে কিনা বাচে এমত করিআচে আমরা গুয়াহাটির কানগো মোকাম চৌকিতে পৌচিআচে চৌকির কাহার বড়ুয়া দুয়রিয়া বড়ুয়া কানগো সহিত একত্র হৈয়া জমাইতেচে ৺৺মহারাজার পাত্রমন্ত্রির হুকুম আচে জাহাতে ৺৺কুম্পানির মদতি হৈয়া আসাম রাজ্যের ৺৺ মহারাজার প্রাণ বাচে তাহা করিতে হুকুম হৈবেক এই সকল বিসই পুর্ব্বে ৺৺মহারাজা জনাইআচে আসাম মুলুক রাখিলে ধর্ম্ম জস পাইবা কিমধিকং ইতি সন ১১৯২ তারিখ ২৬ আশ্বিন—

মহা মহিম মহিমা শ্রীযুত গবনর জানেরেল
বাহাদুর সাহেব স্বচরিতেস্থ লেখনং—

---

(৩৯)

Bisen Narain, the nominal Rajah of Darrang

No. 104

15/2/1793

মহামহিম মহিমসাগর গঙ্গাজল নিরমল পবিত্র কলেবর গোব্রাহ্মণ প্রতিপালক শ্রীযুত গবনর কৌসল বড় সাহেবর প্রতি প্রার্থনা নিবেদনকঃ পুর্ব্বক জানাইতেছি দরঙ্গের ধর্ম্মরাজা শ্রীবিষ্ণুনারায়ণ জানাইতেছে পূর্ব্বে আমি [ ] পুত্র শ্রীবিসসিঙ্গি তাহার পুত্র শ্রীনরনারায়ণ ও শ্রীছিলারায় দুই ভাই নরনারায়ণ বিহারের পাট করিতেছেন আর ছিলারায় দরঙ্গের পাট করিতেছেন তাহার পুত্র শ্রীরঘুদেব তাহার পুত্র শ্রীবলি নারায়ণ তাহার পুত্র শ্রীমহিন্দ্র

নারায়ণ তাহার পুত্র শ্রীচন্দ্র নারায়ণ ইহার দুই ভাই বড় পুত্র শ্রীসুর্জ নারায়ণ ছোট পুত্র শ্রীইন্দ্র নারায়ণ চন্দ্রনারায়ণের মির্ত্তু হইলে বড় পুত্র সুর্জনারায়ণ রাজা হইল পাঁচ বত্তর রাজা হইতে নবাব মনষুর খা আসিয়া রাজা সুর্জনারায়ণকে ধরিয়া লইয়া ঢাকা গেল তাহার ছোট ভাই ইন্দ্রনারায়ণ রাজা হইল কীছুদিন বাযাজে সুর্জনারায়ন ঢাকা হইতে আইল আসীয়া তাহার মিত্তু হইল কীছুদিন গউনে ইন্দ্রনারায়ণের মিত্তু হইল তাহার পুত্র শ্রীমোদনারায়ণ রাজা হইলেন ক্রিহার কাল হইলে সুর্জনারায়ণের পুত্র শ্রীধিরনারায়ণ রাজা হইল ক্রিয়ার মৃত্যু হইলে পরে শ্রীদুর্ল্ল ভ নারায়ণ রাজা হইল ইহার মির্ত্তু হইলে পরে ধির নারায়ণের পুত্র শ্রীকীর্ত্তি নারায়ণ রাজা হইল ইহার মিত্তু হইলে পরে দুর্ল্ল ভ নারায়ণের পুত্র শ্রীহংস নারায়ণ রাজা হইল কীছুকাল গউনে জখন শ্রী৺সর্গদেব রঙ্গপুর হইতে ভাগীয়া গোহাটী মোকামে আইল সেইকালে হংসনারায়ণ ৺সর্গদেবের সহিত বিগাড় করিয়া রণ করিলেন তাহার পক্ষ সর্গদেব ধরিয়া আনিয়া [ ] দিয়া মারিলেক পরে কির্ত্তনারায়ণের পুত্র শ্রীবিষ্ণু নারায়ণ রাজা হইল ইহার ভাতিজা হংস নারায়ণের পুত্র শ্রীকৃষ্ণ নারায়ণ ছাওয়াল দেওয়ান হরদর্ত্তের বাঙ্গাল বরকনদাজ আনিয়া রাজা বিষ্ণু নারায়ণের ঘরবাটী লুট করিয়া পোড়াইয়া আর মলুক লুট করিয়া বিস্তর লোকের গরদান মারিয়া এবং চক্ষু খুলিয়া মারিয়া খারাপ করিয়াছে পরে বিষ্ণু নারায়ন গোয়ালপাড়া মোকামে মে রোস সাহেবের নিকট গীয়া নালিশ করিয়া শ্রীযুত কোম্পানীর ঠাক্রি জানাইতেছে এবং শ্রীযুত কাপীতেন সাহেবকে পাইয়া তাহার নিকট নালিস করিতেছি ফের শ্রীযুত কাপীতেন সাহেবের [গোচর] করিয়া দরঙ্গ মোকামে লইয়া বাঙ্গাল বরকন্দাজ বর করিয়া আপনার মোকামে বসীয়া আছি [অপর] গবনর কৌসল বড় সাহেবের নিকট আরাধন এবং প্রার্থনা করিতেছি শ্রীযুত মেহরবানগী করিয়া শ্রী৺ সর্গদেবকে লেখেন আমার জন্ত আমার এ মুলুক মেহের [বানগী ও] অনুগ্রহ করিয়া আমার ভাল করেন এবং এ মুলুক আমাকে দেন এই প্রার্থনা শ্রীযুত ৺কোম্পানি গবনর কৌশল বড় সাহেবের নিকট করিতেছি শ্রী৺সর্গদেব আর আমার ভাই হংস নারায়ণকে মারিয়াছে এবং বহুত রাইয়তকে মারিয়াছে এখন এখন আমার মুলুকের রাইয়ত সমতে হাজার ২ সেলাম ও প্রার্থনা করিতেছি কোনরূপে শ্রীযুত কোম্পানির অনুগ্রহতে হবে আমার এই যে বিষ্ণু রাজা রাজ শ্রীযুত কোম্পানির অনুগ্রহতে জেন সুখে থাকী এ আসাম মলুকের কাহারো তজবিজ নাই বড় দুর্খ দেয় আর আমী শ্রীশ্রীখোদাকে জেরুপ ভাবনা করি এখন শ্রীযুত কোম্পানি গবনর বড় সাহেবকে সেইরুপ ভাবনা করিয়াছি তোমার অনুগ্রহতে আমার সকল ভাল হইবেক ইহা আরজ করিলাম ইতি সন ১৭৯৩ সাল—বাঙ্গাল সন ১১৯৯ সাল—তারিখ ২০সে—

স্বাঃ শ্রীবিষ্ণু নারায়ণ রাজা—
দরঙ্গ।

———

(৪০)

৭ শ্রীশ্রীরাম

ওাজবরণ হকীকত নামা পুর্ব্বে ৺দেওর মগ্নামারিয়ার ও পুত্র কারণ গুয়াহাটী মোকামে আশীলেন কিছুদিন থাকীয়া ৺দেও জমিদারি দরঙ্গ রাজা কৃষ্ণ নারায়ণের পীতা ৺দেওর সহিত লরাই করিল ৺দেও সেলড়াই গাফ করিয়া ওজাইয়া নওগায় মোকামে গেলেন পরে তাহার বেটা কৃষ্ণ নারায়ণে বরকন্দাজ সীফাই আনিঞা ৺দরঙ্গ ও কামরূপ খারাপ করিবেক সেহি সমাইতে ৺দেও নওগায় মোকামে ছিলেন ওএখানের এক ডাকু বৈরাগী বলিয়া আশীয়া নওগায় মোকামের কারা ঘিরিয়া ধরিল ৺দেও সে মোকাম ছাড়ীয়া গুয়াহাটী মোকামে আসীলেন সে মোকামে ও কৃষ্ণ নারায়ণের বরকন্দাজ ও সিফাই সহিতে শুত্র করিতেছিল এহি সকল কাযের নিরিক্তে ৺দেও কৈলকার্ত্তার বড় সাহেব ঠাই প্রিতী পুর্ব্বক এক লিখন লিখিলেন এক পলোটোন সিফাই ও কপীতান সহিতে দিয়া পটাবেন তোমার খোস নাম রহিবেক তোমার আমার দোস্তালি আর কতঃ থাকীবেক এহি লিখন পত্র পাই বড় সাহেবে ও পুর্ব্বপর সুঝি ৺দেও ও দয়গরি পায় না এমন অবস্থা হইয়াছে এমতে আমী গাক্রায় ভজি হয়ো আর অনেক দিনতকঃ দোস্তালি থাকীবেক ধম্ম হবেক ইহা বুঝি বড় সাহেবেও প্রিতী পুর্ব্বক এক-লিখন লিখি ৺ দেওর ঠাই এক পলোটোন সিফাই কাপীত্তান সহিতে পঠায়া দিলেন পত্রেতে এহি লিখিযাছিলেন ৺ দেওর হুকুম মোয়াফীক কম্ম করিবেক বিনা হুকুমে কোন কম্ম না করিবেক ৺দেওক তক্তত বসাইলে ৺ দেও জখন খুশীমতে বিদায় দেয় তখন আসীবেক কপ্তান সাহেবে জবানিতে ইহাই কহিলেক পাছে কীছুদিন থাকীয়া গুয়াহাটী মোকামের বড়ফুকনেরে ধরিয়া কএদ করিল সেহি ফুকনের কাচে থাকী তগীর করি ৺ দেওর হুকুম রদ করিয়া এক বড় ফুকন বহাল করিয়া দিল কীছুদিন থাকীয়া ৺দেও রানি মোকাম গেলে পাছে ৺দেওর সঙ্গের থাকীয়া ওকাকে ধরিয়া

যানিঞা কএদ করিল সাহেব সঙ্গে চোলাধরা কুঙ্গরেক ৺দেওর থুয়া গীয়াছিলেন পাছে তাহার কএদ করিল বলে তোমরা ৺দেওক আনিয়া দেয় যদি আনিয়া না দেও তবে দুয়েকে কলিকাতা পাঠাইয়া দিব এহি কথা ৺দেও শুনিঞা গুয়াহাটী মোকামে আসিলেন পাছে ৺দেওকে কএদ করিল এক কুম্পানি সীফাই দিয়া ৺দেওর সঙ্গে খেজমতে একসও তেরো জোন মনিশ্য দিল আর সকলেকে জাইতে মানা করিল আর সেহি সএতে আমারদিগের তগীর করিল কাপ্তান সাহেবে একখানি লিখন আনিঞা দুইকে দেখাইলে বলে তোমরা দুইয়ে এ লিখাতে সহি করিয়া দেও সাহেবে জে লিখিয়াছে আমারদিগের মঞ্জুর এহি বলে তবে তোমাদিগের কএদ ছোটাই পাছে আমরা অসাধ্যে পরীয়া সেহি লিখনে দস্তখত করিয়া দিলাও সেহি লিখনে কপতান সাহেবে লিখিয়াছিল ৺দেওর নিকট তোমরা জাইতে পাবানা আর লিখা পত্র দিতে পাবানা কোন মনিশ্যক্ক পঠাইতে পাবা তোমারদিগের দুইয়ের জে বিশএ আছে তাহার কারবার করিতে পারিবানা তোমারদিগের বাড়িতে চুপ করিয়া বশীয়া থাক আমী আর গুয়াহাটা মোকামে থাকীয়া কোন ঠাই জাও আমাকে কহিয়া জাইবা যদি এহি কথা সকল একটাও সাবুদ পাওা জায় ৫০০০০ পঞ্চাষ হাজার টাকা গুণাগার দিতে হবেক পাছে এহি বলিয়া আমারদিগের দুইয়ের জামীন ওভায়েত দুইয়েক নিঞা ছাড়িয়া দিলেক তাহার পরে দশমাষ পর্জ্জন্ত আমরা বাড়ীতে বশীয়াছিলাও এখন আমারদিগেক ধরিয়া রংপুরে পাঠাইয়া দিয়াছে কী নিমিত্ত (?) কিছু জানিনা আর কীছু দিনের পর কামরূপ দেব ৺দ্বেওর আমল সেহি কামরূপ ৺দেওর আমল ছাড়িয়া সতোন্তর এক জোনাকে দিয়াছে ৺দেওর আসাম মুলুকের পুর্ব্বাপর জে নিবন্ধ তাহাকে উঠায়া লওন নিবন্ধ করিয়াছে ৺দেওর জে ২ জাগাতে পাওনের স্থান ছিল সেই সেই স্থানের ৺দেওর লোকজোন তগীর করিয়া সাহেবের তরফের লোকজোন দিয়া সকল তহশীল করিয়া লইতেছে আর সেহি সাহেবে এক লিখন লিখীয়া ৺দেওর ঠাই লইয়া গেলো বলে এহি লিখনে ৺দেওর মহর করিয়া দেউক এহি বলিয়া ধরিলেক শেহি লিখনে লিখীয়াছিল কাপীতান সাহেবেক আমী রাখীলাও মহর দেশ নিষকণ্টোক করি জাযাত নিষকণ্টোক করিয়া না দেয় তাবত পযস্ত সাহেবো রাখীব এহি বলিয়া লিখায়াচীল কাপীতান সাহেব জত দুস্ক দিয়াছে শোহি কষ্টে ৺দেও এহি রূপে লিখন দিতে মনস্ত নহে পাছে কাপীতানে জোর করিয়া টাকস্বালের মহর আনিঞা শেহি পত্রে মহর করিয়া লইয়া বড় সাহেবের ঠাই পাঠাইয়া দিল আর কাপীতান জে ২ মনস্ত কাম করিবার চাহে ৺দেওক কহে জদি সে কাম ৺দেওর মনস্ত ৺দেও কায জদি মনস্ত না হায় না করেন না করিলে পর ৺দেওর রশত বন্ধ কায় প্রাণ (?) ঠাকুর সেবা করিতে দেয় না দরওজা বন্ধো করে ৺দেও কষ্টো পাইয়া পাছে জে করি বলে শেহিমত করেন এহিরূপে সকল কাম জবরদস্তী করিয়া করেন ৺দেওর হুকুমে কোন কাজ্য না করে ৺দেওর ভালো হবে আর মুলুকের ভালো হবে এহি জন্যে ৺দেও বড় সাহেবের ঠাই লিখন পঠাইয়া দিলেন বড় সাহেব এহি জন্যে সিফাই সমেত কাপীতান সাহেবেক পঠাইয়া দিলেন শে কাপীতান ৺দেওর কোনো কিছুই করিলোনা

জে ২ লোক ৺দেওকে তলোওার বান্ধীয়াছী শেহি লোকেরে ভালো করিয়াছে আর আপনার ঠাই উকীল পঠাইতে ৺দেওর মনস্ত হইয়াছে এহি সকল বিপাকে উকীল পঠাইতে পারেন না এহিরূপে অনেক ২ বদ পরামৃষ কাম করিয়াছে বিস্তারিত কতো লিখিব অতোএব ৺দেও উদযগী কিপার (?) আপনের পশে ৺দেওর বিভ্রট কারণ আপনেক আশ্রা করিলেন জদি আপনার এরূপ করিতে মনস্ত হইল এহি ধর্ম্ম হয় আমী ইহাতে কী বলীব ৺দেওর নশীবে জে হইল জদি আপনার এরূপ করিবার হুকুম নাহি আপনার মেহরবান আছে এ কাপীতানকে বদিলি করিয়া দোশরা কাপীতান দিতে হুকুম হয় ৺দেওর হুকুম মতে কার্য্য করিবেক বিনা হুকুমে কোন না করিবেক আর আমারদিগের কএয়াদ হইতে খালাষ পাইয়া আপন মুলুকে জাবো এহি সকল হুকুম করিতে আজ্ঞা হবেক আপনি এহি সকল হুকুম না করিলে এহি কাপ্তান ৺দেওর মূলকে থাকীতে হইলে জে পুরারো মহামারিয়া সেহি থাকীলে ভালো এহি আরজ করিলাম আর শ্রীকৃষ্ণকান্ত -বাটোজ্যার সহিত আমাদিগের তুই জোন তাম্বলি এবং ৺দেওর বড় বরাকে পঠাই ইহারদিগের জবানিতে জাতো হইয়া জে বিহিত হয় হুকুম হবেক ইতি—১৫ পৌষ

সতী সকল মঙ্গলালয় শ্রীযুত মেস্তর সের সোর গবনর বাহাদুর কলিকাতার বড় সাহেব—

শ্রীশ্রী কামাখ্যা সহায় মদবকড়া গ্রামস্থ শ্রীযুত বড় বড়ুয়া মন্ত্রী বরস্য

শ্রীশ্রী কামাখ্যা সহায় শ্রীযুত চিরিঙ্গ ফুকণ ?? দতবশ্রী চোলাধরা ফুকনস্য

———

(৪১)

শ্রীরাম :—

শ্রীশ্রীসর্গদেব—

স্বস্তি শ্রীপ্রভাকর কর প্রতাপ ব্যাপ্ত সকল ভুমণ্ডল জাচক মনোরথ পুরক কল্পপাদক মহামহিম গুণ-ধাম সুচারু চরিত শ্রীশ্রীগবনের কৌশল জেনরেল বাহাদুর বৃহল্লরারাক্ষেসু প্রীতি-পূর্ব্বিকা লিপিরিয়ং বিরজিততরাং ভবন্তানুকমনবরত শ্রীশ্রী৺স্থানে সমিহামহে তদত্রাস্মাকং ভানুকমব্যাহত—

বিশেষ সমাচার এহি শ্রীযুত বুঢ়া গোহাঞি শ্রীবড় গোহাঞি শ্রীবড় পাত্র গোহাঞি শ্রীবড় বড়ুবা সকলরো এই নিবেদন—তোমাদের কৃপাতে কাপ্তান ওবালিচ চাহাবে

অনেক কাজিয়া মিটাই সকল পাত্র মন্ত্রিকে একত্র করিয়া ৺ও সমেত রঙ্গপুর দিয়া আছে মোরামরিয়া শত্রু তিন দিনর তাফাওতে বেঙ্গমরা মোকামে আছে তা হেতে আচিয়া অনেক লোক নষ্ট করিয়াআছে তাহাকে দমন করি দেশটা প্রতুল করিবার নিমিত্তে দুইবার তোমার ঠাই লেখিআছে আমার দুরাদৃষ্টতে তাহার জবাব কিছু পাইল না খামখা কাপ্তান ওবালিচ চাহাবকে ফৌজ সমেত উঠি জাইতে হুকুম করিয়াআছেন তোমার ফৌজ এখন হইতে উঠি গৈলে আমাদের একটি প্রানিও একদিনো একটি প্রানি রক্ষা পরিব না অতএব আমাদের সকলকে অনুগ্রহ করিয়া কাপ্তান ওবালিচ সাহবেকে ফৌজ সমেত থাকিয়া শত্রু দমন করি দেশটা প্রতুল করিবার নিমিত্তে হুকুম দিবেন জত্তপি এই হুকুম না করে দেশসুদ্ধা সকলকে হুকুম করিয়া পঠাইবেন তোমার নিকট জাইতে তোমাদের সহায়তে দেশসুদ্ধ গোব্রাহ্মণ রক্ষা পাইয়াছি—এখন আমাদের সকল লোককে সত্রুএ নষ্ট করণ উচিত নয়— আমি সকলেই এইরূপ নিবেদন করিয়াছে আপনার জে উচিত তাহা করিবেন কিমধিকং সন ১৭১৬ সাল জ্যৈষ্ঠ—তারিখ—৪

---

(৪২)

শ্রীরাম :—

শ্রীশ্রীসর্ব্বদেব

৺ স্বস্তি শ্রীমন্নিখিল গুণগ্রাম বিশ্রামধাম সকল সন্নীতি সমাশ্রয়ন সমুপার্জ্জিত যশস্বারদ সুধাকর বিকাশিহৃতাশেষ সম্মান সকৈরব কোরক প্রচণ্ড দোর্দ্দণ্ড ধৃতকোদণ্ড খণ্ড খণ্ডী-হৃতাশেষ বিপক্ষ স্বার্থ শ্রীগবনের জেনরেল বাহাদুর বুহন্নরারাক্ষেষু বৃতান্ত বাহ্লিকা লিপিরিয়ং— তত্রাদারণবরতঃ তবন্তবামব্যাহতং ৺র স্থানে প্রার্থয়াম স্তেনৈরাস্যাকমপি ভাবুকঃ— পরং সমাচার এহি আপনাদের ইস্তহার নামা পত্র পায়া সকল সমাচার জ্ঞাত হৈলাম আমাদের মলুকের ৺ পাত্র মন্ত্রি গরিব কাঙ্গালি সকল লোক সমেত জে মত পূর্ব্বক বন্দবস্ত সুধারা হয় তেমন অনুগ্রহ করিয়া লেখিয়াচেন বুজিলাম যে আপনার নিতান্ত ইচ্ছা আপনের কৃপাতে সকলো একস্থান একমতি হৈয়া কাপ্তান সাহেব সহিত ৺রকে লৈয়া কেবল রঙ্গপুর মাত্র পায়াচি ৺র এবং আমাদের অনেক পুস্তানের দৌলত জেচিল সকল লুটিয়া নিয়া তিন রোজর পথে বেঙ্গমরা গ্রামেতে আরামে আচে সে শত্রু নজিকে থাকিতে রঙ্গপুর মোকামে কিমতে থাকিবেক সম্প্রতি বাচিন্দা লোককে দিন ২ লুটতরাজ করি কাটিয়া মারিয়াআচে সে শত্রুকে কাপ্তান চাহেবে মিলাইবার কারণ অনেক পুরুসার্থ করিলে তথাচ কোনোরূপেতে কদাচ মঞ্জুর হৈল না মে মোরামরিয়াকে দুর করিতে কাপ্তান চাহেবে কতলোক দিয়াচিল সেদিন আপনাদের লিখন পঁহুছিল কাপ্তান চাহেব ওবালিচাক ফৌজ সমেত উঠিজাইতে যে হুকুম পত্র পায়া ফৌজ ফিরায়া আনিল আমাদের সকল লোকে সে হুকুম সুনিয়া ভাবিত

হৈআচি—সে শক্র নজিকে থাকিতে ৺র আমি পাত্র মন্ত্রি বাচিন্দা লোক সকলো অস্থির হইল—এখনো আপনে অনুগ্রহ করিয়া পুনশ্চ কাপ্তান চাহেবকে লিখিবেন রঙ্গপুর হৈতে যে মোরামরিয়া দুর হৈআচে তাহাকে দুর করিয়া দুই তিনি মাসের মধ্যে কাপ্তান চাহেবকে চিক্কাই সমেত জাইতে হুকুম দিবেক আর পুনর বর্কন্দাজ লোকে আসিয়া কামরূপেতে কাজিয়া করিতেচি ইহাকো মিটাইতে হুকুম করিবেক আর কাপ্তান চাহেব এথান হৈতে গেলে পর আমাদের দেশটা পুর্ব্ববত বন্দবস্ত স্থির যাবত না হয় তাবত একজন সর্দ্দার লোক সহিত দুই তিনি কম্পানি লোক থাকিতে হুকুম করিবেন আর এথানকার ৺র সহিত আপনাদের দোস্তিরাহ চন্দ্র দিবাকর পর্য্যন্তে নেকনাম থাকে তাহা বড চোট সকল লোকের বাঞ্চা এহি আরজি করিলাম আপনার গতায়াতে মঙ্গলাদি সম্বাদ লিখিয়া পরিতোস করিবেন আর মজুন্দার বড়ুবা শ্রীবিকারাম—১ ও বড় কট্রকি শ্রীভোলানাথ—১ শ্রীশিব— ১ও থামিন্দ বৈরাগি শ্রীতহুস্রাম ১ শ্রীবলোরাম—এহি ৫ পাক্ক লোকের মুখজবানিতে সকল সমাচার জ্ঞাত হৈবা ৺ সহিত আম্রা পাত্র মন্ত্রি রায়তলোক যেরুপ রক্ষা পারি—তাহা করিবেন—কিমধিক বিজ্ঞ বৃন্দ চুড়ামনি ইতি শক্ ১৭১৬ তেরিখ ১৬ বৈশাথস্য—

স্বস্তি শ্রীমন্নিখিল গুণগ্রাম বিশ্রামধাম সকল সন্নীতি সমাশ্রয়ণ সমুপার্জ্জিতযশঃ সারদ সুধাকর বিকাশীকৃতাশেষ সম্মানসকৈরব কোরক প্রচণ্ড দোর্দ্দণ্ড ধৃত কোদণ্ড খণ্ড খণ্ডী-কৃতাশেষ বিপক্ষ সার্থ শ্রীগবনের জেনরেল বাহাদুর বৃহন্নরারারাক্ষেষু—

(৪৩)

শ্রীশ্রীরাম—

সিদ্ধিদেব ঈশ্বর (?)

৺ স্বস্তি সকল মঙ্গলালয় মহামহিম মহিমা সাগর সঙ্গম গঙ্গাজল নির্ম্মল পবিত্র কলেবর গোব্রাহ্মন প্রতিপালক সকল গুনালয়ঙ্কৃত শ্রীযুত কলিকাত্তার বড়সাহেব স্থচারুচ্চরিত্রেষু—

আসাম দেসের শ্রীজুত্ বড় ফুকনের সেলাম বহুত ২ আরজক্ক আগে শ্রীজুত বড় সাহেবের বোলবালা দৌলত জিয়াদা ৺স্থারাই প্রার্থনা করিতেছি তাহাতে অত্র কুশল বিসেস সমাচার এহি আমার দেসের সকল সমাচার শ্রীশ্রী ৺৺ পত্রে লেখিআ বিকামজিন্দার ও ভোলাই কটকি ও সিব কটকি ও গাইরহ মারফত পঠাইতেছেন তাহাতে সকল সমাচার বিদিত হৈবেক আমার দেসের ৺৺ সম্বলিত অনেক ২ দুষ্ট কুমন্ত্রি ও দুষ্টলোক সকল মিলিয়া রাইযোর খারাপি করিয়াছে এখন সাহেব লোক নেক নজরে শ্রীযুত কাপ্তান সাহেবকে সিপাহি সম্বলিত পঠাইআছেন ইহাতে কাপ্তান সাহেবের মজবুতিতে ও পনাতে অনেক সত্রু নষ্ট হৈয়া রাজ্যখান ভাল হৈবার নমুদ হৈয়াছে আমাকে কাপ্তান সাহেব ও আমার ৺৺স্বর্গদেব মাহারাজা অনুগ্রহ করিয়া এবং আমার কার্য্য ভাল পায়া ইস্তক কলিয়াবর লাগাইত বঙ্গলা সরহদ মানাস নদীতক্ আমাকে মুক্তারি বড়ফুকন করিয়া দিয়াছেন রায়োর পুর্ব্বাপর দস্তর বড়ফুকন এআঙ্কলের মালিক সেই দস্তর মতে আমাকে মকরর করিয়া দিআছেন এআঙ্কলের কাজকর্ম্ম ও ৺৺স্বর্গদেব মহারাজার ভাল জে মতে হই তাহা আমাকে করিতে হই কি জানি কোনো লোকে কোনো বদ কথা বদ কর্ম্ম করে তাহা নেকিবদিতে আমাকে পায় এ কারণ আরজ আমার ৺৺স্বর্গদেব জে জে লোক সাহেবের নিকট পঠাইতেছেন কি জানি ইহারা কোনো বদ কথা সাহেবের স্থানে কহিয়া কাজ বিগারে এজন্যে আমার এতবারি লোক গুঞ্জাপো-রানিবরা ও নজরখাঁকে ইহার দিগের সম্বলিত পঠাইতেছি সাহেবের নিকট জে কথাবার্ত্তা আমার লোক সম্বলিত আরজ করিবেক তাহাতে গৌর ফরমাইবেন যেকেলা কেহো কোন কথা কহে তাহা স্থনিবেন না আমার আরজের মুদ্দা এই আমারাইজ্যে অদিক সিপাহি আসিলে রাইজ্য নষ্ট হবেক এক পল্টন সিপাহি ও কাপ্তান সাহেব গড়গাঞা ও রঙ্গপুর থাকিলে বস হবেক আর গুয়াহাটিতে পাচ ছই কুম্পানি সিপাহি থাকিলে বঃ মজবুতিতে মলুক সাসিত ও আমোলচয়ণ হৈতে পারে ইহার সেবাই আর দর্কার নাই আগে জে জে সাহেব লোক আমার মলুকে আসিয়াচেন ইহারা আমার দেসের রিত বেবহার বুজিআছেন ইহার দিগের বদলি করিবেন না এই সকল কথা আমার নিচের রাজা ও জমিদারাণ ও গাইরহ সকলে একত্র হৈয়া পরামরস করিয়া এই আরজ লেখিলাম সাহেব ধর্ম্ম অবতার অনেক ২ রাইযা রক্ষা করিয়াচেন করিতেচি আমার ৺৺স্বর্গদেব মহারাজার ভাঙ্গা

CENTRAL LIBRARY

রায্য থান পুনছ থির করিলে সাহেবের প্রবল প্রতাপের নেকনাম আমার রাইয্য ছির কাল থাকিবে আর সাহেবের হুকুম আসিয়াছেন কাপ্তান সাহেবকে সিপাহি সম্বলিত উঠিয়া জাইতে বুজি কোনো হারামজাদা লোক কোনোবদ কথা সাহেবের নিকট জাহির করিআ থাকিবেক একারন তারদিগের তলপ করিয়াছেন আমি স্থনিয়াছি জইনাথ বড় বড়ুয়া ও চোলাধরা ফুকন ও গাইরহ ইহারদিগের স্থানে ৺৺স্বগ্গি মাহারাজার মোহর থাকে ইহারা কোন খবর লেখিয়া রাজার মোহর করিয়া পঠাইআচে কিন্তু আমার ৺৺স্বগ্গি মাহারাজা সে লেখন ওবাকিপ নাহই এবং আমারা পাত্রমন্ত্রি ও কেহো জানিনা সে লেখা মিথ্যা জে সকল লোক এমত লেখা পাঠায়া মলুকের খারাপি করে সাহেব তদারক করিয়া তাহারদিগের সাজা করিতে মর্ঘি হবেক সিপাহি লোকে এ মলুক হইতে উঠিয়া গেলে আমার মলুক নিহাইত নষ্ট হৈল মেহেরবানি করিয়া আমার মলুক জেমতে রক্ষা পরে তাহা করিতে মর্ঘি হবেক আঁমার মলুকে নগদ মালগুজারি প্রায় ছিল না এখন ৺৺কম্পানির তরফ চিপাহির খরচ দিতে হবেক একারণ বছর সাল ১৫০০০০ এক লক্ষ পঞ্চাচ হাজার টাকা আমি আমারে খেষই তলর (?) মাল গুজারি কবুল করিয়াচি ইহাতে আমার মলুকের অনেক লোক আমার সত্রু হইবেক আমি নিতান্ত চিত্তে সাহেব লোকের সরনাগত হৈয়া আশ্রয় লৈয়াচি আমাকে রক্ষা করিতে হবেক আমি জখনকার জে সমাচার হই সাহেবের স্থানে লেখিয়া পদাইব আমার বিসই·কাপ্তান সাহেবকে লেখিবেন মেহের্ব্বানি কারন আমার সঙ্গে তইনাত ১২ বার সিপাহি ১ এক হেরাণদার থাকে এমত্ত হুকুম কাপ্তান সাহেবকে লেখিতে মর্ঘি হবেক ইতি তাড়ি——৭—— আঁসার।

জাই পত্রচিন্ন ৺৺স্বর্গ্গিদেবর তরফ মারফত বিকামজিন্দার রাজা মোহারি টাকা ২০০০ দুই হাজার মোহর সোনা ৪০ চল্লিচটা দেড্ডড়াক পখি ১৩ তেরটা হাতিদাত ১০ দচটা পাটর ধুতি ৪ চারিখান হাতিদাতের দিস্তেরওয়ালা ২০ বিসখান বাগলেজি তোট ১০ দসখান মর্কমল ১ একখান চোঞ্চর ৮ আটো পৌছিবেক ইতি—

শ্রীরাম—

শ্রীজুত বড়ফু ৺ আজ্ঞা—

৭৮গুঞ্চপোন্নানিবড়া ও নজপর্থা শারধানে জানি বি তহতর লগতজি সন্দেসপত্র দিচিলো সি নৌকাবুরি হরাল এতেকে সেই লেখার দরে সন্দেশ পত্রাদি নকৈ লেখা পত্র কড়ি বড় সাহেবানে ডাকর হাতত দিপঠা ইনো তহতক জি দরে সিকাই বুঝাই দিচো সেই দরে সাহেবত কৈকড়ি জেনেরূপে কাপ্তানচাহেব ইঠাই থাকিব তাকে আচরি বি— ইতি তাড়ি—৭—আসার।

৭৺শ্রীজুত বড় ফুকনের তরফ পত্রচিন্ন

সবুজ গোমচেঙ্গ—	— ১ একখান
চফেদ পাটকাপর—	— ৪ চারিখান
জরদ পাটকাপর—	— ৪ খান
আসামীয়া চুরি—	—১২ বাড়খান
সর্ব্বাঙ্গ কস্তুরি—	— ১ টা
সেত চামর—	— ৪ টা
কালা চামর—	— ৪ টা
	৭ দফা।

---

(৪৪)

শ্রীশ্রীহরি—

৭৺শ্রীযুত বড় ফুকণস্য—

শেলাম বহুত ২ আরজক আগে শ্রীযুত বড় শাহাবের বোলবালা [দৌলত ?] জ্যাদা ৺স্বারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্র কুশল বিশেষ সমাচার এহি আমার মলুকের হকিকত পূর্ব্ব ২ পত্রে লেখিয়াচি তাহাতে জ্ঞাতো হৈয়া থাকিবেন শ্রীযুত কাপ্তান সাহেব আমার মলুক হইতে উঠিয়া জায়াতে অনেকরূপ বিভ্রাট উপস্থিত হৈআচে বিনা ৺কুম্পানির তরফ সিফাই না থাকিলে রায্য রক্ষা পাই না অতএব লিখি মেহেরবানগি করিআ শ্রীযুর্ত মে বুরুস সাহেবকে হুকুম লিখিবেন তিনি স্বকেদ হৈয়া শিফাই দীয়া আমার ৺দেবের রায্য রক্ষা করেন এ বিশয় মনজোগ করিয়া সিগ্র ২ হুকুম পটাইয়া আমার রাজ্য রক্ষা করিবেন তবে শাহেবের জে খরচাস্ত হৈয়াচে ও হইবেক তাহার আঞ্জাম দেওা জাইবেক এবং ৺কুম্পানির প্রবল প্রতাপের নেকনাম আমার রায্য চীরকাল থাকিবেক রুদ্রাম বড়ুয়া এথানকার দরবারের ওাকিয়াহাল একারণ তাহাকে পাঠান জাইতেছে বিস্তারিত আরজ করিবেক তাহাতে গৌর করিবেন ইহা আরজ হয়—সন ১৭১৬ তাং——২৬ শ্রাবণ।

স্বস্তি সকল মঙ্গলালয় মহামহিম মহিমা সাগর গঙ্গাজল নির্ম্মল পবিত্র কলেবর গোব্রাহ্মণ প্রতিপালক অশেষ গুনালঙ্কৃত শ্রীযুত কলিকাতার বড় সাহেব

শুচারু চরিতেষু

---

(৪৫)

শ্রীহরি—

স্বস্তি প্রচণ্ড কোদণ্ড খণ্ডিকৃতারাতিসেস নিখিল দিগান্ত বিলাসম্বরহরচন্দ্র হিণ্ডি-রপিণ্ড কাশসন্তাস কীর্ত্তিমণ্ডলাগার করুণাবরুণাগার দয়ালয়াচার বিচার সার সন্তোস হৃগ্তাসেস লোক গাম্ভির্য্য ধৈর্য্য মর্য্যদা সার বিসার্য্য চাতুর্য্যাগার সম্রাটবরেষু—

শ্রীশ্রী৺৺ স্বর্গ নারায়ণদেব শ্রীমত্ শ্রীগৌরীনাথ সিংহ নৃপস্ত লিপিরিয়ং—বিরাজ উত্তরা

৭৺শ্রীশ্রী৺৺ঈশ্বর ঈশ্বরির স্থানে সদা সর্ব্বদা তোমার কুশল বাঞ্চিতেছি বিষেস কাপ্তান সাহেব আমার মূলুক হৈতে উঠিয়া জারাতে নানামত আমার রায্যের বিভ্রাট উপস্থিত হৈয়াচে একারণ লিখা বিনা ৺কুম্পানির সিফাই এখানে না থাকিলে রাজ্য রখ্যা পায় না অতএব লিখি শ্রীযুত মিস্তর বুরুস সাহেবকে হুকুম লিখিবেন তিনি সিফাই সম্বলিত আমার মলুকে আসিয়া স্থির রাখেন তবেই আমার রাঁয্যাখান রখ্যা হই সিগ্র ২ মনোজোগ করিয়া সাহেবেক হুকুম লিখিবেন রুদ্ররাম বড়ুয়াকে পাঠাইতেচি বিস্তারিত জ্ঞাত করিবেক তাহাতে মনোজোগ করিয়া আমার রাজ্যখান রখ্যা করেন তবেই কুম্পানি ৺র জে খরচ হৈয়াচে হবেক তাহার কিনারা হয় ৺আসীষে রাজ্য স্থির থাকে আধিক কি লিখিব জাতাযাতে কুশল লিখিয়াপ্যাইত করিবেন—ইতি সন ১৭১৬ শক তাং ২৬ শ্রাবণ।

স্বস্তি সকল মঙ্গলালয় গোব্রাঁহ্মণ প্রতিপালক অসেস গুনালঙ্কৃত গঙ্গাজল নির্ম্মল পবিত্র কলেবর শ্রীযুত কলিকাতার বড় সাহেব মুচারু চরিতেষু—

---

(৪৬)

শ্রীহরিঃ—

সরণং—

নকলমতাবকে আশল মোকাবিলা—

শ্রীপ্রতাপনারান ঘোষ সিরিস্তাদার—

৭৺শ্রীযুত বড় ফুকণশ্চ—

সেলাম মালুমঙ্ক আগে সাহেবের খয়েরখুবি ৺দরগাতে মনাজিমত করি তাহাতে যএ খয়ের বিসেষঃ শুনিতে পাই কলিকাতার শ্রীযুত বড় সাহেবের হুকুম আপনেক আসিয়াছে আপনি মফেদি থাকিয়া সিফাই দিয়া আমার শ্রীশ্রী৺৺র দেবর রায্য রক্ষা করিবেন অতএব লিখি এখানে অনেক উতপাত উপস্থিত জদি কলিকাতার হুকুম পাইয়া থাকেন তবে পত্র পাট আমার মুলুকে আসিয়া রায্য রক্ষা জেমত হয় তাহা করিবেন আর ৺কুম্পানির জে খরচাস্ত হৈয়াছে ও হইবেক তাহার আঞ্জাম দিতে পারিব রাজ্য রক্ষা না করিলে দেশের বধ হওয়ার পাপ লাগিবেক এবং ৺কুম্পানির জে খরচাস্ত হইয়াছে তাহা কোথা হৈতে আঞ্জাম হৈবেক ইহা বিবেচনা করিয়া নেকনজরে আমার ৺৺দেবের রায্য রক্ষা করিয়া ৺কুম্পানির পাওনার ঠিকানা করিবেন রুদ্ররাম বড়ুয়া এখানকার সমস্ত ওয়াকিফহাল কারণ তাহাকে পঠান গিয়াছে বিস্তারিত জ্ঞাতো করিবেন তাহাতে মনযোগ করিবেন জাতায়াতে খয়রিফিয়ত লিখিবেন ইতি সন ১৭১৬ তাং—২৬ শ্রাবণ—

শ্রীদুর্গা

নকলমতাবকে আশল মোকাবিলা

শ্রীপ্রতাপনারায়ন ঘোষ সিরিস্তাদার

আশলেত তারিখ কাটীয়াছে

এমত মালুম হয় ইতি।

স্বস্তি শ্রীপ্রচণ্ড কোদণ্ড খণ্ডিকৃতারাতিসেস নিখিল দিগান্ত বিলাস স্মরহর চন্দ্র হিণ্ডিরপিণ্ড কাশ সঙ্কাস কির্ত্তি মণ্ডলাগার করুণাবরুনিগার দয়াল আচার বিচার সার সন্তোষ গুণ্যাসেষ লোক গাম্ভির্য্য ধৈর্য্যমর্য্যাদা সার বিসার্য্য চাতুর্য্যাগার সম্রাটবরেষু শ্রীশ্রী৺৺সর্গ নারায়ণ দেব শ্রীমৎশ্রীগৌরিনাথ সিংহ নৃপস্ত লীপিরিয়ং বিরাজওতরা

৭৺শ্রীশ্রী৺৺ঈশ্বর ইশ্বরির স্থানে তোমার কুশল বাঞ্ছিতেছি বিশেষঃ যুনিলাম কলিকাতা হইতে শ্রীযুত বড় সাহেবের হুকুম তোমার নামে আসিয়াছে জে সিফাই দিয়া আমার মলুকের জাহাতে ভাল হই তাহাই করিতে অতএব লিখি কাপ্তান সাহেব জারাতে রাজ্য অস্থির হৈয়াচে সেমতে লিখি সিগ্র ২ সিফাই সম্বলিত আমার মলুকে পহুচিয়া জাহাতে আমার এবং আমার দেষের রক্ষা হই তাহাই করিতে হৈবেক তাগিদ ২ পৌছিবেন রুদ্ররাম বড়ুয়াকে

পাঠাইয়াছি বিস্তারিত জ্ঞাতো করিবেক তাহাতে মনজোগ করিয়া সিগ্র এখানে পৌঁচিয়া রাজ্য রক্ষার বিহিত করিবেন তবেই ৺কুম্পানির জে খরচান্ত হৈয়াছে হৈবেক তাহার কিনারা হয় এবং সাহেব লোকের নেকনামি আমার রাজ্যে চিরকাল থাকে জাতাস্বাতে কুসলাদি লিখিবেন ইতি সন ১৭১৬ তাং ২৩ শ্রাবণ।

---

(৪৭)

৺শ্রীহরি—

সহায়—

মহামহিম শ্রীযুত বড়োসাহেব—

বরাবরেষু—

সগর্গদেব মহারাজার উকিলের বহুত ২ আরজ নিবেদন জম্বপী সিপাই দিতে হুকুম না হয় লড়াহের সরমজাম তিনশত বন্দুক সঙ্গীন সমেত জোরবান(?) বারুদ ও গুলি চার মোন ও পাথর দুই মোন ও তোসদান দুইসও ও গায়রহ এইরুপ তোমার দীর্গের মেহের বানগি হইলে জে মুলুক রক্ষে হয় এবং তোমারদীর্গের নেকনাম হয়—

---

(৪৮)

৭শ্রীশ্রীরাম—

সরণ—

Rajah Bishen Narain

No. 518

5. 11. 1794.

শ্রীশ্রীরাজা [বি]ষ্ণু নারায়ণ

শ্রীশ্রীসরকার—

কামরুপ মতালকের শ্রীরাজা বিষ্ণুনারায়ণ—

দরখাস্ত আরজ নিবেদন আমার বাসনা ছিল জে শ্রীশ্রী৺কোম্পানির আশ্রীত হইয়া থাকী রার্যাঃ ভেষ্ট হইয়া নিতান্ত বিপদে পড়িয়া সরণাপর্ন্ন হইয়াছি আমার দুরাদেষ্টক্রমে আশ্রয় পাইলাম না বিনা লোক সরঞ্জামে আপন মুলুকে জাইতে হইলে মুন্দইর হাথে প্রাণ রক্ষাই ভার অতয়েব আরজ অনুগ্রহ করিয়া আমাকে এক রাহাদা[রি পরওনা হুকুম] হয় জে বাঙ্গালা হইতে লওয়াজীমত লোক কিছু তৈনাত রাখিয়া সঙ্গে লইয়া আপন মুলুকে জাই ইহাতে মেহের বানগী না করিলে আমার অন্ন উপায় নাহি ইহা আরজ করিলাম ইতি— তাং ২২ কার্ত্তিক ইং সন ১৭৯৪ সাল বাঙ্গলা ১২০১ সাল ই—৫ নবম্বর—

(৪৯)

৭শ্রীশ্রীরাম—

সরন—

Rajah Bishen Narain,

No. 536.

25. 11. 1794

শ্রীশ্রী রাজা বিষেণ নারায়ণ

হুজুরেষু—

শ্রীশ্রী সরকার—

কামরুপ মতালকের শ্রীরাজা বিষ্ণু নারায়ণ—

দরখাস্ত আমি রার্য্য ভ্রষ্ট হইয়া শ্রীযুৎ কম্পানি বাহাদুরের শ্বরণাপন্ন হইয়াছি বিনা কম্পানি বাহাদুরের অনুগ্রেহে আমার আর উপাই নাই আমারদিগের রাজেশ্বর শ্রীশ্রী৺ সর্গদেব তাহার কোন বদিয়ত আমা প্রিতি ছিল না তাহার ঘরের নিমক হারাম চাকর বড় ফুকন নিরঅপরাধে শ্রীশ্রী৺সর্গদেবের নিকট আমায় মির্থ্যা বদনাম জাহির করিয়া ৺সর্গদেবের বিনা আজ্ঞায় ফুকন মজকুর আমার রাজ্য লইয়াছে সেই বড় ফুকন এখন ৺সর্গদেবের ও রাজ্জের পর জেমত দৌরাত্তি করিতেছে তাহা সর্গদেবের আরজিতে জোনাবে বিদিত হইয়াছে এখন বড় ফুকনকে দমন করিবার নিমির্ত্তে শ্রীশ্রী৺ সর্গদেব কম্পানি বাহাদুরের অনুগ্রহ আকিঙ্খিত অতএব আরজ হজুর হইতে আমার নিমির্ত্তে এক চিটি ৺সর্গদেবকে জাইয়া তাহার জবাব সম্বলিত আমার খাতিরদারি আইসে জে বড় ফুকন দমন হইলে আমি আপন রাজ্জ পাই আর সর্গদেবের উকিল জে এথানে আছে তাহারা আমার সহিত মিলিতে চাহে হেকুম হয় হজুরে দুই জনাতে মেলাইয়া দেয়ান এবং জে একরারে মিল হয় সেই একরার উভএর দস্ত-খতি হজুরের দপ্তরে থাকে এহা হইলেই আমি জেমত কম্পানি বাহাদুরের শ্বরণাপন্ন হইয়াছিলাম তাহার আমার প্রিতি অনুগ্রহ প্রকায হয় ইতি—

তাং— ১২ অগ্রহায়ণ ইং ২৪ নবম্বর— বাঃ সন ১২০১

সাল— ইঃ সন ১৭৯৪ সাল

---

(৫০)

৭শ্রীশ্রীরামঃ—

শরণঃ —

শ্রীশ্রী৺রাজা বিষ্ণু নারায়ণ কৈচে—

শ্রী রাজা বিষ্ণু নারায়ন

শ্রীশ্রী৺সর্গদেবের উকিল শ্রী বিষ্ণুরাম শর্ম্মা ও শ্রী হরদেব শর্ম্মাঃ ও শ্রী দেওনাথ শর্ম্মাঃ। ইহার সহিত আমার মেল জোল হইল শ্রীশ্রী৺সর্গদেব সহিত আমার কোন কেজিয়া নাই পুর্ব্বাপর আমাদিগের দরঙ্গ কামরুপ ছিল এখন শ্রীশ্রী৺সর্গদেব দিয়াছে ঘুচায় নাই চেটিয়া বড়ফুকণ বরকন্দাজ আনি জোর করিয়া লইয়াছে সাবেক মালগুজারি করি শ্রীশ্রী৺সর্গদেবের তাবে থাকিব এই করারে একরার নামা লিখিয়া দিলাম ইতি—তাং —২৫ অগ্রহায়ণ বাঃ সন ১২০১ সাল ইঃ ১৭৯৪ সাল ৮ দিশম্বর

---

(৫১)

শ্রীশ্রীরাম—

সরণ—

শ্রীশ্রী৺সর্গদেবের উকিল

ও শ্রীহরদেব

শ্রী সর্গদেবের উকিল
শ্রী হরদেব
শ্রী দেওনাথ

শ্রী দেওনাথ শর্ম্মন এ সকল কৈচে শ্রীযুং রাজা বিষ্ণু নারায়ণ সহিত আমাদিগের মেল হইল শ্রীশ্রী৺সর্গদেব ইহাদিগের পুর্ব্বের দরঙ্গ কামরুপ দিয়াছি চেটিয়া বড় ফুকন বরকন্দাজ আনি জোর করি রাজার স্থানে হইতে লইআছে এখন শ্রীশ্রী৺সর্গদেব ছাড়ায় নাই পুর্ব্বপর মাল গুজারি জে মাফিক ছিল সেই মাফিক মালগুজারি শোধাই পুত্র পৌত্রাদি ক্রেমে ভোগ করিবেন ইহাতে কোন অন্নথা নাই এই করারে শ্রীশ্রী৺সর্গদেবের আজ্ঞা প্রমান একরার নামা লিখিয়া দিলাম ইতি—বাঙ্গলা সন ১২০১ সাল ২৬ অগ্রহায়ণ ইং ১৭৯৪ সাল ৯ দিসম্বর।

---

(৫২)

৭সস্তি অবিরত বিতরন জনিত জসোরাশি বিরাজিতাসেষ ভুমণ্ডলাখণ্ডল কীর্ত্তিসুধাকর শ্রীশ্রীযুত রাজা কৃষ্ণচন্দ্র নারায়ণ মহোদার চরিতেষু শ্রীহট্টাধিকারিণঃ পরম সগৌরব বিজ্ঞাপনঞ্চ পর সমাচার এই তুমার উকিল আসিয়াছিল তাতে সবিশেষ জ্ঞাত হৈয়াছি উহাকে বিদায় করিয়াছি জানিবা এগন আমার উকিল আসিতেছে সকল বাচনিক জ্ঞাত হৈয়া জখন জে বিশয় হয় উহার যোগে কহিবা আর নাগ্গাতির জন্নে পুর্ব্ব পত্রে লেখিছিলাম নাগ্গাতি তরহুদ করিয়া জল হৈলে সিগ্র পাঠাইয়া দিবা কিমধিকং বিজ্ঞবরেষ্বেতি—

সকাব্দা ১৭১৬ মাহে ১৮ বৈশাখ—

নানাগুণালঙ্কৃত শ্রীশ্রীযুক্ত রাজা কৃষ্ণচন্দ্র নারায়ণ মহোদার চরিতেষু দেয়মিতি—

হেন্‌রী লজ
(পারশী)

---

(৫৩)

শ্রীশ্রীদুর্গা—
সহায়—

শ্রীশ্রীরাজেশ্বর সিংহ

৺৭স্বস্তি সকল গুনালঙ্কৃত পারাবার গভীর গঙ্গাজল নীর্ম্মল পবিত্র কলেবর গোব্রাহ্মণ প্রতিপালক শ্রীযুত বড়াসাহেব জীউ সালাম বহুত ২ আরজঞ্চ আদৌ তোমার রাজোন্নতি হামেসা ৺৺দরগাতে প্রার্থনা করিতেসি তাহাতে অত্রানন্দ পরং বিশেশ সমাচার এহি তোমার আশ্রয়তে আসাম দেশখান কিছু প্রতুল হইবার উপযুক্ত হৈল ইতি মধ্যাত কয়েক দুষ্ট লোক কার্য্য বিগরাইবার কারণ তোমার পাচ অক্ত মত নালিস করিল ইহাতে তুমিহ বরই খাপা জাইল আমিহ শ্রীবড়গোহাই ও শ্রীসলার গোহাই ও শ্রীবড় বড়ুয়া আমি প্রত্যক্ষগত সকল পাত্র মন্ত্রি ও জমিদাররাজা এবং গরিব রায়ত সুদ্ধা সকল একবাক্য

হৈয়া যে যে দুষ্ট মন্ত্রি সকলকে তাগির করিয়া সেসে বাওরা শ্রীযুত রাজাকে বদলায়া পূর্ব্ব শ্রীযুত রাজার পঁরিনাতি একজনাক গুরাহাটাতে রাজা করিয়াচি ইহাতে সেসাদর রাজের দোষ নি (?) বুঢ়া গোহাই চিকাই আনিবার জন্যে তোমার সেথানে বেজিয়াকটকি পাঠায়আচে তোমা সে কথাতে এতবার না কর তবে রায়ত সুদ্ধা এদেশ রক্ষা হবে এবং তোমার জস ধর্ম রহিবে এ নালিস বুঝিয়া বেজিয়া কটকি ও বিজা ইহাদেক তাগির করিবে জে রুদ্ররাম বড়ুয়া বেহার আচে তাসঙ্গে চিকাই দিবার হুকুম করিবে ইহা আরজ করিলাম সে পাগল রাজা থাকিলে পর দেশ খারাপ হৈল এবং মোরামরিয়াও না লয় তুমি এ রাজতে আমার উপর মেহেরবানি রাখ বাওরা রাজার কথা না সুন তবে দেশ রক্ষা জাই কি হেতু এ রাজাকে এড়িলাম বিনা দোশে আমার দেশের তিনি চারি কুরি উমরাও মারিবে কাটি দিবে পিস্তি মারিবে আগুন জলাইবে আর সকলের কাজ বিগারিচে ব্রাহ্মন মারিআচে আর কৃষ্ণনারান রাজার বাপকে কুনাবায়া মারিআচে আর জত ২ কথক্রে সমস্তাব রাজ রক্ষা না পরে এ জন্যে বদল করিলাম ইহা আরজ করিলাম ইতি সন ১৭১৬ তাঃ ১৫ই আস্রায়ন পত্রচিন রেশ্মিলড়া ১ থান

---

(৩৪)

৺শ্রীরাম :—

৭স্বস্তি বিপক্ষ পক্ষ বারণ দারণ পঞ্চাননশেমেতঙ্গজ কর্ণতালাস্ফাল পবণনস্তিত স্বধুনী হিণ্ডির হিমপণ্ডরযশঃ পঞ্জর নীতিসাস্ত্র বিশারদ বৃহন্নরারাজ্যেষু হার্দ্দাভিব্যহনং (?) পত্রমিদং বিশেষঃ আপনে যে পত্র দিয়াচিলা তাহাতে সবিশেষ জ্ঞাত হইলাম যে সওদাগর লোকের বিষয় লিখিয়াচেন তাহারা আমার মুলুকেতে খরিদ বিক্রি করিতেচে এবং যদি কর্য্যপত্র কোনো লোকের হাতে দিয়া থাকে তাহা আমার এখানে জাহের করে নাহি এমত আমার এখানে জাহের করে আবশ্যক তাহার আদালত ইনসাব হবে আর লিখিআছেন এ মুলুকের লোক হত্তে নানান রূপে দুখ ও ব্যমহ পাইতেচে ইহার আমা এখানে মালুম নাহি দরখাস্তি হইলে তাহার ইনসাব আবশ্য হবে অতএব আপন ২ রাজিতে খরিদ বিক্রি করে তাহাতে কাহাকে আনিয়া আদালত করিব উভয় মুলুকের সওদাগর লোক জতায়ত করে এবং সুলুক থাকে ইহাতে উভই মুলুকের সিরিস্তা ভালো হয়ে সওদাগর মযুকুরো জখন যে জাহির করিবেক তাহার আদালত ইনসাব রুই যে হবেক তাহা দেলায়া দেওয়ান জাবেক কিমাধিকং—শক ১৭১৬ তারিখ—১৫ মাঘস্য।

---

(৫৫)

৭শ্রীশ্রীরাম—

১ দফা

শ্রীযুত দেবরাজার তরফ—

শ্রীজীনকাব ফুরপা ও শ্রীজীনকাব হনথার দুইজনার আরজ নিবেদন পূর্ব্ব শ্রীযুত কুমপানি ও দেবরাজা দুই তরফে লড়াই হইয়াছে তাহাতে সকল জমি কুমপানির আমল হইয়াছেন পরে শ্রীযুত মেঃ বোগল সাহেব ভোটান্ত মুলুকে গেলেন সাহেব মজ্কুর মুলুক মজ্কুরে গেলে পর সলা হইল সাহেব মজ্কুরের এ মুলুক আসীবার কালে বুড়াগুবা সাহেবের সঙ্গে কলিকাতা আইল এথানে আইলে শ্রীযুত গৌবনর হিষ্টিন সাহবের সহিত সক্ষ্যাত করিলে পর শ্রীযুত হিষ্টিন সাহেব ও শ্রীযুত বোগল সাহেব দুইজনায় দেবরাজার সকল জমির বন্দবস্ত করিয়া দিলে বোগল সাহেব রঙ্গপুর জাইয়া সরহর্দ্দ বন্ধি করিয়া রাজা মজ্কুরের আমল দখল করিয়া দিলেন সেই অবধি বরাবর অবাদে ভোগ দখল করিয়া আসিতেছিল গত সন মোজা (?) বারকা গ্রামের তহসীলদার ভোটয্যাকে বেহারের আমলা জবরদস্তি করিয়া উঠাইয়া দিলেন ঐ জমির খাজানা বেহারের আমলা তহসীল করে এখন বেহারের মতালুক হইয়াছে—

২ দফা—

শ্রীযুত গৌবনর লাট কারণওয়ালিষ বাহাদুরের—

হজুরে জে জে নালিষ করিয়াছিলাম তাহার মধ্যে গুমারহাটী গ্রাম মতালুক বেহার ইং নাগাদে দেবরাজার ভোগছিল তাহাকে দখল না দিয়া শ্রীবুলচন্দ বড়ুয়া জোর করিয়া ভোগ করে ও গুমারকৈমারি গ্রাম পূর্ব্বে বড়ুয়া মজ্কুরের দখল ছিল পরে শ্রীযুত লাট সাহেবের হুকুম মত দেবরাজা ঐ জায়গায় বাষ গাড়িয়াছে তথাচ বড়ুয়া মজ্কুর দখল করে সকলে পাঁচগ্রাম তাহার তিন গ্রাম আমরা দখল পাইয়াছি ২ গ্রাম বড়ুয়া মজ্কুর দখল করে জখন কুমপানির হুকুম প্রমান সরহর্দ্দের হইল তখন বড়ুয়া মজ্কুর এই সকল জায়গা দেবরাজার দখল কহিছিল এখন সরারতি করিয়া আপনি দখল করে—

৩ দফা—

মতালুক রঙ্গপুর

ভোটহাটের কিছু জমি নদি পুরাটে আবাদ হইয়াছে সে জমি আস্তপান্ত আমারদিগের আমল দখল ছিল .একেণে ৺কান্তবাবু দখল করে এই তিন দফার পরওানা জীলাদার সাহেবদিগের নামে হুকুম হয় আর এই সকল দফার এক সনন্দ কুমপানি হইতে দেবরাজার নামে দেন এই সকল দফার সনন্দ শ্রীযুত বোগল সাহেবের মারফত পূর্ব্বে পাইয়াছিলাম সে সনন্দ মজ্কুর পুনাথার কিম্বা জলাতে জলিয়া গিয়াছে সাহে[ব] মুলুকের মালিক দেবরাজা মজ্কুরের হক দেলাইয়া দিতে হুকুম হয় ইহা আরজ করিলাম ইতি—

(৫৩)

শ্রীশ্রীরাম—

সহায়—

৺সরকারে দরখাস্ত

সর্ব্বদেব—

৭লিখিতং শ্রীকমল দ্বারিয়া তথার্ত্ত শ্রীপরসুরাম কাওার বড়ুয়া—আরজ এহি আমার রাজ্যের অপ্রতুল কারণ শ্রীশ্রী৺শ্রীকাপিতান ডোগল সাহেবেক চাকর রাখিআছিলেন জে লাগাদ চাকর ছিলো তাহার মাহিনা দিয়া রোখসাদ দেয়া গীয়াছে এখন আপন খোদি করিয়া শ্রীরাজা বলিদ নারায়ণ সহিত কামরূপ চড়াও করিয়া লুটতরাজ করিতেছে ইহাতে নিতান্ত পরগনা গেল এথানে মিথ্যা সোরত করিয়াছি ৺কোম্পানির হুকুম রাখি অতএব আরজ সাহেব মজকুরকে আনাইয়া আমার ৺দেবর রাজ্য সাপ করিয়া দেন এবং এমত কাজ দুই জনে করাইবেন ইতি——১ দফা——

* * * সাওয়ালে আপন দস্তখতে ৺কোমপানির মোহর দিয়া বাঙ্গালি মাহাজনে লবণ ও আসামের লাহা আদি আমোদ রপ্তি করায় তাহাতে আমার তরপ লোকজনে আটক করিলে সাপাই পাটাইয়া দবরদস্তি করিয়া জীনিষ খালাস করায়া লইয়া জায় এমত হইলে আমার চৌকী গেল আমার রাজ্যে লাহাও মুগাধুতি জীনিষ হয় তাহার হাছিল পাই না পরআনায় লেখে ৺ কোম্পানির সরন্দের খরিদ বিক্রি করিবেক সে লেখা ৺ কোম্পানির মোলুকে লাহা আদি পয়দা হয় না অতএব এমত হুকুম হয় আমার রাজ্যের পয়দা জীনিষের মাযুল পাই সাহেব মালিক কথনো এমত দস্তর ছিলো না সাবেক দস্তর চাহি আমার মোলুকের জীনিষ অন্যো লোকে দবরদস্তি করিয়ানা লোইতে পারে এমত পরয়ানা দেন—ইতি তাং ১৫ই চৈত্র।

CENTRAL LIBRARY

(৩৭)

শ্রীশ্রীঈশ্বর—

শরণং—

Executed before me
this 11th day of May 1796.
T. Brooke
Judge

শ্রীশ্যামচরণ চক্রবর্ত্তী।

মহা মহিম শ্রীযুত জজ সাহেব জেলা বিরভূম

বরাবরেষু—

লিখিতং শ্রীশ্যামচরণ চক্রবর্ত্তী

কস্য একবার পত্রমিদং কার্য্যঞ্চ আগে শ্রীযুত মেস্তর ক্লাএব সাহেব সাহেবান কৌচলের হুকুম মতে শ্রীযুত মেস্তর ফিটসরাই সাহেব ও শ্রীযুত মেস্তর আরনেষ্ট সাহেবের মকদ্দমার।— জবানবন্দী কেলক্টর সাহেবের নিকটে দিয়াছি সে জবানবন্দি শ্রীযুত জজ সাহেবের নিকট কসম করিয়া কহিবার জন্যে।—আসিয়াছে এই উপস্থিত মকদ্দমার যে কিছু আমার স্থানে আদালতে জিজ্ঞাসা হইবেক তাহার উত্তর আপন ধর্ম্মতো প্রকৃত প্রস্তাবে দিব যথার্থ ব্যতিরেক অন্য মত কহিব না যদি কিছু মির্থ্যা কহি তবে আপন ৺ ঈশ্বরের দ্বারায় পতিত হইব ইতি সন ১১৯৬ সাল। ১১ মাই

---

(৩৮)

শ্রীশ্রীদুর্গা—

সরণং—

Executed befor me
this 11th May 1796.
Tho Brooke.
Judge

মহা মহিম শ্রীযুত জজ সাহেব জেলা বিরভূম

বরাবরেষু—

লিখিতং শ্রীমোহন প্রসাদ—

কস্য একরার পত্রমিদং কার্য্যঞ্চ আগে মে ক্রৌবাইব সাহেব সাহেবান কৌচলের হুকুম মতে শ্রীযুত ফিটসরাই সাহেব ও শ্রীযুত আরনেষ্ট সাহেবের মকর্দ্দমার জবানবন্দি কেলকটুর সাহেবের নিকট দিয়াছি সে জবানবন্দি শ্রীযুত জজ সাহেবের নিকট কসম করিয়া কহিবার

CENTRAL LIBRARY

জন্যা আসিয়াছি এই উপস্থিত মকৰ্দ্দমার যে কিছু আমার স্থানে আদালত জিজ্ঞাসা হইবেক তাহার উত্তর আপন ধৰ্ম্মত প্রকোত প্রস্থাবে দিব জথার্থ ব্যতিরেক অন্য মত কহিব না যদি কিছ মির্থা কহি তবে আপন ঈশ্বরের দ্বারায় পতিত হইব ইতি সন ১১৯৬ সাল ১১ মাই—

---

(৫৯)

শ্রীহরিঃ—

শরণম্—

৭ স্বস্তি শ্রীমম্বেনয় সম্মানিত সর্ব্বজন সমপ্রাপ্ত সুযশোরাসিমণ্ডিত কুবলয় নিজকরধৃত সরাসন বিক্ষিপ্ত বিতীক্ষ মার্গগন খণ্ডখণ্ডীকৃত প্রত্যর্থি ভূপালধিরাগ্রগন্য ধন্যোদারচরিত্র শ্রীবৃহন্নরারাক্ষ বাহাদুরেষু লিপিরিয়ং বিরাজত্ৎতরাম অত্রাস্মাকং ভব্যমব্যাহতং তত্রভাবুকং সমীহামহে পরং সমাচারাঃ আপনে যে পত্র পঠায়াছিলেন সে পহচিল পত্রার্থ সবিশেষ জ্ঞাত হৈয়া পরমানন্দ পাঃচি তাহাতে সওদাগরিকাম নিরুপদ্রবে প্রবর্ত্তাইবার কারণ যে লিখিয়াচি সে আস্রারো অত্যন্ত মনস্থ আচে আমি প্রজাসমেত অন্য ২ দিগের প্রজালোক সহিত তেজরিতের কারবার সুধারুই চলাইবার কারণ অনেক পুরুসার্থ করিয়াচি তথাচ দেশ অপ্রতুলের কারণ এখন করিতে পারি না এবং আপোনাদের মেহেরবানগিতে দেশের কিঞ্চিত হেঙ্গাম দূর হৈতে আর আর কিঞ্চিত দায়া হৈলে পূর্ব্ববত হৈতে পারে আর রোস চাহেবের বাকি টাকা সঁওদাগরি লোক সকলের হাথে য়াচে বলি যে লেখিয়াচেন তাহা আমি মালুম পাই না সে রোস চাহেবের হিচাব দেখায়া তজবিজ করি লৈতে হবেক আস্রাও দেবাইতে হবেক শ্রীবারনন্দ মেকর্লুম চাহেবকে যে রোস চাহেবর বদলি গোবালপার মোকামে পাঠায়াচেন তাহা সুনি পরমাপ্যাইত হৈয়াচি পূর্ব্ববত সওদাগরিকাম জে মতে হবে তে মত চলাইতে হুকুম দিবেক তেবে সে সকল কার্য্য সোভিতা হবেক কিমাধিকং বিজ্ঞবরেষ্বিতি—সন ১১১৮ তাং ১২ আষাঢ়।

স্বস্তি শ্রীমম্বেনয় সম্মানিত সর্ব্বজন সম্প্রাপ্ত সুযশোরাসিমণ্ডিত কুবলয় নিজকরধৃত সরাসন বিক্ষিপ্ত বিতীক্ষমার্গ গগন খণ্ডখণ্ডীকৃত প্রত্যর্থি ভূপালধিরাগ্রগণ্য ধন্যোদারচরিত্র শ্রীবৃহন্নরারাক্ষ বাহাদুরেষু—

CENTRAL LIBRARY

শ্রীহরিঃ—
শরণম্—

৵৭ ক্রোড় পত্রেতে জ্ঞাত হবেক শ্রীমজিন্দার ও বৈরাগি শ্রীদেবনাথ সর্ম্মা ও শ্রীতহস্তাম দাস ইহা সকলের মার্ফত পত্র সন্দেস দিয়া আপোনাদের নিকট পাঠায়াচি যে মনস্থ করি লেখিয়াচি তাহা মনস্থ সিদ্ধি করি জলদি পাঠাইতে হবেক—ইতি—

(৬০)

দরখাস্ত শ্রীএবাহুবা খাঁ জমিদার ও শ্রীখএর নিছা জমিদার পরগণে অমরাবাদ গরিবু পরওবর সেলামত আমারদিগের আরজ এই পরগণায় হস্তদায় আবাদি লাগাদ সন ১১৭২ সাল ১৪০০ সিকর্কা মালগুজারি করিয়াছি আমলে শ্রীযুত কোম্পানি বাহাদুর সন ১১৭৩ সাল ১২৬০০ সিককা একুনে ১৪০০০ সিককা সন ১১৭৪ সাল ইজাফা ১১০০০ সিককা একুনে ২৫০০০ সিককা সন ১১৭৫ সাল ইজাকা ৪০০০ সিককা একুনে ২৯০০০ সিককা সন ১১৭৬ সাল ইজাফা ৩০০০ সিককা একুনে ৩২০০০ সিককা সন ১১৭৭ সাল ইজাফা ১১২৭।৵ সিককা একুনে ৩৩১২৭।৵ সিককা সন ১১৭৯ সাল ইজাফা ৩০০০।০ সিককা একুনে ৩৬১২৭॥৵ সিককা সন ১১৮০ সাল ইজাফা ১৪৬০ সিককা একুনে ৩৭৫৭৭॥৵ সিককা সন ১১৮১ সাল ইজাফা ১৪৫০ সিককা একুনে ৩৯০২৭॥৵ সিককা সন ১১৮২ সাল ইজাফা ১৪৫০ সিককা একুনে ৪০৪৭৭॥৵০ সিককা সন ১১৮৩ সাল ইজাফা ১৫২৩।৵ সিককা একুনে ৪২০০১ সিককা সন ১১৮৪ সাল কমি ২৯৭১।৵ সিককা বাকী ৩৯০২৯॥৵ সিককা সন ১১৮৮ সাল ইজাফা বাবাদ কমি উদয় সন ১১৮৪ সালের ২৯৭১।৵০ সিককা বেসি ইজাফা ৭৯৯৯ সিককা একুনে ইজাফা ১০৯৭০।৵ সিককা এক জাইতে মবলগে ৫০০০০ সিককা ইস্তক সন ১১৭৩ সাল লাগাদ সন ১১৯৩ সাল মর্দ্দত ২৪ চর্ব্বিস বৎসর সনবরসন ইজাফা দরইজাফা হইয়া মবলগ মজকুর এই যুরতে খোদ বন্দবস্তে মালগুজারির সরবরাহ দিয়াছি সন ১১৯৭ সাল দস সনা বন্দবস্তের সময় শ্রীযুত মে জনবুলুর সাহেব সাবেক তাহত মত ঐ ৫০০০০ সিককা খোদ বন্দবস্তের সরবরাহ লইয়াছেন সন ১১৯৮ সালে আমার দিগের তালুকদারের সহিত মনাকসার নালিসে সাজওয়াল দিয়া গুদাস্তা শ্রেস্তামত তহসিল করিয়া জমিদারি আখরাজাত ও গরক্‍ামি(?) গয়রহ কিছু দেএ নহে সন ১১৯৯ সাল শ্রীযুত মে মেগবর সাহেবকে রামসঙ্কর মিত্রী দেওয়ানে নাহক আখেজ করিয়া বেমোনাছি বুঝাইয়া কেবলরাম মুখোপাধ্যায়কে সাজওয়াল দিয়া ও রামকান্ত ঘোষকে আমিন দিয়া পওনা খাস হস্তবুদ করিয়া চরচ করিয়াছিল চরচার আমিন গয়রহ মবলগাএ খরচ করাইয়াছে তালুক বতালুক চরচ করিয়া ইজাফা করিতে না পারিয়া গোড়জ মাত্র ১৫ তোলা তলপ করিয়া তালুবারান হইতে গুদাস্তা পত্রস্তা ওয়াসিলতে হইতে জেয়াদা

তহসিল করিতে চাহিল তাহা হইল না পরে ১২০০ সালে শ্রীযুত মে কার্যটর সাহেবে সাবেক তাহত ৫০০০০ সিককা ও বাজেআপ্তী কারগাইআনের রুস্তমত ৬৪৮ সিককা একুনে ৫০৬৪৮ সিককা মিনা হাট সায়রহাএ ৫৫৮॥৵ সিককা বাকী ৫০০৮৯।৵ সিককা ও বাজেআপ্ত বাবদে হাটসায়রহাএ ৫৫৮॥৵ ই ২৫১।৶ সিককা একুনে ৫০৩৪০৷৶ সিককার উপর খোদ বন্দবস্ত করিয়া দিলেন সন মজ্কুরের তাং মাহ ভাদ্র বমজিম কিস্তীবন্দি মাল-গুজারির সরবরাহ দিলাম পরে সাহেব বদলি হইয়া শ্রীযুত মে তামস পারসাহেব মকরর হইয়া আসিলেন পুনরাত্র সেই রাম সঙ্কর মিত্র সাহেবের দেওয়ান হইল দেওয়ান মজ্কুর সাবেক আখেজের উপর সাহেব জিলাকে বেজায় বেমোনাছি বুজাইয়া খোদ বন্দবস্ত তুড়িয়া সিবচরণ বসুকে সাজওয়াল দিয়া পরগনা মজ্কুর খাস করিল পরে শ্রীভবানন্দ ও গয়রহ অনেক তালুকদারে সাহেবের স্থানে নালিষ করিল সাহেব জিলার দেওয়ান মজ্কুরের বেমোনাছিব বুঝাইল এবং দেওআন তালুকদারেরদিগকে মাইর পিট করিলেন অতএব··· হইয়া আছি সন মজকুরের খাষ তহসিলে তাহতের জেয়াদা উষুল হইল না তাহাতেও আমরা সাবেক বন্দবস্ত কবুল করিলাম কালেকটর সাহেব পাস নালিস করিলাম বোবা-টর গবনের বাহাদুরের হুকুম নাই জাহার কাম নাই তাহার পরগনাএ বেসী হএ এ সকল নালিশে গৌর না করিয়া সাহেব মজকুর বোবাটর হুকুম আসিয়াছে বলিয়া বেশী মবলগা তলপ করিয়া তৌল বন্দরও লিখাইয়া তালুকদারান গএরহ পাস তাহত চাহিলেন কহিলেন তোমরা তাহত না দেও·আমী ইজারা দিয়া বেসী লইব পরে তালুকদারও গএরহ বাজে ২ লোককে ইজারা দিয়া আমারদিগকে বেওতন করিয়াছেন অতএব উমেদওয়ার হুকুম হএ আমার জিলার সাবেক বন্দবস্ত পঞ্চাস হাজার টাকা বহাল হএ এই দস্তখাত বোবাট রিপট করিয়া আমারদিগকে বজাএ করিতে হুকুম হএ ইতি সন ১২০৩ তাং— ১৮ ভাদ্র—

---

(৬১)

৭শ্রীশ্রীরাম

বাঙ্গালার শ্রীযুত নাকালাম সাহেব বনাবে আরজ

মোকাম— গোয়াল পাড়া—

৭ফরমারবদার—

শ্রীমামুদ খাঁ ও শ্রীমেজা জান বেগ সেলাম হাজার ২ গোচক্কাদোঃ সাহেবের বোলবালা হামেশা শ্রীশ্রীযুত খোদারর দরগাত মনাজাত করিতেছি তাহাতে অত্র খএর বাদ আরজ পরং সাহেবের পত্র পাই সকল বেওরা গ্যাতো হইলাম লিখিয়াছেন জৈষ্ঠ্য (?) কীস্থি

CENTRAL LIBRARY

পহুছিল কতেক পহুছিলা অতএব সাহেবের নিকট আমরা এগারো কিস্তি লইআছিলাও তাহার দশ কিস্থি মোকাম মজুকুরেত পহুছিয়া তাহার পরে রোজ ফৌজদারের হরকরার জিম্বা করিয়া দীয়াছি কেবল এক কীস্থি আমার এখানে আছে তাহাও সাহেবের লোকের জিম্মা করিয়া দীলাও লোকের পায বুঝিয়া লবেন দশ কীস্থি ফৌজদারের হরকরা পায বুঝিয়া লবেন আর শ্রীযুত রামনারায়ন ও শ্রীবিজঅ কটকী আশীয়া সাহেবের নিকট সাক্ষাত করিয়াছেন সাহেবের পাওনা রুশ সাহেবের বাবদ টাকা এহি সমএ ভালে হইয়াছে কটকী ও রামনারায়ন মজুকুর সাহেবের পায মদদগারি লোক চাহিবেক আপনেহ টাকা বজ্ঞায়া কএদ করিবেন জে নাগাদে টাকা না দেন শে নাগাদ খোলাশ না দিবেন হরগীজ (?) খালায দীবেন না আমরা দুইজন আর শ্রীযুত কনক সীংহ [ ] বাহাদুর এহি তিন সাহেবের সাহেব তিন জনকে জে-মত ২ হুকুম করিবেন তাহার মত হুকুম বাজাইব আশাম জানাইতে হুকুম করেন জানাইতে পারি আর সাহেব মদদগারি করিয়া লোক রাখাইআদেএন ইহা জে দিবস শুনিব আমারা তিন জন সাতসও নক্‌দি সমেত ধনতোলা মোকামে আছি জে রাস্থা দীয়া জাবেক সেহি রাস্তাতে আমারা দেখিব ইহা অবস্ত ২ দেখীব সাহেবের আমাদিগের পর হাথের * * রাখিবেন এ চীঠীর জওাব সাহেবে লিখীতে হুকুম হবেক জে চীঠী লেখীয়াছেন তাহাতে * * ছাব কিছুই নাঞ সাহেব লোকের মুখ জবানিতে গ্যাতো হৈয়া * * * চীটি জওাব লিখনে কিঞ্চিত ছাব করিয়া দিবেন।

---

(৬২)

৭শ্রীরামঃ

সুপৃতিষ্টীত শ্রীযুত মাহার্ম্মদ খাঁ শুবেদার তথা শ্রীযুত মেজা জানে বেগ সুবেদার সত (?) চরিত্রেসু……

তোমাদের মঙ্গল চাহি বিশেষঃ পরং সমাচার এই তোমাদের পত্র পাইআ সমাচার গ্যাত হইলাম নৌকা সকল পৌছিআছে আমার সরকার তোমাকে পত্র লিখিআছেন নৌকার বিসএ তাহা আমি জানি না অল্প বিসএ একারণ আমাকে জানাইআ লেখে নাই তুমি হামেসা আমার চিটিতে সই ইংরেজি এবং মোহর পাইবা তুমি লিখিআছ রাম নারায়ন এবং কটকি এবং মজুমদারকে কএদ করিতে আমাকে এমত হুকুম কোম্পানির নাই আমি তাহাদিগে কথা দিআ ৺রোস সাহেবের হিসাব রফা করিতে আনাইআছি ইহাতে আমার কথার অর্থথ কদাচ হবেক না আর লিখিআছ আমি তাহাদিগে লোক

দিআ মদদ করিব ইহা তোমরা কদাচ এতবার করিবা-1 আমার কাছে লোক নাই এবং আমি কদাচ এমত করিব না তাহারা টাকা চাহ আমি আসাম লোককে পাচ টাকার এতবার করি না এবং করিব না মেঃ রোস সাহেব আসামের পিছে দৌলত এবং জান খোআইআছে আমি কদাচ করিব না আমি দেখিতেছি আমার তেজারেত কাজ কাম সকল খেতি হইতেছে আর তুমি জে জে বাজার গপ্প সুনিতেছ আমার নামে সে সকল মিথ্যা জানিবেন আমি বিনা গবনর জানরল বাহাদুরের হুকুম বেতরেক কিছু করিতে পারি না ইহা আরজং (॰ মিতে বাং ১২০৩। ১২ কাত্তিক ২৫ অক্টবর।

সুপ্রিতিষ্টীত শ্রীযুত মাহমদ খাঁ সুবেদার তথা শ্রীযুত মেরজা জানে বেগ সুবেদার সত চরিত্রেষু।

---

(৬৩)

৮৭ শ্রীরামঃ —

হকিকত শ্রীবিশ্বেশ্বর কটকি আমি শ্রীশ্রী৺সর্গদেবের চিটী শ্রীযুত গবনর জানরেল বাহাদুরের নামে লইআ মোকাম জোড়হাট হইতে কাণ্ডার চৌকী পৌছিআ গোআলপাড়ার মাটিতে আসিআ তহকিক খবর মালুম করিলাম ৺কোম্পানির সরহর্দ্দে ধনতলা মোকামে কনকসিং রেসালদার ও মামুদ খাঁ পাঠান ও মেরজা জানবেগ ও জগনগিরি মহন্ত ও গয়রহ এই সকল লোক ৺কোম্পানির রাইয়ত ইহারা মবলগাহ ফৌজ জমইয়ত করিআ আসাম মুলুকে লুটতরাজ করিবার জর্ন্যে কোমর বান্ধিআছে ইহাতে ৺কোম্পানির তরফ কেহ মুজাহিম হএনা অতএব আরজ মেহেরবানগি করিআ হুকুম হএ এই দুষ্কিআ লোক আমার মুলুকে জাইতে না পারে জদি ইহারা আমার সরহর্দ্দে গিআ লুটতরাজ আরম্ভ করে তাহার মত হুকুম হএ জে প্রকারে বাহির করিতে পারি তাহারা কোম্পানির রাইয়ত দুষ্কিআ হইআছে বিনা গবনর বাহাদুরের মনজোগ নহিলে বাহির করা জাএনা ইহা আরজ করিলাম মিতি সন ১২০৩। ১৫ কাত্তিক।

---

(৬৪)

৭ শ্রীশ্রীসিবঃ—

স্বরণং—

স্বস্তিঃ প্রাতরুদিয়মানার্কমণ্ডল নিজভুজবল প্রতাপতাপিত সক্রসমুহ পুজিতাখিল রাজ্যেস্বর মহামহিম শ্রীযুত মেস্তর ছরজান শোর বড়লট গৌবনর জনরল বাহাদুর বড় সাহেব-জিউ মহানুভাব চরিত্রেষু সাহেবের দৌলত জেয়াদা কামনাতেই অত্রানন্দ বিশেষঃ কুম্পানি বাহাদুরের আশ্রয় লইয়া হরমুরতে আরামে আছি নয়া নারানি টাকশাল কএকশাল জাবত বন্ধ হইয়া টাকা নরমা হইয়া খরাব হইয়াছে সেমতে রাইয়তলোকে মহাজনানলোকে খরিদ ফরোক্তে আজিজ ও পরেসানসেমতে পূর্ব্বে টাকশাল জারিকারণ হযুর লিখিয়াছিলাও সে সময় কোন গতিকে এ বিশয় স্বকিত ছিল এমতে পুনশ্চ টাকশাল জারি হওনের কারণ আপনকার হাল রেবিন বোবতে দরখাস্ত করি টাকশাল বন্ধ হইয়া টাকা নরম হইয়া চলে না এবং মোটে নারানি টাকা কম হইয়াছে নয়াটাকামুহ বনানেতে ভজা লোকের সর্দাইনা তছদি ও ভোটান্ত ও গয়রহ চৌতরফ পাহাড়ের মুলুকে খরিদ ফরোক্ত বন্ধ আমিহ কুম্পানি বাহাদুরের আশ্রয় লইয়াছি আপন তরকিক অধিক হওয়ার কারণ নতুন টাকা বনাতে আমার রাজত্তের মরাতবা ২৮৭ চুইশও শপ্তাসী বৎসরের মামুল দস্তর কাএম থাকে এবং কুম্পানি বাহাদুরের আমার পর মেহেরবানি তামাম আলমে বিদিত আছে-টাকশাল পুনশ্চ জারি হুকুম হইলে আমার পর মেহেরবানি অধিক প্রকাষ হয় প্রজালোক সুস্থির থাকে মালগুজারির আঞ্জাম হয় অধিক কি লিখিব গোচরিল ইতি ২৮৭ চুইশও সপ্তাশী শকা মোতাবকে সন ১২০৩ এক হাজারচুইশও তিন শাল বঙ্গলা তারিখ ২৬ ছাবিসা ভাদ্র।

স্বস্তিঃ প্রাতরুদিয়মানার্কমণ্ডল নিজভূজবল প্রতাপতাপিত সক্রসমুহ পুজিতাখিল রাজ্যেশ্বর মহামহিম শ্রীযুত মেস্তর ছরজান শোর বরলট গৌবনর জনরল বাহাদুর বড়সাহেব জিউ মহানুভাব চরিত্রেষু।

---

(৯৫)

শ্রীমদ্রাধামোহন—
রায়ৌ বিজয়েতাং—

৭সব্তি শ্রীমন্তবানীশ পদ পাথোরুহ নিঃসরন মকরন্দবৃন্দপানানন্দিত মনোমৈলিন্দান-বরত দ্রবিণ বিতরিত কৃতার্থী কৃতার্থীজন বুধজন কমল প্রকাসাদিসে শ্রীশ্রীযুৎ কলিকাতাধি-কারিণঃ সন্ত মহদ্দা,নাবলি বিলক্ষতেষু ভবতো ভাবুকাদিকমীহমানস্ত মমাত্রাপি ভব্যং বৃতান্ত স্তাবদেষঃ সমাচার তুমার কুম্পিনীর আমল লাগাওৎ শ্রীহট্টর নবাব মিস্তর সামনর ও মিং ঠিকিরি ও মিং হালন ও মিং নেস্থি ও মিং ওন নবাবাবধি প্রীতিপূর্ব্বক চলিয়াছে এখন মিং লাজনবারের আমল তিনবৎসর জে গরনিকু তাহা পত্রে কাহাতগ লিখিয়া জানাইব খাঁমখা টাকা জিনিষ পাঠাইয়াছেন কুরুক করিয়া দণ্ড ও মোম ভিটি ও ঘাসবাস বেত সমস্ত তাহাকে খরিদ করিয়া দিতাম আর বাক্তে এঙ্গরেজ ও বাঙ্গালি কেহ খরিদ করিতে না পারে আমার মুলুক জঙ্গল পাহাড় বাস ঘাস বিক্রি করিয়া রাইয়ত লোকে পরবিসয় আমি এ সকল বেপার কুরুক করিয়া তাহাকে দিলে কাঙ্গাল লোক কি করিয়া বাচিবেক এই কারণ আথাজ করেন ছিপাই দিয়া রাস্তাঘাট বন্ধক করিয়া রাখেন আমার মুলুকের লোক তুমার মুলুকে জাইতে পারে না তোমার মুল [কের লোক] আমার মুলুকে আসিতে না পারে এই বিসয়ে গরিব লোকের নাল্সি নিমিত্যে আমার উঁকিল শ্রীখুসালরাম দত্তকে পত্র দিয়া তুমার নিকট পাঠাইতেছি তুমি বাঙ্গালার মালিক মেহেরবানি করিয়া এমৎ হখুমনমা দেও অহিবা [আমার মুলুক হইতে] তুমার মুলুক জাইতে এবং তুমার মুলুক হইতে আমার মুলুক আসিতে বেপার তিজারৎ করিতে পারে এবং মদ্দেসীয় লোকে কলিকাত্তাতে জিনিসপত্র লইয়া জাতায়াতে কেও বালাদাস্থি আটক ইত্যাদি বিসয়ে করিতে না পারে এমৎ হখুমনমা পত্রী দেওআবেন আর বিশেষ কি লিখিবাম যৎকিঞ্চিৎ সন্দেশ হস্থির দন্ত ২ গোট দিতেছি তাহা স্বিকার করিবেন কিমাধকং বিজ্ঞবরেষিতি শকাব্দাঃ ১৭১৮ তেরিক ১২ শ্রাবনস্ত লিপিরিতি—

(৬৬)

শ্রীদুর্গাসহায়—

বৈদ্যনাথ—

মহামহিম শ্রীযুত জজসাহেব বরাবরেষু—

জীলে বিরভোম—

৺৭ নিজ দেওঘরের দরখাস্ত নিবেদন শ্রীক্রেপারাম চক্রবর্ত্তী ও শ্রীজগন্নাথ চক্রবর্ত্তী ও শ্রীসেবারাম টপতি ও শ্রীসতক্কির ঝা ও শ্রীমনোরথ ঝা ও শ্রীসনাথ ঝা ও শ্রীরামনারায়ণ ঝা ও শ্রীরূপরাম ঝা ও উমানাথ ঝা ও শ্রীহরসিং পাড়ে ও শ্রীমনছা ঝা খত্তারে ও শ্রীবক্ষ ঝা ও শ্রীহরিরাম চৌধুরি ও শ্রীদলপত ঝা ও শ্রীসিবদত্ত ঝা ও শ্রীরামভগত ও শ্রীছুটন ঠাকুর ও শ্রীমানিক ঝা ও শ্রীহরসিং মিশ্র ও শ্রীগনেস মিশ্র ও শ্রীচমরু চাং ও শ্রীচকু ঝা ও শ্রীবেঁনি চাং ও শ্রীগজাধর বুকুন ও শ্রীজাতি ঝা ও শ্রীভবানি ঠাকুর ও শ্রীদলু মিশ্র ও শ্রীছোটন ঝা ও শ্রীসেবা ঝা ও শ্রীমনি চাং ও শ্রীপলট ঝা ও শ্রীকাত্তিক ঝা ও শ্রীনিলাম্বর ঝা ও শ্রীপুরেন্দর ঠাকুর ও শ্রীসহদেব মিশ্র ও শ্রীআনন্দ ঝা ও শ্রীচামাহের দত্ত ঝা ও শ্রীমলু ঝা খত্তার ও শ্রীকৃষ্ণা চৌধুরি ও শ্রীদত্ত ঠাকুর ও শ্রীভোলা ঝা ও শ্রীধরনি ঝা ও শ্রীকুঙ্গঁ ঝা করমহে ও শ্রীযুডি ঝা ও শ্রীনহমান মিশ্র ও শ্রীমনোরথ ঠাকুর ও শ্রীভোলা ঝা ও শ্রীছুহু ঝা ও শ্রীতেজা পাড়ে ও শ্রীসঙ্কর মিশ্র ও শ্রীকেসও রায়ে ও শ্রীভৈরব ঝা ও শ্রীচকু মিশ্র ও শ্রীচবুড়ি ছরেউয়ার ও শ্রী ছিরি মিশ্র ও শ্রীবিসনদত ছড়েওয়াঁর ও শ্রীমনোরথী ঝা ও শ্রীআসারাম ঝা ও শ্রীভাও মিশ্র ও শ্রীমনি ঝা ও শ্রীকালি ঝা ও শ্রীমহিনাথ ঝা ও শ্রীরামকৃষ্ণ মিশ্র ও শ্রীজমাহির মিশ্র আগে শ্রীশ্রী৺ ঠাকুরের ওঝাগিরি কার্য্যের রাম দত্ত ঝা ছিলেন তাহার ৺প্রাপ্তি হইলে হযুরের হুকুম মত ঝামত ওঝার (?) পুত্র শ্রীযুত আনন্দদত্ত ওঝা সকুল কার্য্যে খবর গিরি বুন্দর মত করিতেছেন কিন্তু ওঝাগিরি কার্য্যে নিযুক্ত না হওআতে শ্রীশ্রী৺ ঠাকুরের সেবার অনেক কার্য্য আটক হইতেছেক তাহাতে যাত্রিক লোকের মনের খেদ হয়ে সংপ্রতিক ফালগুন মাসের সিবরাত্রির ব্রত নিকট হইতেছে নানা দেসের লোক দরসনে আসিবেক ইহার মৈদ্ধে ওঝাগিরি কার্য্য নিযুক্ত হইলে বড় ভালো হয়ে শ্রীযুত আনন্দদত্ত ঝা সর্ব্বপ্রকারের এ কার্য্যের যোগ্য এবং ইহার পিতা ও পিতামোহ ও প্রপিতামোহ পূর্ব্ব ওঝাগিরি কার্য্য করিআছেন এমতে আমারদিগের সকলের বাসনা জে ইনি ওঝাগিরি কার্য্যে নিযুক্ত হয়ন অতএব আরজ শ্রীযুত সাহেব আমারদিগের উপর মেহেরবানগি করিয়া এ দরখাস্ত মঞ্জুর করেন শ্রীযুত গবরনর জানরেল নওয়াপ সাহেবের নিকট পাঠাইতে হুকুম হয়ে ইহা আরজ করিলাম ইতি— সন ১২০৩ সাল বেতেরিখ— ৭ মাঘ—

---

(৬৭)

৭ শ্রীশ্রীকৃষ্ণ—

শ্রীযাম সর্দ্দার সিকারি প্রতি বেদানন্দ আগে থানা চিন্তামন কাছারি ফৌজদারি মোতালকে জিলা দিনাজপুর থানা মজকুরের কাছারিতে তোমার দরখাস্ত দাখিল হইল সে কারন তোমাকে হুকুম দেওা গেল থানা মজকুরের গ্রন্দ পরগনে নিমাহবাটী ও পরগনে ফুলবাটি ও পরগনে মুলতানপুর ও গয়রহ ইহার মর্দ্ধে বসত করিয়া জঙ্গলা জানওার মুওার ও গেদর ও গয়েরহ মারিয়া গুজরান করহ জঙ্গলা মহিষ খেদাইয়া রাইয়তের জিরাত রক্ষা করিবা কাহার কিছু লোকসান করিব না হাট বাজার করিব ইহাতে কেহ বেজার মজাহিম হয় থানাতে খবর দিবে তদারক হইবেক ইতি সন ১২০৩ সাল তারিখ ১৪ ভাদ্র।

---

(৬৮)

৭ শ্রীশ্রীহরিঃ—

মহামহিম শ্রীযুত গবনর জনরেল—

কুম্পানি বাহাদুর বরাবরেষু—

আরজ দাস্ত দাদখা শ্রীযুত বিষ্ণু নারায়ন মহারাজা সরকার কামরূপ—

দরখাস্ত পত্রমিদং সন ১২০৪ সালাব্দে লিখিতং কার্য্যঞ্চাগে সরকার মজকুর আমার আস্তপাস্ত পুরুস পুস্তানের জমিদারি ছিল কিছু কাল ব্যাজে আসামের শ্রীশ্রী৵ স্বর্গীদেও মহারাজা আমার পর আজরোয জবরদস্তী করিয়া মালগুজারি লইয়াছে কিছুদিন পর স্বর্গীদেও রাজার তরফ বড়ফুকন জমিদারি হইতে আমাকে বেদখল করিয়াছেন এবং

CENTRAL LIBRARY

আসামের উপর হুন্দীয়া লোকের দৌরাত্ম্য হওাতে স্বর্গীদেও রাজা শ্রীযুত কোম্পানি বাহাদুরের নিকট নালিস করিয়া শ্রীযুত কাং ওয়ালিস সাহেবকে পলটন সহিত আপন মদতকারণ আনিয়াছেন সাহেব মৌশুফের নিকট আমি আপন জমিদারির কারন দরখাস্ত করিলাম সাহেবের তজবিজ বোয় আমার জমিদারি সাবুদ হইয়া আমাকে দখল দেওাইয়াছিলেন কমবেস দুই বৎসর আমার দখল কারেজ ছিল এবং মালগুজারির সরবরাহ দিয়াছি পরে সাহেব মৌশুফ আসাম মোকাম হইতে গেলে পর ফুকন মজকুর কথগুলি হুন্দীয়া ফৌজ জমাইত করিবা আমাকে রায্য হইতে বেদখল করিয়া দিয়াছে তাহাতে স্বর্গীদেও রাজার হুকুম মানে নাহি এ কারণ আমি বোরড জাইয়া নালিস করিয়াছিলাম স্বর্গীদেও রাজার তরফ উকিল সেখানে ছিল উকিল মজকুর সওাল করিল স্বর্গিদেও রাজা বেদখল করে নাহি বড়ফুকন মজকুর ছন্ধীঘামি করিয়া বেদখল করিয়াছে এবং স্বর্গীদেও মহারাজাকে আমলে আনে নাহি উভয়ের জওাব সওাল শুনিয়া বোরড়ের সাহেব লোক স্বর্গীদেও মহারাজার উকিলের সহিত আমার মিল মিলাট করিয়া দিয়া কহিলেন ইহাকে জমিদারিতে কায়েম করিবা পরে আমি আপন রায্যে পহুঁছিলে পর ঐ স্বগিদেও মহারাজার এবং ঐ বড়ফুকনের দুইযেরি মৃত্যু হইল পরে শ্রীশ্রীযুত নতুন স্বর্গীদেও মহারাজা হইল তাহার তরফ নতুন বড়ফুকন হইল ইহারা বোরডের সাহেব লোকের কৌল করার মানিলনা সেই অবধি আমি রায্য ছাড়া হইয়া অন্ত ২ রায্যে ফিরিতেছী আমার ত্তারস্ত পরিজন লোক কেহ আসামের নতুন বড়ফুকন মজকুর কয়েদ করিয়া রাখিয়াছে অখন আমি ৺কুম্পানি বাহাদুরের আশ্রয় লইলাম মেহেরবানগী করিয়া আমাকে রায্যে কায়েম করিয়া আমার জমিদারি জিলা কোচবেহারের সামিল রাখেন জিলা মজকুরের সাহেবের নিকট বরওাক্ত রুযু থাকিয়া আপন জমিদারির নালবন্দী সালিআনা মালগুজারি ১৫০০০০ এক লাক পঞ্চাস হাজার টাকা নয়া নারানি মাফিক কিস্তবন্দী দাখিল করিব এ কারণ ওম্মেদওার ৫ পাচকোম্পানি সিফাহি জিলা মজকুরের সাহেবের তইনাত হুকুম হএ জে আমার মুলুক দখল দেলাইয়া দেন ইহা আরজ করিলাম ইতি—তারিখ ৮ মাহে কার্ত্তীক সনসদর

ইসাদ—
শ্রীদলসীংহ
সাকিন দরঙ্গ
শ্রীকৃষ্ণদেব
সাকিন তথা

---

(৬৯)

বন্দে ফরমাবরদার শ্রীযুত স্যামতননস্ত

সেলাম বহুত ২ আরজক্কাদৌ শ্রীশ্রী৺সাহেবের বোলবোলা দৌলাত জেয়াদা শ্রীশ্রী৺ দরগাতে মোনাজাত করিতেছি তাহাতে অত্রানন্দ বিশেষঃ। পুর্ব্বে দুই তিন দফা আরজী করিয়াছিলাম তাহাতে আমার দসাক্রেমে জবাব কিছু পাই নাই এবং হরেক দফায় খেজালত মতে হুজুর পৌছিতে পারি নাই এখন সকল খেজালত মেটাইয়া আপন ঘরে ছিলাম ইতিমধ্যে শ্রীশ্রী৺মহারাজা আমার এখানে আসীয়া নিতান্তরূপে গ্রেপ্তার করিয়া ধরিয়াছেন জে তুমি সিফাই লইয়া আমাকে রাঘো লইয়া চলহ নতুবা আমি নিতান্তরূপে নষ্ট হই এইরূপ প্রকার আমাকে কহিতেছেন অতএব সাহেব জেলার হাকিম আমি বিনে হুকুমে জাইতে পারি না মেহেরবানগী করিয়া একখানি রাহাদারি পরওনা দিলে আমি জাইতে পারি নতুবা কোন ২ লোক বিনে রাহাদারিতে জাইতে উদ্দত যাছে তাহাতে সাহেবের কিছু গুন দিবেক না। আমি আগে সাহেব পাষ আরজ করিয়াছি আমারা কচবর্চা সব তওয়াক্কা আপানর রাখি জেমতে খাদসের আটা দিয়া পরবরিষ করিতে হুকুম হবেক হুকুম হয় জোনাব নিকট পৌছিবো ইহা জোনাবে আরজ ইতি তাং ২২ মাঘ—

---

(৭০)

৭শ্রীশ্রীরামঃ—

বন্দেফরমাবরদার
শ্রীমহীন্দ্র নারায়ণস্ত

সলামবন্দগী আরজকাগে ৺সাহেবের বোলবালা দৌলত জ্যাদা ৺স্থানে মোনাজাত করিতেছী তাহাতে তাবে হুকুমের খএর বিসেষক্ক পরওানা পাইয়া সিরতাজে জ্ঞাতা হইলাম লিখিয়াছেন সাহেবের পহছা খবরের পরওানা ওখানে রাঙ্গামাটীর খাজনার চিঠি লইয়া জে লোক আসীয়াছিল তাহাকে আমি বেদখল করিয়াছি এমত খবর সাহেবের জোনাবে গোচর হইয়াছে ৺কম্পানির খাজনার তলবিয়া লোকেক আমি গরিব জমিদার হইয়া বেদখল করিব ইহা আমার যুগ্যতা কী নাহক বদনাম জাহের হয়াছে দুই তিন সন জাবদ দুন্দীয়া লোকে নাহক ২ কাজিয়া করিয়া পরগনা লুটতরাজ ও জালাওতন করিয়া একবার কি সিকস্ত করিয়াছে এমতেই মালগুজারির বরক্ত সরবরাহ করিতে পারি নাহী সাহেবে থানাতে পহছিয়াছেন ইহাতে বড় খাতির জমা আমার হইল এখন সকল দুন্দীয়া নিরস্ত হইবেক খাজনার তরহুদে আছী এককিস্ত সম্বলিত জনৈক লোক পঠাইব সিফাই পরওানা সম্বলিত

আসীয়াছিল। তাহাকে বিদায় করিলাম জবানিত সকল জোনাবে রোসন হইবেক সাহেব মালিক আমি গরিব জমিদার হরিয়ক দফাতেই গৌর করিবেন ইহা জোনাবে আরজ করিল ইতি তারিখ ১ মাঘ—

আরজদাস্তরগে দয়তে শ্রীযুত ৺কপীতন সাহেব খোদাওন্দ সলামত

---

(৭১)

শ্রীশ্রীহরিঃ—

নামসরণং—

৭সস্তি সকল মঙ্গলৈক নিলয় শ্রীযুত রিচার্ড আমিজটী সাহেবজীউ সহৃদার চরিত্রেষু অত্রকুশল আপনকার মঙ্গল সদা বাঞ্চা করি বিশেষঃ আমার বেহারের হিস্তা ॥৴২॥ নওয়ানা দশবট ও অন্দরান ও দেবত্তর ও গয়রহ ও আমার নিজ জমিদারি বেসরাগতি চাকলে বোদা ও চাকলে পাঠগ্রাম ও চাকলে পুরুবভাগ ও গয়রহ মেস্তর মিসর সাহেব ও মেস্তর ষুপীট সাহেব তজবিজ করিয়া আমার হক সাবুদ করিয়াছেন পরে মেস্তর ডগলিষ সাহেব আর মেস্তর লমসডিন সাহেব আমলে আমার হকের তজবিজ হইয়াছিল তাহার অদ্যাবধি আমাকে হক মিলিলোনা আমাকে মেহরবানগী করিয়া আমার হিস্তা ও গয়রহ দেলাইয়াছেন মথালিপের কারসাজিতে দখল পাইতেছিনা এ কারন দরখাস্ত করিতেছী জে সাহেব মেহরবানি করিয়া আমার জমিদারির উপর সাহেবান মজকুর তজবিজ করিয়া জে রিপোর্ট হইয়াছিল সে সকল কাগজের নকল কলিকাতার গবনর সাহেবের নিকট পাঠাইয়াছেন জে আমার হক মিলে আর জে সকল সাহেব এথানে আসীয়াছেন সকলের নিকট দরখাস্ত করিয়াছি জবাব পাই নাই এ কারণ সাহেবকে এতো তজদি দিতেছী ইতি সন ২৮৮ তাং ১৬ মাঘ

---

(৭২)

শ্রীরাম—
সহায়—

শ্রীকৃষ্ণচন্দ্র পাল চৌধুরী
শ্রীসম্ভুচন্দ্র পাল চৌধুরী

মহামহিম শ্রীযুত জজসাহেব আদালত—
দেওয়ানি জিলা জসহর ও গয়রহ বরাবরেষু।—

দরখাস্ত শ্রীকৃষ্ণচন্দ্র পাল চৌধুরী ও শ্রীসম্ভুচন্দ্র পাল চৌধুরী পরগনে দাতিয়া ও গয়রহর নিলামী খরিদী জমীদার আমারদিগের আরজ এই পরগনে ইযফপুর ও গয়রহের সাবেক জমীদারের মালগুজারির বাকীর কারণ পরগনে দাতিয়াদিগর জে কয়েক পরগনা সন ১২০৩ সালে লাটবন্দী হইয়া বোরোডের আর কাগজ চালান হইয়া মাহাপৌষে নিলামের এস্তাহার দিয়াছিলেন তাহাতে পরগনে দাতিয়ার সদর মালগুজারি তাহত বরার্দ্ধে ২৭৫৮০৴১৩॥ টাকা লেখা যায় এবং মসহরা সরঞ্জামী বলিয়া ৭৩৪৬৲ টাকা লেখেন সেই কাগজ মাতর্ব্বর জানিয়া আপনারদিগের কেফাইত বুজিয়া ৫৪৫০০৲ টাকা পন দিয়া পরগনা মজকুর ১ মাঘে খরিদ করিয়া হজুরের বয়নামা পাইয়া জিলার কাছারি জারি করিয়া জেলা মজকুরের কালেকটর শ্রীযুত উলটীন সাহেবের নিকট লাটবন্দীর কাগজ ঘুরাতে তাহত লিখিয়া দিয়া পরগনা মজকুরের দখলি পরআনা পাইয়া সন ১২০৩ সালের লাগাদ চৈত্রের বাকী খাজনা দাখিল করিয়া জমাজমী সমজীবার কারণ সাহেব মৌযুফের নিকট দরখাস্ত করিয়া ঐ লাটবন্দীর কাগজের নকল সেরেস্তা হইতে লইয়া মঁফস্বল সমতীতে দেখিলাম ১৬ নর্ম্বরে তরফ কুমিরা কীতাবত শ্রীপীর্ম্বন মিত্র ১১৫৮৵১০ জমা লেখেন পরে ২৩ নর্ম্বরে কীতাবত ঐ জন তরফ কুমিরা ঐ এগারোসও আটার্ধ টাকা আড়াই আনা জমা লেখেন পরগনা মজকুরে এক তরফ কুমিরা সেওয়ায় দোসরা তরফ কুমিরা নাই ইহাতেই দোকর জমা বুজিয়া সাহেব মৌযুফের নিকট দরখাস্ত করিলে সেরেস্তার কাগজ দরিআপ্ত করিয়া দোকর জমা জানিয়া হুকুম করিলেন তোমরা এ দোকর জমা তাহতে মিনাহ পাইবা তদবদী সে দোকর জমা তাহতে মিনাহ না দিয়া ঐ দোকর জমার বাকির কারণ আমারদীগের জমিদারির অন্ত গ্রাম সাহেব মৌযুফ লাটবন্দী করিয়াছেন আমরা লাটবন্দীর নর্ম্বর বিলী গ্রামহা না পাইলে বদপেটী দোকর জমার মালগুজারি কোথা হইতে করিব শ্রীযুত সাহেব আদালতের মালিক হুকুম হয় আমার দিগের এই দরখাস্ত সন ১৭৯৩ সালের ১৪ চতুর্দশ আইনের ৪৬ ধারার হুকুম মত কৌশলি সাহেব লোকের হজুরে রেপট করেন তাহাতে হজুর হইতে জেমত হুকুম আইসে সেইমত আমলে আনিয়া হক ইনছাফ করেণ আমরা গরিব তালুকদার নাহক দোকর বদপেটী জমার দায় মারা না পড়ি ইহা আরজ করিল—ইতি

সন ১২০৪ তাং—২৫ ফাল্গুন।

————

(৭৩)

৭ শ্রীমোহনরামো

জয়তি

গঙ্গা—৫

অনুপেক্ষনীয় শ্রীভাগ্যচন্দ্র সিংহস্য—

বিনয়পুর্ব্বক সেলাম নিবেদনঞ্চ। আগে শ্রীযুত লাড সাহেবের উমর দৌলত জেয়াদা ৺করিতেছেন তাহাতে অত্র মঙ্গল পরং নিজরাজ্য মনিপুর হইতে আমি মোঃ মুরসিদাবাদে ৺স্নান করিতে আসিয়া অন্তকরণ হইল আমার স্নান কারণ ৺তিরে এক বাটী তৈয়ার করাই এবং সওদাগরিকারণ বড় হাতির দাঁত ও মোম আর আর হরেক জিনিষ নিজ রাজ্য হইতে মোকাম মুরাসিদাবাদে পঠাই কথক জমিন না হইলে বাটী কিমতে হয় মরজি হইলে মুরসিদাবাদের কলেকটর সাহেব নামে এক চিটী আমার উকিলকে হুকুম হইলে অনেক মেহরবানগী আমার মুক্তিয়ার উকিল শ্রীরাস বিহার দাসকে নিকট পঠাই জে জে বিষয় রোবরো আরজ করিবে তাহাতে গৌর মেহরবানগী ফরমাইলে আমা প্রীতি অনুগ্রহ প্রকাশ আমার উকিল মজকুরকে সরফরাজ করিয়া ত্বরায় বিদায় হুকুম হইলে বহুত মেহরবানগী লাড সাহেবের দৌলত জেয়াদার খএরাফিয়ত লিখিয়া খুসী করিতে হুকুম হইবেক ইহা নিবেদন করিলাম ইতি মোঃ মুরসিদাবাদ সন ১২০৫ সাল তারিখ ২১ শ্রাবন—

মহামহিম শ্রীযুৎ লার্ড মারনিংটন সাহেব
গবনর জানরেল বাহাদুর দোর্দ্দণ্ড প্রতাপেষু
মোঃ—কলিকাতা

(৭৪)

শ্রীরাম :—

স্বর্গদেব

৺৭স্বস্তি প্রচণ্ড দৌর্দ্দণ্ড খণ্ডিতাশেষ বৈরিবৃন্দ বিক্রমাক্রান্তাখিল ভূপালকুলাদিত্য-প্রভশরদিন্দুকররাজি বিরাজিত কীৰ্ত্তিমণ্ডলানেক সদ্গুনাবতংস বিভূষিত দিখিলাসিনী কন্দর্কাম সংকাশ মূৰ্ত্তি শ্রীযুত বড় চাহেব মহোদার চরিতেষু—স্বার্ত্তাভিলসিত জ্ঞাপন পত্রমিদং বিরাজতাং অস্মিন্নস্মদীয় ভাবিকমব্যাহতং মদীয়তাবুক সমীহামহে—অত্রানন্দ বিসেস সমাচার এহি আপনাদের মেহের্ব্বানগীতে শ্রীশ্রী৺৺র শমেত দেশ স্বদ্ধা সকলেই রক্ষা পায়াছি আপনাদের চেষ্টাতে গুবাহাটার ভাটি অঞ্চলের ছন্দিয়া নিবারণ হৈয়াছে সম্প্রতি পুৰ্ব্বদেস হৈতে নারার লোকজন আসিয়া দেসের যত উপদ্রব করিয়াচে অতএব শ্রীশ্রী৺৺র পত্রে সকল সমাচার জ্ঞাত হৈয়া ৫০০ পাচ সঔ নবা বন্দুক বমে চরমজান শমেত দিত্তে হৈলে ইখানের দেসস্ত লোকজন রক্ষা পাবা জাই আওর শ্রীশ্রী৺৺র পত্রেতে জে জে বিসই লেখিয়াছে তাহাঔ কৃপা করিয়া করিবেন আপনাদের ব্যতিরেক কোনো কাৰ্য্যতে অন্যের উপকার পাই নাই এবং আমাদেরো অন্য ভারসার স্থান নাই ইহা বুজি আপনেঔ আমাদের সকল কাৰ্য্য চেষ্টা করিয়া ভাল করিয়াচেন আর এইক্ষন শুনিয়াছি আমাদের ছন্দিয়া নিয়ামত-উলা ইখানের গোলাম একজনকে কারচাজি করিয়া পদোকৌঞর নাম দিয়া আপনের স্থানে দরখাস্ত করিয়াছিলেন তাহাতে জিজ্ঞাসা করি আপনে জেরূপ উপযুক্ত বিহিত করিয়াচেন ইহাতেই আমাদের দেসস্বদ্ধা সকলেই মহাও হর্ষ পায়াছি পরন্তেও জেরূপে কৃপা অবলোকন থাকিবেন ইহা জানাইতেছি—কিমধিকং বিজ্ঞবরেষিতি— সন ১৭২০ তারি[খ] ৬ ভাদ্রস্ত।

[প্রচ]ণ্ড দৌর্দ্দণ্ড খণ্ডিতাশেষ বৈরিবৃন্দ বিক্রমাস্তাখিল ভূপালকুলাদিত্যপ্রভশরদিন্দুকর-রাজি বিরাজিত [কীৰ্ত্তিমণ্ডলানেক] সদ্গুনাবতংস বিভূষিত দিখিলাসিনী কন্দর্কাম সঙ্কাশ মূৰ্ত্তি শ্রীযুত বড় সাহেব মহোদার চরিতেষু।

———

(৭৫)

শ্রীরাম :—

শরণং

স্বগর্গীদেবে

৺৭স্বস্তি সকল গুনগ্রাম বিশ্রামধাম শশধরকররাজি বিরাজিত যশোরাশি প্রকসিতাশেষ দিঙ্মণ্ডল জ্বলনাস্ত্রপারীন্দ্র পরাক্রমাক্রান্ত বৈরিবারণ নয়গুনাকৃষ্ট নিঃশেষ-ভূপাল কুল শ্রীবড় চাহেব মহাশয়েষু—মনসিশয়াতি বাঞ্চন পত্র মিদং বিরোচতাং অত্রাস্মাকং মঙ্গলোন্নতিরব্যাহতা ভবদীয় ভবিকং শ্রীশ্রী৺স্থানে সম্প্রার্থয়ামঃ পরংসমাচার এহি আপনাদের নিকট আমারদিগের বিস্তারিত হকিকত বার ২ জনাইয়াছি সে নিমিত্তেই মেহের্ব্বানগী করি কোচ বেহারের শাহেবের পর হুকুম হইয়াছে তামস ডারা কাপ্তান ও এক কুম্পানি ছিফাই আসিয়া গুবালপাড়া জুগিঘোপাতে যত ছুন্দিয়াছিল সকলকে নিবারণ করিয়াছে এবং সেই কাপতান ছিফাই সদত চাবেক মতে থানা করি মোকাম জুগিঘোপাতে থাকিবার মেহের্ব্বানগি পূর্ব্বক জে হুকুম দিয়াছিলেন তা হৈতেই গুবাহাটার ভাটি অঞ্চলের ছুন্দিয়া নিবারণ হৈয়াছি সম্প্রতি স্থনিয়াছি সে তারা কাপতান পুরা হৈয়াছে পুনশ্চ আত্রাকে দায়ারাখি এক কাপতান সেখানে থাকিতে পাটাইবার হুকুম হবেন আর পহিলে মেহের্ব্বানগী করি শ্রীযুত বড় সাহেবে ৺কুম্পানির ঘরের বন্দুক বারুদ বমে চরমজান শমেত জে দিয়াছিলেন সে হৈতেই আমাদের বহুত উপকার হৈয়াচে কিন্তু অনেক লেটাই হোবাতে বন্দুক অত্যন্ত রনা হৈয়াছে বারুদো খরচ হৈয়াছে এবং আর ২ কার্য্যের জন্তে আপনাদের নিকট শ্রীমেকলুম শাহেবের সঙ্গে আমাদের শ্রীগোপীনাথ কটকি ও শ্রীগোবিন্দরাম বৈরাগির মার্ফত এক পত্র লেখি পাঠায়াছিলাম তাহাতে জ্ঞাত হৈয়া কার্য্য করিয়াচিলেন বন্দুক বারুদের কাম জে বাকিয়াচে তাহাও আপনে মেহের্ব্বানগী করি হাচিল করিবার কারণ জনাইয়াছি সম্প্রতি পূর্ব্বদেস হৈতে নারার দেসের অনেক লোকজন আসিয়া আমাদের সত্রু মায়ামরিয়া শহিত সংস্থলিত হৈয়া দেসে অনেক উৎপাত জন্মাইয়াছি আমারো দোস্মনি অনেক প্রকার করিয়া রাজ্য মস্ত খারাপ করিতেছি অতএব পূর্ব্বমতে আপনে মনযোগ করিলে এই সকলকে প্রবোধ দিবার কারণ এবং বাহির করিবার জন্য মেহের্ব্বানগী পূর্ব্বক ৫০০ পাচসও নঞ্চা বন্দুক বমে চরমজান সমেত দিতে হৈলে আমার রাজ্য উজান ভাটী সকল স্থির হবে আপনের কৃপাতে নিরউদবেগ রাজত্ব করি দেয প্রজা সকলেই অনেক কাল যসোবৃদ্ধি সংস্মরিবে বন্দুক বারুদের জে মূল্য হবে তাহার করার করি হিচাব দিবে আমি গুবাল-পারাই দেবাজাবে আওর এইক্ষণ স্থনিয়াচি আমাদের ছুন্দিয়া নিয়ামতুলা ভাগি গিয়া ইথানের গোলাম একজনকে কারচাজি করিয়া রাজকুমর বলিয়া তাহার চাথে লিয়া আপনের নিকট ফরিয়াদ করিয়াচিলেন এহিবাত স্থনি আমাদের উকিলেরা আপনের স্থানে [ ] করিয়াচি সে বাত বুজিবার কারণ কোচবেহারের সাহেবের ঠায়ো তলাচ করি এবং

আমাদের দোস্মন বুজি সে দোজনকে জিয়লখানাতে বেরিলগা হৈয়াচে তা স্তনি অত্যন্ত হর্ষ পায়াছি পদোনাম বলি জেটার কহিয়াছে সেটাই অনেক লোক জমা করিয়া দেসের ভিতর আসিয়া বহু লোককে উপদ্রও করিয়া ভাগি গিয়া ভাটি গিয়াচিল ইতিমধ্যে নীয়ামত্ত্বলা হুন্দিয়া হৈয়া ফৌজ জমা করিয়া মোকাম জুগিঘোপা গুবালপারা এবং আমাদের কাণ্ডার-চৌকি ইহাতে লুটতরাজ করিয়া আগ জলাইলেক তাহাতে আমাদের খারিয়া শ্রীলখমীনারায়ণ ব্রহ্মচারির অনেক টাকা লুটি নিয়াচে এবং বহু টাকার চিজো খারাপ করিয়াচে অতএব আপনে ভালরুপে তজবিজ করিলে ইহা সকল মালুম হবেন জে টাকা লুটিনিয়াচে সে টাকাকে পাবা জাই যথা সে দোজনকে আমার ঠাই দিতে হই ইহারা এক প্রকার আপনের মনজোগ হৈলেই আমাদের শকল কার্য্য হাচিল হই আর আম্রার কালপ্রাপ্তি হোবা ৵৵র ঘরের খদমতগারি দুই জন স্ত্রী তকচির করিয়া ভাগি গিয়াচে তাহার একজন ধরা হৈয়াচে একজন মোকাম চিলমারি থাকিবার শুনিয়াছি তাহাতে বহু অকার্য্য হৈতে পারে অতেব আপনে মেহের্ব্বানগী করিয়া ইথানে পাঠাইতে হৈলে বহুত সন্তোষ পাবা জাই কিঞ্চিৎ পত্রচিহ্ন পাঠাইতেছি পহুচিবেক বাকি সমাচার উকিল মুখ জবানে জ্ঞাত হৈয়া এ সকল কার্য্য হাচিল করিয়া উকিল মজকুরেক তরাই বিদাই দিতে হৈলে দেস স্তদ্ধা সকলেই রক্ষা পাবা জাই কিমধিকং বিজ্ঞবরেষিতি সন ১৭২০ তারিখ ৬ ভাদ্রশ্চ

স্বস্তি সকল গুণগ্রাম বিশ্রামধাম শশধরকররাজি বিরাজিত জশোরাসি প্রকা [সিতাসেষ] দিঘণ্ডল জুলনাস্বপারীন্দ্র পরাক্রমাক্রান্ত বৈরিবারণ নয় গুনাকৃষ্ট নিঃশেষ ভূপালকু [ ]

---

(৭৬)

[স্বস্তি] সকল মঙ্গলৈকনীলয়—

শ্রীযুত মেস্তর রিচারড আমটি সাহেবজিউ সহৃদার চরিত্রেষু আপনকার মঙ্গল কামনাতে অত্রানন্দ বিশেষঃ আমার সরকারে সাবেক বন্দুক জে সকল আছে সে নেহায়ত

খরাব হইয়াছে এমতে লিখি আপনে হুজুরে লিখিয়া দেড়সও পাথরক [লা] বন্দুক নতুন মঃ সঙ্গিন ও তোসদান ও মার্ত্তুল ও [...] দুই পিপা বারুত আর একসও কুরতি মনযোগ [করিয়া পাঠাইতে হুকুম হবেক] ইতি সন ২৯০ শকা[বতে]

---

(৭৭)

৭শ্রীদুর্গা

৭সস্তি শ্রীদুর্গাচরনারবিন্দ মকরন্দ সনানন্দীত মত্ত মধুব্রতায় মানস শ্রীশ্রীযুক্ত কৈলকাত্তাধীকারিন সদ্দার চরিতেসু ভবতো বাহ [?] কহিয়মানস্য মমপি সামইকং কুশলং. বিসেস আমি আপনার প্রিত প্রনয়র কারণ পূর্ব্বে ২ পত্র পাঠাইআছি তাহাতে সমাচার মালুম হৈআ থাকিব আর আমার উকিল শ্রীকেবলকৃষ্ণ দাষ মুনসির পত্র দ্বারাতে আপনার হুজুরের সাহেব লোকর মেহেরবানি আছে হেন জানীআ অনেক হরিষ হৈলাম মাত্র মৈদ্ধে কথাকার মগন (?) ও কল্যান সিংহ শুবেদার কারশাজী করিআ বাজে ২ নিমকহারাম লুক লৈআ অনাহত আমার রার্জ্জা লুটতারাজ করিছেন এহাতে আপনাকে মুরমি জানীআ প্রকৃত তজবিজর কারণ জাহির করা গেছে অতয়েব আপনারার মেহেরবানির সব্ব উর্দ্ধ দেস্থ আমার অনেক রার্জ্জা ও পাট আছে তথ্যচ আপনারার নিকট থাকী মাত্র বেসিতে পাই তিপুরাও জেন্তাপুরের ও মনিপুরের বাজে ২ লুকে দুসমনী ভাব রাখেন এই সকল কাজিআ হৈতে উহারাও বোঝিআছে সাহেবানর সহিত আমার মিলাপ নাই এহাতে আমি আপনাকে মুরমি জানীআ লেখীতেছি আমার উকিলর দরখাস্তমত এক পরানা ও ২০০ দুই সত জনা সিফাই সরকার হৈতে দিবেন আমী আপনা তাবে একান্ত থাকীব আপনার সরকারের সত দুই সত জনা লোক আমার ইখানে থাকীলে কখন কেওরের সহিত কিছু কাজীআ না হৈব আপনে মুরমি বিসেষ কী লেখীব ইতি সন ১২০৬ সাল বাঙ্গলা— ১৫ চৈত্র

পত্রমেতৎ শ্রীশ্রীযুক্ত কৈলকত্যা বড়সাহেব গোহরনর সাহেবর স্থানে দেনা

---

(৭৮)

শ্রীশ্রীসিবঃ—

সরণং—

ইয়াদদাস্ত দরখাস্ত মতালিব সরকার কৌচবেহার
বাবত সন ১২০৭ সাল বাঙ্গালা তারিখ ১২ বৈসাখ

সন ১৭৮৯ ইঙ্গরেজী তারিখ ৪ চোথা জুলাই মতাবকে সন ১১৯৬ সাল তারিখ ২৩ আসাড় শ্রীযুত লাড করনওয়ালিস বড়সাহেব বাহাদুরের পত্রের নকল শ্রীরাস বিহারি সরকার উকিল স্থানে আছে সংক্ষেপে জ্ঞাত কারন নিবেদন করিতেছি লিখিয়াছিলেন জে তুমি নিতান্ত জানিবে তোমার কার্য্যের কুসল ও মলুকের আবাদ কারন আমি আপন এক্তারে রাখিয়া সন ১৭৭২ ইঙ্গরেজীর আহদনামাতে জে মোকরর হইয়াছে তাহা সেত্তায় কোন দফায় নালবন্দী জেয়াদা এবং তোমার হর্কেকর অকার্য্য বাকারাখিনা তোমার মলুকের মঙ্গল ও রক্ষার চেষ্টা মলুকের মামিলিয়ত জখন অজ্ঞান ও খোদগরজ লোকের হাতে পড়ে তখন অমঙ্গল ও খারাবি প্রকাস হয় আমার এই চেষ্টা জখন তুমি জ্ঞানবান ও কার্য্যোপযুক্ত হইবে রার্য্যের কার্য্য প্রিওজন তোমাকে সোপরদ করিয়া দিব অতেব [···] আমি সুন্দর জ্ঞানবান আমার বএক্রম বিস বৎসর হইল [রার্য্যের ?] কার্য্যে প্রিওজন সুন্দর মতে বুঝিয়াছি সেমতে আমার অন্তকরনে রোজবরোজ দরদ হইতেছে জে কারপরদাজ ও খোদগরজ লোকের অত্যাচারে আমার রার্য্য ফেরার হইতেছে আগামি নালবন্দীর সরবরাহ করিয়া আপন রার্য্যে কাএম থাকি এমত বুঝি না আমি শ্রীযুত ইঙ্গরেজ কুম্পানি বাহাদুরের আশ্রয় আপন রার্য্যের মঙ্গল কারণ লইয়াছি অতেব নিবেদন লাড বড়োসাহেব বাহাদুর মহস্থফের পত্রের নকল মুলাহিজা করিয়া মেহরবানগী পুরবক বদস্তর সাবেক আমাকে হুকুম হয় জিলা রঙ্গপুরের কলেক্টর সাহেবের নিকট নালবন্দীর সরবরাহ করিয়া আপন রার্য্যে কায়েম থাকি ইতি—

মাজুল নাজির শ্রীখগেন্দ্রনারায়ণ কুমর হজুরের হুকুম মওাফিক দরমাহা পাঁচসও টাকা পাইতেছে এদানিক সন ১২০৪ সন হইতে মালগুজারির মবলগ জায়গা দখল করিয়াছে এ কারণ ওম্মেদোয়ার জে সন ১২০৩ সাল লাগাএত শ্রীযুত মেঃ ইসমিট সাহেব জে জায়গা তহসিল করিয়াছেন আমার নামে এক পরওানা হুকুম হয় জে মওাফিক তহসিল মেঃ ইসমিট সাহেব আমলে আনিয়া সরকারের নাল [বন্দীর সরব] রাহ করি ইতি

তালুক ভলকা ও গয়রহ আমার রাজত্বের ভুম আমার চাকর ভৈরব নারায়ন কুমর শুভাদের জায়গীর ছিল তাহাতে দেবরাজার তরফ বুড়াগুভা সন ২৭১ সকায় কবুলিয়ত ও কিস্তীবন্দী লিখিয়া দিয়া সন ২৭২ সনে খাজানা ও ভেটি ও গয়রহ দাখিল করিয়াছে তাহার চালান ও কবুলিয়ত ও কিস্তিবন্দী হাজীর আছে কএক সন খাজনা দেয় না এ কারণ

রঙ্গপুরের কেলকটর শ্রীযুত মে লিমসডিন সাবেব বুড়াগুভাকে পরওানা লিখিয়া ছিলেন জে মওাফিক কবুলিয়ত খাজনা দিবা শুতা মজকুর পরওানা আমলে না আনিয়া সরারতি করিল সেমতে আমার খাস তহসিল হইয়াছে অথন কমিসনর শ্রীযুত মে রিচারড আমটি সাহেব কহিলেন জে তালুক ভলকা ও গয়রহ ভুটিয়াকে দখল দেলাইতে হজুরের হুকুম আসিয়াছে এ কারণ ওম্মেদোয়ার জে এ মোকদ্দমার মিছিলের কাগজ হজুরে তলব দিয়া মোলাহিজা ফরমায়া ইনসাফ হুকুম হয় ইতি—

---

(৭৯)

৺৭শ্রীরাম:

শ্রীকালি সরকার
সাং—সিমলা শান্তিপুর

মহামহিম মহিমাসাগর শ্রীযুত মেরকুইষ উইলেষলি
নবাব গবনর জানরেল ইন কৌনসেল সাহেব বরাবরেষু—

দরখাস্ত শ্রীকালি সরকার সাকিনে সিমলা পরগনে শান্তিপুর জেলা নদিয়া গরিব পরওর সেলামত আমার আরজ এই মোকাম গোয়ালপাড়ার শ্রীযুত মেঃ বরনের্ড মেকালম সাহেবের কুঠিতে আমি লবনের পাইকারি করি লবন কর্জ্জ লইয়া আসামে বিক্রি করিয়া জিনিষ বদলাই ও নগদ জে আমদানি করি তাহা মেকালম সাহেবের কুঠিতে দেই আমার মেয়াদ খিলাফ হওাতে সাহেব আমার ঠাই জামিন তলব করিলেন আমি আপন খুসিতে শ্রীযুত কমলনারায়ণ বড়ুয়াকে জামিন দিয়া মেকালম সাহেবের কুঠীর লবণ লইয়া আসাম গিয়াছিলাম আসামে লবণ বিক্রি করিয়া বদলাই জিনিষ মুগাধুতি মুগাসুতা হাতির দাঁত কড়ি এই সকল লইয়া আসমের চৌকি কাওারে বোঝাই নৌকা সমেত পৌছিলাম ১৫ আশ্বিন চারিদণ্ড বেলা থাকিতে আসাম সরহর্দ্দে নৌকা রাখিয়া আমি এবং মেঃ মেকালম সাহেবের তরফ লোক জামিনদার বড়ুয়াকে খবর দিলাম বড়ুয়া সাহেবের লোককে কহিলেন তোমরা কল্য প্রাতে জিনিষ ওজন লইবা সাহেবের লোক বোঝাই নৌকার নিকট রহিল সেই রাত্রে দুই প্রহরের সময় মোঃ জুগিঘোপার মেঃ রাবট ব্রেডি সাহেবের তরফ মেঃ উলেম টকর সাহেব এক পানসি নৌকা সমেত কারতিওালা সিপাই মত্র সঙ্গিন তোসদান পাথরকলা বন্দুক এবং সাহেব মজকুর নিজে বন্দুক কিরিচ কেরাবিন লইয়া আসাম তালুকের সরহর্দ্দে আসিয়া জবরদস্তি নৌকার রসি কাটিয়া সিপাই আমার বোঝাই নৌকার পর উঠাইয়া দিয়া আসাম সরহর্দ্দ হইতে নৌকা খুলিয়া কোম্পানির সরহর্দ্দে জুগিঘোপাতে আনিলেক মেঃ মেকলম সাহেবের লোকে কোম্পানি বাহাদুরের দোহাই দিলেক এবং বড়ুয়ার লোকে ৺সর্গদেব মহারাজার দোহাই দিলেক তাহা শুনিলেক না তাহাদিগে গুলি মারিলেক এবং কিরিচ

CENTRAL LIBRARY

খুলিয়া কাটিতে গেলো বন্দুক ফএর করাতে সকল লোক ভয়প্রযুক্ত পলাইল আমি নৌকাতে ছিলাম টকর সাহেবকে কহিলাম জে জবরদস্তি কেন কর আমি বড়ুয়াকে খবর দেই তাহাতে সাহেব মজকুর কিরিচ লইয়া আমাকে কাটিতে উঠিলেক এবং আমার নৌকাতে সিপাই নেথাবান দিয়া টকর সাহেব আপন ঘরে গেলেন পর দিবষ প্রাতককালে আপন লোক দিয়া জিনিষ ও নগদ আপন গোলাতে উঠাইয়া নিলেন আমি মেঃ মেকালম সাহেবের দেনা সেওায় রাভি সাহেব কিম্বা টকর সাহেবের দেনা রাখিনা তাহার সহিত কোন কারবার নাই এ বিসয় আমার জাবিনদার বড়ুয়াকে মেঃ মেকালম সাহেবের ঘরে জাবিন দিয়া দাইক করিআছি এ কারণ জাবিনদার বড়ুয়া জেলা রঙ্গপুরের জজ সাহেবের নিকট দরখাস্ত করি আছেন তাহাতে কিছু হইল না জজ সাহেব ইংরেজ লোকের পর নালিষ করাতে কম মনজোগ করেন কোট আপিলেতে সাহেব লোকের পর নালিষ করাতে এবং জে ২ সাহেব কোম্পানির কাজ রাখেন তাহাদের খাতির রাখিয়া নালিষ লওাতে তাচ্ছল্য করেন আমি গরিব কোন উপায় নাই টকর সাহেবের সহিত এ মকৰ্দ্দমা সুপরেম কোর্টে করি এমত জোত্র নাই সাহেব মালিক মেঃ টকর সাহেবকে ইহার তলব দিয়া আমি গরিবের পর নেকনজর ফরমাইয়া হক ইনসাফ করিতে হুকুম হয় ইহা আরজ মিতি—সন ১২০৯ বাঙ্গলা—৯ জৈষ্ঠী সন ১৮০২ ইংরেজি ২২ মাই—

---

(৮০)

৭ শ্রীহরিঃ শরণং—

৺৭স্বস্তি প্রবলভুজবলনির্ম্মথিতাহিতসাগরসমুত্থিতকীৰ্ত্তিসুধাকরশ্রীশ্রীযুক্ত কৈলকাত্তাধিকারিণ মহোদার চরিত্রেষু তবং কারুস্তং সদৈব চিন্ত তেনামস্মং সাময়িকং কুশলং বিশেষস্তেতাবান আপনার ১৮ শ্রাবনের প্রসর্ষ পত্র পাইয়া সমাচার জ্ঞাত হৈলাম আপনে লিখিআছেন আমার লোকের গিলা গুজারি কোনমতে সাব্যস্ত হইল না ইহাতে বুঝা জায় প্রকীর্ত্তমতে আপনার হুজুরে জাহির হৈল না অতএব আমার উকিল শ্রীকেবলকৃষ্ণ দাশকে আপনার হুজুরে পাঠাইতেছি আপনে মেহেরবানি করিয়া এখান রাহাদারি আমার উকিলর পাস দিবেন রাহাদারি বিশয় আমার উকিলর দর্খাস্তমতে জ্ঞাপন হবেন আর যৎ কিঞ্চিৎ নজর ছুট দাতআল হস্তি ১ এক গোট ও গোবয ১ এক গোট দিতেছি অনুগ্রহ করিবেক এই মাফিকর নজর আপনার জজ না হয় লুটেতে সমস্থ হস্তি গিয়াআছেন আপনেহ জ্ঞাত আছেন ইহাতে মনে অসন্তস না হবেন আর বিশেষ কি লিখিবাম কিমধিকং বিজ্ঞবরেষিতি শক ১৭২২ সাল তারিখ ২৭ ফাল্গুনস্য—লিপি—রিতি

CENTRAL LIBRARY

৮৭ পত্রমেতৎ শ্রীশ্রীযুক্ত কালকাত্তাধিকারিণ নবাব গোরণর বাহাদুর সাহেবের স্থানে দেয়মিতি—

---

(৮১)

শ্রীরামঃ—

৮৭স্বস্তি শ্রী বিশ্রামস্থিতিনিদান কমনীয় যশোরাশি বিরাজিতেষ্ট প্রেরিত কার্য্যাত্মসাত কৃত শ্রীশ্রীবড়সাহেব বাহাদুরেষু লিপিরিয়ং প্ররিচিতেতরাং অত্রাস্মাকং ভদ্রং যুস্মদ শ্রেয়শং লিপ্সামহে পরং সমাচার এহি আমাদের শ্রীগৌরী কটকি ও শ্রীতহুস্তাম বৈরাগীর মার্ফত ১২০৬ সালের মাহ বৈসাখের ১৯ তারিখে আপনাদের শ্রীযুত আলরড কালার্ক বড়সাহেব বাহাদুরের নামে যে পত্র পাটায়াছিল ২৫ শ্রাবণ ইথানে পহচিল সে সকল হকিকত মালুম হৈয়া অন্তত্ত খোচাইয়াছি ইথানের উকিল দোদফা পত্রসন্দেশ দিয়া পাটায়াচিলাম বন্দুক বারুদের জন্ম তাহার মার্ফত আপনে লিখিয়াচিলেন বন্দুক বারুদ দরখাস্ত স্বিকার হবা জাই না কি কারণ সেথানের উকিলেরা মুখ জবানেও এবং পত্রেও জ্ঞাত হৈয়া মোকাম গোয়ালপাড়া ও জুগিঘোপাতে ছিপাই সর্দ্দার সহিত মোকরর হৈয়াচে সেই লোক ছন্দিয়া লোকদিগে আপনকার মুলুকে লুটতারাজ বারণ করিয়াচে ইহা শুনি যথোচিত সন্তোস হৈয়াচিলাম তা হৈতে ছন্দিয়া ৩ তিনি বৎসর বারণ হৈয়াছিল সম্প্রতি ছন্দিয়া ভোটের সিমানা আসিয়া ছুই একগ্রাম বস্তি লুটতারাজ করিতেছে সে জাহওক এইক্ষন মায়ামরিয়া সত্রুর পরাভবেত (?) রক্ষা পায়া জাই না পহিলেও আপনের শ্রীযুত বড় সাহেব বাহাদুরে মেহের্ব্বানগী করিয়া শ্রীকাপিতান ওবালিচাক চিফাই সমেত দিয়া জেষ্ট পিত্রিকে সত্রু মধ্য হৈতে রক্ষা করিয়াচিলেন পশ্চাত দোখেপি বন্দুক বারুদ দিয়া আমাকে রক্ষা করিয়াচেন সে হৈতেই ইথানের সত্রুকে দমন করিয়া দেশ কিঞ্চিত প্রতুলতা করিয়া স্থীরতা পায়াচিলাম সে বন্দুকে বার ২ লেঢ়িতে (?) পুরনা হৈয়াছিল এবং বারুদো সাবসেষ খালি হৈল ইতি-ধ্যেম পুর্ব্বসত্রু মায়ামরিয়া যে চিল সে সকল দুষ্টমন্ত্রণা করিয়া উজান মোকাম বেঙ্গমরাতে

ও তাটি জয়ন্তা কাচারি সরহদ্দের ভিতর জমা হৈয়া আমাদের মুলুকে গ্রাম বস্তি আগ জলায়া লুটতারাজ করি খারাপ করিয়াছিল তা মধ্যে সে পুরনা বন্দুক সহিত ৫ পাচ কুম্পানি ছিফাই সে সত্রুকে লেঢ়িবার জন্ন পাঠায়াছিলাম ইতিমধ্যে সে সত্রুএ ফন্দ করি জঙ্গল ভিতর সোমায়া সকল ছিফাইকে মারিয়া আর বন্দুক যে ছিল সকল নিয়া গেল তাহার কিঞ্চিতো পাইল না অতেব পাত্র মন্ত্রি সহিত দেশস্থ প্রজা দেসে রক্ষা করণ আপন বিনা উপাই দেখিতে না এবং অন্ন জনে আপদুদ্ধারণ করিতেও পারে না অতএব পূর্ব্বে যেরূপ মেহের্ব্বানগী করি রক্ষিত করিয়াচিলেন সম্প্রতিও সে মাফিকে আমার পর দায়া দৃষ্টি রাখি ৮০০ আটসও নওা বন্দুক সরমজান সহিত দো কুম্পানি চিপাই এক সরদার সমেত ইথানে পাঠাইলে দেশসুদ্ধা সকলেই রক্ষা পাবা জাই ইষ্টজন আর্ত্ত হৈলে বিপদকালে ইষ্টজনকে উত্তোলন করিলে এবং না করিলে জে হয় আপন চিত্তে সমস্ত জ্ঞাত আচেন যেরূপ এদেসে রক্ষা পাবা জাই আপনাদেরো চিরকাল ইথানে নেকনাম রহে তাহা চেষ্টিত আবস্ত ২ করিবেন পত্র চিহ্ন পাঠাইতেছি পহুচিবেক বাকি সমাচার এথানে মনসবদার শ্রীথঙ্গিয়া ফুকন ও শ্রীবরকটকি-রামদেব সর্ম্মা শ্রীবিরদেব সর্ম্মা ও শ্রীগোবিন্দরাম বৈরাগী ও শ্রীতহুস্তাম বৈরাগী ও শ্রীবালীরাম বৈরাগী ইহা সকলের মুখ জবানিতে সকল সমাচার জ্ঞাত হৈয়া যে বিহিত তাহা আবস্ত করিবেক গতায়াতে খেরাফিয়ত লিখিয়া পরিতোষ করিবেক কিমধিকমিতি সন—১৭২৪ তাং—৮ আষাঢ়স্ত—

শ্রীরামঃ

৺৭ ক্রোড়পত্রমিদং
আপন্নিমিত্ত পাঠাইতেচি
পহুচিবেক—
সোনের চুলা নালি পাইরাবান্ধুনি
এরেরুপের আসামি—

বর ঝরা	১টা
দাতেরপাটি	১
বাদকচ	১
পোস্তসার	২
বর দাত	২ জোর
বদলা পারিএার আচলত	
গুণাকটা চাদির	১
মাচুর পারিএার আচলত	
গুণাকটা চাদির	১

রেস্মি ধুতি	৪ থান
রেস্মি ফুলান মহরি	২
রেস্মি ফুলান আরকাপরা	২
২০ হতিয়া ধল মুগার থান	২
ধল মুগার ধুতি	৪
স্থকা (?) চামর	৪টা
সোনের স্থচিত্রার ময়ুরের পাখির	
বাদকচ	১
রুপের স্থচিত্রার ময়ুরের	
পাখির বাদকচ	১
অগুরু কাষ্ঠ	১০ সের
ভাস্তড়াই পাখি	৪টা

স্বস্তি শ্রীবিশ্রামস্থিতিনিদান কমনীয় যশোরাশি বিরাজিতেষ্ট প্রেরিত কার্য্যাত্মসাত কৃত শ্রীশ্রীবড়শাহেব বাহাদুরেষু—

নকল করা গেল

(৮২)

শ্রীরাম :—

স্বর্গদেব

৺৭স্বস্তি শ্রী সকল গুণাধার মহামহিম মাহাত্ম প্রদ্যোতিতাত্মস্বরণ আশ্রিতেষ্টাহুগ্রাহক শ্রীশ্রীবড় সাহেব বাহাদুরেষু পত্রিকেয়ং প্রকাসতেতরাম অত্রাস্মাকং ক্ষেমং যুস্মদ ভব্যং সমীহামহে বিশেষ সামাচার এহি আমাদের শ্রীগৌরী কটকি ও শ্রীতহুস্তাম বৈরাগীর মার্ফত শ্রীযুত আলরড় কালার্ক বড় সাহেব বাহাদুরের মোহরে শ্রীযুত রচুল সাহেবে যে পত্র পাঠায়াচিলেন তাহা পহচিল সকল সমাচার জ্ঞাত হৈয়া পরমাপ্যায়িত হৈয়াছি পূর্ব্বে আপনে মেহের্ব্বানগী করিয়া বন্ধুক বারুদ যে দিয়াছিল সে হৈতেই সত্রুকে দমন করি কিঞ্চিত দেশ প্রতুল হৈয়াছিল তথাচ সে বন্দুক বার ২ লেঢ়িতে (?) পুরণা হৈয়াছিল এবং বারুদো ন্নানতা হৈল আর সামগ্রি অল্প হেঙ্গাম হৈয়াচিল বহুত এতন্নিমিত্ত নওা বন্দুক বারুদ পাইবার জন্ম আপানর ঠাই দোবার পত্র সন্দেস সহিত কটকি বৈরাগী পাটায়াছিলাম আপনে কিঞ্চিত মেহের্ব্বানগী করিবার কারণ তাহাতে আপনে লেখিয়াছেন এইক্ষণ বন্দুক বারুদ দিবার ভার রাখা গেল তথাচ তোমার দরখাস্ত স্বীকার না করাতে চিত্তে খেদ হৈল না কি কারণ মোকাম জুগিঘোপা ও গুয়ালপাড়াত সিফাই সরদার মকরর করিয়াছি সেই লোক ছুন্দিয়া লোক দিগে আপনকার মলুকের লুটতারাজ বারণ করিয়াচে আপনেও আবশ্য জ্ঞাত হৈয়া থাকিবেন আপনের পত্রে জ্ঞাত হৈয়া মঞ্জুর হৈয়াচিলাম ৩ তিন বৎসর আপনের মেহের্ব্বানগীতে ছুন্দিয়াও উপদ্রব করে নাই সম্প্রতি ভোটের সিমা নাই ছুন্দিয়া আসিয়া দুই এক গ্রামবস্তি আগ জলাইয়াচে সে জাহওক সম্প্রতি বাকি মায়ামরিয়া জাগায় ২ যে আচিল সকল একত্র হৈয়া উজান মোকাম বেঙ্গমরা ও ভাটিজয়ন্তা কাচারির সরহদ্দের ভিতর জমা হৈয়া আমাদের মুলুকে গ্রামবস্তি লুটতরাজ করিয়া আগ জলায়াছিল ইতিমধ্যে আমাদের চিফাই সরদার যে ছিল তাহাকে দমন করিবার জন্ম পাটায়াছিলাম আমাদের কমবক্ত দ্বারা মায়ামরিয়া ফন্দ করি জঙ্গল ভিতর রহিয়াছিল ৫ পাচ কুম্পানি চিফাই সেথানে গিয়া মাবা পরিল বন্দুক বারুদ যে ছিল সকল হানি পাইল তাহার একটা বন্দুক একজারা বারুদো পাইল না অতেব মেহের্ব্বানগী করিতে না হৈলে দেশসুদ্ধা সকলেই কিরুপ রক্ষা পাবা জাবেক আপন ব্যতিরেক আমাদের ভারসাএয়ের অন্ম স্থান নাই এবং অন্যে রাখিতেও পারে না অতএব বার ২ দরখাস্ত করিতেছি আপনের কৃপা দৃষ্টিতে ৮ বৎসর ধর্ম্মযশস্বী স্বরণ করিয়া এদেসে রহিয়াছি সম্প্রতি এ দুর্দ্দৈব প্রযুক্তে কাল স্বরুপ সত্রুমুখে পরিয়াছি ইহাতে কৃপা কটাক্ষ করি ৮০০ আটসও নওা বন্দুক সরমজান সহিত এবং সে সঙ্গে ২ দো কুম্পানি চিফাই এক সরদার সমেত পাটাইলে আপনের কৃপাতে শ্রীশ্রী৺সমেত দেশস্থ সকলেই রক্ষা পাবা জাই পূর্ব্বরক্ষিত ইষ্টজন আর্ত্তা হৈলে তাহাকে উত্তোলন করিলে জে হয় এবং না করিলে যে হয় অপনের চিত্ত সমস্ত

জ্ঞাত আচেন যদিস্যাত আপনে ইহাতে মনজোগ না করেন আমাকে নির্ভয় স্থান কোথা দেই সেই স্থানে রহিবার হুকুম দিবেন কিঞ্চিত পত্রচিহ্ন পাঠাইতেছি পহচিবেক বাকি সমাচার ইথানের মনসবদার শ্রীখঙ্গিয়া ফুকন ও শ্রীবড়কটকি রামদেব সর্ম্মা শ্রীবির সর্ম্মা ও শ্রীগোবিন্দ রাম খামিন্দ ও শ্রীতহুস্যাম খামিন্দ ও শ্রীবালীরাম দাস ইহা সকলের মুখ জবানিএ সকল আহোবালা সমজিয়া যে বিহিত তাহা আবস্ত করিবেন গতায়াতে নীজ মঙ্গলাদি লিখিয়া পরিতোস করিবেন কিমাধিকমিতি সন—১৭২৪—তাং—৮ আসাঢ়

শ্রীরাম

৮৭ ক্রোড় পত্রমিদং

আপস্নিমিত্ত পটাইতেছি

পহচিবেক—

দাতের বাদকচ	১
পোস্তার	২
বরদাত	২ জোর
রেশ্মি ধুতি	২ থান
২০ হতিয়া ধল মুগার থান	২
মুগার ধুতি	২
ভাত্তভাই পাখী	২

স্বস্তি শ্রী সকল গুণাধার মহামহিম মাহাত্ম প্রদ্যোতিতান্তস্করণ আশ্রিতেষ্টার গ্রাহক শ্রীশ্রীবড়সাহেব বাহাদুরেষু—

(৮৩)

শ্রীশ্রীকৃষ্ণস্য

চরণ ভরসা মাত্র

শ্রী গো বি ন্দ
চরন পরায়ণ স
র্ব্ব কৈ(ত?) নোদ্ভব
শ্রী প্রতা(প?) বল্লভ চ?)
বড় (?) ফুককনস্য

স্বর্গদেব কমলেশ্বর সীংহ

স্বস্তি সকল মঙ্গলালয় গঙ্গাজল নির্ম্মল পবিত্র কলেবর গোব্রাহ্মণ প্রতিপালক শ্রীল শ্রীযুত লাড মারনিংটন গবনর বাহাদুর প্রবল প্রতাপেষু সাহেবের খয়ের খুবি ৺দরগায় মোনাজাত করিতেছি তাহার অত্র খয়ের বিশেষঃ আমার মুলুকের শ্রীশ্রী৺৺মহারাজার চিটী ও শ্রীযুত বুড়া গোসাত্রি ডাঙ্গরিয়ার চিটী সম্বলিত (?) শ্রীযুত খঙ্গিয়া ফুকন ও শ্রীরাম কটকী ও শ্রীমধ্যবত্তা (?) ও গয়রহ জাইতেছে বিস্তারিত পত্রে এবং ইহার দীগের জবানিতে জ্ঞাতো হইয়া জেরূপে মহারাজার রার্জ্যের গরিব প্রজালোক রক্ষা হইয়া সাহেবের নেকনাম চিরকাল আমার মুলুকে থাকে এমত মনোজোগ করিতে মরজী হবেক আমার এথানকার তরফ শ্রীরাম বড়ুয়া ও শ্রীচাদরাম বড়ুয়া ফুকনের হামরাও জাইতেছে ইহার দীগের মারফত পত্র চিহ্ন পাঠাই পৌছিবেক আমরা হরযুরতে সাহেব লোকের ভরসা রাখি জেয়াদা কী লিখিয়া জানাইব জাতায়তে খয়েরাফিয়ত লিখিয়া খুসী রাখিবেন ইতি সন ১২০৯ সাল বাঙ্গলা তাং—৩০ শ্রাবণ

পত্রচিহ্ন—

সোনালী গমচেলী	২ থান
হাতিদাত	২ জোড়
পাটের চুড়িয়া	৫ পাচ থান
	৯ তিন দফা
জীনিষ মাজ	
সেত চামর	৮ আটটা
	৪ চারি দফা বা সতেরো থান ইতি—

স্বস্তী সকল মঙ্গলালয় গঙ্গাজল নির্ম্মল পবিত্র কলেবর গোব্রাহ্মণ প্রতিপালক শ্রীল শ্রীযুত লাড মারনিংটন গবনর বাহাদুর

প্রবলপ্রতাপেষু—

মোঃ ——— কলিকাতা ———

———

(৮৪)

শ্রীশ্রীকৃষ্ণজী

স্বহায়—

মহামহিম শ্রীযুত গবনর জানরেল বাহাদুর।—

সাহেবান প্রবল প্রতাপেষু।—

দরখাস্ত শ্রীবেপারিযান ও মলঙ্গীযান ও তাফালিজান ও মাহেন্দারাণ ও গয়রহ জেলা রায়মঙ্গল মধ্যে মোঃ জয়নগরের নেমকমহলের তাফালের আরজ এই আমরা এস্তমরার মোকাম মজ্কুরের নেমক মহলের কার্য্য করিয়া জে মুনফা পাইয়াছী তাহা দিয়া আপন ২ গোরগোষ্ঠী পরবিষ হইয়াছী মহল মজ্কুরের পূর্ব্বে দস্তর ছিল সওদাগরী আমলে আমরা আপন ২ নিজ পুঁজি এবং অন্ন ২ মহাজন হইতে টাকা লইয়া নেমক পোক্তান করিয়া আপন এক্তারে আমদানী রপ্তানী করিয়াছী ৺কোম্পানীর খাজানাফিস ও মোন নেমকে ৩০ ত্রিষটাকা হিসাবে সাহবোন্দর সামিল সরকারে মালগুজারী করিয়াছী তাহার পর বাঙ্গলা সন ১১৮৭ সালে মহল মজ্কুর শ্রীযুত ৺কোম্পানী খাস সওদা করিয়া মেস্তর উট সাহেবকে জেলা মজ্কুরের কাজে নিজ্‌ক্ত করিয়াছিলেণ আমরাও সাহেব নিকট হাজির হইয়া আপণ ২ খুশিতে নেমকের সওয়াদা করিয়া তাফালের দাদনী লইয়া নেমক পোক্তান করিয়া সরকারে দাখিল করিয়াছী তাহাতে জে মুনফা পাইয়াছী তাহা দিয়া আপন ২ গোরগুষ্ঠী পররিষ পাইয়াছী সাহেব মজ্কুরের পরে মেস্ত্র সাইমন হিউট সাহেব নিকট সেইমত কাজের সরবরাহ দিয়াছী তাহার পর মেস্ত্র জোজেপ চাম্পান সাহেব নিকট সেইমত সরবরাহ দিয়াছী তাহার পর মেস্ত্র জান মেকীঞ্জী সাহেব নিকট সেইমত সরবরাহ দিয়াছী তাহার পর চব্বিষ পরগণার জেলাদার মেস্ত্র রিচার্ড গুডলেড সাহেবের জিম্মা সামিল জিলা মজ্কুরের কাজ হইল তাহাতে সাহেব মজ্কুর হামেষা চব্বিষ পরগণার কাজে মোকেদ থাকীতেন এ জেলার তালাপী হইতোছে না ইহাতে জিলা মজ্কুরের কাজ অনেক কম তরত্বদ হইতো তাহার পরে সন ১২০৮ সালে মেস্ত্র এডমেণ্ড পীটশ মিডিলটীন সাহেব কাজে মোকরর হইয়া হুজুরের হুকুম মতো এ জিলায় কার্য্য করেন নহে তাঁহাতে আমরা গরিব লোক অর্ত্ত(?) অভাবে মারা যাইতেছী আমরা

ইস্তমরার তাফালের কাজ সেওয়ায় আর কোনো কাজ করী নহে এবং জানিনা খোরক পোষাকে নাচার হইয়া মারা জাইতেছী আমারদিগের এমত তওয়াদ (?) নাই জে রাহা খরচ ও বাষা খরচ করিয়া জোনাবের নিকট হাজির হইয়া আপন ২ আহোয়াল আরজ করী অতএব নেহাইত নাচার হইয়া ডাকে আরজি করিলাম সাহেবান কওসল মলুকের মালিক আমারদিগের চারি পাঁচ হাজার লোকের জান বাচানের জন্যে আমারদিগের দরখাস্ত মোলাহেজা করিয়া জেলা মজকুরের কাজ হয়ে এমত হুকুম ফরমাইবেন জে সরকার হইতে মাহাফিক আইন সরকার হইতে দাদনী হয়ে আমরা দাদনী লইয়া নেমক পোক্তান করিয়া সরকারে দাখিল করী তাহাতে জে মুনফা পাই তাহা দিয়া আপন ২ গোরগুষ্টী পররিষ হই জদী এই বন্দবস্ত শ্রীশ্রী৺সাহেবানের মরজী না হয়ে তবে পূর্ব্বে জে মত সদাগরী আমলে জেমত দস্তর ছিল অন্য ২ মহাজন হইতে টাকা লইয়া নেমক পোক্তান করিয়া আমদানী রপ্তানী দেই কি সও মোন নেমকে কেলেকট্টরীতে ৩০ ত্রিষ তঙ্কা সিক্কা মাল গুজার দেই হুকুম হয়ে নতুবা হুকুম হয়ে অন্য (?) মহাজন হইতে টাকা লইয়া নেমক পোক্তান করিয়া সরকারে দাখিল করী নেমকের দাম পার্ক্কা সওদায় কি সও মোন ২০০ দুই সও টাকা সিক্কা পাই তাহাতেও নিলামের দরে সরকারে বিস্তর মুনফা আছে তাহাতে মহাজনের দায় আদায় করিয়া জে মুনফা পাই তাহা দিয়া আপন ২ গোরগোষ্টী পররিষ হইয়া সাহেবানকে দোয়া করী এই তিন রকম কাজের বন্দবস্তের দরখাস্ত করিলাম জে রকম সাহেবান কউসলের হুকুম হয়ে সেইমত বন্দবস্ত মঞ্জুর করিয়া কাজের হুকুম ফরমাইবেন তবে আমরা গরিব লোক জান বাচাইয়া বজায় থাকীয়া সাহেবানকে দোয়া করী জদী আমারদিগের অভাগ্য ক্রমে সাহেবানেরা এক রকম হুকুম না করেন তবে মারা জাইব ইহার আজাপ সাহেবানেরদিগের পর হইবেক কেননা শ্রীশ্রী৺ আমারদিগের জান বাচানের রাহা এই মহলের এস্তমরার রাখিয়াছেন সাহেবান এ মহলের কাজের এক রকম হুকুম না হইলে আমরা গরিব সকল মরা জাইব মহলের বন্দবস্তের হুকুম হইলে সরকারে মুনফাও আছে এবং আমারদিগের সকল গরিবের জান বাচানের রাহা হয়ে চারি পাঁচ হাজার লোকের জান মান বাচানে সাহেবানদিগের জস্তেষ্ট পূর্ন হইবেক অতএব হুকুম ফরমাইবেন সেই হুকুম তওয়াজ করিয়া জান মান বাচাইব ইহা জোনাবে আরজ করিলাম ইতি বাঙ্গলা সন ১২০৯ সাল ১৫ চৈত্র।

শ্রীকৃষ্ণপ্রসাদ রায়	শ্রীভোলানাথ রায়	শ্রীপদ্মলোচন দত্ত
শ্রীভগবান রায়	শ্রীকালাচাদ কর	শ্রীগৌরিনাথ দত্ত
শ্রীহরেকৃষ্ণ রায়	শ্রীরামকানাই রায়	শ্রীগোরাচাদ ঘোষ
শ্রীকমলকৃষ্ণ রায়	শ্রীহরিরাম দত্ত	শ্রীনরনারায়ন ঘোষ
শ্রীরামজয় দাস	শ্রীবিষ্টনাথ রায়	শ্রীবিষ্ণনারায়ন সাধু
শ্রীপ্রানকৃষ্ণ দাস	শ্রীহরেকৃষ্ণ রায়	শ্রীবিজয়েমাণিক্য দত্ত
শ্রীরামগতী দাস	শ্রীরামশঙ্কর দাস	শ্রীরামহরি দাস
শ্রীবৈরভ চন্দ্র দাস	শ্রীজগোমোহন গোস্বাই	শ্রীরামচন্দ্র দাস

রামসঙ্কর দাস

শ্রীপ্রানকৃষ্ণ গোস্বাই	শ্রীরতনকৃষ্ণ রায়	শ্রীফকিরচাদ রায়
শ্রীঘনেশ্যাম দাস	শ্রীসম্ভুচন্দ্র বসু	শ্রীতিলক চন্দ্র রায়
শ্রীরামগৌরি দাস	শ্রীরাজীবলোচন দাস	শ্রীরামমানীক্য দত্ত
শ্রীবৈদ্যনাথ চন্দ্র	শ্রীভবানিপ্রসাদ রায়	শ্রীরাম গোপাল দাস
শ্রীরামনরসিংহ দাস	শ্রীরামজয় দাস	শ্রীরামমানীক্য দাস
শ্রীকাশীনাথ রায়	শ্রীরামগতি দত্ত	শ্রীপ্রাণকৃষ্ণ দাস
শ্রীসামধর রায়	শ্রীনন্দকান্ত দাস	শ্রীরাম সঙ্কর রায়
শ্রীমন্ত বাগ	শ্রীরামচন্দ্র দত্ত	শ্রীসিবনারায়ন রায়
কৃষ্ণপ্রসাদ দাস	কেবলকৃষ্ণ দত্ত	নিলকণ্ঠ বাগ

---

(৮৫)

শ্রীরামঃ

৺৭ স্বস্তি সকল মঙ্গলালয় শ্রীযুত জেমিচ ওবার্ডচওবার্থ জজ সাহেব পরমোদার চরিত্রেষু লেখনমিদং প্রয়োজনঞ্চাদৌ তব মঙ্গল শ্রী৺ স্থানে সদা চাহি পরং সমাচার এহি রুদ্ররাম বড়ুবার ভাই শ্রীমায়ারাম আমার টাই কহিআচে পুর্ব্বে মেং রোস সাহেবের নামে দুই আর্জি নামা গবনর জান্রেল বহাদুরের স্থানে দিয়াচিল সেই আর্জি শ্রীজান লমচডিন সাহেবের পাষ আদালতের জন্যে পাটায়াচিল সে কালীন তাহার কি সর্ব্বাদাইল আমার টাই লেখি পাটাইব রুদ্ররামের ভাই শ্রীমায়ারামকে পাটাইয়াচি—কিমধিকমিতি সন ১৭২৬ তাং ২৭ ভাদ্র—

স্বস্তি সকল মঙ্গলালয় শ্রীযুত জেমিচ ওবার্ডওবার্থ সাহেব পরমোদার চরিত্রেষু।

---

(৮৬)

শ্রীরামঃ

৺৭ সস্তি সকল মঙ্গলালয় শ্রীযুত জেমিচ ওঁবারডচওঁবার্থ জজ সাহেব পরমোদার চরিত্রেষু লেখনমিদং প্রয়োজনকাদৌ পরং সমাচার এহি রুদ্ররাম বড়ুবার তরফ শ্রীরাম মোহন ঘোষ উকিল মেঃ জান লমচডিন সাহেবের আমলে ৺ মেং রোস সাহেবের নামে কলিকত্তাই গবনর কৌচলে নালিচ করে সেই আর্জি হুজুর হৈতে শ্রীযুত মেং জান লমচডিন সাহেবের নিকট চপারাদ হয় রুদ্ররাম বড়ুবা মেং ৺ রোস সাহেবের নামে নালিচ করনের বিসয় মনকির হরনের জবানবন্দি শ্রীকমল ভূঞা বরকাকতি বিষ্ণুরাম কটকি ইহাদের সাখি কাজির মোহর শহিত অচেল কাগজ শ্রীযুত মেং জান লমচডিন সাহেবের সিরিস্তাই আচে শ্রীযুত মেং জান লমচডিন সাহেবের দস্তখতি নকল চাহেব মজকুরের হাথে চিল সম্প্রতি গবনর জান্ত্রেল বাহাত্বরের তরফ ৺ মেং রোস সাহেবের লহনা উছুলের মুকতিয়ার হৈয়া শ্রীকমল লোচন নন্দি আসিআচে শ্রীযুত মেং জান লমচডিন সাহেবের দস্তখতি নকল আমাকে দেখাইয়াচেন আমি সেই সকল আপনার নিকট পাটাই ইহার আচল কাকত দৃষ্টি করিয়া ইহার বিস্তারিত আমাকে লেখিয়া এবং এই নকল আমাকে ফের পাটাইবা শ্রীকমললোচন নন্দিকে দিতে হবেক কিমধিকমিতি—সন ১৭২৬ (?) তাং ২৭ ভাদ্রস্য—

স্বস্তি সকল মঙ্গলালয় শ্রীযুত জেমিচ ওঁবার্ডচ ওঁবার্থ জজ সাহেব পরমোদার চরেত্রেষু—

(৮৭)

৺৭শ্রীশ্রীদুর্গাঃ

সহায়ঃ—

৺৭স্বস্তী সকল মঙ্গলালয় শ্রীযুত মেঃ ওয়াডিসওয়ার্থ জজ সাহেব সহ্নদার চরিত্রেষু ॥ সাহেবের খয়েরাফিয়ৎ হামেশা ৺ দরগাতে মনাজাত করিতেছী জাহাতে অত্র খয়ের বিশেষঃ। অনেক দিবস সাহেবের খয়েরাফিয়ৎ খবর পাই না মনস্ম জাতাআতে মেরবানগীর দ্বারায় সাহেবের খয়েরাফিয়ৎ লিখিয়া খুশী রাখিবেন শ্রীশ্রী৺৺দেবের সন্দেশ পত্রচির্ম্ম সহিত বড় সাহেবেক লিখন লিখিয়াছেন এবং সাহেবেক লিখন লিখিয়াছেন পত্র সহিত শ্রীমায়ারাম বড়ুয়াক ও শ্রীবিরুচরণ বৈরাগীক সাহেবের নিকট পঠাইতেছী ইহারা সাহেবের নিকট বিস্তারিত জ্ঞাতা করাইবেক এবং হিসাব পঠান জাইতেছে হিসাব দিষ্টী করিয়া হক তজবিজে পরিচ্ছিন্ন করিয়া আমাকে সংবাদ লিখিবেন এ বিসয় সাহেব মেরবানগী করিয়া ঝটীত শেষ করিয়া দিয়া বড়ুয়াকে পটাইবেন জাতাআতে সাহেবের খয়েরাফিয়ৎ লিখিয়া খুশী করিবেন ইতি সন ১২১১ সাল বাঙ্গলা তারিখ—১ কার্ত্তিক——

স্বস্তী সকল মঙ্গলালয় শ্রীযুত মেঃ ওয়াডিসওয়ার্থ

জজ সাহেব সহ্নদার চরিত্রেষু

মোকাম—— ———রংপুর—.————

পত্র সন্দেশ হাতির দাঁত ২ দুইটা

————

(৮৮)

শ্রীশ্রীকৃষ্ণ

বমহর কাজী

বএকরার কোমল ভূঞা
ও বড়কাগতী
ও বিষ্ণুরাম কটকী

৺সরকারে—

ইসাদী
শ্রীবুলচন্দ্র
কানুনগো

শ্রীরুদ্ররাম বড়ুয়া
শ্রীরামমোহন ঘোষ
উকীল

No. 7.

দরখাস্ত শ্রীরামমোহন ঘোশস্ত গরিব পরওর শেলামত আরজ এহী আমার মওককল আশাম তাহার সহীত মেং রোষ শাহেবের কাজীয়া সাহেব মজকুর ৺মহারাজার রার্য্যের লোকের অনেক ২ বদীয়ত করিয়াছেন এ কারণ কলিকাতা হুজুর নালীষ হুজুরের হুকুম হইয়াছে সাহেব শরেজমীতে জাইয়া তজবিজ করিবেন এমত খবর আমার মনিবের স্থানে আছে তাহাতে মে রোষ সাহেব রুদ্ররাম বড়ুয়াকে বহুত ধুমধাম করিয়া শীফাই মহশীল(?) দিয়া কহে জে তুমী রাজীনামা লিখিয়া দেও অন্ন অন্নের কথা মতে নালীষ করিয়াছীলা রাজীনামা না লিখিয়া দিলে রোজ ২ কাজীয়া কচায়ণ হঙ্গামা করিতেছেন আসাম আদালতে নালীষ আচে তত্রাপী বালাদস্তী করিতেছে সাহেব জেলার মালীক তজবিজ সোপর্দ্দ সাহেবেক জে লাগাএদ তজবিজ না হয় কাওার চৌকীতে শ্রীরুদ্ররাম বড়ুয়ার নিঘাবান ৫ পাচজন শীফাহী তয়নাত থাকে কেহ জোর জুলুম করিতে না পারে শীফাইর খরচ পত্র আমী দিব ইহা আরজ করিল ইতি—১৬ অগ্রহায়ণ

No. 8.

শ্রীকোমল ভূঞা—১ শ্রীবড়কাগতী ১ শ্রীকাওার কটকী ১ এহী তিন ধর্ম্ম মাহে আঘোনের ১৬ দিন গতে শ্রীরুদ্ররাম বড়ুয়া কৈছে বোলে চহী ৬ আঘোনের এই আরজী পত্র আমী দীয়া নাই এবং রামমোহণ ঘোসকে লিখি নাই এহী আরজী রামমোহণ ঘোষ দীয়াছে বেগর আমার হুকুম ইতি তাং—১৬ অগ্রহায়ণ

No. 9.

ইসাদী শ্রীকোমল ভূঞা—শ্রীবড়কাগতী ইচাদী—শ্রীবিষ্ণুরাম কটকী ইচাদ—

২৬ অগ্রাণ লিখিত শ্রীরামমোহণ ঘোষ ইহার জওাব এহী আমার মওককল শ্রীরুদ্র-রাম বড়ুয়া তাহার ১০ দসহী কার্ত্তিকের এক লিখন একইযা কার্ত্তিক পাইলাম আমার মওককলের ও চান্দরাম বড়ুয়ার বমহরের লিখনের বয়ান—শ্রীযুত রামমোহণ ঘোষ সদাশএষু—

পরম শুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনকাদৌ ঘোষ জীউর মোহব্বতি(?) শ্রীশ্রী৺ স্থানে করিতেছী তাহাতে অত্রানন্দ বিশেষক পুর্ব্বপত্রে সকল বিসই লিখিয়াছী এখন শ্রীযুত মে রোষ সাহেব আসীয়া আমী সহীত মিলজোল করিয়া ফরিয়াদী এরিলো পুর্ব্বেয়ো অন্ত অন্তের কথামতে হে করিলো এমত লিখা এখনে আমাদেক লিখি দিবার কহিলে আমীহ সেকথা না করিলাম ইতি তাং ১০ কার্ত্তিক

পুনশ্চ লিখিবো সে শিতারাম তোতারাম সহীতে বহুত ধমকদী কারসাজী করিয়াছে একরূপে জদী রক্ষা না পাও লিখা পত্র জদী লিখি দেও সকলে মিথা রক্ষ্যা না পাওাতে কী করিম দেশে বিদেশে তোমার ভরেসা রাখি রক্ষা না পাও হেন দেখ ইতি

No. 10.

দোশরা লিখনের বয়াণ—পরম শুভাসীব বচনিয় শ্রীযুত রামমোহন ঘোষজা সদচরিত্রেষু—

পরম শুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনকী বিশেষক পুর্ব্ব পত্রে শকল লেখিয়াছী সম্প্রতি শ্রীবিষ্ণু-রাম আসীয়া পহছিল ৺সর্গীদেবের নামে এক পত্র আসীয়াছে মৌখিক কহিচে রঙ্গপুরের শাহেব প্রাই রোষ সাহেবের হইয়াছে সেই সাহেবের নামে হুকুম হইয়াছে একথা শুনি বড় ভাবিত কদাচ ভাল তজবিজ হই তথাকার রঙ্গপুরের সাহেবের নামে জে সকল লিখন পড়ন আসীয়াছে কথার মত প্রতি বুঝীয়া আসীতে কাওার বড়ুয়া বিষ্ণুরামকে বড় সাহেবের লেখন সমেত তাহাকে পঠাইলাম তোতারাম সীতারাম রোষ সাহেবের অ(?)নাথর পুত্ত-পুত্রর মত হইচে তাদের দীয়া আমার উপর অনেক ধুম ধাম কাজিয়া কচকচী লাগাবার লাগীছে শকল জানিয়া গীয়াছ ইহার তজবিজ এবং রোষ সাহেবের বলোদস্তী করিতে না পারে আর কী হবে এই তাকাতে হৈল না অতএব জাতে ২ শীঘ্র ২ খুদারা হই তাহা করিবা অধিক কী কব অতি বিপক্ষে পড়ীয়াছী বিবেচনা মতে জাতে সীগ্র ২ ভাল হই তাহা করিবা ইতি তাং ১৩ কার্ত্তিক।

No 11.

তেসরা লিখনের বয়াণ—শুপ্রতিষ্ঠিত শ্রীযুত রামমোহণ ঘোষজা কল্যানবরেষু—

পরম শুভাসীর্ব্বাদ বিজ্ঞাপনাঞ্চাদৌ ঘোষজীওর মোহব্বতি বাঞ্চা করিতেছি তাহাতে অত্রানন্দ বিশেষক তোমার পত্র পাইয়া সমাচার জ্ঞাতা হইলাম আমার তৈইনাতী পাচজন সীফাহী এক চাপরাস রাহী হইয়াছে শুনীয়া বড় খুসী হইলাম ইহা জাতে অতি শীগ্র ২ পহছে তাহা করিবা আমার হাতে রাজীনামা লওার কারণ বহুত ২ ধুম কফর ফন্দে ফিকীর (?) এবং দীনাও (?) তথাচ অন্ত লাগাএদ পারে নাহী তুমী ইহার অতি সীগ্র উপাই না করিলে রাজীনামা নাদীয়া বাচী না কী হবে কোন কথাতে আমার নকরি কার্য্য করিবা আর তোতারাম লোক সওগাতের লইআ ১৮ তারিখে দরঙ্গ কুচ করিয়া বিজনীর পথে গেল পটে রোষ সাহেবের ইজারাতে গেলে' বাজেলোক দেখাই কাপীতাণ সহীত কথা হৈআ কতজন সীফাই পাঠাইআছে ফিরাইয়া আনীতে মিথ্যা হবে এমত ধারা জদী হৈল তোমা

আমার জত শ্রম পুরশোর্থ ব্রথা হইল অধিক কি লিথিব তুমি সকল জ্ঞাত আছে বিবেচনা মতে জাতে ২ সীগ্রে ২ প্রতুল করিতে পার আনেক অন্দরের সহীত ইংরেজ একজনের সমেত সরিকী কাজ এথানে করিব তাথে আমি অতি তুষ্ঠ তিনজনে মিলিয়া আমারে গ্রাশে করি থাবে এমন হইয়াছে কীরূপে হই রক্ষা কর আমী নিতান্ত তোমার জানিবা ইতি— ২৩ কাত্তিক—

No 12.

এহী তিন লিখন ক্রমে ২ পাইয়া সাহেবের হুজুরে আমার মওক্কলের লিখন সমেত ৫ অগাণে আরজ করিলাম এবং চিটী দেখাইলাম তাহাতে সাহেব ফরমাইলেন তোমাকে তোমার মওক্কলে চীটী লেখিয়াছে ও চীটী শুনার আমার দরকার নাই তোমার ইহাতে হকীকত হয় তাহার দরথাস্ত লিথীয়া আণ সাহেবের হুকুম মতে ৬ অগ্রহায়ণে দরথাস্ত দাখীল করিলাম তাহার নকল মে রোষ সাহেবের পাষ পঠাইয়াছিলেন রোষ সাহেব আমার দরখাস্তের নিচে লেখাইআছে শ্রীকোমল ভূঞা—১ শ্রীবড়কাগতী—১ শ্রীকাওার কটকী—১ এহী তিন ধর্ম্ম মানে আঘোনের ১৬ দীন গতে আমার মওক্কল জবাব কহীআছে ৬ অগ্রানের এহী আরজী আমী দিয়া নাই এবং শ্রীরামমোহণ ঘোষকে লিখী নাই এহী আরজী রাম মোহণ ঘোস দীয়াছে আমার বেগর হুকুম ইহার ইসাদ কানুনগোএ কাজীবমহরে সাহেবের হুজুর রোষ সাহেব পটায়াছে—

No 13.

ইহার উত্তর এহী—আমার মওক্কলের বমহরের তিন চীটী দিয়া ৺সাহেবের হুজুর প্রমান দীলাম ইহাতে আমার দরখাস্তে কুটাকী রোষ সাহেবের কারসাজী ও জবরদস্তী ৺সাহেবের জনাবে মালুম হবেক রোস সাহেব এ মলুকের তেজারতের বড় সাহেব থানার সাজাওল ও কাজী ও কানুনগো ও জমীদারাণ ও মহাজনান ও গয়রহ তাবে হুকুম জাহাকে জে হুকুম করে তাহারা না করিআ বাচে না তাহা জদী না হয় তবে কী বুনা কথার পর কাজী কানুনগো পাইদী (?) হয় এ বড় বেমোনাসীব সাহেব দরিখাস্ত করিলে মালুম হবেক আর শ্রীশ্রীসর্গীদেব হুজুর কলিকাতা নালিষ তজবিজ সোপর্দ্দ সাহেবেক আমার মওককলের পাষ রোশ সাহেবের কারসাজী জবরদস্তীতে রাজী নামা লেখাইআ লইতে চাহে আমার মওককলের মোকর্দ্দমায় তজবিজের মালীক সাহেব জাবত তজবিজ না হয় হুজরের পাচজন সীফাই কাওার চৌকীতে তয়নাত থাকে কেহ জোর জুলুম করিতে না পারে সীফাইর থরচ আমার মওককল দীবেক সাহেব আদালতের মালিক জেমত মরজী ইহা জোনাবে আরজ করিল ইতি তাং— ২৬ অগ্রান—

হুকুম হৈল সীপাহি(?)
তয়নাত বেহারে বড়ুয়ার
দিগের পর কেহ বেজার করিতে
না পারে—১৪ দীসেম্বর—

CENTRAL LIBRARY

(৮৯)

শ্রীরাম

৬৭ সস্তি সকল মঙ্গলালয় নানা গুনালঙ্কৃত শ্রীযুত জিমিচ ওঁবার্ডচ ওঁবার্থ জজ সাহেব পরমোদার চরিত্রেষু সৌহার্দ্দ পুর্ব্বক লেখনমিদং প্রয়োজনঞ্চ আগে এথানকার কুসল আপনার কুসল মঙ্গল শ্রীশ্রী৺ স্থানে মনাজাত করিতেচি পরং সমাচার এহি যে ৺রোস সাহেবের বাকি টাকার জন্ন্যে মেং মেকালম সাহেবের মাত্তবর লোক শ্রীকমললোচন নন্দিকে সমস্ত হিসাব কিতাপ কাগজ পত্র ও দস্তাবেজ জাহা আবশ্যক চিল ৺ রোষ সাহেবের পাওনা সাব্যস্ত কারন আসাম মলুকে রয়ানা হৈল এমত শ্রীযুত বড় সাহেব বাহাদুরের পত্রে লেখিয়াচিল এথানে তজবিজের মধ্যে নন্দি মজকুর তাহার হিচাব কিতাপ কাগজ পত্র ও দস্তাবিজ কিছু দিল না কিন্তু তাহার নকল দেখায়াচিল তাহাতে আসামি লোক মঞ্জুর হয় না অতএব এহি দারা এথানে রফা করিতে তার এ কারণ আপনাকে লেখিতেছি জদিস্তাত সে মকোর্দ্দমার রফা না হয় আপনের নিকট সমস্ত বিস্তারিত পশ্চাত লেখিয়া পাঠাইব আপনে যে বিহিত তাহার মত করিবেন আর শ্রীমায়ারাম বড়ুয়াকে ও শ্রীশামোরামকে এহি দোজনের সঙ্গে শ্রীবিরোচন খামিন্দাক্ য়াপনের পায পাটায়াচি তাহার হিচাব কিতাব দৃষ্টি করিয়া তাহাকে গৌর করিবেক আর পুর্ব্বে মেং ময়র সাহেবের আমলে ও মেং ওলিয়ম্ ডোর সাহেব মেং দানিয়াল রোস সাহেব এহি তিনজনে কারচাজি করিয়া লালা অমরসিংহের টাকার দাওা করিয়া শ্রীচান্দরাম কাওার বড়ুয়াকে ও শ্রীবক্রুরাম কাকতি আপন মুলুকে পাচ চই মাহিনা কয়েদ রাথি বিনা তজবিজে জোর করি ৪০০০১ চালিষ হাজার এক টাকার টিপ লৈয়া কয়াদ রাথিয়াচিল পশ্চাত রুদ্ররাম বড়ুবা সে মোকোদ্দমার মক্তার হৈয়া সে দোজনাকে থালাচ করি ৪০০০১ চালিষ হাজার এক টাকার টিপ ৺রোস সাহেবে লেথাই লৈয়া সেহি দফা শেষ করিল এইক্ষণ আমি বুজা গেল সম্প্রতি শ্রীকমললোচন নন্দির মার্ফত এক ফারাগতি কাগজ কাননগুইর ও লালা অমরসিংহের ও বুলচন্দ বড়ুবার চহি রঙ্গপুরের বড় সাহেবের মোহর সমেত পায়াচি তাহাতে লেথিয়াচে চারি সও টাকা লৈয়া লালা অমরসিংহের কাজিয়া সেষ করি ফরাগতি দিল সেহি ফরাগতি শ্রীকমললোচন নন্দির হস্তে মজবুত আচে আমাকে দেইনা আপনে সেহি ফরাগতি কাগজ নন্দি মজকুরের হাথের পারা মাগায়া দৃষ্টি করিলে তাহাতে জেরূপ আচে আপনে বুজিবেক এহিরূপে আমাকে দফা ২ সকল কার্য্যতে জেরূপ অন্যাই করিয়াচে তাহাও বুজিবেক অতএব সে দফার আপনের মনজোগ হৈলে সেহি ৪০০০১ চালিষ হাজার এক টাকাও আমি পায়া জাই ইহা আপনে জ্ঞাত কারন লেখিলাম কিঞ্চিত পত্রচিহ্ন হস্তি দন্ত ১ জোর জানবর ডেওভাই ২ পাঠাইতেচি পহচিবেক বিস্তারিত সকল সমাচার শ্রীমায়ারাম বড়ুয়া ও শ্রীসামোরাম ও শ্রীবিরোচন বৈরাগীর প্রমুখাত জ্ঞাত হৈয়া জে বিহিত তাহা করিবেন কিমধিকং বিজ্ঞবরেষিতি সন ১৭২৬ তাং ৫ আশ্বিন।

স্বস্তি সকলমঙ্গলালয় শ্রীযুত জেমিচ ওঁবার্ডচ ওবার্থ জজ সাহেব পরামাদার চরিত্রেষু—

—০—

(৯০)

শ্রীশ্রীরাম:

বুড়াগোসাঞ

সস্তি শ্রী সকলমঙ্গলালয় শ্রীযুত জানরল জহজ সাহেব সাহেবের খয়ের খবী দৌলত জিয়াদা হামেষা ৺দরগাতে মনাজাত করিতেছী তাহাতে অত্র খয়ের বিসেস আরজ এহী শ্রীযুত লক্ষীনারায়ণ ব্রর্ম্মচারী রুট সাহেব ও শ্রীযুত ব্রাডী সাহেব সহিত সাট্টা করিয়া তেজারতি কাজ করিয়াছিলো কয়েক মাশ পর সাহেব পাষ বিদায় হইয়া ব্রর্ম্মচারী মজকুর জোরহাট গেলেন ইতিমধ্যে সাহেব মৃত্যু হইলেন আমি আঁমার দেসের অপ্রতুল মতে ৺কম্পানি বাহাদুরের জায়গা চন্দরিয়া গ্রামে ছিলাম পর ব্রাডি সাহেব রোট সাহেবের কাজের মক্তার হইয়া গোয়াল-পাড়ার কুটীতে আসীলেক পর আমাকে প্যাদা দিয়া আনাইয়া ব্রর্ম্মচারীর নামে একটা কর্জ্জা হিসাব দেখাইয়া আমাকে বলিলেক ইহাতে দস্তখত করহ আমী বলিলাম ব্রর্ম্মচারির সহীত কাজ কর্ম্ম দেনা পাওনা হিসাব আমী ওাকীব নই এ হিসাবে আমি দস্তখত করিব না আমি কাহার সহিত কাজ কর্ম্ম করি নাহী আমী হালিয়া হিসাব কীতাব কীহো বুজি না তথাচহ তাহা না মানিয়া তিন প্রহর নাগাদ আমাকে কয়েদ রাখিয়া অনেক লোকের সাক্ষ্যাত জবরদস্তী করিয়া কর্জ্জা হিসাবের বকলম দস্তখত করাইয়া লইলেক সেহা কর্জ্জা হিসাব এখন শ্রী কমল লোচন নন্দী ৺দেওতার পাষ দেখাইয়া আমার পাষ টাকা চাহে আমী জবাব দিলাম জে ব্রর্ম্মচারী মজকুর বর্ত্তমান হিসাব কীতাব করিয়া দেনা পাওনা নেয় দেও ব্রর্ম্মচারী মজকুরে বলেন জে ওাজবী হিসাব করহ দেনা হয় দিব পাওনা হয় পাইবো তাহা নন্দী মজকুর মানেন না হিসাব কীতাব তোমী জানহ ব্রাডি সাহেব জানেন আমী কীছো জানিনা তোমী হিসাবে দস্তখত করিয়াছ টাকা দেও ব্রাডি সাহেব ও ব্রহ্মচারী ও রাধানাথ কবিরাজ বর্ত্তমান আছেন হিসাব কীতাব করিয়া আপন ২ দেনা পাওনা নিতে দিতে হয় তাহা না মানিয়া

আমার পর আগে তকহ পেচ রাখিয়া নাহাক আমাকে পেরাসনি দিতেছে সাহেব আদালতের মালিক তজবিজ করিয়া আমার কর্জ্জা দস্তখতি হিসাব ব্রাডি সাহেবের পাষ হইতে ফেরতা করিয়া দেওাইতে হুকুম হইবেক ইহা আরজ করিলো ইতি—৯ কার্ত্তিক

সস্তি শ্রী সকলমঙ্গলালয়
শ্রীযুত জানরল জজ সাহেব
মেহেরবানেষু
মোকাম——রংপুর

———

(৯১)

৭ শ্রীশ্রীরামঃ

৺৭ সকলমঙ্গলালয় সর্ব্বোপমাজোগ্য—

শ্রীশ্রীযুত জজ সাহেব সহৃদার চরিত্রেষু সাহেবের খয়ের খ্বি হামেশা মনাজীমত করিতেছী অত্র খয়ের পরং শ্রীযুত লক্ষীনারায়ণ ব্রর্ম্মচারি রোস সাহেব সহীত কারবার ছিল সাহেব পাষ রোকশদ হইয়া ব্রর্ম্মচারি মজকুর জোড়হাট গেলে ইতিমধ্যে রোশ সাহেবের মারা খবর পাইয়া এদেশের অপ্রতুলে শ্রীপরস্থরাম শর্ম্মা চন্দরিয়া গ্রামে ছিল তাহার সহিত কোন সাহেব লোকের কোন মহাজন লোকের পুর্ব্বের দেওা নেওা নাই ষুনিয়াছিল শ্রীযুত মে ব্রাটী সাহেব ও শ্রীরাধানাথ কবিরাজ ধরিয়া নিয়া রোস সাহেবের হিসাবে দস্তখত করাইয়া লইয়াছে ইহার অনেক গাইক আছে এমত কইছে এখন সেই হিসাব দেখাইয়া টাকা চাহে ব্রর্ম্মচারি মজকুরকে জীজ্ঞাসা করাত জওাব দিল আমার হিসাবে সর্ম্মা মজকুর সহি করিলে আমার মঞ্জুরা নহে আমার সহিত হিসাব মোকাবিলা করিলে পাওানা হএ।দেব আমার পাওানা হএ আমী পাইব অতএব সাহেবের নিকট সর্ম্মা মজকুরের লোক জাইতেছে সাহেব মুলুকের মালিক কোন রার্য্যের দস্তাবেজে জবরদস্তী অন্যের হিসাবে ষুনিয়া হাত সহি

করাইয়া টাকা চাহে ইহার হকঃ তজবিজ করিয়া সীগ্র ইনফসল করিয়া সর্ম্মা মজকুরের দস্তখতি হিসাব ফিরাইয়া দিতে মরজী হবেক ব্রর্ম্মচারি মজকুর আছে হিসাবে পাবার লাগা হএ লইব না পাএ না লইব এহা জ্ঞাত করিলাম ইতি—তাং—২৫ আশ্বীন—

স্বস্তি শ্রীসকলমঙ্গলালয় সর্ব্বোপমাজোগ্য—
শ্রীযুত ওাজবন জজ সাহেব সহ্নদারচরিত্রেষু—
মোঃ—————রঙ্গপুর——————

শ্রীগোবিন্দ
চরণ পরায়ন স
স্কিকৈস্কনোদ্ভব
শ্রীপ্রতাপ বল্লভ শ্রী(?)
জুত ফুককনস্ত

———

(৯২)

শ্রীশ্রীদুর্গা

স্বহায়—

স্বস্তী সকলমঙ্গলালয় গঙ্গাজলনির্ম্মল
পবিত্রকলেবর গোব্রাহ্মণপ্রতিপালকবর
শ্রীল শ্রীযুত নবাব গবনর জানেরেল মারকেস
ওালিষলি বাহাদুর সহৃদারচরিত্রেষু—

গবনর জানরেল বাহাদুরের খয়ের খুবি ৺দরগায় মনাজীমত করিতেছী তাহাতে অত্র খয়ের বিশেষ শ্রীযুত খঙ্গীয়া ফুকন ও শ্রীকমললোচন নন্দী মারফত পত্র পাইয়া জ্ঞাতো হইয়াছি ৺মেঃ রোস সাহেবের লহনা আদায় কারণ নন্দী মজকুরকে পাঠাইয়াছিলেন নন্দী মস্তর সাহেবের চিটী পত্র সমেত খঙ্গীয়া ফুকন সর্ম্মলিত শ্রীশ্রী৺৺ ও শ্রীযুত বুড়া গোসাঞী ডাঙ্গুরিয়ার নিকট পৌছিয়া চিঠি পত্র দাখিল করিয়া তথাকার চিটী পত্রের জবাব লইয়া হজুর জাইতেছেন জবাবপত্রে ও প্রমুখাতে বিস্তারিত বিদীত হবেক আমার এ মোকামের মোতালকে সরকারি হিসাবে সন ১৭১৭ শকে ৺রোষ সাহেব আমার মুলুকে ছুন্দিয়া নিবারণ কারণ চেতসীং রেশালদার গয়রহকে আনিয়া ছিলেন তাহাতে সাহেবের তহবিলের

মবলগ ১০০৩২।৴৯ দশ হাজার বত্রীষ টাকা পাচানা নও গণ্ডা খরচ হইয়াছিল সে টাকা বমজীমা হিসাব নন্দী মজকুরকে নারানি টাকা বুঝিয়া দিলাম জাতাআতে খএরাফীয়ত লিখায়া খুশী রাখিবেন ইতি সন ১২১১ সাল বাঙ্গালা তাং ১৩ পৌষ ইং ২৫ দীসার্ম্বর

স্বস্তী সকলমঙ্গলালয় গঙ্গাজলানির্ম্মল
পবিত্রকলেবর গোব্রাহ্মণপ্রতিপালকবর
শ্রীল শ্রীযুত নবাব গবনর জানেরেল মারকেস
ওালিষলি বাহাদুর সদ্দারচরিত্রেষু—

শ্রীগোবিন্দ
চরণ পরায়ণ স
ঙ্কিকৈষ্কনোদ্ভব
(ছিন্ন)

---

(৯৩)

শ্রীশ্রীকৃষ্ণ—

স্বস্তি শ্রীমত সকলমঙ্গলালয় সন্নিতিরমণীপরিরম্ভিতকলেবর কর্পূরপুরকিত্তিপুর শ্রীযুত বড়সাহেব বাহাদুরেষু। লিপিরিয়ং বিলসতুত্তরাং অত্রাস্বাকং ভবামব্যাহতং তত্র ভাবুকং সমিহামহে পরং সমাচার এই ৬ অগ্রহায়নের পত্র শ্রীকমললোচন নন্দীর মারফত পাইয়া সবিশেষ জ্ঞাতো হইলাম আপনে অনুগ্রহ প্রকাষ করিয়া আমার দরখাস্ত বমোজিম বন্দুক বারুদ গয়রহ কমল মচকুরের মারফত পাঠাইয়াছিলেন তাহা বেবাক পৌছিল এ বিসয়ে নিতান্ত সন্তোষ হইলাম এমত অনুগ্রহ বার ২ করিতেছেন এবং করিবেন আপনাদের স্বহায়তে সত্রু সকলকে দমন করিতেছি কিন্তু আমার দরখাস্তে পূর্ব্বমত নতুন বন্দুকের জিকির ছিল সম্প্রতিক জে বন্দুক দিয়াছেন অনেক দিবস গুদামে ছিল কিম্বা লড়াইর পর এ বন্দুক আমদানি হওয়াতে পুরানা বোধ হইল এ সকল দিব্য মরাম্মত করার লোক আমার দেষে কম আছে নতুন হইলে অনেক কাল কার্য্য করিতে পারে তথাচ জে দিয়াছেন সেই ভালো না থাকিলে আপনাকে পুনর্ব্বার জানাইতে হইবেক আপনেও মেহরবানগী দিষ্টী করিয়া সময় ২ চেষ্টা করি রাখিলে দেষে রক্ষ্যা পাইতে পারি আর বন্দুকের টাকার জিম্মা ৺বরনেড মেকালম সাহেব করিয়াছিলেন আমার তরফ শ্রীখঙ্গিয়া ফুকন রসীদ লিখিয়া

CENTRAL LIBRARY

দিয়াছিল সেই বেবাক টাকা গুয়াহাটী মোকামে পৌছাতে শ্রীকমললোচন নন্দীর হাতে দিয়া ফুকন মজকুর আপন রসীদ খালায় করিয়া লইয়াছেন জাতো কারণ লিখিলাম আর ৺রোস সাহেবের বাকী টাকা পাওনা জে আছে তাহাও উস্থলের কারণ তাহার হিসাব কিতাব সহিত এইক্ষণ মাতবর লোক কমললোচন নন্দী রওানা হইয়াছে এমত লিখিয়াছেন এখানে তজবিজেতে সে হিসাব কিতাব আসল কাগজ চাহিলাম সবিশেষ দেখাইল না কিন্তু দুই একখান টিপ তমঃষুক দস্তখতি হিসাব ও নকল বলিয়া এবং ইঙ্গরেজী হিসাব দেখাইয়াছে তাহা আমি মঞ্জুর করি কিন্তু দেনদারী লোকে অনেক ওজর করে অতহেও টাকা দেওনের নিষ্পত্তি হইল না আপনেও মেহরবানগী করি বারম্বার লিখিয়াছেন ৺ রোষ সাহেবের পাওনা টাকা সে হিসাব কিতাব কমল মজুকুর সহিত অক্যাতা হইয়া দিষ্টী করি তাহাতে প্রকত-প্রস্থাপ ওাজিবি তহকিক হয় তাহা দেস্তাইবেন অতএব করাতে বাকী টাকার নিরোপণ হইল না আমারদেরে দেয জেরুপ উজার হইয়াছিল আপনাতে বার ২ জানাইয়াছি আমার এখান কার যে সকল পত্র গিয়াছে ইস্তক শুরু নাগাদী সকল পত্র আপনে জে লিখিয়াছেন আম্রা জে লিখিয়াছি বেবাক দিষ্টী করিবেন ৺ রোষ সাহেবের টাকা দেনার বিসয়ে এবং দেষের আহওাল সকল পত্রে লিখিয়াছি আপনার দয়া দিষ্টীতে দেয কিঞ্চীত স্থিরতা পাইয়াছে জে আসামী কএকজন পাইয়াছি তাহাকে কমললোচন নন্দীর হামরাও মোকাম গোয়ালপাড়া পাঠাইতেছি আপনে ক্রপা করি হুজুরের তজবিজ করিবার হুকুম দেন তবে তাহারা বাকী টাকার দেনা হইলে হক নাহক বুঝিয়া নিষ্পত্তি হইতে পারে আর এখানে সরকারি বাবে ফৌজের মাহিনা আদায়ে এবং আমিন লোকেরদিগের রসদ পৌছাওনা কারণ পাওনা বুলি জে লিখিয়াছেন এবং ৺ রোস সাহেবকে খুনকরা লুট করার বিসয় পহিলে রোস সাহেব মোকাম কাওারচৌকিতে হিন্দবি সন ১১১৩ সাকের চৈত্রমাসে সিপাহির জনাজাতে দরমাহার লেখা আমাদের লোকে আপনে লেখায়া জে মাফিকে দিয়াছিল সে দস্তুরে টাকা দিয়াছিল জজ্ঞপী কিঞ্চিত বাকী ঠাওরে দিতে পারে আমারদের লোকে জে হিসাব আমার সরকারে সেই সেপাহির মহিনার ফর্দ্দ দেয় তাহাতে ছয় হাজার টাকা সাহেবের বাকী লিখে কিন্তু সে জে ফর্দ্দ দেয় তাহাতে সাহেবের দস্তখত করিয়া লএ নাই আমার লোকে সন ১৭৯৬ সালে মে মেকালম সাহেবের নিকট হইতে হিসাবের নকল আনে তাহাতে আঠার হাজার টাকা সাহেবের বাকী পাওনা এইক্ষণে কমল মজকুর ইংরেজী ১৭৯২ আখেরি ১৭৯৩ আরম্ভ মাঘ লাগায়ত এক নতুন বাঙ্গলা ও ইঙ্গরেজী হিসাব মেকাল সাহেবের দস্তখতি দেখাইয়া ছাব্বিষ হাজার টাকা বাকী করে সেই লেখা মানিতে পারি না কারণ এই সেকালে ৺কোম্পানীর সরকার হইতে পলটন সমেত ওালীষ কাপতান এখানে ছিল অগ্ত সিপাহীর দরকার নাহি জে পুরাণা দুই এক বরকন্দাজ সিপাহি ছিল তাহাকো কাপতান মজকুরে কয়েদ করি খেদিয়াছিল সে সময় রোস সাহেবো মোকামে ছিল সে রোস সাহেব নতুন জে প্রকার দরমাহা লিখিয়াছিল এখনকার রোল ? দেখি জাহা বিহিত তাহার হুকুম কমল

CENTRAL LIBRARY

নন্দীকে দিবেন পুর্ব্বের দরমাহাতে এবং এখনকার দরমাহাতে অনেক তফাএত হইয়াছে ইহাতে নিরপোন করিতে পারিলাম না এবং হিসাবি টাকার স্থদ দিতে হইবেক না হইবেক জানি না আর আমিনদিগের পাষ পাওনার জে দস্তাবেজ দেখাইয়াছে তাহার বাকী জে হয় বেবাক দিতে আমি হুকুম করিয়াছি আর কমল মজকুর মুখজবাণী জে ২ দাওার ফর্দ্দ করিয়া দেখাইয়াছে রোস সাহেব বর্ত্তমান কালের পুর্ব্ব দুই তিন বার মোকাম গোয়াহাটী আসিয়াছিল সে কালিনো এ সম্বাদ করিল না এবং হুজুরের পত্রে বেওরা লেখে নাঞী ইহাতে ভাবিত হইয়া আপনার নিকট জানাইতেছি জে উচিত তাহার মত হুকুম দিবেন আর রোস সাহেব মজকুর আপনাদিগের এক আমিন লোকের হাতে মারা পড়িয়াছে এমন জে লিখিয়াছেন হইতে পারে কিন্তু আমাদের জিজ্ঞাসাতে দরঙ্গের রাজার হুকুম মাফিকে মারা পড়ে নাই আমাদের লোকের বাধা মানা না মানিয়া আপন ফৌজ ছাড়িয়া খুসী মতে খুস্‌কী গিয়া জমাওত অতিথের হাতে মারা পড়িআছে জানিবেন জুগীখোপায় কাপতান ও সিপাই কারপুর তৈনাত হওাতে কমল নন্দীর সঙ্গে তৈনাত জে ছয়জন সিপাই ছিল হুজুরের তরফ সে সিপাই কাপ্তানের হুকুম জলদ ভাটীয়া গেল এ কারণ কমল-নন্দীও বিদায় হইয়া জাইতেছে আপনার প্রকৃত বিচার .হইলে সকল বুঝিবেন কিমাধিকং বিজ্ঞাবরেস্বতি সন ১৭২৬—তাং ১৯ কার্ত্তিক—

৯৪

৭ শ্রীশ্রীরাম—

মহামহিম শ্রীযুত সেরজার্জ হিলেরো বেরলো বেরনেট জানরেল কৌসল বরাবরেষু—

শ্রীজগমোহন মজুমদার

আরজি শ্রীজগমোহন মজুমদার খারিজা তালুকদার দত্তবাড়িদিগর পরগণে পুখরিয়া মতালকে জিলা ময়মনসিংহ আরজ এই বোরডের সাহেবানের হুকুম প্রমাণ মজকুরি তালুকদারাণের খাজানা তহশীল করার জন্যে জিলা মজকুরের পরগণা ২ এক একজন তহশীলদার মোকরর হইয়া খাজানা তহশীল হইতেছীল সেই সকল তহশীলদারের বরাওর্দ্দ দরমাহি সালিআনা ১৩৬৮০ টাকা সরকারে মজরা আছে তাহাতে জিলা মজকুরের কালেকটর মেস্তর লিগ্রোয সাহেব বোরডের বিন হুকুমের অই সকল

CENTRAL LIBRARY

তহশীলদার বরতরফ করিয়া হুজুরে সকল পরগনার মজকুরি তালুকদারানের খাজানা তহশীল জন্যে একজন তহশীলদার রাখিয়াছেন মঞ আমলা তাহার বরাওর্দ্ধ দরমাহি সালিআনা ৩০(ছিন্ন)০ টাকা দেন বাকী ১০৬৮০ টাকা নিজে নেন এহি মতে ইপ্তদায় সন ১২০৯ সাল নাগাএত সন ১২১২ সালের কিস্ত অগ্রহায়ণ ৩৯১৬০ উনচল্লিশ হাজার একসও সাইট টাকা সাবেক তহসীলদার সকলের নামে খরচ লিখিয়া তছরুফ করিয়াছেন বোরডের কাগজ দৃষ্টী করিলেই জনাবে মালুম হইবেক কালেকটর সাহেব মজকুর অই জে মবলগ মজকুর তছরুফ করিয়াছেন আমি ইহার সাবুদ জিলা মজকুরের তালুকদারান ও জমিদারান ও কালেকটরী আমলা দিয়া দিতে হাজির আছী আমি এহী খবর হুজুরে ইত্তলা করিলাম সাহেব মলুকের মালিক ইশ্বরতুল্য খোসনাম দেসবিখ্যাত খোদাওন্দের জনাবের ছায়া বিনা আর দাড়াবার স্থান নাহি আমি এক মজকুরী তালুকদার আমার বাড়ি জিলার কাচারি হইতে দুই তিন রোজ তফাওত সদরে খাজানা দাখিল করাতে এই খরচাতে পায়মাল ও পেরেসানির হদ্দ হইতেছী এবং সরকারের মরলগহা লোকসান হইতেছে অতএব উম্মেদওার জনেক সাহেবের নামে আনি হুকুম হয় জে মফশ্বল আমার স্থানে সাবুদ লইয়া তজবিজ করিয়া হুজুরে ইত্তলা দেন ইহা জনাবে আরজ করিলাম ইতি

৯৫

শ্রীশ্রীদুর্গা—

সহায়—

মহামহীম জেলা নদিয়ার

শ্রীযুত জজ সাহেব বরাবরেষু

দরখাস্ত নিমতলার কুটীর শ্রীমসে জিগেল সাহেবের আরজ নিবেদন শ্রী মসে অরেথ সাহেব নিমতলার কুটীতে আছেন অদ্য তিন রোজ হইল বড় বেআরাম হইয়াছেন কথা কহিতে পারেন না অতএব আরাম হইতে মোঃ চন্দননগর জাইতে হয় সাহেবের বেগর হুকুমে জাইতে পারেন না অতএব মেহেরবানগী করিয়া সাহেব মজকুরকে চন্দননগর জাইবার হুকুম দিতে হুকুম হইবেক আমি বুঝি মসে অরেথ এথানে থাকিলে বেতাহতে মারা পড়েন আমী তোমাকে খবর দিতেছী ইহার জেমত হুকুম হয় ইহা আরজ করিলাম ইতি সন ১৮০৬ সাল তারিখ ২৯ মার্চ্চস্ত—

৯৬

শ্রীশ্রীত্রৈলোক্য
নাথঃ শরণং—

স্বস্তিঃ সকলমঙ্গলৈকনিলয় মহামহিম প্রবলপ্রতাপ শ্রীযুত নবাব গবনর জরনেল বাহাদুরপ্রবলপ্রতাপেষু—

আপনকার মঙ্গল সদা সর্ব্বদা শ্রীশ্রী৺স্থানে প্রার্থনা করিতেছি জাহাতে অত্রানন্দ বিসেষঃ আত্মগতিক দফাত ২ আপনকার হুজুরে শ্রীযুত মেস্তর মনগমরি কমিসনর সাহেব মারফত লিখিয়াছি তাহাতে গোচর হইয়াছে বেহারের রাজা হরেন্দ্রনারায়ণ আমার পর জে মত ২ দৈরার্ত্ত বদিয়ত করিয়া আমাকে খানে অএরান করিয়াছে তাহা দফা ২ আপনকার হুজুরে লিখিয়া জ্ঞাতো করাইয়াছি সেমতে আমাকে ৺ কুম্পানি বাহাদুরের সরনাগতো জানিয়া গবনর বাহাদুর আমার হকেক মেহেরবানগী করিয়া আমার খোরাকি পাচ সও টাকা জাহা লাট করণওয়ালিস সাবেক গবনর বেহারের খাজানাতে মোকরর করিয়াছিলেন তাহা বেহারের কমিশনর সাহেব বরখাস্ত হওয়াতে পাইতেছিলাম না তাহা আপনকার মেহের বানগীতে হাল কমিসনর সাহেবের মারফত মলতবী বাকি ও হাল মাস ২ পাইতেছি এবং সন ১১৯৮ সন বাঙ্গালাতে মেস্তর ডগলিস সাহেবের মারফত সাবেক লাট গবনর সাহেবের হুকুম মতে জে পরওানা পাইয়াছিলাম তাহার নকল হাল কমিসনর সাহেবের দস্তখত করাইয়া আপন আরজীতে আপনকার হুজুরে পঠায়াছী জে ২ হুকুম হইয়াছে তাহার মদ্ধে গ্রেদবলরামপুর ছুই ক্রোষ আমার দখলে থাকিবেক তাহাতে জে কিঞ্চীত আমার দখলে ছিল তাহাও রাজা আদালত ফৌজদারি পাওা মাত্র দখল করিয়া লইয়াছিল অখন গবনর বাহাদুরের মেহেরবানগী মতে হাল কমিসনর সাহেবের মারফত হুকুম হইয়াছে আমার সাবেক হুকুম বমজিম দখল দেলাইতে সেমতে কমিসনর সাহেব আমাকে গ্রেদবলরামপুরের ছুই ক্রোস দখল দেলাইলেন আমিহ দখল পাইয়া গবনর বাহাদুরের খয়ের খাই এবং দৌলত জ্যাদা হামেসা ৺ স্বরিস্থানে প্রার্থনা করিতেছি অখন আমাকে খাতির জমা হইতেছে জে কম্পানি বাহাদুরের সরনাগতো জানীয়া গবনর বাহাদুর অনুগ্রহ প্রকাশীয়া আপন হিস্যার মুয়াসে মলুকে কাইম করিবেন কিন্তু কমিসনর সাহেব আমাকে গ্রেদবলরামপুর ছুই ক্রোস দখল দেলাইয়া হুজরে এতলা দিয়া কাইমি পরওানা দিতে কহিলেন সেমতে উর্দ্ধেম্বার কমিশনর সাহেবের এতলার আমার ঐ গ্রেদবলরামপুরের ছুই ক্রোশী দখলির কাইমি হুকুম সিগ্র দিতে অবধান হবেক অপর উমেদার জে সকল জমী কমীসনর সাহেব দখল দিলেন তাহার মদ্ধে অর্দ্ধেক ধোতা জঙ্গল বাকী অর্দ্ধেক তাহার মদ্ধে পুর্ব্ব দক্ষিণ কোনে পোয়া ক্রোস অর্দ্ধক্রোস এই গুরতে ছুই ক্রোষ পর্য্যন্ত জিলা রঙ্গপুরের পরগনে বাহেরবন্দের চাকলে গয়েবাটীর সরহর্দ্দ আরজে আছে তাহার মদ্ধে রাজার নিজ হিস্যার কথোক দেহা পড়িয়াছে এবং এক আনার হিস্যাদার দেওান দেওর কএক খান দেহা পড়িয়াছে এবং অন্য ২ ও

রাজগুষ্টীদীগের বাজে জমি সামিল হৈয়াছে বাকী জমী যে আছে নেহাইত নালাএক তাহার ফি বিস দুই টাকা আড়াই টাকা সালীয়ানা মালগুজারি পাইব ইহাতে আমার গুজরান ও নিজ পরিজনের অন্দরের খরচ কোন শুরতে হয়েনা কেবল আমার হালুয়া গোলামগাড়ান এবং খেদ্‌মতগারান ও ঘোড়া হাতি উট ইহার সহিস মাহুত আদির জিরকা কীছু হইল বেহার মলুকের দস্তর পাহাড়তলিহায়ে আমার সলতনতের জতো লোকজন ও পরিবার নাগাএদ দেবরাজা ভুটীয়া আদি কাহার নাহী এবং হিন্দুস্থান মুলুকের দস্তর মতে কুম্পানি বাহাদুরের হুজুরে জাহের য়াছে জখন লোক আপন ম্‌য়াস মলুকে তরক্কিতে কাইম থাকে তাহাতে আপন ২ পরিবার ও লওাজিমার সম্বলতের লোক জন জে আশ্রীত থাকে সেহি ব্যক্তি তাহারদিগের প্রতিপালন করে আমি আপন হিস্যা আদি সরকার নিজ বেহার মুলুক ও বোদা গয়রহ তিন চাকলা নিজ জমীদারিতে কাইম ছিলাম সেই ইস্তক পুরুসানুক্রমের জে সকল লোক আমার সলতনতের সামিল আছে তাহারদিগেক প্রতিপালন না করিলে তাহারা সকল আমাকে ছাড়িয়া কোথা জাবেক অতএব আরজ জে সকল জমি দখল পাইলাম তাহাতে রাজার হিস্যার ও দেওান দেওর হিস্যার এবং রাজগুষ্টিরদিগের জে বাজে জমি আমার গ্রেদ বলরামপুর দোকোশীর সামীল আসীয়াছে তাহার এয়োজ আমার হিস্যা নও আনা দস বটের মলুকের মদ্ধে দেলাইতে হুকুম হয় এ সকল জমি কমিসনর সাহেব সাক্ষাত দেখিলেন তিনিহ আপনকার হুজুরে লিখিবেন তাহাতে গোচর হবেন আমার পরিজনের অন্দরের খরচের অন্দরান সাইট হাজার টাকার জায়েগা ছিল তাহা সন ১১৮০ সন কুমপানি বাহাদুর মজুরা দিয়া দিয়া এবং রাজা দেওান দেও ইহারদিগের অন্দরান দেবত্তর মজুরা দিয়া সর্ম্বেক বেহারের তিন হিস্যা হিস্যাওারি নালবন্দি করিয়াছেন আমার অন্দরান রাজা মজকুর আমার হিস্যা মলুকের সামিল দখল করিয়া লইয়াছে গবণর বাহাদুর মালিক জ্ঞাতো কারন লিখিলাম এবং আমার সাবেক দেবর্ত্তর বারো হাজার টাকার জায়গা কুম্পানি বাহাদুরের মজরাই তাহাও রাজা মজকুর লইয়াছে সেরফ গ্রেদ রামপুর আওাসের হাবিলির ৮ সেবার ও চণ্ডী ঠাকুরাণীর ধামের দেবর্ত্তর গ্রেদ রামপুর গয়রহ দখল পাইলাম অপর আরজ ডগলিদ সাহেবের মারফত সাবেক গবণর লাট করণওালিস সাহেবের হুকুম মতে জে পরওানা পাইয়াছি তাহার নকল হুজুরে পাটায়াছি তাহাতে রোসন হইয়া আমার বেহারের হিস্যা ॥/২॥ নওয়ানা দস বটের মুলুক মায় অন্দরান দেবর্ত্তর আমাকে দখল দেলাইতে হুকুম হবেক জেতক আমার হিস্যা নওয়ানা দস বটের মলুক ও অন্দরান আদি আমার দখলে না হয় সেতক আমার হিস্যা আদিতে কুম্পানি বাহাদুরের আদালত জারি হয়ে আমার হিস্যা মুলুক কুম্পানিতে তহসিল হইয়া মিনাহা হিস্যা কুম্পানি বাহাদুর বাকী মনাফা আমী পাই এবং আমার সিরস্তা ও নামের মহর আমার মুলুকে জারি হয় গবনর মুলুকের মালিক আমি কম্পানি বাহাদুরের সরনাগতো ইহাতে আমার মলুক আদি রাজার দস্তে থাকাতে আমার হকেক নিহাইত বেজায় সরণাগতো জানিয়া আমাকে আপন হকেক সিগ্র পৌহছাইতে হুকুম হবেক অপর সন

CENTRAL LIBRARY

১১৯৮ সন বাঙ্গা[লা] ৩১ মাহে আসাড় আমার বেহারের হিস্যা আদির হজুরের হুকুম মতে শ্রীযুত মেস্তর কমিসনর ডগলিস সাহেবের মারফতে জে পরওানা পাঠাযাছিলাম তাহার আসল বমজিম নকল হজুরে পঠাইতে হাল কমিসনর সাহেবের নামে হুকুম আসীয়াছে সে মতে সাহেব আমার স্থানে পুনরায় পরওানা তলব করিলেন আসল বমজিম নকল হজুরের পাঠাইতেছি ৺গবনর বাহাদুর ধর্ম্ম অবতার আমাকে সরণাগতো জানিয়া মাফীক পরওানা আপন মুযাস মলুকে কাইম করিতে হাল কমিসনর সাহেবের নামে হুকুম দিতে অবধান হবেক অপর আমার নাএব দেওান শ্রীবৈদ্যনাথ সড়ঙ্গীর দেবর্ত্তর-জমী আমার হিস্যার মলুকের রাজা জবরদস্তী ইম সন ভাদ্র মাসে দখল করিয়াছে এ কারণ পুর্ব্বেই ৺ গবনর বাহাদুরের হজুরে লিখিয়াছীলাম অথন লিখিতেছি কমিসনার সাহেবের নামে হুকুম আইসে জে রাজা মজকুর আমার নাএব দেওানের দেবর্ত্তর আদির এলাকাতে না জায় এবং আমার চাকরাণ আমলার পর হুকুম জারি না করে আমার মতালকে গবনর বাহাদুরের একক্তায় ? এবং ছয়জন সিফাই আমর নিথাবানির হুকুম হয় তাহার দরমাহা আমী দিব এমত মেহেরবানগী আমার প্রতি করিতে অবধান হবেক ইহা গোচরিল ইতি সন ২৯৭ সকা মতাবকে সন ১২১৩ সাল বাঙ্গলা তারিখ ২৮ মাঘ

স্বস্তি: সকলমঙ্গলৈকনিলয় মহামহিম প্রবলপ্রতাপ শ্রীযুত নবাব গবনর জানরেল বাহাদুর প্রবলপ্রতাপেষু ।—

(৯৭)

শ্রীশ্রীরাম—
শরণং—

মহামহিম শ্রীযুত মেঃ—সাহেব
বরাবরেষু

* নিসানি সই
সাং ধনিপুর
শ্রীরামতনু দাস

লিখিতং শ্রীতিরাম ঘোষ এই
কবুলতীর শ্রীরামতনু দাসের আমী
জামিন রহিলাম এহি কাজে কোন
খড়চা করেন আমী নিজে হইতে কাজ
আদায় করিয়া দিবো এই করারে
জামিন পত্র লিখিয়া দিলাম ইতি ১৪
আগোষ্ট শ্রীতিরাম ঘোষ সাং ধনিপুর

লিখিতং শ্রীরামতনু দাযকস্য—

কবুলতী পত্রমিদং কার্য্যঞ্চ আগে আমী মোঃ চুচুড়ার কুটীর দক্ষিণদিগের ও পশ্চিমদিগের পাটকিলি পাচীলের দেওাল গাথিবার কারণ ফুরান চুক্তী লইলাম ইহার চুক্তী লম্বা ১০০ ফুট উচ ১ ফুট চৌড়া ভিত ১ ফুট ইহার দাম ফি ঐ রকম মিলে ১।৵০ হিসাবে পাইবো ইহার ইট মসলা সরকাঁর হইতে পাইবো সাহেবের পছন্দ মাফিক জেমন সাবেক আছে সেই মাফিক কাজ করিবো দেওাল আজ লাগাদী ২॥০ মাহার মর্দ্ধে তৈয়ার করিয়া দিবো টাকা আঞ্জাম মাফিক পাইব তাহার রসিদ (হন্দা ?) দিব বাজে কোন খড়চা করিবো না জদী কোন খড়চা করি তবে ইহার মজুরি বাজেআপ্ত করিবেন এই করারে কবুলতী পত্র লিখিয়া দিলাম ইতি সক ১৮০৭ সাল তাং ১৪ আগোষ্ট

ইসাদী—

শ্রীসদারাম রায়	শ্রীমদন দাষ	শ্রীরামতনু দাষ
সাং চুচুরা	সাং চুচুরা	সাং ধনিপুর
* নিসানি সই	* নিসানি সই	* নিসানি সই

লিখিতং শ্রীরামতনু দাযকস্য—

রসিদ পত্রমিদং কার্য্যঞ্চ আগে আমী মোঃ চুচুড়ার কুটীর দেওাল গাথিবার কারণে এই কবুলতির মর্দ্ধে সিকী ? ১৩০৲ একশত ত্রিষ টাকা শ্রীযুত দেওান রঘুনাথ বাবুর তহবিল হইতে দাদন লইলাম লইয়া রশিদ লিখিয়া দিলাম ইতি সন ১৮০৭ সাল তাং ১৪ আগোষ্ট

৮৭ শ্রীশ্রীরাম—

সরণং—

শ্রীমদন দাষ
সাং চুচুড়া
নিসানি সই

মহামহিম শ্রীযুত মেঃ সাহেব

বরাবরেষু—

লিখিতং শ্রীমদন দাষ মেস্ত্রীকস্য

কবুলতী পত্রমিদং কার্য্যঞ্চঃ আগে আমী মোঃ চুচুড়ার কুটীর উত্তরদিগের পাটকিলি পাচিলের দেওাল গাথিবার কারন ফুরান চুক্তী লইলাম ইহার চুক্তী লম্বা ১০০ ফুট. উচ ১ ফুট চৌড়া ভিত ১ ফুট ইহার দাম ফি ঐরকম মিলে ১।৶০ এক টাকা সাত আনার হিসাবে পাইবো ইহার ইট মসলা সরকার হইতে পাইবো সাহেবের পছন্দ মাফিক জেমন সাবেক আছে সেই মাফিক কাজ করিবো দেওাল আজ লাগাদী ২ দুই মাহার মদ্ধে তৈয়ার করিয়া দিবো টাকা আঞ্জাম মাফিক পাইবো তাহার রসিদ (হন্দা ?) দিবো বাজে কোন খড়চা করিবোনা জদী কোন খড়চা করি তবে ইহার মজুরি বাজেআপ্ত করিবেন এই করারে কবুলতী পত্র লিখিয়া দিলাম ইতি সন ১৮০৭ সাল তাং ২৮ আগোষ্ট—

ইসাদী		শ্রীমদন দাষ
শ্রীছিদাম ঘোষ	শ্রীরামতনু দাষ	সাং চুচুড়া
সাং ধনিপুর	সাং ধনিপুর	নিসানি সই
নিশানি	নিসানি	

লিখিতং শ্রীমদন দাষ মেস্ত্রীকস্য

রসিদ পত্রমিদং কার্য্যনাঞ্চঃ আগে আমী মোঃ চুচুড়ার কুটীর দেওাল গাথিবার কারন এই কবুলতীর মর্দ্ধে সিক্কী (?। ৬০৲ সাটী টাকা শ্রীযুত রঘুনাথ বাবুর তহবিল হইতে দাদন পাইলাম পাইয়া রসিদ লিখিয়া দিলাম ইতি সন ১৮০৭ সাল তাং ২৮ আগোষ্ট—

No.

GOVERNMENT CUSTOM HOUSE

AT

Collector of the Govt. Customs

২৮ নং পত্রের আলোকচিত্র

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

CENTRAL LIBRARY

(৯৮)

নং ৯৭৬ Government Custom House.

At the 28th of Jany. 1808.

Collector of the Govt. Customs

এই রওয়ানা গোরা সিংহকে দেওয়া যাইতেছে

বাবত চিন্যাছাতা ও গয়রহ—

আমদ কলিকাতা— রপ্ত মো: লাহোর

বতারিখ ২৮ জানুয়ারী মাস সন ১৮০৮ সাল ইং মোতাবক সন ১২১৪ সাল ১৬ মাঘ মাসুল ফি শত মাফী ফিস মোকাম কলিকাতার পক্ষোত্তরার তহবিলদারের রোজনামায় দাখিল হইলো এই রওয়ানার তারিখ মজকুর অবধি কেবল এক বৎসর কার্য্যে আসিবেক এই মুদ্দতের মধ্যে মসুল পক্ষোত্তরা আবওয়াব রাহাদারী ও গয়রহ আদায়ের জন্যে কেহ মালে মজাহিম না হইয়া ছাড়িয়া দিবে ইতি—

চিন্যাছাতা	৩টা—	৬৲
চন্দনি পাখা	২টা—	১৷৹
দফে	১টা—	১৷৹
দুরবিন	১টা—	২৷৹
চীন দোয়াত	১টা—	৷৹
চীন কলমদান	১টা—	৷৹
		১২৷৹
ফি ?/?		৷৹

---

(৯৯)

৭ শ্রীশ্রীসিবজী

সরণং—

স্বস্তী: সকলমঙ্গলৈকনিলয়

শ্রীযুত মেস্তর জান মনকটন সাহেবজিউ

সত্বদারচরিতেষু। আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিসেষ: আমার সরকারের চাকর সিফাহিয়ান লোক জে আছে তাহারদিগের পাথরকলা বন্দুক আদি এক রকম কমিসনর সাহেব আনাইয়া দিয়াছীলেন তাহা পুরানা হইয়া সিকস্ত হইয়াছে সেমতে

পাথরকলা বন্দুক ও গয়রহের দরকার আছে তাহার ফর্দ্দ শ্রীলক্ষীনারায়ণ চৌধুরির মারফত পঠান জাইতেছে আপনে আমার কদিম মেহেরবান মেহেরবানি পুর্ব্বক শ্রীযুত নওাব গবনর জনরেল বাহাদুরকে এত্তলা দিয়া এক কেতা রাহাদারি করিয়া দিবেন জে ফরাগত খাতিরে এথাত পহুঁছে সতত নিজ মঙ্গলাক্ষনে সন্তোস করিবেন ইতি— সন ২৯৯ শকা ২৫ আশ্বিন

শ্রীশ্রীরাম
সরণং

ইয়াদাস্ত জায় জিনিষ খরিদ
মোকাম কলিকাতা সরকার বেহার
সন ১২১৫ সাল বাঙ্গলা তারিখ ২৫ আশ্বিন

শ্রীলক্ষীনারায়ণ
শর্ম্ম চৌধুরী
মোক্তার সরকার কোচবেহার

আসামী	জিনিশ
পাথরকলা বন্দুক	
ময়দোওয়ান—	১০৫ একসও পাচ
সঙ্গিন ময় মিয়ান	
ও দোওয়ান—	১০০ একসও
তোসদান ময় দোওয়ান—	১০০ একসও
মারতোল—	১০০ একসও
মাঝরি—	১০০ একসও
সুজন—	১০০ একসও
কুটি—	১০০ একসও
চিনের সিকারি বারুদ—	॥০ আদ মোন
পাথরকলা বন্দুকের	
ইংরেজী বারুদ—	২০৴ বিসমোন
পাথরকলা বন্দুকের	
পাথুরি—	১০০০ এক হাজার
পীতলিয়া তম্বুর	১ একটা
বাস্থরি—	১ একটা
তুরুক সওয়ার	
চারি জনের লওয়াজিমা পোষাক—	১ দফা
	১৩ তের দফা

জের—		১৩ দফা
	দরাজ	
সুবাদারি	১ জমাদারি	৩
হাওয়ালদারি		আমলদারি
	৮	৯
সিফাহিয়ান		থালাসি
	১৫০	২
বাকওয়ালা		তম্বুরওয়ালা
	২	১
একুনে—		১৭৬ একসও
		ছেয়াত্তরি দফা

১৪ চৌদ্দ দফা

স্বস্তিঃ সকলমঙ্গলৈকনিলয় শ্রীযুত জান মনকটন সাহেবজিউ সহৃদারচরিতেষু—

(১০০)

৶শ্রীদুর্গা

৶৭ গুণগণরঞ্জনমণ্ডনভূষিতকৃতিগণভাবিতভাবুকরাসিবিরাজিতযশআমলিনীকৃত সারদপার্ব্বণ-শশধরকরবরনিকর শ্রীল শ্রীযুক্ত কলীকাত্তাধীশ্বর গবণর বাহাত্বর মহামহোগ্রপ্রতাপেষু। পরমপ্রীতিপূর্ব্বকবেদনমিদং পরাঞ্চৈতে সমাচারাঃ পূর্ব্বে আপনাতে জ্ঞাপন আছে তীর্থাদি প্রদর্শন কালীন আপনার সহিত মুলাগং করিবার এই বিসয় যাত্রা করিয়া মোকাম ত্নদপাতলিতে রহিয়াছি অথ বর্ষাপ্রযুক্ত কতেক মাস থাকা হৈল অতএব আছে ৮ আষ্ট গোট হস্তি শ্রীহৃদয়রাম দেব এবং শ্রীমাণিক্যরাম দেবর সমভ্যারে রয়ানা করিতেছি

ইচ্ছা থাকে তবে আমিহ পশ্চাৎ পহছিম জ্ঞাপন করিলাম কিমধিকং বিজ্ঞবরেষ্বিতি গগণানলমৈক্র (?) মিত শকাব্দীয় ফাল্গুণস্যাষ্টবিংশতিদিনজাতেয়ং লিবিঃ ॥—

৺৭ বিবাদার্ণবনিমগ্নস্থখসম্ভারক শ্রীল শ্রীযুত কলিকাতাধীশ্বর গবণর বাহাদুর মহা কারুনিক কীর্ত্তিগ্রামবিরাজিতেষু ॥

---

(১০১)

৺শ্রীশ্রীদুর্গা—

চরণ সহায়—

স্বস্তি গুণীগণনীয়প্রচণ্ডপ্রতাপতপনতাপিতাশেষবিপক্ষকীর্ত্তিরাশীনশাকর শ্রীযুত লাড গিলবরট মিন্ট গবনর জানরেল বৃহত নবাব বাহাদুরাক্ষেষু কামাভিরঞ্জনপত্রমিদং বিরাজতেতমাং অত্রাস্মাকং কায়িকভবামব্যাহতং ভবন্মঙ্গলং সমিহামহে দরখাস্ত মুসম্মাত রাণী কমলেশ্বরী জওজে গৌরীনাথ সিংহ সর্গদেব মৃতফা মুলুকে আসাম আরজ এই আমার মুলুকেতে সম্প্রতিক জে অনর্ব্বচনীয় আহোওাল তাহা লিখিয়া জানাইতেছি সন ১১৯৮ সাল বাঙ্গলা আমার স্বামী রাজা থাকীতে আমার মুলুকের প্রজালোক ছুন্দিযামী করিয়া রাজাকে তক্তছাড়া করিয়াছিল ইহাতে রাজা পলাইয়া আইশেন সেই সময় রাজার ভাই ভাতিজা বংস লোক জে ছিল তাহারা কে কোথায় পলাইয়া জায় কাহারো খবর কেহ ওাকীব নহে আমার স্বামী মোকাম গুআহাটী পৌছিয়া মেঃ দানিএল রোস সাহেবের দ্বারায় মোকাম কলিকাতার মেঃ আলেকজন্দ্র কালবিন সাহেবের মারফতে গবনর কৌচলে নবাব গবনর জানরেল বাহাদুর লাড করণওালিসকে আপন মোহর দস্তখতে চিটী লিখিয়াছিলেন জে আমি সংপ্রতিক এই আপদগ্রস্ত হইয়াছি আপনে বাঙ্গলা মুলুকের মালিক আমাকে অনুগ্রহ করিয়া কথকগুলিন সিপাই মদদ দিয়া আমার শত্রু পরাজয় করিয়া মুলুক আমল দেওাইয়া দেন তাহাতে কোম্পানী সরকারের জে খরচ পত্র হইবেক তাহা আমী দিব সেই পত্র পাইয়া গবনর জানরেল বাহাদুর আমার স্বামীকে অনুগ্রহ করিয়া করিয়া কাপ্তান ওএলস সাহেবকে ১১ কোম্পানী সিপাই

সমেত আমার মুলুকে তয়নাত করিয়া রাজ্য আমল দেওাইয়া দেন পুনরায় আমার মুলুকে সর্ব্বদা উতপাত উপস্থিত হয় তাহার খবরদারী কারণ আমার স্বামী রাজাকে মেহেরবান্গী করিয়া সরকার কোম্পানী হইতে বন্দুক সরঞ্জাম ও গয়রহ কএক দফা দেওান সেই সকল বন্দুক সরঞ্জাম আমার মুলুকের উজির একজন বনামে বুঢ়া গোহাঞী আপন এক্তারে রাখিয়া আপন ভাইকে ফৌজের সরদার করিয়া খোদ জবরদস্ত হইয়া কারসাজিতে আমার স্বামী রাজাকে নষ্ট করিয়া মুলুক আপন দখলে আনীয়া আপন মতলবে আমার শ্বশুরের খুড়ার এক দাশী পুত্র ছিল তাহার প্রপৌত্র কিনারাম নামে একজন তাহাকে বুঢ়া গোহাঞী আনাইয়া রাজার সন্তান বুলিয়া রাজা কমলেশ্বর সিংহ নাম দিয়া মুলুক আপুনি ভোগ করিতেছে রাজা কেবল নাম মাত্র রাজা হওা আমার দেশের সাস্ত্রমত পুর্ব্বাপর বেবস্থা অভিসেক আদী কিছুই হয় নাই টাকসাল আমার স্বামীর নামেতেই অদ্যাবধি চলিতেছে আমার বংসের সন্তান প্রকৃত ওারীশ জে সকল লোক তাহারা মুলুক দখল পাইলে আমার স্বামী সর্গদেব মহারাজকে নষ্ট করার জন্যে বুঢ়া গোহাঞীকে অবশ্য ধরিবেক এই ভয় প্রজুক্ত হকদার সকলকে বেদখল করিয়া কিনারামকে রাজা নাম দিয়াছে আমার দেশে অন্যায় অধর্ম্ম কখনো ছিল না এই বুঢ়া গোহাঞী উজির হইয়া অবধী দেশের অকাত এবং সকলী অন্যায় অধর্ম্ম বেবহার করিতেছে ১ দফা রাজার হকদার সর্গদেবের আপন বংস জাহারা আছে তাহারদিগেক বেদখল করে ২ দফা আমার স্বামীর সর্ব্বপ্রকারে সহায় ৺ কোম্পানী বাহাদুর জাহা হইতে বেদখল মুলুক দখল পাইয়াছিলাম তাহার সরকারের ফৌজের খরচপত্র বাবদ দেনা টাকা আদায় করে নাহি এবং কাপ্তান ওএলশ সাহেব আমার মুলুকের খবরদারী বহুত করেন তাহার মিথ্যা বদনাম এই সরকারে ঐ মন্ত্রি জাহের করে ৺ কোম্পানীর দেনা আদায় কারণ টাকা মুলুক হইতে তহশীল করিয়া লইআছে এবং সর্গদেবের জাবদীয় দৌলত আশবাব আপনি তছরূপ করে ৩ দফা মেঃ রোশ সাহেব আমার মুলুকের মঙ্গলাকুধ্যাই এবং রাজার দোস্ত ছিলেন তাহার তেজারত সম্পর্ক্য কারবারের পাওনা আমার মুলুকে আছে আর রাজা গুআহাটী আশাতে রাজার হুকুমমত গুআহাটী সাহেব জান তাহাতে দরঙ্গী রাজার দ্বারায় লুটা জান পরে এক দফা দরঙ্গী রাজার সহিত আমার রাজত্বের অনঐক্যতা হইয়াছিল তাহার সলুক কারণ সাহেবকে ভার দেয়া জায় সাহেব সলুক করিতে দরঙ্গ জান তাহাতে মারা পরেন এমত জে আমার রাজ্যের উপকারী বোক্তি তাহার পাওনা বিলাইতের তদারক কারন হুজুর হইতে তিন চারি দফা পরোওানা সমেত শ্রীকমললোচন নন্দী জান তাহার তদারক না করিয়া হুজুরের হুকুম তাচ্ছল্য করিয়া সাহেবের দেনা দেওায় নাহি মপর্খলে দরঙ্গের রাজা প্রজাকে ধমকাইয়া রোশ সাহেবের লুঠতরাজ বুলিয়া মবলগ টাকা তহশীল করিয়া লয় এমত শুনিয়াছি ৪ দফা কমলেশ্বর সিংহকে রাজা নাম দিয়া আমার স্বামীর আমলের জত কারবারী লোক ছিল কম বেশ পাঁচ হাজার লোক ঐ মন্ত্রি এক মাস মধ্যে গরদান মারে ৫ দফা আমার স্বামীর প্রধান চাকর মোকাম কোননগরের রামনারায়ণ সোম দেওান ছিল তাহার মবলগহায় টাকা

সরকারে এবং মুলুকে পাওনা ছিল তাহা না দেওাইয়া দলিল দস্তাবিজাত কাগজ পত্র জবরদস্তিতে ঐ মন্ত্রি ছিনাইয়া লয় এই প্রকারে আর ২ চাকর লোক ও মহাজন লোক অনেকেরি অন্যায় করিয়া মুলুক হইতে নিকালিয়া দিয়াছে এবং প্রজা লোকের পর দৌরাত্য অবিচারের সিমাহ নাই তাহারা প্রাণের ভয়প্রজুক্ত কোন কথা কোনখানে জাহের করিতে পারে না এই সকল অধর্ম্মে প্রায় রার্জ্য উজার হইয়াছে যে অবশীষ্ট আছে তাহারদিগের আকাঙ্ক্ষা আমার বংশের সন্তান রাজা হইলে স্থির থাকে দেশ সুর্দ্ধা সকলেরি এই প্রার্থনা সেওায় ঐ মন্ত্রি আমী বাঙ্গলা মুলুকে আশীয়াছি আমার সন্তান নাই আমার বংসের জে কেহ আছে তাহারা স্থানান্তরে থাকাতে প্রকাশ ছিল না কারণ ৺কোম্পানী সরকারে আপন খোরপোষ নিমিত্তে দরখাস্ত করিয়াছিলাম তাহাতে সরকার হইতে জেলা রঙ্গপুরের কালেক্টরের উপর খোরপোসের বরাদ্দ করিয়া দিয়াছেন তদবধী চিলমারী মোকামে আছি পরে আমার শ্বশুরের জ্যেষ্ঠ ভাই রাজেশ্বর সিংহ পুর্ব্ব সর্গদেব ছিলেন তাহার প্রধান প্রপৌত্র শ্রীব্রজনাথ সিংহ কোঙর ঐ মন্ত্রির ভয়প্রজুক্ত আপন স্ত্রীপুত্র সমেত মনিপুর ও কাচার দেশ হইয়া জঙ্গলা পথে আসীয়া আমার নিকট পৌছিয়াছে ইহারাই আমার মুলুকের প্রকৃত হকদার আমারদিগের সহায় সম্পত্য কোম্পানী বাহাদুর হকদারের হক দেওাইতে এবং সরণাগতপ্রতি সাহুকুলতা হওা সর্ব্ব প্রকারে ক্ষেমতা সেওায় কোম্পানী বাহাদুর আর কাহারো সামর্থ নহে এ কথা সর্ব্বত্রে প্রকাশ আছে একারণ উমেদওার মনজোগ পুর্ব্বক আমার মুলুকের বদীয়ত দমন করিতে এই হকদার ব্রজনাথ সিংহ কোঙর প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া কিঞ্চিত মদদ দিতে হুকুম হয় ইহাতে জে খরচপত্র হয় এবং পুর্ব্বের জে দেনা কোম্পানী সরকারের তাহা বেবাক কোঙর মজকুর আদায় করিবেক এবং চিরকাল কোম্পানী বাহাদুরের আজ্ঞাবাহক থাকীবেক এবং কোম্পানী বাহাদুরের নেকনামিতে চিরকাল পরবরিশ পাইবেক ইহা আরজ ইতি সন ১২১৬ সাল বাঙ্গালা তারিখ—১১আশাড়—

স্বস্তি গুনিগণগননীয়প্রচণ্ডপ্রতাপতপনতাপিতাশেষবিপক্ষকীর্ত্তিরাশিনিশাকর শ্রীযুত লাড গিলবরট মিণ্টু গবনর জানরেল বৃহত নবাব বাহাদুরাক্ষেষু—

(১০২)

৭ শ্রীশ্রীকৃষ্ণ

স্বস্তিঃ সকলমঙ্গলৈকনিলয়প্রবলপ্রতাপ—

শ্রীশ্রীমহারাজা হরেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর মহাবলপরাক্রমেষু আপনকার মঙ্গল বাশনাতেই অত্রানন্দ বিশেষঃ শ্রীযুত বিরেন্দ্রনারায়ণ কুঁঙরের পত্রে জানা গেল জে আপনকার তরফ লোকে কুঁঙর মজকুরের শ্রীভগীথাড়াধরাকে জমিনের দাওা করিয়া পাকড়া করিয়া মাইরপিট করিয়া কয়েদ করিয়াছে শেমতে আপনকাকে লিখা জায় জদি নিজ বেহারের মোতালকের জমিনের দাওাতে পাকড়া করিয়া থাকে তবে আদালতের মোতালক হইতে পারে আদালতের দস্তরমত তাহার জামিন লইয়া থাড়াধরা মজকুরকে ছাড়িয়া দিবেন জদিস্তাত বলরামপুরের এককুসির গ্রন্দের মধ্যের জমিন হয় তবে শে জমিনের আপনকার আদালতের সহিত কিছু এলাকা নাহি তবে উচিত যে পত্র পহছা মাত্র থাড়াধরা মজকুরকে ছাড়িয়া দিবেন আর রাইয়ত ও প্রজাকে থানথা পাকড়া করিয়া মাইরপিট করা আদালতে দস্তর নহে জদিস্তাত কোন প্রজার পর কোন জমিজিরাতের মোকর্দ্দমা ঠাওরে তবে আদালতের চিঠি দেখাইলে শে বেক্তী হাজির হইতে পারে নাহক কাহাকো মাইরপিট করা কোনমতে উচিত নহে গতাআতে নিজ মঙ্গলাদি লিখিয়া সন্তুষ্ট করিবেন ইতি সন ১৮০৯ ইঙ্গরেজি তারিখ ২৭ জুলাই মতাবর্ক সন ১২১৬ সাল বাঙ্গলা তাং—১৫ আশাড়—

৭

শ্রীশ্রীসিবঃ

সরণং—

স্বস্তিঃ সকলমঙ্গলৈকনিলয় শ্রীযুত মেস্তর জিমিশ মারগীন সাহেবজিউ সত্‌দারচরিত্রেষু।

আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিশেষঃ সন হালের ১৫ আশাড়ের আপনকার পত্র পাইয়া সমাচার জ্ঞাত হইলাম—শ্রীবিরেন্দ্র কুঁঙর আপনকাকে লিখিয়াছে জে তাহার শ্রীভগীথাড়াধরাকে আমার সরকারের লোকে জমিনের দাওা করিয়া পাকড়া করিয়া কয়েদ করিয়াছে সেমতে লিখিয়াছেন জে নিজ বেহারের জমিনের দাওাতে যদি পাকড়া করিয়া থাকে তবে আদালতের মোতালক হইতে পারে তবে আদালতের দস্তর মত জামিনি লইয়া থাড়াধরা মজকুরকে ছাড়িয়া দিবেন আর জদিস্তাত বলরামপুরের একক্রোশীর গ্রেন্দের মধ্যের জমিন হয় তবে আপনকার আদালত সহিত এলাকা নাহি ইহার কি আশয় গ্রন্দ বলরামপুর নিজ বেহারের বাহিরা মহাল নহে নিজ বেহারের নালবন্দীর মহাল বলরামপুরের একক্রোশীর উপস্বয়ে মাজুল নাজির কুঁঙর মোর্তফার খোরোপোষ নিমিত্তো

নিযুক্ত হইয়াছে এমত প্রকার আমার সরকারের অন্য ২ চাকর ও কুঙর লোকের আছে ইহাতে মাজুল নাজির মোতফার একক্রোশীর আদালত কি প্রকারে নিজ বেহারের বহিঃভূর্ত হইতে পারে সাকিন ভলকার শ্রীরামসঙ্কর সর্ম্মার ব্রহ্মোত্তর জমিনের খাজানা ২৪ চর্ব্বিষ টাকা শ্রীভগীথাড়াধরা ও শ্রীরাজমোহন দাশ ও শ্রীঅযুধ্যারাম নিয়াছীল সেমতে সর্ম্মা মজকুর মবলগ মজকুরের দাবি করিয়া আদালতে নালিষ করিয়াছিল আদালতের দস্তরমত চিটী সরকারে খাষ পদাতির হাওলাতে জারি হইয়াছিল সর্ম্মা মজকুর চিটির আশামীআনের মধ্যে ভগীথাড়াধরাকে খাশ পদাতিকে দেখাইয়া দেওাতে খাশ পদাতি মাফিক জাবেতা চিটী জারি করাতে ভগী মজকুর খাষ পদাতির পাষ হাজির হইয়া হযুরে পহুছিয়া জামিনি দাখিল করিতে পারে নাহি এ কারণী দিবস তিন চারিক খাষ পদাতির হাওলাতে ছিল আপনকার পত্র পহুছার পুর্ব্বে খাষ পদাতির পাশ ভগী মজকুর হাত জামিন দিয়া আপন বাড়িতে গীয়াছে পরে ভগী মজকুর ২৩ আশাড় আদালতে হাজির হইয়াছিল তাহাতে জেমত সওাল হইয়াছিল তাহাতে জেমত জওাব দিয়াছে তাহার নকল পঠাই দিষ্টী করিবেন কুঙর মজকুর জে লিখিয়াছে তাহা প্রকৃত অপ্রকৃত জ্ঞাত হইবেন বাকি দুই আশামি গরহাজির হইয়াছে আদালত নেক ইনসাফের কারণ তাহাতে বদিয়তের বিসয় কি আছে আর জখন আমার নাবালগী ওক্তে কমিশনর সাহেব লোক ছিলেন তখনহ মাজুল কুঙর মোতোফার লওাহেকান লোকের নামে জখন জে নালিষ করিতো তখন নিজ বেহারের আদালতে আমার মোহরে চিঠী জারি হইয়া কমিসনর সাহেব লোক তজবিজ করিতেছিলেন কমিসনর উঠিয়া যাওয়াতে আদালত ফৌজদারি আমার এথাত আইসার সাপক্ষ পর্য্যন্ত মোকাম রঙ্গপুরে সাহেবান লোক নিজ বেহারের আদালত করিয়াছেন তাহাতেও কুঙর মোতফার লওাহেকান লোকের নামে জখন জে নালিষ করিয়াছে তাহাতেও আমার মোহরে চিটী জারি করিয়া নিজ বেহারের আমার আদালতের সামিল তজবিজ করিয়াছেন পরে জখন আদালত ও ফৌজদারি আমার এথাত আশীয়াছে জদি শ্রীযুত নওাব গবনর জনরেল বাহাদুরের এমত হুকুম থাকিতো জে গ্রদ্ধ বলরামপুরের আদালত ও ফৌজদারি নিজ বেহারের সামিল নহে তবে আদা[লা]ত ফৌজদারির বিশএ শ্রীযুত মনগামরি সাহেব আমাকে জে পত্র লিখিয়াছেন তাহাতে মন্দরজ থাকিতো এবং সাহেব মৌশুফ সন ১২১৩ সনে কুঙর মোতফার খোরোপোশের বাবত একক্রোশী জমিনের বিসয় আমাকে জে পত্র লিখিয়াছিলেন তাহাতেও আদালত ও ফৌজদারি গ্রদ্ধ বলরামপুরের একক্রোশীর মধ্যে না থাকার কিছু দরজ নাহি এদানিক জদি বলরামপুরের একক্রোশীর মধ্যে নিজ বেহারের আদালতের সামিল না থাকার কোন হুকুম আপনকার নামে আশীয়া থাকে তবে মেহেরবানগী পূর্ব্বক ঐ হুকুমের নকল আমার এথাতে পঠাইবেন তাহা জ্ঞাতো হইয়া তাহার প্রতুলের বিসয় আপনকার পরামৃস মতে চেষ্টা পাইতে পারি আর সন ১৮০৭ ইঙ্গরেজির ১৫ মাহে আপরেল শ্রীযুত মেস্তর চারজ ডজবল সকট্টর সাহেব মনগামরি সাহেবের নামে হুকুম লিখিয়াছেন জে গ্রদ্ধ বলরামপুর একক্রোশী জমিন কুঙর মোতফা খোরোপোষ নিমিত্তো

পাইবেক তাহাতে মনগামরি সাহেব মৌতুফ গ্রন্দ বলরামপুরের একক্রোশীর মধ্যে আমার আদালত ফৌজদারি না হবেক এমত জেকের কিছু নাহি জ্ঞাত কারন লিখিলাম আর সতত নিজ মঙ্গলাক্ষণে সন্তোষ করিবেন ইতি সন ৩০০ সকা তারিখ—১০ শ্রাবণ—

শ্রীশ্রীদুর্গা—

স্বস্তি: সকলমঙ্গলৈকনিলয়প্রবলপ্রতাপ

শ্রীশ্রীমহারাজা হরেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর মহাবলপরাক্রমেষু আপনকার মঙ্গল বাশনাতে অত্রানন্দ বিসেষ: ১০ শ্রাবণের আপনকার পত্র ১৩ তারিখ পাইয়া সমাচার জ্ঞাত হইলাম এ সকল মনাকসার বিশয় হযুরে রেপট করা গীয়াছে হযুরের জেমত হুকুম পহুছে তাহার মত পশ্চাত লিখা জাবেক গতায়াতে নিজ মঙ্গলাদি লিখিয়া সন্তুষ্ট করিবেন ইতি সন ১৮০৯ ইঙ্গরেজি তারিখ ২৭ জুলাই মতাবক সন ১২১৬ সাল বাঙ্গলা তাং ১৩ শ্রাবণ—

---

(১০৩)

৭ শ্রীশ্রীদুর্গা—

সহায়—

শ্রীযুত ব্রজনাথ সীংহস্য
মুলুকে আসাম

দরখাস্ত শ্রীব্রজনাথ সীংহ কুঙর মলুকে আসাম আরজ এই আমার পৈত্রিক মলুক কারসাজীতে শ্রী বুড়া গোসাঞী উজির দখল করিয়া ভোগ করিতেছে আমরা রাজ সন্তান মলুক হাতছাড়া হওাতে অব্ববস্থে আজীজ হইয়া মলুক দর মলুক ফিরিতেছী আমার দীগের মলুকে স্থাপিত করিবার আকাঙ্খাতে কীছু সীফাই মদদ কারণ আমারদীগের কত্রি শ্রীযুতা রানি কমলেশ্বরি আমারদীগের সবেস্তার আহয়াল লিখিয়া গবনর কওসলে আরজী করিয়াছিলেন তাহাতে সাহেব লোককে সমস্ত রৌসন হইয়াও কওসলে মরজী হইল না ইহাতে নিতান্ত নাচার হইলাম আমরা হাজারহায় লোক অব্ববস্থ বিনে প্রেসান ফার্কা দর ফার্কা বিতিতেছে (?) বিনে আপন মলুক না গেলে প্রান বাচিবার কোন রাহা নাই এজন্যে দেসে জাইবার মনস্থ করিয়া আরজ জানাইতেছী আমরা রাজ সন্তান বিনে লোকজন হামরাও না লইয়া জাইতে পারিনে দেশে থাকাতে সওারি সিকারে গেলেও হাজারহায় লোক সঙ্গে চলে সাহেব লোকের হয়বতে বাঙ্গলা মলুকে হাতিয়ারবন্দ লোক বিন হুকুমে কেহ লইয়া জাইতে পারে না অতএব আরজ আমার সরকারের কদিম চাকর সীফাই লোক জেলে ঢাকা ও নসিরাবাদ ও রঙ্গপুর অঞ্চলে জাহারা আছে তাহারা আপন

খুশীতে আমার সঙ্গে জাইতে রাজী আছে কমবেস পাচ সাত সও হাতিয়ারবন্দ লোক ইহারদীগেক সঙ্গে লইয়া জাইতে পারিলে আমারদীগের হাজারহায় লোকের প্রাণ রক্ষা হয় সাহেব লোক মেহেরবানগী নজরে আমাকে এক রাহাদারি দীতে হুকুম হয় আমার কদিম চাকর জাহারা আপন খুশীতে আমার সঙ্গে যায় হাতিয়ার সরমঞ্জাম সহিত জায় তাহাতে কেহ মজাহিম না হয় ইহা আরজ করিলাম ইতি সন ১২১৬ সাল বাঙ্গলা—তারিখ —১৬ ভাদ্র—

স্বস্তি গুনিগনগনীয়প্রচণ্ডপ্রতাপতপনতাপীতাশেষবিপক্ষকীর্ত্তিরাশিনিসাকর শ্রীযুত নবাব হনরবিল জান লমসডিন সাহেব বাহাদুর কায়েম মোকাম শ্রীযুত নবাব লাড মিণ্ট গবনর জানেরেল ব্রহদ নবাব বাহাদুরাক্ষেষ্ কামাভিরঞ্জন পত্রমিদং বিরাজীতেতমাং অত্রাস্মাকং কায়িকতব্যমব্যাহতং ভবন্মঙ্গলং সমীসামহে—

শ্রীমন্নারাবাগকড়ঙ্কজপং সরসীরুহোপাসিত সুধাপী য়মান শ্রীল শ্রীব্রজনাথ সিং হ দেবালস মধুকরস্ত

---

(১০৪)

শ্রীশ্রীধর্ম্মাজিউ

সরণং—

৭ সস্থিঃ শ্রীযুত কলিখাতার লবাব সাহেব জিউত সুচরিতেসু বিসেস য়াপনার পত্রচির্ন্ন সমেত পত্র পাএয়া জ্ঞাত হইলাও তাহাতে য়ামার তরফ মরাঘাট মজকুরের সিম বিসএ শ্রীযুত রঙ্গপুরের সাহেবকে হুকুম করিয়াছ সেমতে য়ামার হুজুরের একজন উকিল মরাঘাট মজকুরে পঠা গেলো মাফিক য়াপনার তরফ রঙ্গপুরের সাহেবকে এহি চান্দের পছিসা তারিকে মরাঘাট মোকামে পঠাবেন সেমতে মরাঘাট পহছিয়া য়ামার উকিল সহিত পুর্ব্ব সিমত সিম করিবেক যন্ত্র কথাত তোমাত য়ামাত বিবদ কি আছে ইহাতে জ্ঞাত হএয়া

অর্থমত না করিবা আপনার নিজ মঙ্গলাদি শতং লিখিবেন ইতি মোকাম টাসিসজন মাহে বেসাগ চান্দেরঙে সন ৩০০ সাল—১২ তারীক

* কোকঃ পত্র পত্রছির্ণ লাল দেবাঙ্গং এক থান পঠান জাএ লহিবেন ইতি

৭ স্বস্থিঃ শ্রীযুত কলিগাতার নবাব জিউত পত্র পহুছিব

দেবরাজার
মুদ্রা

— —

(১০৫)

৭ শ্রীশ্রীকৃষ্ণ

শরণং—

শ্রীযুত৺বোমডীম ছোট
সাহেবের পায়ত

৭ আজ্ঞাকারি শ্রী চামচীর মৃত্তাদারের শতশত্র কোটী ২ সেভা দণ্ডবত পায়ত আর্দ্দাশ—

পায়ের কর্পোত আমার প্রাণগতিক কালএ আছি আমার স্বার মরাঘাট সীম শরহদ বসথো এ বছরর নানা কাজীঞা লাগাইয়াছে তাহারে তজবিজ করিতে রঙ্গপুরের শ্রীযুত৺ বেরেম্‌ সাহেবক হুকুম করা গেছে সে তজবিজ করিতে সাহেব আশীয়া পহুচান আমার কাহিলা কারণ জাইতে না পারিয়া শ্রীশ্রীদেবরাজার ওগনে ও শ্রীযুত৺পেলা সাহেবের ওখনে আমার ভাজকো ও দরগা মাতবর চারি জনকে সরেজমী তজবিজ করিতে সাহেবের সাক্ষাতে পঠাইয়াছি রঙ্গপুরের সাহেব সহিত তজবিজ হৈল অতএব পুর্ব্ব সীম জরধকা নদীর উত্তর পার আমার দখল দখীন পার বেহারের দখল জরধকা নদীর পুবে ধাপুরিবান্দা নদী শে ধাপুরিবান্দা নদীর উত্তর পার ভেন্ধকাগাও থলাইগাম ও মোরঙ্গা চামচীর তলা আমার দখল দখলে পাব টেঙ্গেনামারি খেতির সামীল বেহারেব দখল এহিমতে পুর্ব্ব হৈতে দখল করিতেছি এবং রায়তের দুই এক কীতা জমীনত কাজীঞা হৈয়াছিল তাহার তজবিজ করিতে বেহারের তরফ নরিন্দ্রদেব কোঙর ও শোভারাম ঘোষ আগা চামচীর

শুতা দেবরাজার নবেজুঞা (?) মপশলের মাতবর কর্ম্মচারি এ সকল সহিত সরেজমী তজবিজ করিয়া শীম হৈয়াছে তেকুকগা খলাইগাম মোরঙ্গা চামরচীর তলা টেঙ্গেনা মারি খেজরি সামীল বেহারের দখল এহিমতে নরিন্দ্রদেব কোঙর ও শেতারাম ঘোষ সহিত লিখীত পরিত রাজীনামা হৈয়াছিল শেহি সীম মতে অখন দখল করিতেছি সে সীমের লেখার নকল সাহেবের লয়া গেল তিন শন হৈতে এ বছরর লালা আমার রায়তক ছুন্দমী করিঅা ধান কাটে লুটতারাজ করে জোর করিয়া খাজানা তহশীল করিয়া লএ গরু বাছুর লুটতারাজ করিয়া লএ শে শকল রায়তক সাহেবে গঙ্গাজল দীয়া জীঙ্গাসা করিঅা তাহার জবানবন্দ সাহেবে লয়া গেল লালা জোর করিয়া আমার ভোট পাইকর হেন খারাপ করিয়াছে তাহার গাওাকে গঙ্গাজল দীয়া তজবিজ করিল তাহার জবানবন্দ লয়া গেল বেহারের দখলের রায়ত কএক ঘর আমার রায়ত মর্দ্ধত আছে তাহার আমরা কোন অন্যাএ করি নাঞী দিন ছুনীঞার মালীক বিস্তারিত পায়ত কী লিখীবো ইহা পায়ত আর্দ্ধায ইতি সন ৩০০ সাল তারিখ ১ আশীন—

গোলা খাএঅা ভোট মরা যায় চাতুওা পই ছাচু পই তামাস্থ পই চাসাডু পই ছুবা পই মরা যায় গোলা খাএ আর বংতি আর বায় (?) শ্রীছবিনা পাইক শ্রীগোলাডুপ পই এবং সাতজন তার পাচ জন মরীছে ছুই জন জীতা আছে—

পত্রচীহ্ন দেবাঙ্গ ১০ দশ [ ] পঠাই পায়ত পহচীবেক ইতি—

---

(১০৬)

শ্রীহরি

মহামহিম শ্রীযুত গবনর জন্দরেল সাহেব
বরাবরেষু—

কাছাড়ের রাজা শ্রীমহারাজা কৃষ্ণচন্দ্র নারায়ণের উকিল শ্রীবিদয়রাম দেব আরোজ নিবেদন সংপ্রতি এক কীতা পরোয়ানা মহারাজার হুজুর হইতে এ গোলামের নামে পৌছিয়াছে এই মজকুর জে এহার পূর্ব্বক এক কীতা নিবেদন পত্র শ্রীযুত গবনর জন্দরেল সাহেবের হুজুর লিখিয়া পাঠাইয়াছিলাম জে সিলটের জজ সাহেবের নামে হুকুম হয় আমার সঙ্গে ১০০ এক সও জোন সিপই হামরাহ শীলটের সরহর্দ্দ হইতে কলিকতা তক থাকে আর্দ্ধবদি তাহার জবাব পাইলাম নাই আমি এথানে শ্রীযুত গবনর জন্দরল সাহেবের অনুগ্রহর আসাতে বসীয়া রহিয়াছি এ কারণ তোমাকে লেখা জাইতেছে জদি নজোর সমায় গতি ও প্রবাসের উক্তে এক্যান শ্রীযুত গবনের জন্দরেল সাহেবের হুজুর হইতে সিপই ও হেতেরবন্দ লোক ৩০ জোন আমার জান মানের নেগাহাবানির কারণ শ্রীযুত

জজসাহেব মৌসুফের নামে হুকুম হয় এমত আরোজ নিবেদন করিয়া সিগ্রহ এতলা করহ আমার বহুত খরচআক্তোর আর ঠাকুরদ্দিগের দরসন ও সাহেবানের সক্ষাত না হউনের বড়ই খেইদ হইতেছে খোদাওন্দ অতেব নিবেদন শ্রীমহারাজা মৌসুফ নিতান্ত কোমপানি বাহাদুরের খএরখাহা এ কারণ জজ সাহেব মৌসুফের নামে এই মোত হুকুমের ওস্মেনওয়ার জে হেতেরবন্দ ও সীপই লোক শ্রীমহারাজার নিগাহাবানির কারন কলিকতা তক সঙ্গে থাকে এহা আরোজ নিবেদন করিলাম ইতি ২৮ অগ্রাহায়ণ ১২১৬ সাল

---

(১০৭)

শ্রীহরি—

অশেসগুণাশ্রীনতত্বাবধারণপুর্ব্বক বাদিপ্রতিবাদিবিরোধভঞ্জনাশেষদুষ্টদমনপুর্ব্বকআশ্রীয়-ভূখণ্ডাবস্থিতপ্রজাসংরক্ষক শ্রীল শ্রীযুত গবণর বাহাধুর বড়সাহেব প্রচণ্ডশৌর্য্যবর্য্যেষু সমাবেদনমদঃ। আপনে অনুগ্রহ করিয়া মাপি পরআনা পাঠাইয়াছিলেন তাহা পাইয়া স্বচ্ছন্দ মতে গয়া শ্রাদ্ধ করিয়া কাশীতে যাইতেছি ৺ দর্শন পর আপনার নিকট আসিব আর আমার উকিল শ্রীহৃদয়রাম দেবের বাচনিক জ্ঞাত হবেন অনুগ্রহ করিবেন বিশেষ কি গোচর করিব ইতি জ্যৈষ্ঠস্য অষ্টাবিংশতি দিনজেয়ং লিবিরিতি ॥

অসাধারণসদগুণগণৈকনিকেতনদিগ্বিদেশাবস্থিতপ্রজাপালক নিজকুলকমলকমলবন্ধু শ্রীল শ্রী গবনর বাহাধুর বড়সাহেবর রেস্বিদং

---

(১০৮)

শ্রীদুর্গা

স্বীয়াশেষশাস্ত্রাধ্যয়ননৈপুণ্যায়াসাসাধারণসংসারব্যাপারসম্পাদনানুকূলক্রিয়াদিজনিত যশোরাকাসুধাধামপ্রকাশীকৃতাশেষদিঙ্মণ্ডল শ্রীল শ্রীযুত গবনর বাহাদুর বড়সাহেবাসাধারণ শৌর্য্যবীর্য্যেষু সমাবেদনমদঃ। আপনে মান্দ্রাজ হইতে আসিয়া কৈলকাতা পহছিয়াছেন ইহা স্তনিয়া পরম সন্তুষ্ট হইয়াছি পর আমার উকিল শ্রীহৃদয়রাম দেবকে পত্র দিয়া আপনার নিকট পাঠাইয়াছি পহছিয়া থাকিবেক আমি গয়া হৈতে ১৯ আসাঢ় কাশীতে পহছিআছি ইহাতে অনেক দিবস হয় যে থর্চ্চ সঙ্গে আসিয়াছিল তাহা থর্চ্চ হৈয়া গেল প্রযুক্ত এক কিত্তা দরখাস্ত উকিলের মারফত বমহরে পাঠাইতেছি অনুগ্রহ করিয়া মঞ্জুর করিলে এখানকার ক্রিয়া সমস্ত করিয়া শীঘ্র আপনার নিকট পহচিতে পারি আপনে ব্যাতিরেকে এতদ্দেশে ভরসা নাই বিশেষ কি গোচর করিব ইতি আষাঢ়স্য চতুর্থ দিনজেয়ং লিবিঃ।/

অশেষশৌর্য্যাদিগুণগণজানতযশোবিষদীকৃতশারদপার্ব্বণশশধরকরবরনিকর শ্রীল শ্রীযুত গবনর বাহাদুর বড়সাহেবাপারমহিমস্বিদং।

---

(১০৯)

শ্রীহরি

পুরাকৃতাসাধারণকর্ম্মগণজন্যাপূর্ব্বজন্যানুত্তমস্বীয়ানির্ব্বচনীয়াতুলবিভবশৌর্য্যবীর্য্যপরাক্রমাদিজন্যনির্ম্মলযশোরাজমানক্ষিতিপতিবর শ্রীল শ্রীযুত গবনর বাহাদুর বড়সাহেব প্রচণ্ডপ্রতাপাদিত্যেষু সমাবেদনমদঃ স্তনিয়াছি আমার কনিষ্ঠ ভ্রাতা তীর্থে আসিবার রাহাদারি পরআনার কারণ চিঠি সহকারে লোক আপনার নিকট পাঠাইয়াছেন তাহাতে নিকট গোচর করিতেছি আমি ভাদ্র মাসের শেষে আপনার নিকট আসিব অনুগ্রহ

করিয়া আমার সঙ্গে রাহাদারি পরআনা দেন তবে ভাল হয় আর পুর্ব্বের চিঠিতে নিজ বিসয় গোচর করিয়াছি অস্ত বিশেস কি গোচর করিব অনুগ্রহ করিবেন কিমধিকেনেতি শ্রাবণস্ত দ্বাদশ দিনজেয়ং লিখিরিতি—বিশেসঃ।

অনবরতপরিস্পন্দমানধ্বজচামরাদিসন্দোলনানন্দনিকেতনাব্যাহতাজ্ঞ শ্রীল শ্রীগবনর বাহাদুর বড়সাহেব মহস্মহিমস্বিদং—

---

(১১০)

৭শ্রীদুর্গা

হেডমমণ্ডল
শ্রীশ্রীছোটরাজা
গ্য ভূপতেঃ

৭ দ্বিষপ্রচণ্ডদোর্দ্দণ্ডখণ্ডখণ্ডীকৃতক্রতাগঃ শান্তীকৃতসগর্ব্বনির্গর্ব্বীকৃত সভাসমধীকৃত সুহৃন্মনোরথসংপুর্ণীকৃত সন্ততদ্রবিনবিতরণ পৌরস্তকসঞ্জাত তিরস্কৃতনির্জিতদিনকর নিশাকর সৌদামিনীশোভাকরজলধরকীর্ত্তিপ্রদীপপ্রকাশীকৃতদিঘমণ্ডল শ্রীশ্রীযুক্ত গবনর জানেরেল জংবাহাদুর প্রচণ্ডপ্রতাপ সমর্য্যাদেষ্

পরম প্রমোদ পৌরস্তক প্রবেদনমদঃ। শ্রীশ্রীমতাং ভবামহুদিনমহুপলং সমীহ মানস্ত সমীহমানন্দকরঃ শস্তং সংবর্ত্ততেতরাং। পরং বিশেষস্তেতাবান্ শ্রীতীর্থসন্দর্শন ও শ্রীশ্রীযুক্ত ভবৎসন্দর্শন বাসনাতে রাহাদারি পরানা জন্ত নিকট দরখাস্তেতে আপনকার মেহের-বানিতে রাহাদারি পরাণা প্রাপ্ত হৈতে সোদারাগ্রজ শ্রীযুক্ত হৈড়ম্বেশ্বর তীর্থসন্দর্শন ও শ্রীশ্রীযুক্ত

তবৎসন্দর্শন বাসনাতে সন ১২১৬ সাল বাঙ্গালা আগ্রহায়নিকের ২২ তারিকে মদ্রাজ্য হৈতে প্রস্থান করিয়াছেন এবং সর্ব্বাংশে আপনকার মেহেরবানি তরদাতে আমিহ স্বরাজ্যকার্য্যে আছি মদ্ভ্রাতার তীর্থ ও শ্রীশ্রীযুক্ত তবৎসন্দর্শন বাসনা সম্পন্ন পাই যেই প্রকারে ত্বরিত মঙ্গলক্রমে স্বদেশাগমন হয় তাহা মনোযোগ করিবেন এবং জাহাতে মচ্চিত্ত তীর্থসন্দর্শন শ্রীশ্রীযুক্ত তবৎসন্দর্শন বাসনা জনিতা হৈয়াছে তাহা শ্রীহট্টাবধি সাহেবানে আছবাব সহকারে মোকাম মোকাম ২৫ পচিস জনা ছিপাই সঙ্গে দিয়া পহছাইতে ও প্রমীট ও পঞ্চতরায় কোন মোকামে আটক না করিতে মেহেরবানি পূর্ব্বক একখানি রাহাদারি পরানার হুখুমের অনুমতি হবেক্ আপনকার নজর ১ এক হস্তি শ্রীহট্টাধিকারি শ্রীযুত জজ সাহেবের ঐথানে দাখিল করি পহছাইবেক কিমধিকমিতি সন ১২১৭ সাল বাঙ্গালা— বতারিক ৫ বৈশাখ—

হেডমমণ্ডল
শ্রীশ্রীছোটরাজা
খা ভূপতেঃ

সসঙ্গবারণবিদারণপঞ্চানন সিংহসংহননদৈন্তপাবকসন্তাপিতার্থাসারসংসিক্তসম্ভব কীর্ত্তি-সন্দীপিত দিঙ্মণ্ডল শ্রীশ্রীযুক্ত গবনর জানেরেল জংবাহাদুর মহামহোগ্র প্রতাপ-বরেণ্যাস্থিকেষু—

---

(১১১)

শ্রীশ্রীহরিহরদেব

সরণং

৭ স্বস্তিঃ স মহরাজরাজেশ্বর পুর্ব্বএ সমস্থারা

শ্রীযুত কলিখাতার বড় নবাববাহাদুরজিউ সচরিতেসু সবিনএ সমাচার তব মঙ্গলানতি অত্র কুশল সর্ব্বদাএ ৺স্বর দ্বারে বাঞ্চা তাহাতে যতয়ব আপনকার পত্র শ্রীযুত রংঙ্গপুরের সাহেবের দ্বারাএ পায়া বিবরণ ওাকিপ মালুম হইলাম লিখিয়াছেন শ্রীমহতরাম ডাকু জাএয়া তোমার সরহদে আছে তাহাকে পাথরা করায়া দিবেন সেমতে আমারদিগের আমালাকে দিয়া তলাস করিলাম মহতরাম ডাকু বলিয়া

CENTRAL LIBRARY

নাহি নিরবিলা তলাস তজবিজে ওদিগকার য়াসিবার এক মহতরাম ঠাহরিয়াছে সেই মহত হইতে পাএ অতেব জদিসাত ডাকাইত হএ তবে তাহাক দেশত রাখা বিসএ নাহি তজবিজ জানিঞা জাহান সাস্তি করিবার লাগে সাবেক তসকিল ঠাহরিলে জিউ মারিবার লাগে অতেব তোমার দিগকার ফউজ লোক আসিয়া পাখরা করিলে আরো ২ আমার জঙ্গলিয়া লোক রাএয়ত দহসবন্দ হয়া জাবেক সে মাহাফিক রঙ্গপুরের তরফ লোকোকে এখানে আসিতে হুকুম করিয়াছি সে রঙ্গপুরের তরফ লোক রাস্তা হিমসরদি কারণ আসিতে পারিল না রঙ্গপুরের তরফ তোমার লোক জদি আসিল হএ তবে তোমার লোক সাক্ষাতে মহতরামকে পাখরাএয়া আনায়া আচ্ছামত সাজা করিলাম হএ তোমার লোক দেখিল হএ তাহা তোমার লোক আসিতে পারিল না সেমতে ফিরিয়া জাইতেছে আপনাক লিখি মহতরাম জদি ডাকাইত হএ তবে সে হারামখুরি হইলে আমারো হারামখুরি তাহাক তাহাক রাখা বিসএ নাহি তাহাক পাখরায়া আনায়া আচ্ছামতে সাজা করিমো মারা গেলে দোস নাহি এমত সাজা করিম রাখিমোনা তোমার আমার এখে কথা আমার এখানের হাড়াখুরি লোক তোমার সরহদ গেইলে আমারায় আপনাক লিখিলে য়াপনেও তাহাক পাখরিয়া সাজা দিবার পাএন আমরাও তোমার জাগার হারাম হইলে তাহাক খামাখা রাখিবা না তাহার সাজা করিতেছি সে বিসএ আপনে কিছু মনে অর্ব্বমত করা না জাবেক সতং আপন মঙ্গল আদি লিখিয়া পরিতুষ্ট করাইবেন বিবরণ ইতি সন ৩০১ সাল বিতারিখ ৪ মার্ঘ—

৭ স্বস্তিঃ সবিনএ কলিখাতার শ্রীযুত নবাব বাহাদুর রাজরাজেশ্বরদরর্ব্বকন (?) সবিনএ সচরিতেস্থ পত্র পহচিলেক ইতি।

দেবরাজার মুদ্রা

———

(১১২)

শ্রীহরিঃ

মহামহিম মহিমাসাগর শ্রীযুক্ত মিস্তর হোট্ জন্দ্রেল বাহাদুর কাইম মুকাম নবাব জন্দ্রেল গবনর বাহাদুর বরাবরেষু

শ্রীযুক্ত রাজা কৃষ্ণ বাহাদুর

আরজদাস্ত শ্রীযুক্ত রাজা কৃষ্ণচন্দ্র নারায়ণ বাহাদুর মুকাম হেড়ম্ব আমি দেশে যাইতে শ্রীহট্টের পূর্ব্ব রাস্থাতে ভয় যথেষ্ট আছে অতএব দরখাস্ত করি শ্রীহট্টের যজ্ সাহেবের প্রতি অনুগ্রহ করিয়া একখানা হুকুম পরআনা দিবেন ২৫ আদম্বি সিপাই দিয়া আমাকে মুকাম খাসপুর পৌছাহিয়া দিবেন আপনে মহেন্দ্রতুল্য অনুগ্রহ করিলে অনায়াসে আমার দরখাস্ত সকল পূর্ত্ত হইতে পারে বিশেষ কি গোচর করিব ইতি ১২০১৭ সাল বাঙ্গালা মাহে ১১ চৈত্র—

শ্রীদুর্গা জয়তি

মহামহিম শ্রীযুক্ত জন্দ্রেল হোট সাহেব বাহাদুর কাইম মোকাম নবাব গবনর জন্দ্রেল বাহাদুর বরাবরেষু

শ্রীযুক্ত রাজা কৃষ্ণচন্দ্র নারায়ণ বাহাদুর

আরজদাস্ত শ্রীযুক্ত রাজা কৃষ্ণচন্দ্র নারায়ণ বাহাদুর মুলুক হেড়ম্ব আপনে অনুগ্রহ করিয়া তীর্থাদি দর্শন করাইয়াছেন এবং আপনকার সহিত সাক্ষাৎ করিলাম আপনার পূর্ব্বরূপে অনুগ্রহ প্রকাশ দেখিয়া পরম হর্শাপন্ন হৈলাম শ্রীযুক্ত কম্পানী বাহাধুরের এমত অনবচ্ছিন্ন সদাকাল আমা প্রতি অনুগ্রহ থাকে এবং আমিহ ৺ স্থানে সদাকাল প্রার্থনা করি শ্রীযুক্ত কম্পানী বাহাধুরের মহোন্নতি অধিকার বর্দ্ধমান হন আমাদের স্বচ্ছন্দ নির্ব্বিঘ্নরূপে তীর্থাদি করিতে পারি অপর শ্রীযুক্ত গবনর লাট মারেনটিন বড় সাহেবের আমলে আগা মামদ রজা মোগলে আমার মুলুকে চড়াই করিয়াছিল তাহাতে শ্রীযুক্ত কম্পানী বাহাধুরে আমার মুলুক আমাকে বক্সিস করিয়াছেন তাতে আমার রাজ্যের চতুর্দ্দিগে অন্য ২ রাজা সকল সক্ত আছেন অল্প মুলুক তদ্বিষয় সিপাহি রাখিলে নিজ খর্চ্চ পুসে নাই [অতএব] হুজুরে আরজ করি অনুগ্রহ করিয়া জিলে শ্রীহট্টের জজ সাহেবের প্রতি এক কিতা পরওআনার হুকুম হবেক মুথালিপ যে জখন আমার রাজ্যে চড়াই করে

তখন মদৎ দিয়া আমাকে রক্ষা করিবেন এহাতে সিপাহিআনের মায খর্চ্চ যা হৌক তাহা আমি পশ্চাৎ শ্রীযুক্ত কম্পানী বাহাধূরের সরকারে দাখিল করিব তাপর জিলে শ্রীহট্টের মেস্তর উলেস সাহেবের আমলে জরিপ করিতে জিলে জসরের বাসিন্দা মুলুকচন্দ দত্ত কারসাজি করিয়া ৭৪ চৌসত্তইর কুলফা জমিন নম্বর দাখিল করিয়া দিয়াছে সে জমিনের বিসয় বতারিক ২৪ মাহি সন ১৮০৭ সালে মাতাবিক বাঙ্গালা ১২ জৈষ্ঠি সন ১২১৪ সালে আমার উকিল শ্রীসামরায় দত্ত শ্রীহৃদয়রাম দেবের যোগে চিঠি ও দরখাস্ত পাঠাইয়াছিলাম এহাতে কিছুহি হুকুম পাই নাহি অদ্য আমি হুজুরে সাক্ষাৎ আসিয়াছি আমার জে মুলুক শ্রীযুক্ত কম্পানী বাহাধূরের অনুগ্রহ কারিয়া দাতব্য করিয়াছেন বাকি অল্প সিরাস অনুগ্রহ করিয়া দিলে পাই তবে আপনকার নিকট আমার সকল আকাঙ্ক্ষা পূর্ণ হয় আপনে আসুমদ্রান্ত পৃথিবীপতি—তাপর অন্য দেশে জাবার আমার আচবার গএর প্রমীট পঙ্কোত্তরা মাস্থল মাপ এবং সঙ্গের পুরানা চাকর বিদেশি কানাই মিশ্র ও গুমান সিংহ গএর ২৫ পচিস সিপাহি আমার দেশে যাইতে জিলে শ্রীহট্টের যজ সাহেবে ও থানা মোতালুকে না রোকে এমত অনুগ্রহ করিয়া এক কিত্তা পরআনা হুকুম হবেক আর আমার দেশে নামিলে সঙ্গেসুয়ারির কারণে ৫০ পঞ্চাস গোট পাথরথালা বন্দুক এবং সিকারি ৫ বন্দুক বমায় পুযাগ সহিত খরিদ করিয়া নিবার হুকুম হইলে দেশে নিতে পারি এবং আমি দেশে পৌছিলে আমার কনিষ্ট ভ্রাতা কাশ্যাদি তীর্থে আসিবার বাসনা আছে অনুগ্রহ করিয়া আমাকে যেমত রাহাদারি পরওআনা দিয়াছিলেন সেইমত এক কিত্তা রাহাদারি পরওয়ানা আমার ঠাই অনুগ্রহ করিয়া দিলে তিনি কাশ্যাদি তীর্থে আসিতে পারেন আর পুরুসানুক্রমে আমার ২ ভাইবন্দর সহিত যে মত ধারাএ চলিয়া আসিতেছে অদ্যয় সেই সাবেক বদস্তুর মত চলে অন্যমত হইতে না পারে এমত অনুগ্রহ করিয়া একখানা হুকুম পরআনা দিবেন আমি আপনার শরনাপন্ন আমার যাতে ভাল হয় এমত অনুগ্রহ রাখিবেন বিশেস কি গোচর করিব ইতি সন ১৭০।৩২ সাল মাহে ৬ চৈত্র—

---

(১১৩)

শ্রীশ্রীদুর্গাএ

সরণং

৭ স্বস্তিঃ সকলামঙ্গলালএ মোহামহিম মহিমাবর নিম্মলগঙ্গাজল কলিখাতার শ্রীযুত বড় লর্ড সাহেবজিউ সুচরিতেসু তোমারদিগের কুশল মঙ্গল সদা ইশ্বর দ্বারাএ বাঞ্ছা রাখিতেছি তাহাতে যত্রানন্দ বিসেস তোমাদিগের শ্রীশ্রীকম্পিনি বাহাদুর যামার এদিগের শ্রীশ্রীদেবধর্ম্মা রাজ এবং দোহপাটে একাত্র মাফিকে পুর্ব্ব হইতে সকল রার্য্যে

সিমসরহর্দ্দ করিছে সেহি সিমসরহর্দ্দে সকল রার্যো যাছে তাহাত যামার এদিগের চামরচি দ্বারের মরাঘাট দ্বারের সিম শ্রীশ্রী বেহারের রাজার শ্রীরঘুবর লালা তিন বস্বর হৈতে কাজিয়া লাগায়াছে তাহাক যামি জানি না ইমসল জানিতে যামার লোক পঠায়াছি সেহি লোকের তজবিজ মতে জানিলও পূর্ব্ব সিম বিরিজ (?) করিয়া রঘুবর লালা যামার জমিনের যনেক গিরিয়ামল করিয়া লহিছে কারণ বেহারের রাজার পাস যামার লোক পঠায়াছি তাহাত বেহারের রাজা যামার লোক মারফত কহে জে যামী তোমার মাটী যামল করি নাহি কলিথাতার নবাব সাহেব তাঙ্গামাথি হৈতে সিম রাখিয়া বাহাল র্স্তাকা হুকুম দিয়াছে সেহি তাঙ্গামাথি হৈতে যামল করিবো তবে তাঙ্গামালি হৈতে বেহারের তল হইলে যামার মরাঘাট তালুক মবলগ বেহারের রাজাক দিছেন কারণ যাপনাত লেখি পুর্ব্বে বাহাদুর সাহেব এবং হুজুরের জিনকাপ সিম করিছে সেহি সিমত সিম করিবার লাগে তাহার সনদর্স্তাকা সহিত এবং বেহারিয়া রাজাক এক হুকুম সহিত এক জন ভাল চাএয়া চাপরাসি বেহার পাঠাবেন সেহি চাপরাসি সহিত হুজুরের জিনকাপ পঠায়া সিম করা জাবেক তাহাত ডিগির সনদ সহিত চাপরাসি না পাঠাবেন তবে সিম না হওাতে বেহারের রাজা সহিত কাজিয়া হবেক তখন যল্প বিসএ দেবধম্মা কাম্পিনি বাহাদুর মন নরানড়ি হৈলে বেহারিয়া সহিত বড় লরাই হইবেক ইহাকে জ্ঞাত হএয়া ইহার জবাব রাইত বেড়াত রংপুরের সাহেবের দ্বারায় পচাবেন এতবাত্র (?) জ্ঞাত করিলাও ইতি মোকাম পারোগ্রামের কির্ব। সন ৩০২ সাল মাহে যাসার পাছ চান্দের ৯ রোজ—

পারোপেন্‌লোর মুদ্রা

---

(১১৫)

শ্রীহরি

অশেষগুনৈকনিকেতন নিতান্তকান্তহৈমথণ্ডানস্তশান্তশুদ্ধান্তঃকরণ তরুণকরুণসপত্ন-তমোরুণকিরণচামরধ্বজপতাকারাজিরাজনিঃসীমরমাহিরণ্ময়হৈর্ম্ম্যাতুলবিচিত্রপর্য্যঙ্কসবেশায়িত(?) সুপদস্থানোদায়ুধদৌবারিকবীথাস মৃতাশেস (?) প্রাজতোষনিদাননির্জ্জিতাখিলভূপালা-বাহুতাজ ভব্যাস্পদ শ্রীল শ্রীগবনর বাহাদুর বড়সাহেবাপুর্ব্বকীর্ত্তি সন্তানকোদারচরিত্র

সুধীবরবরেষু সম্বেদনমদঃ। আমার রাজ্য রক্ষার্থ নিজে সিপাহি রাখিতে খরচ পুসে না প্রযুক্ত হুজুরে যাইয়া দরখাস্ত দিয়াছিলাম তাহাতে আমা প্রতি অনুগ্রহ হৈল না আমার রাজ্য অল্প আপনে বাংসা পৃথিবীমণ্ডলাদিপতি আপনাকে কি দিয়া সন্তোষ করিব কিন্তু সালবরসাল ৫ পাচ হস্তি শ্রীযুত কমপানী বাহাদুরের সরকারে ছকাত দাখিল করিব অনুগ্রহ করিয়া জিলে শ্রীহট্টের যজ মেজেষ্টর সাহেবর প্রতি হকুম হয় জখন ২ আমার রাজ্যে শত্রু আসিয়া চড়াই করে তখন সিপাহি দিয়া আমার রাজ্য সংরক্ষণ করেণ এমত এক কিত্তা পরআনা আমার উকিল মজকুরের দ্বারায় অনুগ্রহ করিয়া দেন তবে সুখে কাল জাপন করিতে পারি ইহাতে শ্রীযুতের যশ প্রতিষ্টা থাকিয়া জায় আমি আপনার নিতান্ত ভরসা রাখি আমা প্রতি অনুগ্রহ রাখিবেন বিশেষ কি গোচর করিব ইতি সন ১২০১৮ সাল বাঙ্গেলা মাহে—১১ পৌষ ইতি—বিশেষঃ

অসাধারনৈকান্তকান্তরত্নমণিগুনালঙ্কৃতোজ্জলাঙ্গ চতুরঙ্গবলাঙ্গসুঙ্গ প্রাজ্ঞাক্ষৈণ্য তমঃ-সহস্রকিরণাবলীমণ্ডলাখণ্ডলাপারমহিম শ্রীল শ্রীগবনর বাহাধুর বড়সাহেববরেষু

———

(১১৩)

শ্রীহরি :—

৺৭ বাদিপ্রতিবাদিবিবাদভঞ্জন স্বপ্রজাপ্রতিপালন স্বাংশীয়ভূরক্ষণভুকোষদণ্ড গ্রহণদেশদেশান্তরনিয়োজিতজজকালেক্টরাক্ষভূরিভূপালসমুহ শ্রীযুত দপ্তরখানার বড়সাহেব সুরিবর মহামহোগ্রপ্রতাপেষু পরমপ্রীতিপূর্ব্বক বিজ্ঞাপন পরন্তু সমাচার পুর্ব্বেহি আপনার সাক্ষাৎ বলিআ আসিআছিলাম দেসেতে আসিআ শ্রীযুত কম্পানি বাহাদূরের টাকা পাঠাইতাম তাতে রাস্তাতে পিড়িত হৈয়া মকাম ঢাকাতে আসিআ চাইর মাস পর্য্যন্ত চেষ্টা করাইলাম তথাচ পিড়া দূর না হৈল এবং এখন পয্যন্ত পিড়িত আছি জ্ঞাত হবেন আর শ্রীযুত কমপানি বাহাদুরের টাকা শ্রীহৃদয়রাম উকিলকে দিআ কার্ত্তিক মাস পর্য্যন্ত

পাঠাইম আপনে সর্ব্বার্থে ভরসা অনুগ্র করিত্মা ক্ষমা মঞ্জুর করিবেন বিশেষ ইতি সন ১৭৩৪ সাল মাহে ১৬ শ্রাবণ—

৺৭ পত্রমেতং রিপুসানাহস্তহনাক্তি(?) তয়াসারাকানিসাকরকরপ্রকাশীকৃতদিঙমণ্ডল শ্রীযুত দপ্তরখানার বড়সাহেব সুরিদবরেষু

---

(১১৬)

৭ শ্রীশ্রীহরেরামঃ

সরণং

সাস্তঃ সকলমঙ্গলাল‌এ প্রতাপতগ্র শ্রীযুত কলিখাতার বড় নবাব সাহেবজিউ সচরিতেষু আপন মঙ্গল য়ত্র কুসল তাহাতে য়তেব বিসেস অনেক দিন য়বদি য়াপনকারদিগের তৎমঙ্গল য়াদি না পাইয়া ভাবিদ আছি তাহাতে বিসেস ৺শ্বর কৃপাতে আপনেও কুসলে থাকিতে পাএন আমারায় দেবধক্ষা হএয়া কুসলে আছি বিসেস আর সন তোমার সেথানকার লামা গুরুলোক শ্রীযুত পাদুরি সাহেব হাচা জাবার চাহে বুলিয়া রঙ্গপুরের শ্রীযুত কলেকটের সাহেব ও পেলোর দ্বারে লিখিআছে সেমতে তোমার লোক বুলিয়া আমরা পেলোক হুকুম করিয়া ভাল মতে তদারত করিয়া খাবার খোরাকি এবং রাহাখরচ নগদ খোরালোক সহিত হাচা চালান করা গৈইছে এখন হাচা হৈতে ভালে ২ ফিরিয়া আসিয়া রঙ্গপুর দিয়া তোমার সেখানে জাইতেছে এথানেয় পেলোক হুকুম করিয়া খোরাগ আদি দিয়া এবং রাহাখরচা দিয়া জামা খোরা এসকল দিয়া নগদ আমার লোক সহিত পঠান জাএ ভালে ২ পহুচিবেক তাহাতে য়তেব বিসেস পুর্ব্ব হৈতে চামচির জাগা একখানি আমার আছিল তাহার তদারত চামচির সুবা পুর্ব্ব হৈতে রাখা গেইছে তাহাত পালঙ্ক সাহেব আসিয়া দেস চরায় করিবার কালে শ্রীশ্রীবেহারের রাজা চামচির মাটিক লিখন করিয়া লইছে হেন বিসএ আগা দেবরাজা আমার তরফ উখিল ববাম্বরা লোপ পেগাকে সেখানে কলিখাতা পঠায়া আরজি করিয়াছে

সেমতে আগা নবাব সাহেব আমার জমিন মাটি হক জানিয়া আমার জিমা দিয়াছে জরধকা নদি সিমসরহদ করিয়া ডিগিরি লেখনপরি দিয়াছে সেই মহুরুপ দোসরা নকল ডিগিরি এথানে কলিগাতাত রাখিছে সেই কাল হৈতে আমার জাগা জমিন আমল দখল করিতে আছি কোন কাজিয়া নাহি তাহাতে চামচির ডিগিরি ঘর পোরাত পোরা গেলো হেন কারণ বেহারের রাজা আগা পালঙ্গ সাহেবের ছাপ লেখা রঙ্গপুরের সাহেবক দেখায় রঙ্গপুরের ছাপ লেখা লএয়া আমার চামচির মাটি বেহারের রাজা পেনিয়া (?) লইল তবে আমার জাগা আমী কারিয়া লইতে পারি তবে পূর্ব্ব হইতে দেবধক্ষা আর কাম্পনি বাহাদুর দমে দোস্ত ছিল সে দোস্তির বিসএ আমি তোমার রঙ্গপুরের কলেকটের সাহেবকে লিখিআছি সেমতে রঙ্গপুরের সাহেব দেওন সহিত সরেজমিন আসিয়া দেখিল রাএয়তক জিজ্ঞাসিয়া জানিল জরধকা নদি হৈতে আমার হএ আমার দেওান লখিন্দরের সুবাকে পঠাইছি আমার ডিগিরি না হয়াতে রঙ্গপুরের সাহেব ও দেওান বলিয়া গেইল জে দেবরাজার উখিল একজন কলিখাতা পঠাবেন ডিগিরিয়া দেওা জাবেক কাজিয়া না হবেক সেমতে আমার হুজুরের উখিল শ্রীরামনাথ কাএতক পাছুরি সাহেব সহিত সেথানে সাক্ষাত পঠা জাএ সাক্ষাত পহুচিলে জবানিত গৌর করিয়া ডিগিরিখানি ভাল করিয়া দেওা জাবেক হরেক বির্দ্ধে তদারত করিবেন সতত আপন মঙ্গলআদি লিখিবেন মনে অর্ন্যমত করা না জাবেক ইতি সন ৩০৩ সকা মাহে বৈসাগ ইতি—

৭ পত্রচিন দেবাঙ্গ একখান পাথারা কমলি একখান লাল গোচ একখান কালা গোছ একখান সপেদ বড় মালা একটা পহচাবেক সকল মোর উখিল জবানিত গৌর করা জাবেক ইতি।

৭ স্বস্তিঃ সমহ কলিখাতার বর নবাব সাহেবের পাস পহুচিবেক ইতি

———

(১১৭)

৭ শ্রীশ্রীহরেরামঃ
সরণং

দেবরাজার মুদ্রা

পহচীন কমলী পহচীবেক
চাবটী একখানা

৭ সস্তিঃ কলিখাতার শ্রীযুত মুনসী বাহাদুর খুচরিতেষু

সমাচার আপন কুসল অত্রা কুশল সদাএ চাহি বিসেষ পূর্ব্ব হৈতে আমার মরাঘাটে জমীন একখানা আছিল তাহা আগা পালঙ্গ সাহেব আসীবার সময়এ সিমানা বিসএ কাজীয়া হএা আমার তরফ উখিল লোপ পেগা বুড়া খুত্তাকে সেখানে কলীখাতা পঠায়া শ্রীযুত নবাবজীউত আরজ করীয়া জরধকা নদী হৈতে আমার হক জানীয়া সিমানা চহি করিয়াআছে তাহার প্রচান এখন আছে তাহাত সেই জরধকা নদি সিমানা মতে ডিগীরী ছাপ দেয়া দিআছে দৈবে সে ডিগীরি ঘর পোরাতে পোরা জাএআছে তবে সে ডিগীরি না হওাতে কাজীয়া অনেক হৈতেছে হেন সে ডিগীরি বিসএ আমার শ্রীরামনাথ কাএতী উখিল পঠাই আপনে সেখানকার কর্ম্মচারি হরেক দফাত বেনা আমার উখিল জবানিতে জানায়া গৌর করিয়া নবাব সাহেবক সমজাএয়া আমার ডিগীরিখানা করায়া আমার উখিল মারফত পঠাবেন হরেক দফাতে আমার উখিলের মেদারা করিবেন আমার কাজ সুপরীস করায়া পঠাবেন সতং তোমার খরাতী হৈবেক আপন মঙ্গলআদি লিখীয়া পরীতুষ্ট করাইবেন অর্ন্নথা না জানীবেন ইতী সক ৩০৩।——মাহে বৈশাখ—— —

৭ শ্রীশ্রীহরেরাম
সরণং

দেবরাজার মুদ্রা

পহচিন কমলি পহচিবেক ইতি
চাবচা ১ খান

৭ সাস্তঃ শ্রীযুত কলিখাতার দেওানজীউ খুচরিতেষু—

সমাচার আপন মঙ্গল অত্রা কুসল সদাএ চাহি তাহাতে অতেব বিশেষ আমার

তরুফ মরাঘাটের জমীন একখানা আছিল তাহা পালঙ্গ সাহেব আসিবার কালে একবার সিমানা সরহদ্দ বিসএ কাজীয়া হএ। এখানকার উখিল লোপ পেগা বুড়া সুতাকে কলীখাতা সেখানে পঠায়া জরধকা নদী হৈতে সিমসরহদ হএাছে সর্ব্ব প্রচান আছে সে সকল রঙ্গপুরের শ্রীযুত কলেকটের সাহেব শ্রীযুত রামমহন দেওান সাক্ষাতে জানা আছে তবে তাহার ডিগিরীখানা দৈবে ঘর পোরাতে পোরা গেইল ইহাতে অনেক কাজীয়া হবেক হেন বিসএ শ্রীযুত কলিখাতার নবাব সাহেবক ডিগারি বিসএ লিখীআছি আপনে সেখানকার কম্মচারী আমার পত্রে বেহরা জানীয়া নবাব সাহেবক সমজায়া জমীনের ডিগীরিখানা করায়া আমার উখিল মারফত দএা করায়া দেএাবেন আমার শ্রীরামনাথ কাএত উখিল জবানীতে জানায়া গৌর করা জাবেক হরেক দফাতে আমার উখিলের আরজী তদারত করিবেন সতৎ আপন মঙ্গলআদী লেখায়া পরীতুষ্ট করাইবেন অর্ন্যমত না করিবেন ইতি সক ৩০৩ মাহে বৈশাখ——

---

(১১৮)

৮৭ শ্রীদুর্গা—

৮৭ বাদিপ্রতিবাদিবিরোদভঞ্জনসত্ মর্দ্দনস্বপ্রজাপ্রতিপালনস্বাংস্থীয় ভূরঙ্গপভূকোষ-দণ্ডগ্রহণদেশদেশান্তরনিয়োজিতজজকলেক্টরাখ্যভূরিভূপালসমূহ শ্রীশ্রীযুত কলিকাত্তাদীশ্বর গবণর বাহাদুর বড়সাহেব প্রচণ্ডসৌর্য্যগাম্ভির্য্যৌদার্য্যগুণান্বিতস্বহস্বরবরমহামহোগ্রপ্রতাপ মদেকসদয়েষু। পরম প্রীতিপুর্ব্বক বিজ্ঞাপন পরন্ত সমাচারাঃ। সম্প্রতীশ্বরীচ্ছাক্রমে মোকাম্ শ্রীহট্ট ১১ কাত্তিকে পহুছিয়াছি জ্ঞাপন হবে। অপর ছিপাহির বিষয় যে পরানা আনিয়াছিলাম্ তাহা জজ সাহেবের নিকট পাঠাইয়াছিলাম এহাতে কাহ্নাই মিশ্র ও গোমান সিংহকে না ছাড়েন এহার বয়ান এহি আমী আসিবার সময় হুকুম মতে ১৪ জনা ছিপাহি আমার সঙ্গে আনিয়াছিলাম কিন্তু ডিক সাহেবর আমলের হুকুম ছিল এহাতে মার্গিন সাহেব একটিন্ জজ ছিলা তিনী না ছাড়িলেন জএলখানাতে কএদ রাখিয়াছিলা তৎপর ছাড়িয়া দিলেন পশ্চাৎ মোকাম গয়াতে আমার ইখনে কাহ্নাই মিশ্র ও গোমান সিংহ গিয়াছিলেন এবক ডিক সাহেবর আমলে কাহ্নাই মিশ্র ও গোমান সিংহ নাম কাটাইয়া সাহেবর দস্তাবিজ লইয়া আমার ইখানে চাকর হৈয়াছিলা অতএব পুরাণা চাকর প্রযুক্ত কাহ্নাই মিশ্র ও গোমান সিংহ গয়রহ ২৫ জনার রাহাধারী পরানা পাইয়া সঙ্গে আনিয়াছিলাম অন্য ১৪ জনা কএদী সামিল প্রযুক্ত না ছাড়েন অতএব লিখি কাহ্নাই মিশ্র ও গোমান সিঙ্গকে সঙ্গে নিতে পুনরায় ১ কিত্তা পরান আমার উকীল দ্বারা মেহেরবাণী করিয়া পাঠাইতে অনুমতি করিবেন আপনার মেহেরবাণীতে সমস্ত চিত্তবাসনা

সম্পূর্ণতা পাইয়াছে আপনে আশ্রয় যাহাতে আপনার নামের মহিমা রক্ষা পাএ তদনুসারে মেহেরবাণী করিবেন অপর অস্ত পর্য্যস্ত শরীর পীড়িত নানাবিধ চিকিৎসা হইতেছে জ্ঞাপন হবে অপর মলুকচন্দ্র দত্তের বালাদস্তী জমী তহকীতের হুকুম কালেক্টর সাহেবর প্রতি পাঠাইয়াছিলেন অতএব উহান ইথান দরখাস্ত করিলাম স্বরজমীতে জাইয়া স্বরহস্ত তহকিৎ করিয়া সদরে রিপর্ট করিবার তাহাতে তিনী সরজমীতে না যান্ অতএব লিখি সরজমীতে যাইয়া স্বরহস্ত তহকীৎ করিবার হুখুম মেহেরবাণীতে পাঠাবেন কিমধিকমিতি শক ১৭৩৩ সাল মাহে—১৯ কার্ত্তিক—রোজ—রবি—বার—।

বৈরিবারণবিদারণপঞ্চানন শ্রীশ্রীযুত কলিকাত্তাদীশ্বর গবণর বাহাদুর বড়সাহেব মহামহোগ্রপ্রতাপ প্রচণ্ডসৌর্য্যগাম্ভির্য্যৌদার্য্যগুণান্বিতেষু—

শ্রীশ্রীযুক্ত মহারাজা
কৃষ্ণচন্দ্র বাহাদুর

---

(১১৯)

শ্রীশ্রীদুর্গা

সরণং

মহামহিম শ্রীযুত জান হাল পোস্টমেস্টর জানেরেল
সাহেব বাহাদুর প্রবল প্রতাপেষু—

শ্রীহরকালি মুখোপাধ্যায়
সরবরাহকার

তরফ বানারশ রোডের সরবরাহকার—

শ্রীহরকালি মুখোপাধ্যায়ের আরজ নিবেদন সন ১৮১২ সালের ৩১ দীজেম্বরের হুকুম-নামা পরওয়ানা পাইয়া সীরপর করিআ সরফরাজ হইলাম এবং চৌকী বিস্টুপুরে হাজির হইয়া আড্ডাদারের আরজির নকল দরিআপ্ত করিয়া তদারক করিলাম মোঃ কটক হইতে এক পলটন তরফ এলাহবাদ জাইতেছেন তাহাতেই ২৬ দীজেম্বর মোঃ বিস্টুপুর পৌচেন

২৭ রোজ সন্ধের সময় এক সেপাহি আড্ডা পাটান আড্ডাদারের তলব করেন তাহাতেই আড্ডাদার মজকুর কাঃ পেলেইভিল সাহেবের নিকট হাজির হইলেন এবং সাহেব মৌষুপ আড্ডাদারকে হুকুম করিলেন জে বার জনা বেহারা আমাকে দেহ তাহার পর আড্ডাদার জবাব দীলেন আমাকে হুজুরের কোন হুকুম নাই এবং রাত্র হইআছে কীপ্রকার বেহারা আনজাম করিব এই কথা য়ুনিআ সাহেব মৌষুপ খাপা হইলেন আর একজন সেপাহি মৌসিন দীআ কোতে কএদ রাখিলেন আর কহিলেন জাবতক এ বেহারা না দীবেক তাবতক কএদ রাখহ এইমতে আড্ডাদারকে কএদ রাখিয়াছিলেন তাহার পর হরকরা লোক য়ুনিলেক জে বেহারা কারণ আড্ডাদারকে কএদ রাখিআছেন হরকরা লোক ঐ রাত্র বিস্তর তলাশ করিআ বার জনা বেহারা আনিলেক এবং তিন জনা হরকরা বার জনা বেহারাকে লইয়া সাহেবের নিকট গেল তাহাতেই বেহারাদীগের লইলেন আর ঐ তিন জনা হরকরাকে গ্রফতার করিলেন তাহাতেই উহারা কহিলেক আমরা কোম্পানীর হরকরা তাহা সাহেব না য়ুনিআ পোনর জন লোক লইআ গীআছিলেন যক্ত দুই রোজ হইল মোঃ বাকুড়া হইতে তিন জনা হরকরাকে ছাড়িআছেন আর ছয়জন বেহারাকে ছাড়িআ দীআছেন আর লোককে কথা লইয়া গীআছেন তাহা জানিনা এইমত সাহেব মৌষুপ বিস্তর দাগা করিআছে ইহা খোদাওন্দের মবারক জনাবে আরজ করিলাম ইতি সন ১৮১৩ সাল তারিখ ১ জানেওয়ারি—

---

(১২০)

৭ শ্রীদুর্গা

বৈরিবারণবিদারণপঞ্চানন শ্রীশ্রীযুক্ত গবনর বাহাদুর বড়সাহেব প্রচণ্ডপ্রতাপ সৌর্য্যগাম্ভির্য্যোদার্য্যগুনাকরসুহৃদ্বরবরমহামহোদয় যসোমলিনীকৃতসারদেন্দুকরনিকরেসু। পরম-প্রীতিপুর্ব্বক বিজ্ঞাপনং পরন্ত সমাচারাঃ পুর্ব্বে যৎকালীন আপনার নিকট মোঃ কলিকাত্তা গিয়াছিলাম তৎকালীন সত্রূভীতি নিবারনার্থ দরখাস্ত করিয়াছিলাম সময় বিশেষে আপনার সরনাপন্ন হইলে আপনার সরকারের সিপাইয়ান কতেকজনা লোক পাইয়া সত্রূভীতি দুর করিবার তাহাতে খুলাসামতে হুখুম হইল না সমপ্রতি কুনো একদিগে সত্রভীতি সম্ভাবিত অতএব লিখি সত্রূভয় নিবারনার্থ আপুনার সরনাগত হইয়াছিলাম এহাতে কুনো একপ্রকার মেহেরবানী না করিলে সরনাগতরক্ষণ ব্যাঘাত হয় আপনে বাঙ্গালার বাৎসা বটেন আপনে হইতে সরনাগত রক্ষা হয় না এইমত বিষয় নয় অতএব যথা বিহিত হুখুম দিবেন ১ দফা সত্রূভীতি নিবারনার্থ ৫০০ পাচ শত গোট পাথরখালা বন্দুক নবীন মোঃ কলিকাত্তা হইতে আমার লোকে খরি [দ] করিয়া আনিতে যদিস্যাৎ হুখুম দেন

CENTRAL LIBRARY

তবেও কতেক প্রত্যুপকার সম্ভাবনা অতএব মেহেরবাণীপূর্ব্বক এই বিষয় হুখুম দিবেন অপর আপনার আশ্রিত হইয়া আপনার অসেষ ভরসা রাখি তাহাতে যেমত বিহিত অনুগ্রহ করিবেন ইতি সক ১৭৩৪ সাল ১৫ পৌষ

৺৭ যশোরাশিপ্রকাসীকৃতাসামণ্ডল কলিকাতাস্থ শ্রীশ্রীযুত জান মিন্টিন সাহেব মহোগ্রপ্রতাপান্বিতেষু—পত্রমিদং—

---

(১২১)

৺৭ শ্রীদুর্গা

৺৭ বৈারবারণবিদারণপঞ্চানন কলিকাত্তাস্থ শ্রীশ্রীযুত জান মিন্টিন সাহেব মহোগ্রপ্রতাপসুহৃদ্বরাগ্রগন্যেষু পরমপ্রীতিপূর্ব্বক জ্ঞাপনমেতং পরং বিশেষ স্বেতাবান্ আপনকার মেহেরবানিতে আমারদের তীর্থ জাওনের এক কিত্তা রাহাদারি পরআনা মংসোদরাগ্রজ শ্রীযুত ৺ দ্বারা পাইয়া পরমাপ্যায়িত হৈয়া যাত্রা করিয়া শ্রীহট্ট জিল্লাতে আসিয়া পহোছিয়াছি কিন্তু রাহাদারি পরআনাতে গয়াঘাটের মাফি লিখা জায় নহি অতএব মেহেরবানি করি এক কিত্তা মাফি চিঠী করাইয়া দিতে অনুমতি হবেক অপর শ্রীশ্রীযুত গবনর যংবাহাদুরাদি সাহেবানের নজর ২০ বিশ গোট হস্তি কলিকাত্তাতে রআনা করা গেল তীর্থ ৺ সন্দর্শন পর আপনকার সহিত ও শ্রীশ্রীযুতে ৺র সহিত সাক্ষাৎ করি স্বদেশাগমন বাঞ্চা করি গোচর করিলাম বিশেষ আপনাকে সর্ব্বার্থে ভরসা করিয়াছি অপর আমারদের লোক শ্রীগুনারাম শর্ম্মাকে নিকট পাঠাই বাজে ২ দফাতে উহার দরখাস্ত মতে মেহেরবানি পূর্ব্বক প্রতুল করিতে অনুমতি হবেক আপন নিমিত্ত নজর ২ গোট দন্ত প্রেরণা করা গেল স্বীকারাবধারাণ করিবেক কিমধিকমিতি সন ১৭৩৪ সাল বাং বতারিক.........৫.........পৌষ—

---

(১২২)

শ্রীহরি :—

৺৭ বৈরিবারণবিদারণপঞ্চানন কলিকাত্তাস্থ শ্রীশ্রীযুক্ত দপ্তরখানা বড়সাহেব মহোগ্রপ্রতাপেষু প্রীতিপূর্ব্বক নিবেদনমিদং। পরং সমাচারঃ পূর্ব্বে শ্রীযুক্ত মদ্‌ভ্রাতার যোগে আপনার মেহেরবানিতে শ্রীযুত গবনর বাহাদুরের রাহাদারি পরআনা প্রাপ্ত হৈয়া নির্ব্বিঘ্নে কাশ্যাদি তীর্থ সন্দর্শন করিলাম পূর্ব্বে মদ্দেশ হৈতে যাত্রা করি মোকাম শ্রীহট্ট আসি শ্রীযুত গবনর ও আপনে ও সাহেবানকে জাইয়া সাক্ষাৎ করণের আকাঙ্ক্ষাতে সাহেবানের নজরের জন্যে কতেক হস্তি মোকাম কলিকাত্তাতে আপনকার জাহির পূর্ব্বক রাখাইয়াছিলাম তীর্থসন্দর্শন পর তথায়ে জাইয়া আপনাদি সাহেবানের সহিৎ সাক্ষাৎ করি নজর দেওআ জাবার ছিল তাহাতে ইস্থানে দেবব্যাপারাদিতে খর্চ্চাস্তপ্রযুক্ত জায়নের ত্রুটি কারন আপনে মুরুব্বি মেহেরবানি পূর্ব্বক মং ২৫০০০ পচিস হাজার টাকা কর্জ্জ দেওাইতে শ্রীশ্রীযুক্ত নিকট ও আপনকার নিকটহ লিখিলাম কোন উত্তর না লিখিলেন পর আমারদের উকিলের চিঠিতে জানা গেল নবীন গবনর বাহাদুর কলিকাত্তায়ে আসিছেন অতএব আপনাকে সর্ব্বার্থে ভরসা করি ঐ কর্জ্জ বিষয় এক চিঠি পাঠাই মেহেরবানি করি মবলগ ২৫০০০ পচিস হাজার টাকা কর্জ্জ মকসুদাবাদের শ্রীযুত কিলেক্টর সাহেবের নামে হুণ্ডি করি দিতে অনুমতি হবেক তবে আমি জাইয়া আপনকার সহিৎ সাক্ষাৎ করি নজর দাখিল করি দেশে জাইয়া আপন টাকা আবশ্যক পরিশোদ করিব এহাতে যদ্যপি অনুগ্রহ না করেন তবে খর্চ্চের ত্রুটি বিষয়ে আপন নিকট পহুছিতে না পারিলাম শ্রীশ্রীযুক্তের [নিমিত্ত] নজর দাতআল ১ হস্তি কুনকি ১ হস্তি এই দুই হস্তি আপন নিমিত্ত দাতআল একহস্তি আমারদের উকিলে দাখিল করিব অনুগ্রহ করিবেন বাকি কতেক হস্তি আসিয়া মকসুদাবাদে বিক্রী হৈতে মেহেরবানি করি এক কিত্তা রাহাদারি পরআনা দিতে অনুমতি হবেক কিমধিকেনেতি—কার্ত্তিকস্য ১৫ দিনজেয়

৺৭ পত্রমিদশেষ সংকীর্ত্তিজন্যযশোদীপপ্রকাশীকৃতভূমণ্ডল কলিকাত্তাস্থ শ্রীশ্রীযুক্ত দপ্‌থরখানার বড়সাহেব মহোগ্রপ্রতাপেষু দেয়ং।

(১২৩)

শ্রীরাম :—

ইশ্বর ইশ্বরী—

৺৭ শ্রীমন্নিখিলগুণাগারমহারাজাধিরাজেন্দ্র শ্রীশ্রীচন্দ্রকান্ত সিংহ সর্গদেবে যে ফাচ্ছিপত্র শ্রীযুত নৌবাব মস্তাব মানিওলকার আচরফ আমরা লার্ড মিণ্টো বড়সাহেব বাহাদুরকে লেখিয়াচিলে তাহার বাঙ্গালা তরজামা এই তারিথ ৪ পৌষ সন ১৭৩৫। আপনে হর্দ্ধো চাপরাচির মার্ফত কার্লা বরাদর কমলেশ্বর সিংহ সর্গদেবের নামে রোস সাহেব মরহুম মবলগ ও রাজিরি টাকা এবং বাকি টাকার মকোদ্দমার জন্তে বাঙ্গালা সন ১২১৯ শাল মাহ ফাল্গুন ১৬ ইঙ্গরেজি সন ১৮১৩ শাল মাহ ফেব্বরবরি ২৬ তারিখে চর জার্য্য হেলরো বারলৌ বারনট শাহেব বাহাদুরের নকল সহিত যে পত্র লেখিয়াচিল তাহা পায়া সকল সমাচার জ্ঞাত হৈয়া পরমাপ্যায়িত হৈয়াচি শ্রীযুত নৌবাব চর জার্য্য হেলরো বারলৌ বারনট শাহেব বাহাদুরকে ইখান হৈতে পুর্ব্বে রোস শাহেবের মবলগ টাকার সকল মকোদ্দমা কমললোচন নন্দির মার্ফত লেখিয়াচিলাম সে পত্র নিদর্শন হৈয়া দলিলের দ্বারাই হক তজবিজে যে লোকতে হক পাবনা ঠাহরে তাহা লইব অগ্যাবধি ১০ বসের হৈল তথাচ কোনো স্থাণে তজবিজ হৈল না আর যে শ্রীযুত নৌবাব শাহেব মৌছুফের পত্রের জবাবেতে সন ১৮০৭ শালের মাই মাহাতে মতাবিক সন ১২১৪ বাঙ্গলা বৈসাখ মাহেতে এথানে পহুচিল বিস্তর খেদান্বিত হৈয়া জ্ঞাত হৈলাম আপনে এ মকোদ্দমাতে মনজোগ না করিয়া উল্টা ৺ শাহেব মজকুরের হক ও রাজিরিতে জাহা পুর্ব্বে কবুল মঞ্জুর করিয়াচিলেন এখন আপত্য উপস্থিত করিয়াচেন এমত যে লেখিয়াচেন নন্দি মজকুরে যে ২ লোকতে দাবাঁ করিয়াচিল তাহার যে লোক বর্ত্তমান চিল সে সকলে অনেক ওজর করাতে খতের তজবিজ করাইতে লেখিয়াচিলাম তাহাও অগ্যাবধি হৈল না কিন্তু রোস শাহেবের যে লোকতে দাবাঁ ঠাহরিল তাহাকে—পহিলা জিম্মা করিয়া নন্দি মজকুরের হামরাহে দিয়াচিল আর চেতচিঙ্গের দফার হিচাব কিতাব দস্তাবেজ যে পরিসত্য হৈল সকল নন্দি মজকুরের মার্ফত উছুল করিয়া পাঠায়াচি শ্রীযুত মারকুইচ ওলনজলি বরশাহেবের পত্রে বোধ হৈবেক তথাচ এইক্ষণ রোস শাহেব মজকুরের দাবা তাহার টরনিদিগে বেবাক সকল দাবাঁর বাবুৎ মবলগ ৫০০০০ পঞ্চাষ হাজার টাকা সিম্নে জিলে রঙ্গপুরের কেলেক্টর শাহেবের নিকট পহুচান যে লেখিয়াচেন তাহাতে বর খেদান্বিত হৈয়াছি পুর্ব্বীয় শাহেবলোক সকলের মেহেরর্ব্বানগীতে এ দেষ রক্ষা পায়াচি তথাচ সাবযেস্ হেঙ্গাম ফচাদ বারণ হয় নাই অতেব আপনে চাবেক শাহেব লোকের দোস্তি মেহের্ব্বানগী নজর করিলে দেষশুদ্ধা সমেত রক্ষা পাবা জাই কিন্তু এ দেশের রোস শাহেবের দাবাঁর লোক সে কালিন যে বর্ত্তমান চিল দেষ বিভ্রাটতে মৌত হৈয়াচে যে দো এক জন বাকি আচিল দেসান্তরী হৈয়াচে যে কয়েক জন আছে কাঙ্গাল দরিদ্র প্রযুক্ত পঞ্চাষ হাজার টাকার বিসয়েত পচিচ টাকার জোত্র নাই ইহা পরস্পর শুনিতে

পাই আর মোকাম দরঙ্গে রোস শাহেবের বদিয়তের বিসয় যে লেখিয়াচেন যে ছুন্দিয়া সন্ন্যাসি লোকে খারাপ করিয়াচিল সে লোক গুবাহাটি কিলা সহিতে লুটতারাজ করিয়া লিয়া গিয়াছে এ বিসয় শাহেব লোক সকলে জানা আচেন অধিক কি জ্ঞাত করাইব কিন্তু শ্রীশ্রী৺৺র কৃপাতে আপনাদের পুর্ব্বীয় শাহেব সকলে যে আবতরি অইরানি এ দেষ মখালিফের দখল হৈতে কিঞ্চিত বেহতরী হৈয়াচে ইহার বয়ানের হদ্দ করিতে পারি না তথাচ আমার দুর্দ্দশাতে সাবযেশ সুপ্রতুল হয় নাই সম্প্রতি পূর্ব্ব অঞ্চলে এবং উত্তরে ও নারা খামতি মায়ামরিয়া ডাফলা লেড়াই করিতেচি আর বেজিনির চরহদ্দে মচম্মি মানিক রাই সমেত ছুন্দিয়া গয়রহ জমাইত হৈয়া আর ২ কামরুপের তিনচার পরগনা এবং চৌকী কাণ্ডার খুনখারাপ লুটতারাজ করিয়া অইরান করিয়াচে পূর্ব্বেও হরেক ছুরতে মেহের্ব্বানগী কুরিয়া দেসে আমাকে রক্ষা করিয়াচেন এবং সর্ব্বত্রে সাহায্যজোগে সেষ জঞ্জাল দুর করিবে এমত মনোনীত আচে সম্প্রতি কদিমি দোস্তি গৌর করিয়া আক্সিচের শাহেবলোককে ছুন্দিয়ার জঞ্জাল নিবারন করিতে হুকুম দিবেক কিন্তু শাহেব ব্যতিরেক আমার ভারসাএয়ের স্থান কোন স্থানে নাই যেরুপে সুভিতা হবে তাহা করিবেন ইতি—

---

(১২৪)

শ্রীদুর্গা

প্রচণ্ডপ্রতাপত্রস্তীকৃতভূরিভূমীন্দ্রগণবৈরিবারণবিদারণপঞ্চানন কলিকাত্তাঅধিপ শ্রীশ্রীযুক্ত গবনর বাহাদুর বড়সাহেব সৌর্য্যগাম্ভির্য্যৌদার্য্যগুনাকরসুহৃদবরবরেষু পরমপ্রীতিপূর্ব্বক-বিজ্ঞাপনমদঃ পরন্তু সবিশেষ সমাচারাঃ সম্প্রতি আপনার নিকট শ্রীদুর্গাচরণ দত্ত শ্রীহৃদয়রাম দেব দ্বয়কে উকীল পাঠাইতেছি আমার অনুমতিক্রমে যখন ২ যে যে বিষয় দরখাস্ত করিবেক তাহা নিকট গোচর হবে অপর পূর্ব্বে আপনার নিকট যৎকালীন মোং কলিকাত্তা গিয়াছিলাম তৎকালে দরখাস্ত করিয়াছিলাম জিলা শ্রীহট্টর পরগনে চাপঘাট মোঃ তাঙ্গার মলুকচন্দ দত্তে আমার সহরহদ্দের ১ এক কিত্তা জমী বালাদস্তি করিয়া কাবিজ তছরুপ করিয়াছে এহার তজবীজ হইবার তাহাতে জিলা শ্রীহট্টের কালেক্টর সাহেবর নামে হুখুম হইয়াছিল সরজমীতে আসিয়া তহকিত করিয়া আপনার নিকট রিপট করিবার তাহাতে কালেক্টর সাহেব নিকট ক্রমে ২ পত্র সহকারে উকীল পাঠান গেল তিনী পত্রোত্তর লিখেন এই বিষয় সদরে রিপট পাঠাইয়াছেন তাহাতে হুখুম আইসে সরজমীতে আসিয়া তহকিত করিবা অতএব এই বিষয় পুনশ্চ লিখি যাহাতে অবিলম্বে তজবীজ হয় তদনুসারে অনুগ্রহ পূর্ব্বক হুখুম করিবেন এই বিষয় লোকে ব্যক্ত হইল আপনার নিকট নিজে যাইয়া দরখাস্ত করাতেও কিছুহি তজবিজ হইল না তাহা অতেস্ত লজ্জা বিষয় হইল বিসেষ কি লিখিব—

আপনার নিমিত্তে নজর গজদন্তনির্ম্মিত পিড়ী ১ খানা এবং টুপী ১ গোট পাখা ১ আপনার শ্রীশ্রীযুক্ত বিবী সাহেবের নজর গজদন্তনির্ম্মিত সন্দুকচাহা ১ গোট ও টুপী ১ গোট পাঠাইতেছি স্বীকারানুমতি হবে কিমধিকমিতি শক ১৭৩৫ সাল মাহে ৫ কার্ত্তিক—

---

(১২৩)

শ্রীশ্রীকৃষ্ণ

প্রতুলকত্তা

স্বস্তিঃ সকলমঙ্গলৈকনিলয় শ্রীযুত মেস্তর হুরমান মেকলোড় সাহেবজীউ সহৃদার-চরিত্রেষু আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিশেষ সন ১২২০ সালের ১৬ মাঘের মরকুমা আপনকার পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম লিখিয়াছেন জে দেবনাথ মর্দ্দাইর পীতা হরিস চক্রবর্ত্তির খুনের মোকর্দ্দমার তজবিজ করার কারণ সাবেক কমীসনর সাহেবেক সদরের হুকুম ছিল তখন তজবিজ হয় নাহি ঐ মোকর্দ্দমা সদরের হুকুম মতে আপনে তজবিজ করিবেন এ প্রজুক্ত ইসিমনবিসি দ্রষ্টি করিয়া তাহার মদ্ধে শ্রীফকীর সিংহ সুভেদার ও শ্রীবেচু সিংহ সুভেদার ও শ্রীনোহর সিংহ সুভেদার ও শ্রীরূপন সিংহ রিসালাদার ও শ্রীকোথা জমাদার সাক্ষিআন ও মোকর্দ্দমা মজ্কুর তজবিজ কালিন জনেক মোকক্তারকার মায় মোকক্তারনামা হাজির থাকা জরুর জানিয়া পঠাইতে লিখিয়াছেন অতএব দেবনাথ মর্দ্দই কাহার নামে তাহার পীতার খুনের দাবি কি প্রকারে রাখে তাহা জ্ঞাতো নহি এবং সাবেক কমিসনর সাহেব দেবনাথ মর্দ্দাইর পীতার খুনের মকর্দ্দমার বিসয় কখনো আমাকে লিখেন নাই ও ঐ মর্দ্দইর মোকর্দ্দমার তজবিজ বিসয় সদরের হুকুম তাঁহার নামে ছিল তাহাতে তজবিজ তখন হয় নাই তাহাও জ্ঞাতো নহি দেবনাথ মর্দ্দাই তাহার পীতার খুনের দাবি কাহার পর করিয়াছে তাহার খোলাসা জানিতে পারিলাম না ঐ বিষয়ের কৌফিয়ত খোলাসা জানিতে পারিলে অথবা খোলাসা আপনে লিখিলে সাক্ষিআনকে ও মোকক্তারকার পঠান অপীক্ষা ছিল না আর দেবনাথ মর্দ্দইর পীতার খুনের তজবিজ সদরের হুকুম মতাবেক আপনে করিবেন একারণ ফকীর সিংহ সুভেদার ও গয়রহ সাক্ষিআনকে ও মোকক্তারনামা সমেত মোকক্তারকার তজবিজ কালিন হাজির থাকা জরুর জানিবা জনেক মোক্তার পাঠাইতে লিখিয়াছেন দেবনাথ মর্দ্দইর পীতার খুনের আরজী অথবা দরখাস্ত গুজরাইয়া থাকে তবে তাহার নকল আর এ বিসয়ের তজবিজের হুকুম সদরের জে আছে তাহার নকল অর্থাৎ আমার ওয়াকিফ হওার কারণ মেহেরবানগী প্রকাষ পুর্ব্বক পাঠাইতে অবধান হবেক জ্ঞাতো হইয়া ফকীর সীংহ ও গায়রহ সাক্ষিআনকে ও মোক্তার পঠাইবার

অপীক্ষা কিছু হবেক না আপনে আমার মেহেরবান মেহেরবানি প্রকাষ পূর্ব্বক সতত নিজ মঙ্গলাক্ষানে সন্তোসিবেন জ্ঞাপনমিতি সন ৩০৪ সকা মতাবক সন ১২২০ সাল তারিখ ১৯ মাহ মাঘ—

---

(১২৬)

শ্রীশ্রীকৃষ্ণ

স্বস্তিঃ সকলমঙ্গলোকনিলয়প্রবলপ্রতাব শ্রীশ্রীমহারাজা হরেন্দ্রনারায়ণ ভূপ বাঁহাদুর মহাবলপরাক্রমেষু আপনকার মঙ্গল বাসনাতেই অত্রানন্দ বিশেষ। পূর্ব্ব শ্রীগুরুপ্রসাদ দেওানের বিশয় আপনকাকে দফা (২ ?) লেখা গীয়াছে জে দেওান মজকুর অনেক ২ মন্দ কায্য করিয়াছে এবং আপনকার সহিত শ্রীযুত কোমপানি বাহাদুরের সরকারের জে দোস্তি আছে তাহাতেও খললআন্দাজ হইয়াছে আপনেও আমার সহিত সাক্ষাত কালিন ঐরূপ কহিয়াছেন এবং দেওান মজকুর তোমার নিমকহারামী করিয়া খললআন্দাজ হইয়াছে তাহার একরার করিয়াছেন উপরান্ত ছাপানো জাইতেছে জে দেওান মজকুরের অনেকরূপ জুলুম ও বদিয়ত কোচবেহারের বাসেন্দা ও রেয়ানপর এবং মামলাকারক লোকদিগের প্রতিও হওাতে মলুক অএরান হইয়া আপনকার বদনামী হইতেছে তত্রাচ কোনমতেই গুরুপ্রসাদ মজকুরের বিশয় আপনে তদারক করিলেন না দেওান মজকুর সাবেক বদস্তর আপন কার্য্য বহাল আছে ইহাতে আশ্চর্য্য বোধ হইলো অতএব আহদনামায় ত্রিতিয় দফাতে লেখা আছে জে মলুক কোচবেহার যুক্তে বাঙ্গলার সামীল হইবেক কৌবুলের সাহেবান আলিয়ানে দোস্তের রেয়াএত করায় অন্য ২ জেলার দস্তুরমত বাঙ্গালার সামীল না করিয়া এহিমত আপন জীম্বা রাখিবেন জে নেককার্য্য যাহাতে মহারাজার অর্থাত আপনকার নেকনামী হয় তাহার পরামরস দীতে থাকীবেন তদরূপেই পূর্ব্বাবধি বরাবর আমলে আণীতেছে এবং সাবেক কমিসনর সাহেবলোক ঐ দস্তরমত আপনকার বেহতরি ও নেকনামী করিতে নিজুক্ত ছিলেন এক্ষন আমীহ শ্রীযুক্ত নওাব গবনর জান্দরেল বাহাদুরের হুকুমমতে এহি মুলুকের কমীসনরি কায্যে মকরর হইয়া আশীয়াছি আর আমাকে সদরের হুকুম আছে জে আপনকার সরকারের কায্যের ছুরত্তীর বিসয় জে উচীত পরামরস হয় দীব আর আপনকার সরকারের আমলাহায় মর্দ্ধে জে কেহ নালাএক ও মন্দকারক হয় তাহাকে তফাওত করিবার কারণ আপনকাকে কহিব যদিস্বাত আপনে গ্রায্য না করেন ততখনাত কৌসলে এতেলা দীব মতাবেক দস্তর কদিম ও আমাকে জে একতিয়ার হাশীল আছে তদ অনুসারে আপনকাকে লিখি জে গুরুপ্রসাদ মজকুরের জুলুমে ও বদিয়তে সমস্ত

লোক হয়রান ও প্রেসান আছে ও আপনকার সহিত জে গবনর বাহাদুরের দোস্তি কাএম আছে তাহারো খললআন্দাজ হইয়াছে অতএব আমার এহিপত্র পহছা মাত্র আপনে গুরুপ্রসাদ মজুকুরকে ফৌজদারি ও দেওানি ও গয়রহ কাৰ্য্য হইতে মাজুল করিয়া আপন সরকার হইতে দুর করিয়া দীবেন ইহাতে উভয় পক্ষের আহদনামার কাএমী বিশয় জানিবেন জদিস্বাত এ পরামরস আপনকাকে গ্রাহ্য না হয় তবে আহদনামার কৌলের [অন্তথা] আপন তরফ হইতে করিতেছেন এমত জানিবেন এহি দুই বিসয়ের মর্দ্ধে আপনকাকে জে কীছু মঞ্জুর হয় তাহার জওাব আমাকে লিখিবেন জদ্দিস্থাত গুরুপ্রসাদ মজকুর আপনকার সরকারের কাৰ্য্য হইতে মাজুল ও তফাওত হয় তবে সরকার বাহাদুরের [তুষ্টির (?)] বিশয় এবং আপনকারও বেহতরি জানিবেন নতুবা এ বিসয়ের সেহিমত অন্ত ২ বিশয়ের জে প্রকারে এতেলা কর্‌য্য গীয়াছে এতেলা শ্রীযুত নওাব গবনর জান্দিরেল বাহাদুরের হজুরে করিতে হইবেক নওাব মহম্বুফ কৌবুলের বিবচনারম্বারায় জে হকুম করিবেন তাহার মত আমলে আশীবেক আপনে আমার মেহেরবান এমতে জ্ঞাতো কারণ লিখিলাম আর অবকাষ মতে সিগ্র আপনকার সহিত সাক্ষাত হইলেই আমার সন্তষ্টের বিসয় জাতাআতে নিজমঙ্গলাক্ষনে সন্তোষ করিবেন ইতি সন ১৮১৪ সাল ইং তারিখ ৩ ফিবরওারে মোতাবেক সন ১২২০ সাল বাঙ্গালা তা ২২ মাঘ।

শ্রীশ্রীকৃষ্ণ •

স্বস্তিঃ সকলমঙ্গলোকনিলয় শ্রীযুত মেস্তর হুরমান মেকলৌড় সাহেবজিউ সহৃদারচরিত্রেষু। আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিশেষ। সন ১২২০ সালের ২২ মাঘের মরকুমা আপনকার পত্র পাইয়া সমাচার জ্ঞাত হইলাম আমার দেওান শ্রীভাইয়া গুরুপ্রসাদ রাএর বিসয় লিখিয়াছেন দেওান মজকুরের কৌফিয়ত পূর্ব্ব আপনকাকে লিখিয়াছি তাহাতে জ্ঞাত আছেন বেকষুর দেওান মজকুর কি প্রকারে তফাওত হইতে পারে আমার সরকারের দস্তর আছে বেকষুর বেতজবিজ কোন চাকর তফাওত হইতে পারেনা এবং শ্রীযুত কম্পানি বাহাদুরের সরকারের এমত দস্তর নহে যে কোন চাকর বেকষুর তফাওত হয় দেওান মজকুর আমার সরকারের কদিম চাকর এবং অনেক কাৰ্য্যের বেহতরি ও রাফাহিয়ত করিয়াছে ও করিতেছে আপনকার লিখনানুসারে জানিলাম আমার দেওানকে জওাব দেওার অভিপ্রায় ইহার কারণ কিছু বুঝিতে পারিলাম না দেওয়ান মশুবের কি তকসির এবং আপনে ঐ তকসিরের কি তজবিজ করিয়াছেন তাহার খোলাসা কীছু লিখেন নাই ও ২৭ মাঘ আপনকার সহিত সাক্ষাৎ হওাতে দেওান মজকুরকে তফাওত করার বিসয় জে মত আপনে কহিয়া ছিলেন তাহাতে দেওান মজকুরের কষুরের বিষয় আপনকাকে জিজ্ঞাসা করাতেও কীছু কহেন নাই অতএব বেকষুর বেতজবিজ আমার সরকারের চাকর তফাওত করা দস্তর নহে

এবং শ্রীযুত কম্পানি বাহাদুরের সরকারের ও জাবতা নহে জে বেকষুর বেতজবিজ কোন চাকর তগাওত হয় অতএব দেওয়ানের কসুরের তজবিজ বিসয় আমার তরফ সাক্ষাৎকার আপনকাকে কহিয়াছি তাহাতে জ্ঞাতো আছেন আপনে আমার মেহেরবান সতত মঙ্গলাক্ষনে সন্তোষ করিবেন জ্ঞাপনমিতি সন ৩০৪ সকা মতাবক সন ১২২০ সাল বাঙ্গালা তারেখ—২৯ মাহ মাঘ—

---

(১২৭)

শ্রীশ্রীকৃষ্ণ

স্বস্তিঃ সকলমঙ্গলোকনিলয়প্রবলপ্রতাপ—

শ্রীশ্রী মহারাজা হরেন্দ্রনারায়ণ ভূপ বাহাদুর মহাবলপরাক্রমেষু।—

আপনকার মঙ্গল বাসনাতেই অত্রানন্দ বিশেষ'। মালুম হইলো জে শ্রীবৈজনাথ কুওরের চাকর ছুইজন ভেটাগুড়ি মোকামে শ্রীবৌকুন্ট কুওর ওরফে চালুথাওা সাহেবের জয়গাতে আপনকার আওাসের নিকট থাকিয়া আসাম জাওার কারণ লে[া]কদিগেক চাকর রাখিতেছে আপনকার সরকারের এলাকাদার শ্রীরঘু বকসি ও শ্রীগোপাল সিংহ ঐ কার্য্যের সরিক আছে অতএব আপনকার সহিত শ্রীযুত কোম্পানি বাহাদুরের সরকারের জে আহদ ও দোস্তি আছে তাহার মত আপনকাকে উচীত নহে যে সরকার বাহাদুরের তরফ সাহেব লোকের বিনা অভিপ্রায় সেপাহিলোক আপনকার রাজগীর মলুক হইতে অন্য মলুকে জায় অথবা আপনে কোন অন্য মলুকের মালিকের মদদ করেন জদিস্তাত এথা হইতে ফৌজ অন্য মলুকে জায় তবে তাহার বদলাতে ছুসরা তরফ হইতেও নিজুক্ত হইতে পারে পরে তাহাদিগেক দুর করাতে এ সরকারের কেলষ্ট হওার বিসয় উপরান্ত ঐহি সিপাহিলোক জে বৈজনাথ কোওরের অভিপ্রায় মতে জমা হইতেছে ও তাহাকে আসামের তরফ ফৌজকসি করা মঞ্জুর অতএব আসামের রাজার সহিত এই সরকারের জে দোস্তির ছিলছেলা দুরস্ত আছে ও আপনকার মলুকের মত জে মলুক কোম্পানি বাহাদুরের জের ছায়াতে আছে তাহার মলুকে এমত লোকের মদদ করা প্রকত কোম্পানি বাহাদুরের সরকারের সহিত দুসমনাগীর বিশয় সেমতে লিখি আপনি খুব তদারক করিবেন জে এখন হইতে আপনকার মলুকের সেপাহিলোক ঐ তরফ জাইতে না পারে সতত মঙ্গলাক্ষনে সন্তুষ্ট করিবেন ইতি সন ১৮১৪ সাল ইঙ্গরাজী তারিখ ২২ মারচ মোতাবক সন ১২২০ সাল বাঙ্গলা তারিখ—১০ চৌত্র—

---

(১২৮)

শ্রীশ্রীসিব

শরণং

স্বস্তি: সকলমঙ্গলোকনিলয় শ্রীযুত মেস্তর হুরমান মেকলোড় সাহেবজিউ সহৃদার-চরিত্রেষু।—আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিশেষ। ১০ চৌত্রের মরকুমা পত্র পাইয়া সমাচার জ্ঞাত হইলাম লিখিয়াছেন শ্রীবৈজনাথ কোঙরের চাকর দুইজন ভেটাগুড়ি মোকামে থাকিয়া আসামে জাওয়ার কারণ লোক চাকর রাখিতেছে আমার সরকারের শ্রীরঘুনাথ বকসী ও শ্রীগোপাল সিংহ ঐ কার্য্যের সরিক আছে। অতএব আপনকার পত্র পাইবা মাত্র ইহার তদারক করাতে মালুম হইলো জে শ্রীরঘুনাথ বকসি করিব এক মাস ৺ গঙ্গাবগাহন নিমিত্যে গীয়াছে এথানে নাই শ্রীগোপল সিংহের জবানবন্দি করাতে জানা গেল জে সিংহ মজকুর ঐ বিষয়ের কিছু জানে না ইহারা দুইজনে ঐ মাজারার সরিক এমত জানা গেল না এমত মাজারার সরিক জানিতে পারিলে ইহার বিহিত প্রিতিকার হওার বিশয় রঘুনাথ বকসি ও গোপাল সিংহ ইহারা আমার সরকারের চাকর ইহারা ঐ মাজারার কি প্রকার সরিক আপনে তাহার খোলাসা লিখিলে জদি ইহারা সরিক হয় এমত সাব্যস্ত হইলে বিহিত প্রতিকার করা জাবেক আর এই বিসয়ের বিহিত তদারক করাতে জানা গেল জে শ্রীবৈজনাথ কোঙরের তরফ শ্রীযুবংস চক্রবর্ত্তি কোঙর মজকুরের পত্র সমেত শ্রীআলেপ সিংহ কুমেদানের নিকট আসিয়াছিল কুমেদান মজকুর মোকাম রঙ্গপুরের শ্রীযুত কেন্টওর সাহেবের দেওয়ান শ্রীরামমোহন রায়ের পাষ আছে ঐ কুমেদান মজকুর হাতিয়ারবন্দ লোক চাকর রাথার কারণ যুবংস মজকুরকে পাঠাইয়াছে যুবংস মজকুর কুমেদান মজকুরের পাঠান মতে চাকর রাথার কথা জারি করাতে উমেদার চারি পাচ জনা লোক তাহার পাষ গিয়াছিল তাহারদিগের হাতিয়ারআদি নাই এবং চাকর মকরর হয় নাই যুবংস চক্রবর্ত্তি মজকুর দিগের জবানবন্দিতে এমত জানা গেল অতএব যুবংস মজকুর ও ঐ উমেদার চারি পাচ জনা লোকেক য়েথান হইতে নেকালিয়া দেওা গেল ও হাতিয়ারবন্দ লোক আমার রাজগীতে জমাএত হইতে না পারে তাহার হুকুম দেওা গেল জে জদি এথানে হাতিয়ারবন্দ লোক জমাএত হয় পাকড়া হইয়া সাজায় পহুছিবেক আপনকার জ্ঞাত কারণ লিখিলাম আমার সরকারের কোন লওাহেক লোক এমত বিসয়ের সরিক হওা ও আমার এথান হইতে অন্ন কাহারু মদদ দেওা কোন প্রকারে সম্ভাব নহে ও আপনেও এমত গ্রাহ্য করিবেন না সতত মঙ্গলাকনে সন্তোষ করিবেন জ্ঞাপনমিতি সন ৩০৪ সকা মোতাবেক সন ১২২০ সাল বাঙ্গলা তারিখ ১৭ মাহে চৌত্র—

———

(১২৯)

শ্রীশ্রীকৃষ্ণ

পারসির পত্রের তরজমা—

বিসেষ'। আমি জখন হইতে এ মোকামে আসিয়াছি তদবধি আপনকার ও আমার সহিত জে সকল কায্যের বিসয় লিখিত পড়িত ও কথবকথন হইয়াছিল তাহার রোএদাদের সমস্ত কাগজাত শ্রীযুত নওাব গবনর জান্দরেল বাহাদুরের হুজুরে কৌসলের এজলাসে দরপেষ হইয়াছে ও আপনকার জে সকল রাইয়ত লোকের প্রতি হইয়াছে ও আপনে আপন অন্তকরণে কম্পানি বাহাদুরের সরকারের সহিত জেমত আসচয্য বিসয় ঠাহরিয়াছেন তাহার মতে আপনে ও আপনকার কায্যকারক আমলা লোক আমার সহিত ও সাবেক কমিসনর সাহেবের সহিত ঐ প্রকার করিয়াছেন আর আপনকার হইতে কএক রকম কায্য কএক দফা প্রকাষ হওা মতে আমাকে সরকার হইতে কমিসনরি কায্যে নিযুক্ত হওার সবব হইয়াছে নওা[ব] মৌষুফ ঐ সকল বিসয়ের অনেক প্রকার গৌর ও বিবেচনা করাতে জে আসল হকিয়ত ও হকুক দিগর [ছিন্ন] আছে তাহার সহিত মোকাবেলা করিয়া কৌসলের ইজলাসে জেমত আজ্ঞা করিয়াছে [ছিন্ন] আপনকাকে লিখিতেছি আপনকাকে উচীত জে এমত হুকুম বিনে ওজর আমলে আনিবেন তাহার মজুমন এহি সরকারের আসল এলাকার ও ফরমাবরানির একক্তিয়ার এ মলুকের পর জে প্রকার আছে আর ইহার সববে জে তোমাকে করা উচীত ছিল তাহার বরখেলাপ জাহের হইয়া গবনর জান্দরেল বাহাদুরের বিবচনাতে এহিয়ত হইলো জে এ মলুকের পেষকস সরকারে দাখিল হইতেছে এ সরকারের তদারক ও ছায়াআন্দাজি না হইলে আপনকার রাজগী কোন প্রকারে কাএম থাকিতে পারে না ইহাতে আপনকাকে উচিত ছিল জে আপনে অতি নিয়াজ ও আরজমন্দি ও আদব কাএদাতে এই সরকারে ও সরকারের কায্যকারক সাহেব লোকের সহিত করিতেন এবং জে সকল লোক এ সরকারের এলাকাদার হন তাহারদিগের সহিত এমত করিতেন জে তাহারদিগেক কোন বিসয় কেলষ্ট না হয় কিন্তু আপনে জে প্রকার সাবেক কমিসনর সাহেব ও এদানিক আমার সহিত করিয়াছেন ইহাতে জানা গেল জে আপনে আপন অন্তকরণ হইতে খেলাপ প্রকাষ করিয়াছেন নাজের দেওর জে মসহারা প্রকর্ত্ত হওা জরুর ছিল তাহা হইতে কমী মকরর হইয়াছে তত্রাচ আদায় হয় না এবং জে জমী তাহার কারণ মকরর হইয়াছে তাহা দখল করিয়া নেয়ারি কএক দফা আপনে মনস্ত করিয়াছিলেন আর দেওান দেওর জে সকল জমিন মকরর আছে তাহার পর দস্তআন্দাজ হইয়া জুলুমের রওাদার হইয়াছেন এবং হরেস চক্রবর্ত্তি নামে একজন তাহার এলাকাদার ছিল সোভা বড় হইয়াছে জে সেহ আপনকার আমলা লোকের তদবিরে মারা পড়িয়াছে তাহার তজবিজের বিসয়ে জখন সরকারের এরাদা হইলো তখন আপনে তাহার তজবিজ না হওার রওাদার হইলেন আর আমি সরকারের তরফ হইতে এখানে

CENTRAL LIBRARY

আছে আমার সহিত কএক দফাতে জেমত ২ বেত্বুবি করিয়াছেন তাহাতে এ সরকারের অমর্যাতার বিসয় জ্ঞান হইয়াছে অতএব জে আহদনামা আপনকার সহিত সরকারের মর্যাতার বিসয় আছে তাহার মজমনের অনেক বরখেলাপ হইয়া কৌলকরারের মত জে আপনকাকে করা উচীত ছিল তাহার বরখেলাপ করিলে জে জে বদলা হয় তাহা আপনকাকে লিখিতেছি সরকারের ও রাজা মতওফার সহিত জে আহদনামা আছে তাহার ৩ তিসিরা দফাতে সাফ মালুম হয় জে মলুক কোচবেহার বাঙ্গলার সামিল হামেসা কোম্পানির সরকারের সাহেবলোকের একত্তিয়ারে থাকিবেক ও আপনকার পীতা মতওফা আপন খুসিতে কবুল করিয়াছেন জে এ সরকারের হামেসা তাবেদার ও ফরমাবরদারিতে থাকিবেন আর ৫ পাচ দফাতে লেখা আছে জে এ মলুকের জমার নিম্পী সরকারের নালবন্দিতে দাখিল হইবেক ও নিম্পি তোমার জিম্বা থাকিবেক এহি সরতে জে তুমি সরকারের এতায়ত ও ফরমাবরদারিতে থাকিবো রাজা মতওফার কৌলকরারে মাহাফিক কোম্পানি বাহাদুরের তরফ সাহেবলোককে জে হকুমতের একক্তিয়ার হাসিল আছে তাহা অদ্যবধি ছুটে নাই ও জখন সন ১৭৮৯ সাল ১৩ মাই [ছিন্ন] সাহেবলোক এ মলুক বাঙ্গলার সামিল করা মোকুফ করিয়া তোমার একত্তিয়ার দিয়াছেন তখনহ [ছিন্ন] জে হকিয়ত এ সবকারে হাসিল আছে তাহা হামেসা বাহাল বরকরার থাকিবেক আর কোরট আফ ডরেকট্টরের সাহেব লোক নিম্পী জমা আপনকার জিম্বা থাকিবেক তাহা এহি সরতে মনজুর করিয়াছেন জে তুমি হামেসা ফরমাবরদারিতে থাকিবা তাহার মতে আহদনামার আসল মজমন ও কৌলকরারের মাহাফিক আর২ জে ২ মতলব কৌসলের সাহেব লোক ও কোরট আপ ডেরেক্টরের সাহেবলোক দরিআপ্ত করিয়া নিকলাইয়াছেন তাহার মতে ঐ সরকারের তাবেদারি করা তোমাকে বড় উচিত ইহার বরখেলাপ করিলে তোমার উপর হইতে ছায়া— আন্দাজ উঠান জায় এমত বদলা নহে তোমার তসরুপে নিম্পি জমা জে আছে তাহা সরকারে জপ্ত করিয়া লওা উচীত শ্রীযুত নওাব মৌবুফ আজ্ঞা করিয়াছেন জে উপরকার লিখিত কৈফিয়তের অনুসারে আর হাল কমিসনর সাহেবের সহিত তুমি ও তোমার আমলা লোক জে প্রকার করিয়াছে সে সকল ফরমাবরদারি ও তাবেদারি তোমাকে জে উচীত ছিল তাহা সমস্ত বরখেলাপ মালুম হইয়াছে অতএব নিম্পী জমা এ মলুকের তোমাকে এহি সরতে দেওা গীয়াছিল জে তুমি তাবেদারিতে কাএম থাকীবা এহিক্ষণ এই উচীত জে তোমার স্থানে সমস্ত [মলুক] লওা জায় ঐ কথা বুঝিবার উপযুক্ত জে মন্দ ক্রিয়া করিলে [ছিন্ন] লোকের পরামরসমতে এমত কাযা করিলে এহি ফল হয় কিন্তু সাহেবলোক [ছিন্ন] প্রিকিতি অনুগ্রহ ও দয়া জেমত আছে তাহাতে আশ্রিতোকে সাধ্যক্রমে ধংস করেন না [ছিন্ন] দস্তগিরি করেন তাহাতে কোন প্রকারে ছাড়েন না এহিক্ষণ এহি এরাদাতে তোমার [ছিন্ন] মলুক লইলেন না জে তুমি হামেসা এ নতুন মেহেরবানি ও দয়া জ্ঞান করিয়া হামেসা বুকুর [ছিন্ন] চাহিত হইবা শ্রীযুত নওাব মৌবুফের অন্তকরণে দানত ও এনছাফ বহুত আর সরকারের সানসওকতে কোন প্রকারে নেম না লাগে এমত চাহিত

আছেন সেমতে বিবচনা করিলেন জে এ প্রকার তদবির করেন জে তাহার এ দুই ভারি মতলব হাসিল হয় অতএব শ্রীগুরুপ্রসাদ ও শ্রীরামপ্রসাদ মুনসির কএক সবব প্রথম বদনামির মযুরি দিতিয় কমিসনর সাহেবের সহিত ব্যোহুবি করার সরাকত্তি অর্থাত সে ব্যোহুবি সরকারের সহিত হইয়াছে ত্রিতীয় হরেস চক্রবত্তির খুনের রাজদারির সববে হুকুম নাতক করিয়াছেন জে গুরুপ্রসাদ ও রামপ্রসাদকে অতি সিগ্র মাজুল করিয়া ৺কোচ বেহারের মলুক হইতে বাহির করিয়া দিবেন জাতে অতি সিগ্র এ হুকুম আমলে আইসে তাহার মত করিবেন কিন্তু এক হপ্তার বেসি মহলত না হয় আর এ মুলুক সরকারের জের ছায়াতে আছে সরকারের বিনে মেহেরবানিতে মমকীন নাহি জে বরকরার থাকে ইহাতে এ মলুকের পর জদির্স্যাত কোন প্রকারে জুলুম হয় তাহা তদারক না করিলে ঐ জুলুম সরকারের জানিব হওার বিশয় এমতে জরুর হইলো জে এ দুইজন মাজুল হইলে পর আপনকার দেওান জে হয় সে কৌবুলের সাহেব লোকের মনজুরিতে মকরর হইবেক পরে শ্রীযুত নওাব গবনর বাহাদুরের হুকুম মতে পুন্ন ২ তোমাকে লেখা জাইতেছে জে তুমী এ নাগাএদ জে প্রকার তোমা হইতে জাহের হইয়াছে সে সমস্ত উপরকার লিখিত মাজারার বহুত ২ বরখেলাপ তাহার বদলে জে ২ হুকুম উপযুক্ত ছিল তাহা দয়া করিয়া সাদের করেন নাহি জদি আএন্দা ঐ মত বরখেলাফি জাহের হয় তবে বিনা সোবা ও সকে সক্ত হুকুম জারি হইবেক এ পত্রের জওাব জদির্স্যাত গুরুপ্রসাদ ও রামপ্রসাদের পরামরসমতে লিখিবেন তবে নওাব মহসুফের নাফরমানির সবব জ্ঞান হইয়া ঐ পত্র না মঞ্জুর হইয়া ওয়াপোষ হইবেক ইতি সন ১৮১৪ সাল ইঙ্গরাজী তারিখ ৬ আফরেল মোতাবক সন ১২২০ সাল তারিখ— ২৫ চৈত্র—

---

(১৩০)

৺শ্রীশ্রীকৃষ্ণ—

প্যারসির পত্রের তরজমা—

বিশেষ'। আপনকার পীতা ও শ্রীযুত কোম্পানি বাহাদুরের সরকারের সহিত জে আহদনামা আছে তাহার ৮ আট দফাতে লেখা আছে জে জদিস্যাত রাজা অর্থাত আপনকাকে মলুকের হেফাজত ও মোখালেফের দফা করার কারণ ফৌজের দরকার হয় এ সরকার হইতে তয়নাত হইবেক তাহার মতে জখন আপনকাকে দরকার হইয়াছে ততখনাত মদদ দেওা গীয়াছে ও আএন্দা দেওা জাবেক এ মতে শ্রীযুত নওাব মস্তাব মাআল্লাআলকাব গবনর জানরেল বাহাদুর দাম একবালহু আপনকাকে ফৌজ রাখার দরকার না জানিয়া হুকুম করিয়াছেন জে সেওায় সেফাহিয়ান সাবেক অর্থাত কোম্পানি

CENTRAL LIBRARY

সোতা সিংহ ও রেসালা রুপন সিংহ আর হাতিয়ারবন্দ লোক অর্থাত খাস কোম্পানি ও গায়রহ জে সকল লোক আপনকার চাকর আছে তাহাদিগকে বরতরফ করিবেন সে মতে লিখিতেছি খাষ কোম্পানি ও গায়রহ জে সকল সেপাহি আপনকার পাস হাজির আছে দুই রোজ মর্দ্ধে তাহাদিগেক বরতরফ করিবেন আর জে সেপাহি লোক তহসিলের [ছিল] আছে তাহারদিগের বদলিতে সোতা সিংহ ও রুপন সিংহের জানিব লোক পাঠাইয়া তাহাদিগকে আপন নিকট অতি সিগ্র আনাইয়া বরতরফ করিয়া সে সকল সেপাহি লোক এবং তাহারদিগের সকল সরদার সমেত আমার নিকট পাঠাইবেন জে সকল লোক কোম্পানি বাহাদুরের মুলুকের বাসেন্দা হয় তাহারদিগেক রঙ্গপুরের তরফ জাওার হুকুম দেওয়া জায় ও জাহারা এ মলুকের বাসেন্দা হয় তাহাদিগেক মোনসাই নদী পার জাওার হুকুম দেওা জায় আপনকাকে পুনঃ ২ লিখিতেছি জে এ হুকুম আমলে আনিতে কদাচ দের না করিবেন ইতি সন ১৮১৪ ইঙ্গরাজী তারিখ—১৮ আপরেল—মোতাবক সন ১২২১ সাল তাং ৫ বৈশাখ—

---

(১৩১)

শ্রীশ্রীকৃষ্ণ

প্রতুলকত্তা

স্বস্তিঃ সকলমঙ্গলোকনিলয় শ্রীযুত মেস্তর হুরমান মেকলোড় সাহেবজিউ সচ্চরিত্রেষু আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিশেষ'। সন ১২২১ সালের ১৫ বৈশাখ আপনকার সহিত আমার সাক্ষাত হওাতে সাক্ষ্যাত কালিন আমার মলুক অবতর হওার ও তাহা দুরস্তির কথা জেমত ২ কহিয়াছিলেন তাহা আমি দরিআপ্ত করিলাম সে সকল কথা আমাকে ভাল জ্ঞান হইল অতএব মলুকের বেহতরি ও আমার প্রতি শ্রীযুত নওাব গবনর জানরেল বাহাদুরের জদি কোন সোতা হইয়া থাকে তাহা না থাকার কারণ আপনকাকে লিখিতেছি জে আপনে আমার তরফ নওাব মৌকুফকে লিখিবেন জে আদালত দেওানি ও আদালত ফৌজদারির আদল ও ইনসাফ জরুর জাহাতে রাইয়ত লোকের আমালিয়ত ও করারিয়ত হইয়া মলুকের আবাদানি সংসন্দরূপ তহসিল হয় এ প্রকার কাম্বন মকরর করেন আর ঐ কাম্বন এই প্রকার হয় জে আমার মলুক ও আমার মলুকের আদালত সুবে বাঙ্গলার সামিল না হয় এবং আদালত ও ইনসাফের ও কাম্বন এ প্রকার দারা হয় জে কোম্পানি বাহাদুরের রক্ষিত আমার মরাতবাত ও সান বাহাল থাকে আর জে কাম্বন ও কাএদা মোকরর হয় তাহা আমার পর ও আমার আওলাদ পর ও আমার মহলের পর না হয় আর সরকারের তরফ একজন কমিসনর সাহেব এথাতে থাকীয়া তাঁহার মারফতে ঐ কাএদা মুরতে আমার নামে ও আমার মোহরে মলুকের রেওাজ ও সাস্ত্র অনুসারে আদালত দেওানি ও আদালত ফৌজদারির কাজের আঞ্জাম হয় আমার ৮৴ দর্ত্ত গজসিককার রাজত্য

CENTRAL LIBRARY

আমি সেৎসাতে কোম্পানি বাহাদুরের আশ্রয়ে লইয়াছি শ্রীযুত নওাব গবনর জানরেল বাহাদুর ও সাহেবান সদর ও সাহেবান জিলা হরদুরতে আমার সান ও রাজগীর মোরাতেবাত বহাল রাখিয়াছেন আপনেও জথেষ্ট মেহেরবানি প্রকাশ করিয়া আসিতেছেন এবং প্রকাশ রাখিবেন আর আমার মলুকের মহাছেল অল্প আমার সগল লোক সহিত আমার খরচে শঙ্কা করে না এমতে কমীসনর সাহেবের মসাহেরা আমি দিতে পারিব না আদালত দেওানি ও আদালত ফৌজদারি ও ফুলিসের আমার দরমাহা আমার সরকার হইতে দিব আর সাহেব কমীসনর আদালতের কার্য্যে অখন হইতে আরাম করেন আপনে আমার মেহেরবান সতত মঙ্গলাক্ষণে সন্তোষ রাখিবেন জ্ঞাপনমিতি সন ৩০৫ সকা ৩০ বৈশাখ—

শ্রীশ্রীকৃষ্ণ

প্রভুকত্তা

স্বস্তিঃ সকলমঙ্গলোকনিলয় শ্রীযুত মেস্তর হুরমান মেকলোড় সাহেবজীউ সহৃদারচরিত্রেষু। আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিশেষ। আপনকার চৌকীপহরা ও মরাঘাট ও জেহেলখার হেফাজাত কারণ পঞ্চাস জন সিপাহি শ্রীযুত কোম্পানি বাহাদুরের সরকারের তরফ মোকরর করিতে আবধান হবেক ঐ সিপাহি লোকের দরমাহা আমার সরকার হইতে পাইবেক আপনে আমার মেহেরবান সতত নিজমঙ্গলাক্ষনে সন্তোষ রাখিবেন জ্ঞাপনমীতি সন ৩০৫ সকা তাং ৩১ বৈশাখ—

---

(১০২)

শ্রীশ্রীকৃষ্ণ—

স্বস্তিঃ সকলমঙ্গলৈকনিলয় শ্রীযুত মেস্তর হুরমান মেকলোড় সাহেবজীউ সহৃদারচরিত্রেষু। আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিশেষ'। আমার গজসিকর্ত্তার রাজত্যের হোরমত ও প্রধান অংস আদালত ফৌজদারি ও আদালত দেওানি ও জরব নারানি টাকা এই হোরমত ও অংস বাহাল থাকার নিমিত্যে এবং ছুসমন লোকের হাতে বাচাইসের কারণ রোজ বরোজ সর্ব্বাংসে তরকীর নিমিত্ত সেৎসাধিন আমার পীতা ও আমার জেষ্ঠ ভ্রাতা ধরেন্দ্রনারায়ন মহারাজা কুম্পানি ইংরেজ বাহাদুরের ছায়া নিয়াছেন এবং আপন রাজগীর নালবন্দি কবুল করিয়াছেন তদবধি কুম্পানি ইংরেজ বাহাদুর ঐ কৌলকরার পর মন্দ নজর রাখিয়া অতেষ্ট মেহেরবানি করিয়া আসীতেছেন ইতক বৃত আর এ নাগাএদ কোন বিসয়ের তিলার্দ্ধ বেতিক্রম সেখান হইতে কী এখান হইতে হয় নাহি এবং হবেক না আর সেখান হইতে অন্যথা জে হবেক না ইহা পুর্ব্বাবধি একিন জানা আছে এবং শ্রীযুত গবনর বাহাদুর আমাকে হজুরের পত্রাপত্র দ্বারায় ও মেহেরবানি দ্বারায় আর ওখান হইতে অথবা আমা হইতে অন্তর্থা কোনরূপে হবেক না তাহার কারণ এই জে তাঁহার ছায়াতে আমী

CENTRAL LIBRARY

বাকারাগতে ও বাহরমতে ও বাখুরীতে দিন গুজরান করিতেছি আদালতে ফৌজদারি ও আদালতে দেওানি পুর্ব্ব আপনকাকে সপর্দ্দ করিয়াছি এবং আদালত ও ফৌজদারি বিশয় নতুন একতারা অর্থাত আইন বতওর জে চাহিয়াছিলাম তাহাতে সাস্ত্রসর্মত আদালত ফৌজদারির আইন কোম্পানি বাহাদুরের সরকারে তয়ার হয় না ২৭ জৈষ্ট আপনকার সহিত সাক্ষাত হওাতে আপনকার বাচনিতে ঐ কথা জানা গীয়াছে অতএব সাস্ত্র অনুসারে এ পর্য্যন্ত আমার রাজগীর আদালত ফৌজদারের কার্য্য পীজীরা পাইতেছিল পুর্ব্ব ৩০ বৈশাখের পত্রে জে সকল লিখিআছি তাহা সকল বাহাল রাখিয়া ফৌজদারির আইন কৌসলান সাহেবান লোকের বুদ্ধি অনুসারে এক মত আইন তয়ার করেন জে মুবে বাঙ্গলার আইনের সামীল আইন না হয় আর সতং মঙ্গলাক্ষনে সন্তোস করিবেন ইতি সন ৩০৫ শক তারিখ ৮ আশাড়—

---

(১৩৩)

শ্রীদুর্গা

প্রচণ্ডপ্রতাপখর্ব্বীকৃতাখর্ব্বারাতিগণবৈরিবারণবিদারণপ্রমত্তপঞ্চানন শ্রীশ্রীযুত নবাব গবনর জানরেল যংবাহাদুর বড়সাহেবাসেষ কৃপালসন্দোহশরণাগতসংরক্ষণজনিত-যশোমলিনীকৃতশারদেন্দুকরনিকরেষু সাময়িক বিজ্ঞাপনং পরন্ত সমাচারাঃ আমারদিগের অতিসয় দিন সামান্য ক্রমে মদগ্রজ কৃষ্ণচন্দ্র নারায়ন মহারাজা ৩ কার্ত্তিক মঙ্গলবার স্বর্গপ্রাপ্ত হইয়াছেন তাহাতে শোকান্তর পতিত হইয়াছি অপরঞ্চ পূর্ব্বানুসারিক রাজরীতিক্রমে মন্ত্রিবর্গ বিবেচনা পূর্ব্বক স্বরাজ্য শাসন ব্যাপার নিযুক্ত হইয়াছি এহার সবিশেষ অশৌচানন্তর রাজত্বাভিষেকোত্তর বিস্তারিত প্রকারে গোচর করিব অন্যক মদভ্রাতৃ মহারাজা আপনার আশ্রিত হইয়াছিলেন আপনেহ তদনুসারিক যথোচিৎ মেহেরবানী করিয়াছেন অন্য সময় মদগ্রজ মহারাজানবস্থিতে অনাশ্রয়ী হইয়াছি আপনার অনুগ্রহমাত্র ভরসা অতএব পুর্ব্বানুসারে যথোচিত অনুগ্রহ স্নেহ বাসনা করিবেন কিমধিকমতি শক ১৭০৬ সাল ৫ কার্ত্তিক—

প্রচণ্ডদোর্দ্দণ্ডপ্রতাপান্বিত শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানরেল জংবাবাহাদুর বড়সাহেব দেশদেশান্তরনিয়োজিত জজ সাহেব কালেকটর সাহেব নিকরেষু।

১৩৪ নং পত্রের আলোকচিত্র

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

(১৩৪)

শ্রীশ্রীহরি :

সরণং—

৭ স্বস্তি প্রাতস্তক্রিয়মানদিনমনিমণ্ডলনিজভুজপ্রতাপতাপীতসত্রু সমুহপুজিতালিখনং কৈল্যকাতার ৺স্বর শ্রীশ্রীগবরনর জানেরেল বাহাদুরজি: বিসমসমরে প্রচণ্ডপ্রতাপেষু: বিসেষ্য: য়ামি দরিপাটিত বসীয়া দেবরাজা হইয়া চামর্চ্চির দুয়ারের ভূমের সিমানা সরহদ্দের বিসএ আমার এথানের নজরান সোয়াগতে সহিতে য়াপনকাকে পত্র লিখিতে মোনস্থ ছিলো তাহাতে য়ামার ভোটান্ত মলুকের তজবিজ য়াদিতে বেস্ত হইয়া আপনার নিকট পত্র লিখিতে পারি নাহি: ইতি মধ্য সন ১২২১। সালের মাহে ১৫ অগ্রহানের পত্র ২৩ পৌষ আপনের ‘এক পত্র পাইয়া বহুত য়ানন্দ হইলাঙ। পত্রের বিবরন সবিসেষ: জ্ঞাত হইলাঙ আপনকার সরকারে ভূমের উপর নেপালের ফৌজ উপদ্রহ করে এজন্তে য়াপনে নেপাল সহিতে লড়াইর মোনস্ত করিয়াছে সে য়তি ভালো নেপাল সহিতে আমার কোন দরকার নাহি: এবং নেপালের ফৌজ আমার ভোটাস্তের রাস্তা হইয়া আপুনির মলুকে চড়াও করিবেক এ কারণ নেপালের ফৌজক য়াটক করিতে লিখিয়াছেন সম্প্রতি ফৌজ আমার সরহর্দ্দে য়াইসে নাই জদিস্তাত দৈবে নেপালের ফৌজ য়াসীয়া আমার সীমানাতে পহচে তবে তাহার খবর জানীঞা আপনকার নিকট পত্র লিখা জাবেক এবং আমার সরকারের ফৌজ দালিমকোট ও চামর্চ্চির ঘাটের উপর জমা হইয়াছে য়েরূপ আপনাকে মালুম হইয়াছে তবে য়ামার ফৌজ কোনো মোকামে জমা হএ নাই একথা মিথ্যা চামর্চ্চির দ্বারের শুভাকে তগির করিয়া আমার সরকারের একজন জিনকাপ জন কএক ভোট মানুস সহিতে শুভা বদল থানাদার করিয়া চামর্চ্চির আপন সীমানাতে রাখিয়াছি এহি সেওাএ কোনো কথা নাই পুর্ব্বে য়ামার এথাহনে বুড়া শুভাকে কৈল্যকাতা পাঠাও। আমার ভোটান্ত মলুকের সিমানা সরহর্দ্দ আপুনী করিয়া দেওাইছেন শেহি সরহর্দ্দ মাহাফিকে কথক কাল প্রযন্ত ভোগ করি ইতি মধ্য বেহারের রাজা মিথ্যা সীমানার তহমত দিয়া জবরদস্তি করিয়া চামর্চ্চির দ্বারের সিমানা রদ করিয়া আমার সরহর্দ্দের ওনেক ভূম লইয়াছে পূর্ব্বের সিমানা সরহর্দ্দের নক্সা কাগজ আপুনির সরকারে থাকিতে পাএ সেহি কাগজ সহিতে জনেক সাহেবলোক পাঠায়া চামর্চ্চির সিমানা তজবিজ করিয়া আমার মাটী য়ামাকে দেলাইতে অনুগ্রহ হৈতে পাএ শ্রীশ্রীকম্পানী বাহাদুর ও শ্রীশ্রীদেবধর্ম্মা সহিতে কদিম ছুক্তি এক বিসএ এক ওয়াস্তা: সেহি অনুরূপে এখোনো সরবরাহ চলিতেছে: ইহাতে কথনো কোন বিসএ ত্রুটী হএ নাই হবেক না কদিম ছুক্তিতে আপনে নজর রাখীয়া আমার ভূমের তজবিজের কারণ মোনোজোগ করিয়া জনেক সাহেবলোকোকে অতি সিগ্রহ পাঠাইতে হবেক জে সরেজমীন দিষ্টি করিয়া আমার ভূম আমাকে দেলাএ এরূপ য়নুগ্র হবেক নেপালের ফৌজ সহিতে আপনকার সরকারের ফৌজ লড়াই করিবার বিসএ জমা হইয়াছে তাহাতে আমি

নিসন্ধে হইলাও সমপ্রতিক সোওগাত নজরান পাঠাইলাও না এহি পত্রের জবাব পহচামাত্রে আমার লোক মারফতে নজরান সহাগাত যদি নিকট পাঠান জাবেক তাহাতে মোনে কোনো অন্ন মত নহিবেন আপনকার মঙ্গল আদি লিখিয়া পরিসান্ত করাবেন ইতি সন ৩০৫ তাং ২৫ যৌষ্ঠ

৭ ক্রোড়ক নজর পত্রচীন্ন দেবাঙ্গ ১ এক খান পঠাই পহচিবেক ইতী—

দেবরাজার মুদ্রা

৭ স্বস্তিঃ প্রাতরুদ্রিয়মানদিনমনিমণ্ডলনিজভূজপ্রতাপতাপীতাসত্রু সমূহপুজিতালিখনং কৈল্যকাতার৶স্বর শ্রীশ্রী গবরনর জানেরেল বাহাদুরজীঃ বিসমসমরে প্রচণ্ডপ্রতাপেষু :—

---

(১৩৫)

৶৭ শ্রীশ্রীহরি—

সরণং—

স্বস্তিঃ সকলমঙ্গলৈকনিলয়প্রচণ্ডপ্রতাপ এলাকে রঙ্গপুরের শ্রীযুত বড়সাহেব মহোগ্রপ্রতাপেষু আপনকার মঙ্গলবাসনাতেই অত্রানন্দ পরং আপনের এক পত্র ১৬ পৌশের পত্র পত্রচিহ্ন কিমখাপ সহিতে শ্রীবলিতনারান রাজার মাং ২০ ফালগুনে পাইয়া সমস্ত বেহরা জ্ঞাত হইলাম শ্রীযুত একটিঙ্গ গবরনর জানেরল বাহাদুর তোমাকে লিখিয়াছে জে তোমার সরকারের জনেক মশ্‌তাকিন লোক আমার এথানে পাঠাবার বিসয় এবং গোরখা সহিত কম্পানী বাহাদুর লড়াই আরম্ভ হইয়াছে তাহার হেতু কারণ ও সকল অন্ন ২ বিশয় জাহাতে দুই পৈক্ষে ভালো হয় সে সমস্ত বিবরণ আর জে সকল দুষ্টা লোকের কথার কিছু ঠিকানা নাহি এহি সকল বেহরা তোমার পত্রে মালুম হইয়া বহুত খুশী হইলাম তবে পূর্ব্বহনে কম্পানি বাহাদুর ও ধর্ম্মা রাজা সহিত কদিম দুস্তি দুগ্ধে জলে জেমত একাত্রে মিশ্র হয় এহি প্রায় দুস্তি কথনো কোনো বিশয় অরটী হয় নাহি হবেক না তবে বলিতনারান রাজার পত্রে মালুম হইলাও জে গোরোখা রাজা আমার পাষ ফৌজ বিশয় লিখিয়াছে এমত কথা তোমার পাশ জাহের হইয়াছে এমত বিজিনীর রাজার পত্রে জানিলাও তবে এ সকল কথা ঝুটা চিরতকাল

হনে গোরখা রাজার দেশত আমার দুই তিন খান তালুক আছে তাহাতে শ্রীশ্রীকালিঞা শিম্বুর মোট একটা ছিলো শেহি মোট ভাঙ্গীয়াছে শেহি মোট বনাইতে গতো সনে আমার লোক পঠাইয়াছি সেহি মোটের চূড়া বনাইতে বহুত শোনারূপা লাগে সেহি সোনারূপা পঠাবার কারণ গোরোখা রাজা দালিমকোটের দুওারের রাস্তা দিয়া এই রকম লিখীয়াছে এহি শেওায় আর কোন কথার এলাকা নাহি তবে চামর্চির মাটী আগা বুড়া সুতাকে কৈল্যকাতা পঠায়া তখনে মাটি তজবিজ করিয়া সিমানা করিয়া তখনে সিমানার কাঠা আনীয়াছে সে কাঠা ডিগরি আমার এথানে আছে এবং ডিগ্রীরির নকল কৈল্যকাতায় আছে শেহী ডিগ্রীরি মাহাফিকে চামর্চীর দুয়ারের মাটি আমাকে দেলাবেন তাহাতে অন্ন মত না করিব। তবে রাহাদারি বিশয় লিখিয়াছেন রাহাদারি পঠাই আপনের মশ্‌তাকিন জনেক লোক অতি শীঘ্রহ পঠাইবেন আপনের লোক এথানে পহচীলে তোমার সেখানের সমস্ত বিবরণ খুনিতে পারি আমার সমস্ত বিবরণ তাহাকে কহিতে পারি জে সকল বির্দ্ধে খুপ্রতুল্য হয় আপনার মঙ্গলআদি লিখীয়া পরিশান্ত করাইবেন ইতি সন ৩০৫ সাল তাং—২১ ফালগুন

---

(১০৬)

শ্রীশ্রীরাম

শরণং—

স্বস্তীঃ সকলমঙ্গলৈকনিলয়প্রবলপ্রতাপ শ্রীযুত দেবরাজ সাহেব মহাবলপরাক্রমেষু আপনকার মঙ্গল বাসনাতেই অত্র মঙ্গল বিশেষ আপনকার সহিত শ্রীযুত সরকার কম্পানী বাহাদুরের জেমত দুস্তী ও পীরিতের দস্তুর ও দাড়া আছে তাহাতে জ্ঞান হয় না জে দোস্তীর দাড়া বন্দ হওার কোনো মতে আপনকার মনস্ত হয় কিন্তু এদানীক খুনা গেল জে চামরচির দুয়ার ও লক্ষীদুয়ার হইতে কথোক ভূঠীয়া হাতীয়ারবন্দ আসীয়া মরাঘাটের তরফের নিকট সরহদ্দে জমাএত হইয়াছে এমতে সেই তরফের রাইয়তলোক নাদান ভয়াতুর হইয়া পলাতকা হইতেছে। আমাকে খুব জানা আছে জে সরকারের হেমাএতী ও পানার রাইয়ত লোকের পর কোনমতে খলল না হয় এমত আপনকার মনস্ত আছে ও ভূঠীয়া লোক জে জমাএত হইয়াছে তাহাও আপনকার অজ্ঞাতসার হইবেক কিন্তু ভূঠীয়া লোক জমা হওাতে মরাঘাট ও গয়রহর রাইয়তলোক জাহারা সরকারের পানা ও আশ্রাতে আছে। ভয়াতুর হইয়া হএরান ও পরেসান হইতেছে জদিস্বাত আমার সরকারে একথা মালুম হয় তবে আশ্চয্য বোদ হইয়া আপনকার দোস্তীর অন্নথা জ্ঞান হইতে পারে এমতে আমী দোস্তীর রাহে আপনকাকে লিখিতেছী জে আপনে ভূঠীয়ালোকেক নিসেদ করিবেন জে তাহারা মরাঘাট ও গয়রহর সরহদ্দের নিকট জমা না হয় রাইয়তলোক চেএনে থাকে এবং আপনকার সহিত জে সরকারের দোস্তী আছে তাহাতেও তিলার্দ্ধ তফাওত না হয় আর জাতায়াতে নিজমঙ্গলাদী লিখিয়া সন্তোষ করিবেন ইতি সন ১৮১৫ সাল ইঙ্গরেজী তারিখ ৪ মাই মতাবক সন ১২২২ সাল তারিখ—২৩ মাই বেসাক—

(১৩৭)

শ্রীহরি

৭৺ স্বস্তি শ্রেষ্ঠবৃন্দারকাদিনিকুরমরবন্দিত শ্রীমন্নিজেষ্টদেবভজনপরায়ন শ্রীশ্রীযুত কলকটা বরসাহেবর শৌর্য্যধৈর্য্যাদিগুণগনালঙ্কতবপুঃ মহামহিমসাগর পরমপ্রচণ্ড-প্রতাপেষু নিবেদন পূর্ব্বক প্রেষিত চৈত্রস্য রুদ্রদিনজেয়ং পত্রী গ্রাহনীয়া পরং সমাচারঃ শ্রীযুত্ পিতৃদেব মহারাজা বর্ত্তমানাবধি মোস্তবু রাজার সঙ্গে বিরোধ মত চলে ৺ঈশ্বর কৃপাতে আমাদের নৃপাভিষেকের পশ্চাৎ সেইরাজা ধর্ম্মের নিমিত্তে সন্ধি করিতে পত্র সমেত ভদ্রলোক পাঠাইতেছি আঁমিও ধর্ম্ম দেখিয়া মানিলাম তদবধি প্রীতিমত চলিয়াছি পঞ্চত্রিংশদধিক সপ্তদশ শাকেতে শ্রীযুত কল্কাটা বরসাহেবর আমাকে মিলিতে চাই ইথমিবধ (?) পত্র সমভ্যারি মদীয় শ্রীখুড়া ভদ্র সিংহকে পাঠাইলাম আমিও তদনুরূপ করিতে ৫ পাচ দিন মুকামেতে আসিয়া রহিয়াছেন সে সমইতে পেগু লোক আসিয়াছে সেই খবর শুনিয়া পুনশ্চ দেশেতে আমিও গেলাম ৺ঈশ্বর ইচ্ছাতে আমাদের মন্দানুক্রমেন দেশ ভগ্ন হৈয়া পুনশ্চ হেডম্ব দেশেতে আসিয়া রহিয়াছেন তত্রচ শ্রীযুত কৃষ্ণচন্দ্র নারায়ণ বাহাদুর ভাই হেডম্বেশ্বর সঙ্গে শ্রীবরসাহেবর মিলিয়া পেগু সঙ্গে যুদ্ধ করিবার জৈন্তে যে যে পরামর্শ করিয়াছেন সেহ কালক্রমে স্বর্গপ্রাপ্তি হৈয়াছে অতএব আমিও পুনশ্চ দেশে যাত্রা সে উদ্যম করিতে চাই অতএব লিখি আপনকার যদি আমারদিগে যথচিত প্রীতি থাকে তবে যতকিঞ্চিৎ সাহার্য্য করি দিবেন আর বিশেষ সেই দেশেতে আপনকার মনস্থ থাকেন একত্র হৈয়া যুদ্ধ করিলে বর বিশেষ হই আইতে যাইতে নাগা কুকিতে আমিও যথাশক্তি সহাজ্য করি দিব শ্রীবলরাম সিংহের প্রমুখাৎ বিশেষ বৃতান্ত জ্ঞাত করিবেন কিমধিকং বিজ্ঞবরেষু সন ১৭৩৬ তারিক ৯ চৈত্রস্য লিপিরিয়ং—

৭৺ স্বস্তি সততাভীষ্টদৈবতচরণদ্বন্দবিভাবনবিমলীকৃতান্তঃকরণ শ্রীশ্রীযুত কল্কটাবর-সাহেবর মহামহিমসাগর শৌর্য্যাদিগুনোপেত মহাপ্রচণ্ডপ্রতাপেষু প্রেষিত পত্রীয়ং—

---

(১৩৮)

৭৺ শ্রীশ্রীমাহাদেব

সরণ—

স্বস্তীঃ সকলমঙ্গলালয় শ্রীযুত মেগলোট সাহেজিও—সুচরিতেষু অত্র কুসল আপনকার কুসল সতৎ ৺ দ্বারায় কামনা করিতেছি তাহাতে অত্রানন্দ বিসেষঃ আপনকার ২২ আসাড়ের পত্রচিহ্ন ছুরবিন একটা বুটাদার চেওলি সহিত পত্র পাইয়া বেওরা জানা গেল সকল কথা আপনকার লোক জবানিতে জানিলাম লিখা গিয়াছে তবে জবানিতে এবং আপনকার পত্রে সকল জানিলাম সে কথা লিখিবার জুয়ানা তোমি আমার সখি সেমতে

লিখি কোন খানে পষ্ট করিবার না লাগে সে কথা এহি এহি সন মাঘমাসে জখন আমী চেচা-খাতাত ছিলাম এক লোক মাহারাজার একটা পত্র লইয়া আসিয়া ছিল তাহাতে লিখা ছিল জে আমার শ্রীশ্রীদেব ৺ রাজা তাহার আশ্রয়ে দেয় তবে মাহারাজা থাকীতে পারে তারপর মলুকের বন্দবস্ত বিলয় জে হয় ভালো হইবে আর জবানি জ্ঞাতা হবার লাগে পরে সেহি লোক কহিল দিনহাটার সাহেব কলিকাতা জাইয়াছে আর নয়পালের কাটাকাটিতে ফৌজ মারা পড়িয়াছে এখানে ফৌজ নাই অখন মাহারাজার মদদ করিলে মলুক হাত লাগিবার পারে তবে আমী কহিলাম শ্রীযুত কোম্পানি বাহাদুরের শ্রীশ্রীদেব ৺ রাজার দোস্ত হয় তাহার সহিত আমাকে কাটাকাটী করিবার না লাগে এহি জওাব পাইয়া লোক গিয়াছে সে পত্র আমার পাষ নাই থাকীলে আসল কিম্বা নকল তুলিয়া পাঠাইতাম সকল জবানিতে জানিবেন ইহা জ্ঞাতা ইতি সন ৩০৬ সখা—২৪ শ্রাবন—

---

(১৩৯)

শ্রীশ্রীরামঃ

শরণং

স্বস্তি: সকলমঙ্গলৈকনিলয়প্রচণ্ডপ্রতাপ রঙ্গপুরের শ্রীযুত বড়সাহেব মোহগ্র-প্রতাপেষু। আপনের মঙ্গল কামনাতে অত্রানন্দ বিশেষ:। আপনের ২০ আশাড়ের এক পত্র জিনকাপ মারফতে পত্রচিহ্ন গকুলনাথী একখান কাপড় সহিত ১২ তাম্র পাইয়া সমস্ত বেহরা জ্ঞাতা হইলাম চামরচির মাটীর বেহারা আগা দেবরাজা সকলের আমলে তজবিজ খোলাশা হয় নাই তবে কৈল্যকাতার শ্রীশ্রীনবাব গবনর জানরেল বাহাদুর ও আপনে শ্রীশ্রীকম্পানী বাহাদুরের খিদমত করেন লোক রায়ত সকল আনন্দে আছে এখানে আমিহ শ্রীশ্রীদেবধর্ম্মার খিজমত কবুল নাকাবলেহ লোক রায়তের য়ুক তজবিজ করি এ কারণ ধর্ম্মারাজা ও গেলো (?) সকল ও সাহেব সকল মিলিয়া আমাক ভাল দেখিয়া রাজপাটে বশাইয়াছে তোমার আমার মোনের ছুস্তি ইহাতে আপনেহ খুশী আমিহ খুশী তোমার আমার কুশলে থাকিলে কোন কথা নাই তবে কৈল্যকাতার নবাব সহিত চক্ষু না দেখা নওা ছুস্তি করিতে কারণ চামরচির মাটির দফাতে এক পত্র লিখিয়াছিলাম তাহার জওাব এক পত্র আমাকে লিখিয়াছে সেহী পত্রের বেহারা চামরচির মাটীর খোলাসা করিয়া দিতে আপনেক মাদার হইয়াছে এবং আমার এথানোহনে জনেক মাতবর লোক পঠাইতে লিখিয়াছে এ কারন শ্রীচিখেতেণ্ডুক পাঠাইয়াছী আপনেহো দরি রঙ্গপুর মোকামে আশীয়াছেন কারন এ সকল বৃত্তান্ত আপনাকে দরিআপ্ত নাহী আমার এথাহনে সিমানা সরহদ্দের নকশা ডিগরি পঠাইতে লিখিয়াছেন মর্দ্ধতে সিমানা সরহদ্দ নদিজল সরহদ্দ করিয়া দিয়াছেন শে শকলের নকসা ডিগরি তোমার ঠাহী আছে সেহী সকল কাগজ দৃষ্ট করিয়া চামর-চির মাটীর খোলাশা করিয়া দিবেন পর কীঙ্কিত মাটীর খোলাসা না হওয়ার বিশয় নহে

তবে আমার পুনথার কীল্লা দুই রকম অগ্নীদাহন হইয়াছীল পুর্ব্বে ধর্ম্মারাজা রহিবার আমলে এথানের লওাজীমাত থরচপত্রের সামগ্রী সকল লাগে তাহাকে বাহির ভাণ্ডারে রাখিয়া আর ২ আমার মলুকের সিমানার কাগজ ও ডিগরি গয়রহ সকল এক ভাণ্ডারে রাখিয়াছে তবে সে সকলের তদারক করিতে ৺মহাকালের জীম্মা করিয়াছে বার শন বাদে একদিন সে ভাণ্ডারে দরজা খোলা জায় তবে সপ্রতিক বার শন পুরে নাহী কারণ দুয়ার খুলিতে পারি না এ কারন শিমানার ডিগরি নকসা পঠাইতে পারিলাম না তবে আপনে ভাল করিলে সেথানের নকসা ডিগরি দৃষ্ট পুর্ব্বের করিয়া ধর্ম্ম মাহাফীক চামরচির সিমানা করিয়া দেলাইবেন তাহাতে আমার কোন অঙ্গমত নাই তবে সেথানে নকশা ডিগরির একথান নকল করিয়া পঠাইবেন তবে জদি বেহারের রাজার নাহক মিথ্যা কথা লইয়া জদিস্থাৎ সিমানার খোলাসা না করেন তবে আমার মাটীর কমি নাই কীন্তুক এ সকল কথা কলিকাতার নবাব গবনর জানরেল বাহাদুরের নিকট দরিয়াপ্ত হইলে অবশ্য খোলাশা হইবেক তবে জদি খোলাশা না করেন তবে আমার জীনকাপ দুইজনাক এথানে তাগীদ ফিরিয়া পঠাইবেন এদানিক হাল আমিহ বড় কথা হইলে ও ছোট কথা হইলেও আমি কীছু কহিব না চামরচির মাটীর এতদিনে জানি জে বেহারের রাজায় নটথটী করিয়াছে তবে মাটীর বেহরা আগা কলিকাতার নবাবতক মালুম হৈয়াছে আপনেহ জ্ঞাত হইলেন ইহাতে খোলাশা হইবেন সকল বেহরা জীনকাপ জবানিতে জ্ঞাতা হইবেন তোমার উকীল চিরাঙ্গদুয়ারে পহছিয়াছে আমার ইথানে মালুম হইয়া তাহাকে আনিতে রাহাদারি পঠাইয়াছী রাস্তাপথে তন্দারি করিয়া আমার এথানে আনিবেক তিনী পহছিলে তাহার বেহরা পশ্চাৎ লিখীব গতায়াত আপনের মঙ্গলাদী লিখীয়া সান্ত করাইবেন ইতি সন ৩০৫ সকা তাং—১৩ ভাদ্র মোঃ কাশীগঞ্জ—

দেবরাজার ভুটীয়া অক্ষরে দস্তথতাছে তাহা পড়া গেল না—

ক্রোর বিশেষ চামরচি মাটীর খোলাসা জানিয়া পশ্চাৎ চিতাটগুর ও চিতাটাশীর কৈল্যকাতা এথানের সওগাত সমেত পত্র সহিত পঠানের মোনস্ত আছে জ্ঞাত কারণ লিখিলাম পত্রচিন্ন হলিদিয়া রকমের ১ মালা পঠাই পহছিবেক ইতি—

নকল মোতাবক আশল মোকাবিলা শ্রীরামপ্রসাদ দাসস্য।

৭শ্রীশ্রীরাম

সরণং—

(সহি) শ্রীচিতাতণ্ডু জিনকাপ
শ্রীচিতাটাশী জিনকাপ

দরখাস্ত শ্রীচিতাতণ্ডু জিনকাপ ও শ্রীচিতাটাশী জিনকাপ তরফ শ্রীশ্রী৺দেব মহারাজ ভোটাস্ত গরিব পরওর সেলামত আর্জ্জাষঃ এহী মরাঘাটে পূর্ব্ব সাহেবান লোক জে

সিমানা সরহর্দ্দ করিয়া দিয়াছেন সেহী ডিগরির নকল সেরেস্তাতে আপনকার আছে তাহা দেখিয়া আমার পাষঃ সিমানা সরহর্দ্দে মরাঘাট আমার দেবরাজার আর্দ্যপাস্তে দখলি ভোগের তাহার সাক্ষীর জবানবন্ধী করিয়া লইয়া কৈলকাতা শ্রীযুত ৺গবনর জান্দরেল বাহাদুরের হুজুরে এতলা দেন। ইহা আরজ করিলাম ইতি—৭ আশ্বীন সন ১২২২ সাল—

এই সকল পুরানা লোক ইহাদের তলব দিয়া জবানবন্ধী করিলে সকল কথা সাহেব জানিবেন ইতি—

পানালু মনিক
সাং মরাঘাট—১
কালুরাম গাবুর
সাং তথা—১
তেহুস (?) কারকুন
সাং তথা—১
ভোগদেব কায়েত
সাং তথা—১
গজো মণিক
সাং তথা—১
হরদৌ মণিক
সাং তথা—১
বড়হীয়া মণিক
সাং তথা—১
ছুয়াপাও মণিক
সাং তথা—১
সন্তরা কায়েত
সাং তথা—১

৯

মাছু আমিন
সাং ভোটহাট—১
ইডা (?) সাহা
সাং তথা—১
নেহালবশ মীঞা
সাং তথা—১
গতীবশ মীঞা
সাং তথা—১
মঙ্গলু আমীন
সাং তথা—১
ভোবানিন্দ সরকার
সাং তথা—১
লালু সঙ্কার
সাং তথা—১
রামেশ্বরবশ মীঞা
সাং তথা—১
গটেমা (?) নরতম
সাং তথা—১
গোপালচন্দ্র গাবুর
সাং তথা—১
ভগী মহত
সাং তথা—১

১১

কমলাপতী ঠাকুর
সাং ভোটহাট—১
ময়ারাম ছুতার
সাং তথা—১
ভোব সরকার
সাং তথা—১
রামচন্দ্র সরকার
সাং তথা—১
ছুন্দী মহত
সাং তথা—১
জয়সীংহ মহত
সাং তথা—১
ছবিনা টাড়াই
সাং তথা—১
নথীআ টাড়াই
সাং তথা—১
হরদেব দফাদার
সাং তথা—১
দনিদাশ
সাং মএনাগুরী

১০
৯
১১

৩০

নকল মোতাবক
আশল মোকাবিলা
শ্রীরামপ্রসাদ দাশস্য

আরজা মোলাহেজা হৈআ হুকুম হৈল জিনকাপ ছুই জনকে জওাব লিখহ জে কোন শন কোন সাহেবের আমলের ফএছালা রাজী আছে এখানে সন ১৮০৯ সাল ইং ডিগবি সাহেব কেলেক্টর কমীশনর কোচবেহারের ফএছলা কী আর কোন আমলের ফএছলা মালীক তোমরা মরাঘাট দখল চাহ ইহার খোলাসা লিখীবা তবে তহকীক শেরেস্তা করিআ জে মোনাসীব হয় করা জাবেক ইতি ২২ শেতমবর সন ১৮১৫ ইং মোঃ তারিখ ৭ আশীন সন ১২২২ সাল—

নকল মোতাবক
আশল মোকাবিলা
শ্রীরামপ্রসাদ দাশয়া

(Signed) D. Scott
Magistrate.

৺৭শ্রীশ্রীকৃষ্ণ :—

শ্রী চিতাটগু জিনকাপ
শ্রী চিতাটাসি জিনকাপ।

৺৭ আরজ শ্রীচিতাটগু জিনকাপ ও শ্রীচিতাটাসি জিনকাপ তরফ শ্রীশ্রী৺দেব মহারাজ বাহাদুর মলুকে তোটাস্ত গবিব পরওর সেলামত আমারদিগের আর্জ্জায়ঃ এহী আমার জে আরজী সাহেব পাষ করিয়াছিলাম তাহার জবাব লিখিয়াছেন জে কোন সন কোন সাহেবের আমলের মরাঘাটের ডিগিরিতে আমরা রাজী আছি তাহার সন ও সাহেবের নাম লিখিতে কারণ লিখিয়াছেন ইহার জবাব এহী পুর্ব্বে জখন কোচবেহারের রাজা আমারদিগের দেবরাজ সহীত কাজীয়া হইয়া কোম্পানি বাহাদুর সহীত মিলিয়াছিল তাহার পর কোচবেহারের সাবেক রাজা ও নাজীর খগেন্দ্রনারায়ণ সহীত মরাঘাট ও পরগণে বৈকুন্টপুরের সাবেক রায়কত সাহত জলপেসশ্বর ও গয়রহ কাজীয়া আমার দেবরাজার তরফ বুড়া শুবা কৈলকাতা গীয়াছিল তাহাতে কৌসল হইতে ছুই তিন সাহেব মরাঘাট আশায়া নদিজল সিমানা করিয়া ও জলপেসশ্বর ও গয়রহ আমার দেবরাজকে দখল দেওাইয়া ডিগিরী ও নকসা সাহেবলোক এক নকল দেবরাজকে দিয়াছেন এক নকল সিরস্থাতে আছে তাহার সন ও মাষ ও তারিখ মনে নাই সন ১১৮৬ বাঙ্গালা হবেক কি তাহার পুর্ব্বে ছুই তিন সন হবেক ইহা আমারদের মনে নাই পরলেঙ্গ সাহেব ও বোগল সাহেব কি আর কোন সাহেব ডিগীরি করিয়াছেন নাম মনে নাই শে পুর্ব্বে ডিগীরিতে রাজী আছি তদপর বেহারের রাজা জে ছএ সাত বৎসর হইলো রঙ্গপুরের কেলেকট্রের

CENTRAL LIBRARY

ডিগবী সাহেবে ও তাহার দেওান রামমোহন রায় ও মুনসি হেমতুল্যা সহীত কারসাজী করিয়া নটখটী করিয়া আমরা হাজীর ছিলাম না এবং উকীল হাজীর না থাকাতে তরফকসি করিয়া জে মিছা ডিগারি করিয়াছে তাহা আমারদিগের দেবরাজ রাজী নয় জদি তাহাতে রাজী হইলে পুন ২ আপনকার নিকট ও কৈলকাতাতে শ্রীযুত গবনর জানরেল বাহাদুরের হুজুরে কি কারণ দেবরাজ পত্র লিখিবেন ও আমারদেক পাঠাইবেন আমরা সন ১৮০৯ সাল ডিগবি সাহেবের ডিগিরি রাজী নহী ইহা আরজ করিলাম ইতি ৮ আশীন সন ১২২২ সাল বাঙ্গালা

নকল মোতাবক
আশল মোকাবিলা
শ্রীরামপ্রসাদ দাশস্য

৭শ্রীশ্রীদুর্গা—

সরণং—

সস্তী সকলমঙ্গলৈকনিলয়প্রবলপ্রতাব শ্রীশ্রীদেব মহারাজা বাহাদুর মহাবল—পরাক্রমেষু আপনকার মঙ্গল কামনাতে অত্র মঙ্গল বিশেষং। ২৩ চৈত্রের পত্র ১২ জৈষ্ট চিতাটণ্ডু ও চিতাটাশী দুইজন জিনকাফ মারফত মএ পত্রচির্না পাইয়া অত্যান্ত আনন্দ হৈলাম শ্রীযুত কোম্পানী বাহাদুর সহীত শ্রীযুত দেবধম্মার জেমত দুস্তী পুর্ব্বাপর আছে তাহাতে এক শেওায় দুই নহে অপর মরাঘাটের বিশয় ও রঙ্গধামালির ঘাটের ও মহীস ও ঘোরা ও গয়রহর বিশয় লিখীআছেন তাহাতে কোম্পানী বাহাদুরের এলাকাতে রঙ্গধামালির ও মহীষ ও ঘোড়া ও গয়রহর তদারক কারণ দারগা নামে হুকুম ও চাপরাশ পঠাইআছী তথা হৈতে তাহার খোলাসা হৈআ পহুছীলে আদালত মত জে হুকুম হয় দেওা জাইবেক আর মরাঘাটের তকরারি জমিন বেহারের মহারাজার নিজ এলাকা কোম্পানী বাহাদুরের নহে তত্রাচ আমরা কাজীয়া রফা কারণ জিনকাপ মজকুরদিগেক কহীলাম জে মরাঘাটের তকরারি জমিনের দলিলাত কাগজাত তোমারদের পায কী আছে আন তাহা মোলাহেজা করিআ সদরে শ্রীযুত গবনর জান্দরেল বাহাদুরের হুজুরে এতলা দেই তাহাতে জিনকাপ মজকুরেরা কহীল কোন দলিলাত এখানে নাই একজন জাইআ হুজুর হৈতে জে ২ দলিলাত থাকে তাহা আনী এমতে একজন জিনকাপ নিকট জাইতেছে মরাঘাটের তকরারি জমিন আপনকার ভোটান্তের এলাকা কী দলিলাত কাগজ পত্র শুরত আপনে দাবি করেন তাহা জিনকাপ মারফত সিগ্র পঠাইবেন তাহা মোলাহেজা করিয়া সদরে গবনর জান্দরেল বাহাদুরের হুজুরে এতলা দিয়া জে হয় পরে লিখীব আর মরাঘাটের তকরারি জমিনের সরহর্দ্দ কোনতক কোন সীমানা তাহার ঠীকানা জিনকাপকে কহীয়া দিবেন জে শে আমার

CENTRAL LIBRARY

এখানে সরেওার সিমানা সরহর্দ্দের রওানা করে আর ২ অনেক কথা জিনকাপকে কহীলাম শে জবানি আরজ করিবেক তাহাতে গৌর করিবেন আর আপনে জরদ ও শোরক বনাত দোরখা কারণ লিখীয়াছিলেন তাহা পাওা জায় না জদি পাওা জায় তবে পশ্চাৎ পঠাইব সেহা শোরথ দোরোখা বানাত আমার উকীলান মারফত পাঠাইআছী গতআতে আপনকার মঙ্গল লিখীয়া সন্তোসীবেন তা—৩ জুলাই সন ১৮১৫ ইং তাং ২০ আশাড় সন ১২২২ সাল বাঙ্গলা—

নকল মোতাবক

আশল মোকাবিলা

শ্রীরামপ্রসাদ দাশগু—

Sd/ D. Scott

Magistrate

---

(১৪০)

৭শ্রীশ্রীহরি—

স্বরনং—

৭ স্বস্তীঃ সকলমঙ্গলৈকনিলয়প্রচণ্ডপ্রতাব রঙ্গপুরের শ্রীযুত বড়সাহেব মহোগ্র—প্রতাবেষু আপনকার মঙ্গল কামনাতেই অত্রানন্দ বিসেষঃ আপনের ২ আসাড়ের পত্রচিহ্ন দোরোখা বানাত ৫ পাচ জামা ও ছুরবিন ১ একটা সহিত আপনের তরফ উকিল শ্রীরামমোহন রাএ ও শ্রীকৃষ্ণকান্ত বসুর মাঃ পাইয়া বহুত খুসি হইলাও রাএ ও বসু মৌবুফের জবানিতে সমস্ত বিবরণ জ্ঞাতো হইলাও চিন্নের তরফ ছুইজন আম্বা মোকাম লাসাতে থাকে তাহারাক এক খত লিখিয়াছেন সে খত লাসাতে রওানা করা গেল তাহারদিগের জওাব আসিলে পশ্চাত পঠান জাবেক আপনের তরফ রাএ ও বসু মশত্তুর এখানে আরজ করিল জে ছুইজনের মধ্য এক জনেক এথাতে রহিতে হুকুম করিয়াছে একজন এখানের সমস্ত বিস্তারিত ওয়াকিফহাল হইয়া আপনের নিকট জাহের করিতে চাহিল এ জন্যে রাএ মৌবুবেক আমার এথাকার সমস্ত বিবরণ সাক্ষাতকার কহিয়া বলিয়া নিকট পঠান জাএ রাএ মৌবুফের জবানিতে সমস্ত বিবরণ জ্ঞাতো হবেন তবে চামরচির ছুওারের মাটী ও রঙ্গধামালির ঘাট তিস্তা নদির মাঝিয়ালি পুর্ব্বহনে আমার সরকারের আমল ও দখলের মাটী হএ তাহার মালগুজারির টাকা দিয়া এখানে দেবতা পুজা হইতেছিল তবে সে জাগা কএক সন অবধি বেহারের রাজা ও বৈকণ্ঠপুরের রায়কত এহি ছুইজনে ফৌজকসি করিয়া আমার মাটী ছিনিঞা লইয়াছে কারণ কৈল্যকাতার শ্রীশ্রীগবনর জানরেল বাহাছুরের নিকট এক খত লিখিয়াছিলাও তাহাতে সেথান হনে মাটী দেলাইতে আপনের নামে মাদার হইয়াছে এ বিসএ আমার তরফ উকিল নিকট পঠাইয়াছি তবে অখনতক

স্বস্তি: সকল মঙ্গলেক নিলয় প্রচণ্ড প্রতাপ রঙ্গপ্রবের পাঙ্কিত বড়সাহেব —
মাহাশয় প্রতাপেষু আপনকার মঙ্গল কামনাতেই এথাকার বিশেষ : আপানের ২
পত্র চিঠি দেওরাগ্মা বারাত ৫ পাচ জামা ও দরবিন ১ একটা সহিত আ
পারাম মোহন রায় ও বাঙ্গাকান্ত বসুর মাং পাইয়া বহুত খুসি হইলাম বা
ন্দানিতে সমস্ত বিবরণ জ্ঞাত হইলাম চিঠের এবং দুইজন আমার লোকে
তাহারাকে একমত লিখিয়াছেন সেমত পাসাতে কথানা করাবেন তাহার দি
পশ্চাত পাঠান জাবেক আপানের এবং রায় ও বসু মঞ্জুর এখানে আবকজ করি
এক জনেক এখানে রহিতে হুকুম করিয়াছে একজন এসানের সমস্ত বিশ্রা
হইয়া আপানের নিকট জাহের করিতে চাহিল এ জন্যে রায় মোহনকে আসাম
বিবরণ সাক্ষাত করাব কহিয়া বলিয়া নিকট পাঠান জায় রায় মোহনের ঠা
জ্ঞাত হইবেন এবে চামর চিব দুহাবেক মাটী ও রঙ্গবাসালির মাট কিশ্রা
পার্বতীয়ান আমার সরকারের আমল ও দখলের মাটীহস্য তাহাক মানাগুজা

১৪০নং পত্রের অংশবিশেষের আলোকচিত্র (রামমোহন রায়ের ভুটান যাত্রার উল্লেখ)

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

CENTRAL LIBRARY

আমার মাটীর খোলাসা হইল না অতএব লিপি জদি মুক্ত তজবিজ করেন তবে রঙ্গধামালির ঘাটের ইসাদ সিলিকাটা মহাজন লোক আপনার দেসেতে যাছে তাহার-দিগেক তলব দিয়া হুকুম করিবেন তাহারদিগের সাক্ষী মওাফিক কাহার ঘাট ঠাহরে তাহা মালুম হবেক চামরচির মাটীর রেয়ানদিগেক পাট্টা ও দাখিলা তলব দিয়া তজবিজ করিলে কাহার মাটী ঠাহরে তাহাক জাতো হবেন চামরচির মাটীর দক্ষিণে জরধকা নদির কিনারে জুমকার ঘাট আছে সেহি ঘাট দিয়া তোমার দেসের মহাজন লোকে রাঙ্গা ও বাজে জিনিস লইয়া আমদরপ্ত করিয়াছে তাহার থাজানা পূর্ব্বহনে আমার সরকারে দাখিল করিয়াছে সেই সকল মহাজন লোকেক তলব দিয়া হুকুম করিবেন তাহারদিগের সাক্ষী মওাফিকে কাহার আমল দখলের মাটী ঠাহরে তাহাক জাতো হইতে পারেন নতুবা সরেজমিনে আসিয়া তজবিজ করেন তবে তাহার মতে খত লিখিবেন আমার এথাহনে অনেক মাতবর লোক পঠান জাবেক মুকাবিলা তজবিজ জানিঞা আমার মাটীর কএক সনের থাজানা সহিত মাটী আমার আমলে করিয়া দেলাবেন কদিম দুস্তীর দিগে নজর রাখিয়া অতি সিগ্র মাটীর খোলাসা করিয়া দিবেন ও বেহারের রাজা ও রায়কত মৌযুফের মিথ্যা কথা জদি বার করেন তবে খোলাসা জওাব লিখিবেন পূর্ব্বে জানিয়াছিলাও জে বেহারের রাজা রায়কতে কাজিয়া করে তবে এখন জানা গেলো আপনের সরকারে থাজানা দাখিল করে তবে আমার মাটীর কমি নাই ইহাতে আমার অন্ত মত কি যাছে তবে আমার উকিলক এখানে পঠাইবেন সতং আপনের মঙ্গলআদি লিখিবেন ইতি সন ৩০৬ সাল তারিখ—২১। আশ্বীন—

নিচে ভোট অক্ষরে দস্তখত আছে
নকল মোঃ আসল
মোকাবিলা
শ্রীরামপ্রসাদ দাশন্না

ক্রোরুক বিশেষং রায় ও বসু জবানিত জেমত যুনিলাম গোরখার সহীত জে প্রকারে লড়াইর যুক্ত ইহাতে মালুম হইলাম গোরখা হর ২ যুরুতে গোরখা তোমারদিগের পর জুলুম বদিয়ত করিয়াছে জদি এহী লড়াইর বিসয় জদি গোরখা অর্দ্ধ ২ কোনো প্রকারে আমার এথানে লিখে তবে তাহার কখনো গৌউর হবেক না আপনের সহীত কদিম দুস্তী বহাল থাকিলে গোরোখা কী করিতে পারে আর আপনে জদি সরেজমিনে আশীতে না পারেন তবে আমার মাটীর খোলাশা করিয়া দিয়া শ্রীরামমোহন রায়কে পুনরাএ এথানে পাঠাইবেন শ্রীরামপ্রশাদ বাশীকে হুকুম করিলাম তিনি আমারদিগের কথাকথন কহীবেক তাহাতে গৌর হবেক সাবেক দুস্তী নজর রাখায়া হর ২ যুরুতে অনুগ্রহ মর্য্যাতা রাখীবেন ইতি সন ৩০৬—

(১৪০ ক)

৭শ্রীশ্রীদুর্গা

স্মরণং—

শ্রীশ্রীচন্দ্রকান্ত সিংহ
স্বর্গদেবস্বকেলম শ্রীকমলচন্দ্র বড়ফুকন বর বা

স্বস্তী সকলমঙ্গলৈকনিলয় শ্রীযুত রঙ্গপুরের জজসাহেব প্রবলপ্রতাপেষু।—আপনকার মঙ্গল শ্রীশ্রী৺ করিতেছেন তাহাতে অত্রানন্দ বিসেসঃ। আসাম মলুকের * * * * পুরুষানুক্রমে আমারদিগের ৺ঈশ্বরদত্ত সমপ্রতিক নেমকহারাম চাকরের বেএতফাকে প্রানসঙ্কটে পড়িয়া কুম্পানি বাহাদুরের আশ্রয় করিয়া আত্মবিবরন লিখিতেছি জে বুড়া গোসাঞী নাম একজন আমার সরকারে চাকর রাজত্তের সাসনের মন্ত্রী সে নিমকহারাম বর লালচে নিমকের হক না রাখিয়া আপন ধর্ম্ম পরিত্যাগ (?) করিয়া জাহাতে তাহার একাল পরকাল নষ্ট হয় বেওকাই করিয়াছে ও করিতেছে তাহার বিস্তারিত পত্র বাহুল্য কিঞ্চীত এহি জে পূর্ব্বে আমার পিতা রাজা চারঙ্গ ও পিতৃজেষ্ট রাজা গৌরিনাথ সিংহেকে ঔসধ বুলে বিষ পান করাইয়া নষ্ট করিয়াছে পরে আমার জেষ্ট ভ্রাতা কমলেশ্বর সিংহ জখন বলগিয়তে পহছিয়া রাযাসাসন করার উদ্দত হইলে দৈবাত তাহার বসন্ত রোগ হৈলো তখন ঐ নিমকহারাম ঐসধি প্রলেপ ছলে সরিরে বিস লেপন করিয়া নষ্ট করিল একথা আমার দেস বিখ্যাত আছে অথন আমার প্রানের পর পহছিয়াছে ক্রতা[স্থ] এহি জে বৈকন্টবাসি রাজা গৌরিনাথ সিংহের মৃত্ত পরে আমরা দুই ভাই অল্প বএস অর্থাৎ নাবালকক্রমে সেনার কত্তর্ত্ত ঐ বুড়া গোসাঞীতে ছিল তাহাতে গোসাঞী মজকুর সে সকল সেনা আপন করিয়া স্যয়ং সবল হৈয়া ঐ বৈকন্টবাসির মৃত্যু পর অবধি আমার সরকারের প্রধান ২ আন্দাজ এক হাজার লোক জাহারা কার্য্যকারক ও আমার হিতার্থে ছিল এবং ঐ বুড়া গোসাঞীর অন্যায় আচরনে প্রতিবন্ধক হইতো ক্রমষ তাহারদিগেক নষ্ট করিলেক আমার অবস্থা গতো সন হইতে এতক করিয়াছে জে আমার সলাকারক ও পরিচারক লোকদিগেক নানাছলে নষ্ট করিয়া আপন পক্ষের লোক আমার পরিচার্য্য কার্য্যে ও নেগাদাতী কারণ নিযুক্ত করিয়া সর্ব্বদা আমার প্রান নষ্ট করার চেষ্টাতে আছে অথন আমার বএস বিষ বৎসর উত্তর্ণ হৈয়াছে এবং রাজত্তে কায়েম আছি তত্রাশ্চ কিছু হুকুমত ও আপন মলুক এক্তিয়ার করিতে পারিনা ও রাজত্তের মহর বুড়া গোসাঞী আপন দস্তে লইয়াছে কুম্পানি বাহাদুরের দস্তগীরির স্বক্ষ্যাতি বিখ্যাত আছে পূর্ব্বে একবার বৈকন্টবাসী রাজা গৌরিনাথ সিংহ সত্রু সঙ্কটে পড়িয়া লাভ করন-

ওালিস বাহাদুরকে এতালা দিয়াছিলেন তাহাতে ঐ লাড মৌসুফ অনুগ্রহপূর্ব্বক কাফতান ওালিস সাহেবকে সঙ্গসমেত আমার রাযা পাঠাইয়া সে সত্র সঙ্কটে উদ্ধার করিয়া রাষ্য কায়েম করিয়াছিলেন সে উপকার সরনে অদ্যাবধি আয়েলানমন্দ আছি সম্প্রতিক আমি নিমকহারাম চাকরের হাতে নাচার হৈয়া কুম্পানি বাহাদুরের ছায়া লইয়া লিখিতেছি জদি কুম্পানী বাহাদুর অনুগ্রহ পূর্ব্বক ছয় সাত কুম্পানী সিফাই কাফতান সমেত আমার মলুকে পাঠাইয়া ঐ নিমকহারামকে কাবেজ আনিঞা রাষ্য আমার এক্তিয়ারে দেন তবে সেহি নিমকহারামের হাতে হইতে প্রান রক্ষা··· * * * পূর্ব্বপুরুসের দস্তুরমত আপন মলুকে কায়েম হৈতে পারি ঐ নিমকহারাম * * * হওা পর্য্যন্ত কুম্পানী বাহাদুরের সরকারে ফৌজ খরচা জে হৈবেক সরকারের হিসাব [ম]তে তাহা নগদ দিব মোনাসীব মত হেপাজাতের লোক জে রাখিবেন সেহি সরতে আপন স্বেৎছাপুপুক একরার করিতেছি জে ১৫০০০০ দেড় লক্ষ্য টাকা আপন মলুকের খাজানা সহি নারানী বরোক্ত নালবন্দী সনবসন কুম্পানী বাহাদুরের সরকারে দিব উসুল ও তহসীল আদালত ফৌজদারি সাবেক বদস্তর আমার এক্তীয়ারে থাকিবেক আমার মলুকের কওারচৌকিতে খরিদ বিক্রীর মাশুল সদাগর লোকের সাথে(?)জে স্বরত লওা জাইতেছে তাহাতে কম্পানী বাহাদুরের রায়ত অর্থাৎ সদাগর লোকে বেজায় জুলুম জ্ঞান করে সেমতে লিখিতেছি জে কাফতান ওালীষ সাহেব ও মেস্তর বুরুষ সাহেব জে কদর মাসুল চৌকী মজকুরে মোকরর করিয়াছিলেন তাহাই বহাল করিব অথবা কুম্পানী বাহাদুরের তরফ লোক ও আমার তরফ লোক একতা হৈয়া জে নিরিখ উভয় পক্ষে বেহতরিতে মোকরর করিবেক তাহাই মঞ্জুর মেহেরবাণী করিয়া সিগ্র আমাকে এ আপদ হৈতে মুক্ত করিবেন প্রার্থনা এহি জে কুম্পানী বাহাদুরের ফৌজ আইসা এ দুষ্টকে কাবেজ করা পর্য্যন্ত এ পত্রের ক্রতান্ত পষ্ট না হয় ইতি সন ১২২২ বারো সএ বাইস সাল বাঙ্গলা তারিখ—২৮ কার্ত্তীকস্য

শ্রীরাম

শ্রীশ্রী৺ দেবইশ্বরে কৈচে—

শ্রীবরফুকনক প্রতি মোর জি বিপত্তি হৈচে রহস্যে ফুকনর্লৈকেই আচো বুড়া গোহাঞ ক্রমে ক্রমে সকলকো মারিলে আমারো প্রান রক্ষার উপাই নে দেখো এতেকে ফুকনর্লৈকেঁ বো জদি আমাত আশা আচে ফুকনে এইপত্র দেখিতে বুড়া গোহাঞিক দমন করি মোক দৃঢ়ে করি রাখিব পারিব ফুকন সিগ্রে আহক জদি এই প্রকারে আহিব নোবারে ফুকন ভটিয়াই গেই রঙ্গপুরর কলিকতার শ্রীযুত বরচাহাবত সরনাগত হৈই রাজদ্রোহি বুড়া গোহাঞির কথা চাহাবত জনাবি গৈই গোরিনাথ সিহং ৺ দেবক পিতৃ চারিঙ্গিয়া দেবতাক ককাই রজা দেবক জেনেকৈ বিছ দি মারিচে সম্প্রতি ফুকনবরবা নালিগিরা জিবোর মারিচে আরো মঞি মনপোরা লোকক যেদি বুড়া গোহাঞির পেটের মানুহ লগতদি মোক দিন রাত্রি রাখি থাকে মেহের কেইটা ও হাত কৈল লের্গে এয়েযে মোর সরির রক্ষা কিরূপে পরিব

পেহিব পুতেক দেখিছে ফুকনর্ণেকেঁই জে সকলো কথা লেখি আজি করি সিয়ে গৈ ই চাহাবর ঠাইত দি সরনাগত হবি গৈই আত চাহাবলোকে অবশ্বক অনুগ্রহ করিব চইসাত কুম্পানি কাপ্তানে পটং সহিতে লেই সিয়ে আহিব জি খরচ হই দিবর্ণে কবুল করিবি এই দরত জদি চাহাবে স্থচিন হই বসরেকত এক লক্ষে দিবর্ণে লেখি দিবি এই প্রকারতো জদি নো বোলে ডের লাক্ষ দিবর্ণে লেখি দিবি তেওঁ সক্রক নাষ্ট করিব পরার্কেহে আহবি জদি আমার সরির রক্ষা ন পরা শুনে আমার কোবর এটা জি ভাটীত আছেগৈ সেইটিকে আনি সক্রক নষ্ট করি দেশখান রক্ষা করিবি এই কথা জদি বুঢ়া গোহাঞএ জানিব লাগিল রাজবধ গুরুবধ স্ত্রীবধ ফুকনের গাত লাগিব ইতি তাং ২৯ মাশ ভাদ্রে—

নকল মোতাবক আশল মোকাবিলা শ্রীরামপ্রসাদ দাস—

---

(১৪১)

৭ শ্রীশ্রীদুর্গা—

বৈরিবারণবিদারণপ্রচণ্ডপঞ্চানামিতপ্রচণ্ডযশোনিকুরথমলিনীকৃতশারদপার্ব্বণ শশধর-করবরনিকর শ্রীশ্রীযুত নবাব গবনর জানরেল যংবাহাদুর বড়সাহেব মহাকারুনিক-সরনাগতপ্রতিপালক মদেকান্তাশ্রয় সুহৃদ্বরাগ্রগণ্য সুহৃদ্বরোত্তমেষু পরমপ্রীতিবাসনা-পুর্ব্বক নিবেদনং পরন্ত সমাচারাঃ পূর্ব্বে মণিপুরেশ্বর শ্রীযুত চোরজীত সিংহ রাজা আপন ভ্রাতার সঙ্গে বিরোধক্রমে রাজ্যভ্রষ্ট হইয়া আমার রাজ্যে আসিয়া আমার নিকট দরখাস্ত দিয়াছিলেন আমী অনুবল দিবার তিনী পুনরায় যাইয়া মণিপুর রাজ্যে চড়াহি করিবার তাহাতে উভ দিগে সমান সম্পর্ক প্রযুক্ত অনুবল দেওয়া গেল না এই বিষয় আমাতে অপরিতোষিত হইয়া জয়ন্তীপুরে রাজা নিকট যাইয়া সাক্ষাৎ করিয়া উভয়ে একতা পাইয়া আমার সঙ্গে বিবাদ করিতে উদ্যোগ করিয়াছেন সম্প্রতি জয়ন্তীপুরের রাজা আমার রাজ্যের পরগনে কালাইন মৌজে তেরাপুর আমার পুরুষানুক্রমে কাবিজ মিরাস সাওাদেও যাইয়া বলিয়াছেন এই পর্য্যন্ত তিনী দখল করিবেন তাহা আমল করিবার সন্ধা সন্ধান করিতেছেন অবশ্ব আমার রাজ্যে চড়াহি করিবেন এই বিষয় লিখি পূর্ব্বে মদগ্রজ মহারাজা আপনার নিকট দরখাস্ত দিয়াছিলা আমার রাজ্যে অন্য বিরুদ্ধ লোকে আসিয়া চড়াহি করিতে মেহেরবাণী করিয়া মদত দিবার তাহাতে অনুগ্রহ বাসনাতে জিল শ্রীহট্টের জজ সাহেবর প্রতি হুকুম হইয়াছিল সময়ানুসারে শিপাহিলোক দিয়া মদত করিবার সিপাহিয়ানের তলপ আমার নিজ হইতে দিবার এই বিষয় সম্প্রতি জজ সাহেবর নিকট ২৫ পচিস জনা শিপাহিলোক পাঠাইবার লিখিতেছি তাহাতে কিম্বা না দেন কিম্বা আপনার নিকট রিপোর্ট করেন এই বিষয় লিখি আপনে মুরব্বী আমী আপনাতে শরনাগত আশ্রিত বটি অনুগ্রহ বাসনাপুর্ব্বক অবশ্য ২ ২৫ পচিস জনা শিপাহিলোক আমার নিকট

পাঠাইতে জিলা শ্রীহট্টের জজ সাহেবর প্রতি হুকুম হবে এই বিষয় আপনারদিগের অখণ্ডপ্রতাপানুগ্রহ আমাতে ব্যক্ত হইলে আমারদিগের বিরুদ্ধ লোক নিরস্ত হবে আপনার অনুগ্রহ মাত্র ভরসা বিশেষ কি লিখিব অবশিষ্ঠ সমাচার কালীদাস বন্দোপাধ্যায় ও সুকদেব রামদাসের বাচনিকক্রমে গোচর হবে কিমাধিকং—মহামহোগ্রপ্রতাপ সুহৃদ্বরোত্তম মদেকান্তাশ্রয়েষু শক ১৭৩৭ সাল বতারিখ—মাহে ১৭ কার্ত্তিক—

৮৭ প্রচণ্ডপ্রতাপসৌর্য্যমর্য্যাদারক্ষিত মহামহীন্দ্র মহিমার্ণব (?) দেশদেশান্তরীয়ামিত-নৃপসন্দোহসরনাগতপ্রতিপালক শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানরেল বংবাহাদুর বড়সাহেব মদেকান্তাশ্রয়নিকটে

---

(১৪২)

শ্রীশ্রীদুর্গা

শ্রীযুত একচকরা কাজিকে সেলাম বাদ খএর চাহি আমী কৈলকাতা হৈতে ফীরিয়া আসীয়াছি তাহা তোমার জমাদার লোক সীপাহি সহিত আমার নিকট পঠাইয়াছেন ইহাতে খুসী হৈলাম জমাদার ও সীপাইরদীগের রাহাখরচ দুই সও পঞ্চাষ টাকা দীয়া রোকসোদ করিয়া দীলাম আর পঞ্চাষ বন্দুক সরমজান সহিত পঠাই পহচিবেক আপনকার কারণ এক পত্রচিন্ন বণাত পঠাই লইবেন আর রাজাসাহেবের কারণ দোরোখা পাচ গজ বনাত পঠাই সেহ রাজাসাহেবের পায পহচিবেক ৩০ মোন রসদ পঠাই লইবেন আর সিলিগুড়ি মোকামে পহচিলে সকল সমাচার কহিব ও শুনিব ইতি ৪ পৌস সন ১২২১ সন তেতুলিয়া—

শ্রীশ্রীদুর্গা—

স্বস্তি সব্বউপমাজোগ রাজ তর্কি সামথ ধর্ম্মখরির শ্রীযুত মেজর সাহেবের সেলাম বাদ খএর আছি আমী কৈলকাতা হৈয়া ফেরিয়া আসীয়াছি আপনার চীঠী ও পত্রচিন কাঙ্কা লেপচা মারফত পহছিয়াছেন ইহাতে বহুত খুসী হইলাম আর জমাদার ও উকীল

সকল আমার পায পহচিল তাহারাক ৫০ পঞ্চায বন্দুক সরমজাম সহিত জমাদার লোকক জিম্ম্যা করিয়া দেওা গেল কাজি একচকরা পায পহচিবেক আর ৩০ ত্রিষ মোন চাউল কাজির পায পঠাই তাহা পহচিবেক আর রাহাখরচ ২৫০৲ দুই সও পঞ্চায টাকা জমাদার ও সীপাহিদীগেক দীলাম সিলিগুড়ি মোকামে কাজি একচকরা পহচিলে দোনলী বন্দুক আপনকার কারণ দেওা জাবেক আর দোরখা এক বনাত কাকা লেপচা মারফত পঠাই পহচিবেক কাজি মোলাকাত হৈব পরে পশ্চাত ইহার সমাচার লিখা জাবেক ইতি ৪ পৌস সন ১২২১ সন তেতুলিয়া—

---

(১৪৩)

শ্রীশ্রীজগন্মোহন

সরণং—

স্বস্তিঃ প্রাতরুদিয়মানার্কমণ্ডলনিজভুজবলপ্রবলপ্রতাপসত্রূসমূহপুজিতাখিলরার্য্যেশ্বর-মহামহিম শ্রীযুক্ত মসিরথায ছোলতান এঙ্গেলেস্তান জোব্দেযেন ও বুঁনিযান আজিমংসান নবাব মোস্ততাব মালাআলকাব নবাব গৌবনর জানরেল লাড ময়রা বাহাদুর ছেপেহছালার আফোওাজ বাদসাহি ও কম্পেনী কেসওরে হেন্দ বিসমসমরাটঐরিকুল করিকুম্ভবিদারণকেসরিবর মহোগ্রপ্রতাপেষু সাহেবের বোলবালা দৌলত জ্যাদা হামেসা কামনাতেই অত্রানন্দবিশেষঃ সন ১২১২ সাল বাঙ্গলা কৌষুলের হুকুম মতাবক ৺মহারাজা কোচবেহারের আদালত ও ফৌজদারি কার্য্য আপন এক্ত্যারে পাওাতে তৎকালীন আমি মওাসীয়োক্তের আদালতের দাড়ার মতে এবং মহারাজা আদালত পাইয়া আমার পর অন্যায় করিবেক এই আন্দেসাতে কৌষুলে এক কিতা মতারজনামা দাখিল করিয়াছিলাম তাহাতে খোলাসা হুকুম রঙ্গপুরের কেলকটর সাহেব মারফত লিখিয়াছেন ইস্তমরার হইতে মহারাজার সরকারে আমার জেমত ২ ইর্য্যাত ও হোরমত ও মর্ত্তবাত্ত নিজ এলাকা জায়গাজমিন ও গয়রহ মহারাজা মৌষুপ বজাএে রাখিবেন এ সকল বিসয় অন্যায় আচরণ করিতে পারিবেক না সাহেব কালেটওর আমাকে এবং মহারাজা মৌষুপেকে হুকুম সুনাইয়া দিয়াছেন পরে মহারাজা মৌসুপ আদালত আপন এক্ত্যারে পাইয়া ঐ আদালতের হিমাকতিতে হুজুরের হুকুম আমলে না য়ানিঞা আমার এলাকার আস্তোপাস্তের দখল ভোগের জায়গাজমিন ক্রমে ২ জবরদস্তিতে দখল করিয়া আপন এক্ত্যারে লইতে লাগীলেন তদসেওায আমার মর্য্যাদার পর নানামতে হরকত আনিতে সুরু করিলেন এই সকল মোকদ্দমাতে কমিসনর সাহেবলোক নিকট নালিষ দরপেশের কারণ উপস্থীত হওাতে তাহার খবর পাইয়া ফৌজদারি আদালতের বাহেনাতে আমার মোক্তার চাকর হরেষ চক্রবর্ত্তীকে কএদ করিয়া নানামত তসদিয়া উপস্থিত করিলেন নাচার

হইয়া ঐ সকল জমিনহায় জবরদস্তিতে সত্তা এবং মিথ্যা করেব মোকদ্দমাতে মোক্তার হরেষ চক্রবর্তীকে কয়েদ রাখা এবং আমাক মর্য্যাদার পর এবং আমার তরফ গেন্ধি পাট-ছাড়ার জায়গাজমিন আদির পর জাহা হরকত করিয়াছেন সেই সকল বিসয় দফাওয়ারি জিলা রঙ্গপুরের কেলটওর শ্রীযুত মেস্তে জান ডিগীবি সাহেব মারফতে কৌম্বুলে মহারাজা মৌষুপের নামে নালিশ করিয়াছি তাহাতে হরেষ চক্রবর্ত্তির মোকদ্দমাতে জেমত ফরেবিতে ধর্ম্মপথ আচরণ না করিয়া হরেসকে খুন করিল তাহার সবেস্তার আমাকে হুজুর লিখিয়া জ্ঞাতো করার হাজত রাখে না বিস্তারিত কমিশনর সাহেবস্বিগের লিখাতে জ্ঞাতো যাছেন মহারাজা মৌষুপের হামেসা কি কি (?) এই জে ফৌজদারি ও দেওানী আদালত এক্ত্যারে রাখিয়া ঐ উপলক্ষ করিয়া পুনরায় আমাকে কিম্বা আমার চাকর লোকের প্রাণের পর হরকত করিয়া বক্রী জায়গাজমিন জে কিছু আছে তাহাও দখল করিয়া লয় এই দসিয়তে আএন্দা কোন চাকর-লোক এথানে কার্য্যে হাজীর না হয় এবং হরেষ চক্রবর্ত্তির মোকদ্দমাতে অথনতক কোন বদলা না হওাতে পুনশ্চ ঐ সকল উমেদ রাখেন আর জিলা বেহারের কমিসনর পহুছিলে পর ঐ আদালতের মোহর কমিসনর সাহেবেক জিম্মা করিয়া দিয়া আদালত করার এক্ত্যার দিয়াছিলেন জে পর্য্যন্ত কমিসনর সাহেব এক্ত্যারে [আদালত] যাছিল শে পর্য্যন্ত আমার পর কোন উৎপাত হয় নাহি কিন্তু দিবষ কএক কমিসনর সাহেব জিলা রঙ্গপুরের একটিঙ্গ হইয়া রঙ্গপুরে ছিলেন এই অবসরে কথেক লোক জমাইট করিয়া * * আমার বাড়ির পর চড়াও করিয়া হঙ্গামা পরদাজিতে আমার দরজার সমুখের হাট ভাঙ্গীয়া হাটের জিনিষপত্র লুটতারাজ করিয়া এবং ঐ মাজরার তারিখের পূর্ব্ব আমার এলাকা মোকাম দেওানের হাটে এক আবকারির দোকান জারি ছিল তাহা উঠাইয়া বুড়িকে মাইরপীট করিয়া দোকান ভঙ্গুর করিয়া পুনশ্চ আমার পর চড়াও করিবেন এমত উদ্ধতো ছিলেন সেমতে নাচার হইয়া আপন ইর্য্যেত ও হোরমত এবং জানমান রক্ষার কারণ হুজুরের মদদগার লোকের বিসয় আমার তরফ মোক্তারকারে কমিসনর সাহেব নিকট ৺কুম্পেনীর ডাক মারফতে এক ইতালার আরজী এবং আমিহ এক পত্র সাহেব মৌষুপেক লিখীয়াছিলাম তাহার হুকুম আইসাতে গৌণ হয় এহি আন্দেসাতে বেহারে জে কপ্তান সাহেব মোকরর যাছেন তাহার নিকট এই সকল মাজরা জ্ঞাতো করাইয়া শে যোক্তে কপ্তান সাহেব মৌষুপ পাচ জন সওার আমার বাড়িতে নিথাবান দিয়া সর্ব্ববিদে হোরমত রক্ষা করিয়াছেন এমতে অথন ফিরাচলা করিতে পারি এ সকল মাজরা সবেস্তার দরখাস্ত কমিসনর সাহেব পাষ দাখিল করিয়াছি বেহারের অনেক ২ লোকের বাচনীক অথন শুনিতে পাই জে সাবেক বদস্তর মহারাজা আদালত এক্ত্যারে পাওার হুজুরের হুকুম হইয়াছে কমিসনর সাহেব বেহারের আদালত করিবেন না জদি এ কথা সত্যো হয় তবে আমি মহারাজা মৌষুপের এক্ত্যারে আদালত থাকাতে কোন প্রকারে আমি রাজি নাহি মহারাজা মৌষুপেক এমত এক্ত্যার হইলে তাহার অন্যায় আদালতে পড়িয়া আপন জানমান ও জায়গাজমিন সম্বলিত এককালে নষ্ট হইব এ কারন আএন্দা অনুসোচনা পূর্ব্বক মহারাজা মৌষুপের একত্যার

CENTRAL LIBRARY

আদালত থাকাতে মোতাবতা হইয়া লিখিতেছি আমার দরখাস্ত গৌর করিতে অবধান হয় ইতি—

২ দফা কৌযুলের এজাজত এহি মহারাজা মৌযুপের এক্যারে আদালত থাকীয়া আমার পর অন্যায় আচরণ করেন তাহাতে আমি কমিসনর সাহেব নিকট এতালা দিলে তদারক হবেক কিন্তু তাহাতে আম্নার অন্তঃকরণ বিরুদ্ধতা দুর হয় না সবব এহি মহারাজা আদালত কিম্বা ফৌজদারির বাহেনাতে পাখড়া করিয়া তসদিয়া ও লাঘব করেন প্রকারন্তে এহিমত আচরন হবেক কমিসনর সাহেব নিকট এতালা করিলে পর আওয়াল এহি আদালতের উসিলারকথা সত্যে মিথ্যা না বুঝিয়া গ্রহ করিবেন না দ্বিতিয়তে কমিসনর সাহেব নিকট সেই বিসয় দরখাস্ত দিলে তাহা হুজুর এতালা দিবেন এই এতালা হুজুর দরপেষ হওাতে তাহার মনাস্বীব হুকুম জারি হবেন তাহা ও জবায় হওাতে জেতক গৌণ হবেক শে পর্য্যন্ত তাহার দণ্ডের জাঞে থাকা জাবেক না তাহার প্রমাণ হরেষ চক্রবর্ত্তির খুন জ্যাদা লিখিয়া কি জানাইব উপরান্ত আমার এমত তাকদ নাহি জে মহারাজা মৌযুপের সহিত হামেসা জিবদ্দসা পর্য্যন্ত নালিষ দরপেষ করিয়া গুজরান করি অতএব জাহাতে মহারাজা মৌযুপের আদালতের এক্যারের সামিল না থাকে এমত মরজী হয় ইতি

৩ দফা উপরের আপন আহওাল ও আদালতের বিসয় জে প্রকার নারাজী ও মোতারজ লিখিলাম তাহাতেও মহারাজা প্রতি কামাল মেহরমানগী থাকীয়া আদালত এক্যারে দেওা অভিপ্রায় থাকে তবে আমার গেন্দি পাটছাড়া এলাকা এবং আমার লন্তাহিকান খারিজে মহারাজাকে এক্যার দিতে অবধান হএ আমি ও মায় আপন ইলাকা কমিসনর সাহেবের তদারকে ও তজবিজের জেরে থাকিয়া রক্ষা পাই এমন মরজি করিতে অবধান হয় ইতি—

৪ দফা আমি ৺মহারাজার বদিয়তে নাচার হইয়া ৺কম্পেনী বাহাদুরের সরণাগত হইয়া জে সকল নালীষ করিলাম তাহার অখনতক এক দফার তজবিজ হইয়া হকেক পহুচিলাম না অতএব আমার আইআমের গরদিশমতে উপরের লিখাত তিন দফা তাহার মৈধ্যে এক দফাতেও গৌর না হয় তবে ৺ কুম্পানী বাহাদুরের খাষ ইলাকার মৈধ্যে জত্কিঞ্চিত স্থান কল্পনা করিয়া দিলে তথাতে বসত করিয়া সপরিবারের জানমান রক্ষা করি বেহারের যে কিকীত ভুম যাছে তাহা ৺কুম্পানীতে লিখিয়া দেওয়ার পর উদ্ধত যাছি হুজুরে তদারক করিয়া তাহা দিয়া পরবরিষ করিতে অবধান হক্কেক আমার ইর্য্যত হোরমত বিলাত ও ভূমি ধনপ্রাণ সমস্ত ৺কুম্পানি বাহাদুরের হাতে সোপরদ আমি জাহাতে রক্ষা পাই এমত মনোজোগ করিতে হবেক ইতি সন ৩০৬। সকা মতাবেক সন ১২২২ বাঙ্গালা তারিখ— ১২ আসাড়

CENTRAL LIBRARY

(১৪৪)

নকল শ্রীরামঃ

৺৭ স্বস্তি সকলমঙ্গলালয় শ্রীযুত সাহেব পরমদারচরিতেষু—

লেখনমিদং কার্য্যনঞ্চ আগে বিশেষঃ সমাচার এহি আমাদের গুওাহাটের জেলাতে বদনচন্দ্র বড়ফুকনকে মোকরর করিয়াছিলাম ফুকন মজর ছিফাইর তলবের সরবরাহ দিতে না পারি পাচ সালের মালগুজারি খাজানা মবলগ টাকা বেমোবাফিক তছরুপ করিয়া কাগজপত্র ও গয়রহ বুঝাইতে না পারি তাহা দূরাদৃষ্টক্রমে ২২ আশ্বিনে রাত্রী দুই প্রহর বাদে সুবেদার উদয় সিঙ্গ সমেত বদ পরামর্শ করিয়া কএক জনা ছিপাহি সুঙ্গলিত নিয়া-নিমকহারামি করিয়া ফুকন মজকুর কারসাজী করিয়া আমার পর বদীয়ত হজুরে আরজ করে আপনে পুর্ব্বপ্রীত মোহরবানগী নজর করিয়া হজুরে এহি সমাচার দাখিল করিয়া দিবেন এমতে ফুকন মজকুরের আরজী বেমঞ্জুর হয় তাহা হজুরে কোচিচ করিবেক ফুকন মজকুরের বেওরা সমাচার লেখিয়া পশ্চাৎ ইখানের লোকসমেত পাঠাইব পত্রের জবাব দরবার পাচক ডাক মারফত পাঠাইয়া পরিতোষ করাইবেক ইতি সন ১৭৩৭ তারিখ ১৯ অগ্রহায়ণ—

স্বস্তি সকলমঙ্গলালয় শ্রীযুত সাহেব পরমদারচরিতেষু—

---

(১৪৫)

৺৭শ্রীশ্রীদুর্গা
শরণং

প্রণামা নিবেদন—

বিশেষ হারা (?) সওদাগরের হাওদা ৫ সথারের টুপী জে লওা গীয়াছীল তাহার দাম নওাব সাহেব ধরিয়া দিয়াছীলেন এবং ফর্দ্দ দিয়াছীলেন তাহার মধ্যে কথক জিনীস ফেরত হৈয়া কথক অন্দরে রাখীয়াছীলেন কোন ২ জিনীস অন্দরে রাখীয়া ছিলেন তাহার দামের ফর্দ্দ পাঠাইবেন আমী এক ফর্দ্দ মহাজনের স্থানে লইয়াছী মহাজনে কহিল জে জিনীস অন্দরে আছে তাহার এই ফর্দ্দ আমী করিয়া দিলাম জে ফর্দ্দ করিয়া দিয়াছে তাহা আপনকার নিকট পঠাই এই সকল জিনিষ অন্দরে আছে কী না বেওরা লিখিবেন তদনুসারে ফর্দ্দ দাখিল করিয়া দিবো ইতি—২৫ চৈত্র—

৺৭ শ্রীশ্রীদুর্গা

সরণ

হাওদা	১	১০০
হাওদা	১	১০০
টুপী সম্বার	১	৮০
টুপী সম্বার	১	৮০
টুপী যদিনী (?)	১	৩৫
	৫	৩৯৫

পরম পুজনীয়

শ্রীযুত কমলাকান্ত ভট্টঠাকুর

তাতিজার চরণেষু—

সেবক

শ্রীলোকনাথ গুহস্য—

---

(১৪৬)

৭ শ্রীশ্রীদুর্গা

মদীশ্বর ঠাকুর

শ্রীকাশীনাথ গুহস্য—

রোকা নিবেদনং বাড়ী হইতে খবর আসীয়াছে জে শ্রীযুত ৺মহাসয়েক দরমীয়ান দীয়া জে এক সও টাকা সীককা করজ করিয়া আসীয়াছী তাহার কারন তাহার পর সমুহ খেজালত হইতেছে সে কারণ নিতান্ত বেস্ত আছী এমতে নিবেদনং নিজ হইতে অথবা শ্রীযুত রামদাস সা আদী মহাজন কীম্বা কোন সীফাহীলোক দ্বারাতে এক মাষ মিয়াদ পঞ্চাষটা টাকা দেওাইতে পারেন অনুগ্রহ উপকার হয় জে হইতে পারে অনুগ্রহপূর্ব্বক তাহার জওাব লিখীতে অবধান হবেক জদীস্বাং পারেন বিলক্ষণ নতুবা সীঘ্র জওাব লিখীবেন অন্য চেষ্টা করা লাগে ছুর্ব্বীক্ষ (?) সন্নং সরনাচিরাত কাম করিব মিতি তাং ২৮ চৈত্র—

মদেকান্তসদয় শ্রীযুত নিলকান্ত গুহ রাএ মহোদএষু প্রত্তুত্তর নিবেদনঞ্চ বিশেষ জে বিশয় লিখিয়াছেন তাহার আটক কিছু ছিল না ইতিমধ্যে আমার বাড়ির লোক আসীয়াছীল তাহাতে জে ছিল এক কারন তাহা পঠাইয়াছী কল্য এক মহাজনের স্থানে

জিজ্ঞাসা করিয়া জদি তাহার স্থানে গোছ করিতে পারি তবে বেওরা লিখিব আমাকে অদিক লিখার বিশয় নহে সাধ্যানুসারে মহাশএর এ বিসয় কসুর করিবো না সকল বেওরা রায় জীউর বাচনিত জ্ঞাতো হইবেন নিবেদন ইতি—২৮ চৈত্র

---

(১৪৭)

৺৭ শ্রীশ্রীদুর্গা—

সরণং—

কমলাকান্ত ভট্টঠাকুর—

শেবক শ্রীনীলকান্ত গুহস্ত—

ভূমৌ নিপত্য দণ্ডবৎ প্রণামা সমূহ নিবেদনঞ্চ আদৌ মহাশএর শ্রীশ্রীচরণাশীর্ব্বাদে শেবকের প্রাণগতীক কল্যান বিশেয অনেক দিবশ হৈল আশীর্ব্বাদ পত্রী না পাওাতে ব্যাস্তাছী মহাশএর সম্বলিত তথাকার দরবার গতিক মঙ্গল লিখীতে আজ্ঞা হবেক দরবার গতিক এথাতে থাকীয়া জেমত ২ শুনিতে পাই তাহার সটীক কীছু বুঝিতে পারি না সত্যমিথ্যা বেওরা লিখীবেন শ্রীমান গুরুপ্রসাদ গুহ মপস্বল গীয়াছেন শকল থানের তদারক করিয়া আসীলে বেওরা নিবেদন লিখীব অপর নিবেদন শ্রীযুত দাদা মহাশএর ভ্রাতা আপনকার নিকট নিজের এক কার্য্য জন্যে জাইতেছেন জেরূপে ইহার প্রতুল হয় তাহা অবশ্য ২ মহাশএ মোনজোগ করিয়া করিয়া দিবেন ইহাতে অন্নমত না করিবেন মহাশএক অশেষরূপ ভরশা করিয়া জাইতেছেন দেশের মঙ্গল শে জনিত ভাবিত নহিবেন কল্যানবরহ চেষ্টাতে আছেন জে কীছু থরচপত্রের মিছিল করিতে পারিলে মহাশএর বাবতে পঠান শ্রীমান জামাতা সারীরিক মঙ্গলে আছেন শে জনিত ভাবিত নহিবেন এথাকার আর ২ মঙ্গল সে কারণ ভাবিত নহিবেন ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি—২৮ চৈত্র

পরম পূজনিয়—
শ্রীযুত জয়নাথ মুনসী দাদা
মহাশয়ের শ্রীশ্রীচরণেষু
মোকাম রংপুর লাহিড়ি মহাশএর
বাশাতে ৭৪।॰ পহচে ইতি

নিবেদনঞ্চ
শ্রীনিলকান্ত গুহস্ত—

CENTRAL LIBRARY

(১৪৮)

৺৭ শ্রীদুর্গা

৺৭ বৈরিবারণবিদারণপ্রচণ্ডপঞ্চানন কলিকাত্তা যধীশ্বর শ্রীশ্রীযুক্ত গবনর জানরেল বং-বাহাদুর বড়সাহেব সরণাগতপ্রতিপালন সংকীর্ত্তিসুধাধবলীকৃতধরণীতল মদেকাস্থা-শ্রয়েষু পরমপ্রীতিবাসনাপূর্ব্বক বিজ্ঞাপনমেতৎ পরন্ত সমাচারাঃ।—মদগ্রজ মহারাজা স্বর্গ-গমনেতে একাকী নিরাশ্রয় হইয়া আপনার অনুগ্রহাশ্রয়জ্ঞানে স্বরাজ্যাভিষিক্ত হইয়াছিলাম এহাতে অথ আমার চাকর কাচারী লোক সানন্দরাম ও রামজয় ও ভেমরাডেও ও তুলারামে সরকারের তহসিলাতের খাজানা বাবং মবলগ টাকা তছরুপ করিয়া এথা হইতে পলাইয়া মোকাম জয়ন্তীপুরে যাইয়া তথাকার শ্রীযুক্ত রাজার সঙ্গে সাক্ষাৎ করিয়া উহান অনুমতি-ক্রমে সানন্দরাম মজকুরকে তথাতে রাখিয়া পর্ব্বতীয় রাস্তাক্রমে উত্তর সরহদ্দে আমার অধিকারস্থ ধর্ম্মপুর রাজ্যে ঐ তুলারাম মজকুরের পিতা থাসাডেওর নিকট যাইয়া ঐ ৪ জনাএ ধর্ম্মপুর রাজ্যের জমীধারানকে বহনা দিয়া তথাকার খাজানা বন্দ করিয়া ছন্দিয়া হইয়া অন্য অন্য পর্ব্বতীয় সমস্ত লোকের সহিৎ একতা পাইয়া ভৃত্যালোকে আমাকে একাকী নিরাশ্রয় জ্ঞানে আমার সঙ্গে যুদ্ধ করিতে সজ্জ সন্ধান করিয়াছেন অতএব আপনে আমাদের মুরব্বী আপনে বহি আমার আশ্রয়ান্তর নাহি আপুনারদিগের মেহেরবানী হইলে লীলা-বলীলাক্রমে এই সব দুষ্ট লোকের বিহিত তদারক হইতে পারে বিশেষ কি লিখিব অপর মদগ্রজ মহারাজা যৎকালীন মোকাম কলিকাত্তাতে নিকট গিয়াছিলা তাহাতে দরখাস্ত করিয়াছিলা যখন আমারদিগের রাজ্যে কেও চড়াহি করে তাহাতে মেহেরবানী করিয়া মদত দিবার তাহাতে জিলা শ্রীহট্টের মিজেষ্টর সাহেবর নামে মদতের বিষয় হুজুরের ১ কিত্তা চিঠি মদগ্রজ মহারাজা আসিতে সময় শ্রীযুক্ত মিজেষ্টর মার্গ্‌গিন সাহেবর নিকট দাখিল করিয়াছিলা অথ সময়ানুসারে শ্রীযুক্ত মিস্তর ওন সাহেবের নিকট ২৫ জনা শিপাহিলোক মদত দিবার বিষয় পত্র লিখিয়াছিলাম তাহাতে সাহেব মনোযোগ না করিলেন অন্তক পূর্ব্বে মদগ্রজ মহারাজার আমলে যখন কল্যাণসিংহ স্ববেদার আমার রাজ্যে আসিয়া চড়াহি করিয়াছিল তাহাতে সাহেবানর মেহেরবাণীতে জিলা শ্রীহট্টর শ্রীযুক্ত মিজেষ্টর ডিক সাহেব ২৫ জনা শিপাহিলোক মদত দিয়াছিলা তাহাতে কোম্পানী বাহাদুরের অখণ্ড প্রতাপাশ্রয়-তাতে আমারদিগের রাজ্য রক্ষা হইয়াছিল এবঞ্চ কল্যান সিংহ স্ববেদার গএরহ পরাজয় পাইয়া পলাইয়া গেল অতএব অত্যহ সময়গ্রহস্ত হইয়া আপনাতে সরণাপন্ন হইয়া লিখিতেছি ২৫ জনা শিপাহিলোক মদত দিতে জিলা শ্রীহট্টের শ্রীযুক্ত মিজেষ্টর সাহেবর প্রতি হুখুম হবে তাহাতে আপনারদিগের অখণ্ড প্রতাপাশ্রয়তাতে আমারদিগের রাজ্য রক্ষা পাবে এবং আপনার ভয়েতে আমারদিগের নিমকহারাম ভৃত্যালোক নিগ্রহ হবে অপর মেহেরবানীতে যে সব শিপাহিলোক পাঠাইতে হুখুম হবে সে সব শিপাহিলোককে আমার হেপাজতিতে

নকট রাখিব অস্ত্র দেওয়া যাবে না এবং শিপাহিলোকের মাহিনা আমার সরকার হইতে দেওয়া যাবে আপনে আমারদিগের সর্ব্বাংশে মুরব্বী সময় বিশেষের মেহেরবানী বিস্মৃত জন্মাবচ্ছেদে হবে না অপর আপনে ধর্ম্মাবতার অতএব শরণাগত রক্ষণারক্ষণ পুণ্য প্রত্যবায় জ্ঞানে এই বিষয় অবশ্য অবশ্য মেহেরবানী করিতে অনুমতি হবে বিশেষ কি লিখিব কোম্পানী বাহাদুরের সরকারে এই বিষয় প্রতুল হইলে ৫ পাচ হস্তি নজর পাঠান যাবে কিমধিকমিতি শক ১৭৩৭ সাল মাহে ২৫ পৌষ'।

ক্রোড় পত্রমিদং পরন্ত সমাচারাঃ ২৬ পৌষ তারিখে আমারদিগের আমারদিগের গোয়াবাড়ি মোকামের পাট পর্য্যন্ত দখল করিয়াছে অতএব সমস্তের একবাক্যতাতে বোধ হয় সমস্তঐ দখল করিবেক অতএব আপনে বহি আমারদিগের আর গত্যন্তর নাহি বিশেষ কি লিখিব।

প্রচণ্ডপ্রতাপশৌর্য্যগাম্ভীর্য্যৌদার্য্যগুনাকর কলিকাতা মহীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানরেল যংবাহাদুর সরনাগতসংরক্ষণপ্রতিপালনপুণ্যবিরাজিতহৃদয়বরেষু—

হিড়িম্বাধীশ্ব
র শ্রীশ্রীগোবিন্দ
চন্দ্র নারায়ন নৃ
প(?) বাহাদুরস্য

---

(১৪৯)

৮৭ শ্রীশ্রীদুর্গাঃ

স্বস্তি গুনিগনগননীয়যশোরাশিবিকাশীজগতিতল শ্রীরঙ্গপুরিয়া সাহেব পরমোদার-চারিত্রেষু লেখনমিদং কার্য্যঞ্চ আগে পর সমাচার এহি আপনাদের সাহায্য মতে এদেশের হেঙ্গাম ফচাদ কিঞ্চীত বারণ হইয়াছে যে অবশীষ্ট লোকজন আছে পুর্ব্বমত সবিশেষঃ বস্তিতা হয় নাহি আপনে সকল এদেশের আহয়াল জানা আচেন তা জা হৌক সম্প্রতিক বদনচন্দ্র বড়ফুকনকে গুবাহাটীর কিল্লাখে নবাবি কার্য্যে মোকরর কর্য্য গিয়াছিল ফুকন মজকুরে নবাবি কাজের চরবরাহ দিতে পারিলেক না চারি পাচ সালের মালগুজারির মবলগহাই টাকা তচরুপ করিয়া দুষ্টলোক সহিত পরাক্রম করিয়া ২২ আশ্বিনে রাত্রি

আটে পহর বাদে নামকটা স্ববেদার উদয় সিঙ্গ কএক জন চিফাই সহিত ফুকন মজকুর আপন তিন লারকা সহিত মালখানার খাজানা নিঞা নিমকহারামী করিয়া পলায়া গিয়াছে সম্পতি শুনিয়াচি ফুকন মজকুর চিলমারিতে রহিয়াচে জদিস্তাত মথালিপ লোকের চলাতে আমার পর বদিয়ত করিতে কারচাজিমতে কোন কথা ফুকন মজকুরে আরজ করে তাহা আমলে না আনিয়া পুর্ব্বাপ[র] কদিমি দোস্তী নিগাহ করিয়া জাহাতে অন্যথা হইতে [না পারে] তাহা মনজোগ করিবেক ইহা খবর শ্রীযুত কলিকাতার বড়সাহেবের স্থানে জানাইবেন এবং ফুকন মজকুরকে আপনে [তন]দারি করিয়া টাকা সহিত তাহাকে পঠাইলে আমাদের বড় উপ[কার] হয় এজন্যে আপনে মনোজোগ করিয়া এখানে পঠায়া দিবেক যতকিঞ্চীত পত্রচিন্ন পঠাইতেচি পহচিবেক বাকি সমাচার শ্রীরাম খামিন্দ সর্দ্দার মুখ জবানীতে বুজিয়া পরমাপ্যায়িত করিবেন কিমধিকমিতি সন ১৭৩৭ শক ৩ মাঘ—

স্বস্তি: সকলমঙ্গলালয়গুনিগনগননীয়
শ্রীযুত রঙ্গপুরিয়া সাহেব পরমোদারচরিত্রেষু
মোকাম.................. রঙ্গপুর

শ্রীচন্দ্রকান্ত সিং
স্বর্গদেব মহারাজার
জোবানী—

---

(১৫০)

৺৭ শ্রীশ্রীদুর্গাঃ

সস্তী সকলমঙ্গলালয় শ্রীযুত মেস্তর জজ সাহেব সদ্বদারচরিত্রেষু সাহেবের খএরাফিয়ত হামেসা শ্রীশ্রী৺দরজাতে মোনাজাত করিতেছি তাহাতে অত্র খএর পরং গুয়াহাটী মোকামে ছয় জন ফোকণের মধ্যে শ্রীযুত বড়ফোকণ হজুরের কার্য্যের মোক্তিয়ার ছিলেন শ্রীউদয় সীংহ সবেদারে বদসলা দিয়া হজুরের বিনা এত্তালাতে চৌকীআতে বোপন্ন করিয়া নিকীলাইয়া লইয়া শ্রীশ্রীযুত কুম্পানী বাহাদুরের জাএগাতে গিয়াছে শুনিতে পাই শেখানেও সবেদার মজকুর অনেক প্রকার বদসলা দিয়া খারাপ করায় উদ্দত আছে হজুরের সাএবাতের রাখা আমার জিম্মা জাগা বজাগা জে সকল চৌকী আছে তাহার মধ্যে কোন নেকবদি হইলে আমাকে হজুরে জওাব দিতে হয় পুর্ব্বাপর কোন দৌসত-বন্দ লোক কুম্পানী বাহাদুরের জাএগাতে গেলেও সাহেবলোক দিলাসা দিয়া পঠাইয়া দিলে হজুরের কায্যে মোকরর থাকে এবং কষরি থাকিলেও মাপ হএ অতএব হজুরের জে পত্র জাইতেছে মোলাহেজা করিয়া জেরুপে ফোকণ এথনকে আইশে তাহার মত

মেহেরবানি ফরমাইতে মরজি হবেক হরিয়েক সুরতে সাহেবের ভরসা অধিক কী আরজ করিব ইতি— ২৭ অগ্রহায়ন—

সতী সকলমঙ্গলালয় শ্রীযুত মেস্তর জজ সাহেব সদুদারচরিত্রেষ্—
মোকাম··· ·········· ··· ····জেলা রঙ্গপুর

শ্রীপর্ব্বরাম
দেব সর্ম্মন

---

(১৩১)

৭৮॥—

বিশেষঃ আৰ্দ্দাস পুর্ব্বে আপনার সহিত হুজুরে শ্রীশ্রীদেব ৮০০০ রাজা একে আছিল গত মর্দ্দতে নাজীর দেওতা লড়াই করিয়া আপনার রার্জ্যাতোম খারাপ করিয়া ফেরঙ্গিক আনিয়া আমল করিয়া নিল সেইমতে রেঙ্গরাজ জবোর করিয়া সকল জাগাএ নিল তবে ইহাতে হুজুরে দেব মোহারাজা আপনার কথাত মনোত এক প্রকার মানিয়া আমাক হুকুম লেখিছে জে তোঞী বেহারের রাজাত লেখিয়া ফেরঙ্গি সহিত কী কাজিয়া জদীসাত পুর্ব্বের মতে আমরা উহাবা একোতা হএ তবে তারমত জওাব দেওন আমার কত্তা নেপালর রাজাক লেখিয়া কত্তা আনিয়া আপনার কত্তা সহিত একে হএয়া ফেরঙ্গি সহিত লড়ীয়া খেদাই ইহার কি হুকুম তাগাদ লেখায় জওাব দেওা জাবেক এহি সকল লেখা শুনিঞা আপনে ভুটিয়া মারফতে জওাব হুকুম হবেক অন্বতর জানিতে না পাএ ইহা আৰ্দ্দাস ইতি সন ৩০৬ সক—২৭ মাঘ—

---

(১৫২)

৭ শ্রীশ্রীসীব

সরনং—

শ্রীশ্রীমহারাজার হুকুম—

শ্রীবাঙ্গার ঘারের স্বতাক—তোর কুসল চাহি বিসেষ পুর্ব্বে শ্রীশ্রীদেবরাজা সহিত একোতা ছিলাম আমারদিগের ভালমন্দ হৈলে তন্দারি করিছিল মর্দ্ধতে বিরোদ হঅা ফেরাঙ্গী চরিঅা রাজাভুম সকল আমল দখল করিয়া লইল ইহাতে তোক লিখা জাএ পুর্ব্বেও দেবরাজা সহিত যেকোতা ছিলাম সেমতে তুক্রি হুজুরে লিখীঅা ফওজ আনায়া য়ামার ফওজ সইত লরাই করিয়া ফেরাঙ্গিকে খেদাই তুক্রি ইহার চেস্টা যতি আবসক করিবো জদি লরাই করিঅা ফেরাঙ্গিকে খেদাইতে পারি তবে তোমরা আমরা পূর্ব্বমত একোতা আছি ইহাক টীক ২ জানিবো ইতি সন ৩০৫............১১ ফালগুন—

৭ শ্রীশ্রীমহাদেবঃ

সরণং—

৭ স্বস্থি সকলমঙ্গলালয় শ্রীযুত মেগলোট সাহেব জীউর সুচরিতেষ্ য়ত্র কুসল আপনার কুশল সতৎ০ইশ্চারে প্রথনা করীতেছি তাহাতে য়ত্রান্দ বিশেষ শ্রীশ্রী বেহারের মাহারাজা শ্রীশ্রীকমপুনী সহিত লরাই করীবার কারণ য়ামাক লেখীয়া লোক পঠায়াচীল তাহার কারণ য়াপন সুবাকে যানাএ পঠায়াছেন তখোন লীখী য়ামার শ্রীনীগম কাএতেক ঠাই য়াচীল সে সন্দে করীয়া নিকালীয়া দেএ নাক্রী য়খোন সুবা য়াসীয়া কইল যে রাজার য়াপন লীখা না হইলে কথা সাবুদ হইতে পারে না ইহাতে য়ামী ২৭ মাঘে এক লেখা পাই মহারাজাকে লেখীয়া কাচয়ালা(?) ছোট সুবা মারফত পঠাইছি পরে কাএতোক সকতাযী করাতে য়ার সনের জে লেখন ১১ ফাগুনের তাহাক কাএতে দীল য়তের মহারাজার এ সনের লেখোনের জবাব ছোট সুবা মারফত দীয়াছে তবে য়াগা সনের লেখন ও ইম সনের ১৪ ফাগুনের লেখন এ দুই লেখন য়ামার লেখনের সঙ্গে পাঠাই য়াপন মালুম করীয়া লওা জাবেক জ্ঞাত ইতি ৩০৬ সকাবতে ১৯ চত্র

৭ শ্রীশ্রীসিব

সরণং

শ্রীশ্রীমহারাজার হুকুম—

শ্রীবাশকার ঘারের স্বতাক—তোর কুশল চাহী বিশেষ। সন ৩০৬ সকার ২০ মাঘের তোর আরর্দ্দাশ পত্র সন তথার ১৪ ফালগুনে পায়া শ্রীশ্রীদেবরাজার হুকুম মতে তুক্রি

জেমত ২ লিখিয়াছীল তা সকল ওাকিফ হইলাম এসকল ভারি কথা ঝটপট কহিতে পারি না বিবচনা করিয়া পশ্চাত্ জা হএ তা লিখিব এ পত্রের কথা নয় ইতি সন ৩০৬ সকা ১৪ ফালগুন—

৭ স্বস্তি সকলমঙ্গলালয় শ্রীযুত মেগলোট সাহেব জীউত সুচরিতেষু—

---

(১৫৩)

৺৭ শ্রীশ্রীদুর্গা

৺৭ প্রচণ্ডপ্রতাপসৌম্যমর্য্যাদারঞ্জিত যশঃখদ্যোতীকৃত শারদেন্দুকর চন্দ্রকান্তমনিবাঙ্গ দীপ্যমানকলেবর শ্রীশ্রীযুত নবাব গবনর জানরেল জংবাহাদুর বড়সাহেব মহামহোগ্র প্রতাপবৈরিবারণবিদারণপ্রমত্তপকাননদেশদেশান্তর নিয়োজিত জজ কালেকট্ররাখ্য ভূরিভূপালবৃন্দ সুহৃদ্বরাগ্রেষু পরমপ্রীতিবাসনাপূর্ব্বক বিজ্ঞাপনমেতৎ। পরন্ত সবিশেষ সমাচারাঃ। আমাদের ভৃত্য কাচারিলোক সানন্দরাম ও রামজয় ও ডেমরাভেয় ও তুলারাম উহাঁরাকে আমার সরকারের খাজনা তহসীলাতের কার্য্যেতে পরগণাজাতে দেওআ গিয়াছিল তাহাতে উহারা তহসীলাতের টাকা তছরুপ করিয়া এথা হৈতে পলাইয়া মোকাম জয়ন্তী-পুরের শ্রীযুত রাজার সহিত সাক্ষাৎ হৈয়া তদনুমতিক্রমে সানন্দরাম মজকুরকে তথাতে রখিয়া তৎসরহদ্দে পর্ব্বতীয় রাস্থাক্রমে আমার উত্তর সরহদ্দ ধর্ম্মপুর রাজ্যে যাইয়া তুলারাম মজকুরের পিতা খাসাডেও ঐ মোকামে পূর্ব্বে গিয়া রহিয়াছিল উহার সহিত ও তথাকার জমীদারান ও পর্ব্বতীয়া লোকের সহিত একতা হৈয়া কুপরামর্শ করি খাসাডেও মজকুর সরদার হৈয়া তথাকার খাজানা বন্দ করি ছুন্দিয়া হৈয়া ভৃত্যলোকে একক নিরাশ্রয়জ্ঞানে আমার সহিত যুদ্ধ করিতে সজ্জ সন্ধান করি আমার গুআবাড়ির পাট পর্য্যন্ত আসি আমল করিয়াছে এহাতে নিতান্ত সন্ত্রস্ত হৈয়াছি পূর্ব্বে মদ্ভ্রাতা আপন নিকট যাইয়া শরণাপন্ন হৈয়া ছিলেন তদনুসারে আমিহ শরণাপন্ন আমাদের সর্ব্বাংশে মুরব্বী আপনে আপন বহি অন্যাশ্রয় নাহি অতএব গোচর করি মেহেরবানি পূর্ব্বক জিলা শ্রীহট্টের শ্রীযুত মিজেষ্টর সাহেবর প্রতি

CENTRAL LIBRARY

১ এক কিত্তা পরাণার হুখুম হয় ২৫ পচিসজনা ছিপাহি আমাকে মদত দিবার তবেহি আমি আপনার অখণ্ড প্রতাপাশ্রয়েতে নির্ব্বিঘ্নক্রমে রাজ্য সম্ভোগ করিতে পারি এবঞ্চ আপনার মেহেরবানি অখণ্ড প্রতাপাশ্রয় শ্রবনে এসব নিমকহারাম শত্রু সমূহ দূর হৈয়া জাবে এহাতে শরণাগত রক্ষণজ সুকীর্ত্তি দিঙমণ্ডলে আপনাদের সুব্যক্ত হবে এবং যৎকালীন্ মদ্‌ভ্রাতার আমলে কল্যান সিংহ সুবেদার আসিয়া আমার রাজ্যে চড়াহি করিয়াছিল তৎকালীন সদরের হুখুম হৈতে জিলা মজকুরের মিজেষ্টর শ্রীযুক্ত মেস্তর ডিক সাহেব ২৫ পচিসজনা ছিপাহি মদত দিয়া আমার রাজ্য রক্ষা করিয়াছেন অতহ তদ্রূপে মেহেরবানি পূর্ব্বক জিলা মজকুরের শ্রীযুত মিজেষ্টর সাহেবর প্রতি ২৫ পচিসজনা ছিপাহি আমাকে মদত দিতে ১ এক কিত্তা পরাণার হুখুম হবে অপর আপনকার নিকট উকিল শ্রীমাধবরামকে পাঠাইতেছি উনি আমার অনুমতিক্রমে যখন যখন যে যে বিষয় দরখাস্ত করিবেক তাহাতে মেহেরবানি পূর্ব্বক হুখুম হবে পরঞ্চ যাবৎকাল ঐ ২৫ পচিসজনা ছিপাহি আমার নিকট থাকিবেক তাবৎকালের উহারার মাহিনা আমার শরকার হৈতে দেওয়া জাবে আপনকার নজর হস্তি ১ এক গোট ও হস্তিনী ১ গোট দিতেছি মেহেরবানি পূর্ব্বক স্বীকার করিতে অনুমতি হবে কিমধিকমিতি শক ১৭৩৭ সাল—মাহে—১—ফাল্গুন—

৺৭ বিনিন্দিতদিনকরশশধরকরনিকরযশঃপ্রকাশীকৃতভূমণ্ডল কলিকাত্তাযধীশ্বর শ্রীশ্রীযুত নবাব গবনর জানারল যংবাহাদুর বড়সাহেবপ্রচণ্ডপ্রতাপেষু—

---

(১৩৪)

৭ শ্রীশ্রীরাম
সরণং

সস্তীঃ সকলমঙ্গলালয়মহামহীমমহীমার্ণব শ্রীযুত রঙ্গপুরের জজসাহেব জিউ মহাবল ভার চরিত্রেষু আপনার মঙ্গলতি সদা ৺ইশ্বর স্থানে বাকী তাহাতে অত্রানন্দ বিশেষং। গোরখা সহীত বোলে আপনারদিগের কাজীয়া ইহাতে গোরখায় ফৌজ বিশয় উত্তর-ভাগের শ্রীশ্রীক্রমের ৺বাদশাক লিখীয়া পছিমে ফাড়ীর দেশে দিয়া ফৌজ নামায়াছে শে চাচু

ফৌজ সকল অনেক লদ্ধুক তবে তোমরা আমরা আঙ্গিপাস্ত দমেদোস্তী এ শকল তং তোমরা জানেন কী না জানেন ইহাতে আপনাক তং জানাইলাঙ শে সকল বাদশা ফৌজ সহীত আমার ইলাকা নাই তবে আপনারদিগের গোরখার কাজীয়া ফৌজ রাজ সকলকে তং দিয়া সাবধান করাবেন সতং আপনকার মঙ্গল্যাদী লিখীয়া সনতুষ্ট করাইবা ইহা জ্ঞাত ইতি সকা ৩০৭ সাল তারিখ ১ ভাদ্র

সস্তিঃ সকলমঙ্গলালয়মহামহামমহীমানব শ্রীযুত রঙ্গপুরের জজসাহেব জিউ মহার্ণভাবচরিত্রেষু—

—

(১৫৫)

৭ শ্রীশ্রীত্রৈলোক্য—

নাথঃ স্বরনং—

Seal of
Beer Inder
Narain

শ্রীগজেন্দ্র নারায়ন কুঙর ও শ্রীসম্ভূ নারায়ন কুঙর ও শ্রীছোট কাছুয়াক যে করার পত্রমিদং সন ৩০০ সাল মোতাবক সন ১২১৬ সাল আঙ্কে লিখনং কার্য্যঞ্চাগে আমারদিগের পীতা ৺খগেন্দ্রনারায়ন নাজির দেওতা সন ১২১৫ সালের মাহে জ্যৈষ্ঠ মাসে ৺সগ্গী হইয়াছেন পীতা মহুবের আমরা চারি পুত্র আমি সর্ব্বজেষ্ঠ তোমরা আমার কনেষ্ট পিতা মহুবের দখলের গেন্দি বলরামপুর ও নিজ বেহারের খাজানা হইতে কুম্পানির হুকুম মতে

কমিসনর সাহেব মারফতে নগদ সিকক্া মবলগে ৫০০ পাচ সও টাকা মাহাবমাহা খোরাকী পাইতেছিলেন হুজুরে আমার নামে জারি হইয়া ঐ পিতা মবুবের দখলের গেদ্দি বলরামপুর চৌকুসী এবং খোরাকী পাচ সও টাকা আমি পাইতেছি আমি তোমারদিগের সহিত এক হামতামে থাকীয়া খরচপত্র করিবা এবং করিব আর পিতা মবুবের নিজ বেহারের হিস্তা ॥৵২॥ নও আনা দস বটের মলুক শ্রীযুত ৺মহারাজার সহিত মোকর্দ্দমা করায়া লাগায়াছে ঐ মোকর্দ্দমা করিতে তোমারদিগের সহিত মোকাম কৈলকাতা জাইয়া ৺ গবনর বাহাদুরের হুজুরে দরপেস করিয়া দরখাস্ত গুজরাইয়া মোকর্দ্দমা করিয়া মলুক লইব পীতা মবুবের দখলের গেদ্দি বলরামপুর চৌকুসী ও খোরাকী পাচ সও টাকা ও হাবেলি ও দাসী নফর ও হালুয়া ও খেদমতগারান ও গরু ও মৈষ ও সোনারুপা ও তৈজস আদী ও নিজ বেহারের হিস্তা নও আনা দস বট জদী হয় এবং জে কিছু যাছে এক হামতাম থাকীয়া—সকলী তদারক করিয়া ভোগ করিব তাহাতে তোমারদিগের সহিত জদী কোন বাবদে কথন গর ইতফাক করি এবং কর তবে তোমরা এহি যে করার হুজুর দরপেস করিয়া তোমারদিগের তিন ভ্রাতার ৸৹ বারো আনা হিস্তা আপন ২ নাম জারি করিয়া আমার নাম হইতে হুজুরে খারিজ করিয়া হিস্তা মজকুর এবং নগদ পাচ সও টাকা চিহ্নিত করিয়া লইবে ইহাতে আমি কিম্বা আমার ওয়ারিসান কেহ দাওা করিতে পারিবেক না জদি দাওা দরপেস করি কিম্বা করে সে ঝুটা বাতিল এত (দর্থে ?) যে করার লিখিয়া দিলাম ইতি সন সদর তারিখ ১৩ অগ্রহায়ণ

—ইসাদ—

শ্রীজাত্রাহালসেনা	শ্রীশ্যামচন্দ্র সেন	শ্রীসানের পোকা ?
সাঃ বলরামপুর	ভাণ্ডার কাএত	সাঃ বলরামপুর
শ্রীমজর্দ্দারাম দাস—	সাঃ গোবরাছাড়া	
সাঃ বলরামপুর		

(১৫৬)

৺৭শ্রীশ্রীসিব সরনঃ—

স্বস্তীঃ সকলমঙ্গলৈকনিলয় শ্রীযুত মিস্তর হুরমান মেকলোড সাহেব জিউ সচ্চরিত্রেষু—

আপনকার মঙ্গল কামনাতে অত্রানন্দ বিসেষঃ সন হালের ২৯ মাহ শ্রাবণের মরকুমা আপনকার পত্র পাইয়া বিবরন অবগত হইলাম মোকাম রঙ্গপুরেত আপনকার সরকারি খাজানা হইতে নাজেক কুঙরের খোরাকি বাবত নাগাএত সন ১২২৩ সাল সিকা ২৮৫০০ আটাইশ হাজার পাচ সও টাকা ও ফকীর সিংহ ও গয়রহ সিপাহিয়ান ও বরকন্দাজান

মাহীআনা বাবত সিক্কা ও নারানি ২৯৩৮৭।৶১২।০ ওনত্রিস হাজার তিন সও সপ্তাসি টাকা সাত আনা সওা বারো গুণ্ডা ও সন ১২২২ সালের নালবন্দীর বাকি ৩৩২০৪৵১৭॥ তেত্তিস হাজার দুই সও চাইর টাকা দুই আনা সাড়ে সতরো গুণ্ডা একুনে মবলগে ৯১০৯১॥৵১৮ একানব্বৈ হাজার একানব্বৈ টাকা দস আনা পওনে দষ গুণ্ডা আমার সরকারে পাওনা তাহার জে ফর্দ্দ পাঠাইয়াছেন তাহাতে জ্ঞাতা হইলাম ঐ মবলগ মজকুর পাঠানের বিসয় লিখিয়াছেন আমার রাজত্যের জে মত আবতরি ও জেমত উৎপন্ন ও আমার খাস খরচাদী জে প্রকার তাহা আপনকাকে সকলি বিদিত আছে হাল সনের নালবন্দী খধরিয়া নিজ খরচা চলা দুসকর বকায়া দেন এককালে ভারি হইয়াছে ইহা একবারগি আদায় পহচার গুঞ্জায়স হয় না আমি কুম্পানি বাহাদুরের ছায়াগির আমার সব সরকারের বেহতরির মদ্দ নজরে হরষরতে মেহেরবানি প্রকাসীয়া আমার বোতবাতে বাহাল রাখিয়াছেন আমিহ সরকার মোসুফের বোলন্দ একবাল ওদ্বারাতে বাঞ্চা করি সরকার মমদুহের দেন জে হইয়াছে তাহা ক্রমে ২ জোগাইয়া লইলে আদায় করিয়া আপন রাজগিতে কাএম থাকিতে পারি জে দেন হইয়াছে ইহা মেহেরবানি পূর্ব্বক তিন বৎসরের কিস্তবন্দী করিয়া লইলে এহার আঞ্জাম পহছে অতয়েব আপনে আমার মেহরবান মেহরবানি প্রকাসে ঐ টাকার তিন বৎসরের কিস্তীবন্দী করিয়া দিবেন জে ঐ কিস্তবন্দী মোতাবেক আদাএ পহচান জাএ আর সতৎ নিজ মঙ্গলাক্ষণে সন্তোস করিবেন মিতি সন ৩০৭ সকা মোতাবেক সন ১২২৩ সাল বাঙ্গলা—৩ ভাদ্র—

---

(১৩৭)

৭ শ্রীদুর্গা

৭ প্রচণ্ডপ্রতাপান্বিতশৌর্য্যগাম্ভির্য্যৌদার্য্যাদিগুনগনাকরসগর্ব্বসপত্নবারনবিদারণ প্রচণ্ড-পঞ্চাননকলিকাত্তাধীশ্বর শ্রীশ্রীযুত নবাব গবনর জংবাহাদুর প্রচণ্ডপ্রতাপসৎকীর্ত্তি প্রকাশীকৃতদিঙমণ্ডলমদাশ্রয়েষু পরমপ্রীতিপূর্ব্বক বিজ্ঞাপনমদঃ। পরং বিশেষ স্বেতাবান সমাচারঃ। একক নিরাশ্রয় জ্ঞানে আমাকে ভৃত্যালোকে উৎপাটন করিতে চেষ্টা পান তাহাকে নিরন্তর সন্দেহ বিষয় আমি শরনাপন্ন আমাদের আপন বহি আশ্রয়ান্তর নহি এহাতে যজ্ঞপি কম্পানী সরকারের ২০ জনা ছিপাহি আমার নিকট থাকেন তবে নিঃসন্দেহক্রমে আত্মরক্ষন-পূর্ব্বক রাজ্য সম্ভোগ করিতে পারি অতএব গোচর করি মেহেরবানিপুর্ব্বক জিলা শ্রীহট্টের শ্রীযুত মেজেষ্টর সাহেবের প্রতি ২০ বিস জনা ছিপাহি আমার নিকট সদাকাল রাখিতে ১ এক কিত্তা পরাণার হুখুম হৈতে অনুমতি হবে এবং আমিহ সন বর সন নজরআনা ৫ পাচ

CENTRAL LIBRARY

গোট হস্তি শ্রীযুত কম্পানী বাহাদুরের সরকারে দাখিল করিব এবঙ্ক ঐ ছিপাহিরার মাহিনা আমার সরকার হৈতে দেওআ জাবে কিমধিকমিতি সন ১১৩৮ সাল মাহে ১৫—আষাঢ়

মহামহীন্দ্রমহিমার্ণবমহাম্বরতাসেচনককলিতাত্তাদীশ্বর শ্রীশ্রীযুত নবাব গবনর জং-বাহাদুর মহোগ্রপ্রতাপেষু—

---

(১৩৮)

৺৭শ্রীদুর্গা—১

৺৭ বৈরিবারণবিদারণ প্র[চ]ণ্ড পঞ্চানন কলিকাত্তাযদীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানরেল যংবাহাদুর বড়সাহেব শরণাগতপ্রতিপালন সংকীর্ত্তিসুধাকর ধবলীকৃত ধরণীতল মদেকাস্তাশ্রয় সুহৃদ্বরবরেষু পরমপ্রীতিবাসনাপূর্ব্বক বিজ্ঞাপনমেতৎ। পরন্ত সমাচারাঃ॥ পুর্ব্বে আপনার নিকট উকিল দ্বারা আমার দরখাস্তানুসারে ১ জনা বাজে ইঙ্গরেজ ও শিপাহি ও বন্দুক গয়রহ জিনীসাং মদ্রাজ্যে আসিতে ১ কিত্তা পরাণা হুথুম আমা প্রতি অনুগ্রহ করি দিয়াছিলেন এবং আমার উকিলরা ঐ সমস্ত প্রস্তুত করিয়াছিলেক কি জন্যে অদ্য যাবৎ ঐ সমস্ত আমার দেশে আসিয়া না পহছিলেক কারণ পুনরায় ইত্তিলা করিতেছি আমার দেশে নিতান্ত উৎপাত উপস্থিত হৈয়াছে মেহেরবাণী করি যাহাতে ত্বরিতক্রমে ঐ সমস্ত আমার দেশে আসিয়া পহছে তদনুসারে মেহেরবাণী হবে কিমধিকমিতি শক ১৭৩৮ সাল মাহে—৩—মাঘ—

৺৭প্রচণ্ডপ্রতাপশৌর্য্যগাম্ভীর্য্যাদিগুণাকর কলিকাত্তাযদীশ্বর শ্রীযুত গবনর জানরেল যং-বাহাদুর বড়সাহেব সংকীর্ত্তিষু—

---

(১৩৯)

৺৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্মরণং—

Seal
of the
Foujdaree
Adaulut

৭ শ্রীদলসিংহ একটীষ্ব দারগা থানা রাঙ্গামাটী মালুম করিবা রাজা তালুকে বিজনী ও গএরহ শ্রীরাজা বলিতনারায়নের তরফ মোক্তারকার শ্রীরামপ্রসাদ দাষ হজুরে এক কিত্তা দরখাস্ত গুজরাইল জে মজহরের মওাকলের রাজত্তের সরিসা আদি জিনিষ জমার যেওজে সায়েরাত সব্ব রাইয়ত লোক মজহরের মওাকলেরে দেয় যত কোরক বন্ধানে আস্ত-প্রাস্ত হৈতে লইতে ছিল দেবাক্র দৈত্তুরাদির মোকর্দ্দমাতে কোরক বেজায় জানিয়া মোকামে যুগীঘোপাতে কোরক বরখাস্তের হুকুম হৈয়াছিল তাহাতে মজহরের মওকলের আরজি ধুবড়ি মোকামে করিয়াছিল তাহাতে জে পরওানা সাদের হৈয়াছিল তাহার হুকুম এই জে মজহরের মোওকলের সায়েরাত- মহকুপ করেন নাহি কোরকি বেজায় মজহরের মোওকলে হক্তকিত হইয়া হুকুম আমলে আনিয়াছিল জে পশ্চাৎ কোরকির সবেস্তার জানাইলে বহল হুকুম হবেক এমতে কোরকি জিনিষ লওা মানাহী করিয়াছেন এবং হজুরের হুকুম ইস্তহার শ্রীনিলকমল দারগা ঐ কোরকির বারণ হুকুম জারি করিয়াছিলে তাহাতে মজহরের মোওকলের সায়েরাত সবব মামুল আদি লওা বহাল যাছে পরে গোওালপাড়া তুমি পহচিয়া ঐ ইস্তহার পুনুরাএ সর্ব্বত্র ঢোল দিয়া জারি করিয়াছ জে মজহরের মোওকলের বিলকুল সায়েরাত মহকুফ ইহাতে মজহরের মোওকলের তরফ থানার মক্তীয়ার মজাহিম হৈয়াছিল জে ইস্তহারে সেওায় কোরকি সায়েরাৎ মজকুরের কিছু জিগীর নাহি এবং হজুরের অভিপ্রায় নাহি তুমি থানগা আখেজ করহ তাহাতে তুমি কহিয়াছ জে হজুরের জবানি হুকুম দিয়াছ জে আমি বিলকুল সায়েরাৎ তোমার মোওকলের উঠাইলাম তুমি নালিষ করহ এহি জবাব দিয়া সমস্ত সায়েরাতের চৌকি জায়গাহ জে ২ থানে ছিল উঠাইয়া দিয়াছ জদি হজুরের মরজি হইত তবে মজহরের মোওকলের নামে এ বিসয়ের পরওানা সাদের হইতো তুমি মজহরের মোওকলের মুখালিপের চাকর কদিম হৈতেছিলা ছেরেফ আদাওদ জারি করা মাত্র হরিয়েক লোকে সরজা আদি বিন মাশুলে লইয়া

গেল সে সকল লোকের নাম ও সাকিনের ঠিকানা থাকিল না তোমার মতলব জে মজহরের মোওকলের লোকসান হরযুরেতে কর হাজার ছুই হাজার সরঙ্গা বরশা সময়ে এহি মাত্র যে লিকিলে ইহার মাযুল চাইর পাচ সও টাকা মজহরের মোওকলের দয পোন্দর রোজ মদ্ধে খেসারং হইল ইহা সেওায় আর ২ দস্তবাং মবলগ যাছে তুমি সিবজল গ্রামে জোত বাড়ি রাখহ এবং নিমক ও গয়েরহ বেপার তেজারং করহ তোমার মতলব এই জে মজহরের মোওকলের সায়েরাং থাকিতে তোমার বেপার তেজারতের হরকত হয়ে মজহরের মোওকলের বায়েস নালবন্দি তাহাতে সায়েরাং আদি কথনই মহকুফ হয়ে নাহি এ কারণ তোমাকে লিখা জায় জে ইহার পূর্ব্ব তোমার পায ও বিজনির রাজার পায এ বিসয়ের ফর্দ্দ ও কৈফিয়ত তলব হৈয়াছে জে ঐ জমিদারের আমলা লোকে কোন ২ জাগাতে কি ২ বাবং কতো ২ মাযুল লয়ে জখন তাহা পহচিবেক তখন মনাসিব হুকুম হবেক আর হুজুরে জাহের হইল জে রাজা মজকুরের জমিদারি এলাকাতে সরঙ্গা নৌকা ও গয়রহ জে সকল জিনিষ পরদাইশ হয় তুমি তাহার মাযুল লইতে দেও না এ বেজায় এ কারণ তোমাকে লিখা জায় জে এ বিসয়েতে তুমি দস্তআন্দাজ হইবা না আর তুমি হুজুরের ইস্তহারের বরখিলাপ অন্ত প্রকারে অর্থাত রাজা মজকুরের জমিদারির সায়েরাং মহকুফের সহরথ দিয়া জারি করিয়াছ এ কারণ তোমাকে লিখা জায় জে ইস্তহার মজকুরের নকল হুজুরের মলাহেজা কারণ পাঠাইয়া দিবা আর হুজুরে জাহের হইল জে তুমি সিবজল গ্রামেতে তেজারং করহ অতএব তুমি এ বিসয়ের করার ওাককীহ জবাব লিখিবা জে তুমি তেজারং করহ কিনা আর এই পরওানার নকল রাখিবা আসলের দেষ্ঠে এহি হুকুম আমলে আনার কৈফিয়ত পোন্দরো রোজ মেঞাদের মর্দ্ধে লিখিয়া হুজুরে ওাপস পাঠাইবা ইতি সন ১৮১৬ ইঙ্গরেজি তারিখ ৩১ জুলাই মোতাবকে সন ১২২৩ সাল তারিখ—১৭ শ্রাবণ

শ্রীগৌর মোহন দত্ত ইং ১৮২৩।২৯ [?]

---

(১৬০)

শ্রীরাধাগোবিন্দ প্রানঃ

The Rajah of Manipoor to Captain Davidson.

৮৭ স্বস্তি প্রচণ্ডপ্রতাপমহামহিমমকরালয় নিজভুজ মকরাম্বি[?]নির্ম্মথিতারাতি সেনানিবহমহার্হ্বসমুত্থিতকীর্ত্তিসুধাকরপ্রকাশীকৃতদিঘণ্ডল শ্রীশ্রীসাহেব কমনীয় চরিত্রেষু কামাভিব্যঞ্জক পত্রমিদং সম্প্রেষিত পরং সমাচার :—আপনে প্রেরিত পত্রান্তর্গত সমস্তোদান্ত জানি হৈয়া পরমাপ্যায়িত হৈলাম আর আত্রা ও এই চন্দ্রপুরেতে সকল বরকন্দাজ লোকের খানাপিনার কিছু কম হয় এহার জন্যে সকল বরকন্দা লোকর মাফিক

প্রযুক্ত থানাদানি চলিতির কারণ মোকাম স্থংপাতলিতে ফিরিয়া ঠাকিতে উপযুক্ত মানি ইহার জ্ঞাত কারণ উকিল পাঠাইতেছি বরসাহেবর চিটী পৌছিলে তবে সিস্নি পোচাইতে হবেক সে পোছিলে আমার মনিপুরেতে সিস্নি ফিরিব কিমদিকং সর্ব্বজ্ঞবরেষু সক ১৭৩৯ মাহে ১৫ পোস—

---

(১৬১)

৭ শ্রীশ্রীদুর্গা

৺৭ বৈরিবারণবিদারণপ্রচণ্ডপঞ্চানন কলিকাত্তাঅধীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানেরেল যংবাহাদুর বড়সাহেব মদেকান্তাশ্রয়েষু পরমপ্রীতিবাসনাপূর্ব্বক বিজ্ঞাপনং পরঞ্চ সমাচারাঃ। পূর্ব্বাবধি শ্রীশ্রীযুত কোম্পানী বাহাদুরের আশ্রিত বহি অন্যাশ্রয় নাহি অখন আগাম মামদ রজা মগলে আমারদের রাজ্য আমল করাতে শ্রীযুত সাহেবান মেহেরবাণী করি ঐ মগলকে নিগ্রহ করি আমার রাজ্য আমার দখলে দিআছেন অতএব আপনকার স্থাপিত বটি অন্ত ব্রহ্মার লোক সহকারে মনিপুরিয়া অসংখ্য ফৌজ লৈয়া ঐ মনিপুরের শ্রীযুত মারজিত সিংহ রাজা আসিয়া আমারদের দেশ প্রায় আমল করাতে উহার সঙ্গে যুদ্ধ করণের অসামর্থ্য অতএব গোচর করি শত্রু নিগ্রহ করি দেশ আমল করিবেন এবং যাহাতে আমি পরবিষ পাই তাহা করিতে অনুমতি হবেন কিমধিকমিতি শক ১৭৩৯ সাল মাহে ১৩ পৌষ

৺৭ প্রচণ্ডপ্রতাপান্বিত কলিকাস্তাধীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানেরেল যংবাহাদুর বড়সাহেব মদেকান্তাশ্রয়েষু—

CENTRAL LIBRARY

(১৬২)

শ্রীশ্রীমদ্রাধাগোবিন্দ দেবো জয়তি

শ্রীশ্রীযুক্ত মং পিতৃদেব মহারাজায়ে

৺৭ সস্তি প্রচণ্ডপ্রতাপবৈরিবারণবিদারণপ্রমত্তপঞ্চাননশৌর্য্যাধৈর্য্যগুণান্বিত শ্রীশ্রী বর-সাহেব সদুদারচরিত্রেষু সৌহার্দ্দজনিকা পত্রমিদং সম্প্রেষিতং ভবত্তব্যাদিকমনবরত-মীহমানানামস্মাকমপ্যত্র সাময়িকং ক্ষেমন্বর্ত্ততে বিশেষস্বেতাবান পরং সমাচারঃ—

পূর্ব্বে ৺ ব্রহ্মাদেশের সঙ্গে বিরুদ্ধক্রমে রাজ্য হারিয়া হেড়ম্ব রাজ্যে ইষ্ট গোষ্টির সম্বন্ধে কয়েক দিবস বাসা করিয়াছিল তাতে শ্রী সন্ধিকারি হেড়ম্বেশ্বরে ৺শ্রীশ্রীযুক্ত মং পিতৃদেব মহারাজাকে প্রাণান্ত করিয়া শ্রীধর সাহাকে রাজা বানাইতে উদ্যম করিয়াছিল আর আমাকে ও শ্রীমদ্ভ্রাতুর সঙ্গে বিরুদ্ধ কারণ স্থান ভ্রষ্ট হৈয়া অনেক দুঃখ শোকেতে হেড়ম্ব রাজ্যে আসিতে ও শ্রীহেড়ম্বেশ্বর দুই ভাইকে চারিটি ঘোড়া সন্দেশ করিয়াছেন তদধিক ৭ গোট ঘোটক বিনিমূল্যে বলৎকারে লুটিয়া নিলেন এ জন্যে আমার চিত্তে অত্যন্ত অসন্তোষিত হৈয়া যুদ্ধ করিতেই আসিয়াছি এই কারণ মাত্র জ্ঞানী হবেক আর কোন প্রকারে আপনকার সঙ্গে আমারার যৎকিঞ্চিৎ বিরোধ ভাব নাই অথন পূর্ব্বের যেমত স্বছন্দ তীর্থে গতায়াতের কারণ জ্ঞাপন করিতেছি সে প্রকারে সর্ব্বাংশে শোভিত বটেণ আর কোন এক প্রকারে আপনকার ক্ষোভিতান্তঃকরণ না হবেক ইহা জ্ঞানী হবেক আর ই রাজ্যে পুনরায় শ্রীহেড়ম্বেশ্বর আর মন্ত্র্যাত্যাদিবর্গ আসিতে অনুরোধ কারণ ১ এক ফেরেঙ্গি ঠানাদার দিতে হবেক আমি ও যৎকিঞ্চিৎ অনুপযুক্ত ১ এক গ্রামের খাচনা পোছাই দিতে উপযুক্ত মানি সর্ব্বজ্ঞেষু অলং বহুনা শক্ ১৭৩৯ তারিখ ১২ পৌষস্য লিপিঃ

পত্রমেতৎ সদুদারচরিত্র শ্রীবরসাহেবের স্থানে পহুছিবেক—

৭ শ্রীশ্রীরাম

৭ সস্তি প্রবলভূজবলনির্ম্মথিতাহিতমসাগর-
সমুদ্থিতকিত্তিসুধাকর শ্রীল শ্রীমনিপুরেশ্বর
পুরন্দর মহারাজা প্রবলপ্রতাপেষু পরমপ্রিতিপুর্ব্বক
সগৌরব বিজ্ঞাপনঞ্চা বিশেষ—

পরং আপনার ১২ পৌষের পত্র প্রাপ্ত হইয়া আপ্যাইত হইলাম হেড়ম্বের রাজার সহায়তা করণের বিসএ সদর হইতে আমার প্রতী অনুমতি নাই শ্রীযুত কাপতান সাহেব সিপাইলোক সমবায়ে জে বদরপুরে গিয়াছেন তাহা কেবল শ্রীশ্রীযুত ৺কুম্পানি বাহাদুরের সরহদ্দের নিথাবানি করনের নিমিত্য সরকারের সরহদ্দের উপর জদি আপনে কীছু উদবেগ না করেন তবে আপনার সঙ্গে যুদ্ধ করার আবশ্যকতা নাই আর লিখীয়াছেন একজনা ফেরেঙ্গি

থানাদার হেড়ম্বরাজো বসানের অতএব একথা আমার হুকুম মতে হইতে পারে না এ কারণ আপনার লিখানর বির্ত্তান্ত অর্ত্তার্থ সংবাদ সদরে এতলা দেওা জাইতেছে সেখানে থাকিয়া জেমত অভিপ্রাএ হয়ে তাহা পশ্চাত আপনাকে জ্ঞাত করা জাবে বিশেষ কিমধিকং জ্ঞাপন ইতি সন ১২২৪ বাঙ্গলা মাহে—১৫ই পৌষ—

———

(১৬৩)

শ্রীশ্রীদুর্গা—

প্রতুলকত্রী—

বৈরিবারণবিদারণপ্রচণ্ডপঞ্চানন কলিকার্তা অধীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানেরেল যং বাহাদুর বড়সাহেব সরণাগতপ্রতিপালনসংকীর্ত্তিসুধাকরধবলীকৃতণ (?) মহাকারুনিক মদেকান্তাশ্রয়েষু—

পরমপ্রীতিবাসনাপূর্ব্বক বিজ্ঞাপনং পরন্ত সমাচারঃ মংভ্রাতা মহারাজা সর্গ গমন করাতে আমি একাকী নিরাশ্রয় হৈয়া আপনাদিগের মুরব্বি করিয়া রাযা সাযনাদি করিতেছি আপনারাই পূর্ব্বাপরাবধি রক্ষ্যা করিয়া আসিতেছেন আমারহ নিতান্ত ভরসা আছে অতএব আমার নিজের নমকহারাম চাকরলোকদিগের নমকহারামি পুর্ব্ব পত্রের দ্বারায় গোচর আছেন তাহাতে আমার প্রার্থনামতে অনুগ্রহ প্রকাশ করিয়া আসিতেছেন ও আশিবেন সম্প্রতি মনিপুরের মাজুল রাজা শ্রীচৌরজিত সিংহ তাহান ভ্রাতা শ্রীমারজিত সিংহ রাজার সহিত রাজত্ব বিশয় আখেজ করিয়া পরাভূত হৈয়া আমার দেযে আসিয়া মদদ চাহিয়াছিলেক তাহা না দেওাতে মনোজক্ষ হৈয়া দেসবিদেস ভ্রমন করিয়া মোকাম কলিকাতা গীয়া হজুরে দরখাস্ত করিয়াছিলেক তাহাতে হজুরে না মঞ্জুর হওাতে শ্রীহট্ট মোকাম হৈয়া জএন্তাপুরের রাজার সরহদ্দে রহিয়াছিলেন তাহাতে ৩ পৌষ ঐ মারজিত সিংহ রাজা আকস্মাত অনেক ফৌজ সহিত আসিয়া আমার সঙ্গে যুদ্ধ আরম্ভ করাতে শ্রীমে কেরি সাহেব যুদ্ধ করিতে জানেন না কারণ লজ্জিত হৈয়া পিছে হটীয়া আমাকে না কহিয়া গেলেন পরে আমার সেনাপতি শ্রীগম্ভির সিংহ গএরহ ফৌজ সহকারে তাহার সহিত যুদ্ধ করিলাম তৎকালিন শ্রীযুক্ত কম্পানী বাহাদুর আলিসানের সরহদ্দ হেফাজত কারণ মোকাম শ্রীহট্ট হৈতে শ্রীযুক্ত মেস্তর কাপ্তান ডেবিসন সাহেব থানে বদরপুর পৌছিলেন পর ঐ মারজিত সিংহ রাজা পরাভূত হৈয়া আপনদেসে গমন করিলেন পর ঐ চৌরজিত সিংহ রাজা ও তুলারাম ও সানন্দরামের সহিত সাজস করি দুন্দিয়া হৈয়া আমার সেনাপতি গম্ভির সিংহকে একতা করিয়া প্রজালোকের ঘরবাড়ি জ্বালাইয়া মালোমাল লুট তছরুপ করিয়া রাযা

অএরান করিতেছে এবং ঐ নমকহারাম চাকরলোকে আমার সহিত অসেষ প্রকারে অধম্ম আচরণ করিতেছে সাহেবান বহি আমার অন্য আশ্রয় নাই আমি নিজে চাকর রাখিয়া হিন্দুস্থানি ২০০ দুই শত জনা লোক ও একজনা ইঙ্গরেজ আমার হেফাজতের কারণ আনিতে এক কেতা রাহাদারি পরওয়ানা দিয়া আমাকে সরফরাজ করিবেণ আর অনুগ্রহ পুর্ব্বক আপনকার সরকার হৈতে কিঞ্চিত ফৌজ দিয়া আমার সক্রর নির্জাতন করিবেণ তাহার খরচ আমি নিজ হৈতে দিব এবং কিঞ্চিত নালবন্দি সনবসন দিব আর আপনার অনুমতি বহির্ভূত নহি তাহা না করেন তবে আমার ওপরের লিখিত প্রার্থনামতে হজরের রাহাদারি লইয়া তরিতক্রমে আমার উকিল লোক নিকট পৌছে এমত অনুমতি হৈবেক আর ২ বিশয় আমার ওকিল শ্রীকালিদাস বন্দোপাধ্যায় ও শ্রীগৌরসুন্দর চট্টপাধ্যায় দরখাস্ত অনুসারে মেহেরবানি করিবেন পত্র চিহ্নিত গজদন্তনির্ম্মিত টুপি ২ দুই গোট পাঠাই সীকৃত হইবেন কিমধিকংমিতি সকঃ ১৭৪০ সাল মাহে ৭ বৈসাখ—

প্রচণ্ডপ্রতাপান্বিত কলিকাত্তায়ধীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানেরেল যংবাহাদুর শরনাগতপ্রতিপালকমদেকান্তাশ্রয়েসু

(১৬৪)

শ্রীদুর্গা—

৺৭প্রচণ্ডপ্রতাপাশৌর্যাগাম্ভীর্যৌদার্য্যগুণাকর শ্রীযুক্ত দপ্তরখানার বড়সাহেব মহাকারুণিক সুহৃদ্বরবরেষু—

পরমপ্রীতিপুর্ব্বক বিজ্ঞাপনং পরন্ত সমাচারাঃ আমার দেশোৎপাত বিপদগ্রস্ত হইয়া ৭ বৈশাখের পত্রে বিস্তারিত গোচর করিয়াছি তদনুসারে আমার উকিল দরখাস্ত করিয়াছে আপনার যেমত অনুগ্রহ পুর্ব্বাপর আমার প্রতি আছে তদনুসারে আমার চিঠী ও উকিলের

দরখাস্ত আপনি গৌর করিয়া লইয়াছেন আমার নিতান্ত মুরুব্বী আপনি এবং আপনার ভরসা নিতান্ত রাখি আর আমার শত্রুপক্ষ সমস্তেহি জানে যে আপনার অনুগ্রহ আমাতে আছে অতএব পুনরাগোচর করি পুর্ব্বলিখিত পত্রানুসারে উকিলের দরখাস্ত মতে ছিরিস্তি লোকের এক কিত্তা রাহাদারি দিয়া আমাকে শত্রুভয় লজ্জা হইতে উদ্ধার করিবেন আপন বহি আমার অন্যাশ্রয় নাহি অন্যান্য বিষয় আমার উকিলের জবানিতে গোচর হইয়া মেহেরবানিপুর্ব্বক ত্বরিতপুর্ব্বক রাহাদারি দিতে মরজি হইবেক কিমধিকেনেতি চত্বারিংশদুত্তর সপ্তদশ শতাব্দীয় ভাদ্রস্যোনবিংশতি দিবসীয়া লিপি—শক্—১৭৪০—শাল—মাহে—১৯—ভাদ্র—

৺৭সং কীর্ত্তিনিকেতন শ্রীযুক্ত দপ্তরখানার বড়সাহেব মহোদারচরিত্র বিজ্ঞবরসুহৃদ্বরবরে।—

---

(১৯৩)

৺৭ শ্রীশ্রীদুর্গা

৺৭ প্রচণ্ডপ্রতাপান্বিতাশেষবীর্য্যগাম্ভীর্য্যসৌর্য্যৌদার্য্যগুণাকর কলিকাতাধবীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানেরেল যং বাহাদুর সৎকীর্ত্তিসুধাকরধবলীকৃতধরণীতলসুহৃদ্বর মদেকশরনীয়েষু—

পরমপ্রীতিবাসনাপুর্ব্বক বেদনমিদং পরঞ্চ সমাচারাঃ আমারদের দেশৎপাত হওয়াতে বিপদাক্রান্ত হৈয়া আপনাতে ৭ বৈশাখের পত্রে বিস্তারিত গোচর করিয়াছি তদনুসারে আমারদের উকিলেহ দরখাস্ত করিয়াছে অতএব শ্রীযুক্ত বহি অন্যাশ্রয় নাহি প্রযুক্ত পুনরাগোচর করি পুর্ব্বলিখিত পত্রানুসারে আমারদের উকিলের দরখাস্ত মতে কার্য্য করি

দিতে ত্বরিত মেহেরবানী হবেক কিমধিকেনেতি চত্বারিংশদুত্তর সপ্তদশ শতাব্দীয় ভাদ্রস্যোনবিংশতি দিবসিয়া লিবিঃ। শক ১৭৪০ শাল মাহে——১৯ ভাদ্র—

গোবিন্দচন্দ্রের মুদ্রা (পারশী)

৺৭ সৎকীর্ত্তিসুধাকরধবলীকৃতধরণীমণ্ডল কলিকাত্তাঅধীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জানেরেল যৎবাহাদুর মহামহোগ্র প্রতাপান্বিতেষু—

---

(১৬৬)

৺৭ শ্রীদুর্গা

৺৭ প্রচণ্ডপ্রতাপান্বিতবিপক্ষদ্বিরদকুম্ভস্থলবিদারণপঞ্চানন শ্রীযুক্ত দপথরখানার বড়-সাহেব মহোদারচরিত্রেষু পরমপ্রীতিপূর্ব্বক বিজ্ঞাপনং পরঞ্চ সমাচারাঃ। মণিপুরের ছন্দিয়া শ্রীচৌরজিত সিংহে উহান ভ্রাতা আমার চাকর গম্ভীর সিংহের সহিত একতা হৈয়া রাত্রি যুদ্ধে আমাকে রাজ্য হৈতে বেদখল করাতে আমি শ্রীযুত সাহেবানকে ভরসা করি শ্রীযুক্ত কোম্পানী বাহাদুরের সরহদ্দ মোকাম শ্রীহট্ট আসিয়াছিলাম তাহাতে শারীরিক পীড়া পাওয়াতে শ্রীহট্টের শ্রীযুত মিজেষ্টর সাহেব হৈতে রাহাদারি লৈয়া শ্রীযুত কোম্পানী বাহাদুরের সরহদ্দ মোকাম পরগণে আগিয়ারম ১৬ আশ্বিনে আসিয়াছিলাম তাহাতে ঐ মিজেষ্টর সাহেব আমারদের মোখালিপের আর্জিতে আমি দেশে জাব এমত সন্দেহেতে থানার দারগা ও জমাদার গয়রহকে পাঠাইয়া আমাকে অনেক দিগদারি করাইতেছেন আপনে মেহেরবাণী করি রাহাদারি না দেওয়াতে আমি এমত দিগদারি হৈতেছি অতএব গোচর করি আপনে আমারদের মুরব্বি মেহেরবাণী করি ত্বরিত রাহাদারি দিতে অনুমতি হবেক কিমধিকমিতি শক ১৭৪০ সাল মাহে ২৯ আশ্বিন

৬৭ প্রচণ্ডপ্রতাপান্বিত শ্রীযুক্ত দপথরখানার বড়সাহেব মহাকারুণিক মহোদার-চরিত্রসুহৃৎবরে—

———

(১৬৭)

৭ শ্রীশ্রীহরী

আরজদাস্ত ফাকুরি শ্রীমনরথ পাঠক জমান্দার গারদ সীঙ্গীমারী হাল মোকাম গোওালপাড়া গরিব পরওর সেলামত আরজ এহী সন ১৮১৯ ইঙ্গরেজী ২২ জুলাই মোতাবেক সন ১২২৪ সাল বাঙ্গালা তারিখ ৮ শ্রাবণ বেলা দুই প্রহরের সময় মানের রাজা ও চন্দ্রকান্ত সীংহ রাজা এক পত্র লিখিয়া আমার নিকট ও থানার দারোগার নিকট পঠাইয়াছে তাহার মজমুণ এহী জদীস্বাৎ বুড়া গোশাঞীকে পাকড়া করিয়া মানের জিম্মা করিয়া না দেওা জায় তবে সরকার বাহাদুরের এলাকায় চড়াও করিয়া লাড়াই করিতে চাহে এবং পরগণে মেচপাড়ার জমীদারকে ও হনিরাম বড়ুয়াকে লিখিয়াছে তাহার বেওরা তাহারদীগের আরজিতে জোনাবে রোসন হবেক খোদাওন্দা জে চীঠী ফাকুরির নামে পঠাইয়াছে সে চীঠী আরজির সামীল হজুরে ইরসাল করিলাম মোলাহেজা ফরমাইলে জোনাবে রোসন হবেক আর মানের তরফ সরদারকে পত্র লিখিলাম জে ২০ বিস রোজ মিয়াদ মৈদ্ধে হজুরের জেমত হুকুম আইসে তাহার মত জওাব লিখিব কীন্ত মানের তরফ সরদার লোক আমার লিখা গৌর করিয়া বিস রোজ আসে এমত বোধ আমার হয় না সরকারের এলাকাতে চড়াও করিয়া লুটতারাজ করে এমত এরাদাতে আছে মান লোক নিহাইত আবুজ অগ্র পশ্চাৎ কীছুমাত্র বিবেচনা নাহী সরকার হইতে জেয়াদা ফৌজ না আশীলে মলুক নষ্ট হওার আটক নাহী বুড়া গোশাঞী বাটীয়া গীয়াছে খোদাওন্দা সরকার হৈতে ফৌজ আসীলে রসদের সরবরাহ এ জাগা হৈতে হবেক না তাহার কারণ এহী মানের দশীয়তে মহাজন লোক উজান ভাটী চালান বন্দ এবং বরশা হওাতে রাইয়ত লোকের ঘর দরওাজা ডুবিয়াছে একারণ উম্মেদওার তথা হৈতে

CENTRAL LIBRARY

ফৌজের সাত রসদ আনীলে ভাল হয় খোদাওন্দা মালিক জেমত মরজি ইহা জোনাবে আরজ করিল ইতি সন সদর ৮ শ্রাবণ বাঙ্গলা—

দস্তখত

নাগরি—

---

(১৬৮)

৭ শ্রীদুর্গা

৭ প্রমত্তকরিবৃন্দারিকুম্ভস্থলবিদারণপ্রচণ্ডপঞ্চাননিখিলকীর্ত্তিসুধাকরপূরিতাবনিমণ্ডল কলিকাত্ত যখিলভুবনেশ্বরবিপদর্থরাগ্রজন (?) সম্ভারকবর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জনেরেল জংবাহাদুর সুহৃদ্বিজ্ঞবরেষু পরমাহ্লাদ বিজ্ঞাপনমতঃ পরন্ত সমাচারঃ। মনিপুরের শ্রীযুত মারজীত সিংহ রাজাকে বর্ম্মার ফৌজ আসিয়া বেদখল করাতে দেশ ভ্রষ্ট হৈয়া অনেক লোক ও ঘোড়া সহকারে আমাদের রাজ্যে আসিয়া শ্রীযুত চৌরজীত সিংহ রাজার সামিলান হৈয়া রহিয়াছিল তাহাতে আপনকার মেহেরবানিতে দেসে জাওন হুখুম পাওয়াতে সাবেক চাকরান সহকারে আমার সরহদ্দ মোকাম কাঠিগড়ের থানা ১ চৈত্র মাস আমল করিয়াছিলাম এহাতে ২১ তারিখে তাহারার সহিতে যুদ্ধ করাতে জানা গেল জে এই সামানে মোখালিপকে জেরবার করা জায় নাহি কারণ ২২ তারিখে বিন যুদ্ধে থানা মজকুর ছাড়িয়া আপন সরহদ্দ আসিয়া রহিয়াছি আমি আপন বহি অনন্যাশ্রয় অতএব গোচর করি আমিহ আপনকার এবং মুলুকহ আপনকার বটে মেহেরবানি করি আমাদের মুলুক আপনকার সরকারের শ্রীহট্টের সামিলান হৈয়া আমি স্বরনাপন্ন জে প্রকারে প্রদান্ত হয় তাহা অনুমতি হবেক এহাতেহ যদ্যপি মেহেরবানি পুর্ব্বক অনুমতি না হয় তবে অন্য সময়ে আমি একক রাজ্য রক্ষা করিতে পারি নাহি কারণ আমার দেশ রক্ষা করিতে পারে হেন কোন এক বাজে টুপিআলা সাহেবকে খুবরাজি করি আনিতে মেহেরবানিপুর্ব্বক অনুমতি হৈবেন কিমধিকমিতি দ্বিচত্বারিংশত্বর সপ্তদশশতশকাব্দীয় বৈশাখস্য পঞ্চদশদিবসীয় লিবিরেষা সম্প্রেষিতা॥

৮৭ বৈরিবৃন্দারণ্যবিদারণপ্রচণ্ডপঞ্চানন কলিকাত্তাধীশ্বর শ্রীশ্রীযুক্ত নবাব গবনর জনেরেল জংবাহাদুর সুহৃদ্বিজ্ঞবরবরেষু সম্প্রেষিতেয়ং—

CENTRAL LIBRARY

(১৬৯)

শ্রীশ্রী—

মহামহিম মহিমাসমূহ শ্রীযুত রাইট হানবিল গবরনর জানেরেল বাহাদুর—
সাহেব মহোগ্রপ্রতাপ বরাবরেষু—

শ্রীকৃষ্ণচন্দ্র শর্ম্মণঃ—
শ্রীজয়নারায়ণ শর্ম্মণঃ—
সাকিন খিদিরপুর—

শ্রীকৃষ্ণচন্দ্র ঘোষাল তস্য পুত্র শ্রীজয়নারায়ণ ঘোষাল গরিব কাঙ্গালি লোকের প্রতিপালনার্থে হকিকত লিখিতেছি বাঙ্গালার কলিকাতা সহরের সমস্ত গরিবের মধ্যে প্রায় ৫০০ পাঁচ সত গরিব জাহারা কানা খোড়া অতুর অচল ও পুঙ্গ ব্যাধিগ্রস্থ অনাথা পিতামাতাহিন ও পতিপুত্রবিহিন শক্তিরহিত শ্রম করিয়া আত্মভরণপোষণ করিতে অযোগ্য সর্ব্বদা সহরের রাস্থাতে ও গলিতে ও বৃক্ষতলাতে বাস করিয়া থাকে যাহাদ্দিগের মৃত্যু গাড়ি ও ঘোড়ার চপেটে ও অন্য ২ অসম্পত্তিতে তাহাদ্দিগের মৃত্যু হইলে পরে সহরের মুরদারফরাস আসিয়া স্থানান্তর করিয়া ফেলিয়া দেয় ইহাতে যে যেমত জাতি সাস্ত্রসম্মত গতি হয়না এই অনাহত অনাথা জিবের প্রাণরক্ষার কারণ যদি শ্রীযুত রাইট হানবিল গৌরনর জানেরল বাহাদুর সাহেবের অনুগ্রহ হয় ঐ সকল গরিব প্রতি দৃষ্টি করিয়া দুঃখ বিমোচণ করেন তবে ইহাতে অত্যন্ত পুণ্য প্রতিষ্ঠা চিরকালের জন্যে জগত সংসারে থাকিবেক একারণ আমরা এ সকল গরিব লোকের দুঃখ দুর করিবার নিমিত্ত্যে ও সহরের উপকারের জন্যে বিস্তারিত দফাওয়ারিতে আপনাদ্দের বুদ্ধিক্রমে নিচে লিখিতেছি শ্রীযুত রাইট হানবিল গৌরনর জানেরেল বাহাদুরের ও সহরের বাসিন্দাদ্দিগের জ্ঞাতসার কারণ আমরা এক সন এক মহরির রাখিয়া এই সহরের গলি ও রাস্তার ঐ সকল অক্ষেম লোকের তালিক করিয়াছিলাম তাহাতে একসনের তালিকা চারিসত চৌসাট্ট লোক—

১ প্রথম। কলিকাতা সহরের নিকট একস্থান নিদ্দিষ্ট করিতে হয় যাহাতে ঐ ৫০০ পাচ সত লোকের বাসকরণের বাটী হইবেক ও এক পুস্করিণী জলের জন্যে কাটাইতে হইবেক আন্দাজ দুই সত বিঘা জমি হইলে বাটী ও পুস্করিণী ও বাগিচা ভাল উপযুক্ত হইবেক—

২ দ্বীতিয়। এই অনাথমণ্ডপের ঐ সকল অনাথার রক্ষার কারণ এক কমিটী চয়জন কলিকাতার বাসস্থ হিন্দুধর্ম্মতিতু বড় মনুষ্য ও একজন শ্রীযুত বড়সাহেব এই কয়েক ব্যক্তি নিরোপিত হয় যে তাহারা সর্ব্বদা এই স্থানের ও এই নকসার এবং ঐ সকল গরিবেদ্দিগের

CENTRAL LIBRARY

খবরদারি কারণ শ্রীযুত বড়সাহেব প্রতি সপ্তাহতে একবার ঐ কমিটিতে বসিবেন অথবা ঐ অনাথমণ্ডপের বাটীতে জাইয়া ভাল মন্দ তত্ত করিবেন জখনকার যে আবিশ্যক কওসলের হুকুম ও গৌরসি দরকার হইবেক তখনি তাহা শ্রীযুত বড়সাহেবতক জাতসার করেন যে তিনি কওসলতক জানাইয়া তাহার প্রতুল করিয়া দিবেন জখনকার যে বিষয় সমস্ত শ্রীযুত বড়সাহেবতক এক্তলা থাকিবেক—

৩ তৃতীয়। ঐ সকল গরিবেদ্দিগের মধ্যে জাহারা আরাম পাইয়া আপন ২ শ্রম করিয়া গুজরাণ করিতে সমর্থ হইবেক তাহারা ইওষ্টরি বাটী ও অনাথমণ্ডপ হইতে গিয়া অন্তস্থরে তাহাদ্দিগের আপন ২ ব্যবসার চেষ্টা করিবেক অক্ষম লোক ব্যতিরেক ঐ স্থানে থাকিতে পারিবেক না—

৪ চতুর্থ। ইওষ্টরি বাটীতে থাকিয়া জাহার যে সাধ্যাহুজাই কর্ম্ম করিতে পারিবেক তাহার তদহুরূপ কার্য্য দেওয়াইতে হইবেক তাহাতে যে উপস্বত্ত হইবেক তাহা গরিবলোকের ভরণপোষণার্থে বাটীর খরচপত্র হইবেক—

৫ পঞ্চম। তাহারা যে জেমন জাতি তাহার তদহুরূপ লোক ব্রাহ্মণ ও মৌলবি নিযুক্ত করিতে হইবেক তাহাদ্দিগের মৃত্যু হইলে পরে অগ্নিতে দাহন করে এবং কবর দেয় সে সময় সাস্ত্রমত বিধান করেণ—

৬ সস্টম। কলিকাতা সহরের পলিস অফিস হইতে সহর কোতয়ালকে আজ্ঞা করিবেন সে জখন যে আমাদ্দিগের জিকিরমত গরিব কাঙ্গালি লোক দেখিবেক তখনি সে সকল লোককে ইওষ্টরি বাটীতে পৌছাইয়া দেয়—

৭ সপ্তম। ৫০০ পাচ সত গরিবের সালিয়ানা খরচ যে হইবেক ইহার আলাদা হিসাব ইঙ্গরেজিতে এই নকসার সঙ্গে দিলাম ইহাতে ব্রাহ্মণ ও মৌলবি আদির যে অল্প খরচ হইবেক তাহার নিরোপন লেখা যায় নাই ইহার কর্ত্তা যাহারা হইবেন তাহারাই নিরোপন করিবেন—

৮ অষ্টম। সেই কমিটির কর্ম্মকর্ত্তারা মাহিনা পাইবেন না সেওয়ায় তাহাদ্দিগের মহরির ও অণ্য ২ চাকর জাহারা মাহিনা লওনের উপযুক্ত ঐ স্থানের কার্য্যে নিযুক্ত থাকিবেক—

৯ নবম। একজাই খরচের ও জিনিসের হিসাব ও আর যে কিছু হিসাব প্রতি মাসকাবার বাদে ঐ কমিটীর কর্ম্মকর্ত্তারা সহি করিয়া হিসাব দপ্তরে রাখিবেন নকল দস্তখত করিয়া কওসলে পাঠাইবেন—

১০ দসম। ঐ কমিটীর কর্ম্মকর্ত্তারা ও শ্রীযুত বড়সাহেব এই কয়েকজনে ঐ ৫০০ লোক থাকনের উপযুক্ত বাটীর নকসা তৈয়ার করিয়া নকসা মাফিক বাটীর ফুরাণ করিবেন তাহাতে জিনি অল্পদরে বনাইবার দরখাস্ত দিবেন এবং মাকুল মাল জামিন দিবেন তাহারি সহিত বাটী বনাইবার সওদা নিৰ্দ্দিষ্ট হইবেক—

১১ একাদস। অনাথার বিদ্ব্যাসিক্ষার নিমিত্ত্যে সিক্ষাগুরু নিরোপিত করিতে হইবেক তাহাতে তাহার মধ্যে যে যেমন বিদ্ব্যাসিক্ষা করণের উপযুক্ত তাহারে তদনুরূপ সিক্ষা করাইবেক—

১২ দ্বাদস। গরিবেদ্দিগের সালিয়ানা যে খরচ হইবেক তাহার সংস্থা তাহাদ্দিগের আয়নের পূর্ব্ব স্থির করিতে হইবেক—

১৩ ত্রিয়োদস। আবিশ্যক জখনকার যে কর্ম্মের যে ধারা করিতে হয় তাহা ঐ কমিটীর কর্ম্মকর্ত্তারা ও শ্রীযুক্ত বড়সাহেব করিবেন কিন্তু প্রথমত ইওষ্টরি বাটী তৈয়ার করিতে যে টাকা চাহি তাহা মজুদ করিবেন ২ দ্বীতিয় বাটী তৈয়ার করণের উপযুক্ত স্থান নিরোপিত করিবেন ৩ তৃতীয় এই ৫০০ পাচ সত লোকের নির্ব্বাহের নিমিত্ত্যে পুজি স্থির করিবেন সালিয়ানা খরচ যে হইবেক তাহাতে আমরা ঐমত দৌলতমন্দ নহি যে এত খরচের সংস্থা করি এই প্রযুক্ত এ বিষয় হজুরে এত্তলা করিতেছি ইহার উপায় কোম্পানীর মেহেরবানি ব্যাতিরেক এ মুলুকে অন্য উপায় নাহি অতএব যদি অনুগ্রহ করিয়া ইহাতে শ্রীযুক্ত রাইট হানবিল গৌরনর বাহাদুর ও কঊসাল সাহেবান নিচের হকিকত দৃষ্টী করিয়া মতজ্জ হন তবে এই নকসার প্রতিপালনের রাহা হইতে পারে—

১৪ চতুর্দ্দস। যে কাল অবধি কোম্পানি বাঙ্গালা আমল করিয়াছেন সেই কালাবধি কোম্পানিদ্বারা এবং জমিদার ও তালুকদার ও ইজারদার লোকে দ্বারা অনেক ভূমি দেবোত্তর ও ব্রহ্মোত্তর ও মহোত্রাণ হইয়াছে কিন্তু তাহাতে এমত খয়রাত কারণ জমি মকরর হয় নাই অতএব আমরা বিবেচনা করিলাম এবং উচিত হয় যে সকল জমিদার ও তালুকদার জাহারা কলিকাতার নিকটস্থ এবং জাহাদ্দিগের গমনাগমন এবং জাহাদ্দের উকিল সর্ব্বদা সহরে বাষ করে এহারা সকলে ৪০০০০ চল্লিশ হাজার বিঘা লায়েক পতিত জমি দেন সনেক দুই সনের মধ্যে আবাদ হইতে পারে ইহাতে তাহাদ্দিগের লোকসান হইবেক না আর এই সকল জমির যে উপস্বত্ত হইবেক তাহা হইতে গরিব লোকের খরচ চিরকালের জন্যে থাকিবেক এবং এহাদ্দিগের নেকনাম থাকিবেক ঐ সকল জমি আবাদ করিতে ২ দুই বতসর লাগিবেক তাহাতে জমি আবাদ করণের যে খরচ হইবেক তাহা ঐ কমিটী হইতে হইবেক—

১৫ পঞ্চদস। অথবা যেমত কোম্পানির মদরসা করিয়া ভরণ পোষণার্থ জমি দাতব্য করিয়াছেন যদি সেই মত কোম্পানির ২৪ চব্বিষপরগণার খাষমহল হইতে জমি দাতব্য হয় তবে আবাদ তরদুদের দরকার থাকে না ও আবাদ তরদুদের খরচ লাগে না ২০০০০ বিষ হাজার তঙ্কা সালিয়ানা উতপত্তি হয় ১৫০০০ পোনর হাজার বিঘা হাসিল জমি হইতে ইহাতে সরকারের লোকসান সালিয়ানা কমোবেষ ১৫০০০ পোনর হাজার তঙ্কা হইবেক—

১৬ সষ্টদস। অথবা যে সময় শ্রীযুত মে টচিট সাহেব ও তাহার আমিন এহারা

CENTRAL LIBRARY

জখন ২৪ চব্বিষপরগণার জমি জরিপ করিয়া হস্তবুধ করিয়াছিলেন তাহাতে পরগণার জমিদার লোক ও তালুকদার ও আমিন এহারা কোম্পানির ৬৭০০০ সাতসট্টি হাজার বিঘা জমি বিক্রী করিয়া খয়রাত লিখিয়া দিয়াছেন তাহাতে এদানস্তরে চব্বিষপরগণার তহসিলদারের দরখাস্ত মত রিবিনিউ বোরড সেই সকল জমি ফিরিয়া লইতে হুকুম করিয়াছেন এবং জমির জমা সরকার কোরক রাখিতে হুকুম করিয়াছেন অতএব যদি কঙসলে এই সকল জমি প্রকত বাজেআপ্ত করেণ তবে এই এক নতুন মনাফা কোম্পানিতে হইবেক ইহা হইতে গরিব লোকের ভরণপোষণার্থে যদি কোম্পানি ঐ সকল জমির মধ্যে বিষ হাজার তঙ্কা উতপত্তি হওনের মত জমি হুকুম করেণ তবে ইহাতে কোম্পানির লোকসান হয়না এবং ৫০০ পাচ সত গরিবলোক প্রতিপালন অনায়াসে হয় যেমন আমার দেসে খয়রাত জমি ব্যতিরেক চিরকালের জন্যে বিষ হাজার তঙ্কার সালিয়ানা সংস্থা হয় না অতএব শ্রীযুত গৌরনর জানেরেল বাহাদুর অনুগ্রহ করিয়া যে কয়েক প্রকার লেখা গেল ইহার এক প্রকার অথবা আর কোনো প্রকার বিবেচনা করিয়া স্থির করিয়া দেন—

১৭ সপ্তদশ। ইওষ্টরি বাটী বনাইবার লায়েক জমি ২০০ দুই সত বিঘা মাগুরা পরগণার মধ্যে কলিকাতার নিকট পাওনের বাধা নাই সরকার হইতে এ জমি দেন কিম্বা আমাদ্দিগের বজবজিয়ার রাস্তার নিকট কিঞ্চিত জমি আছে তাহা হইতে আমরা জায়গা বনাইবার জমি দিব যে সকল ধারা বিষ হাজার তঙ্কার সংস্থানের কারণ লেখা গেল যদি কঙসলের পছন্দ না হয় এ কারণ আর এক প্রকার লিখিতেছি তাহার হকিকত এই কুলু হাসিলের উপর সায়েরমহলে পূর্ব্বের রিত আছে হুজুর হইতে খয়রাত করেন যে (ছিন্ন অংশ) সেইমত মহাজনান সকলে দিত এইরূপ এখনতক সায়ের মহলে ও হাসিলাতের উপর স্থানে স্থানে খয়রাত মকরর আছে যদি এই বিষ হাজার তঙ্কার সংস্থান কারণ আমদানি ও রপ্তানি কলিকাতা সহরে জত হয় ইহার উপর ফি সতকরা এক আনার হিসাবে মকরর হয় এবং আমদানি ও রপ্তানি ফি খালিয়া নৌকার উপর কিছু নিরিখ হয় এইরূপ হুকুম হইলে মহাজনানের লোকসান অতি অল্প কিন্তু অহিক খোষনাম এবং পরকালের জন্যে অনেক পুণ্য অনায়াসে এত গরিব লোকের দোয়া পৌছে হুজুরের এতফাকের কারণ এই এককরূপ এক্তলা দিলাম যদি মঞ্জুর হয় তবে পরমিট পরুস্তরার সাহেবেদ্দিগের নামে হুকুম হইবেক তাহারা সন সন উসুল করিয়া ইওষ্টরি বাটীতে পৌছাইয়া দিবেন—

১৮ অষ্টাদশ। যেমন কলিকাতার নতুন গিরিজার খরচ মাথট্ট করিয়া হইয়াছে ইওষ্টরি বাটী বনাইবার খরচ সেইরূপ মাথট্ট হইয়া হইবেক কিন্তু ইহার আমাদ্দিগের দেসের দস্তরমত জদি সাহেবেরা মাথট্টের এক নিয়ম করিয়া দেন তবে অতি ত্বরায় এ জায়গা বনাইবার টাকা মজুদ হইতে পারে তাহার নিয়ম এই কমোবেষ লাক টাকা খরচ হইলে বাটী ইহার লওাজিমা স্থান তৈয়ার হইবেক ইহার আনেযোন কোম্পানির ইঙ্গরেজ ও বাঙ্গালি চাকরহায়ের উপর ইহাদ্দিগের পায়া কিম্বা খেদমত মাফিক এবং সহরের কোম্পানীর চাকর সেওায় পাকা হাবেলিওয়ালা বাসিন্দার উপর এক নিরিখ মকরর করিয়া দেন

সরকারের থাচাকি ও পুলিষ আফিসের দ্বারা এ টাকা আদায় হয় এমত হইলে অতি শীঘ্র টাকা আদায় হইয়া বাটী তৈয়ার হইতে পারে সহরের গলি ও রাস্তা হইতে এ সকল অক্ষেম গরিব অন্তত্রে স্থাপিত হইলে সহরের লোকের অনেক প্রকার আরাম হইবেক মোছলমানের আমল অবদি এ সকল ধারা বন্দ হইয়াছে পূর্ব্বে হিন্দুর আমলে এমতরূপ গরিবের জন্ন্যে স্থান ও ইহার ব্যয় নিরোপন ছিল মহারাজা যুধিষ্ঠিরের আমলে এই স্থানের নাম অনাথ-মণ্ডপ ছিল এখন সেইমত নিয়ম বিলাতেও আছে বুনিতে পাই—

গরিব বাঙ্গালি লোকের দুঃখ বিমোচন কারণ এবং তাহাদ্দিগের খুথতপত্তি নিমিত্তো যে নকসা আমরা তৈয়ার করিয়া শ্রীযুত গৌরনর জানরেল কওসলে জ্ঞাত করিতেছি ইহাতে কোনো বিষয় আমাদ্দিগের বিবেচনার ও লিখিবার ত্রুটী ও ভুল হইয়া থাকে তাহার যাহাতে ভাল হয় সাহেবেরা বিবেচনা করিবেন এ বিষয় সম্পূর্ন্ন কারণ আমাদ্দিগে হইতে মেহনত ও তরদ্দুদ যে তক দরকার হইবেক তাহা করিতে প্রস্তুত আছি ইহার ইঙ্গরেজিতে তরজমা কারণ উপযুক্ত আমরা নহি এজন্ন্যে বাঙ্গালা লিখিয়া দিলাম ইতি—সন ১১৯৪ সাল—তেরিখ—১৫ আশাড়—

পরিশিষ্ট

শ্রীশ্রীত্রৈলোক্য—

নাথ শরণং—

স্বস্তি সকলমঙ্গলৈকনিলয় মহামহিম শ্রীযুত গবনর জানরেল লাড করনওালিশ বড়-শাহেব বাহাদুর প্রবলপ্রতাপেষ্ণু আপনকার মঙ্গল সদা বাঞ্চি বিশেষঃ আত্মবিবরন আমার মাতার আরজীতে ও উকীলের দরখাস্তে সাহেবের হজুরে সকল গোচর আছে মোথালিফে আমার রায্যতোম ও মাল আমওাল সকল লইয়া প্রাণের গ্রাহাক বেহরমত করিয়া তছঃদী দিতেছিল একারন সকল পরিত্যাগ করিয়া অরন্যে বাশ করিয়াছিলাম তাহাতে আমার দর্শা প্রশর্ষ মতে আপনি কলিকাতা পহচিয়াছেন আমার প্রতি মেহেরবানগী করিয়া এস্তেহারনামা দিয়াছেন তাহাতে জ্ঞাতো হইয়া খাতিরজমা হইল আপনকার হজুর জাইতে উদ্দত হইয়াছিলাম তাহাতে আমার হককঃ তজবিজ করিয়া দেলাইতে শ্রীযুত মেস্তর মশর সাহেব ও শ্রীযুত মেস্তর শেপট সাহেব দুইজনকে আমিন মোকরোর করিয়া পাঠাইয়াছেন তাঁহারদিগের মারফত আপনকার মেহেরবানগী পরওানা পাইয়া জ্ঞাতা হইলাম আমি আপন এরশ ও মিরাশে কাইম হইব এমত খাতিরজমা হইল আমার উকীলের জবানিতে সমস্ত জ্ঞাতা হইলাম আমিন সাহেবেরদিগের নিকট পহচিতেছি আমি আঁপন সাধ্যক্রমে ৺কুম্পানি বাহাদুরের কিফাইত করিয়াছি সরকার বেহার বাদশাহিতে দখল ছিল না সন ১১৮০ সালে শ্রীযুত মেস্তর পরলিঙ্গ সাহেবের মারফত ৺কুম্পানি বাহাদুরকে দখল দিয়া শরনাগত হইয়াছি অবধি কোন বিশয় ত্রটী করি নাহি মোথালিফে আমার জে আহওাল করিয়াছে তাহা আরজ লিখিয়া কত জানাইব অর্ন্নবস্ত্রে আজীজ লোকের সাক্ষাতে খাড়া হইব এমত আহওাল নাই কেবল ফকীরের হাল উপরান্ত বদনামি জাহের করিয়াছে। শে শকল তজবিজ হইলে গোচর হইবেক গোচরিল ইতি ২৭৮ সন আখরি—১৮ জৈষ্ট—

স্বস্তি সকলমঙ্গলৈকনিলয় মহামহিম শ্রীযুত গবনর জানরেল—
লাড করনওালিশ বড়সাহেব বাহাদুর প্রবলপ্রতাপেষ্ণু—

CENTRAL LIBRARY

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

স্বর্গদেব চন্দ্রকান্ত সিংহ ?

গৌরীনাথ সিংহ

ব্রজনাথ সিংহ

কমলেশ্বরী দেবী

বড় ফুকন

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

কৃষ্ণচন্দ্র নারায়ণ

কৃষ্ণচন্দ্র নারায়ণ

গোবিন্দচন্দ্র নারায়ণ

গোবিন্দচন্দ্র নারায়ণ

কাছাড়ের ছোট রাজা

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

বড় বড়ুয়া

বুড়া গোহাই

চোলাধরা ফুকন

আসামের রাজমন্ত্রিগণের মুদ্রা

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

হরেন্দ্রনারায়ণ ভূপ

রাজমাতা কমতেশ্বরী দেবী

সর্ব্বানন্দ গোসাই

খগেন্দ্রনারায়ণ

রাণী মরিচমতী

দেবরাজা

পারো পেন্‌লো

Engraved & Printed at
Sree Saraswaty Press Ltd.,
Calcutta.

CENTRAL LIBRARY

শব্দকোষ

অ

অন্দর—اندر পারশী অন্দর—ভিতর। অন্তঃপুর। অন্দরাণ—অন্তঃপুরের ব্যয় নির্ব্বাহার্থ নির্দ্দিষ্ট ভূসম্পত্তি।

অবতর—ابتر (আরবী) দরিদ্র, নিকৃষ্ট, হীন।

অভ্রম—অসম্মান ? সম্ভ্রমের বিপরীত ?

অহিক—ঐহিক।

আ

আএন্দা—آینده (পারশী) আগামী।

আওলাদ—اولاد আরবী আওলদের বহুবচন, বংশধরগণ।

আখরোট—(হিন্দি) আখরোট ফল।

আখরাজাত—اخراجات আরবী খরচ শব্দের বহুবচন, বিভিন্ন ব্যয়।

আখাজ—اخذ (আরবী) অত্যাচার। প্রচলিত বাঙ্গালায় আক্রোশ।

আগা—আগে, পূর্ব্বে।

আচরফ—اشراف আরবী সরিফ—অভিজাত, এখানে গৌরবে বহুবচন।

আছবাব—আসবাব দেখ।

আজরাহে জবরদস্তী—ازراه زبردستی পারশী রাহ—রাস্তা, আজ—হইতে; আজ-রাহে জবরদস্তী—জবরদস্তীক্রমে, বলপূর্ব্বক।

আজাপ—عذاب (আরবী) দণ্ড, শাস্তি।

আজীমঃসান—عظیم الشان (আরবী) আজীম—উচ্চ, মহৎ; সান—পদ; আজীমঃসান—উচ্চপদস্থ, মহৎ পদাধিকারী।

আজেজ—عاجز আরবী আজিজ—নিরুপায়।

আঞ্জাম—انجام (পারশী) নির্ব্বাহ, সরবরাহ।

আড্ডাদার—(হিন্দী) ডাকপিওন।

আদব—ادب (আরবী) সৌজন্য।

আদল—عدل (আরবী) ন্যায়, বিচার।

আদাওদ—عداوت আরবী আদাওত—শত্রুতা, হিংসা।

আদালত—عدالت (আরবী) বিচারালয়।

আনেয়োন—عنوان (আরবী) রীতি, ধরন।

আন্দেসা—اندیشه (পারশী) চিন্তা, ভয়, উদ্বেগ।

আপোসে—(হিন্দী) পরস্পর।

আপ্তদসা—প্রাপ্তদশা (?) বর্ত্তমান অবস্থা (?)

আফ্‌আজ—افواج (আরবী) ফৌজের বহুবচন।

আবওয়াব—ابواب আরবী বাব শব্দের বহুবচন, বাব—কর, শুল্ক।

আবকারি—آبکاری পারশী আবকার—সুরী, সুরা প্রস্তুতকারী; আবকারী—সুরা বা মাদকদ্রব্য সম্বন্ধীয়।

আবতরী—ابتری (পারশী) নিকৃষ্টতা।

আবাদ—آباد (পারশী) চাষ, বসতি।

আবাদানি—آبادانی (পারশী) যেখানে চাষ অথবা বসতি হইয়াছে।

আবাদী—آبادی (পারশী) অধ্যুষিত জায়গা, চাষ করা জমি।

আমদ—آمد পারশী আমদন—আসা, আমদ—(অতীতকাল) আসিয়াছিল।

আমদরপ্ত—آمد و رفت পারশী আমদন—আসা, রফতন—যাওয়া; আমদরপ্ত—যাতায়াত, যাওয়া আসা।

আমদানী—آمدنی পারশী আমদন হইতে; আয়, বিদেশ হইতে পণ্য আনয়ন করা।

আমন—امن (আরবী) শান্তি, নিরাপত্তা।

আমল—عمل (আরবী) শাসন, অধিকার, রাজত্বকাল।

আমলাহা / আমলাহায় —عمله ها পারশী আমলার বহুবচন। আমলাহা বা আমলাহায়—কর্ম্মচারীগণ।

আমিন—امین (আরবী) রাজস্ব বিভাগের কর্ম্মচারী, জরিপকারী।

অমোওাল—اموال আরবী মাল, বহুবচন আমোয়াল—সম্পত্তি, জিনিসপত্র।

আমোন চয়ন—امن و چین আরবী আমন—নিরাপত্তা, হিন্দী চৈন—বিশ্রাম; আমনচৈন—নিরাপদ শান্তি।

আয়েসানমন্দ—احسانمند আরবী ইহসান—কৃতজ্ঞতা, পারশী মন্দ—শালী; ইহসানমন্দ—কৃতজ্ঞ।

আরজ—عرض (আরবী) নিবেদন, অনুরোধ।

আরজদস্ত—عرض داشت (পারশী) লঘুজনের নিকট হইতে গুরুজনের নিকট নিবেদন পত্র।

আরজমন্দি آرزومندی (পারশী) নিবেদন—পরতা, অতএব বিনয়।

আরজি—আরজ দেখ।

আরজিনামা—عرضی نامه আরবী আরজি—প্রার্থনা, নিবেদন, অনুরোধ, পারশী নামা—লিখিত পত্র বা দলীল; নিবেদন পত্র, দরখাস্ত।

আরাম—آرام (পারশী) সুখ, আয়েস, বিশ্রাম।

আলমে—عالم (আরবী) পৃথিবীতে।

আলাহিদা—علحده (আরবী) পৃথক।

আলিয়ান—عالیان (পারশী) সম্ভ্রান্ত ব্যক্তিগণ।

আসবাব, اسباب (আরবী) জিনিষপত্র, গৃহসজ্জা।

আশ্রা—(হিন্দি) আশা।

আহদ—عهد (আরবী) সন্ধি, অঙ্গীকার, শপথ।

আহদনামা—عهد نامه (আরবী) অঙ্গীকার পত্র, সন্ধিপত্র।

আহোবালা—আহোয়াল শব্দের অপভ্রংশ।

আহোয়াল—احوال (আরবী) অবস্থা, বিবরণ।

ই

ইজাফা—اضافه (আরবী) বৃদ্ধি।

ইজাফাদরইজাফা—اضافه در اضافه আরবী ইজাফা—বৃদ্ধি, বিশেষতঃ খাজনার হার বৃদ্ধি সম্বন্ধে প্রযোজ্য; ক্রমাগত বৃদ্ধি।

ইজারা—اجاره (আরবী) নির্দ্দিষ্ট খাজানায় জমি বা অন্য কোন অধিকার পত্তনি বা ঠিকা দেওয়া।

ইজাহার—اظہار (আরবী) বৃত্তান্ত-বর্ণন।

ইটিবারি—ইতিবারি দেখ।

ইত্তিফাক—اتفاق আরবী ইত্তফাক—ঐক্য,একতা; গরইতফাক—অনৈক্য।

ইতালা—اطلاع আরবী ইত্তিলা—খবর, সংবাদ জ্ঞাপন।

ইত্তিবারি—اعتباری আরবী ইতবার= বিশ্বাস; ইতবারী—বিশ্বাসী বা বিশ্বাসের পাত্র।

ইনফসল—انفصال (আরবী) মীমাংসা।

ইনসাব—انصاف আরবী ইনসাফ—বিচার।

ইপ্তদায়—ইবতাদা দেখ।

ইবতাদা—ابتدا আরবী ইব্‌তিদা—আরম্ভ।

ইমসল—امسال পারশী ইমসাল—এই বৎসর।

ইয়াদদাস্ত—یاد داشت পারশী ইয়াদ—স্মরণ, দাস্তন—রাখা; ইয়াদদাস্ত—স্মারক পত্র।

ইরসাল—ارسال (আরবী) সরবরাহ।

ইলাকা—علاقه আরবী আলাকা—সম্বন্ধ; অধিকার।

ইসবাত—اثبات (আরবী) প্রমাণ।

ইসবিতে—عیسوی আরবী ইসা—যীশু-খৃষ্ট, খৃষ্টান, খৃষ্টীয়; ইসবিতে—খৃষ্টীয় সালে।

ইস্তমরার—استمرار (আরবী) চিরস্থায়ী, চিরকালের। ১৪০ নং পত্রে চির-কাল অর্থে ব্যবহৃত হইয়াছে।

ইসাদী—اشہادی (আরবী) সাক্ষী।

ইসিমনবিসি—اسم نویسی (পারশী) নামের তালিকা।

ইস্তাহার—اشتہار আরবী ইস্তিহার—প্রকাশ্য ঘোষণা।

ইস্তাহারনামা—اشتہار نامہ (আরবী) লিখিত ঘোষণা, বিজ্ঞাপন।

উ

উমেদওয়ার—امید وار পারশী উমেদ—আশা; উমেদোয়ার—প্রত্যাশী, প্রার্থী, নিবেদক।

উরদি—সম্ভবতঃ ইংরাজী order বা আদেশের অপভ্রংশ।

উসুল—وصول (আরবী) গ্রহণ, আদায়।

উসিলা—وسیله আরবী ওয়াসিলা—দ্বারায়, সহায়তায়।

ঊ

ঊমেদা—امید পারশী উমেদ—আশা।

এ

একত্ত্যার—এক্তিয়ার দেখ।

এক্তিয়ার—اختیار আরবী ইখতিয়ার—ক্ষমতা, অধিকার।

একবারগি—یکبارگی (পারশী) হঠাৎ, অকস্মাৎ, একবারে।

একবাল—اقبال আরবী ইকবাল—সৌভাগ্য।

একরার—اقرار আরবী ইকরার—অঙ্গীকার, স্বীকার।

একরারনামা—اقرار نامہ (আরবী) স্বীকৃতিপত্র, অঙ্গীকারপত্র।

এজাজত—اجازت (আরবী) অনুমতি, অনুমোদন।

এতফাক—اتفاق (আরবী) যুক্ত হওয়া, এইখানে অবগতি।

এতবার—ইতিবারি দেখ।

এতায়ত—اطاعت (আরবী) বাধ্যতা।

এতলা—ইতালা দেখ।

এরাদা—اراده আরবী ইরাদা—ইচ্ছা, অভিপ্রায়, উদ্দেশ্য।

এয়োজ—عوض আরবী ইওয়াজ—প্রতিশোধ, প্রতিদান, দণ্ড; এয়োজে—পরিবর্ত্তে।

ও

ওক্ত—وقت (আরবী) সময়।

ওগয়রহ—وغیره (আরবী) ইত্যাদি।

ওজর—عذر (আরবী) আপত্তি, অজুহাত, ভান।

ওঝাগিরি—বাংলা 'ওঝা' সংস্কৃত "উপাধ্যায়" হইতে আসিয়াছে; ওঝাগিরি—ওঝা বা পুরোহিতের পদ।

ওফা—وفا আরবী ওয়াফা—যথেষ্ট, বিশ্বাস, প্রতিজ্ঞা।

ওয়রান—ویران পারশী ওয়েরান—ধ্বংস, নষ্ট।

ওয়াকিফ—واقف (আরবী) অবগত, অভিজ্ঞ, দক্ষ।

ওয়াসিলাত—واصلات (আরবী) ভূসম্পত্তির আয়, অথবা লভ্যাংশ, মুনাফা।

ওয়াস্তা—واسطه আরবী ওয়াসিতা—কারণ, উপায়, অপেক্ষা।

ওরাজিবি—راضی আরবী রাজী—সম্মত, সন্তুষ্ট।

ওয়াকিফহাল—واقف حال আরবী ওাকিফ—অবগত, হাল—অবস্থা; অবস্থাভিজ্ঞ।

ওাকিয়াহাল—ওয়াকিফহাল দেখ।

ওাজবন—واجبا (আরবী) ন্যায্য, সত্য।

ওাজবী—واجبی আরবী ওয়াজিব—সঙ্গত, ন্যায্য।

ওাপস—واپس (পারশী) ফেরত।

ওারস্ত—وارث আরবী ওয়ারিস—উত্তরাধিকারী।

ওাঁকা—رقعه (আরবী) পত্র।

ক

কউলনামা—কোলনামা দেখ।

কএদ—قید (আরবী) কারাগারে আবদ্ধ, বন্দী।

ককাই—(আসামী) বড় ভাই।

কচবর্চা—হিন্দুস্থানী কাচ্চাবাচ্চা—ছেলেপিলে।

কচায়ল—সম্ভবতঃ কচাল শব্দের অপভ্রংশ, বিতণ্ডা।

কতল—قتل (আরবী) হত্যা।

কদমে—قدم আরবী কদম—পাদক্ষেপ; পায়ে।

কদর—قدر (আরবী)—মূল্য।

কদিম—قدیم (আরবী) প্রাচীন, পূর্ব্বতন।

কৰুফর্দ্দ—کروفر আরবী কর ও ফর—জাঁকজমক, সমারোহ ও দম্ভ।

কবুল—قبول (আরবী)—অঙ্গীকার।

কমবেশ—کم و بیش (পারশী) অল্পাধিক।

করজা—قرضه (আরবী) ঋণ!

করমবকশি—کرم بخشی আরবী করম —অনুগ্রহ, পারশী বখশীদন— প্রদান করা; করমবখশী—অনুগ্রহ প্রকাশ বা অনুগ্রহ করা।

করার—قرار (আরবী) অঙ্গীকার, চুক্তি।

করিব—قریب (আরবী) নিকট।

কসম—قسم (আরবী) শপথ।

কাইম—قائم (আরবী) —দৃঢ়।

কাইমাএে—قائم পারশী কাইমার্থে।

* কাইম করিবার জন্য, সুস্থির করিবার জন্য।

কাএদা—قاعده (আরবী) নিয়ম, আইন।

কাজিয়া—قضیه (আরবী) বিবাদ।

কানুন—قانون (আরবী) আইন, বিধি।

কাবু—قابو পারশী কাবু—আয়ত্ত। বাঙ্গালায় এই শব্দটি দুর্ব্বলতা-বাচক।

কাবেজ—قابض আরবী কাবিজ— অধিকার। পরাজয়, দখল।

কাম্—(হিন্দুস্থানী) কার্য্য, কর্ত্তব্য।

কাম্বকত—کمبخت পারশী কমবখ্‌ত— মন্দভাগ্য, হতভাগ্য।

কামান—ইংরাজী "Command" শব্দের অপভ্রংশ।

কামাল—کمال (আরবী) সম্যক, সম্পূর্ণ, সর্ব্বোচ্চ।

কায়েম—কাইম দেখ।

কারওাটর—ইংরেজী "contract" শব্দের অপভ্রংশ।

কারপরদাজ—کار پرداز পারশী কার— কার্য্য, পরদখতান—সম্পাদন করা; কারপরদাজ—যে কার্য্য সম্পাদন করে, কর্ম্মচারী।

কারবার—کاربار (পারশী) ব্যবসায়, পেশা, ব্যবহার, আদান-প্রদান।

কারসাজি—کارسازی পারশী কার— কার্য্য, সগতান—নির্ম্মাণ করা; কারসাজি—ষড়যন্ত্র।

কালা—کلاں (পারশী) জ্যেষ্ঠ।

কিতা—قطعه (আরবী) অংশ, খণ্ড। এককিতা—একখানা।

কিমখাপ—کمخواب (পারশী) কারুকার্য্য-বিশিষ্ট উজ্জল বর্ণের বস্ত্রবিশেষ।

কিবা—قلعه (আরবী) দুর্গ।

কিস্তবন্দী—قسط بندی আরবী কিস্ত— নির্দ্দিষ্ট অংশ instalment, পারশী বন্দী, (বস্তন)—বান্ধা; কিস্তবন্দী— কিস্তিতে কিস্তিতে পরিশোধ করিবার ব্যবস্থা।

কীতা—কিতা দেখ।

কীর্ত্তা—কিতা দেখ।

কুমেদান—ফরাসী Commandant শব্দের অপভ্রংশ।

কুরতি—کرتی (পারশী) সৈনিকের জামা।

কুরুক—قرق (আরবী) বাজেয়াপ্ত করা, প্রতিবন্ধ, ক্রোক।

কুলকা—১২ বিঘা।

কুলবিলের হকীকত—সমস্ত বিলের বিষয় বা বৃত্তান্ত।

কুলুহাসিল—(আরবী) সম্পূর্ণ আয়।

কেজিয়া—কাজিয়া দেখ।

কেফাইত—کفایت আরবী কিফাইত— ব্যয়সঙ্কোচ, প্রয়োজনানুরূপ পাওয়া। বাঙ্গালায় "লাভ" অর্থে ব্যবহৃত হয়।

কেরাবিন—ইংরাজি "Carbine" শব্দের অপভ্রংশ।

কেসওর—کشور পারশী কিসওয়র = দেশ ; কিসওয়রে হিন্দুস্থান — হিন্দুস্থান দেশের।

কোচিচ—کوشش পারশী কৌসিস্ — চেষ্টা করা।

কোবর—"কুমার" শব্দের অপভ্রংশ।

কোলনামা—قولنامه পারশী কৌল — অঙ্গীকার, নামা — লিখিত পত্র ; কৌলনামা — অঙ্গীকারপত্র, চুক্তিপত্র।

কৌল—قول (আরবী) প্রতিশ্রুতি।

কৌশল—ইংরেজী "Council" শব্দের অপভ্রংশ।

খ

খএর—خیر (আরবী) মঙ্গল, শুভ।

খতে—خط (আরবী) পত্রে।

খবর—خبر (আরবী) সংবাদ।

খবরগিরি—خبر گیری আরবী খবর — যত্ন, পারশী গিরিফতন — লওয়া ; খবর-গিরি — যত্ন লওয়া।

খয়েরাফিয়ত—خیر و عافیت আরবী খয়ের = শুভ, আফিয়ত — স্বাস্থ্য, সাচ্ছন্দ্য ; খয়েরাফিয়ত — মঙ্গল, সুখসাচ্ছন্দ্য।

খরাতী خیریت আরবী খয়রিয়ত — মঙ্গল।

খরিদ ফরোক্ত—خرید و فروخت পারশী খরিদন — কেনা, ফরোখতন — বেচা ; খরিদফরোক্ত — ক্রয়বিক্রয়, কেনা-বেচা।

খলল আন্দাজ—خلل انداز আরবী খলল — বিশৃঙ্খলা, পারশী আন্দা-খতন — নিক্ষেপ করা ; বিশৃঙ্খলাকারী।

খাএরখা—خیر خواه আরবী খয়ের — মঙ্গল, পারশী খোয়াস্তন — আকাঙ্ক্ষা করা ; খয়ের খোয়াহ্ — শুভাকাঙ্ক্ষী, মঙ্গলকামী।

খাজনা—خزانه (আরবী) রাজস্ব, রাজকর।

খাতিরজমা—خاطر جمع আরবী খাতির — মন, জমা = শান্তি ; খাতিরজমা — সন্তুষ্ট।

খাতিরদারি—خاطر داری আরবী খাতির — মন, ইচ্ছা, পারশী দাশতন — রাখা ; খাতিরদারি — অনুগ্রহ।

খানা — خانه (পারশী) বাড়ী।

খানে খারাব—خانه خراب পারশী খানা — বাড়ী, খারাব — নষ্ট ; খানাখারাব — নষ্ট, অনিষ্ট।

খামিদ—خاوند পারশী খাওন্দ — প্রভু।

খামেখা—خواه مخواه (পারশী) ইচ্ছায় হউক অনিচ্ছায় হউক ; বাঙ্গালা ভাষায় অযথা, অকারণে।

খারিজ—خارج (আরবী) বাহির, বাতিল।

খারিজ তছরূপ—خارج تصرف আরবী খারিজ — ভ্রষ্ট, তছরুফ—অধিকার ; খারিজতছরুফ — অধিকারভ্রষ্ট।

খালাশ—خلاص (আরবী) মুক্তি।

খালিসা—خالصه (আরবী) রাজস্ব-বিভাগ।

খাষবরদার—خاص بردار (পারশী) পাইক, সশস্ত্র অনুচর, পরিচারক।

খাস — خاص (আরবী) ব্যক্তিগত, নিজ।

খিদমদগারী—خدمتگاری আরবী খিদ-মত — সেবা ; খিদমতগারী — চাক

খিলাফ—خلاف (আরবী) বিরুদ্ধতা, অন্যথাচরণ।

খুদ্‌গরজ—خود غرض পারশী খুদ—নিজ, আরবী গরজ—ইচ্ছা; খুদগরজ—স্বার্থপর। খুদ্‌গরজী—স্বার্থপরতা।

খুন—خون (পারশী) রক্ত, হত্যা।

খুবি—خوبى (পারশী) সদ্‌গুণ, মঙ্গল।

খুস্কি—خشكى (পারশী) শুষ্ক, সুতরাং জমি।

খেজমত—খেদমত দেখ।

খেজালত—خجالت (আরবী) লজ্জা।

খেদমত—خدمت (আরবী) সেবা।

খেরাফিয়ত—খয়েরাফিয়ত দেখ।

খেসইতলর—খেস + স্বীয় + ইতালা—আপন অধিকারের।

খোদ—خود (পারশী) নিজ, স্বয়ং।

খোদা—خدا পারশী খুদা—প্রভু, ঈশ্বর।

খোদি—خودى পারশী খুদ—স্বয়ং; খোদি = স্বার্থপরতা, আত্মাভিমান।

খোলাসা—خلاصه (আরবী) পরিস্কার, স্পষ্ট।

খোসনাম—خوش نام (পারশী) সুনাম।

খোসরাজিতে—خوش راضى পারশী খুসি—সন্তোষ, আরবী রাজি—সম্মতি; খুসিরাজিতে = স্বসন্তোষে, স্বেচ্ছায়, স্বসম্মতিতে।

গ

গউনে—গৌনে, দেরীতে।

গএর—غير (আরবী) ব্যতীত।

গরদান—گردن (পারশী) গলা; গরদান মারিয়া—গলা কাটিয়া।

গরদিস—گردش (পারশী) পরিবর্ত্তন, প্রতিকূলতাগা।

গরিবপরওর—غريب پرور আরবী গরিব—দরিদ্র, পারশী পরোয়ারদন—প্রতিপালন করা; গরিবপরওর—দরিদ্রপালক।

গাইক— گواهى পারশী গাওয়াহি—সাক্ষ্য।

গাফএর—যে বন্দুক ছোড়া হইয়াছে।

গামচাঙ্গ—আসামী গমসঙ্গ—চীন দেশীয় এক প্রকার উৎকৃষ্ট রেশমী বস্ত্র।

গায়েব—غائب (আরবী) অনুপস্থিত, গুপ্ত, লুক্কায়িত।

গিলাগুজারি—گله گذارى পারশী গিলা = অভিযোগ, গুজারিদন—করা; গিলাগুজারি—অভিযোগ করা।

গুজরাইয়াছি— } گذرانذا পারশী
গুজরাইয়া দিলাও }

গুজরানিদন হইতে। নিবেদন করিলাম।

গুজরান—گذران (পারশী) পেশা, জীবিকা।

গুজিস্তা—گذشته (পারশী) অতীত, ভূত।

গুঞ্জায়স—گنجايش (পারশী) গ্রামের রাজস্ব প্রদানের শক্তি।

গুদাস্তা—গুজিস্তা দেখ।

গুনাকটা চাঁদির—সোনালী সুতার পাড়যুক্ত কাপড়।

গেদর—হিন্দুস্থানী গিদর—শৃগাল।

গোচরিল—গোচর করিলাম, জানাইলাম।

গোড়জ—غرض আরবী গরজ—ইচ্ছা।

গোমস্তা—گماشته (পারশী) জমিদার বা ব্যবসায়ীর কর্ম্মচারী।

CENTRAL LIBRARY

গোলন্দাজী—گولنداز পারশী গোল—গোলা, আন্দখতন—নিক্ষেপ করা; গোলন্দাজী—গোলাবর্ষণ।

গোলাম—غلام (আরবী) দাস, ভৃত্য।

গৌর—غور (আরবী) বিবেচনা, মনোযোগ।

গৌরসি—গৌর দেখ।

গ্রফতার—گرفتار পারশী গিরিফতন—ধরা, আটক করা।

চ

চড়াও—হিন্দুস্থানী চড়াই—আক্রমণ।

চপারাদ—سپرد পারশী সুপুর্দ্দ—সমর্পন, প্রেরণ; বিচারার্থে প্রেরণ।

চরচ—সম্ভবতঃ ইংরাজী "charge" শব্দের অপভ্রংশ।

চসমনামাই—چشم نمائی পারশী চশম—চক্ষু, নমূদন—দেখান; তৎসনা।

চাকলে—(হিন্দী) চাকলা-ই—চাকলার, কয়েকটি পরগনার সমবায়কে চাকলা বলে।

চাকলাহায়—চাকলা শব্দের বহুবচন।

চাকরহায়—چاکرها চাকরের পারশী বহুবচন।

চানওয়ার—(হিন্দুস্থানী) মাছি তাড়াইবার পাখা।

চায়েন—হিন্দুস্থানী চৈন—শান্তি,আরাম।

চালা—صلح পারশী "সলাহ" হইতে সলা, সলার অপভ্রংশ—সন্ধি, মৈত্রী।

চিজবস্ত—چیز بست পারশী চিজ—জিনিস, সংস্কৃত বস্তু, চিজের সহিত সমানার্থক; চিজবস্ত—জিনিষপত্র। অথবা পারশী বস্তন, বান্ধা—বান্ধা জিনিস।

চৌকি—(হিন্দুস্থানী) পাহারা, পুলিশের ঘাঁটি, চুঙ্গি বা শুল্ক আদায়ের ঘাঁটি।

চৌতরফি—(হিন্দুস্থানী) চারিদিক।

ছ

ছকাত, زکوة (আরবী) জকাত শব্দের অপভ্রংশ। প্রত্যেক মুসলমানকে দরিদ্রদিগের জন্য আয়ের এক নির্দ্দিষ্ট অংশ দিতে হইত, এই করের নাম ছিল জকাত। পরে এদেশে জকাত শব্দ সাধারণভাবে রাজস্ব অথবা শুল্ক অর্থে ব্যবহৃত হইয়াছে।

ছন্দুকচা—صندوقچه (পারশী) ছোট সিন্দুক। বাক্স বা পেটিকা।

ছাআল—ছাওয়াল, ছেলে, পুত্র।

ছাপীয়া—হিন্দুস্থানী ছেপানা—গোপন করিয়া, গোপনে।

ছিলছেলা—سلسله (আরবী) শৃঙ্খল, শিকল।

ছোলতান—سلطان (আরবী) শাসন কর্ত্তা, রাজা, স্থলতান।

জ

জদিদ মোহর—جدید مهر আরবী জদিদ= নূতন, পারশী মোহর—মুদ্রা, সীল; জদিদ মোহর—নূতন মুদ্রা, নূতন সীল।

জন্ষে—জন্যে।

জওাব—جواب (আরবী) উত্তর, বরখাস্ত।

জপ্ত—ضبط আরবী জব্‌ত—বাজেয়াপ্ত।

জবতক—(হিন্দী) যে পর্য্যন্ত।

জবানবন্দি—زبان بندی পারশী জবান—জিহ্বা, বন্ধন=বান্ধা ; জবান-বন্দী—সাক্ষ্য।

জবরদস্তী—زبردستی (পারশী) অত্যাচার।

জবানি—زبانی পারশী জবান—জিহ্বা, ভাষা ; জবানি—মৌখিক বিবৃতি।

জব্দয়েনবুনিয়ান—زبدهٔ نوینان আরবী জুব্দ=ক্ষীর, সার অংশ, পারশী নবিন—রাজপুত্র, নবিনান—নবিনের বহু-বচন ; জব্দয়েনবুনিয়ান — জুবদে নবিনান—রাজপুত্রদিগের মধ্যে সর্ব্ব-শ্রেষ্ঠ, অভিজাত শ্রেষ্ঠ।

জমাইত—جماعت আরবী জমাত—জনতা, দল।

জমাইতদার—جماعت دار আরবী জমায়েত—জনতা, পারশী দাশতন—রাখা ; জনতার নায়ক, আধুনিক বাঙ্গালায় জমাদার।

জরব—ضرب (আরবী) মুদ্রাঙ্কন, মুদ্রানির্ম্মাণ, সীল দেওয়া।

জরদ—আরবী জব্‌ত শব্দের অপভ্রংশ। জপ্ত দেখ।

জরদার—زردار পারশী জর — সোনা, দার=যুক্ত, শালী ; জরদার—ধনবান।

জরবাজি—زربازی পারশী জর—সোনা, বাজি—খেলা ; জরবাজি—অর্থের খেলা, উৎকোচ বা টাকার খেলা।

জরিপ—جریب (আরবী) জমির আয়তন, মাপ।

জরুর—ضرور (আরবী) দরকার, আবশ্যক।

জল্‌দ—جلد (আরবী) শীঘ্র, তাড়াতাড়ি।

জান—جان (পারশী) জীবন।

জানওয়র—جانور (পারশী) জন্তু।

জাবিনদার—ضامندار আরবী জামিন+পারশী দার—প্রতিভূ।

জাবেতা—ضابطه (আরবী) নিয়ম, আইন।

জাহির—ظاهر (আরবী) স্পষ্ট, প্রকাশিত, খ্যাত।

জিকির—ذکر (আরবী) উল্লেখ।

জিঞ্জীর—زنجير (পারশী) শৃঙ্খল।

জিনকাপ—(ভুটানী) পত্রবাহক, পিওন।

জিবকা—জীবিকা শব্দের অপভ্রংশ।

জিম্বা—ذمه আরবী জিম্মা—তত্ত্বাবধান, দায়িত্ব, হেপাজৎ।

জিরাত—زراعت (আরবী) কৃষি, চাষ।

জিবে—ضلع (আরবী) জিলা-ই—জিলার।

জুলুম—ظلم (আরবী) অত্যাচার, উৎপীড়ন, অবিচার, নির্দ্দয় ব্যবহার।

জের—زير (পারশী) নীচে, সুতরাং পরাজিত, নির্য্যাতিত।

জেরবার—زيربار (পারশী) বিব্রত, উপদ্রুত।

জোনাব—جناب (আরবী) সম্মান-বাচক শব্দ, মান্যবর, প্রভু।

জোরবান—শক্তিশালী, জোরাল, সুতরাং টাটকা।

জ্যাদা—زياده পারশী জিয়াদা=অধিক।

ঝ

ঝুটা—(হিন্দুস্থানী) মিথ্যা।

ঝরঝরা—(আসামী) বড় ঝাড়ি।

ট

টরনি—ইংরাজী "attorney" শব্দের অপভ্রংশ।

টালমটাল—দেরী করা, বাহানা করা।

ড

ডাঙ্গরিয়া—আসামী ভাষায় মহাশয় অথবা সম্মান-বাচক শব্দ।

ডৌল—(হিন্দী) আকার, প্রকার, ব্যবস্থা।

ত

তওয়াক্কা—توقع (আরবী) আশা, ইচ্ছা, অপেক্ষা।

তকরার—تکرار (পারশী) বিবাদ, ঝগড়া, বচসা ; তকরারি—বিবাদীয়।

তকশীর—تقصیر (আরবী) অপরাধ, দোষ।

তগির—تغیر আরবী তঘৈয়ুর=পরিবর্ত্তন, বদল।

তছদি—تصدیع (আরবী) ক্লেশ, দণ্ড।

তছরূপ—تصرف (আরবী) অধিকার, আত্মসাৎ।

তছল্লীনামা—تسلی نامه পারশী তছল্লী—সান্ত্বনা, নামা—পত্র ; তছল্লীনামা-সান্ত্বনাপত্র।

তজবিজ—تجویز (আরবী) তদন্ত, অনুসন্ধান।

তণ্ড—দণ্ড শব্দের অপভ্রংশ।

তদবির—تدبیر (আরবী) ব্যবস্থা, তত্ত্বাবধান।

তদারক—تدارک (আরবী) প্রতিকার, অনুসন্ধান।

তন্দারি—تنداری পারশী তন—শরীর +দাসতন—রাখা ; শরীরের আরাম সম্বন্ধে তদারক।

তন্নুর—تنور পারশী তন্নুর—চুলী।

তফাওত—تفاوت (আরবী) পার্থক্য, অনৈক্য, ব্যবধান।

তমঃস্থুক—تمسک (আরবী) ঋণপত্র।

তরক্কিক—ترقی আরবী তরক্কী—উন্নতি।

তরদ্দুদ—تردد আরবী তরদ্দুদ—চেষ্টা, পরিশ্রম।

তরফ—طرف (আরবী) দিক, পক্ষ।

তরফকসি—طرف کشی আরবী তরফ—পক্ষ, পারশী কসিদন—টানা ; পক্ষপাতিত্ব।

তরুক সওয়ার—ترک سوار (পারশী) অশ্বারোহী।

তলব—طلب (আরবী) উপস্থিত হইবার নির্দ্দেশ, বেতন।

তলোয়ার— (হিন্দী) তরবারি। তলোয়ার বান্ধিয়াছে—যুদ্ধ করিতে উদ্যত হইয়াছে।

তসকিল—تشخیص সম্ভবতঃ লিপিকর প্রমাদ। আরবী তস্‌খিস—ধার্য্য বা নির্দ্ধারণ।

তহকিক—تحقیق (আরবী) সত্য নির্দ্ধারণ, মিলাইয়া দেখা।

তহমত—تہمت (আরবী) নিন্দা, সন্দেহ।

তহসিল—تحصیل (আরবী) রাজস্ব-আদায়।

তাইনাত—تعینات (আরবী) নিয়োগ।

তাফাল—লবণ-প্রস্তুতকারী।

তাবে—تابع (আরবী) অধীন, আয়ত্ত।

তাবেদার—تابعدار আরবী তাবি—অধীন, পারশী দাশতন—রাখা ; তাবেদার—অনুচর, অনুগত লোক।

তামাম—تمام (আরবী) সমস্ত, সম্পূর্ণ।

তাহত—تعهد (আরবী) অঙ্গীকার, রাজস্ব সম্বন্ধীয় স্বীকৃতি।

তাহোবালা—ته و بالا পারশী তাহ—নীচ, বালা—উপর ; তাহোবালা—উল্টাপাল্টা।

তিজারৎ—تجارت (আরবী) ব্যবসায়।

তুফান—طوفان (আরবী) ঝড়, আলোড়ন।

তোড়াবন্দী—توره بندی তুরকী তোরা—আইন ; বিধিবদ্ধভাবে, আইন অনুসারে।

তোপ—توپ (তুর্কী) কামান।

তোসদান—توشدان (পারশী) কার্তুজের বাক্স।

থ

থোড়া—(হিন্দুস্থানী) অল্প।

দ

দখল—دخل (আরবী) হস্তক্ষেপ, অধিকার।

দফা—دفعه (আরবী) মুহূর্ত্ত।

দফাওয়ারি—دفعه واری আরবী দফা+পারশী ওয়ার—দফায়দফায়, item by item.

দয়গরি—داد گری সম্ভবতঃ পারশী "দাদগরি" শব্দের অপভ্রংশ—বিচার, ন্যায় (Justice)।

দরখাস্ত—درخواست (পারশী) আবেদন।

দরগাহে—درگاه (পারশী) রাজসভায়, পবিত্র স্থানে।

দরজ—درج (আরবী) লিখিত।

দরাজ—درجه আরবী দরজা শব্দের অপভ্রংশ—পদ।

দরদ—درد (পারশী) বেদনা, যন্ত্রণা।

দরপেষ—درپیش (পারশী) সম্মুখে ; দরপেশ করে—সম্মুখে রাখে, উপস্থিত করে।

দরবাব—درباب (পারশী) সম্পর্কিত, সম্বন্ধীয়।

দরমাহা—درماهه (পারশী) মাসিক-বেতন।

দরমাহির—দরমাহা দেখ।

দরিআপ্ত—دریافت (পারশী) অনুসন্ধান, তদন্ত।

দরিমান—দরিমীয়ান দেখ।

দরিমীয়ান—درمیان (পারশী) ভিতরে, মধ্যস্থ।

দশীয়ত—دهشت আরবী দহশত—ভীতি।

দস্ত—دست (পারশী) হাত, সুতরাং শক্তি, ক্ষমতা।

দস্তআন্দাজ—دست انداز পারশী দস্ত—হাত, আন্দাখতন—নিক্ষেপকরা ; দস্তআন্দাজ = হস্তক্ষেপকারী, অত্যাচারী।

দস্তখত—دستخط (পারশী) দস্ত—হাত, খত—লিখন ; দস্তখত=স্বাক্ষর।

দস্তগিরি—دستگیری (পারশী) দস্ত—হাত, গিরিফতন—ধরা, গ্রহণ করা ; দস্তগিরি—সাহায্য, সহযোগিতা।

দস্তদরাজী—دست درازی পারশী দস্ত—হাত, দরাজ—বিস্তারিত ; দস্তদরাজী—অত্যাচার।

দস্তবস্তা—دست بستہ পারশী দস্ত=হাত, বস্তন—বন্ধন করা ; দস্তবস্তা—যুক্তকরে, করজোরে।

দস্তবিজ—دست آویز পারশী দস্ত—হাত, আবেগতন—ঝুলান ; দস্তাবেজ—লিখিত অঙ্গীকৃতি, দলিল,হ্যাণ্ডনোট।

দস্তর—دستور (পারশী) নিয়ম, প্রচলিত শুল্ক বা কর।

দহসবন্দ—دهشتمند আরবী দহশত—ভয়, আতঙ্ক, পারশী মন্দ—যুক্ত, সম্বন্ধবাচক শব্দ ; দহসমন্দ—ভীত, আতঙ্কিত। দহসবন্দ দহসমন্দের অপভ্রংশ।

দাওা,—دعوی (আরবী) দাবী।

দাওয়া—দাওা দেখ।

দাখিল—داخل (আরবী) যে অথবা যাহা প্রবেশ করে অথবা আসে, হিসাব পত্রের মধ্যস্থ কোন উল্লেখ।

দাগা—دغا (পারশী) বিশ্বাসঘাতকতা।

দাদখোয়া—داد خواه পারশী দাদ—ন্যায়, বিচার, খোয়াস্তন—ইচ্ছা করা ; দাদ খোয়া—বিচারপ্রার্থী।

দাবা—দাওা দেখ।

দামএকবালহু—دام اقبالہ আরবী দাম—চিরকাল+ইকবাল—সৌভাগ্য + হু তাহার ; তাহার চিরসৌভাগ্য হউক।

দামেদরিমে—دامے درمے হিন্দী দাম+পারশী দরিম, দুইটী খুব ক্ষুদ্র মুদ্রা ; দামেদরিমে—কড়ায় ক্রান্তিতে।

দিকদারি—دقداری (পারশী) বিরক্তি।

দিলাসা—دلاسا (পারশী) ভরসা, সান্ত্বনা।

দুরস্তি—درستی (পারশী) মেরামত, সংশোধন, উন্নতি।

দুশমনী—دشمنی (পারশী) শত্রুতা।

দুস্তী—دوستی পারশী দোস্তী—বন্ধুত্ব।

দেন—دین (আরবী) ঋণ।

দেহার—(হিন্দুস্থানী) দরজা।

দোওয়াল—دوال (পারশী) বাঁধিবার জন্য চামড়ার ফিতা। মষদোয়াল—দোয়াল সহিত।

দোতরফা—دو طرفه পারশী দু—দুই, আরবী তরফ—দিক ; দুতরফা—দুইদিকের বা দুই পক্ষের।

দোয়া—دعا (আরবী) আশীর্ব্বাদ।

দোরোখা—دورخا পারশী দু—দুই, *রুখ—দিক, পাশ ; দুরুখা—যাহার দুই দিক একরকম।

দৌলত - دولت (আরবী) ঐশ্বর্য্য, সম্পদ।

দৌলতমন্দ—دولتمند আরবী দৌলত—ঐশ্বর্য্য, পারশী মন্দ—সম্বন্ধ-বাচক শব্দ, যুক্ত, শালী ; দৌলতমন্দ—ধনবান, ঐশ্বর্য্যশালী।

দৌষতবন্দ—দৌলতমন্দের অপভ্রংশ।

দ্রষ্টী—(সংস্কৃত) দৃষ্টি।

ন

নকদি—نقدی (পারশী) পাইক, সিপাহী, যাহাকে নগদ বেতন দেওয়া হয়।

নজর—نظر (আরবী) দৃষ্টি।

নজিক—نزدیک পারশী নজদিক—নিকট।

নমকহারাম—نمکحرام পারশী নমক—লবণ, আরবী হারাম—অপবিত্র, নিষিদ্ধ ; নমকহারাম—যে লবণের সম্মান রাখে না। অকৃতজ্ঞ।

নমুদ—نمود পারশী নমুদন—দেখান ; লক্ষণ।

নশীবে—نصیب (আরবী) ভাগ্যে, অদৃষ্টে।

নাকিবিল—ناقابل (পারশী) অনুপযুক্ত।

নাগা—ناغہ (পারশী) শূন্য, খালি, স্থগিত, অবসর।

নাচার—ناچار (পারশী) নিরুপায়।

নাচারিপর—ناچاری پر পারশী নাচার—অসহায় ; নাচারিপর—অসহায় অবস্থায়।

নাজিরি—ناظری (পারশী) নাজিরের পদ।

নাদান—نادان (পারশী) অজ্ঞ, মূর্খ।

নাফরমানি—نافرمانی (পারশী) অবাধ্যতা।

নারাজি—ناراضی (পারশী) অসম্মতি।

নারানিটাকা—কুচবিহারের টাকা। ১৫৫০ খৃষ্টাব্দে রাজা নরনারায়ণের রাজত্বকালে এই টাকার প্রথম প্রচলন হয়।

নালবন্ধী—نعلبندی পারশী নাল—ঘোড়ার পায়ের লোহার জুতা, বন্ধন—বান্ধা ; নালবন্ধী—অশ্বারোহী ফৌজের জন্য কর, রাজস্ব।

নালাএক نالائق (আরবী) অপদার্থ, অনুপযুক্ত।

নালিশ—نالش (পারশী) অভিযোগ।

নালিষবন্দ—نالشمند পারশী নালিশমন্দ—অভিযোগকারী ; নালিষবন্দ নালিশমন্দের অপভ্রংশ।

নিগাবান—نگاہ بان (পারশী) প্রহরী, অভিভাবক।

নিগাহ—نگاہ (পারশী) যত্ন, রক্ষণ, পাহারা, দৃষ্টি, পর্য্যবেক্ষণ।

নিগাহবানি—نگہبانی (পারশী পাহারাদারী, অভিভাবকত্ব।

নিশান—نشان (পারশী) পতাকা, চিহ্ন।

নিস্পী—نصف (আরবী) অর্দ্ধেক।

নিয়াজ—نیاز (পারশী) নম্রতা, বশ্যতা।

নেকনজর—نیک نظر পারশী নেক—ভাল, আরবী নজর—দৃষ্টি ; নেকনজর—সুদৃষ্টি, অনুগ্রহ।

নেকনাম—نیکنام (পারশী) সুনাম, সুখ্যাতি।

নেকবদি—نیک و بد পারশী নেকওবদ—ভাল মন্দ।

নেকালিয়া—হিন্দুস্থানী নেকালনা—তাড়াইয়া।

নেগাবান—নিগাবান দেখ।

নেগাদাস্তী—نگہداشت পারশী নিগাহ এবং দাশতন—পাহারা, পর্য্যবেক্ষন, তত্ত্বাবধান।

নোবারে—(আসামী) না পারে, অক্ষম।

প

পকতরা—(সংস্কৃত) শতকরা ৫৲ টাকা হিসাবে শুল্ক বা কর।

পটং—"পল্টন" শব্দের অপভ্রংশ।

পত্রচিহ্ন—উপহার।

পয়দলে—(হিন্দুস্থানী) পদব্রজে।

পয়দা—پیدا (পারশী) উৎপন্ন।

পয়রবি—پیروی (পারশী) অনুধাবন, অনুসরণ, আদেশ প্রতিপালন।

পরদাজি—پرداز ی পারশী পরদখতন—শেষ করা, সমাপ্ত করা ; সমাপ্তি, সম্পূর্ণতা, শেষ।

পরবিষ—پرورش পারশী পরওয়ারিস শব্দের অপভ্রংশ। প্রতিপালন।

পরেশান—پریشان (পারশী) ব্যতিব্যস্ত, উদ্বিগ্ন, ক্লিষ্ট।

পরোয়ানা—پروانه (পারশী) আজ্ঞাপত্র।

পহরা—پهرا (পারশী) প্রহরীর তত্ত্বাবধান।

পাট্টা—(হিন্দী) জমি পত্তনির দলিল।

পাতসাহাত—پادشاهت (পারশী) বাদশাহী, রাজত্ব।

পানা—پناه (পারশী) আশ্রয়।

পারিএার—(আসামী) কাপড়ের পাড়।

পীজীরা—پذیرا (পারশী) স্বীকৃতি ; পীজীরা পাইতেছিল—স্বীকৃত বা প্রতিপালিত হইতেছিল,চলিতেছিল।

পুরশীষ—پرسش (পারশী) প্রশ্ন।

পুস্তান—پشتان (পারশী) পুশ্‌ত শব্দের বহুবচন, বংশাবলী।

পুর্ত্ত—পূর্ণ।

পেষকস—پیشکش (পারশী) রাজস্ব।

পোস্তখার—پشت خار পারশী পুস্ত—পৃষ্ঠ, খরিদন—চুলকান ; পুস্তখার= যাহাদ্বারা পিঠ চুলকান যায়।

প্রকত—প্রকৃত।

প্রমীট—ইংরাজী "permit" শব্দের অপভ্রংশ।

প্রেশান—পরেশান দেখ।

ফ

ফএসলা—فیصله (পারশী) ডিক্রি, বিচার-নিষ্পত্তি।

ফর্কা—فاقه আরবী ফাকা—উপবাস, দারিদ্র্য।

ফচাদ فساد আরবী ফসাদ—অনিষ্ট, কুকার্য্য।

ফজিয়ত—فضیحت আরবী ফজিহত—অপমান।

ফন্দ—فن (পারশী) চাতুরী।

ফরমাইয়া—فرمودن পারশী ফরমুদন—আজ্ঞা করা, বলা ; ফরমাইয়া—বলিয়া, আজ্ঞা করিয়া।

ফরমারাওাই—فرمانروائی পারশী ফরমান—হুকুম, রওয়ানিদন—চালান ; ফরমারওয়াই—রাজত্ব।

ফরমাবরদার—فرمانبردار পারশী ফরমান—আজ্ঞা, আদেশ, বরদার—বহনকারী ; ফরমাবরদার—ভৃত্য, প্রজা।

ফরমাবরদারি—فرمانبرداری (পারশী) অধীনতা, আজ্ঞাবহতা।

ফরাখরি—فراخور (পারশী) হারাহারি।

ফরাগতখাতির—فراغت خاطر আরবী ফরাগত—সুবিধা, খাতির—মন ; ফরাগত খাতির—সুবিধা, অবকাশ।

ফরিয়াদ—فریاد (পারশী) অভিযোগ, দোহাই।

ফরেবী فریبی পারশী ফরিব—প্রতারণা, চাতুরী।

ফরোক্ত—فروخت (পারশী) বিক্রয়।

ফার্ক্কা দর ফার্ক্কা, فرقه আরবী ফির্কাদর ফির্কা—দলে দলে।

ফাচ্ছি,—فارسي ফারসীর অপভ্রংশ।

ফাজিল—فاضل (আরবী) অধিক, অতিরিক্ত।

ফাটকেতে—(হিন্দী) বন্দীশালায়।

ফারাগতি, فارغخطی আরবী ফরিগ + খত — রসিদ পত্র, লিখিত রসিদ।

ফিদবি—فدوی (পারশী) ভৃত্য।

ফিরিঙ্গি—ইউরোপীয়।

ফিসদ—فی صد পারশী ফি — মধ্যে, সদ — শত ; ফিসদ — শতকরা, প্রতিশতে।

ফুলাম— ফুলবস্ত্র, ফুলকাটা।

ফেতরত—فطرت (আরবী) চক্রান্ত, ষড়যন্ত্র।

ফৌজ —فوج (আরবী) সৈন্যদল।

ফৌজকসি—فوج کشی আরবী ফৌজ — সৈন্য, পারশী কশিদন — টানা ; ফৌজকশি — আক্রমণ।

ব

বএকরার—به اقرار (পারশী) অঙ্গীকারানুযায়ী।

বকলম بقلم (পারশী) কলমের দ্বারা।

বতওর—بطور পারশী ব — সহিত + আরবী তওর — প্রকার ; যেরূপ, যে প্রকার।

বদসলা—بد صلاح পারশী বদ — খারাপ, আরবী সলাহ — পরামর্শ, উপদেশ ; বদসলাহ — কুপরামর্শ।

বদস্তর—بدستور (পারশী) নিয়ম বা প্রথা অনুযায়ী।

বদিয়ত—بدعت আরবী বিদাত — অত্যাচার, অন্যায়।

বন্দবস্ত—بندوبست (পারশী) ব্যবস্থা, অঙ্গীকার।

বমহর—بمهر (পারশী) মোহর যুক্ত, মুদ্রাঙ্কিত।

বমোজীব—بموجب (পারশী) অনুসারে।

বয়নামা—بیع نامه আরবী বই — বিক্রয়, পারশী নামা — পত্র ; বইনামা — বিক্রয় পত্র।

বয়ান—بیان (আরবী) সাক্ষ্য।

বরওাক্তরুযু—بروقت رجوع (পারশী) কথিত সময়ে, ঘটনার কালে।

বরকন্দাজ—برق انداز আরবী বরক — বিদ্যুত, পারশী আন্দাখতন — নিক্ষেপ করা ; বরকন্দাজ — বজ্রনিক্ষেপকারী, বন্দুকধারী, সিপাহী বা প্রহরী।

বরখেলাপ—برخلاف পারশী বর — উপর, আরবী খিলাপ — বিরোধিতা ; বরখিলাপ — অন্যথা।

বরতরফ—برطرف পারশী বর — উপর, আরবী তরফ — দিক ; বরতরফ — পদচ্যুত।

বরদাত—হাতীর দাত।

বরদাস্ত—برداشت (পারশী) ক্ষমা, সহ্য।

বরাদর—برادر (পারশী) ভ্রাতা।

বলগিয়ত—بلوغیت (পারশী) সাবালকতা, প্রাপ্তবয়স্কতা।

বলোদস্তি—বালাদাস্থি দেখ।

বহনা—بهانه (পারশী) ওজর, ছুতা।

বহাল—بحال (পারশী) প্রতিষ্ঠিত।

বাওরা—বাতুল।

বা খুসীতে—بخوشی পারশী ব — সহিত + খুসি — আনন্দ ; আনন্দের সহিত।

বাদকচ—باد کش পারশী বাদ — বায়ু, কসিদন — আকর্ষণ করা ; বাদকস — পাখা।

বানাত—হিন্দুস্থানী বনাত — বস্ত্র বিশেষ।

বাফারাগতে—بافراغت পারশী ব = সহিত + আরবী ফরাগত = সুবিধা, আরাম ; সুবিধার সহিত, আরামে।

বাবুদ্—بابت (পারশী) জন্য।

বাবে—باب (আরবী) বাবতে, দরুন, জন্য।

বামা—মায় দেখ।

বায়েস—باعث (আরবী) কারণ, বিষয়।

বারহা—بارها (পারশী) বারম্বার।

বালাদাস্থি—بالادستی পারশী বালা = উচ্চ, দস্ত = হাত ; বালাদস্তি = বলপ্রয়োগ।

বাসন্থ—এখনকার ভাষায় বাসিন্দা।

বাসেন্দা—باشنده (পারশী) অধিবাসী।

বাহুরমতে—بحرمت পারশী ব = সহিত + আরবী হুরমত = সম্ভ্রম, সম্মান ; সসম্ভ্রমে, সসম্মানে।

বাহেনাতে—বহনা দেখ।

বিনে ওজর—(হিন্দুস্থানী) বিনা আপত্তিতে।

বিরগীট—ইংরাজী ব্রিগেড শব্দের অপভ্রংশ।

বিলাত—ولایت (আরবী) এলাকা, গভর্ণমেন্ট।

বুনিয়াদ—بنیاد (পারশী) ভিত্তি।

বে-আব্রু—بےآبرو পারশী বে = বিহীন, আব্রু = সম্মান ; বে-আব্রু = অসম্মান।

বেওতন—بےوطن পারশী বে = বিহীন, আরবী ওতন = দেশ, ঘর ; বেওতন = দেশছাড়া, গৃহহীন।

বেওছবি—بےادبی পারশী বে = বিহীন, আরবী আদব = ভদ্রতা ; বেআদবী = অভদ্রতা, অসৌজন্য।

বেওফাই—بیوفائی পারশী বে = বিহীন, আরবী ওয়াফা = বিশ্বস্ততা ; বেওয়াফাই = বিশ্বাসঘাতকতা।

বেএক্তিআর—بےاختیار পারশী বে = হীন, আরবী এক্তিয়ার = অধিকার, শক্তি ; বেএক্তিয়ার = অধিকারচ্যুত, শক্তিহীন।

বেকসুর—بےقصور পারশী বে = ব্যতীত + আরবী কসুর = দোষ ; বিনা দোষে।

বেগর—بغیر (আরবী) বিহীন, ব্যতীত, অভাবে।

বেগারী—(হিন্দুস্থানী) বিনা বেতনে কাজ করা।

বেতাহতে—بےتعهد পারশী বে = ব্যতীত + আরবী তাহদ = যত্ন ; বিনা যত্নে, অযত্নে।

বেদখল—بےدخل পারশী বে = হীন, আরবী দখল = অধিকার ; বেদখল = অধিকারচ্যুত।

বেদস্ত—بےدست (পারশী) অসহায়।

বেনা—বৃত্তান্ত।

বেপার—(হিন্দুস্থানী) ব্যবসায়।

বেবাক—بیباک (পারশী) সমস্ত।

বেবুনিয়াদ—بےبنیاد পারশী বে = হীন, বুনিয়াদ = ভিত্তি ; বেবুনিয়াদ = ভিত্তিহীন, নিরাশ্রয়।

বেমোনাছি—بےمناسب পারশী বে = বিহীন, আরবী মুনাসিব = ন্যায় ; বে মুনাসিব = অন্যায়, অনভিপ্রেত।

বেমোবাফিক—بےموافق (পারশী) অনুপযোগী, অসঙ্গত।

CENTRAL LIBRARY

বেসরাকতি—بے شراکت পারশী বে- বিহীন, আরবী সিরাকত—অংশী দারিত্ব ; বেসিরাকত—বিনা সরিকে, অবিভক্ত অধিকারে।

বেহতরি—بہتری (পারশী) উন্নতি।

বেহরমতি—بے حرمت পারশী বে— বিহীন, আরবী হরমত—শ্রদ্ধা ; বেহরমত—অসম্মান।

বোতবাতে—بود باش পারশী "বুদ ও বাসের" অপভ্রংশ। অস্তিত্ব, বাস।

বোরযেতে—বর্ষে।

বোরাটর—ইংরাজী "Board" শব্দের অপভ্রংশ।

বোলন্দ—بلند (পারশী) উচ্চ, বড়, মহৎ।

বোলবালা—(হিন্দুস্থানী) সম্পদ।

ব্যাজে—ব্যাজে, বাদে, পরে।

ভ

ভগ্দ—ভগ্ন শব্দের অপভ্রংশ।

ম

মওাকল—موکل আরবী মুয়াকল—সহকারী, যাহার প্রতিনিধিত্ব করা হয়।

মওাফিক—মাফিক দেখ।

মথালিফের—মোথালিফ দেখ।

মঞ্জুর—منظور (আরবী) অনুমোদন।

মজকুর—مذکور (আরবী) উক্ত, পূর্ব্বকথিত।

মজবুতি—مضبوطی (পারশী) শক্তি, দৃঢ়তা, স্থায়িত্ব।

মজমুন—مضمون (আরবী) পত্রের বিষয়।

মজরা—مجرا (আরবী) বিয়োগ, রেহাই।

মজহর—مظہر (আরবী) এজাহার দাতা।

মতওফা—متوفی আরবী মুতওয়াফ্ফি—মৃত।

মতজ্জ—متوجہ (আরবী) মনোযোগী।

মতারজনামা—معترض نامہ (আরবী) আপত্তিপত্র, নারাজিপত্র।

মতালক—متعلق আরবী মুতাল্লিক—অধীন, সংযুক্ত।

মতালিকান—متعلقاں আরবী মুতাল্লিকের বহুবচন ; পরিজন।

মত্তামান—متمردان পারশী মুতামরীদান—বিরোধী, বিদ্রোহী, অবাধ্য লোক।

মদদ / মদৎ —مدد (আরবী) সাহায্য।

মদদগার—مدد گار (আরবী) সাহায্যকারী।

মদ্দই—مدعی (আরবী) অভিযোগকারী, দাবীদার, বাদী।

মদ্দগারি—مردانگی পারশী মর্দানগি—শৌর্য্য।

মদ্দনজর—مد نظر আরবী মদ্দ—বিস্তার, নজর—দৃষ্টি ; মদ্দ-ই-নজর—দৃষ্টির সীমা।

মনসব—منصب (আরবী) পদ।

মনসবদার—منصب دار আরবী মনসিব—পদ, মন্ত্রিত্ব, পারশী দাশতন—রাখা ; মনসবদার—রাজকর্ম্মচারী।

মনাফা—منافع (আরবী) লাভ।

মনাজিমত—মোনাজাত দেখ।

মন্দরাজ—مندرج (আরবী) উল্লিখিত।

CENTRAL LIBRARY

মবলগ—مبلغ (আরবী) নগদ টাকা, পরিমান।

মবারক—مبارک (আরবী) পবিত্র, শুভ, সৌভাগ্য সূচক।

মমকীন, ممکن (আরবী) সম্ভাবনা।

মমদুহ—ممدوح (আরবী) বিখ্যাত, সুখ্যাত, প্রসিদ্ধ।

মরকুমা—مرقومه (আরবী) লিখিত।

মরজি—مرضی (আরবী) সম্মতি, সন্তোষ।

মরহুম—مرحوم (আরবী) মৃত।

মরাতবাত—مراتبات (আরবী) পদ—মর্য্যাদা বা উপাধির চিহ্ন, বিরুদ।

মর্ত্তবা - مرتبه (আরবী) পদ, সম্মান।

মলতবী—ملتوی (আরবী) স্থগিত।

মলাজিমত—ملازمت আরবী মুলাজমাত—গুরুজন বা উচ্চপদস্থ ব্যক্তির সম্মানার্থ বা সমভিব্যাহারে গমন।

মশকীল—مشکل (আরবী) অসুবিধা, কঠিন।

মশুব—موصوف আরবী মওসুফ=উপরোক্ত।

মশুরি—مشهور আরবী মশহুর—বিখ্যাত, প্রসিদ্ধ ; মশহুরি—খ্যাতি, প্রসিদ্ধি।

মসলহত—مصلحت (আরবী) সুবিধা।

মসিরখাস—مشیر خاص আরবী মুসির—উপদেষ্টা, খাস—প্রধান ; মুসির-ই-খাস—প্রধান উপদেষ্টা, প্রধান মন্ত্রী।

মস্তাব—مستطاب (আরবী) উত্তম, মহান।

মস্তাব মানিওলকাব আচরফ আমরা—مستطاب معلی القاب اشراف امرا (আরবী) মহান মহতপদস্থ অভিজাত-শ্রেষ্ঠ।

মহর—مهر (পারশী) মুদ্রা।

মহরি—(হিন্দী) পালিশকৃত।

মহল—محل (আরবী) প্রাসাদ, আবাস।

মহলত—مهلت আরবী মুহলত=বিলম্ব, সময়।

মহশীল—মুহসীল দেখ।

মহসুল - محصول (আরবী) শুল্ক।

মহাছেল—محاصل আরবী মহছিল—রাজস্ব। মহশুলের বহুবচন।

মহাবমাহা—ماه بماه (পারশী) মাসে মাসে।

মহাল—محل (আরবী) বিভাগ।

মাকুল—معقول (আরবী) ন্যায্য, যুক্তিসঙ্গত, গ্রহনীয়।

মাজারা—ماجرا (আরবী) ঘটনা, অবস্থা।

মাজুল—معزول (আরবী) পদচ্যুত।

মাঝিয়ালি— মাঝির কার্য্য, মাঝির অধিকার।

মাতবর—معتبر আরবী মুতবর—বিশ্বাস-যোগ্য, সম্মানিত।

মাদার - مدار (আরবী) ভিত্তি, আধার।

মানিওলকাব—মালাআলকাব দেখ।

মাপিপরআনা—معافی پروانه আরবী মুয়াফি — অব্যাহতি + পারশী পরওয়ানা—আজ্ঞা পত্র ; অব্যাহতি-পত্র।

মাফ—معاف (আরবী) ক্ষমা, অব্যাহতি।

মাফিক—موافق আরবী মোয়াফিক—অনুযায়ী, অনুসারে।

মামলিয়ত—معاملت আরবী মুয়ামালত—বিষয়, মোকদ্দমা।

মামূল—معمول (আরবী) প্রচলিত নিয়ম বা পদ্ধতি।

মায়—مع (আরবী) সহ, সহিত।

মারতৌল— (হিন্দুস্থানী) হাতুরি, Martelএর অপভ্রংশ।

মারফত—معرفت আরবী মারিফত—দ্বারায়।

মালখানা—مال‌خانه আরবী মাল—অর্থ, সম্পত্তি, পারশী খানা—ঘর ; মাল খানা—ভাণ্ডারঘর, কোষগৃহ।

মালগুজারী—مالگذاری আরবী মাল—অর্থ, খাজানা, গুজারীদন—দেওয়া ; মালগুজারি—রাজস্ব প্রদান।

মালাআলকাব—معلی القاب (আরবী) উচ্চপদবীধারী, উচ্চসম্মানিত।

মালিক—مالک (আরবী) অধিকারী, স্বামী।

মালুম—معلوم (আরবী) জ্ঞাত, বিদিত।

মাশুল—محصول (আরবী) লাভ, কর, শুল্ক।

মাসহরা—مشاهره আরবী মুসাহারা—মাসিক বেতন অথবা বৃত্তি।

মাহাতে—ماه পারশী মাহ—চন্দ্র, মাস ; মাহাতে—মাসে।

মিনাহা—منہا আরবী মিনহা—বিয়োগ, বাদ, রেহাই।

মিয়ান—میان (পারশী) কোষ, খাপ।

মিরাস—میراث (আরবী) উত্তরাধিকার।

মিরিয়াস—মিরাস দেখ।

মিলমিলত—(হিন্দুস্থানী) সামাজিক মেলা মেশা।

মিলাপ—(হিন্দুস্থানী) সখ্য।

মুকাবিলা—مقابله আরবী মুকাবালা—সামনা সামনি, সাক্ষাতে।

মুগার—مقرر আরবী মুকারর (?) সংস্থাপিত, নিযুক্ত, প্রদত্ত।

মুচলকা—مچلکه (পারশী) জামিনপত্র।

মুদ্দই—مدعی (আরবী) ফরিয়াদী।

মুদ্দা—مدعا (আরবী) অভিপ্রায়, উদ্দেশ্য।

মুফেদ—مفید (আরবী) উপযোগী, সুতরাং সাহায্য-কারী।

মুরমি—مربی আরবী মুরব্বির অপভ্রংশ। মুরব্বি—অনুগ্রাহক।

মুরাদ—مراد (আরবী) ক্ষমতা, প্রভুত্ব।

মুলাহেজা—ملاحظه (আরবী) দেখা, পাঠকরা, বিবেচনা করা।

মুলুক—ملک (আরবী) দেশ।

মুশীবাত—مصیبت (আরবী) ক্লেশ, বিপদ।

মুহুরি—মহুরি দেখ।

মুহসীল—محصل (আরবী) পিয়াদা, আদায়কারী।

মেয়াদ—میعاد (আরবী) নির্দ্দিষ্ট সময়।

মেলজোল—(হিন্দুস্থানী) মিটমাট, মীমাংসা, একত্র।

মেসারা—مشوره (আরবী) আলোচনা, পরামর্শ।

মেহনত—محنت (আরবী) পরিশ্রম।

মেহেরবান—مهربان (পারশী) দয়ালু।

মেহেরবানী—مهربانی (পারশী) দয়া।

মোকরর—مقرر (আরবী) নিযুক্ত, স্থাপিত।

মোকাম—مقام (আরবী) জায়গা।

মোকাম মজকুরের—مقام مذکور (আরবী) উল্লিখিত স্থানের।

মোকুফ – موقوف (আরবী) স্থগিত, বন্ধ।

মোকেদ—مقيد আরবী কয়েদ হইতে; বন্দী, নির্দ্দিষ্ট।

মোক্তিআরি }
মোক্তেয়ারী } —مختاری (পারশী) অধিকার, ক্ষমতা।

মোখালিফ—مخالف (আরবী) বিপক্ষ।

মোজাহিম—مزاحم (আরবী) বাধা।

মোতফার—মতওফা দেখ।

মোতসরফ—متصرف (আরবী) অধিকারী।

মোতাবিয়ত—متابعت (আরবী) বশ্যতা।

মোতাবেক—مطابق (আরবী) সমান।

মোতারজ—معترض (আরবী) আপত্তি।

মোনাজাত—مناجات (আরবী) প্রার্থনা।

মোনাসীব—مناسب (আরবী) উপযুক্ত, উচিত, যোগ্য।

মোয়াফীক—মাফিক দেখ।

মোলাকাত—ملاقات (আরবী) সাক্ষাত।

মোলাহেজা—মুলাহেজা দেখ।

মোস্তাব—মস্তাব দেখ।

মৌসুফ—موصوف (আরবী) উক্ত, উল্লিখিত, পূর্ব্ববর্ণিত।

র

রওনা—روانه (পারশী) প্রস্থান, অনুমতি-পত্র, শুল্ক হইতে অব্যাহতিপত্র।

রওয়ানা—রওনা দেখ।

রওাদার—روادار (পারশী) সমর্থক।

রকবত—رغبت (আরবী) ইচ্ছা, সন্তোষ।

রফত—رفت পারশী রফতন-যাওয়া, অতীত কালে রফত—গিয়াছিল।

রসদ—رسد (পারশী) খাদ্যসামগ্রী।

রাজিনামা—راضی‌نامه আরবী রাজী—সন্তোষ, পারশী নামা—লিখিত পত্র; রাজিনামা—স্বীকৃতি পত্র।

রাফাহিয়ত—رفاهيت (আরবী) শান্তি, শৃঙ্খলা।

রায়ত—رعيت (আরবী) প্রজা।

রাহা—راه (পারশী) পথ।

রাহাদারি পরওানা—راهداری پروانه (পারশী) পথ চলিবার অনুমতিপত্র, বিনা মাশুলে যাইবার পরওয়ানা।

রাহি—راهی (পারশী) পথিক।

রুস্তমত—رسومت রুসুমত শব্দের অপভ্রংশ, আরবী রুসুমের পারশী বহুবচন; রুসুমত—প্রচলিত শুল্ক সমূহ।

রেওাজ—رواج (আরবী) প্রথা।

রেপোট—ইংরাজী "Report" শব্দের অপভ্রংশ।

রেবাজ—রেওাজ দেখ।

রেয়াএত—رعايت (আরবী) অনুগ্রহ, অব্যাহতি দান।

রেয়ান—رعايا আরবী রায়তের বহুবচন, প্রজাপুঞ্জ।

রেসালদারান—رسالداران পারশী রিসালা—অশ্বারোহী সেনা; রিসালদার—অশ্বারোহী সেনার নায়ক! রেসাল দারান রেসালদার শব্দের বহুবচন।

রেসালা—رساله (পারশী) অশ্বারোহী।

রোকশদ—রোখসাদ দেখ।

রোকে—(হিন্দী) বাধা দেয়।

রোখসাদ—رخصت (আরবী) বিদায়।

রোজনামা—روز نامه (পারশী) দৈনিক কার্য্যের বিবরণ, দৈনিক হিসাব।

রোব রো—روبرو পারশী রু = মুখ ; রু-ব-রু = মুখামুখি, সম্মুখে, সামনা সামনি।

রোয়দাদ—روئداد (পারশী) আদালতের কার্য্যবিবরণী।

রোশন—روشن (পারশী) উজ্জ্বল, পরিস্কার, অতএব প্রতীয়মান, জ্ঞাত।

রোষম—رسوم (আরবী) শুল্ক, কর।

ল

লওাহেক—لواحق আরবী লওয়াহিক, লাহিকের বহুবচন ; পরিজন, অধীনস্থ লোক।

লওাজীমা—لوازمات (আরবী) জিনিস-পত্র।

লস্কর—لشکر (পারশী) সৈন্য।

লাখেরাজ—لاخراج আরবী লা = বিহীন, খরজ = কর। লাখরাজ = নিষ্কর।

লাটবন্দী—لاٹ بندی ইংরাজী lot এবং পারশী বন্দী ; ভিন্ন ভিন্ন লাটে বা অংশে বিভাগ করা।

লারকা—(হিন্দী) বালক, পুত্র।

লালচে—(হিন্দী) লালসায়।

লুটতারাজ—হিন্দী লুট+পারশী তরাজ = লুণ্ঠন।

লেপচা—পার্ব্বত্য জাতিবিশেষ।

লোকসান—نقصان আরবী নুকসান = ক্ষতি।

শ

শিরতাজ—سرتاج পারশী সর = মস্তক, তাজ = মুকুট ; শিরতাজ = শিরোভূষণ, সম্মানিত।

শীক্কা—سکہ (পারশী) মুদ্রা।

শীশু—শিশু।

শোভা—شبہ (আরবী) সন্দেহ।

শোয়াশ—শ্বাস।

শ্রেস্তামত—سرشتہ পারশী সরিস্তা = হিসাব, হিসাবপত্র ; সরিস্তামত = হিসাব অনুসারে।

ষ

ষুকুরগুজার—شکرگذار আরবী শুকর = কৃতজ্ঞতা, পারশী গুজরদন = প্রদান ; ষুকরগুজার = কৃতজ্ঞতা প্রকাশ।

ষুদষুরত—سود صورت (পারশী) সুদস্বরূপে।

ষুদামত—হিন্দী সদামত = প্রাচীনকাল হইতে।

ষুবা—صوبہ (পারশী) প্রদেশ, সুবাদারের (প্রাদেশিক শাসনকর্ত্তা) সংক্ষেপ।

ষুরতে—صورت (আরবী) রূপে,রকমে, নিয়মে।

স

সওকত—شوکت (আরবী) মর্য্যাদা, গৌরব।

সওদাগরী—سوداگر পারশী সৌদাগর = বণিক ; ব্যবসায়, বাণিজ্য।

সওায়—সেওাএ দেখ।

সওারি—سواری (পারশী) অশ্বারোহী।

সওাল—سوال (আরবী) প্রশ্ন।

সক্কে—شک (আরবী) সন্দেহে।

সক্ত—سخت (পারশী) দৃঢ়, কঠিন।

সঙ্কতিত—শঙ্কিত।

সন বরসন—سنہ بسنہ پারশী সন-ব-সন = বৎসর বৎসর।

সফর—سفر (আরবী) যাত্রা, ভ্রমণ।

সবব—سبب (আরবী) কারণ।

সবেস্তার—সবিস্তার শব্দের অপভ্রংশ।

সম্পুর্ন্ন—সম্পূর্ণতা।

সয—سوا পারশী "সেওয়া" শব্দের অপভ্রংশ—ব্যতীত।

সয়লাবি—سيلاب (পারশী) বন্যা, প্লাবন।

সরকার—سركار (পারশী) গভর্ণমেণ্ট।

সরজাম—سرانجام (পারশী) খাদ্য সামগ্রী, গৃহসজ্জা।

সরফরাজ—سرفراز (পারশী) সম্মানিত।

সরম—شرم (পারশী) লজ্জা।

সরবরাহ—سربراه (পারশী) প্রদান।

সবরাহকার—سربراه كار (পারশী) কর্ম্মদক্ষ, সরবরাহকারী।

সরহদ্দি—سرحد (পারশী) সীমানা সীমান্ত।

সরাকত্তি—شراكت (আরবী) অংশীদারি, সরিকী।

সরারতি—شرارت (আরবী) দুষ্কর্ম, অনিষ্ট।

সরিয়ত—شرط (আরবী) শর্ত্ত, করার, নিয়ম।

সরেওার—شرح وار পারশী শরওয়ার—বিস্তারিত, সবিস্তার।

সরেজামীন—سرزمين (পারশী) জমির উপরে, বাঙ্গালায় অকুস্থলে, ঘটনার জায়গায়।

সলাকারক—صلاح كار আরবী সলাহ—পরামর্শ, পারশী করদন—করা; সলাহকার—পরামর্শদাতা, মন্ত্রী।

সলামত—سلامت (আরবী) নিরাপত্তা, শান্তি।

সলাহ—صلاح (আরবী) সুপরামর্শ।

সলুক—শুলুক দেখ।

সাএরহাএ—سائرهاے আরবী "সায়ের" শব্দের পারশী বহুবচন; বিভিন্ন শুল্ক।

সাএরাং—সায়েরাত দেখ।

সাচ—(হিন্দী) সত্য।

সাজস—سازش (পারশী) ষড়যন্ত্র।

সাজা—سزا (পারশী) শাস্তি।

সাজোয়াল—زاول (পারশী) খাজানা আদায়কারী, তহশীলদার।

সাট্টা—(হিন্দুস্থানী) চুক্তি।

সান—شان (আরবী) পদ, ক্ষমতা।

সাপ—(হিন্দুস্থানী) মুদ্রণ, দাগ।

সাফ—صاف (আরবী) পরিস্কার।

সাবর—(হিন্দী) সম্বর হরিণ।

সাবেক—سابق (আরবী) ভূতপূর্ব্ব, প্রাচীন।

সাবুদ—ثبوت আরবী শাবুদ—সাক্ষ্য, প্রমাণ।

সামহা—সমীহ শব্দের অপভ্রংশ; সম্ভ্রম।

সামীল—شامل আরবী শামিল—অন্তর্গত।

সায়াগীর—سايه گير পারশী সায়া—ছায়া, আশ্রয়, গিরিফতন—গ্রহণ করা, রাখা; সায়াগির—আশ্রয় গ্রহণকারী, আশ্রিত।

সায়েরাত—سائرات (আরবী) শুল্ক।

সায়ের মহল—سائر محال (আরবী) লবণ প্রভৃতির ট্যাক্স ও আবোয়াব।

সালিয়ানা—سالانه (পারশী) বার্ষিক।

সাহিদী—شاهد আরবী সাহিদ—সাক্ষী; সাহিদী—সাক্ষ্য বা সাক্ষীবিষয়ক।

সিকস্ত—شكسته পারশী শিকস্ত—ভগ্ন।

সিদ্দত—شدت (আরবী) অত্যাচার, কঠোরতা। প্রচলিত বাংলায় লাঞ্ছনা

সিপাহছলার—سپه سالار (পারশী) প্রধান সেনাপতি।

সিরিস্তা—সেরেস্তা দেখ।

সিলিকাটা—শিলা কাটা (?)

সুকাচামর—শুক্ল চামর, সাদা চামর।

সুলুক—سلوک (আরবী) ব্যবহার, অথবা তুর্কী সন্ধানসূত্র ; মৈত্রী।

সুয়ারি—সওয়ারি দেখ।

সেওাএ—سواے (আরবী) ব্যতীত।

সেৎসাতে—স্বেচ্ছাতে, নিজের ইচ্ছায়।

সেরফ—صرف (আরবী) মাত্র, কেবল!

সেরেস্তা—سررشته (পারশী) অফিস।

সোবা—শোভা দেখ।

সোভিতা—"সুবিধা" শব্দের অপভ্রংশ।

সোয়গাত—سوغات (পারশী) উপঢৌকন, উপহার।

সোরত—شهرت আরবী সোহরত শব্দের অপভ্রংশ ; জনরব, প্রচার।

স্থান—স্নান।

হ

হএরান—حيران (আরবী) হতবুদ্ধি, চকিত ; বাঙ্গালায় পরিশ্রান্ত, ক্লান্ত।

হক—حق (আরবী) অধিকার।

হকিকত—حقيقت (আরবী) অবস্থা, বিবরণ।

হর্দ্দ—حد আরবী হদ—সীমা।

হয়বতে—هيبت (আরবী) ভয়ে।

হরকরা—هركاره (পারশী) পত্রবাহক, দূত, চর।

হরক্যত—حركت (আরবী) বাধা, ক্ষতি।

হরগীজ—هرگز (পারশী) কখনও, সর্ব্বদা।

হরসুরত—هر صورت পারশী হর—প্রত্যেক, আরবী সুরত—প্রকার ; হরসুরত—সর্ব্বপ্রকার।

হরেক—هر ايک (পারশী) প্রত্যেক।

হস্তবুদ—هست و بود পারশী হস্ত—আছে, বুদ—ছিল ; হস্ত ও বুদ—যাহা ছিল ও আছে, ভূত ও বর্ত্তমান। যে হিসাবে রাজস্বের ভূত ও বর্ত্তমান অবস্থা দেখান হয়।

হাওদা—(হিন্দী) হাতির পিঠে বসিবার চৌকি।

হাজত—حاجت (আরবী) প্রয়োজন, কারাগার।

হাজিরানমজলিস—حاضران مجلس আরবী হাজির—উপস্থিত, মজলিস—সভা ; হাজিরান-ই-মজলিস—দরবার।

হাতিয়ার—(হিন্দুস্থানী) অস্ত্র।

হাতিয়ারবন্দ—(হিন্দুস্থানী) অস্ত্রধারী।

হাবেলি—حويلى (পারশী) বাড়ী।

হামতামে—همدم পারশী হমদম, হম—সহিত + দম—নিশ্বাস ; অন্তরঙ্গভাবে একত্র।

হামরা—همراه (পারশী) সহ, সহিত।

হামেসা—هميشه (পারশী) সর্ব্বদা।

হায়াত—(আরবী) জীবন।

হারামখুরি—حرام خورى আরবী হারাম—নিষিদ্ধ দ্রব্য, পারশী খুরদন—খাওয়া ; হারামখুরি—বিশ্বাসঘাতকতা, কুপ্রবৃত্তি, দুরভিসন্ধি।

হাল—حال (আরবী) অবস্থা, বর্ত্তমান কাল।

হালিয়া হিসাব—حاليه حساب আরবী হাল—বর্ত্তমান + হিসাব ; বর্ত্তমান হিসাব।

হাশীল—حاصل (আরবী) খাজানা, শুল্ক।

হিমতে—همت পারশী হিম্মতে—সাহসে।

হিমাকত—حماقت (আরবী) বোকামি।

হিশ্বা } —حصه (আরবী) অংশ।
হিস্সা }

হিস্সাদার—حصه دار আরবী হিস্সা—অংশ, পারশী দার—শালী; হিস্সাদার—অংশী।

হুকুম—حکم (আরবী) আদেশ, নির্দ্দেশ।

হুকুমনামা—حکم نامه আরবী হুকুম+পারশী নামা—লিখিত পত্র, আজ্ঞাপত্র।

হুজুর—حضور (আরবী) রাজসাক্ষাত, সম্মানজনক সম্বোধন।

হুণ্ডি—হিন্দী হুণ্ডি—অর্থদানের বরাতপত্র।

হুসিয়ারিতে—هشیاری (পারশী) সতর্কতায়।

হেফাজৎ—حفاظت (আরবী) রক্ষণ।

হেবালদার—حوالدار পারশী হবালদার—নিম্নপদস্থ সামরিক কর্ম্মচারী।

হেমএতী—হেমায়তি দেখ।

হেমায়তি—حمایت আরবী হিমায়ত—আশ্রয়, অভিভাবকত্ব।

হোরমত—حرمت আরবী হুরমত—সম্মান, শ্রদ্ধা।

CENTRAL LIBRARY

ব্যক্তি ও স্থল

অমরাবাদ—নোয়াখালি জিলার অন্তর্গত একটি পরগনা। ৬০নং পত্র।

আমিজটি সাহেব—রিচার্ড আহমটি (Richard Ahmuty) ১৭৯১ সালে কোম্পানীর চাকুরী গ্রহণ করেন। ১৭৯৩ সালে পাব্লিক ডিপার্টমেণ্টের হেড এসিষ্ট্যাণ্টের পদে নিযুক্ত হন। ১৭৯৬ সালে মুর্শিদাবাদের আপীল আদালতের রেজিস্ট্রারের কার্য্য করেন। ১৭৯৭ সালে ডবলু, টি, স্মিথ সাহেবের (W. T. Smith) জায়গায় কুচবিহারের কমিশনর নিযুক্ত হন। ১৮০১ সালে মহারাজা হরেন্দ্র-নারায়ণ বয়ঃপ্রাপ্ত হইলে মির্জাপুরের জজ ও ম্যাজিষ্ট্রেটের পদে বদলী হন। ১৮০৩ সালে এলাহাবাদের কলেক্টরের ও ১৮০৪ সালে ফরক্কাবাদের জজ ও ম্যাজিষ্ট্রেটের কার্য্য করেন এবং ১৮০৮ সালের মার্চ্চ মাসে সরকারী কার্য্য হইতে অবসর গ্রহণ করেন। ৭১নং পত্র।

আরনেষ্ট, মেস্ত্র—সম্ভবতঃ টমাস হেনরী আর্ণষ্ট (Thomas Henry Ernst)। ইনি ১৭৯২ খৃষ্টাব্দে কোম্পানীর চাকুরী গ্রহণ করেন, ১৭৯৩ সালে কোর্ট অব রিকোয়েষ্টের কমিশনর (Commissioner of the Court of Requests) নিযুক্ত হন, ১৭৯৭ সালে বোর্ড অব রেভিনিউর বাঙ্গালা ও পারশী অনুবাদকের সহকারীর (Assistant) পদ লাভ করেন এবং ১৮১১ সালের ডিসেম্বর মাসে অবসর গ্রহণ করেন। ৫৭নং পত্র।

ইসফপুর—যশোহর খুলনার অন্তর্গত বিস্তীর্ণ পরগনা। ইহার আয়তন প্রায় ৪,০০০ বর্গ মাইল ছিল। হান্টার সাহেব বলেন যে ইংরাজী ১৬৯৬ সালে চাঁচরার বিখ্যাত রাজা মনোহর রায় এই পরগনার জমিদারী লাভ করেন। ১৭৬৪ সালে এই পরগনা মনোহরের বংশধর রাজা শ্রীকান্ত রায়ের জমিদারীর অন্তর্গত ছিল। চিরস্থায়ী বন্দোবস্তের পর বাকী খাজানার দায়ে ইউসুফপুর পরগনা ভিন্ন ভিন্ন অংশে নীলাম হইয়া যায়। এই পরগনা এখন প্রায় ১৪০ ভাগে বিভক্ত হইয়াছে। ৭২নং পত্র।

ইসমিট সাহেব—উইলিয়ম টাওয়ারস্ স্মিথ। (William Towers Smith) ১৭৯৪ সালের অক্টোবর হইতে ১৭৯৭ সাল পর্য্যন্ত কুচবিহারের কমিশনর ছিলেন। ১৮২৬ সালের ১০ই অক্টোবর তাহার মৃত্যু হয়। ৭৮নং পত্র।

উলটীন সাহেব—জেমস উইণ্টল্। (James Wintle) ১৭৮১ সালে কোম্পানীর অধীনে রাইটার (Writer) বা কেরানীর কার্য্য গ্রহণ করেন। ১৭৯৬ হইতে ১৮০০ সাল পর্য্যন্ত তিনি যশোহরের কলেক্টর ছিলেন। পরে কিছুকাল তিনি বাখরগঞ্জ ও

CENTRAL LIBRARY

ভাগলপুরের জজ ও ম্যাজিষ্ট্রেটের কার্য্য করেন। ১৮০৫ সাল হইতে ১৮১১ সাল পর্য্যন্ত উইণ্টন সাহেব কলিকাতার আপীল ও সার্কিট আদালতের (Court of Appeal and Circuit) জজিয়তি করেন এবং ১৮১৭ সালের নভেম্বর মাসে চাকুরীতে ইস্তফা দেন। ৭২নং পত্র।

উলিস—জন উইলস (John Willes, 1788—1793) লিণ্ডসে (Lindsay) সাহেবের পর শ্রীহট্টের কলেক্টর হইয়াছিলেন। ৬৫নং পত্র।

উষ্টীকসন, উলাম—উইলিয়ম উইলকিন্সন (William Wilkinson) ১৭৯১ সালে বালেশ্বরের রেসিডেণ্ট ওয়াডসওয়ার্থের (Wodsworth) মৃত্যুর পর কিছুদিন অস্থায়ীভাবে রেসিডেন্সির ভার গ্রহণ করেন। ১৭৯২ সালে কয়েক মাস বালেশ্বরের পোষ্টমাষ্টারের কার্য্য করিয়াছিলেন। ১৭৯৪ সালে তিনি দিনাজপুরের জজ ও ম্যাজিষ্ট্রেট ছিলেন। ১৭৯৬ সালে চাকুরীতে ইস্তফা দেন। ৩৫নং পত্র।

ওন সাহেব—জেমস্ ইউইং (James Ewing) ১৮০২ সালে কোম্পানীর চাকুরী গ্রহণ করেন। বিভিন্ন সময়ে ঢাকা, মুঙ্গের ও ভাগলপুরে কার্য্য করেন। ১৮১৪ সালের মে মাসে শ্রীহট্টের জজ ও ম্যাজিষ্ট্রেট নিযুক্ত হন। ১৪৮নং পত্র।

ওবার্ডচওঁবাথ, জেমিচ—জেমস্ ওয়ার্ডসওয়ার্থ (James Wordsworth) ১৭৯৫ সাল হইতে ১৮০৫ সাল পর্য্যন্ত রঙ্গপুরের জজ ও ম্যাজিষ্ট্রেট ছিলেন। ৮৫ নং পত্র।

ওবালিচ—কাপ্তেন টমাস ওয়েলশ (Captain Thomas Welsh) ১৭৯২ সালে লর্ড কর্ণওয়ালিস কর্ত্তৃক আসামের রাজা গৌরীনাথ সিংহের সাহায্যার্থ প্রেরিত হন। কাপ্তেন ওয়েলশের আসাম অভিযানের বিবরণের নিমিত্ত ভূমিকার ৫৭-৬৪ পৃষ্ঠা দ্রষ্টব্য। ৪১ নং পত্র।

ওয়াল সাহেব—(Mr. Wall) মেদিনীপুরের অন্তর্গত ক্ষীরপাই ও চন্দ্রকোণা কুঠীর কর্ত্তা ছিলেন (১৭৮৬-৯০)। কোপন স্বভাবের জন্য মেদিনীপুরের কলেক্টরের সহিত তাহার প্রায়ই বেবনিবনাও হইত। ৩নং পত্র।

কটবর, লপটন—সম্ভবতঃ লেপ্টেনাণ্ট বেঞ্জামিন কাথবার্ট। (Lieut. Benjamin Cuthbert) ১৭৭৮ সালে সেনাদলে যোগদান করেন। ১৭৭৯ সালে লেপ্টেনাণ্টের, ১৭৮১ সালে কাপ্তেনের, ১৭৯৭ সালে মেজরের, ১৮০৩ এবং ১৮০৪ সালে লেপ্টেনাণ্ট কর্ণেলের পদে উন্নীত হন। ১৮০৬ সালে অবসর গ্রহণ এবং ১৮২৩ সালে পরলোক গমন করেন। ১৮ নং পত্র।

কলবিন, আলেকজন্দ্রা—সম্ভবতঃ কলভিন্স ব্যাজেট (Colvins Bazett & Co) কোম্পানীর আলেকজাণ্ডার কলভিন (Alexander Colvin)। তিনি ১৭৭৭ সালে ভারতবর্ষে আসেন এবং ১৮১৮ সালে ৬২ বৎসর বয়সে কলিকাতায় তাহার মৃত্যু হয়। ১০১ নং পত্র।

CENTRAL LIBRARY

কাওার চৌকী—গোয়ালপাড়ার বিপরীত দিকে ব্রহ্মপুত্রের পারে শুল্ক আদায়ের চৌকী। ভূমিকার ৬২, ৬৮-৭০ পৃষ্ঠা দ্রষ্টব্য। ২৯ নং পত্র।

কান্ত বাবু—কাশিমবাজার রাজবংশের প্রতিষ্ঠাতা, ওয়ারেন হেষ্টিংসের দেওয়ান প্রসিদ্ধ কৃষ্ণকান্ত নন্দী। ৫৫নং পত্র।

কার্লাক, আলরড—জেনারেল স্যার এলিওর্ড ক্লার্ক (Sir Alured Clarke) ১৭৯৬ সালে ফোর্ট সেণ্ট জর্জ্জের কাউন্সিলের সদস্য ও প্রধান সৈন্যাধ্যক্ষ নিযুক্ত হন। ঐ বৎসর মে মাসে কলিকাতার সুপ্রীম কাউন্সিলের সদস্য নিযুক্ত হন এবং ১৭৯৮ সালে প্রধান সেনাপতির কার্য্যভার গ্রহণ করেন। ১৭৯৮ সালের মার্চ্চ হইতে মে মাস পর্য্যন্ত অস্থায়ী ভাবে গভর্ণর জেনারেলের কার্য্য করেন। ১৭৯৯ সালের ১৫ই সেপ্টেম্বর পর্য্যন্ত বঙ্গদেশের ডেপুটী গভর্ণর ছিলেন। ৮১ নং পত্র।

কালাইন—কাছাড়ের কাটিগোরা তহশীলের অন্তর্গত একটি গ্রাম। ১৪১নং পত্র।

কালিয়াবর—আসামের নওগাঁ জিলায়। ৪৩ নং পত্র।

কৃষ্ণচন্দ্র ঘোষাল—বিখ্যাত দানবীর জয়নারায়ণের পিতা। ভেরেলষ্ট সাহেবের দেওয়ান গোকুলচন্দ্র ঘোষালের সময় হইতে এই পরিবারের সম্পদ ও সৌভাগ্যের সূচনা হয়। জয়নারায়ণ ঢাকায় সেক্সপীয়র সাহেবের অধীনে চাকুরী করিয়া প্রভূত অর্থোপার্জ্জন করেন। তিনি শেষ জীবনে কাশীবাসী হইয়াছিলেন এবং তথাকার প্রসিদ্ধ ব্যবসায়ী লালা কাশ্মীরী মলের দুর্গাকুণ্ডের সন্নিহিত সম্পত্তি খরিদ করিয়াছিলেন। তিনি ও তাঁহার পুত্র কালীশঙ্কর বেনারসের মিশন বিদ্যালয়ে অনেক টাকা দান করিয়াছিলেন। ১৬৯ নং পত্র।

কৃষ্ণচন্দ্র নারায়ণ—কাছাড়ের রাজা। ভূমিকার ৭৫ পৃষ্ঠা দ্রষ্টব্য। ৫২ নং পত্র।

কৃষ্ণচন্দ্র পাল চৌধুরী—বিখ্যাত পান্তি বাবু। সামান্য অবস্থা হইতে নিজের পরিশ্রমে ও সততায় বহু অর্থ ও প্রতিপত্তি লাভ করেন। তাঁহার সাধুতা সম্বন্ধে অনেক প্রবাদ আছে। তিনি রাণাঘাটের প্রসিদ্ধ পাল চৌধুরী পরিবারের প্রতিষ্ঠাতা। শম্ভুচন্দ্র কৃষ্ণচন্দ্রের ভ্রাতা। ৭২ নং পত্র।

কৃষ্ণনারায়ণ—দরঙ্গের রাজা হংসনারায়ণের পুত্র। ভূমিকার ৫৬-৫৭ পৃষ্ঠা দ্রষ্টব্য। ৩১ নং পত্র।

কেসো রায়—কটকের আমীন মঞ্জু চৌধুরীর গোমস্তা। ৩৬ নং পত্র।

ক্রাম্পো, ফেলিপ—ফিলিপ ক্রাম্প (Philip Crump)। ১৭৮৩ সালে ভারতবর্ষে আসেন, ১৭৯০ সালে লেপ্টেনাণ্ট ও ১৮০৩ সালে কাপ্তেনের পদ লাভ করেন। ১৮০৬ সালে তাঁহার মৃত্যু হয়। ৩০ নং পত্র।

খলাইগাম—কুচবিহারের অন্তর্গত একটি গ্রাম। ১০৫ নং পত্র।

খিদিরপুর—কলিকাতার নিকটস্থ প্রসিদ্ধ স্থান। এখানে সরকারী ডক আছে। ১৬৯ নং পত্র।

গেল সাহেব—(Gale) ১৭৮৬ সালে বাঁকুড়া জিলার সোনামুখী কুঠীতে কার্য্য করিতেন। ১৭৯০ সালে তিনি বীরভূমে গমন করেন। ১৭৯৪ সালে কলিকাতার রিকোয়েষ্ট আদালতের (Court of Requests) অন্যতম কমিশনর হন। ১৭৯৫ সালে হুগলীর গোলাঘর কুঠীর রেসিডেন্ট নিযুক্ত হন। ১৭৯৯ সালে তাঁহার মৃত্যু হয়। ৩নং পত্র।

গোডলাট—রিচার্ড গুডল্যাড (Richard Goodlad) ১৭৭৯ সালে দুইবার এবং ১৭৮১ হইতে ১৭৮৪ সাল পর্য্যন্ত রঙ্গপুরের কলেক্টরের কার্য্য করেন। শেষোক্ত সময়ে তিনি ঐ জিলার জজিয়তিও করিতেন। ৬নং পত্র।

চামরচী—অথবা সুমচী ভূটানের অন্যতম দুয়ার বা গিরিসঙ্কট। এইখানে দেবরাজার একজন সুবা বা শাসনকর্ত্তা থাকিত। ১০৫ নং পত্র।

চাম্পীন, জোজেফ—সম্ভবতঃ জন চ্যাম্পেইন (John champain) ১৭৯০ সালে তিনি ঢাকার ম্যাজিষ্ট্রেট ছিলেন। ১৭৯১ হইতে ১৭৯৪ সাল পর্য্যন্ত তিনি ২৪ পরগনার কলেক্টর ও ম্যাজিষ্ট্রেটের কার্য্য করেন। ৮৪ নং পত্র।

চিন্তামন—দিনাজপুর জিলার থানা ও গ্রাম, অপর নাম মালিভাঙ্গাহাট। ৬৭নং পত্র।

চিবাঙ্গ দুয়ার—গোয়ালপাড়া জিলার সন্নিহিত গিরিসঙ্কট। ১৩৯ নং পত্র।

চিলমারি—রঙ্গপুর জিলায় ব্রহ্মপুত্র তীরে অবস্থিত। এখানে প্রত্যেক বৎসর স্নান উপলক্ষে উৎসব হয়। ১০১ নং পত্র।

চেচাখাতা—কুচবিহারের ১৯ মাইল উত্তরে অবস্থিত। ২৪ নং পত্র।

চোরজিৎ—মনিপুরের রাজা। ভূমিকার ৭৬-৭৮ পৃষ্ঠা দ্রষ্টব্য। ১৪১ নং পত্র।

জয়নারায়ণ ঘোষাল—কৃষ্ণচন্দ্র ঘোষাল দেখ।

জরধকা—জলধকা নদী, অপর নাম মনসাই, সিঙ্গিমারি ও ধরলা। ১০৫ পত্র।

জল্পীশ—জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ির দক্ষিণে জল্পেশ্বর মহাদেবের মন্দির। কুচবিহারের রাজা প্রাণনারায়ণ ও মোদনারায়ণ জল্পেশ্বরের প্রাচীন মন্দির সংস্কার করিয়াছিলেন। ২৪নং পত্র।

টচিট—২৪ পরগণার অ্যাসিষ্ট্যান্ট কলেক্টর (১৭৮৫ সালে) টুসে (P. Touchet)। ১৬৯ নং পত্র।

টেঙ্গনামারি—কুচবিহার রাজ্যের মাথাভাঙ্গা মহকুমার অন্তর্গত তালুক। কুচবিহার ও জলপাইগুড়ি জিলার সীমান্তে অবস্থিত। ১০৫ নং পত্র।

ঠিকিরি—থ্যাকারে (W. M. Thackeray) প্রসিদ্ধ লেখক উইলিয়ম মেকপিস থ্যাকারের পিতামহ। ইনি ১৭৭৩ সালে শ্রীহট্টের কলেক্টর নিযুক্ত হইয়াছিলেন। ৬৫ নং পত্র।

ডগলিস—কুচবিহারের প্রথম কমিশনর হেনরী ডগলাস (Henry Douglas)। ৭১ নং পত্র।

ডঙ্কীসেন—ডাঙ্কানসন (Lieut. W. M. Duncanson) ১৭৮২ সালে সেনা বিভাগে যোগদান করেন এবং ১৭৯০ সালে পদত্যাগ করেন। ১৮ নং পত্র।

ডজবল, চরজ, সকটর—সেক্রেটরী জর্জ্জ ডড্‌স্‌ওয়েল (George Dowdeswell) ১৮১২ সালের এপ্রিল মাস পর্য্যন্ত বিচার ও রাজস্ব (Judicial and Revenue) বিভাগের সেক্রেটরী ছিলেন। ঐ বৎসরের মে মাসে তিনি চীফ সেক্রেটরী নিযুক্ত হন। ১০২ নং পত্র।

ডারা, তামাস—কাপ্তেন টমাস ডারা (Thomas Darrah) ১৭৮০ সালে সেনাদলে যোগদান করেন, ১৭৮১ এনসাইন ও লেপ্টেনাণ্ট, ১৭৯৬ কাপ্তেন, ১৭৯৮, ২৯শে মে, ঘূগীঘোপায় মৃত্যু। ৭৫ নং পত্র।

ডিক—স্যার রবার্ট কীথ ডিক (Sir Robert Keith Dick) ১৮০৩ সালে কিছুদিন শ্রীহট্টের জজ ও ম্যাজিষ্ট্রেট ছিলেন। ১৮০৭ সালের ৮ই ডিসেম্বর তিনি ঐ পদে পুনরায় নিযুক্ত হন। ১৮১০ সাল হইতে ১৮১৩ সাল পর্য্যন্ত তিনি ঢাকার আপীল আদালতের জজ ছিলেন। ১১৮ নং পত্র।

ডিগবি—জন ডিগবি (John Digby) ১৮০৯ সাল হইতে ১৮১৪ সাল পর্য্যন্ত রঙ্গপুরের কলেক্টর। রামমোহন রায় ইহার দেওয়ান ছিলেন। ১৩৯ নং পত্র।

ডিম্বন—লিপিকর প্রমাদ। কুচবিহারের প্রথম কমিশনর ডগলাস সাহেবের কথা বলা হইতেছে। ৩৩ নং পত্র।

ডেবিসন—কাপ্তেন হিউ ডেভিডসন (Captain Hugh Davidson) জন্ম ১৭৮৬, মৃত্যু ১৮২৫। ১৮০৫ সালে ভারতবর্ষে আসেন। ১৮১৪ সালের নভেম্বর হইতে ১৮২৩ সাল পর্য্যন্ত শ্রীহট্টের শিবন্দী সেনাদলের অধ্যক্ষ ছিলেন। ১৬৩ নং পত্র।

ডোর, ওলিয়ম—উইলিয়ম ডৌ (William Dow) ঘূগীঘোপায় ব্যবসায় করিতেন। ১৭৭৩ সালে তিনি তাহার আত্মীয় কর্ণেল ডৌর সহিত ভারতবর্ষে আসেন। রঙ্গপুর জিলার কুড়িগ্রামেও তাহার একটি কুঠী ছিল। ৮৯ নং পত্র।

তেতুলিয়া—তেঁতুলিয়া দিনাজপুর জেলার একটি গ্রাম। ১৪২ নং পত্র।

তেরাপুর—তারাপুর কাছাড়ের বরাকপুর পরগনার অন্তর্গত একটি গ্রাম। ১৪১ নং পত্র।

দাতিয়া—যশোহর জিলার একটি পরগনা। একসময়ে চাঁচরার রাজা এই পরগনার মালিক ছিলেন। ৭২ নং পত্র।

দালিমকোট—বঙ্গদেশের উত্তরে ভূটানের একটি দুয়ার বা গিরিপথ। এখানকার কেল্লা ইংরাজীতে Darling fort নামে পরিচিত। জঙ্গপেন উপাধিধারী একজন কর্ম্মচারীর হাতে এই কেল্লার ভার ন্যস্ত ছিল। ১৭৭৪ সালে কাপ্তেন জোন্স অল্প কয়েকজন সিপাহী লইয়া এই দুর্গ অধিকার করেন। শান্তি স্থাপিত হইবার পর দালিমকোট আবার ভুটিয়া সরকারকে ফিরাইয়া দেওয়া হয়। ১৩৪ নং পত্র।

CENTRAL LIBRARY

দিনহাটা—কুচবিহার সহর হইতে ১৬ মাইল দক্ষিণে। উক্ত নামের মহকুমার কেন্দ্রীয় সহর। ১৩৮ নং পত্র।

দুদপাতলি—কাছাড় জিলার শিলচর তহশীলে অবস্থিত। ১০০ নং পত্র।

নলকুনি—বালেশ্বরের একটি গ্রাম। ৩৬নং পত্র।

নাসিরাবাদ—ময়মনসিংহের প্রাচীন নাম। ১০৩ নং পত্র।

পরলিঙ্গ, পালঙ্গ—চার্লস পার্লিং (Charles Purling) ১৭৭২ সালে কুচবিহারের সহিত সন্ধি করেন। ১৭৭৭ হইতে ১৭৭৯ পর্য্যন্ত রঙ্গপুরের কলেক্টর ছিলেন। ১৭৯০ সালে আবার রঙ্গপুরের কলেক্টর হন। ১৭৯১ সালে তাহার মৃত্যু হয়। ৬নং পত্র।

পাছরি সাহেব—টমাস ম্যানিং (Thomas Manning) জন্ম ১৭৭২, মৃত্যু ১৮৪০। ১৮১০ সালে রঙ্গপুর হইতে যাত্রা করিয়া ১৮১১ সালে লাসা পৌছেন। ১১৬ নং পত্র।

পার, তামাস—টমাস পার (Thomas Parr)। ১৭৮৩ সালে কোম্পানীর চাকুরী গ্রহণ করেন। ১৭৯৩ সাল হইতে ১৭৯৫ সাল পর্য্যন্ত ত্রিপুরার কলেক্টর ছিলেন। ১৭৯৬ সাল হইতে ১৮০১ সাল পর্য্যন্ত বিভিন্ন সময়ে যশোহর ও দিনাজপুর জিলার ম্যাজিষ্ট্রেটের কার্য্য করেন। ১৮০৫ সালে ফোর্ট মার্লবরোর রেসিডেণ্ট নিযুক্ত হন। ১৮০৭ সালে তাঁহার মৃত্যু হয়। ৬০ নং পত্র।

পুখরিয়া—ময়মনসিংহ জিলার একটি পরগনা। ৯৪ নং পত্র।

পুনাখা—ভূটান রাজ্যের শীতকালীন রাজধানী। ৫৫ নং পত্র।

ফিটসরাই—সম্ভবতঃ অনারেবল ফ্রেডারিক ফিটজরয় (Honourable Frederick Fitzroy)। ১৭৯৩ সালে মুর্শিদাবাদের কলেক্টর ছিলেন। ঐ বৎসরই তিনি চব্বিশ পরগনার কলেক্টর হন। ১৮০৩ সালে জজ ও ম্যাজিষ্ট্রেটের পদে বেরিলীতে বদলী হন। ১৮০৬ সালে কার্য্যে ইস্তফা দেন। ৫৭নং পত্র।

বদনচন্দ্র বড়ফুকন—ভূমিকার ৬৭-৬৮ পৃষ্ঠা দ্রষ্টব্য।

বুরুস—সম্ভবতঃ কুচবিহারের দ্বিতীয় (১৭৯১ হইতে ১৭৯৫ পর্য্যন্ত) কমিশনর চার্লস এণ্ড্রু ব্রুস (Charles Andrew Bruce)। ৪৪নং পত্র।

বারোবাটী—বালেশ্বর জিলার অন্তর্গত গ্রাম। এখানে পূর্ব্বে ইংরেজদিগের কুঠী ছিল। ৩৬নং পত্র।

বাসকা—বক্সা। পূর্ব্বে এখানে ভূটান রাজ্যের একজন সুবা বা শাসনকর্ত্তা থাকিতেন। বর্ত্তমানে এই স্থান ব্রিটিশ-রাজ্যের অন্তর্গত। এখানকার বন্দিনিবাসের কথা অনেকেই শুনিয়া থাকিবেন। ১৫২নং পত্র।

বিরেন্দ্রনারায়ণ—নাজির দেও খগেন্দ্রনারায়ণের পুত্র। ১১নং পত্র।

বিষ্ণুনারায়ণ—দরঙ্গের কীর্ত্তিনারায়ণের পুত্র। ভূমিকার ৫৬-৫৭ পৃষ্ঠা দ্রষ্টব্য।

বুগল—জর্জ্জ বোগল (George Bogle) ১৭৭৯ সালে চার্লস্ পালিংএর পর রঙ্গপুরের কলেক্টর হন। ১৭৭৪ সালে তিব্বতে দৌত্য করিয়া প্রসিদ্ধি লাভ করেন। ১৭৮১ সালে তাহার মৃত্যু হয়। ৬নং পত্র।

বেঙ্গমারা—আসামের লখিমপুর জিলার ডিহিং নদীর পূর্ব্বে অবস্থিত। ৪১নং পত্র।

বেরোলো, জর্জ্জ হিলেরো—১৮০৫ হইতে ১৮০৭ সাল পর্য্যন্ত অস্থায়ী বড়লাট স্যার জর্জ্জ হিলারো বার্লো (Sir George Hilaro Barlow)। ৯৪নং পত্র।

বোদা—রঙ্গপুর জিলার একটি পরগনা। ২নং পত্র।

ব্রেডি রাবট—রবার্ট ব্রাইডি (Robert Brydie) ১৭৯০ সাল হইতে রোশ সাহেবের কারবারের অংশীদার ছিলেন। রঙ্গপুর জিলার কাজিরহাট পরগনার অন্তর্গত কিশোরগঞ্জে ইহার একটি নীলকুঠি ছিল। ৭৯ নং পত্র।

ভগবন্তনারায়ণ—ভূমিকার ১৬ পৃষ্ঠা দ্রষ্টব্য।

মজফর জঙ্গ, নবাব—মহম্মদ রেজা খাঁর উপাধি। ৬নং পত্র।

মনগমরি—আর্চিবল্ড মণ্টগোমারি (Archibald Montgomerie) ১৮০৩ হইতে ১৮০৭ সাল পর্য্যন্ত রঙ্গপুরের কলেক্টর ও (ex-officio) কুচবিহারের রেসিডেণ্ট। ৯৬নং পত্র।

মাগুরা পরগনা—২৪ পরগনার মধ্যে একটি। আলিপুর, গার্ডেনরীচ এবং খিদিরপুর প্রভৃতি কলিকাতার সহরতলী এই পরগনার মধ্যে অবস্থিত। ১৬৯নং পত্র।

মামদ রাজা—আগা মহম্মদ রেজা। ১৭৯৯ সালে শ্রীহট্ট হইতে কাছাড় আক্রমণ করেন এবং নাগা ও কুকিদিগের সাহায্যে রাজার বরকন্দাজদিগকে পরাজিত করিয়া রাজাকে পার্ব্বত্য অঞ্চলে পলায়ন করিতে বাধ্য করেন। পরে কোম্পানীর জায়গা আক্রমণ করিয়া পরাজিত হন। ১৬১নং পত্র।

মারগীন, জিমিশ—জেমস্ মরগ্যান (James Morgan)। ১৮০৭ সাল হইতে ১৮০৯ পর্য্যন্ত রঙ্গপুরের কলেক্টর ও কুচবিহারের রেসিডেণ্ট ছিলেন। ১৮০৯ সালের জুলাই মাসে তাঁহার মৃত্যু হয়। ১০২নং পত্র

মার্গিন—ফ্রান্সিস মরগ্যান (Francis Morgan)। ১৮১০ সালের ২৬শে জানুয়ারী শ্রীহট্ট জিলার জজ ও ম্যাজিষ্ট্রেট নিযুক্ত হন। ১৮১২ সালের ফেব্রুয়ারী মাসে কার্য্যে ইস্তফা দেন। ১১৮ নং পত্র।

মিডিলটীন, এডমণ্ড পীটশ—এডমণ্ড পীটস্ মিডল্টন (Edmond Pitts Middleton) ১৭৯৬-৯৭ সালে হুগলীর অন্তর্গত গোলাঘর কুঠীর রেসিডেণ্ট, ১৭৯৮ সালে নদীয়ার কুমারখালি কুঠীর রেসিডেণ্ট। ৮৪ নং পত্র।

মিণ্টিন—আর্ল অব মিণ্টোকে ভ্রমবশতঃ জান মিণ্টিন বলা হইয়া থাকিবে। ১২০ নং পত্র।

মেকলুম, বারনন্দ—বার্ণার্ড ম্যাককুলম (Bernard McCullum)। আসামের ইংরাজ ব্যবসায়ী। ভূমিকার ৬৬, ৭২ পৃষ্ঠা দ্রষ্টব্য। ৫৯ নং পত্র।

CENTRAL LIBRARY

মেকলৌড, হুরমান—নরম্যান ম্যাকলিয়ড (Norman Macleod) ১৮১৩ সালের আগষ্ট মাসে কুচবিহারের কমিশনর নিযুক্ত হন। ভূমিকার ৩০-৪৪ পৃষ্ঠা দ্রষ্টব্য। ১২৫ নং পত্র।

মেকীঞ্জী, জান—জন মেকেঞ্জী (John Mackenzie) ইনি পরে কলিকাতার Assay Master হইয়া ছিলেন। ৮৪ নং পত্র।

মেগডোর—ম্যাকডৌয়াল (D. H. Mac Dowall) ১৭৮৬ হইতে ১৭৮৯ সাল পর্য্যন্ত রঙ্গপুর ও ঘোড়াঘাটের কলেক্টরের কার্য্য করিয়া অবসর গ্রহণ করেন। ১১ নং পত্র।

মেগবর—ম্যাকগোয়ার (W. McGwire) ১৭৯২ সালে জন বুলারের পর ত্রিপুরার কলেক্টর নিযুক্ত হন। ৬০ নং পত্র।

মেচপাড়া—গোয়ালপাড়া জিলার অন্তর্গত ব্রহ্মপুত্র হইতে গারো পাহাড় অবধি বিস্তীর্ণ পরগনা। ইহার আয়তন প্রায় ৪০০ বর্গ মাইল। ১৬৭ নং পত্র।

মেরসর—লরেন্স মারসার (Lawrence Mercer)। ভূমিকার ১৭-২০ পৃষ্ঠা দ্রষ্টব্য। ২ নং পত্র।

মুরার পণ্ডিত—বালেশ্বরের শেষ মারাঠা ফৌজদার। ৩৬ নং পত্র।

মোতিরাম বাবু—১৭৮৫ সাল হইতে ১৭৯০ সাল পর্য্যন্ত বালেশ্বরের ফৌজদার ছিলেন। বালেশ্বরের মতিগঞ্জ বাজার তৎকর্ত্তৃক স্থাপিত। ৩৬ নং পত্র।

মোরঙ্গা—মাথাভাঙ্গার উত্তর পশ্চিমে কমলাই নদীর বাম তীরে অবস্থিত মোরঙ্গা ? ১০৫ নং পত্র।

মৌর—পিটার মূর (Peter Moore)। ১৭৮৪-৮৫ সালে কয়েক মাস রঙ্গপুরের কলেক্টর ছিলেন। ভূমিকার ১১-১৪ পৃষ্ঠা দ্রষ্টব্য। ৬ নং পত্র।

রচুল—ক্লড রাসেল (Claude Russell) ১৮০১ সালের জানুয়ারী হইতে ১৮০২ সালের জুন পর্য্যন্ত পারশী অনুবাদক ও পারশী সেক্রেটরীর প্রথম সহকারী (Senior Assistant)। ৮২ নং পত্র।

রাজারাম পণ্ডিত—১৭৭৮ হইতে ১৭৯৩ সাল পর্য্যন্ত উড়িষ্যার মারাঠা সুবাদার। ৩৫ নং পত্র।

রাটন সাহেব—কাপ্তেন জন রটন (Captain John Rotton) দিনাজপুরের সিপাহী দলের অধিনায়ক। ভূমিকার ১৬ পৃষ্ঠা দ্রষ্টব্য। ১৪ নং পত্র।

রাণি—আহোম রাজাদিগের অধীনস্থ একটি করদ রাজ্য। ৪০ নং পত্র।

রোস, দানিয়েল—ভূমিকার ৬৯ পৃষ্ঠা দ্রষ্টব্য। ২৯ নং পত্র।

লখি দুয়ার—তিস্তা ও মনাস নদীর মধ্যবর্ত্তী ভুটানের দুয়ার বা গিরিপথ। ১১৬ নং পত্র।

লজ হেনরী—(Henry Lodge) ১৭৯৪ সালে শ্রীহট্টের জজ ছিলেন। ৫২ নং পত্র।

লম্পট—উইলিয়ম ল্যাম্বার্ট (William Lambert) ১৭৭৪ সালে তিনি দিনাজপুর কাউন্সিলের বড়কর্ত্তা (Chief) ছিলেন। ৬নং পত্র।

লামসডিন—জন লামস্‌ডেন (John Lumsden) ১৭৯২-৯৩ সালে রঙ্গপুরের কলেক্টর। ৭১ নং পত্র।

লিগ্রোস—ফ্রান্সিস লিগ্রোস (Francis Legros) ১৭৯৫ সালের ডিসেম্বর মাসে ময়মনসিংহের কলেক্টর নিযুক্ত হন। ১৮০৫ সাল পর্য্যন্ত তিনি ঐ পদে বহাল ছিলেন। ৯৪ নং পত্র।

লেস্কী—রবার্ট লিণ্ডসে (Robert Lindsay) ১৭৭৯ সাল হইতে দশবৎসরের অধিক কাল শ্রীহট্টের কলেক্টর ছিলেন। ৬৫ নং পত্র।

শম্ভুচন্দ্র পাল চৌধুরী—কৃষ্ণচন্দ্র পাল চৌধুরী দেখ।

সাট—টি. ভি. সর্ট (T. V. Short) ১৭৮৯ সালের ১০ই মার্চ্চ হইতে ১০ই আগষ্টের মধ্যে কোন সময়ে তিনি কুচবিহারের বিশৃঙ্খলা নিবারণের জন্য নিযুক্ত হইয়াছিলেন। ঐ বৎসরই ডগলাস সাহেব কুচবিহারের কমিশনর হন। ভূমিকার ২০-২১ পৃষ্ঠা দ্রষ্টব্য। ২৮ নং পত্র।

সামনর—জন সামনার (John Sumner)। ১৭৭১ সালে শ্রীহট্টের কলেক্টর হন। ৬৫ নং পত্র।

সিমলা—নদীয়া জিলার কুষ্টিয়ার নিকটবর্ত্তী গ্রাম। ৭৯ নং পত্র।

সুবিট—জন লুই সোভেট (John Lewis Chauvet) ভূমিকার ১৭-২০ পৃষ্ঠা দ্রষ্টব্য। ২ নং পত্র।

সুলতানপুর—দিনাজপুর জিলার পরগনা। ৬৭ নং পত্র।

হরদত্ত চৌধুরী—দরঙ্গরাজ কৃষ্ণনারায়ণের বিশ্বস্ত কর্ম্মচারী। ভূমিকার ৫৬-৫৭ পৃষ্ঠা দ্রষ্টব্য। ৩৮ নং পত্র।

হরেন্দ্রনারায়ণ—কুচবিহারের রাজা। ভূমিকার ১০-১১, ২১ পৃষ্ঠা দ্রষ্টব্য।

হাচা—তিব্বতের রাজধানী লাসা ? ১১৬ নং পত্র।

হাড়ুট—উইলিয়ম হারউড (William Harwood) ১৭৭৫ অথবা ৭৬ সালে দিনাজপুরের বড়কর্ত্তার পদ লাভ করেন। এই সময় রঙ্গপুর দিনাজপুরের অধীন ছিল। ৬ নং পত্র।

হালন—উইলিয়ম হল্যাণ্ড (William Holland) থ্যাকারের পর শ্রীহট্টের কলেক্টর হইয়াছিলেন। ৬৫ নং পত্র।

হেৌট—জেনারেল স্যার জর্জ হিউএট্ (Lieut. General Sir George Hewett) লর্ড লেকের পর প্রধান সেনাপতি নিযুক্ত হন। ১৮০৯ সালের ২০শে অক্টোবর হইতে ১৮১০ সালের ২১শে মার্চ্চ পর্য্যন্ত এবং ১৮১১ সালের ৯ই মার্চ্চ হইতে ১৯শে নভেম্বর পর্য্যন্ত বড়লাটের কাউন্সিলের সহকারী সভাপতি (Vice President) এবং ফোর্ট উইলিয়মের ডেপুটী গভর্ণরের কার্য্য করিয়াছিলেন। ১১২ নং পত্র।

CENTRAL LIBRARY

টীকা

(১)

১। এই করার নামার লেখক ভুটানের দূত নিরপুর পয়গা। ইংরাজীতে তাহার নাম ভিন্ন ভিন্ন জায়গায় ভিন্ন ভিন্ন রূপে লেখা হইয়াছে, যথা—Nuppypur Soubajee, Nurpoo Purgah, Nurpoo Paigah। Soubajee বোধ হয় সুবাজীর ইংরাজী রূপ। ১১৬ ও ১১৭ নং পত্রে দেখা যাইতেছে বুড়া সুবার নাম ছিল লোপ পেগা।

২। লামা রিম্পেছে—কাহারও নাম নহে। রিম্পোছে বা রিম্বোচে সম্ভ্রমসূচক তিব্বতী শব্দ। ইংরাজীতে ইহার প্রতিশব্দ Blessed one। ভুটানের ধর্ম্মরাজাকে সাধারণতঃ লামা রিম্বোচে বলা হয়। সাধারণের বিশ্বাস তিনি ভগবান বুদ্ধের অবতার।

৩। দেব ধর্ম্মরাজা—ধর্ম্মরাজা ভুটানের অধীশ্বর। দেবরাজা তাহার প্রধান কর্ম্মচারী। এইখানে ভুটানের শাসনতন্ত্র সম্বন্ধে দুই একটি কথা বলিলে পরবর্ত্তী পত্রগুলিতে উল্লিখিত ভুটিয়া কর্ম্মচারীদের কথা বুঝিতে সুবিধা হইবে।

ভুটানের প্রাচীন ইতিহাস সম্বন্ধে সঠিক কিছু জানা যায় না। সম্ভবতঃ ষোড়শ শতাব্দীর শেষভাগে অথবা সপ্তদশ শতাব্দীর প্রারম্ভে একদল তিব্বতী ভুটানের আদিম অধিবাসীগণের উপর প্রভুত্ব স্থাপন করে। তিব্বত হইতে আগত শেপটুন লা-ফা নামক একজন বৌদ্ধ সন্ন্যাসীকে ইহারা রাজা বলিয়া স্বীকার করিত। ইনিই প্রথম ধর্ম্মরাজা। কিছুদিন পরে ফরচু ডুপজীন শেপটুন নামক আর একজন তিব্বতী সাধু ভুটানে আসেন। ইহার প্রতিপত্তি ও প্রভাব বৃদ্ধি হওয়াতে প্রথম ধর্ম্মরাজা ভুটান পরিত্যাগ করিয়া তিব্বতে চলিয়া গেলেন। তাহার স্থলে ফরচু ডুপজীন ভুটানের ধর্ম্মরাজা হইলেন। দ্বিতীয় ধর্ম্মরাজা মৃত্যুর সময়ে তাহার ভক্ত ও প্রজাবৃন্দকে বলিয়া গেলেন যে তিনি আবার নরদেহে আবির্ভূত হইবেন। তদবধি এক ধর্ম্মরাজার মৃত্যু হইলে তাহার নূতন অবতারকে অন্বেষণ করিয়া রাজপদে অভিষেক করা হয়। ধর্ম্মরাজা সন্ন্যাসী। তিনি প্রকৃত পক্ষে ভুটানের বৌদ্ধ সঙ্ঘের নায়ক। সুতরাং ক্রমশঃ রাজ্যশাসনের ক্ষমতা তাহার প্রধান কর্ম্মচারীর হস্তগত হইল। ইনিই ভুটানের দেবরাজা বলিয়া পরিচিত। ধর্ম্মরাজার শাসন পরিষদের সদস্য সাতজন—(১) ধর্ম্মরাজার খাস মুন্সী (২) দেওয়ান ৩) টাসিসুজঙ্গের শাসনকর্ত্তা (৪) পুনাখের শাসনকর্ত্তা, (৫) অঙ্গড় ফোরঙ্গের শাসনকর্ত্তা (৬) দেবরাজার মুন্সী এবং (৭) প্রধান বিচারপতি। আইনতঃ এই সাত জন সদস্যেরই প্রধানমন্ত্রী দেবরাজাকে নির্ব্বাচন করার কথা। ইহারা ইচ্ছা করিলে তাহাকে পদচ্যুত করিতেও পারিতেন। কিন্তু

CENTRAL LIBRARY

কার্য্যতঃ এই ক্ষমতা পরিচালনা করেন পারো পেনলো ও টংসো পেনলো (পেনলো শব্দের অর্থ শাসনকর্ত্তা)। পারো পেনলো পশ্চিম ভুটানের শাসনকর্ত্তা, টংসো পেনলো পূর্ব্ব ভুটানের শাসনকর্ত্তা। মধ্য ভুটানের শাসনকর্ত্তা টরগা বা ভাকা পেনলোর তেমন ক্ষমতা নাই। সুতরাং পারো পেনলো বা টংসো পেনলোর মধ্যে যখন যিনি বেশী শক্তি ও প্রতিপত্তি লাভ করেন তিনিই ইচ্ছামত দেবরাজা নিয়োগ করেন। আবার এই পেনলোদিগের পদও চিরস্থায়ী বা নিরাপদ নহে। ইহাদের অধীনস্থ কর্ম্মচারীরাও বিশেষতঃ মুন্সী মহাশয়েরা প্রভুকে হত্যা করিয়া তাহার পদ অধিকার করিবার চেষ্টা করিয়া থাকেন। সুতরাং ভুটানে অনেক সময়েই একাধিক পদচ্যুত দেবরাজা ও পেনলো দেখিতে পাওয়া যায়। ভুটানের দক্ষিণ সীমান্তেও বাঙ্গালা ও আসাম প্রদেশের উত্তরে আঠারোটি দুয়ার বা গিরিপথ আছে। এই আঠারোটি দুয়ারের কেল্লার অধ্যক্ষেরাই সন্নিহিত গ্রামগুলির শাসনকার্য্য পরিচালনা করেন। ইহাদের উপাধি জুঙ্গপেন বা দুর্গাধ্যক্ষ। ইংরাজ সরকারের নিকট ইহারা সুবা বলিয়া পরিচিত। চামর্চী বা সামচির সুবা পারো পেনলোর অধীনে। বক্সাদুয়ারের সুবার উপরস্থ কর্ম্মচারী টাসিসুজঙ্গের শাসনকর্ত্তা। ভুটানের পত্রে যে বুড়া সুবার উল্লেখ দেখা যায় তিনিও ভুটানের আঠার দুয়ারের একটির (বরা) দুর্গাধ্যক্ষ বা জুঙ্গপেন ছিলেন। ভুটানী কর্ম্মচারীদিগের সর্ব্বনিম্নপদ—জিনকাপ। জিনকাপদিগকে পাইক বলা অসঙ্গত হইবেনা। ইহারা পত্রবাহকের কার্য্যও করিত। স্যার এস্‌লি ইডেন জিনকাপদিগকে বাঙ্গালা দেশের চাপরাশির সহিত তুলনা করিয়াছেন। কিন্তু ভুটানী রাজকর্ম্মচারীদিগের মধ্যে অনেককেই সর্ব্বনিম্নস্তর হইতে কার্য্য আরম্ভ করিতে হয়। যোগ্যতা ও বুদ্ধি থাকিলে জিনকাপের পক্ষে ক্রমশঃ দেবরাজার পদ লাভ করাও অসম্ভব নহে।

(২)

এই পত্র ১৭৮৩ খৃষ্টাব্দের জুলাই মাসে পাওয়া গিয়াছিল বলিয়া লেখা আছে। এই তারিখ যে ঠিক নহে তাহাতে সন্দেহ নাই। পত্রে মারসার ও সোভেট সাহেবের তদন্তের কথা উল্লেখ করা হইয়াছে। ১৭৮৭ খৃষ্টাব্দে মারসার ও সোভেট কুচবিহারের মহারাজা ও নাজির দেওর বিরোধ সম্বন্ধে তদন্ত করিতে আদিষ্ট হন। সুতরাং এই চিঠি তাহাদের তদন্ত শেষ হইবার পর সম্ভবতঃ ১৭৮৮ সালে লেখা হইয়া থাকিবে। ১৭৮৮ খৃষ্টাব্দের অক্টোবর মাসে হরিশচন্দ্র ও শ্যামচন্দ্র বার্লো সাহেবের নিকট যে আবেদন করিয়াছিল বর্ত্তমান পত্র তাহার পরবর্ত্তী বলিয়া মনে হয়। মারসার ও সোভেটের রিপোর্টে দেখা যায় যে তদন্তের সময় শ্যামচন্দ্রের পক্ষ হইতে রাজসরকারের সহিত হিসাব নিকাশ করিবার জন্য কেহ উপস্থিত হয় নাই।

(৩)

দ্রোক্তর—ইংরাজী ডিরেক্টর শব্দের অপভ্রংশ। ১৭৮৬ খৃষ্টাব্দে আইজাক ফিটসিঙ্গ (Isaac Fitsingh) চুঁচুরার ওলন্দাজ কাউন্সিলের ডিরেক্টর ছিলেন

CENTRAL LIBRARY

(৬)

১। কিয়া — ক্রিয়া।
২। কৌউচল — কাউন্সিল। ইংরাজী Council শব্দের অপভ্রংশ।
৩। উদ্ধত — উদ্যত।
৪। গোরঃনর — গবর্ণর।

(৯)

ত্রোটী — ত্রুটি।

(১১)

• কুচবিহারের রাজা ও রাজমাতা স্বেচ্ছায় বলরামপুর যান নাই, তাহাদিগকে জোর করিয়া নেওয়া হইয়াছিল। কিন্তু কোম্পানীর ফৌজ বলরামপুর অবরোধ করিবার পর কাপ্তেনের সহিত সত্য সত্যই আপোষের কথাবার্ত্তা চলিতেছিল। কাপ্তেন জন রটন রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট ম্যাকডোয়াল সাহেবের নিকট যে পত্র লিখিয়াছিলেন তাহাতে দেখা যায় যে যদি প্রাতে রাজা ও রাণীকে তাহার নিকট পাঠান হয় তাহা হইলে তিনি অপরাধী-দিগের জীবন রক্ষার জন্য এবং অপরাধ মার্জ্জনা করিবার জন্য সুপারিশ করিবেন বলিয়া প্রতিশ্রুতি দিয়াছিলেন। (I gave them a Persian writing, in which I only specified that if they would send their captives to me this morning I would use my influence to save their lives and to obtain their pardon)। কিন্তু ইহার পর কাপ্তেন রটনের লোকেরা শুনিতে পায় যে রাজা ও রাণীকে স্থানান্তরিত করা হইতেছে। সুতরাং তাহারা কাল বিলম্ব না করিয়া যেখানে রাজা ও রাজমাতা আটক ছিলেন সেখানে উপস্থিত হয়, ইহাতেই সন্ন্যাসী ও বরকন্দাজদিগের সহিত যুদ্ধ হয়। কাপ্তেন রটনের লোকেরা নিরস্ত্র লোকদিগকে আক্রমণ করে নাই, যাহারা অস্ত্র পরিত্যাগ করিতে সম্মত হয় নাই তাহারাই নিহত হইয়াছিল। কুচবিহারের রাজমাতা বা নাজিরের পিতৃব্যপত্নী কাহারও পত্রই একেবারে নির্ভরযোগ্য নহে। উভয় পক্ষের পত্রেই প্রকৃত ঘটনা বিকৃত করিবার চেষ্টা দেখা যায়। (কাপ্তেন রটনের পত্রের জন্য বাঙ্গালা সরকারের Revenue Dept. Proceedings (enclosure to consultation No. 28) dated 20th September, 1787 দ্রষ্টব্য।

১। কপীতান — কোম্পানীর ফৌজের নায়ক ছিলেন কাপ্তেন জন রটন (John Rotton)

(১২)

১২, ১৩ ও ১৪নং পত্রে যে বিদ্রোহের কথা লেখা হইয়াছে তৎসম্বন্ধে মারসার ও সোতেট সাহেবদ্বয় তদন্ত করিয়াছিলেন। বাঙ্গালা ১১৯৪ সালের আষাঢ় মাসে একদিন

নাজির দেওর ভ্রাতা ভগবন্তনারায়ণ "ডাঙ্গর দেও" কতকগুলি সশস্ত্র সন্ন্যাসী ও বরকন্দাজ লইয়া রাজবাড়ীর সম্মুখে উপস্থিত হয়। রাজবাড়ীর রক্ষিসেনার কর্ত্তা ছিলেন লেপ্টেনাণ্ট ডাঙ্কানসন। তাহার অনুপস্থিতিতে সুবাদার গোলাপ সিংহ এই রক্ষিসেনার নেতৃত্ব লাভ করিয়াছিল। রক্ষিসৈন্যদিগের সমস্ত ব্যয় কুচবিহার রাজ সরকার হইতে বহন করা হইত। গোলাপ সিংহের জবানবন্দীতে প্রকাশ যে সর্ব্বানন্দের সুপারিশেই সে সুবাদারের পদে নিযুক্ত হইয়াছিল। গোলাপ সিংহ ও তাহার অধীনস্থ সিপাহীরা পূর্ব্বেই রাজবাড়ী আক্রমণের জনরব শুনিয়াছিল। ডাঙ্গর দেওর লোকজন রাজবাড়ীর সম্মুখে উপস্থিত হইলে গোলাপ সিংহ তাহাদিগকে বাধা দিবার আয়োজন করিয়াছিল কিন্তু কার্য্যতঃ সুবাদারের আদেশে সিপাহীরা আক্রমণকারীদিগকে বিনা বাধায় রাজবাড়ীতে প্রবেশ করিতে দেয়। গোলাপ সিংহের অধীনস্থ হাবিলদার ও সিপাহীদিগের সাক্ষ্যেই প্রকাশ যে তাহারা গণেশগীরের সন্ন্যাসী ও বরকন্দাজ অনুচরদিগকে প্রতিহত করিতে পারিত। গোলাপ সিংহ বলে যে বিদ্রোহী নায়কেরা তাহাকে ইংরাজী স্বাক্ষরযুক্ত সীলমোহর করা কোম্পানীর পরোয়ানা দেখাইয়া কহে যে তাহারা এই পরোয়ানা অনুসারে রাজা ও রাজমাতার সহিত বন্ধুভাবে সাক্ষাৎ করিতে আসিয়াছে। এই উপলক্ষে কাহারও প্রাণহানি হইলে তাহার জন্য গোলাপ সিংহ কোম্পানীর নিকট দায়ী হইবে। বিদ্রোহীরা রাজবাড়ীতে প্রবেশ করিবার পর রাজার পিতামহী শিশু রাজাকে কোলে লইয়া বাহিরে আসেন। তিনি ও নাবালক রাজা কুমার ভগবন্তনারায়ণের পালকিতে বলরামপুরে গিয়াছিলেন। রাণীকে সমস্ত পথ পায়ে হাঁটাইয়া নেওয়া হইয়াছিল। তদন্তের সময় মরিচমতী, ভগবন্তনারায়ণ, বীরেন্দ্রনারায়ণ, গণেশগীর ব্যতীত বুলচন্দ্র বড়ুয়া ও তাহার পুত্র বীরচন্দ্রের বিরুদ্ধেও রাজার পক্ষ হইতে নালিশ করা হইয়াছিল। মরিচমতীর পক্ষ হইতে বলা হয় যে সর্ব্বানন্দের সহিত ঘনিষ্ঠতার জন্য রাণী কমতেশ্বরীর প্রতি রাজপরিবারের লোকেরাও বিরক্ত হইয়াছিল। রাজার পিতামহী সত্যভামা দেবী, রাজার গর্ভধারিণী মাতা, রাজার পিতৃব্য বৈকুণ্ঠনারায়ণ এই সম্বন্ধে বলরামপুরে পত্র লিখিয়াছিলেন। সেইজন্যই রঙ্গপুরের কলেক্টরের কর্ম্মচারী রাজা অমৃত সিংহের পরোয়ানা দিয়া মরিচমতী বীরেন্দ্রনারায়ণ ও ভগবন্তনারায়ণকে রাজবাড়ীতে পাঠাইয়া ছিলেন। তদন্তের সময় এই পত্র ও পরোয়ানা পাওয়া যায় নাই। মরিচমতী বলেন যে বলরামপুর লুণ্ঠনের সময় সর্ব্বানন্দ এই সকল কাগজ পত্র লইয়া গিয়াছিলেন। সর্ব্বানন্দ এ কথা অস্বীকার করেন। মারসার ও সোভেট সাহেব তাহাদের রিপোর্টে সুবাদার গোলাপ সিংহকে দোষী বলিয়াই সাব্যস্ত করিয়াছেন। সমস্ত সাক্ষ্য প্রমাণ আলোচনা করিয়া তাহারা সিদ্ধান্ত করেন যে সুবাদার গোলাপ সিংহ বিদ্রোহীদিগের গোপন ষড়যন্ত্রে যোগদান করিয়াছিল। ৺কালিকা-দাস দত্ত সম্পাদিত *Cooch Behar State* এবং স্যার উইলিয়ম হাণ্টারের ***A Statistical Account of Bengal*** এ বলা হইয়াছে যে ১৭৮৮ খৃষ্টাব্দে এই বিদ্রোহ হয়। এই তারিখ নিঃসন্দেহ ভুল। মারসার ও সোভেট সাহেবের তদন্তের সময় সকল সাক্ষীই বলিয়াছে যে বাঙ্গালা ১১৯৪ সালের আষাঢ় মাসে রাজবাড়ী আক্রান্ত

CENTRAL LIBRARY

হয়। কাপ্তেন রটন রাজা ও রাণীকে উদ্ধার করিবার পর বলরামপুর হইতে রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেটকে যে পত্র লিখিয়াছিলেন তাহার তারিখ ২৭শে আগষ্ট, ১৭৮৭। সুতরাং ৺কালিকাদাস দত্ত ও হাণ্টার সাহেবের প্রদত্ত তারিখ গৃহীত হইতে পারে না। হাণ্টার সাহেবের লেখা পড়িয়া মনে হয় যে ভগবন্তনারায়ণই যে "ভাঙ্গর দেও" তাহাও তিনি জানিতেন না।

১। শোয়াশ মিটেনা—শ্বাস পড়ে না, স্বস্তি পাই না, নিশ্চিন্ত হইতে পারি না।

(১৩)

দরি মোহর—নূতন মোহর।

(১৪)

কমিশনের তদন্তে প্রমাণিত হইয়াছিল যে রাজা বা রাজমাতার প্রাণহানির আশঙ্কা কোন সময়েই ছিল না। রাজবাড়ী আক্রমণের ফলে রাজার একটি মোহরও লুণ্ঠিত হয় নাই। কমিশনরদ্বয় বলিতেছেন—**In does not appear from evidence that the deaths of the Rajah and Ranny were ever meditated, by the Nazir Deo, and the Ranny herself does not seem now disposed to insist on that charge** অন্যত্র **the Rajah does not appear to have been plundered of a single Gold mohur.** কুচবিহারের সরকারী ইতিহাসে (কালিকাদাস দত্ত সম্পাদিত) লেখা হইয়াছে যে ১৭৮০ সালে শ্যামচন্দ্রের প্ররোচনায় গুডল্যাডে সাহেব সর্ব্বানন্দ ও কাশিকান্তকে (মারসার ও সোভেট সাহেবের রিপোর্ট অনুসারে এই ভদ্রলোকের নাম কাশিনাথ। আমি এই নামটি সম্বন্ধে কালিকাদাস দত্তকে অনুসরণ করিয়াছি) কয়েদ করেন। ঐ বৎসর গুডল্যাড রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট ছিলেন না। কমিশনের রিপোর্ট হইতে স্পষ্ট দেখা যাইতেছে রাজা ধৈর্য্যেন্দ্রনারায়ণের মৃত্যুর পর সর্ব্বানন্দ ও কাশিকান্ত কয়েদ হইয়াছিলেন। সুতরাং ঐ ঘটনা ১৭৮৩ সালে ঘটিয়াছিল।

১। বড় কৌশলে—বড় কাউন্সিলে।

২। সন্ন্যাশীয়ান—সন্ন্যাসী শব্দের পারশী বহুবচন। কাপ্তেন রটনের পত্রে সন্ন্যাসী সর্দ্দারদিগের মধ্যে গণেশগীর ব্যতীত, বিষ্ণগীর (**Bishun Gheer**) ও অচল গীরের (**Assul Gheer**) নাম আছে। মারসার ও সোভেটের তদন্তবিষয়ক কাগজ পত্রে আরও অনেক নাম পাওয়া যায়।

৩। বক্সী—বাকী।

৪। পরশ্রয়—প্রশ্রয়।

(১৮)

১৭, ১৮ ও ১৯ নং পত্রে কাপ্তেন ডাঙ্কানসনের বিরুদ্ধে যে অভিযোগ করা হইয়াছে তাহা একেবারে অমূলক নহে। রাজার রক্ষণাবেক্ষণের জন্য যে চল্লিশ জন সিপাহী রাখা হইয়াছিল; লেপ্টেনাণ্ট ডাঙ্কানসন তাহাদের সেনাপতি নিযুক্ত হইয়াছিলেন। সিপাহীদিগের ন্যায় তিনিও কুচবিহারের রাজসরকার হইতে বেতন পাইতেন। মারসার ও সোভেট দুই দুইবার রাজা ও রাজমাতার অভিযোগ সম্বন্ধে পত্র লিখিয়া ডাঙ্কানসনের নিকট হইতে কোন সরল উত্তর পান নাই। পরে ২১শে আগষ্ট (১৭৮৮) তারিখে ডাঙ্কানসন কমিশনরদ্বয়ের নিকট যে কৈফিয়ত পত্র লেখেন তাহাতে প্রকারান্তরে রাজা ও রাজমাতার অভিযোগ সত্য বলিয়াই প্রমাণিত হয়। ডাঙ্কানসন বলেন যে ১৭৮৪ খৃষ্টাব্দের অক্টোবর মাসে এক ব্যক্তি কুচবিহারের রাজার পক্ষ হইতে শতকরা সাত টাকা সুদে তাহার নিকট ঋণ প্রার্থনা করে। তিনি প্রথমে টাকা দিতে রাজি হন নাই। পরে সকলেই এই ভাবে টাকা লগ্নি করে শুনিয়া তিনি টাকা ধার দেন। দেশীয় লোকের সহিত এরূপ কারবার করা যে অনুচিত তাহা তিনি জানিতেন না। প্রথম যখন তিনি জানিতে পারেন যে কাজটা বিধিসঙ্গত হয় নাই তখনই তিনি আসল টাকা লইয়া খত ফিরাইয়া দিবার প্রস্তাব করেন। কিন্তু সর্ব্বানন্দ তাঁহার প্রভুর সম্মান ও সুনামের হানিকর বলিয়া এই প্রস্তাবে সম্মত হন নাই। পরে তিনি অকপটে সকল কথা রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট ম্যাকডোয়াল সাহেবের গোচর করেন। তিনি ও তাহাকে টাকা আদায় করিয়া দিবার আশ্বাস দেন। ইহার পর তিনি এক রকম জোর করিয়া রাজার হাতে দলিলখানা দিয়াছিলেন কিন্তু রাজার ক্রন্দনে তিনি তাহা ফিরাইয়া লইতে বাধ্য হন। তিনি নামে ১৪০০০৲ আর্কটী টাকা পাইয়াছেন কিন্তু নারায়নী টাকার বাটা হিসাব করিলে তাহার প্রাপ্তির পরিমাণ ইহা অপেক্ষা অনেক কম হইবে। তাহার প্রাপ্য পরিশোধ হয় নাই বলিয়া এবং তিনি আর এই হাঙ্গামায় থাকিতে চাহেন না বলিয়া অপর আর একজনের নামে খত লওয়ার প্রস্তাব হয় (এই প্রসঙ্গে ডাঙ্কানসন রাজা অমৃত সিংহ এবং রাধাচরণ সাহার নাম করিয়াছেন)। কুচবিহারে তাহার স্বাস্থ্য ভাল থাকিত না বলিয়া তিনি রঙ্গপুরে গিয়াছিলেন। নাজির দেওর অভিসন্ধি সম্বন্ধে অনেক দিন হইতেই নানা প্রকার জনরব প্রচলিত ছিল। এই সকল অভিযোগ কেহই বিশ্বাস করে নাই। কারণ নাজির দেওর পরিজনদিগের তখন অন্নবস্ত্রের সংস্থানও ছিল না। অপর পক্ষে সকলেরই ধারণা ছিল যে সর্ব্বানন্দের প্রতি নাজির দেওর ব্যক্তিগত আক্রোশ আছে, রাজা বা রাজমাতার প্রতি তাহার বিদ্বেষ নাই। ১৭৮৭ সালের মার্চ্চ মাসে তিনি সর্ব্বানন্দের নিকট হইতে রাজবাড়ী আক্রমণের জনরব সম্বন্ধে এক পত্র পান। তিনি কলেক্টরকে তৎক্ষণাৎ এই পত্রের কথা জানাইয়াছিলেন। কিন্তু কলেক্টর সর্ব্বানন্দের কথা বিশ্বাস করেন নাই এবং লেপ্টেনাণ্ট ডাঙ্কানসনকে বলিয়াছেন যে অসুস্থ

দেহে অযথা তাহার কুচবিহার যাওয়া সঙ্গত হইবে না। জুন মাসে তিনি কয়েকবার কুচবিহার যাইবার উদ্যোগ করিয়াছিলেন। কিন্তু প্রত্যেকবারই ম্যাকডোয়াল সাহেব তাহাকে নিবৃত্ত করিয়াছেন। এদিকে সর্ব্বানন্দও কিছুতেই কলেক্টরের সঙ্গে সাক্ষাৎ করেন নাই। শেষে ডাক্কানসন কুচবিহার যাইতে বদ্ধপরিকর হইলে সর্ব্বানন্দের দোষেই তাহার দুই দিন বিলম্ব হয়। ম্যাকডোয়াল সাহেব বলেন যে প্রাপ্য টাকা না পাইলে তাহার কুচবিহার যাওয়া উচিত হইবে না। তিনি কুচবিহার যাইয়া শুনিতে পান যে সর্ব্বানন্দের পদচ্যুতির জন্য অল্প কয়েক দিনের জন্য রাজা ও রাণীকে বলরামপুরে নেওয়া হইয়াছে। কলেক্টর হুকুম করিলেই তাহারা কুচবিহার ফিরিয়া আসিবেন। গোলাপ সিংহ সম্বন্ধে ডাক্কানসন বলেন যে সুবাদার ইচ্ছা করিলেই রাজবাড়ী রক্ষা করিতে পারিত। অপরের দোষের জন্য তিনি দায়ী হইতে পারেন না। পূর্ব্ববর্ত্তী দুই পত্রে তিনি সর্ব্বানন্দের আচরণের তীব্র নিন্দা করিয়াছেন এবং বলিয়াছেন যে গোস্বামীর প্ররোচনায়ই তাহার বিরুদ্ধে অযথা অন্যায় অভিযোগ আনা হইয়াছে। রাণীকে পরিত্যাগ করিয়া সর্ব্বানন্দের কুচবিহার হইতে অন্যত্র যাওয়া উচিত হয় নাই। রঙ্গপুর যাইবার ১২ দিন পূর্ব্বে তিনি রাজা অমৃত সিংহের মারফত ৭০০০৲ আর্কটী টাকা পাইয়াছিলেন বলিয়া স্বীকার করিয়াছেন।

১। কামান—ইংরাজী command। সিপাহীদিগকে নিজের অধীনে বা কামানে রাখা ডাক্কানসনের পক্ষে আদৌ অন্যায় হয় নাই। কাপ্তেন রটন কুচবিহার হইতে যাইবার সময়ে ডাক্কানসনের উপরই রাজা ও রাজবাড়ী রক্ষার ভার দিয়া গিয়াছিলেন এবং গভর্ণমেণ্টেরও হুকুম ছিল যে কমিশনের তদন্ত শেষ না হওয়া পর্য্যন্ত কুচবিহারের সিপাহীরা ডাক্কানসনের অধীনে থাকিবে।

(২০)

১। সঙ্কোচিত—শঙ্কিত, শঙ্কিতচিত্ত।

২। গ্রাহক—গ্রহণেচ্ছু। আমার রাজ্য ও প্রাণ ও জাইতের গ্রাহক—আমার রাজ্য প্রাণ ও জাতি (মান) লইতে বা নষ্ট করিতে চাহে।

(২৭)

গাহক—গ্রাহক, গ্রহণেচ্ছু।

(২৮)

১। কারখানাজাত—কারখানার বহুবচন। রাজার হাতিশালা, আস্তাবল, অস্ত্রাগার প্রভৃতি।

২। লাঘবতা—অপমান, হীনতা।

৩। জঘন্য—হীন, ছোট।

CENTRAL LIBRARY

৪। এক জায়গায় মূলপত্রে হরেন্দ্রনারায়ণের নাম ভুলক্রমে ধরেন্দ্রনারায়ণ লেখা হইয়াছে।

(২৯)

পারসী পত্র অনুসারে এই চিঠির তারিখ ৪ঠা বৈশাখ।

(৩০)

লেপ্টেনাণ্ট ফিলিপ ক্রাম্পের বিরুদ্ধে অভিযোগ অমূলক। অভিযুক্ত সুবাদার পুর্ব্বে কোম্পানীর ফৌজে চাকরী করিত বলিয়া ফিলিপ ক্রাম্পের প্রতি সন্দেহ হইয়া থাকিবে।

১। বুজীতে পারেন না খতে—("খতে" লিপিকর প্রমাদ, শুদ্ধ পাঠ "মতে" হইবে)। বুঝিতে পারেন না বলিয়া।

(৩১)

১। সিরতাজ করিয়া—মাথার মুকুট করিয়া, মাথায় লইয়া।

২। ছাওনি—শিবির।

৩। ডাকা মারিতে—আচম্বিতে আক্রমণ করিতে।

৪। দেহড—ইংরাজী volleyর সমানার্থক শব্দ ?

৫। ভগ্ন হইল—ছত্রভঙ্গ হইল, ভাগিল।

(৩২)

দ্বিতীয় মহীশূর যুদ্ধ উপলক্ষে লর্ড কর্ণওয়ালিস ১৭৯০ সালের ডিসেম্বর মাসে মাদ্রাজ গিয়াছিলেন। তথা হইতে যুদ্ধক্ষেত্রে যাইয়া নিজে সৈন্য পরিচালনার ভার গ্রহণ করেন। ১৭৯২ সালে যুদ্ধ শেষ হইলে আবার কলিকাতায় ফিরিয়া আসেন। রাণী কমতেশ্বরীর পত্রে মহীশূর যুদ্ধ অন্তে কলিকাতায় প্রত্যাবর্ত্তনের কথা বলা হইয়াছে।

(৩৩)

১। নিবেদনিঞা—যাহার কাছে নিবেদন বা অভিযোগ করা চলে।

২। তলপ করিয়া—ডাকাইয়া।

৩। ঠাওরে—দেখা যায়।

(৩৪)

হ্যামিল্টন সাহেব *East India Gazetter* এর প্রথম খণ্ডের ২৪২ পৃষ্ঠায় বলিয়াছেন যে ১৭৯১ সালে বিজনীর রাজা হরীন্দ্রনারায়ণ বা হরিদেবনারায়ণ (তাহার পিতৃব্য নাজির মহীন্দ্রনারায়ণের ষড়যন্ত্রে) নিহত হন। তাহার মৃত্যুর পর রাজ্যের

উত্তরাধিকার লইয়া যে গোলযোগ হয় এই পত্র তৎসম্বন্ধে লিখিত হইয়াছে। হ্যামিল্টন বলেন যে হরিদেবনারায়ণের মৃত্যুর পর দেবরাজার অনুমোদনে মহীন্দ্রনারায়ণ বিজনীর রাজা হন। বিজনীর রাজা আংশিকভাবে ভূটানের আধিপত্য স্বীকার করিতেন। গোয়ালপাড়া গেজেটিয়রের মতে ১৭৮৮ খৃষ্টাব্দে মুকুন্দনারায়ণের পর তাহার ভ্রাতা (cousin) হরিদেব-নারায়ণ রাজা হন। তাহার পর বলিতনারায়ণ বিজনীর রাজ্য লাভ করেন। ১৮৭০ সালের জুন মাসে বিজনীর নাবালক রাজার মাতা উপেশ্বরী দেবী (Upeshuree Dabee) গবর্ণমেণ্টের নিকট যে দরখাস্ত করেন তৎসংলগ্ন বংশলতিকায় বলা হইয়াছে রাজা মুকুন্দ-নারায়ণের মৃত্যুর পর তাহার সহোদর (own brother) হরিদেবনারায়ণ রাজা হন। তাহার মৃত্যুর পর মুকুন্দনারায়ণের বিধবা রাণী কমতেশ্বরী বলিতনারায়ণকে দত্তক গ্রহণ করেন এবং তিনি পিতৃব্যের ত্যক্ত রাজ্য লাভ করেন। ৫৬ নং ও ১৩৫ নং পত্রে এই বলিতনারায়ণ রাজার উল্লেখ আছে। সুতরাং এই পত্রের বুধনারায়ণ কোন রাজার পুত্র, তাহার পিতার কোন দাসীপুত্র রাজা হইতে চেষ্টা করিতেছিল, তাহা স্থির করিতে পারি নাই।

১। বিবদ—বিরোধ।

(৩৬)

১। বাসন—এক প্রকার নৌকা।
২। ঞীহো—ইনি।
৩। বারি—বাহির।
৪। বাজায়—বজায়, বাহাল।
৫। তেহো, তিহো—তিনি।
৬। টপায়া—টপকাইয়া।

(৩৭)

করাশী—Currency ?

(৩৮)

১। চসম—(কসম ?) দিব্য।
২। অতিত—এক সম্প্রদায়ের ফকির।
৩। বারি থাকিয়া—বাড়ী হইতে।
৪। বিসই—বিষয়।

(৩৯)

১। বত্তর—বৎসর।
২। বিগাড়—বিকার, ভেদ।

CENTRAL LIBRARY

৩। বর করিয়া—বল করিয়া ?

৪। কৌসল / কৌশল } —কাউন্সিল।

(৪০)

বড়লাটের নিকট বড়বড়ুয়া ও চোলাধরা ফুকনের পত্র। ভূমিকায় এই অভিযোগের কথা আলোচনা করা হইয়াছে।

১। ওজাইয়া—উজাইয়া, উজান বাহিয়া, স্রোতের বিপরীত দিকে চলিয়া।

২। শুত্র=সূত্র।

৩। নিরিক্তে—নিমিত্ত।

৪। গ্রাক্রায় ভজি=আশ্রয় ভাজন ?

৫। খুয়া—খুড়া ?

৬। সএতে—সহিতে।

৭। ওভায়েত—উভয়তঃ।

৮। জায়াত—যাবৎ।

৯। উদযগী কিপার—কৃপার উদ্যোগী, অনুগ্রহ প্রার্থী ?

(৪২)

১। বাচিন্দা—বাসিন্দা।

২। চোট—ছোট।

(৪৩)

১। বিগারে—নষ্ট করে, খারাপ করে।

২। গুয়া পোরানিবরা=সমসাময়িক সরকারী ইংরাজী অনুবাদে ভূঁইয়া ভবানীপদ নাম পাওয়া যায়।

৩। বস—যথেষ্ট।

৪। সেবাই—সেওয়ায়।

৫। থির—স্থির।

৬। ওবাকিপ—ওয়াকিফ্, জ্ঞাত।

৭। পদাইব—লিপিকর প্রমাদ, পঠাইব—পাঠাইব।

৮। চফেদ—সফেদ—সাদা।

(৪৬)

এই চিঠি দুইখানি আসামের বড়ফুকন ও রাজা গৌরীনাথ সিংহ কুচবিহারের কমিশনর ক্রস সাহেবকে লিখিয়াছিলেন।

১। তাগিদ তাগিদ—তাড়াতাড়ি।

CENTRAL LIBRARY

(৫১)

শোধাই — শোধ করিয়া।

(৫২)

নাঙ্গাতি — নারঙ্গি ? কমলালেবু ?

(৫৩)

চেটিয়া বড়ফুকনের পত্র।

১। পাচ — পাশ, নিকট।

২। খাপা — খাপ্পা, ক্রুদ্ধ।

৩। পরিণাতি — প্রপৌত্র।

৪। এড়িলাম — ত্যাগ করিলাম, ছাড়িলাম।

৫। পিস্তি — পিষিয়া, পেষণ করিয়া।

৬। কুনাবায়া — কোপাইয়া ? অস্ত্রাঘাত করিয়া ?

(৫৪)

আসামের রাজার পত্র।

১। আবস্থক — অবশ্য। পূর্ব্ববঙ্গের প্রচলিত ভাষায় এখনও এইরূপ প্রয়োগ দেখা যায়।

(৫৫)

নদী পুরাটে — নদী ভরাট হওয়ায়, নদীতে চর পড়ায়।

(৫৬)

১। লাহা — লাক্ষা।

২। সাপাই — সিপাহী।

৩। দবরদস্তি — জবরদস্তি।

৪। পরদা — পয়দা, লিপিকর প্রমাদ।

(৫৮)

১। কেলকটুর — কলেক্টর।

২। প্রকোত — প্রকৃত।

(৫৯)

আসামের রাজার পত্র।

১। আম্রারো — আমাদিগেরও।

২। স্থধারাই — সুধারায়, উত্তমপ্রকারে।

৩। তেমত — সেইমত।

CENTRAL LIBRARY

(৬০)

১। কমি উদয় — কম আদায়।

২। মনাকসার — মনোমালিন্যের।

(৬১)

১। কিস্তি — নৌকা।

২। হুকুম বাজাইব — আদেশ প্রতিপালন করিব।

৩। ছাব — ছাপ, মোহর বা শীলের চিহ্ন।

(৬৪)

১। রেবিন বোরতে — রেভেনিউ বোর্ডে।

২। সর্দাইনা — সদাই ?

(৬৫)

১। কুরুক — ক্রোক।

২। দন্ত — হস্তিদন্ত।

৩। পরবিসয় — পরওয়ারিশ হয়, প্রতিপালন হয়।

৪। দেও-অহিবা — দেওয়াইবা।

৫। লিখিবাম—লিখিব।

(৬৭)

গেদর — শৃগাল।

(৬৯)

রাঙ্গামাটির বরকন্দাজদিগের সর্দ্দার নিয়ামত খাঁ কুচবিহারের কমিশনরের নিকট এই পত্র লিখিয়াছে।

(৭০)

করইবাড়ীর জমিদার মহেন্দ্রনারায়ণ কাপ্তেন টমাস ওয়েলসকে এই পত্র লিখিয়াছেন। বাঙ্গালা পত্রে তারিখ আছে, সালের উল্লেখ নাই। ইংরাজীতে লেখা আছে যে এই চিঠিখানি ১৭৯৯ খৃষ্টাব্দের ১২ই মার্চ্চ সরকারী দপ্তরে পৌছিয়াছে। কাপ্তেন ওয়েলস ইহার বহু পূর্ব্বেই ১৭৯৪ সালে আসাম পরিত্যাগ করিয়াছিলেন। সরকারী কাগজ-পত্রে দেখা যায় যে মহেন্দ্রনারায়ণ ১৭৯২ অথবা ১৭৯৩ সালে ভুটানে আশ্রয় গ্রহণ করিয়া ছিলেন। সুতরাং এই পত্র ১৭৯৯ সালের হইতে পারে না, সম্ভবতঃ ১৭৯৩ সালে এই পত্র লেখা হইয়া থাকিবে। করইবাড়ী পরগনার আয়তন ৩১৭ বর্গ মাইল। ১৮০৯

CENTRAL LIBRARY

খৃষ্টাব্দে বাকী খাজানার দায়ে মহেন্দ্রনারায়ণের জমিদারী নিলাম হয় এবং কুচবিহারের দেওয়ান রমানাথ লাহিড়ী করইবাড়ী পরগনা খরিদ করেন।

(৭২)

১। গ্রামহা—গ্রাম সকল।

২। বদপেটী—যাহার ভিতরে বা পেটে গলদ বা ভুল আছে।

(৭৪)

১। নারা—নারারা আহোমদিগের নিকট জ্ঞাতি। হুকং উপত্যকায় তাহাদের পূর্ব্ব নিবাস ছিল। পরে তাহারা পূর্ব্ব আসামে প্রবেশ করে এবং তথায় মৌ ও খামতিদিগের সহিত তাহাদের ক্রমশঃ মিশ্রণ হয়। নারারা বৌদ্ধ ধর্ম্মাবলম্বী এবং আদিম জাতিদিগের তুলনায় অপেক্ষাকৃত শিক্ষিত ও সভ্য। ১৫৬৭ খৃষ্টাব্দে নারাদিগের সহিত আহোমদিগের প্রথম সংঘর্ষ হয়। এই যুদ্ধে নারারাজ আহোমদিগের হস্তে পরাজিত হইয়া পলায়ন করিতে বাধ্য হইয়াছিলেন। ১৭৭৯ সালে খামজঙ্গ হইতে আগত এক নারা দলপতি চুটিয়া ও মিশমিদিগের সাহায্যে সদিয়া অঞ্চলে বিদ্রোহ করিয়াছিল। গৌরীনাথ সিংহ ও তাহার পরবর্ত্তী রাজাদিগের আমলে অন্যান্য আদিম জাতীয় লোকের ন্যায় নারারাও পুনরায় বিদ্রোহী হয়।

২। পদোকৌঞর—পদ্মকুমার, রাজা ব্রজনাথ সিংহের অপর নাম।

(৭৫)

১। গুবাহাটা—গৌহাটি।

২। পুরা হৈয়াছে—সম্পূর্ণ বা শেষ হইাছে, মরিয়াছে।

৩। দায়া—দয়া।

৪। রনা—পুরাতন (?) ঢিলা (?)

৫। বমে—বময়, সহিত।

৬। চরমজান—সরঞ্জাম।

৭। উজান ভাটী—পূর্ব্ব পশ্চিম, ব্রহ্মপুত্রের স্রোতের বিপরীত ও অনুকূল দিক।

৮। গুবালপারাই—গোয়ালপাড়ায়।

৯। বেরিলগা—শৃঙ্খলাবদ্ধ।

১০। ফ্বারিয়া—ফ্বারিয়া বড়ুয়া।

১১। যদ্বা—অথবা।

১২। কালাপ্রাপ্তি হোবা—পরলোকগত।

১৩। খদমতগারি দুইজন স্ত্রী—দাসী। উপরে কুমার ব্রজনাথ সিংহকে গোলাম বলা হইয়াছে। পরলোকগত রাজা গৌরীনাথ সিংহের বিধবা পত্নী রাণী কমলেশ্বরী দেবী

CENTRAL LIBRARY

চিলমারিতে আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। তাহাকেই কি পলাতকা দাসী বলিয়া ইঙ্গিত করা হইয়াছে ?

১৪। তরাই = ত্বরায়।

(৭৬)

পাথরকলা বন্দুক — ফ্লিন্টলক।

(৭৭)

১। লুক — লোক।

২। অনাহত — অকারণ।

৩। দেস্থ — দেশস্থ।

৪। কেওরের — কাহারও।

(৭৮)

১। প্রিওজন — প্রয়োজন।

২। পুরবক — পূর্ব্বক।

৩। ভেটি — ভেট বা উপহার বাবদ অতিরিক্ত কর।

(৭৯)

১। পাইকারি করি — খুচরা বিক্রয় করি।

২। কারতিওালা সিপাই — কুর্ত্তিওয়ালা, uniform পরা সিপাহী।

৩। রসি — দড়ি।

৪। ফএর করাতে — ইংরাজী fire করাতে, আওয়াজ করাতে, গুলি করাতে।

৫। দাইক — দায়ী, দেনাদার।

(৮০)

১। প্রকীর্ত্ত — প্রকৃত।

২। গোবয় — গবয়, মিথুন, আরণ্য গরু বিশেষ।

৩। জজ্ঞ — যোগ্য।

(৮১)

১। খোচাইয়াছি — জানাইয়াছি, স্মরণ করাইয়া দিয়াছি।

২। জেষ্ঠ পিত্রি — পিতার জেষ্ঠা ভ্রাতা, জেষ্ঠতাত।

৩। দোগেপি — দুই খেপে, দুইবার।

৪। লেড়িতে — লড়াই করিতে।

৫। সাবসেস — সম্পূর্ণ।

৬। সোমায়া — লুকাইয়া।

CENTRAL LIBRARY

৭। ডাওরাই, ডাওডাই—কুক্কুটবর্গের ফেজেন্ট (pheasant) জাতীয় পাখীর সাধারণ নাম। আসামে একাধিক ফেজেন্ট এই নামে পরিচিত। কখনও কখনও ময়ূরকেও ডাওডাই বলা হয়। কিন্তু আসাম হইতে যে সকল ডাওডাই পাখী উপহার আসিত তাহা বঙ্গদেশে দুষ্প্রাপ্য কোন ফেজেন্ট হওয়াই সম্ভব। স্টুয়ার্ট বেকার বলেন যে, আসামী ভাষায় Bhutan Peacock Pheasantএর (Polyplectron bicalcaratum bakeri) নাম ডেয়োডাহুক (Deyodahuk) বা ডেওডেরিক (Deoderick) কাছাড়ী ভাষায় ডাওডাইডিপ (Daodaidip)—*Fauna of the British India, Birds vol v* p291. উপহারের পাখী এই ময়ূর ফেজেন্ট হওয়াই সম্ভব।

(৮২)

এই পত্রের লেখক আসামের বুড়া গোহাঞি।

১। সিমা নাই—সীমানায়।

(৮৪)

১। মলঙ্গীয়ান তাফালিয়ান ও মাহেন্দারান—মলঙ্গী, তাফাল ও মাহেন্দারের বহুবচন। মলঙ্গী ও তাফাল=লবণ প্রস্তুতকারী, মাহেন্দার—চাকর।

২। পররিষ—পরবরিষ, প্রতিপালন।

৩। তালাপী—তত্ত্বাবধান।

৪। কারন নহে—কারণ নাই।

৫। অর্ত্ত—অর্থ।

৬। গোরগুষ্ঠী—আত্মীয় পরিজন।

৭। পূর্ন—পুণ্য।

(৮৬

১। কৌচল—কাউন্সিল (Council)।

২। সাখি—সাক্ষী।

৩। আচল—আসল।

৪। কাকত—কাগজ।

৫। লহনা—লগ্নি।

(৮৭)

১। ঝটীত—শীঘ্র।

২। পরিচ্ছিন্ন—পরিষ্কার।

CENTRAL LIBRARY

(৮৮)

রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেটের নিকট লেখা চিঠি।

১। মোহন্নতি — মহোন্নতি।

২। ফরিয়াদী — এখানে ফরিয়াদ — বিবাদ।

৩। এরিলো — পরিত্যাগ করিলাম।

(৮৯)

১। এহি দারা — এই রকমে। ধারা শব্দের অপভ্রংশ।

২। রফা — নিষ্পত্তি।

৩। চই — ছয়।

৪। খালাচ — খালাস, মুক্ত।

৫। অন্নাই — অন্যায়।

(৯০)

১। জজ সাহেব — রঙ্গপুরের জজ।

২। রুট — রোশ। লিপিকর প্রমাদ।

(৯৩)

১। দিব্য — দ্রব্য।

২। মরার্ম্মত — মেরামত।

৩। অক্যতা — ঐক্য।

৪। প্রস্তাপ — প্রস্তাব।

৫। উজার — অনাবাদ, বসতি ও চাষবিহীন।

৬। খেদিয়াছিল — দূর করিয়াছিল।

৭। জনাজাতে — প্রত্যেক জনের পৃথক উল্লেখ করিয়া।

(৯৪)

পায়মাল — (পারশী) নষ্ট, ধ্বংশ।

(৯৬)

১। ম্রয়াস — মিরাস।

২। দৌতা — যাহা বর্ষার সময় দৌত হয় বা ডুবিয়া যায়।

৩। দেহা — গ্রাম।

৪। বিস — ১২ বিঘা ১৬ কাঠায় এক বিস।

CENTRAL LIBRARY

কুচবিহারের প্রাচীন মাপ এইরূপ—

৫ বর্গ গজে	১ গণ্ডা
২০ গণ্ডায়	১ কালি
১৬ কালিতে	১ দোন
২০ দোনে	১ বিস

৫। সর্ম্মেক—সম্যক, সম্পূর্ণ।

৬। আওাসের—বাসের।

(৯৭)

করারনামা কয়খানি চুঁচুড়ার অস্থায়ী কমিশনর (Acting Commissioner) পাঠাইয়াছিলেন। সুতরাং তাহার সহিতই দেওয়াল তৈয়ার করিবার চুক্তি হইয়াছিল বলিয়া মনে হয়।

(১০০)

১। মুলাগৎ—সাক্ষাৎ।

২। কারবারী লোক—যাহারা কার্য্য কারবার করিত, সম্ভ্রান্ত কর্ম্মচারী।

(১০২)

উপস্বয়ে—উপস্বত্ত। আয়।

(১০৩)

১। কওসলে—কাউন্সিলে।

২। বিতিতেছে—লিপিকর প্রমাদ, ফিরিতেছে।

(১০৪)

এহি চান্দের—বর্ত্তমান চান্দ্র মাসের।

(১০৫)

১। কর্পোত—কুপাতে।

২। গাওা—সাক্ষী।

(১০৬)

আৰ্দ্ধিবধি—অদ্যাবধি।

(১১২)

১। জিলে জসরের বাসিন্দা—১২৪ নং পত্রে এই ব্যক্তিকে চাপঘাট পরগনার ভাঙ্গানিবাসী বলা হইয়াছে।

২। না রোকে—না বাধা দেয়।

এই পত্রের উত্তরে ১৮১১ সালের ২০শে এপ্রিলের পত্রে কাছাড়ের রাজার প্রথম প্রস্তাব (প্রয়োজন হইলে সৈন্য সাহায্যদানের প্রার্থনা) অস্বীকার করা হয়। জমি-সম্বন্ধীয় অভিযোগের তদন্ত করা হইবে বলিয়া প্রতিশ্রুতি দেওয়া হয়। অস্ত্রশস্ত্র কিনিবার অনুমতি এবং প্রার্থিত রাহাদারি দেওয়া হইয়াছিল।

(১১৩)

১। লর্ম্বার—মেম্বর। বড় লর্ম্বার—সিনীয়র মেম্বর।

২। দোহপাটে = দুই রাজ্য।

৩। বিরিজ = খারিজের লিপিকর প্রমাদ? অথবা ইংরাজী breach এর অপভ্রংশ?

৪। গিরিআমল = গয়ের আমল, অন্যায় দখল।

৫। মন নরানড়ি = মন কসাকসি, মনোমালিন্য।

৬। রাইতবেড়াত = রাতারাতি।

(১১৬)

এই পত্রের তারিখ ৩০৩ রাজশক বৈশাখ, ইংরাজী ১৮১২-১৩ সালের এপ্রিল—মে মাস। পাদরী টমাস ম্যানিং (Thomas Manning) ১৮১১ সালের সেপ্টেম্বর মাসে রঙ্গপুর হইতে লাসা যাত্রা করেন এবং ১৮১২ সালের ১৯শে এপ্রিল লাসা হইতে রওনা হইয়া ৩রা জুন কাঁটালবাড়ি এবং ১০ই জুন কুচবিহারে পৌছান। বর্ত্তমান পত্র ১৮১৬ খৃষ্টাব্দের আগষ্ট মাসে সরকারের দপ্তরে পৌছিয়াছিল। সুতরাং এই পত্রখানা পাদ্রী সাহেবের প্রত্যাবর্ত্তনের অব্যবহিত পরে লেখা। ম্যানিং সাহেব পারো হইয়া তিব্বত গিয়াছিলেন, সুতরাং পত্রে যে পেনলোর কথা বলা হইয়াছে তিনি পারোর শাসন কর্ত্তা। ম্যানিং তিব্বত ভ্রমণের কোন বিস্তৃত বিবরণ লেখেন নাই। তাহার সংক্ষিপ্ত রোজনামচায় পারো পেনলোর আতিথ্যের কোন উল্লেখ নাই। কিন্তু ম্যানিং তাহার ভ্রমণ বৃত্তান্তের প্রারম্ভে একজন বাঙ্গালীর নাম উল্লেখ করিয়াছেন। তিনি লিখিয়াছেন—I arrived at Cantalbary on Friday the 7th of September, 1811, and at Tazigong on Tuesday following; and left Tazigong on Friday morning, on what I call the 14th. Mr. Roy left me halfway to Cantalbary. (Markham—*Narrative of the Mission of George Bogle to Tibet and of the Journey of Thomas Manning to Lhasa, p. 213*) ম্যানিংএর বিবরণ হইতে মিঃ রায়ের পরিচয় পাইবার উপায় নাই। কাঁটালবাড়ি রঙ্গপুর হইতে ৬৩ মাইল উত্তরে। মিঃ রায় ম্যানিং সাহেবকে ভুটানের পথে অন্ততঃ ৩০ মাইল আগাইয়া দিয়া আসিয়াছিলেন। ১৮১১—১২ খৃষ্টাব্দে রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেট ছিলেন জন ডিগবি এবং তাহার দেওয়ান ছিলেন রামমোহন রায়। ম্যানিংএর সঙ্গে

যে মিঃ রায় কাঁটালবাড়ির পথে গিয়াছিলেন তিনি রামমোহন নহেন ত? জন ডিগবি ১৮১১ খৃষ্টাব্দের ২১শে ডিসেম্বরের পত্রে লিখিয়াছেন যে ভুটানের কর্ম্মচারীদিগকে তিনি বেসরকারী ভাবে ম্যানিংকে সাহায্য করিবার জন্য অনুরোধ করিয়াছিলেন। কিন্তু তিনি রামমোহন রায়ের নাম করেন নাই।

১। তোমার লোক বুলিয়া—ম্যানিং সাহেব বাঙ্গালা সরকারের প্রতিনিধিরূপে তিব্বত গমন করেন নাই, সাধারণ ভ্রমণকারী হিসাবে গিয়াছিলেন। সরকার হইতে হয়ত তিনি পরিচয় পত্র বা সুপারিশ চিঠি পাইয়াছিলেন। ম্যানিং স্বয়ং এই জন্য বিশেষ বিরক্তি প্রকাশ করিয়াছেন। I cannot help exclaiming, in my mind (as I often do), what fools the Company are to give me no commission, no authority, no instructions ......Fools, fools, fools, to neglect an opportunity they may never have again! (p 218)

২। পেনিয়া—লিপিকর প্রমাদ? ছিনিয়া?

৩। কমলি—কম্বল। তখন ভোট কম্বলের বিশেষ আদর ছিল।

৪। রঙ্গপুরের সাহেব দেওন সহিত—জন ডিগবি ও রামমোহন রায়।

(১১৭)

১। মুনসী বাহাদুর—পারশীয়ান সেক্রেটরী?

২। চহি—সহি।

৩। প্রচান—প্রচলন, অথবা প্রচার?

৪। দেওয়ানজী—চীফ সেক্রেটরী?

(১২১)

কাছাড়ের রাজভ্রাতা গোবিন্দচন্দ্রের পত্র।

(১২২)

নবীন গবর্ণর বাহাদুর—আর্ল অব ময়রা, পরে মার্কুইস অব হেষ্টিংস।

(১২৩)

১। হর্দ্দো—হরদো, দুইজন।

২। বাজিবি—ন্যায্য।

৩। মৌত হৈয়াচে—মারা গিয়াছে।

৪। খামতি—বিখ্যাত শান বা ঠাই জাতির এক শাখা। ইরাবতী নদীর উৎপত্তি-স্থানের সন্নিহিত বরখামতি প্রদেশে ইহাদের আদি নিবাস। ইহারা অপেক্ষাকৃত আধুনিক সময়ে আসামে বসতি স্থাপন করিয়াছে। আসামে প্রবেশ করিয়া ইহারা প্রথম টেঙ্গাপানি নদীর তীরে উপনিবেশ স্থাপন করে। পরে রাজা গৌরীনাথ সিংহের রাজত্ব কালে সমগ্র

CENTRAL LIBRARY

দেশব্যাপী অরাজকতার সুযোগে খামতিরা সদিয়া প্রদেশ দখল করে এবং খামতিদিগের নায়ক সদিয়া খোয়াগোহাই উপাধি গ্রহণ করে। আসামের রাজা খামতি নায়ককে সদিয়ার শাসনকর্ত্তা বলিয়া স্বীকার করিতে বাধ্য হন। আসামে ইংরাজ শাসন প্রবর্ত্তনের পরও খামতি সর্দ্দারের এই দাবী স্বীকৃত হইয়াছে। ১৮৩৯ খৃষ্টাব্দে তাহারা ইংরাজ গবর্ণমেণ্টের বিরুদ্ধে বিদ্রোহ করে। খামতিরা বৌদ্ধ ধর্ম্মাবলম্বী। বুদ্ধদেবের জন্ম ও নির্ব্বাণ তিথি তাহাদিগের প্রধান পর্ব্ব দিবস। এই দুই দিন নৃত্যের দ্বারা তাহারা বুদ্ধের আবির্ভাব ও তিরোধানের কাহিনীর অভিনয় করে। খামতিরা অন্যান্য আদিম জাতি অপেক্ষা অধিক সভ্য ও শিক্ষিত। তাহারা মহিষচর্ম্মনির্ম্মিত ঢাল ও তীক্ষধার "দাও" লইয়া যুদ্ধ করিত। ইংরাজদিগের সংস্পর্শে আসিবার পর খামতিদিগের মধ্যে বন্দুকেরও প্রচলন হইয়াছে। ইহারা বাঁশের ভেলা নির্ম্মাণ করিতে বিশেষ দক্ষ।

৫। মায়ামরিয়া—মোয়ামারিয়া। ভূমিকা দ্রষ্টব্য।

৬। ডাফলা—ইহারা আবরবর্গের পর্ব্বতীয় মিরিদিগের নিকট জাতি। আসামের লখিমপুর ও তেজপুর জিলায় সুন্দরী ও ভরোলী নদীর মধ্যবর্ত্তী প্রদেশে ডাফলা-দিগের বাস। ইহাদিগের মধ্যে বহু পত্নী ও বহু পতি গ্রহণের উভয় প্রথাই প্রচলিত আছে। আসামে বসতি স্থাপন করিবার পর ডাফলাদিগের সহিত সমতলবাসী অন্যান্য জাতির সংমিশ্রণ হইয়াছে। ডাফলারা নানাবিধ অপদেবতার পূজা করিয়া থাকে। তাহারা একজন সর্ব্বশক্তিমান সৃষ্টিকর্ত্তার অস্তিত্বে বিশ্বাস করে কিন্তু তাহার আরাধনা করে না। ডাফলারা "বাঙ্গনি" বলিয়া নিজেদের পরিচয় দেয়। বাঙ্গনি শব্দের অর্থ মানুষ। বাদশাহ ঔরংজীবের আমলের একজন লেখক বলিয়াছেন যে আহোম রাজারা কখনও ডাফলাদিগের উপর আধিপত্য স্থাপন করিতে পারেন নাই। ইহারা সন্নিহিত প্রদেশের প্রজা বা পাইকদিগের নিকট "পোসা" নামক কর আদায় করিত। প্রত্যেক দশটি পরিবার হইতে ডাফলা সর্দ্দারেরা ১০টি গরু বা মহিষ, চারি সের লবণ, একখানা দাও, একখানা গামছা, একখানা ধুতি ও একখানা ডবলধুতি আদায় করিত। ইহাদিগের অত্যাচারে আসামের প্রজারা অত্যন্ত বিপন্ন হইয়া পড়িয়াছিল। ১৮৭৪-৭৫ সাল পর্য্যন্ত ডাফলাদিগের উপদ্রব নিবারণের জন্য ইংরাজ গবর্ণমেণ্টকে ফৌজ পাঠাইতে হইয়াছে।

৭। মচম্মি—মিসমি বলিয়া বোধ হয় না। বিজনীর সীমান্ত ও মিসমি দেশের মধ্যে আকা, ডাফলা, খামতি, মিরি, আবর প্রভৃতি অন্যান্য বহু আদিম জাতির বাস।

(১২৪)

কাছাড়ের রাজা কৃষ্ণচন্দ্র নারায়ণের পত্র।

(১২৫)

১। সাক্ষআন—সাক্ষীর বহুবচন।

২। অপীক্ষা ছিল না—বিলম্ব ছিলনা।

CENTRAL LIBRARY

(১২৭)

১। এলাকাদার — এলাকা = সম্বন্ধ, এলাকাদার = যাহার সম্বন্ধ আছে।

২। সরিক — অংশী, ঐ কার্য্যের সরিক—ঐ কার্য্যের সহিত সংশ্লিষ্ট।

৩। বদলাতে — পরিবর্ত্তে = প্রতিশোধে।

৪। কেলষ্ট — ক্লিষ্ট।

(১২৮)

১। কুমেদান — ফরাসী "Commandant" শব্দের অপভ্রংশ। মারাঠী প্রভৃতি অন্যান্য প্রাদেশিক ভাষায়ও এই শব্দটি পাওয়া যায়।

২। কেল্টওর — কলেক্টর (জন ডিগবি)।

৩। নেকালিয়া — বাহির করিয়া, দূর করিয়া।

(১২৯)

কুচবিহারের কমিশনর নরম্যান ম্যাকলিয়ডের পত্র।

১। কাগজাত — কাগজ শব্দের বহুবচন।

২। ঠাহরিয়াছেন — স্থির করিয়াছেন।

৩। প্রকর্ত্ত — প্রকৃত।

৪। অমর্য্যাতা — অমর্য্যাদা।

৫। প্রিকিতি — প্রকৃতি।

(১৩০)

১২৯ ও ১৩০ নং দুই খানি পত্রই কমিশনর ম্যাকলিয়ড কুচবিহারের রাজা হরেন্দ্রনারায়ণকে লিখিয়াছেন।

১। জানিব লোক — পরিচিত লোক। যাহাদিগকে রূপন সিংহ জানে।

(১৩১)

১। সাহেবান সদর ও সাহেবান জিলা—সদরের ও জিলার সাহেবেরা।

২। প্রত্তুকত্তা — লিপিকর প্রমাদ। প্রত্তুলকর্ত্তা।

৩। জেহেলখার — জেলখানার।

(১৩২)

১৩১ নং ও ১৩২ নং পত্র হরেন্দ্রনারায়ণের উত্তর।

১। বাচাইসের কারণ = রক্ষা পাইবার জন্য।

২। একতারা — ইংরাজী Act শব্দের অপভ্রংশ ?

(১৩৪)

১। দরি—নূতন। কুচবিহারের পত্রে দরিমোহর দ্রষ্টব্য। ১৩৯ পত্রে—আপনেহ দরি রঙ্গপুর মোকামে আশীয়াছেন।

২। পাটত—পাটে, সিংহাসনে। নূতন দেবরাজার নির্ব্বাচনের কথা বলা হইয়াছে।

৩। শুভা বদল—স্থবার পরিবর্ত্তে।

৪। এথাহনে—এখান হইতে। পূর্ব্ববঙ্গের কোন কোন জায়গায় এখনও "পঞ্চমীতে" হন বা হনে প্রত্যয় হয়। মারাঠীতেও অনুরূপ প্রয়োগ দেখা যায়।

৫। প্রযন্ত—পর্য্যন্ত।

৬। য়নুগ্র—অনুগ্রহ।

(১৩৫)

দেবরাজার পত্র।

১। একটিঙ্গ গবরনর জানেরল—এই চিঠি ৩০৫ সালের ফাল্গুনে ইংরেজী ১৮১৬ খৃষ্টাব্দের প্রারম্ভে লেখা। তখন আর্ল অব ময়রা বড়লাট। কেহ অস্থায়ী বড়লাট ছিলেন না। বড়লাটের কলিকাতা হইতে অনুপস্থিতির সময়ে তাহার মনোনীত ভাইস প্রেসিডেন্ট (Vice President of the Council of the Governor-General and Deputy Governor of Fort William) কাউন্সিলের অধ্যক্ষতা করিতেন। ১৮১৪ খৃষ্টাব্দে জানুয়ারী ও নভেম্বর মাসে স্যার জি, নুজেন্ট (Sir G. Nugent. Bart K. C. B) কাউন্সিলের ভাইস প্রেসিডেন্ট মনোনীত হইয়াছিলেন। দেবরাজা বোধ হয় তাহাকেই একটিঙ্গ গবরনর জানেরল বলিয়াছেন।

২। পূর্ব্বহনে—পূর্ব্ব হইতে।

৩। ত্ররটী—ক্রটী।

৪। চিরতকাল হনে—চিরকাল হইতে।

৫। মোট—মঠ।

৬। বনাইতে—বানাইতে, প্রস্তুত করিতে।

৭। কাঠা—জমির পরিমাণ সম্বন্ধীয় কাগজ পত্র ?

৮। বির্দ্ধে—বিধে, রকমে।

(১৩৬)

নরম্যাম ম্যাকলিয়ডের পত্র।

১। দাড়া—রীতি (অন্যত্র দারা)।

(১৩৭)

মণিপুরের চৌরজিত সিংহের পত্র।

১। মোহ্বু রাজা—ব্রহ্মের রাজা। ব্রহ্মের শেষ রাজবংশের প্রতিষ্ঠাতা আলংপায়ার জন্মস্থান ও রাজধানী শোয়েবো (Shwebo) নগরের প্রাচীন নাম মোকসোবমিয়ো (Moksobomiyo)র মণিপুরী অপভ্রংশ। অথবা শোয়েবোর সমীপবর্তী মু নদীর যোগে মুশোয়েবো?

২। পাঠাইতেছি—পাঠাইতেছে।

৩। ভদ্রসিংহকে পাঠাইলাম—এখানে ইংরাজী ও পারশী অনুবাদের সহিত বাঙ্গালা পত্রের ঐক্য নাই। পারশী ও ইংরাজী অনুবাদে লেখা আছে—ভদ্র সিংহকে পাঠাইব বলিয়া চারি পাঁচ দিন ভাবিতেছিলাম। হয়ত মণিপুরের রাজার পত্রলেখক তাহার বক্তব্য বাঙ্গালা ভাষায় ভাল করিয়া লিখিতে পারেন নাই।

৪। পেগুলোক—ব্রহ্মদেশের লোক।

৫। মন্দানুক্রমে—মন্দভাগ্যে।

৬। নাগা কুকি—আসামের লখিমপুর ও নওগাঁ জিলা হইতে মণিপুর ও কাছাড় পর্য্যন্ত নাগাদিগের বাস। নাগারা বিভিন্ন গোষ্ঠীতে বিভক্ত। ইহাদের মধ্যে আঙ্গমী নাগারাই সমধিক পরাক্রান্ত। কুকিরা কাছাড়ের পার্ব্বত্য অঞ্চলে বাস করে। রাজা গোবিন্দচন্দ্র তুলারাম সেনাপতির সহিত যুদ্ধে কুকিদিগের সাহায্য গ্রহণ করিয়াছিলেন। কুকিরা যাযাবর, বেশীদিন এক জায়গায় থাকে না। মণিপুরীদিগের সহিত নাগা ও কুকিদিগের জাতি হিসাবে নিকট সম্পর্ক আছে বলিয়া অনেকে বিশ্বাস করেন। কিন্তু মণিপুরীরা হিন্দু, নাগা ও কুকিদিগের ধর্ম্মমত স্বতন্ত্র ও আদিম ধরণের।

(১৩৮)

বকসাছুয়ারের শুবার পত্র।

১। লিখিবার জুয়ানা—লেখা যায় না।

২। স্পষ্ট কহিবার না লাগে—প্রকাশ করা উচিত নয়।

৩। নয়পালের—নেপালের।

(১৩৯)

দেবরাজার পত্র।

১। গেলোসকল—পেঁলো বা পেনলো সকল।

২। দুই রকম—দুইবার।

৩। পুরে নাহী—পূর্ণ হয় নাই।

৪। তাগীদ—ত্বরিত।

৫। তোমার উকীল—কৃষ্ণকান্ত বসু ও রামমোহন রায়।

CENTRAL LIBRARY

৬। ১৮০৯ খৃষ্টাব্দের ডিগবি সাহেবের তদন্ত সম্বন্ধে যে অভিযোগ করা হইয়াছে তাহা সত্য মনে হয় না। ঐ বৎসরের ২০শে সেপ্টেম্বর জন ডিগবি রাজস্ব বিভাগের সেক্রেটরী জর্জ ডডস্ওয়েলের (George Dowdeswell) নিকট যে পত্র লিখিয়াছেন তাহাতে দেখা যায় যে তদন্তের সময় দেবরাজার দূত ও চামর্চীর সুবার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। (I have visited the Northern Frontier of Cooch Behar, where I met with the envoys of the Debrajah and the Muktars of the Soobah of Chamarchee, whose witnesses I particularly examined on the subject of the land, disputed by their chief and the Rajah of Cooch Behar.)

৭। শেষ পত্রখানি রঙ্গপুরের জজ সুপ্রসিদ্ধ ডেভিড স্কটের লেখা।

৮। দলিলাত—দলিলের বহুবচন।

৯। জরদ—পীত।

১০। শোরক—লোহিত।

১১। উকিলান—উকিলের বহুবচন। এখানে বহুবচনের প্রয়োগ বিশেষ লক্ষ্য করিবার বিষয়। স্কট তাহার ২৬শে সেপ্টেম্বর তারিখের ইংরাজী পত্রে একজন উকিলের কথা লিখিয়াছেন। কিন্তু এখানে একাধিক উকিলের কথা বলা হইয়াছে।

(১৪০)

অনেকেরই ধারণা ছিল যে কৃষ্ণকান্ত বসু (কৃষ্ণকান্ত বসু সম্বন্ধে যে ধারণা সাধারণে প্রচলিত ছিল তাহার সহযোগী রামমোহনের সম্বন্ধেও সেই ধারণা হওয়াই স্বাভাবিক) বাঙ্গালা সরকারের পক্ষ হইতে তিব্বতের রাজধানী লাসায় প্রেরিত হইয়াছিলেন। ১৮৩৮ খৃষ্টাব্দে কাপ্তেন পেম্বার্টন লিখিয়াছেন—No better proof can be given of the extreme ignorance which existed on the subject of the countries to which this agent was deputed than the allusion made to it in Hamilton's East India Gazetteer, founded upon official documents. Kishenkant Bose is there said "to have been deputed to *Lassa* by the Bengal Goverment, to negotiate some boundary arrangements with the *Deb Raja* but could not get any further than Bootan, where be remained above a year." (Pemberton's *Report on Bootan*. p 9.)

১। রাঙ্গা।—রঞ্জন পদার্থ। বোগল সাহেব লিখিয়াছেন যে বাঙ্গালা দেশ হইতে ভুটানীরা রঞ্জন পদার্থ (dyestuff) ক্রয় করিত। ১নং পত্রের দ্রব্য তালিকার মধ্যে নীলের উল্লেখ দ্রষ্টব্য।

CENTRAL LIBRARY

(১৪০ ক)

এই পত্রে বুড়াগোহাঞি পূর্ণানন্দের বিরুদ্ধে যে সকল অভিযোগ করা হইয়াছে তাহার সকল সত্য নহে। তিনি গৌরীনাথ সিংহের মৃত্যুর পর বড়বড়ুয়া ও তাহার দলের কয়েক জনকে হত্যা করিয়াছিলেন সন্দেহ নাই, কিন্তু গৌরীনাথ ও কমলেশ্বরকে বিষ প্রয়োগ করিবার অভিযোগের স্বপক্ষে কোন প্রমাণ পাওয়া যায় না। রাণী কমলেশ্বরীও ১০১নং পত্রে বুড়াগোহাঞি রাজা গৌরীনাথকে হত্যা করিয়াছিলেন বলিয়া লিখিয়াছেন। সাধারণের মধ্যে এরূপ জনরব প্রচলিত হওয়া আশ্চর্য্য নহে। বরং সেই অনিশ্চয়তার যুগে রাজার মৃত্যু সম্বন্ধে এরূপ সন্দেহ হওয়াই স্বাভাবিক। কিন্তু স্মরণ রাখিতে হইবে যে স্বাভাবিক সন্দেহের মূলেও সর্ব্বদা সত্যের লেশমাত্রও না থাকিতে পারে।

১। ঐসরি—ঐশ্বরিক ? দৈব ?

২। কত্তৃর্ত্ত—কর্তৃত্ব—আসামেও কি "ঋ" কারের এইরূপ উচ্চারণ হইত ?

৩। কার্য্যকারক—কর্ম্মচারী।

৪। সলাকারক—পরামর্শদাতা।

৫। চন্দ্রকান্ত বড়ফুকনকে অসমিয়া ভাষায় যে পত্র লিখিয়াছেন তাহা হইতে স্পষ্টই প্রমাণিত হইতেছে যে রাজা পলাতক বড়ফুকন বদনচন্দ্রের সহিত পূর্ণানন্দের বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত হইয়াছিলেন।

৬। চারিঙ্গিয়া দেবতাক—সারিঙ্গ রাজা।

(১৪১)

সয্যা—সজ্জা।

(১৪২)

প্রথম পত্রখানি একচক্রা কাজি ও দ্বিতীয় পত্রখানি মেজর ল্যাটারের (Latter) উদ্দেশে লিখিত। পত্রলেখক বোধ হয় সিকিমের রাজার কোন দূত।

(১৪৩)

কুচবিহারের দেওয়ান দেওর পত্র।

১। শুরাক—সন্ধান।

২। জমিনহায়—জমির বহুবচন।

৩। সত্তা এবং মিথা—সত্য ও মিথ্যা।

৪। খুড়ি—সুরা বিক্রয়কারী।

CENTRAL LIBRARY

৫। তণ্ডুর—তণ্ডুল, নষ্ট।

৬। উদ্দতো—উদ্যত।

৭। শেয়োক্তে—সে সময়।

৮। লাঘব—অপমান।

৯। গ্রহ করিবেন না—গ্রাহ্য করিবেন না ? মনোযোগ করিবেন না।

১০। লিখাত—লেখায়, লেখাতে।

(১৪৪)

রঙ্গপুরের ম্যাজিষ্ট্রেটের নিকট রাজা চন্দ্রকান্ত সিংহের পত্র।

(১৪৫)

১৪৫, ১৪৬ ও ১৪৭ নং পত্রের লেখক লোকনাথ গুহ, নীলকান্ত গুহ ও কাশিনাথ গুহ। বেসরকারী ও ব্যক্তিগত পত্র সরকারী দপ্তরে কি প্রকারে আসিল বুঝা যাইতেছে না। তৃতীয় (১৪৭ নং) পত্রের ঠিকানা রঙ্গপুরে লাহিড়ী মহাশয়ের বাসা, কুচবিহারের রাজসরকারের লাহিড়ী মহাশয়ের বাসা হওয়া অসম্ভব নহে। কারণ দরবার সম্বন্ধীয় খবরের জন্ম পত্রলেখক উদ্বেগ প্রকাশ করিয়াছেন। এই দরবার কুচবিহারের রাজদরবার হইতে পারে। তাহা হইলে শ্রীমান গুরুপ্রসাদ গুহ ও দেওয়ান গুরুপ্রসাদ রায় অভিন্ন ব্যক্তি হইবার সম্ভাবনা। কোন বৎসরের পত্র জানিতে পারিলে এই অনুমান কতদূর বিচারসহ বুঝিতে পারা যাইত। আমাদের অনুমান ঠিক হইলে ১৪৫ নং পত্রের নবাব সাহেব মুর্শিদাবাদ হইতে আগত নবাব সাহেবজান ব্যতীত অপর কেহ নহেন। ইনি রাজা হরেন্দ্রনারায়ণের নিকট মাসিক বৃত্তি পাইতেন এবং কখনও কখনও তাহার সহচররূপে কুচবিহারে বাস করিতেন। দেওয়ান গুরুপ্রসাদ ও ১৪৭ নং পত্রের গুরুপ্রসাদ অভিন্ন ব্যক্তি হইলে, অপর তিনজন গুহ তাহারই আত্মীয়।

(১৪৬)

১। এই পত্র হইতে দেখা যাইতেছে যে সেকালেও পশ্চিম হইতে আগত সিপাহীরা এখনকার দারোয়ানদিগের মত টাকা লগ্নি করিত।

২। এই পত্রে নীলকান্ত গুহকে গুহরায় লেখা হইয়াছে। ইহা আমাদের উপরি লিখিত অনুমানের পোষকতা করে।

(১৪৮)

১। বহি—বই, ব্যতীত।

২। সময় গ্রহস্ত হইয়া—দুঃসময়গ্রস্ত হইয়া, দুঃসময়ে পড়িয়া।

(১৪৯)

১। যতিতা—সুবিধা।

২। চরবরাহ—সরবরাহ।

৩। তচরপ—তসরুপ।

৪। চলাতে—সলাতে, পরামর্শে।

(১৫১)

১। কত্তা—কথা।

এই পত্রখানা ভুটানের পক্ষ হইতে (বোধ হয় বক্সাদুয়ারের সুবা) কুচবিহারের মহারাজাকে লিখিয়াছেন বলিয়া মনে হয়।

(১৫২)

প্রথম ও তৃতীয় পত্র কুচবিহারের মহারাজার বলিয়া প্রচার করা হইয়াছিল। দ্বিতীয় পত্র বক্সাদুয়ারের সুবার উপরস্থ কোন রাজপুরুষের (পারো পেনলো অথবা দেবারাজা?) লেখা।

১। আবসক—(আবশ্যক)—অবশ্য।

২। নিকালীয়া দেএ নাঞী—বাহির করিয়া দেয় নাই।

৩। সকতায়ী করাতে—চাপ দেওয়াতে। জোর করিয়া বলাতে।

৪। স্পষ্টের কথা নয়—প্রকাশের যোগ্য বিষয় নহে।

(১৫৩)

পরগণাজাত—পরগনার বহুবচন।

(১৫৪)

১। ফাড়ীর দেশ—গিরিপথ?

২। চাচু—তুর্কীস্থানের চাচ নগর তীরধনুকের জন্য বিখ্যাত। চাচের লোক অর্থে চাচু শব্দ ব্যবহৃত হইয়াছে, উত্তম তীরন্দাজ অর্থে?

৩। লড়ুক—লড়াই করিতে অভ্যস্ত।

(১৫৫)

১। ছোট কাছুয়া—যোগেন্দ্রনারায়ণ—। রাজবংশীয় ছোট শিশুদিগের আদরের ডাক। নেপালী কাঞ্চা শব্দের সদৃশ।

২। হালুয়া—হালিয়া, কৃষক, যে চাষের কাজ করে।

CENTRAL LIBRARY

(১৫৬)

রাজা হরেন্দ্রনারায়ণের পত্র।

১। যধরিয়া—শোধ করিয়া।

(১৫৮)

কৃষ্ণচন্দ্র নারায়ণের পত্র।

১। কি জন্থে—এখানে "কোন কারণে" অর্থে ব্যবহৃত হইয়াছে।

(১৫৯)

১। বেজায়—অতিরিক্ত, বেজায় জানিয়া—অতিরিক্ত মনে করিয়া।

২। হস্তকিত—চকিত। হস্তকিত হইয়া—চকিত হইয়া। তৎক্ষণাৎ।

৩। সারঙ্গা—এক প্রকার নৌকা।

৪। বরশা সময়ে—বর্ষাকালে।

৫। দেষ্ঠে—দৃষ্টে।

(১৬১)

ব্রহ্মার লোক—ব্রহ্মের লোক।

(১৬২)

মণিপুরের মারজিত সিংহ কর্তৃক শ্রীহট্টের ম্যাজিষ্ট্রেটের নিকট লিখিত পত্র।

১। সন্দেশ—উপহার।

২। জ্ঞানী হবেক—জানিবেন, জ্ঞাত হইবেন।

৩। কাপতান সাহেব—কাপ্তেন ডেভিডসন।

(১৬৩)

১। মনোজ্ঞ্য—মনোজ্ঞ।

২। চৌরজিত স্বয়ং কলিকাতা গমন করেন নাই।

৩। গম্ভির সিংহ—চৌরজিত ও মারজিতের ভ্রাতা, পরে মনিপুরের রাজা হইয়াছিলেন। ১৬৬নং পত্রে গম্ভীর সিংহ সম্বন্ধে গোবিন্দচন্দ্র লিখিয়াছেন—শ্রীচৌরজিত সিংহ উহান ভ্রাতা আমার চাকর গম্ভীর সিংহ।

(১৬৭)

১। গারদ—ইংরাজী Guard।

২। মান—শান ভাষায় ব্রহ্ম দেশের নাম মান (Man), আহোমেরা ও মণিপুরীরাও ব্রহ্মের লোকদিগকে মান বলিত। এখনও আসামে ব্রহ্মের উৎপাতকে মানের উপদ্রব বলা হয়।

৩। আটক—বাধা।

৪। বাটিয়া—ভাটি (?) পশ্চিমদিকে? বুড়া গোহাঞি বাংলা দেশে পলায়ন করিয়াছিলেন।

(১৬৮)

প্রদাক্ত—লিপিকর প্রমাদ (?) প্রযুক্ত হয়, যোগ্য হয়, উপযুক্ত হয়।

(১৬৯)

১। অতুর—আতুর।

২। মুরদারফরাস—যে শব বহে ও পোড়ায়, অবনত জাতি বিশেষ।

৩। কলিকাতার বাসস্থ—কলিকাতার বাসিন্দা।

৪। জিকিরমত—কথামত, উল্লেখমত।

৫। মহাজনান—মহাজনের বহুবচন।

৬। মাথট্ট—মাথা পিছু চাঁদা।

৭। পায়া—পদ।

৮। খুথতপত্তি—সুখোৎপত্তি।

শুদ্ধিপত্র

ভূমিকার পৃষ্ঠা	লাইন	অশুদ্ধ	শুদ্ধ
২	২০	রাজছত্র	মাথায় রাজছত্র
১০	৫	অল্পকাল পরেই ১৭৭৫	কয়েক বৎসর পরে ১৭৮০
১১	৪	১৭৮০	১৭৮৩
২১	৩	নর্ট সাহেবকে	লাট সাহেবকে
২৩	১১	নাজির দেও	নাজির দেওর
৪৬	৩	দেওয়	দেওয়া
৪৭	২২	তিটিন হাট	তিনটি হাট
৪৯	১৩	১৮২৫	১৮১৫
৫৭	১২	বড়য়াকে	বড়ুয়াকে
"	১৭	বড়য়ার	বড়ুয়ার
৫৮	১৪	বড়য়া	বড়ুয়া
৫৯	২	কান্দার	কাণ্ডার
৬২	২৪	মাঞ্জিষ্ঠা	মঞ্জিষ্ঠা
৬৮	১২	শক্রর	জাতি শক্রর
৬৯	৪	উদ্দি	উদ্দি
পত্রের পৃষ্ঠা			
১	৬	সাবব	সাবর
২	৪	ইসরাত	ইসবাত
৪	৪	শক্রু	শত্রু
"	৭	সমরাজটবরি	সমরাডেবৈরি
"	১৪	সমরাজৈ-বরি	"
৫	৪	মলতাননা	মলতানন
"	৬	সমরাজটবরি	সমরাডেবৈরি
"	১৪	সমরাজৈরি	"
৬	২১	কিয়ার	কিয়া
১২	৪	আশুদসার	আপ্তদসার
"	৭	মেগড়োর	মেগডোর

পত্রের পৃষ্ঠা	লাইন	অশুদ্ধ	শুদ্ধ
১১৪	১১	একস্তায়	একস্তার
১১৮	১৩	ময় দোওয়ান	ময় দোওয়াল
"	১৬	"	"
১২০	১০	মিণ্ট	মিণ্ট
১৪৩	২৪	সত্র	সত্র্
১৪৫	২৬	ভূপতিঃ	ভূপতেঃ
১৪৬	৭	রাজিরি	বাজিবি
"	১৭	"	"
১৪৯	১৭	আলিয়ানে	আলিসান
১৫৪	১৪	সবকারে	সর্কারে
১৬০	২২	ইয়াছে	জাহের হইয়াছে
১৭০	১৬	কত্তর্ত্ত	কত্তূর্ত্ত
১৭২	৫	আাহবি	আহিবি
১৭৬	১১	দস্তের জাঞে	দস্তে বজাঞে
১৯২	২৮	বরকন্দা লোকর	বরকন্দাজ লোকের
২০০	৭	কলিকাত্ত	কলিকাত্তা
২০৭	১৭	রাঙ্গালায়	বাঙ্গালায়
২১২	৩৩	চাক	চাকর
২৩৪	১১	সম্ববতঃ	সম্ভবতঃ
২৩৫	৯	যুগী ঘোপায়	যুগী-ঘোপায়
২৪৫	১৬	গুডল্যাডে	গুডল্যাড
২৫৩	১৬	হইাছে	হইয়াছে

নির্ঘণ্ট

(সংখ্যাগুলি পত্রের পৃষ্ঠা-জ্ঞাপক)

খ

গ

ঘ

চ

CENTRAL LIBRARY

CENTRAL LIBRARY

ভ

ল

শ

ষ

স

PART II

CENTRAL LIBRARY

EDITOR'S NOTE

Two years back the Government of India were pleased to authorize their Keeper of Records to publish the records in oriental languages in his custody through private agencies. The Calcutta University very kindly agreed to publish a volume of Bengali records and the present selection is the result. The original text has been printed in full but as the script and the language are somewhat archaic and out of date the transcription and printing took more time than was at first anticipated. While the original text has been fully annotated it was felt that minor details could be safely omitted from the English synopses. The English introduction has also been limited to a bare narrative of the events to which these records refer. In the Bengali introduction, however, all controversial points have been discussed in some details. It is hoped that the brevity of the English introduction will cause no real inconvenience to the readers conversant in the English language as in all cases of doubt he can refer to the published and unpublished sources, both primary and secondary, mentioned in the bibliography. Notes, biographical and geographical, have been mostly copied verbatim from published works. In a few cases, however, the language has been slightly altered.

CENTRAL LIBRARY

INTRODUCTION

British expansion beyond the eastern limits of Bengal was inconceivably slow. The indigenous states in that region suffered from chronic anarchy and disorder and relied on the new rulers of Bengal for protection and support. Unfortunately they had no definite policy or consistent plan. Warren Hastings did indeed enter into an alliance with Cooch Behar and sent a British force into unknown Bhutan. Cornwallis promptly came to the rescue of his Ahom neighbour and Captain Welsh sailed up the Brahmaputra to restore peace and order in Assam, another *terra incognita*. But Shore reversed his predecessors' policy and Welsh had to retrace his steps when success was within his grasp. Mornington and Moira preferred to watch and wait when the North-eastern states were going to rack and ruin and the Burmese stepped in as the British stepped out. The result was unrelieved misery for the unfortunate people of Manipur, Cachar and Assam: the Brahmaputra valley was converted into a veritable vale of tears. The Bengali letters, calendared here, throw a flood of lurid light on that dark period of woe and troubles, blood and fire, death and desolation.

The first of the eastern states to accept British hegemony was Cooch Behar. The early Koch kings had carried their arms far and wide but the state gradually exhausted its strength in family feuds and internecine strifes until the ruthless hillmen of Bhutan came down and established some vague and indefinite suzerainty over the hapless principality. Their claims were meekly accepted until 1772 when the Nazir Deo of Cooch Behar installed a minor king of his own choice without any reference to the Bhutan court. In 1770 the Bhotias had carried off Dhairyendra Narayan, the reigning prince, and Surendra Narayan, the hereditary Dewan Deo, a minister of royal descent, to Bhutan and placed a brother of the deposed prince on the vacant throne. The new king did not survive more than two years and although he had been accepted without any protest or opposition by the nobles of Cooch Behar, when he died the Nazir Deo asserted what he claimed to be his traditional right of settling the succession. The choice fell upon the minor son of the captive king but the Bhotias were not prepared to put up with this slight. Before long they reappeared on the scene and the Nazir Deo, Khagendra Narayan, fled to Balarampur, his ancestral seat, with the boy raja and the queen mother. From there he opened negotiations with Mr Purling of Rangpur and a treaty was soon concluded by which the East India Company undertook to clear the Raja's country of his enemies in lieu of an

CENTRAL LIBRARY

annual tribute not exceeding one moiety of the entire revenue of Cooch Behar. The Raja acknowledged the suzerainty of the East India Company and promised to bear all the expenses of the expeditionary force. The principality was to be annexed to the province of Bengal when peace was restored. A British force under Captain Jones chased the hillmen out of Cooch Behar, pursued them into their native hills, captured fort Darling, the Dalimkot of our letters, and the Tashi Lama of Tibet interceded in their favour and apologised for their misdeeds. A treaty was concluded in 1774, the terms granted were exceptionally liberal and Bhutan made some territorial accessions, as was subsequently discovered, at the expense of Cooch Behar. The Raja and the Dewan returned home and the annual tribute of Cooch Behar was assessed at a lakh of *Narayani* rupees, equivalent to Rs. 67,700-14-5 in the Company's currency.

Unhappily the elimination of the Bhotia menace did not mean peace and tranquility for Cooch Behar. Old feuds were revived and old jealousies once more came to life. In 1780 the boy king passed away and Dhairyendra Narayan became Raja for a second time. At best a week-kneed mediocrity, he returned from Bhutan a completely broken man. The hardships of the prison life had seriously impaired his reason and he left the administration to his masterful spouse, Rani Kamateswari, and her infamous confident, Sarbananda Gosain, the family preceptor. Popular belief attributed the Raja's imbecility to the machinations of the Rani and the Gosain, and the Nazir Deo felt naturally aggrieved. There was a long-standing feud between his branch and the ruling line of the royal family. Mahi Narayan, the first Nazir Deo of royal blood, from whom both the Raja and the Nazir traced their descent, had made a bold but unsuccessful bid for the throne. Shanta Narayan, one of his successors, played the kingmaker and appropriated to his share more than 9/16 of the revenues of the state, apparently for the maintenance of the army and the defence of the country. As the Raja's authority declined the Nazir waxed stronger and whenever a suitable opportunity occurred he tried to secure the throne for a scion of his own family. Thus when the boy king Debendra Narayan was decapitated by a Brahmin assassin, Rudra Narayan, the sixth Nazir Deo, made a serious effort to place his nephew Khagendra Narayan on the throne. He might have succeeded but for the strong opposition of the Dewan Deo, the next of kin to the murdered Raja. Dhairyendra who eventually ascended the throne was by no means the seniormost male member of the eldest branch of the ruling dynasty. The Nazir Deo, Khagendra Narayan, was "the original projector as well as the negotiator of the late treaty" and when he found that he had been quietly relegated to the background by the Rani and the Gosain he began to gather round him all the discontented elements in Cooch Behar. Both the factions were well represented at

CENTRAL LIBRARY

Calcutta and Rangpur and their *vakils* made it their business to enlist for their principals the sympathy and support of the Collector of Rangpur to whose immediate care the Cooch Behar affairs had naturally been entrusted. The Collectors were not always well-informed about the actual state of things and their interference did more harm than good to the state.

In 1783 Dhairyendra died. The deceased Raja was a puppet in the hands of his queen and although Rani Kamateswari was not the mother of his successor, Dhairyendra Narayan left the administration of the state and the guardianship of the minor king entirely to her care by his last will and testament. The genuineness of his document need not be questioned. But Richard Goodlad placed Khagendra Narayan in charge of the state and Sarbananda Gosain was thrown into prison with Kashikanta Lahiri, one of his partisans, when they refused to hand over the papers of the state to the Nazir Deo. He did not treat the widowed Rani with the respect and courtesy which was her due and he conferred the title of *Yuvaraja* or heir apparent on his own son. This was an act of unwarranted folly because even in the event of the boy king's death the Nazir's son could not claim the throne in supercession of the superior titles of another prince. But Khagendra Narayan never struck coins in his own name nor did he usurp the other prerogatives of royalty. On ceremonial occasions he used to sit on the cushion of state with the infant Raja in his arms, a practice for which there was no lack of precedents. In any case the Nazir Deo's triumph proved short lived. He was a blunt soldier and no match for the wily Gosain in a diplomatic contest and political intrigue. In 1784 Sarbananda and Kashikanta secured their release, the Rani's faction enlisted the support of Peter Moore, Collector of Rangpur, and the Nazir Deo was ousted from power. Khagendra Narayan was placed under arrest and imprisoned in a godown with Shyam Chandra Ray, his chief adviser. Subsequently he was set at liberty but all his estates were sequestrated and he had to go in exile for four years.

